(199) Pemantle, Srimati Olive. [Nominated.]
(200) Patel, Shri R. E. [Nominated.]
(201) Poddar, Shri Anandilall. [Jorasanko—Calcutta.]
(202) Pramanik, Shri Rajani Kanta. [Panskura East—Midnapore.]
(203) Pramanik, Shri Sarada Prasad. [Mathabhanga—Cooch Behar]
(204) Prasad, Shri Rama Shankar. [Beliaghata—Calcutta.]
(205) Prodhan, Shri Trailokyanath. [Ramnagar—Midnapore.]

R

(206) Rafiuddin Ahmed, Dr. [Deganga—24-Parganas.]
(207) Rai, Shri Deo Prakash. [Darjeeling—Darjeeling.]
(208) Raikut, Shri Sarojendra Deb. [Jalpaiguri—Jalpaiguri.]
(209) Ray, Dr. Anath Bandhu. [Bankura—Bankura.]
(210) Ray, Shri Arabinda. [Amta West—Howrah.]
(211) Ray, Shri Jajneswar. [Mainaguri—Jalpaiguri.]
(212) Ray, Dr. Narayan Chandra. [Vidyasagar—Calcutta.]
(213) Ray, Shri Nepal. [Jorabagan—Calcutta.]
(214) Ray, Shri Phakir Chandra. [Galsi—Burdwan.]
(215) Roy, Shri Siddhartha Shankar. [Bhowanipore—Calcutta.]
(216) Ray Chaudhuri, Shri Sudhir Chandra. [Bortala North—Calcutta.]
(217) Roy, Shri Atul Krishna. [Deganga—24-Parganas.]
(228) Roy, Shri Bhakta Chandra. [Manteswar—Burdwan.]
(219) Roy, Dr. Bidhan Chandra. [Bowbazar—Calcutta.]

Chatterjee, Sj. Binoy Kumar
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanailal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutt, Dr. Beni Chandra
Dutta, Sjta. Sudharani
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, The Hon'ble Tarun Kanti
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Mahananda
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati Charan
Hoare, Sjta. Anima
Jehangir Kabir, Janab
Kazem Ali Mirza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Kolay, Sj. Jagannath
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Mahibur Rahaman Choudhury, Janab
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati

(220) *Roy, Shri Jagadananda. [Falakata—Jalpaiguri.]*
(221) Roy, Dr. Pabitra Mohan. [Dum Dum—24-Parganas.]
(222) Roy, Shri Pravash Chandra. [Bishnupur—24-Parganas.]
(223) Roy, Shri Rabindra Nath. [Bishnupur—24-Parganas.]
(224) Roy, Shri Saroj. [Garbetta—Midnapore.]
(225) Roy, Choudhury, Shri Khagendra Kumar. [Baruipur—24-Parganas.]
(226) Roy, Singha, Shri Satish Chandra. [Cooch Behar—Cooch Behar.]

S

(227) Saha, Dr. Biswanath. [Jangipara—Hooghly.]
(228) Saha, Shri Dhaneswar. [Ratua—Malda.]
(229) Saha, Dr. Sisir Kumar. [Nalhati—Birbhum.]
(230) Sahis, Shri Nakul Chandra. [Purulia—Purulia.]
(231) Sarkar, Shri Amarendra Nath. [Bolpur—Birbhum.]
(232) Sarkar, Dr. Lakshman Chandra. [Ghatal—Midnapore.]
(233) Sen, Shri Deben. [Cossipore—Calcutta.]
(234) Sen, Srimati Manikuntala. [Kalighat—Calcutta.]
(235) Sen, Shri Narendra Nath. [Ekbalpur—Calcutta.]
(236) Sen, Shri Prafulla Chandra. [Khanakul—Hooghly.]
(237) Sen, Dr. Ranendra Nath. [Manicktola—Calcutta.]
(238) Sen, Shri Santi Gopal. [English Bazar—Malda.]
(239) Sengupta, Shri Niranjan. [Bijpur—24-Parganas.]
(240) Shukla, Shri Krishna Kumar. [Titagarh—24-Parganas.]
(241) Singha Deo, Shri Shankar Narayan. [Raghunathpur—Purulia.]
(242) Sinha, Shri Bimal Chandra. [Kandi—Murshidabad.]
(243) Sinha, Shri Durgapada. [Murshidabad—Murshidabad.]
(244) Sinha, Shri Phanis Chandra. [Karandighi—West Dinajpur.]
(245) Sinha Sarkar, Shri Jatindra Nath. [Tufanganj—Cooch Behar.]

T

(246) Tah, Shri Dasarathi. [Raina—Burdwan.]
(247) Tahar, Hossain, Shri [Mirapur—Burdwan.]
(248) Talukdar, Shri Bhawani Prasanna. [Dinhata—Cooch Behar.]
(249) Tarkatirtha, Shri Bimalananda. [Purbasthali—Burdwan.]
(250) Thakur, Shri Pramatha Ranjan. [Haringhata—Naida.]
(251) Trivedi, Shri Goalbadan. [Bharatpur—Murshidabad.]
(252) Tudu, Srimati Tusar. [Garbetta—Midnapur.]

W

(253) Wangdi, Shri Tenzing. [Siliguri—Darjeeling.]

Y

(254) Yeakub Hossain, Shri Mahammad. [Naihati—Birbhum.]

Z

(255) Zia-Ul-Huque, Shri Md. [Baduria—24-Parganas.]

Basu, Sj. Satindra Nath
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Blanche, Sj. C. L.
Bose, Dr. Maitreyee
Brahmamandal, Sj. Debendra Nath
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binay Kumar
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Das, Sj. Kanailal
Das, Sj, Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanailal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutta, Dr. Beni Chandra
Dutta, Sjta. Sudharani
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, The Hon'ble Tarun Kanti
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Mahananda
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati Charan
Hoare, Sjta. Anima
Jehangir Kabir, Janab
Kazem Ali Mirza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Surendra Nath

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday the 7th March, 1960, at 3 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble BANKIM CHANDRA KAR) in the Chair, 13 Hon'ble Ministers, 8 Deputy Ministers and 195 Members.

[3—3-10 p.m.]

Adjournment Motions

Mr. Speaker : There are some adjournment motions. Consent has been refused. They can be read only.

Shri Jatindra Chandra Chakravorty : My adjournment motion reads thus : The business of the House do stand adjourned to raise a discussion of urgent public importance, viz., (1) the unwarranted and uncalled for show of police force before the State Bank of India Calcutta offices where a legal and absolutely peaceful strike is going on for the last three days ; (2) the extension of undue facilities by the State Transport authority by lending five State buses today to bring the blackleggers ; and (3) the participation of the Home (Police) Minister in a meeting of a small group of State Bank employees yesterday and thereby shamelessly intervening in the strike by utilising his power and abusing his official position.

যখন আপনি এটা রিজেক্ট করেছেন, সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই না। কিন্তু পুলিশ মন্ত্রী কি করে ব্ল্যাকলেগারসদের মিটিংএ গিয়ে পার্টিসিপেট করেন সেটা আমি জানতে চাই। আশাকরি, মুখ্যমন্ত্রী এ সম্বন্ধে আমাদের কিছু বলবেন।

Mr. Speaker : You cannot speak on it. You have read it.

Dr. Ranendra Nath Sen :

স্যার, এটা একটা সিরিয়াস ব্যাপার, কেননা সারা ভারতবর্ষে আজ ষ্টেট ব্যাঙ্ক কর্ম্মচারীদের ধর্ম্মঘট চলেছে। পুলিশ আজ সকালে যেভাবে ইণ্টারফেয়ার করেছে তা'তে পুলিশ মন্ত্রীর কিছু বলা দরকার। দলে দলে পুলিশ টিয়ার গ্যাস প্রভৃতি নিয়ে ষ্টেট বাসে করে সেখানে গিয়েছে এবং যার জন্য ষ্টেট বাসের সারভিস পর্য্যন্ত দিতে হোল।

Mr. Speaker : You are an old parliamentarian, Mr. Sen. You know the rules on this point. There cannot be any discussion.

Shri Jatindra Chandra Chakravorty :

হোম মিনিষ্টার কি করে সেখানে গিয়ে পারটিসিপেট করেন ?

Shri Somnath Lahiri: My adjournment motion reads thus—The proceedings of the Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, viz., the situation arising out of the notice of dismissal dated the 27th February 1960 served on 108 employees of the Directorate of Industries, Government of West Bengal, of whom none has a service record of less than three years and many have served for 7 to 15 years. This summary retrenchment is particularly unfortunate when vacancies for a large number of posts in the Statistics and other sections of the Directorate of Industries are being filled with outsiders.

Shri Basanta Lal Chatterjee:

জনস্বার্থের দিক হইতে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক কালে ঘটিত নিম্নলিখিত বিষয়টির উপর আলোচনার জন্য বিধানসভার অধিবেশন মুলতুবী রাখা হউক। অর্থাৎ পশ্চিম দিনাজপুর জেলায় রায়গঞ্জ সহরে ও ইহার থানার দ্রব্যমূল্য অত্যধিক বৃদ্ধি হইয়াছে, যেমন চিনি প্রতি সের ১·২৫—১·৩৭ নঃ পঃ, সরিষার তৈল প্রতি সের ২।০, টিন ও সিমেণ্ট খোলা বাজার হইতে উধাও হইয়াছে এবং মাছ প্রতি সের ১৷৷০—৩৷৷০ পর্য্যন্ত, ধান প্রতি মণ ১৫৲, চাল প্রতি মণ ২২৷৷০—২৪৲ টাকা। এত উচ্চমূল্যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সংগ্রহ করিতে অপারগ হইয়া জনসাধারণ চরম দুর্দ্দশায় পড়িয়াছেন।

Shri Sunil Das:

স্যার এই হাউসে সমসাময়িক কোন গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করা হইলে মুখ্যমন্ত্রী কিংবা অন্য কোন সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় কোন কোন সময় তার জবাব দিয়েছেন। এখানে ষ্টেট ব্যাঙ্ক ষ্ট্রাইক সম্বন্ধে উল্লেখ করে একটা অ্যাডজার্নমেণ্ট মোশন এসেছে। ষ্টেট ব্যাঙ্ক ষ্ট্রাইক শান্তিপুর্ণভাবেই চলছে। কিন্তু, এই ষ্ট্রাইককে ভাঙ্গার জন্য মন্ত্রীমহলের পক্ষ থেকে কোন প্রচেষ্টা করা হয়েছে বলে আমাদের কানে এসেছে। সুতরাং এ সম্পর্কে একটা জবাব মুখ্যমন্ত্রী কিংবা সংশ্লিষ্ট মন্ত্রীর কাছ থেকে নিশ্চয়ই আমরা আশা করতে পারি। মাননীয় সদস্য যতীন বাবু যা বললেন, আমার যতদুর খবর সে সম্বন্ধে যথেষ্ট সত্যতা আছে এবং কতটা সত্য তা' জানবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী এবং পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

GOVERNMENT BUSINESS

Financial

Supplementary Estimates for the year 1959-60.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to present under the provision of Article 205 of the Constitution a statement of the Supplementary Estimates of expenditure for the year 1959-60.

The total amount covered by the present supplementary estimate is Rs. 7,29,91, 239 of which the voted items account for Rs. 7,03,24,100 and the charged items for Rs. 26,67,139.

Of the voted items the largest demand is under the head "54-Famine." The additional demand under this head is for Rs. 2,29,95,000 which is nece-

ssary for meeting the cost of large scale relief operations in areas affected by flood. The next highest demand is for Rs. 1,57,29,000 under the head "Loans and Advances by State Government" which is necessary for payment of loans to artisans and cultivators for relief of distress as a result of widespread flood, and for meeting the programme of disbursement of loans under certain schemes. The demand of Rs. 87,55,000 under the head "Education" is mainly due to larger provision for certain development schemes. The demand of Rs.38,92,000 under "57-Miscellaneous-Contributions" is required mainly for payment of grants to Municipalities in connection with the implementation of the Minimum Wages Act. The demand of Rs. 38,77,000 under the head "82-Capital Account of other State Works outside the Revenue Account" is mainly due to larger programme of work for the Gas Grid Project during the current year. The reasons for excess demands in respect of each head have been clearly indicated in the booklet "Supplementary Estimate" presented to the house. The Ministers-in-charge of different departments will go into these in further detail as each demand is moved. The charged provisions amount to Rs. 26,67,139 only under fourteen different heads, the reasons for which have also been given under each head in the "Supplementary Estimate."

With these words, Sir, I present the Supplementary Estimates for the year 1959-60.

DEMAND FOR GRANT NO. 40

Major Heads: 57-Miscellaneous—Other Miscellaneous Expenditure, etc.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,74,27,000 be granted for expenditure under grant No. 40, Major Heads "57-Miscellaneous—Other Miscellaneous Expenditure—82—Capital Account of Other State Works outside the Revenue Account."

The total of the two demands under two heads amounts to Rs. 12,74,27,000. The total demand consists of Rs. 3,37,70,000 under "57-Miscellaneous Other Miscellaneous Expenditure" and Rs. 9,36,57,000 under "82—Capital Account of Other State Works Outside the Revenue Account."

[3-10—3-20 p.m.]

The main item under "57-Miscellaneous—other Miscellaneous expenditure" is Rs. 68,49,700 under "Miscellaneous and unforeseen charges" which includes Rs. 39,10,000 for the West Bengal National Volunteer Force. This item also includes Rs. 3,19,500 for expenditure in connection with the social welfare schemes, Rs. 5,61,000 on account of buildings requisitioned for residential accommodation of Government servants and private individuals, and Rs. 10 lakhs for meeting expenditure in connection with the adoption of the metric system of weights and measures. A provision of Rs. 12,66,000 has also been included

under this item for expenditure in connection with the Tibetan refugees in Buxa camp which will, however, be recovered entirely from the Government of India. A provision of Rs 9,82,400 has been made for the cost of maintenance of various Government buildings including the Writers' Buildings, Anderson House, etc., etc. There is a provision of rupees 1 crore 20 lakh 23 thousand for miscellaneous development schemes, rupees 30 lakh for village panchayats, 1 lakh 23 thousand for aid to voluntary organisations for social welfare work, 14 lakhs for contribution to the Howrah Improvement Trust, 17 lakh 23 thousand for aid to municipalities for improvement of municipal roads, 6 lakh 29 thousand for welfare extension projects, 1 lakh 32 thousand for establishment of a composite reformatory, industrial and borstal school and 10 lakh for subsidised industrial housing scheme. The total estimated expenditure for slum clearance project is 1 crore 40 lakh out of which 35 lakhs will be met by the State and will be debitable to the State plan and the Centre's share of 1 crore 5 lakhs which is shown under the Centrally sponsored schemes outside the State plan. The total provision for man power and employment is rupees 4 lakhs 57 thousand out of which 1 lakh 83 thousand will be met by the State Government out of the plan and 2 lakh 74 thousand by the Centre. Tne total provision for establishmeut of care and after-care institution at Lillooah and establishment of district shelters in connection with the programme of after-care services and social and moral hygiene is rupees 3 lakh 93 thousand out of which rupees 3 lakhs 33 thousand will be met by the State Government out of the plan and rupees 60 thousand by the Central Government. There is also a provision of rupees 8 lakh 51 thousand for scarcity areas schemes, for example, permanent improvement of Sundarban area, and Rs. 10 lakh for private employers' sector of the subsidised industrial housing scheme under the Centrally sponsored schemes outside the State plan. The main item under the head "82 Capital account of other State works outside the revenue account" is the provision of 4 crores 72 thousand for the development and administration of industries at Durgapur. The second biggest item is the provision of rupees 1 crore 14 lakh for the Greater Calcutta Milk Supply scheme. A provision of rupees 88 lakh has also been made for the subsidised industrial housing scheme which envisages the construction of tenements by the State Government for industrial workers. 50 per cent of the cost will be received from the Union Government as subsidy and 50 per cent will be received from the Government as loan. There is also a provision of 75 lakh for fertiliser plant, 71 lakhs 28 thousand for rural housing model village scheme which is otherwise known as the Build Your Own House Scheme and rupees 34 lakh for the Salt Lake Reclamation scheme. A total provision of rupees 24 lakh has been made for remodelling Calcutta Corporation's outfall system from Bantala to Kulti, filling up of circular canal in Calcutta and Tollygunge and Panchannagram drainage scheme. There is also a provision of rupees 16 lakh 7 thousand for expansion and establishment of a T. B. hospital. This demand also includes a total provision of 14 lakh 84 thousand for construction of houses under the low income group housing scheme, Patipukur Township

scheme and construction of 41 houses at Patipukur under the middle income group housing scheme.

With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

Shri Subodh Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Sudhir Kumar Pandey: Sir, I beg to move that the demand of Rs. 12,74, 27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Pabitra Mohan Roy: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Basanta Kumar Panda: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Satyendra Narayan Mazumdar: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,CC0 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for Expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of the State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Dhirendra Nath Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,C00 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Dr. Jnanendra Nath Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Bijoy Krishna Modak: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Suhrid Mullick Chowdhury: Sir, I beg to move that the demend of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shrimati Manikuntala Sen: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Ledu Majhi: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Sunil Das: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Rama Shankar Prasad: Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account", be reduced by Rs. 100.

Dr Golam Yazdani : Sir, I beg to move that the demand of Rs. 12,74,27,000 for expenditure under Grant No. 40, Major Heads "57-Miscellaneous-Other Miscellaneous Expenditure-82-Capital Account of other State Works outside the Revenue Account," be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh :

স্পীকার, স্যার, আমি ৪০ নম্বর গ্রাণ্ট, মেজর হেড ৮২ সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই—পারটিকুলারলি আমি বলব দুর্গাপুর কোক ওভেন প্ল্যাণ্ট সম্বন্ধে। দুর্গাপুর কোক ওভেন প্ল্যাণ্ট, গ্যাস গ্রিড এবং পাওয়ার প্ল্যাণ্ট সম্বন্ধে যেটুকু খবর আমরা পেয়েছি সরকারের কাছ থেকে তা থেকে প্রথম দিকে ধারণা ছিল যে কোক ওভেন প্ল্যাণ্ট এবং এ্যালায়েড যে সমস্ত প্রোজেক্ট আছে সেগুলি খুব লাভবান হবে। গত বছর ১৯শে মার্চ্চ তারিখে ডাঃ রায় একটা প্রশ্নোত্তরে আমাদের যে খবর দিয়েছেন তা থেকে এবং এবারের বাজেট থেকে আমরা এ সম্বন্ধে সন্দিহান হয়েছি। আমাদের মনে হচ্ছে যে, দুর্গাপুর প্রোজেক্ট সম্পর্কে যথেষ্ট ভাবে চিন্তা করা হয়নি, ভাল স্কীম তৈরী করা হয়নি যার ফলে দুর্গাপুর প্রোজেক্ট থেকে আমাদের আপাততঃ নিশ্চয়ই যথেষ্ট পরিমাণে লোকসান হবে। ৪ বছর আগে দুর্গাপুর প্রোজেক্ট সম্পর্কে একখানা বই দেওয়া হয়েছিল, বেঙ্গল গভর্ণমেণ্ট পাবলিকেশান, তাতে বলা হয়েছিল যে দুর্গাপুর কোক ওভেন এবং টার ডিসটিলেসান প্ল্যানের জন্য মোটামুটি ৫ কোটি টাকা খরচ হবে, গ্যাস গ্রীডে ৩ কোটি টাকা, থারম্যাল পাওয়ার প্ল্যাণ্টে ৪ কোটি টাকা, টোটাল ১২ কোটি টাকা খরচ হবে। গেল বছর ১৯শে মার্চ্চ একটা প্রশ্নোত্তরে ডাঃ রায় যা বলেছিলেন তাতে দেখতে পাচ্ছি যে এই খরচ অনেক বেশী হয়ে যাচ্ছে। ডাঃ রায় বলেছিলেন কোক ওভেন এণ্ড বাই-প্রোডাক্টস প্ল্যাণ্ট এবং গ্যাস গ্রিড এতে খরচ হবে ৭।। কোটি টাকা। কিন্তু কোক ওভেন প্ল্যাণ্টে ৪।। কোটি টাকা, ল্যাণ্ড এবং বিল্ডিং ইত্যাদি নিয়ে ৩ কোটি টাকা, গ্যাস গ্রিড ইত্যাদির জন্য ৩।। কোটি টাকা, থারম্যাল পাওয়ার প্ল্যাণ্টে ৩ কোটি টাকা—আগে ৪ কোটি ছিল বোধ হয় কমিয়ে ৩ কোটি হয়েছে—সমস্ত মিলিয়ে খরচ হচ্ছে ১৪ কোটি টাকা ; এটা আগে ছিল ১২ কোটি টাকা।

অবশ্য এবার বাজেটে ডেভেলপমেণ্ট সম্বন্ধে যে বইখানা দেখা হয়েছে তাতে দেখতে পাচ্ছি ১৯৫৬-৫৭, ১৯৫৭-৫৮, ১৯৫৮-৫৯, ১৯৫৯-৬০ এবং এ বছরের যা ডিমাণ্ড সব ধরে ১৮ কোটি ১১ লক্ষ টাকা অর্থাৎ যেটুকু খরচ আমরা গেলবার পেয়েছি তার চেয়ে আরো ৪ কোটি টাকা বেশী খরচ হচ্ছে। এই খরচের ভিত্তিতে যদি আমরা প্রোজেক্ট এ্যানালাইজ করি তাহলে দেখবো যে আমাদের তাতে লাভ হবে না। যতক্ষণ না পর্য্যন্ত এই প্রোজেক্ট পরিপুর্ণভাবে ফাংসন করতে থাকে কিম্বা হোল প্রোজেক্টটা আবার ভাল করে নুতন করে স্কীম করে করা না যায় ততক্ষণ পর্য্যন্ত আমাদের অনেক বেশী ক্ষতি হবে। মিঃ স্পীকার, স্যার, গেল বছর ফেব্রুয়ারী মাস থেকে এই কোক ওভেন প্ল্যাণ্টের কাজ আরম্ভ হয়েছে, অথচ কি ভাবে কাজ হচ্ছে, কি প্রোজেক্ট সেখানে তৈরী হচ্ছে সে সম্বন্ধে কোন রিপোর্ট আমরা এখনও গভর্ণমেণ্টের কাছ থেকে পাইনি। শুধু এটুকু জানতে পেয়েছি যে টার এবং আরো কিছু কিছু বাই-প্রোডাক্ট তৈরী হচ্ছে এবং সেগুলি বিক্রী হচ্ছে। গ্যাস গ্রিড সম্বন্ধে আমি বিশেষ করে ২।৪টা কথা বলবো। গেল বছরের ১৯শে মার্চ্চ তারিখে ডাঃ রায় যে খবর দিয়েছিলেন তা থেকে আমরা জানতে পারি যে এই প্ল্যাণ্ট থেকে বছরে ৫২৫০ মিলিয়ান কিউবিক ফুট অব গ্যাস তৈরী হবে, এর থেকে আদ্রায় ফায়ারিং-এর জন্য প্রয়োজন হবে ২৪৫০ মিলিয়ান কিউবিক ফুট

বাকী যে প্রভূত পরিমাণে গ্যাস তৈরী হচ্ছে গেল বছর ফেব্রুয়ারী থেকে আজ পর্যন্ত দুর্গাপুর প্রোজেক্ট বুকলেটে যেটা য়্যান্টিসিপেট করা হয়েছিল ৯·৫ মিলিয়ান সেটা ওয়ান থাউজেণ্ড কিউবিক ফুট যদি এক টাকা হিসাবে ধরা হয়, যা ওদের স্কীমের মধ্যে রয়েছে, তাহলে দেখবো ডেলি ওয়েষ্টেজ হচ্ছে ১০ হাজার টাকা—প্রতিদিন আমাদের গ্যাস ওয়েষ্টেজ হচ্ছে যেটা বাই-প্রোডাক্ট হিসাবে আমরা পেতে পারতাম।

[3-20—3-30 p.m.]

যা ওয়েষ্টেজ হয়ে গেল শুধু স্কীম না করার জন্য। ডাঃ রায় চিন্তা না করে এই যে প্ল্যান তৈরী করে কাজ আরম্ভ করলেন, তার জন্য এক বছরের মধ্যে ৩৫ লক্ষ টাকা নষ্ট হয়েছে। এই ৩৫ লক্ষ টাকায় হয়ত সাতটি কাপড়ের কল তৈরী হতে পারত হয়ত ছোটখাট ইঞ্জিনীয়ারিং কারখানা ১০টি হতে পারত তাতে এমপ্লয়মেণ্ট পোটেনশিয়ালিটি বাড়ত অথচ ৩৫ লক্ষ টাকা ইতিমধ্যেই নষ্ট হয়ে গেল এবং বড় কথা হচ্ছে গ্যাস গ্রীড তৈরী করে, দুর্গাপুর থেকে গ্যাস এনে কলকাতায় বিক্রী করা হবে কম দামে যাতে রান্নার জন্য যে কয়লা ব্যবহৃত হয় তারজন্য যে খরচ হয়---তাতে যে নানা অসুবিধা হচ্ছে—তা হবে না এই গ্যাস যদি রিপ্লেস করতে পারা যায়। কারণ তা সস্তা দামে তারা বিক্রী করতে পারেন। এদিক দিয়ে দেখা গেল গ্যাস গ্রীড তৈরীই হয়নি। ১৯৬১ সালের মে মাসে তৈরী হবে বলেছেন। এর জন্য যে অভিজ্ঞতা তাতে আরও বহুদিন লাগবে গ্যাস গ্রাড তৈরী করতে। সেটা তৈরী না হতে কি পরিমাণ ক্ষতি হয়েছে! আর তৈরী হলে কি পরিমাণ ক্ষতি হবে আপনার স্কীমএ সেটা আমি আপনার কাছে দেখিয়ে দিচ্ছি, এই খরচের যে হিসাব দুর্গাপুর প্রোজেক্টের বুকলেট থেকে কোট করছি। এ সমস্তই গভর্ণমেণ্ট সোর্স থেকে ডাটা দেওয়া হচ্ছে। এতে বলা হয়েছে য়্যাট দি রেট অফ ১৩০০ টনস পার ডে এই কষ্ট অফ কোল ধরা হবে পার টন এতে বছরে খরচ হবে ৮৬ লক্ষ ৪৫ হাজার টাকা এষ্টিমেটেড য়্যাট ৩৫০ ডেজ। এখন অপারেশন য়্যাণ্ড মেণ্টেন্যান্স কস্ট য়্যাট ফোর পারসেণ্ট অফ দি ক্যাপিট্যাল চার্জ—এই ক্যাপিট্যাল আগে ছিল ৫ কোটি টাকা, সেটা বেড়ে গেল বছর ডাঃ রায় যা বলেছেন ৭।। কোটি টাকা হয়েছে, বইয়েতে দেওয়া হয়েছে ২০ লক্ষ টাকা এখন এই অপারেশন কষ্ট য়্যাট ফোর পারসেণ্ট ৩০ লক্ষ টাকা, ইলেকট্রিসিটি কনজামসন ৪ লক্ষ টাকা রয়েছে। ওয়াটার ফর কুলিং এ্যাণ্ড কষ্ট অফ ষ্টীম জেনারেসন ৩ লক্ষ টাকা ঠিক ধরা হয়েছে, সাণ্ড্রিজ ১ লক্ষ টাকা। ডেপ্রিসিয়েসন অফ বিল্ডিংস—বইয়েতে যে কথা বলা হয়েছে এই বিল্ডিংস' স্প্যান অফ লাইফ ২৫ বছর—সুতরাং ৩ কোটি বিল্ডিংসএ যদি খরচ হয় এ্যানুয়েল ডেপ্রিসিয়েসন চার্জ ধরা হবে ১২ লক্ষ টাকা। এ বইয়ে ডেপ্রিসিয়েসন অফ প্ল্যাণ্ট—প্ল্যাণ্টএর লাইফ ধরা হয়েছে ১৫ বছর—অতএব ৪।। কোটি টাকা যদি খরচ হয় ১৫ বছরে ৩০ লক্ষ টাকা। ইণ্টারেষ্ট য়্যাট ৪% পারসেণ্ট ৭॥ কোটি টাকার ৩০ লক্ষ টাকা। এতে টোটাল হল ১ কোটী ৯৬ লক্ষ ৪৫ হাজার টাকা। এই হল গত বছরের ডেবিট আর ক্রেডিট হচ্ছে, কোক আমরা পাচ্ছি ৮৫০ টাকা দৈনিক ৩৪৮০ করে ১ কোটী ৩ লক্ষ ৩৮ হাজার টাকা। কোলটার ৪৫ টন দিনে ১৬৫ টাকা করে ২৫ লক্ষ ৯৮ হাজার টাকা বেঞ্জিন পাচ্ছি ১৪ টন ৩৫০ দিনে পাচ্ছি ৬০০ টাকা করে ২৯ লক্ষ ৪০ হাজার টাকা। সারপ্লাস কষ্ট যেটা ধরা হয়েছে ৩৩০০ মিলিয়ন য়্যাট রুপী ওয়ান করে নষ্ট হয়ে গেল এবং যতদিন গ্যাস গ্রীড তৈরী না হয় নষ্ট হয়ে যাবে, সামান্য কিছু পাওয়া যাবে ওভেন। মোটামুটি রাউণ্ড ফিগার ক্রেডিট হচ্ছে ১ কোটি ৫৮ লক্ষ ৭৬ হাজার টাকা সুতরাং লস দেওয়া হয় গ্যাস বাদ দিয়ে প্রতি বছর ৩৮ লক্ষ টাকা।

যদি গ্যাস সাপ্লাই করবার ব্যবস্থা হয়, তাহলে ডাঃ রায় যে ফিগার দিয়েছেন তাতে দেখা যাচ্ছে যে য়্যানুয়েল আউটপুট হবে ৫২৫০ এম, সি, এফটি, এতে ২৮০০ এম, সি, এফটি উড বি য়্যাভেলেবেল ফর ট্রান্সমিশন আর ১৫০০ এম, সি এফটি থারম্যাল প্লান্ট পাওয়ার এ যাবে। সুতরাং আমাদের বাকী থাকে ১৭৫০ এম, সি, এফটি। যদি ১০০০ সি, সি, এফটি এক টাকা করে দাম হয়, তাহলে টোট্যাল ক্রেডিট দাঁড়ায় ১৭ লক্ষ ৫ হাজার টাকা। যখন গ্যাস গ্রীড তৈরি হবে ১ কোটি ৭৬ লক্ষ ২৬ হাজার টাকায় এবং টোট্যাল ডেবিট ১ কোটি ৯৬ লক্ষ ৪৫ হাজারটাকা, এবং আমাদের রেকারিং লস ২০ লক্ষ টাকা প্রতি বছর ; সেই অবস্থায় কতটুকু লাভবান হবেন, সেটা ভাবার জিনিষ। এই অবস্থায় মনে হচ্ছে আমাদের স্কীমটা আরও ভাল ভাবে ভেবে চিন্তে দেখা উচিত যে স্কীমটা মেডিফায়েড করা যায় কিনা। এত টাকা খরচ করে প্রজেক্ট করা হচ্ছে, যার জন্য বাংলার একটা স্থায়ী ক্ষতি না হয়, সেদিকে খুব বেশী চিন্তা করে করা হয়েছে বলে মনে হচ্ছে না। কারণ, তাহলে এর আগেই গ্যাস গ্রাড তৈরি হত। প্রতিদিন দশ হাজার টাকা করে এই গ্যাস গ্রীড এর জন্য খরচ পড়ছে। এটা চিন্তা করা উচিত। বলা হচ্ছে চীফ রেটএ গ্যাস যাতে সাপ্লাই করতে পারি তার জন্য ব্যবস্থা করা হচ্ছে এবং ডাঃ রায় বলেছেন ১৯৬১ সালের মে মাস থেকে আমরা দিতে পারবো। এখানে এই বাজেট বইতে যেটা আমরা দেখতে পাচ্ছি, তাতে বলা হচ্ছে গ্যাস গ্রীড সম্বন্ধে যে tender specification of gas grid has been finalised by the consulting Planning work and alignment of gas pipe line has been completed and detailed work of survey of the alignment has been started.

অর্থাৎ কোন দিক দিয়ে পাইপ লাইনব সবে তার সার্ভেটা কমপ্লিট হয়েছে। তারপর বলা হচ্ছে কাজ আরম্ভ হবে ফার্ষ্ট ইনস্টলমেণ্ট অফ দি সীমলেস ষ্টীল পাইপ ইন ১৯৬১ মেতে আসবার পর। সুতরাং এই অবস্থায় ১৯৬১ সালের মে মাসে কি করে গ্যাস দেওয়া সম্ভব হবে, তা আমার বিশ্বাস হচ্ছে না। ডাঃ রায় হয়ত বলবেন হবে। কিন্তু আমার মনে হচ্ছে ১৯৬১ সাল কেন ১৯৬২ সালেও হয় কিনা সন্দেহ আছে। না হওয়া পর্য্যন্ত আমরা এটা বিশ্বাস করতে পারছি না। আমাদের প্রতিদিন ১০ হাজার টাকা করে খরচ হয়ে যাচ্ছে। এই ১০ হাজার টাকা কনসার্ভ করবার কোন ব্যবস্থা আছে কিনা, সে বিষয় চিন্তা করতে বলি। ডাঃ রায় বলেছেন যে কোক ওভেন থেকে ৫২৫০ এম সি এফটি গ্যাস প্রতি বছর তৈরি হবে। আর তার থেকে ওভেন লিজিংএর জন্য ২৮০০ এম, সি, এফটি খরচ হবে, এবং যেটা বিক্রয় করা হবে সেটা হচ্ছে ১০৫০ এম, সি, এফটি, সুতরাং কলকাতার জন্য যেটা বাকী থাকছে, সেটা হচ্ছে ৩৩০০ এম, সি, এফটি, তারপর ট্রান্সমিশন কস্ট ধরা হয়েছে দশ আনা। সুতরাং দুর্গাপুর প্রজেক্টে যে কস্ট দেখান হয়েছে সেটা হচ্ছে ২০ লক্ষ ৫০ হাজার টাকা কস্ট অফ অপারেশান এ্যাণ্ড মেণ্টিন্যান্স ইনক্লুডিং স্যালারি এ্যাডস্যাডরা। সেখানে যদি য়্যামাউণ্ট অফ গ্যাস কমে যায়, তাহলে দেখতে পাচ্ছি ট্রান্সমিশন কস্ট সামান্য। ফিগার ওয়ার্ক করে দেখা যাচ্ছে ট্রান্সমিশন কস্ট ফর ইচ ইউনিট অফ ১০০০ সি, এফটি, হচ্ছে। এক টাকা চার আনা। সুতরাং ১০০০ সি, এফটি, গ্যাস ডেলিভার্ড এ্যাট দি মহ্ব অফ দি গ্যাস গ্রীড তার কস্ট পড়ছে অতএব ২।০ দিয়ে গ্যাস ওখান থেকে কলকাতায় এনে বিক্রয় করলে, এতে কি কোল রিপ্লেস করতে পারবো। কখনও রিপ্লেস করা সম্ভব হবে না। এই গ্যাস দিয়ে কোলকে রিপ্লেস করা কিছুতে সম্ভব হবে না, কারণ, গ্যাসএর দাম পড়ছে দু'টাকা চার আনা। তার উপর আবার প্রফিট রয়েছে। তাছাড়া আমরা শুনেছি দুর্গাপুর প্ল্যাণ্ট থেকে খুব হিউজ

য়্যামাউণ্ট অফ গ্যাস হবে না, সুতরাং ওটা যদি চালুও হয় তাতে লাভ হবে না এবং প্রথম কয়েকমাস লোকসান হবে। সুতরাং সব দিক দিয়ে দেখা যাচ্ছে বর্ত্তমান স্কীমে, ঐ গ্যাস কোল যেটা রান্নার পারপাসএ ইউজ হয় সেটা আমরা কখনই রিপ্লেস করতে পারবো না।

[3-30—3-40 p. m.]

যে রকম লুজলি চিন্তা না করে স্কীম করা হয়েছে তাতে সন্দেহ হচ্ছে? এই যে ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানীর য়্যাকুইজিসন টেকিং ওভার সম্বন্ধে যে বিল এসেছে, তাতে সন্দেহ হচ্ছে। গেলবারে এই বিলটি আমাদের আপত্তি করবার পরে উইথড্র করা হল। এবার আবার দেখছি এর পারপাস হচ্ছে ফর আলটি য়্যাকুইজিসন অফ দি ম্যানেজমেণ্ট। অর্থাৎ কিনা সাধারণভাবে বলতে গেলে ঐ কোম্পানীকে কিছু পাইয়ে দেওয়া হবে য়্যাট দি কস্ট অফ দি ষ্টেট এক্সচেকার টেমপোর্যারিলি রীট্রিট ডাঃ রায় করেছিলেন; এই সমস্ত হাউসের সামনে আবার ব্যাকডোর দিয়ে তিনি নিয়ে এসেছেন। ইট উড হ্যাভ বিন ভেরি অনেষ্ট—তাঁর বলা উচিত ছিল আমি যেটা ভেবেছি ঠিকই ভেবেছি। আমার মত বাংলাদেশে কেউ ভাবতে পারে না। যদি বলতেন ঐ জ্বালান কোম্পানীকে দুই কোটি টাকা দিয়ে দেব তাহলে ভাল হ'ত তা বললেন না? বললেন ফর টেমপোর্যারী টেকিং ওভার বাই দি সেণ্ট্রাল য়্যাণ্ড আলটিমেট য়্যাকুইজিসন।

মিষ্টার স্পীকার স্যার, এমনি করে ডাঃ রায়ের খামখেয়ালী সম্বন্ধে আরো দু একটি কথা বলবো। সল্ট লেক রীক্লামেসন করবার কথা বলা হচ্ছে—ফাষ্ট ফেজ অফ দি প্রোগ্রামএ সাড়ে তিন বর্গমাইল জায়গা উচু করতে হবে, গঙ্গার পলিমাটি ফেলতে হবে। এর ১৯৬০-৬১ সালে এক্সপেক্টেড এক্সপেণ্ডিচার ৪৪ লক্ষ ৮৬ হাজার টাকা দি ফার্ষ্ট ফেজ অফ দি স্কীম ইজ টু বিগিন বাই ১৯৬০-৬১। যদি এবছর সেণ্ট্রাল য়্যাপ্রুভ্যাল পাওয়া যায়। য়্যাপ্রুভ্যাল পাওয়া গেছে কিনা জানিনা। এই বই থেকে দেখছি অলরেডি ৪৪ লক্ষ ৮৬ হাজার টাকা খরচ হয়ে গেছে। কিসে, হয়েছে সে কথা আপনি জবাব দেবার সময় যেন বলে দেন। আরলীয়ার এস্টিমেট ফর দি ফার্ষ্ট ফেজ দেখছি ১২ কেটি ৭০ লক্ষ। ৯ থেকে ৩ কোটি টাকা বেড়ে গেছে। টাইম হচ্ছে ৭ বৎসর এষ্টিমেটেড কস্ট ফর দি সেকেণ্ড ফেজ হচ্ছে মাটী ঢেলে পরে রাস্তাঘাট ইত্যাদি ডেভেলপ করতে লাগবে ৭ বছর এখন পর্য্যন্ত এষ্টিমেট হচ্ছে ৬ কোটী ৫০ লক্ষ টাকায় শেষ হবে। আমার মনে হয় আরো অনেক বেড়ে যাবে।
কমপ্লিট স্কীমএ ধরা হয়েছে ১০ কোটী টাকা। বলা হচ্ছে। ৩০।৪০ বছর লাগবে সময় ডেভেলাপ করবার জন্য প্লট বাই প্লট ভাগ করে মিডল ক্লাসদের কাছে বিক্রি করা হবে, ২ লক্ষ মিডল ক্লাস ফ্যামিলি জন্য মার্কেটিং সেণ্টার শপিং সেণ্টার মাঠঘাট ইত্যাদি করা হবে। গঙ্গার পলিমাটী ফেলার ৪০ বছর পরে সেখানে বাড়ীঘর করা যাবে। আমার মনে হয় তার আগে কোন ইঞ্জিনীয়ার সেখানে বাড়ী তৈরি করবেন না। আরো ষাট বছর ফেলে রাখতে হবে। এতে করে কলকাতার কনজেসন কমবে কি? কমবে না। যে জিনিষ অনেক এগিয়ে ছিল, সেই সার্কুলার রেলওয়ে করলে কনজেসন অনেক কম হতো। ডাঃ রায়ের উদ্ভট পরিকল্পনার জন্য কয়েক লক্ষ টাকা খরচ হয়ে গেল। ওভারহেড রেলওয়েএর জন্য কত টাকা খরচ হয়ে গেল। শেষ পর্য্যন্ত তাও হল না। সার্কুলার রেলওয়েএর কাজ অনেকখানি এগিয়ে গেলেও শেষ পর্য্যন্ত ডাঃ রায় তা পুস করলেন না। আবার সল্ট লেক রীক্ল্যামেশন করবেন, তারজন্য মধ্যবিত্তেরা হা-পিত্তেস করে বসে থাকবে। তারজন্য ধরা

হয়েছে ৭০ লক্ষ টাকা। আরো ৯০ লক্ষ টাকায়ও হবে কিনা জানি না। আর কিছু না হোক ডাঃ রায়ের প্রিয় কিছু ভাগ্যবান কনট্রাক্টররা কয়েক লক্ষ টাকা পকেটস্থ করতে পারবেন।

তারপর দীঘা সম্বন্ধেও এইরূপ ব্যাপার হচ্ছে। সেখানেও বহু টাকা খরচ করা হচ্ছে। দীঘায় যে বাড়ী তৈরি করা হচ্ছে রাস্তার দুদিকে সমুদ্রের দিকে বাড়ী ভাঙ্গতে আরম্ভ করেছে। কিছুদিন পরে আর তার চিহ্নও থাকবে না। একটা ডেভেলপমেণ্ট কোম্পানী কো-অপারেটিভ হেলথ রেসট সোসাইটীকে বহু টাকা দেওয়া হচ্ছে। সরকার থেকে টেনেমেণ্ট তৈরি করে ওয়ান চীপ হোটেল করা হবে, মাঠ তৈরী করা হবে, মার্কেট হবে, একটা শপিং সেণ্টার তৈরী করার জন্য প্ল্যাটফর্ম হবে। তারমধ্যে এই টেনেমেণ্ট তৈরী হয়েছে। আর যে গুলি তৈরি হবে বলা হচ্ছে, তার বেশীর ভাগ তৈরি হবে বলে মনেও হয় না।

Shri Sunil Das :

মিঃ স্পীকার, স্যার, আমি এই গ্র্যাণ্টেএর উপর বলতে গিয়ে দুর্গাপুর প্রোজেক্ট সম্বন্ধে কিছু বলবো, এবং তারপর আমার সময় থাকলে ইনডাষ্ট্রিয়াল হাউসিং স্কীমএর স্লাম ক্লিয়ার্যান্স প্রোজেক্ট সম্বন্ধে কিছু বলবো। দুর্গাপুব প্রোজেক্ট সম্বন্ধে বলতে গিয়ে প্রথমেই বলতে হয় এই প্রোজেক্ট সম্বন্ধে আমাদের উদ্বেগ রয়েছে। আমাদের দুর্গাপুব প্রোজেক্ট বাংলাদেশের শিল্পায়তনের ভবিষ্যতের একটা অন্যতম প্রকৃষ্ট পথ বলে ভেবেছিলাম এবং এখনও ভাবি। কিন্তু তার পথে যে অন্তরায় দেখা দিয়েছে স সম্পর্কে আমরা উদ্বেগ প্রকাশ না করে পারি না। অন্তরায় দুই রকম। প্রথম অন্তরায় অভ্যন্তরীন, দ্বিতীয়, সাধারণত ভারতবর্ষীয় স্তরে যে অন্তরায় সেই অন্তরায়। এখানে আমি উল্লেখ করতে চাই, অভ্যন্তরীন অন্তবায়ের প্রসঙ্গে বলতে গিয়ে বলতে হবে যে দুর্গাপুব প্রোজেক্ট যদিও এখন পর্য্যন্ত তার সম্পূর্ণ রূপ পবিগ্রহ কবেনি তাহলেও যত-টুকু দুর্গাপুব প্রোজেক্ট অগ্রসব হয়েছে তার ভিতর আর একোনমির কোন অবকাশ আছে কিনা সেটাও আমাদের বিচার্য্য। এই প্রসঙ্গে আমি, মাননীয় স্পাকার মহাশয়, আপনাব দৃষ্টি আকর্ষণ করবো। গত বৎসর অর্থাৎ ১৯৫৯ সালের জুন, জুলাই মাসে দুর্গাপুব প্রোজেক্টএ, বিশেষ করে আজকে কোক ওভেন প্রোজেক্ট সম্পর্কে যে বিতর্ক উঠেছিল, যে বিতর্কের ফলে জন-সাধারণের মনে আরো সংশয় এবং উদ্বেগে ভরে গিয়েছিল সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি আশা করি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এ সম্পর্কে সরকার পক্ষের কি বক্তব্য আছে দুর্গাপুর কোক ওভেন প্রোজেক্টএর সুষ্ঠু পরিচালনা সম্পর্কে, কি বক্তব্য আছে, সেটা আমাদের বলবেন। আমবা দেখেছি দুর্গাপুর সম্পর্কে সে সময় এই ধবণের একটা সংশয় উপস্থিত হয়েছিল যে দুর্গাপুর প্রোজেক্টএর যে ইনষ্টলেশন, সেই ইনষ্টলেশনে কিছু গুরুতর ত্রুটি রয়েছে। যে প্ল্যাণ্ট আনা হয়েছে, যন্ত্রপাতি আনা হয়েছে, তাতে কিছু গুরুতর ত্রুটি রয়েছে। দুই নং হল আমরা সেই সময় দেখেছি যে দুর্গাপুর কোক ওভেন থেকে যে কোক উৎপাদিত হল সেই কোক বিক্রয় হল না। এই কোকের বাজার আছে কি নেই সে সম্বন্ধেও সংশয় উপস্থিত হয়েছে। তিন নং হল, যে ধরণের কোক উৎপাদিত হল সেই প্রকৃতির কোকএর বাজার সত্য-সত্যই আছে কিনা। সুতরাং এই প্রকারের কোক ঐ সব ষ্টীল কারখানায় যে কোক তৈরী হয়, তার সঙ্গে প্রতিযোগিতায় পরাস্ত হয়ে পশ্চিমবঙ্গ সরকারের উপর একটা বোঝা হয়ে থাকবে কিনা সে সম্পর্কেও সংশয় উপস্থিত হয়েছে। আমরা জানি দুর্গাপুরে, মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন, যে প্রায় ৩ লক্ষ টন কোক বৎসরে উৎপাদিত হবার কথা। এবং সেখানে যে

ধরণের কোক হবার কথা সেই ধরণের কোকএ শতকরা ৩০ ভাগ ছোট ছোট কোক বা স্মলস হবার কথা।

[3-40—3-50 p.m.]

কিন্তু দেখলেন—অন্ততপক্ষে সংবাদপত্রে যা প্রকাশিত হয়েছে—দুর্গাপুরে মেকানিক্যালি স্ক্রীনিং করবার যে ব্যবস্থা অর্থাৎ কোক ছেঁকে ফেলবার যে ব্যবস্থা আছে তাতে বেশীর ভাগ কোক নষ্ট হয়ে যাচ্ছে, ৩ ইঞ্চির কম গরম হয়ে যাচ্ছে যার ফলে দুর্গাপুরে যারা খরিদ্দার তাদের কাছ থেকে আগে অভিযোগ উঠেছে যার জন্য মেকানিক্যাল স্ক্রীনিং ব্যবস্থা সরিয়ে ফেলে সেখানে ম্যানুয়েল স্ক্রীনিংএর ব্যবস্থা করা হয়েছে—এটা যদি সত্যিই হয়ে থাকে তা'হলে এটা অত্যন্ত গুরুতর ত্রুটি বলে আমি মনে করি, কারণ যদি মেকানিক্যাল স্ক্রীনিংএর পরিবর্তে ম্যানুয়েল স্ক্রীনিংএর ব্যবস্থা করতে হয় তা'হলে এত টাকা খরচ করে মেসিনারী কেনবার দরকার ছিল? আমি আশাকরি মুখ্যমন্ত্রী মহাশয় এ বিষয়ে আমাদের প্রয়োজনীয় তথ্যাদি জানাবেন। তারপর, গত ৯ই ফেব্রুয়ারী তারিখে ষ্টেটসম্যানএ একটা সংবাদ দেখেছি তাতে গতবার আমি যে সংশয় প্রকাশ করেছিলাম সেটাই সমর্থিত হচ্ছে—সেটা হচ্ছে বিভিন্ন ষ্টীল কারখানায় বর্তমানে সরকারী অর্থাৎ পাবলিক সেকসনএ ৩টা এবং প্রাইভেট সেকসনে দুটো ষ্টীল কারখানার কোক ওভেন যে কোক উৎপাদন হচ্ছে—এবং অন্যান্য বহু প্রকারের কোক বাজারে রয়েছে—তাদের সঙ্গে প্রতিযোগিতায় দুর্গাপুর কোক এঁটে উঠবে কিনা সে সম্পর্কে আমি সন্দেহ প্রকাশ করেছিলাম, এবং দেখা যাচ্ছে দুর্গাপুরএর য়্যাডমিনিষ্ট্রেসন মিঃ গাঙ্গুলীও এঁর একটা বক্তব্যে সেই ধরণের সংশয় প্রকাশ করেছেন। সারা ভারতবর্ষে কোকএর যে এফেকটিভ ডিম্যাণ্ড ৬ লক্ষ টন বলে আমি জানি—আমি জানি না এর মধ্যে এই ইফেটিভ ডিম্যাণ্ডএর নতুন কোন হিসাব হয়েছে কিনা—কিন্তু যদি ৬ লক্ষ টন হয় এবং বিভিন্ন কোক ওভেন ষ্টীল কারখানার থেকে যে কোক উৎপন্ন হচ্ছে সেই কোকএর সংগে প্রতিযোগিতায় এঁটে উঠবে কিনা সে সম্পর্কে নিঃসংশয় হওয়া দরকার—এবং আমি আশাকরি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের এই বিষয়ে নিঃসংশয় করবেন। তারপর, আমার বক্তব্য হচ্ছে, আপনারা যে হিসাব দিয়েছেন, আমি দেখছি সিভিল এষ্টিমেট থেকে যে, কোক ওভেন বাই-প্রোডাক্টস এবং বিভিন্ন কোক ওভেন থেকে উৎপাদিত কোক যে রেভেনিউ ১৯৫৯।৬০ সালে এষ্টিমেট করা হয়েছিল সেটা আর রিভাইজড বাজেট এই দুটোর মধ্যে আসমান জমিন পার্থক্য দেখা যাচ্ছে, অর্থাৎ, ১৯৫৯।৬০ সালে বাজেটএ ১ কোটি ৬০ লক্ষ ধরা হয়েছিল, কিন্তু রিভাইজড বাজেটএ সেটা নেমে এসে ৪০ লক্ষ টাকায় দাঁড়িয়েছে—এসব আয় হচ্ছে কোক ওভেনের কোক থেকে এবং অন্যান্য বাই-প্রোডাক্টস সব মিলিয়ে। মিঃ স্পীকার, স্যার, আমি পূর্বেই বলেছি যে, কোক ওভেনএর যে কোক ৩ লক্ষ টন বছরে তৈরী হবে—অবশ্য দুর্গাপুরে সব ব্যাটারিতে এখনো আগুন জ্বলেনি—সেদিক থেকে ৩ লক্ষ টন বছরে হচ্ছে না—যাই হোক, ৩ লক্ষ টন নাহলেও যদি ধরি ২ লক্ষ টন হচ্ছে, তা'হলে আপনি হিসাব করে দেখুন—শুধু যদি ১ লক্ষ টনও হয়—১৯৫৯ সালের ২২শে ফেব্রুয়ারী যেদিন কোক ওভেন কারখানা চালু হয়েছে—কিংবা ২১শে ফেব্রুয়ারী তারিখ থেকে যদি হিসাব করেন কণ্ট্রোল প্রাইস ৪৪ টাকা দরে, তাহলেও শুধু মাত্র উৎপাদিত কোকএর দাম ৪০ লক্ষ টাকার উপর হয়। তাই আমার এখানে বক্তব্য হল, অন্যান্য বাই-প্রোডাক্টস কোথায় গেল? সেই বাই-প্রোডাক্টস কি তাহলে বিক্রী হচ্ছে না? কিংবা সেগুলি কেউ ব্যবহার করে না, যেমন এ্যামোনিয়া, সালফিউরিক এ্যাসিড, বেনজোন, ক্রুড ন্যাপথা সলভেণ্ট ন্যাপথা এগুলি গেল কোথায়? এজন্য এখানে ১৯৫৯ সালের এষ্টিমেটএর সংগে

রিভাইজড রিসিটসএর আসমান জমিন ব্যবধান দেখতে পাওয়া যাচ্ছে—এবং এখানেই আমি মনে করি দুর্গাপুরের প্রকৃত আশঙ্কা নিহিত রয়েছে। দুর্গাপুরে আমরা চাই একটা সেল্ফ-সাফিসীয়েণ্ট প্রফিট আর্নিং-দুর্গাপুর কোক ওভেন ইনডাষ্ট্রি ইকোনমিক্যালী সাউণ্ড হবে এটাই আমরা চাই। কিন্তু এখানে আমরা ভয়ঙ্কর রকম ত্রুটি দেখতে পাচ্ছি—এই ত্রুটি যদি না দূর করতে পারি, বাইরের সংগে, অর্থাৎ কেন্দ্রীয় সরকারের সংগে দুর্গাপুর কোক ওভেন ইণ্ডাষ্ট্রিজ নিয়ে আমাদের পশ্চিমবাংলার স্বার্থের যে সংঘাত রয়েছে, তাতে তাহলে আমরা কি করে নিজেদের পায়ে দাঁড়াব। আমরা যদি দুর্গাপুরের ওয়েষ্টেজ বন্ধ না করতে পারি তা'হলে কেন্দ্রীয় সরকারের সংগে কি করে আমরা শক্তি নিয়ে পাঞ্জা লড়ব, সুতরাং আমি আশাকরি যে, রেভিনিউ রিসিটস কেন এত কমে গেল সে সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের এখানে একটা বিবৃতি দিবেন—এবং বাই-প্রোডাক্টসগুলি বিক্রী হলে যে আয় হত তারও একটা ছবি এখানে দেবেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি জানি এক্সপানসন করতে গেলে খরচ কিছু বাড়বে, কিন্তু সেই খরচটা যদি আনুপাতিক হারে না হয় তা'হলেই আমাদের সংশয় থেকে যায়। আমি এখানে দেখতে পাচ্ছি যে, ১৯৫০।৬০ সালে য়্যাডমিনিষ্ট্রেসনএর জন্য ওরিজিন্যাল এষ্টিমেট থেকে রিভাইজডএ খরচ বাড়ল ২॥ লক্ষ থেকে ৩ লক্ষ ২১ হাজার—এবং ১৯৬০-৬১ সালে এটা আরো বেড়ে যাচ্ছে। তারপর, একজিকিউসন এবং অপারেসন এই দুটো দিকেই পাশাপাশি খরচ বেড়ে যাচ্ছে। আমি যতদুর জানি ওয়ার্কিং ক্যাপিটাল যা আছে তাতে অপারেসন খরচ কিছু বাড়তে পারে, কিন্তু একজিকিউসন খরচ তার সংগে সংগে বাড়বে কেন? রিসিটস্ আরও বাড়াবে না কেন? ক্যাপিটাল একাউণ্টসএ যে রিসিটস্ দেখান হচ্ছে সেটার অর্থ কি? সেটা জমি বিক্রির টাকা না কি সেটি স্পষ্ট হওয়া দরকার। স্যার, সেটা খরচ যদি ধরি অর্থাৎ সমস্ত কষ্ট অফ প্রোডাকসান যদি ধরি—তাহলে আমরা কি দেখছি সেটা দেখুন। ১৯৫৫ সালে কোক ওভেন এনকোয়ারী কমিটী হিসাব করেছিলেন যে এ্যাকচুয়াল এ্যানুয়াল কস্ট অফ প্রোডাকসান ১ কোটী ১৭ লক্ষ টাকা হতে পারে। এই ১ কোটি ১৭লক্ষ টাকার সঙ্গে ৫।৭ এর এদিক ওদিক হলে মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না। এছাড়া জিনিষ-পত্রের দাম বেড়েছে, ইণ্ডাষ্ট্রিয়াল প্রাইস ইনডেক্স বেড়েছে—এটা আমরা জানি। কিন্তু প্রশ্ন হচ্ছে যে ১ কোটী ১৭লক্ষ টাকা যদি ২কোটীতে গিয়ে দাঁড়ায় তাহলে কি হয়? আমরা দেখতে পাচ্ছি ১৯৬০-৬১ সালে যা এগ্রিমেণ্টের ভিত্তি তাতে কষ্ট অফ প্রোডাকসন প্রায় ২ কোটীতে গিয়ে দাঁড়াবে। কারণ সাসপেন্স খাতে যে খরচ সেটা ধরিনি, সাসপেন্স খাত থেকে কিছু খরচ হতে পারে নাও পারে। ১ কোটী ১৭ লক্ষের জায়গায় ২ কোটীর কষ্ট অফ প্রোডাকসান কেন দিল? কেননা ইণ্ডাষ্ট্রীয়াল প্রাইস ইনডেক্স যে বিবরণ তা হয়নি। সুতরাং এ সম্পর্কে আমাদের জানবার অবকাশ হচ্ছে যে কষ্ট অফ প্রোডাকসান এতে বেড়েছে কেন? সেজন্য আমার বক্তব্য হল যে দুর্গাপুর ফ্যাক্টরীর কোক ওভেন প্রোজেক্ট সার্থক করে তুলতে হলে সরকার পক্ষ থেকে আরও সতর্ক হওয়া দরকার এর একোনমি যত রাস্তা আছে তার সমস্তগুলেতে এক্সপ্লোর করা দরকার এর সেদিক থেকে একোনমি আনা দরকার। আমি গ্যাসের ওয়েষ্টএর সম্পর্কে পুনরুক্তি করব না, কারণ আমার পুর্ব বক্তা গণেশবাবু সে সম্পর্কে বলেছেন। কিন্তু আর একটী প্রসঙ্গ যেটা প্রথমে বলেছিলেন সেটা আবার বলছি। কেন্দ্রীয় সরকারের সঙ্গে ঐই কোক ওভেনএর সম্পর্কে কিছু বলা দরকার। বেনজল কত পরিমাণ প্রোডিউস হচ্ছে সেই বেনজল ওভেন নিয় আমরা কি করব? আমাদের এখানে যা বেনজল হচ্ছে সে সম্পর্কে পুর্ব্বে বলা হয়েছে—দৈনিক ১৪টন? অন্যান্য ষ্টীল প্রোজেক্টে কত পরিমাণ বেনজল হচ্ছে তার একটা হিসাব দিতে পারি। নভেম্বর মাসে টাটা আইরন এ্যাণ্ড ষ্টীল কোম্পানীতে ৫৩½ হাজার গ্যালন বেনজল তৈরী

হয়েছে ভিলাইতে মাসে ১০ হাজার টনের উপর বেনইল তৈরী হচ্ছে। এখানকার এই বেনজল নিয়ে আমরা কি করব এবং বড় বড় ইস্পাত কারখানায় যে বেনজল সেই বেনজলের সঙ্গে আমরা প্রতিযোগিতায় পারব কিনা সেটা দেখা দরকার। আমাদের বেনজল নিয়ে আমরা কোনঠাসা হয়ে থাকব কিনা সেটা ভাবা উচিত। স্যার, বেনজল একটা মাদার লিকার গুড বেনজল থেকে ডেরিভেটিভস্ ইণ্টারমেডিয়েস্ ডাই ষ্টাফ ড্রাফস তৈরী হয় দুর্গাপুরের বেনজলে সেইভাবে এক্সপ্লোইট না করতে পারি তাহলে দুর্গাপুর একটা একোনমি ইউনিট হবে না। আমরা জানি কেন্দ্রীয় সরকার এসম্পর্কে প্রধান অন্তরায়। সেজন্য পশ্চিমবঙ্গ সরকারকে বলব যে তাঁরা আজকে এ বিষয়ে ঐকটু শক্ত হয়ে দাঁড়ান।

[3-50—4 p.m.]

মিঃ স্পীকার স্যার, তাঁরা বলেন যে, দুর্গাপুরের যে সমস্ত প্রোডাক্টস বিশেষ করে, বেনজল তা' তাঁরা ব্যবহার করবেন এবং তা' ছাড়া ডাই স্টার্ফ এ্যাণ্ড ড্রাগসএর ইণ্টারমিডিয়েটস্ তৈরী করবার সুত্রপাত হিসেবে ওখানে পাবলিক সেক্টরে কারখানা খুলিবেন। এ যদি করেন তা'হলে নিশ্চয়ই তাঁরা বাঙলাদেশের সমর্থন পাবেন এবং কারখানা হিসেবে দুর্গাপুর যখন কোল বেস্‌ড কেমিক্যাল ইণ্ডাষ্ট্রি তখন এই দুর্গাপুরকে কেন্দ্র করে যদি তা' গঠন করতে পারেন তাহলে বাংলাদেশের বহু যুবকের কর্ম্মসংস্থান হওয়ার সম্ভাবনা আছে। সেদিক থেকে দুর্গাপুর কারখানা যখন সুরু হয়েছিল তখন আমরা আশা করেছিলাম যে এটা সত্যিই একটা প্রফিট মেকিং ইণ্ডাষ্ট্রি হবে এবং তার চেয়েও বেশী সত্যি ছিল যে এই দুর্গাপুর পশ্চিম-বাংলার যুবকদের সামনে কর্ম্মসংস্থানের এক নুতন পথ এনে দেবে। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি যে কেন্দ্রীয় সরকার অন্তরায় হওয়ায় আমাদের সেই আশা আজ ধুলিসাৎ হতে চলেছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই যে তাঁরা দৃঢ় পদক্ষেপ করতে প্রস্তুত আছেনকিনা, না ঐ সম্ভাবনাময় বেনজল-কে কল্যাণ, বোম্বে প্রভৃতি জায়গায় পাঠিয়ে সেখানকার শিল্পপতিদের তা' এক্সপ্লইট করবার সুযোগ দিয়ে তাদের কেমিক্যাল শিল্পকে বড় করতে সাহায্য করবেন? মাননীয় স্পীকার মহাশয়, এছাড়া আমি ইণ্ডাষ্ট্রিয়াল হাউসিং এবং স্লাম ক্লিয়ার‍্যান্স সম্বন্ধে কিছু বলতে চাই। স্লাম ক্লিয়ার‍্যান্স য়্যাক্ট যদিও এখানে খুব ছটা করে পাশ করা হয়েছিল কিন্তু বাজেট থেকে যা' দেখছি তাতে মনে হয় তা' ডেড লেটারে পরিণত হওয়ার উপক্রম হয়েছে, ২ কোটি ৮০ লক্ষ টাকা যদিও এই সেকেণ্ড প্ল্যানে বরাদ্দ ছিল কিন্তু দেখা যাচ্ছে যে তার সামান্য মাত্রই ব্যয় হয়েছে এবং ইণ্ডাষ্ট্রিয়াল হাউসিং স্কিম সম্বন্ধেও ঐ একই অবস্থা। তারপর সাব-সিডাইজড ইণ্ডাষ্ট্রিয়াল হাউসিং স্কীমএ ৪কোটি ৭৫ লক্ষ টাকা সেকেণ্ড ফাইভ ইয়ার প্লানে বরাদ্দ ছিল—যা' এই বইতে লেখা আছে যে, প্রভিসন ফর সেকেণ্ড ফাইভ ইয়ার প্লান। কিন্তু তাতেও দেখছি যে এই ৫ বছরে টোট্যাল এষ্টিমেটেড আউট লে ২কোটি ৭৯লক্ষ টাকা অর্থাৎ শতকরা প্রায় ৫০ ভাগের বেশী তাঁরা এগুতে পারেন নি। প্রতি বছরেই এঁরা কিছু কিছু হিসেবে দেন কিন্তু আমরা দেখছি যে আমরা যেখানে ছিলাম সেখানেই আছি। ইণ্ডাষ্ট্রিয়াল হাউসিং স্কীম সম্বন্ধে বাজেটে বলেছেন যে ১৯৫৯ সালে ২১০৮টি বাড়ী কমপ্লিট করেছেন এবং আরও ১৮৯৮টি বাড়ী কমপ্লিট করবেন, যেটা ১৯৫৯।৬০ সালের মার্চ্চ মাসে হবে। এছাড়া ৯৭৮টি বাড়ীর কন্‌ষ্ট্রাক্‌সন ইন্ প্রোগ্রেস এবং ২১৬৪টি বাড়ী ইন্ ভেরিয়াস ষ্টেজেস অফ ইম্‌প্লীমেনটেসন, অর্থাৎ যেগুলি ১৯৬০।৬১ সালে কিছুই হবেনা। কাজেই ইণ্ডাষ্ট্রিয়াল হাউসিং স্কীমএর এই যে শ্লথগতি এ সম্বন্ধে আমি মুখ্যমন্ত্রীর কাছ থেকে একটা বিবৃতি চাইছি। আরেকটা জিনিষ দেখছি যে কারায়া হাউসিং এবং গড়িয়াহাটা হাউসিং স্কীম এ বাড়ীগুলি তৈরী

হয়ে বিলি হয়ে গেছে। এই বাড়ীগুলি তৈরী হয়ে গেছে, অথচ রিসিপ্টস রিডাক্সন অফ এক্সপেণ্ডিচার এই খাতে কোন পেমেণ্ট দেখান হয়নি। তাহলে কি বিনা ভাড়ায় বাড়ীগুলো রয়েছে? নিশ্চয়ই সেখানে ভাড়া পাচ্ছে। আমার বাড়ীর সামনে গড়িয়াহাটা স্টেটে দেখেছি সব বাড়ী ভাড়া হয়ে গেছে। প্রত্যেকটি ফ্ল্যাটের ভাড়া যা আসছে তার সব রিসিটস তৈরী হয়নি কেন সেটার জবাব আমরা চাইছি এবং বস্তি ডোয়েলার্সদের সম্পর্কে এই শ্লথ গতি কেন সে সম্পর্কেও আমরা জবাব চাইছি।

[4—4-10 p.m.]

Dr. Bindabon Behari Basu :

মিঃ স্পীকার, সার, গ্র্যাণ্ট নম্বর ৪০, ম্যাজর হেডস আদার মিস্চেলেনিয়াস এক্সপেণ্ডিচার অন্তরভুক্ত ইণ্ডিয়ান রেডক্রস সোসাইটির গ্রাণ্ট সম্বন্ধে কিছু বলব। ১৯২০ সালে বেঙ্গল এ্যাক্টের পর ইণ্ডিয়ান রেডক্রস সোসাইটি বাংলাদেশে ঐ নামে কাজ আরম্ভ করে। সেই সময় থেকে তাদের কর্মসূচী সাধারণতঃ মিলিটারী স্বার্থে নিবদ্ধ ছিল। যুদ্ধে আহত ও নিহত সৈনিকদের পরিবারে সাহায্য কার্য্যে এই প্রতিষ্ঠান তাদের কর্মসূচীকে নিবদ্ধ রাখত। ১৯৫০ সালে এ্যামেণ্ডেড হবার পর এই সমিতি সিভিলিয়ানদের মধ্যে কাজ আরম্ভ করে। তার পুর্বে ১৯৪২ সালে দুর্ভিক্ষের সময় সিভিলিয়ানদের মধ্যে কিছু কিছু কাজ আরম্ভ করে। ইংরাজ শাসনকালে সাধারণতঃ এই প্রতিষ্ঠানের সঙ্গে রাজা-মহারাজা, রায়বাহাদুর, খান বাহাদুর, বন্দুকের লাইসেন্স হোল্ডার প্রভৃতি এই সমস্ত লোক যুক্ত ছিল এবং এদের টাকা নিয়ে এই প্রতিষ্ঠান তৈরি হত এবং সাধারণতঃ সিভিলিয়ানদের দিকে এরা দৃষ্টি দিত না। ১৯৪২ সালের দুর্ভিক্ষের পর যখন এরা সিভিলিয়ানদের মধ্যে কিছু কিছু কাজ আরম্ভ করে তখন থেকে সাধারণ মধ্যবিত্তদের কাছ থেকে এরা চাঁদা নিতে আরম্ভ করে এবং লটারী, বার্ষিক এবং এ্যাসোসিয়েট সভ্য সৃষ্টি করে বার্ষিক কিছু অর্থের সংস্থান করে। কিন্তু এর কার্য্য নির্বাহক কমিটির গঠনতান্ত্রিক যে নিয়ম সেটা এখনও একই ভাবে চলে আসছে, সাধারণ ভাবে ১৯২০ সাল থেকে রেডক্রস সোসাইটির কার্য্য প্রধানতঃ এর কার্য নির্বাহক কমিটির মনোনীত সদস্যরাই পরিচালনা করে থাকেন। সাধারণতঃ রেডক্রস সোসাইটিতে এ্যাসোসিয়েট মেম্বার, বার্ষিক মেম্বার, লাইফ মেম্বার, নানা ভাবে বহু অর্থ যুগিয়ে আসছে। কার্য্য নির্বাহক কমিটির মনোনীত সদস্যদের দ্বারা এই প্রতিষ্ঠানটী পরিচালিত হওয়ার ফলে দেখা যাচ্ছে যে রুলিং পার্টি তাদের নিজেদের মনোনীত লোককে কার্য্য নির্বাহক কমিটিতে গ্রহণ করে সেচ্ছাসেবা মূলক আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন এই প্রতিষ্ঠানটীকে কুক্ষিগত করে রেখে দিয়েছে। এই প্রতিষ্ঠানের বিভিন্ন কার্য্য সুচীর মধ্যে ফ্রি মিল্ক ক্যানটিন অন্যতম। সার, আপনি জানেন যে হাওড়া মিউনিসিপ্যালিটির ছোট, ২ স্কয়ার মাইল এরিয়ার মধ্যে ৭টি মিল্ক ক্যানটিন চালু আছে অথচ ৬০ স্কয়ার মাইল দীর্ঘ এলাকা বিশিষ্ট পল্লী অঞ্চলে মাত্র ৩।৪টি মিল্ক ক্যানটিন চালু করা হচ্ছে। সে দিক থেকে বহু আবেদন নিবেদন করা সত্বেও এই প্রতিষ্ঠানের তরফ থেকে আরও বেশী মিল্ক ক্যানটিন খোলার কোন প্রচেষ্টা আমরা দেখতে পাচ্ছি না। সেই জন্য স্যার, আমার মনে হয় এই আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন প্রতিষ্ঠানটীকে আরও বেশী সাধারণের কাজে লাগাবার জন্য এর মধ্যে সাধারণের নির্বাচিত প্রতিনিধিদের গ্রহণ করা উচিৎ এবং একটা এ্যাডভাইজারি কমিটির গঠন করা উচিৎ। প্রতিটি জেলায় আমরা দেখেছি এমন সমস্ত ব্যক্তিকে মনোনয়ন:

করা হয়েছে যাঁরা কোনদিন কার্য্যনির্বাহক কমিটির সভায় আসেন না এবং এই প্রতিষ্ঠানের পরিচালনা কার্য্যে যথেষ্ট অর্থও সাহায্য করেন না। সে জন্য আমার মনে হয় নির্দলীয় সমাজ-সেবী প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রতিনিধি গ্রহণ করে এই প্রতিষ্ঠানকে আরো জনপ্রিয় করে তোলা দরকার। এই প্রতিষ্ঠানের তরফ থেকে মফঃসল এবং সহরের বহু টিউবারকিউলোসিস রোগীকে কিছু কিছু সাহায্য দেওয়া হয়, মাঝে মাঝে কিছু ইনজেকসন দেওয়া হোত কিন্তু ইদানীং সেটা বন্ধ করে দেওয়া হয়েছে। আমার মনে হয় পল্লী অঞ্চলে যে সমস্ত টিউবারকিউলোসিস রোগী সরকারী সাহায্য বা বেসরকারী সাহায্য থেকে বঞ্চিত হচ্ছে এবং চিকিৎসায় কোন সুযোগ পাচ্ছে না তাদের দায়িত্ব রেডক্রস সোসাইটির হওয়া উচিৎ। গত বছর স্বাস্থ্য সম্বন্ধে আলোচনার সময় স্বাস্থ্য বিভাগ থেকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে সুদুর পল্লী অঞ্চলে টিউবারকিউলোসিস রোগীদের সাউথ ডোমিনিলিয়ারী ট্রিটমেণ্টের ব্যবস্থা করা হবে কিন্তু এ পর্য্যন্ত কোন ব্যবস্থাই করা হয়নি। আমার মনে হয় পল্লী অঞ্চলে রেডক্রস সোসাইটীর কার্য্য প্রসারিত করে এই সমস্ত রোগীদের দায়িত্ব রেডক্রস সোসাইটির উপর দেওয়া দরকার এবং একটা করে স্থানীয় কমিটি করা দরকার। এই স্থানীয় কমিটির পক্ষে আর্থিক সাহায্য সংগ্রহ করা সম্ভব হতে পারে। স্যার, কেহ কিছু হাতের কাজ এবং ফ্লাই ট্রেনিং এই রেডক্রস সোসাইটির মারফৎ হয়ে থাকে কিন্তু এই কাজ ভাল এবং এত সীমাবদ্ধ যে প্রতিটি জেলায় এর কোন কার্য্যের প্রমাণ পাওয়া যায় না। সেজন্য স্থানীয় কমিটি এবং য়্যাডভাইসারী কমিটি গঠন করে প্রতি জেলায় ফ্লাই ট্রেনিং এবং হাতের কাজ শিখিবার ব্যবস্থা করা বিশেষ প্রয়োজন এবিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ইংরাজ আমলে এই প্রতিষ্ঠানের মারফৎ দুঃসহ, নিহত এবং আহত সৈনিকদের সাহায্য দেওয়া হত এবং তাদের পরিবারদের পেনসন দেওয়া হত। আমি সরকারকে এবিষয়ে চিন্তা করতে বলছি যে গত স্বাধীনতা আন্দোলনে এবং ইদানীং গণতান্ত্রিক আন্দোলনের মধ্যে যে সমস্ত যুবক নিহত হয়েছে তাদের পরিবারবর্গকে আর্থিক সাহায্য দানের কথা এই রেডক্রস সোসাইটির মারফৎ বিবেচনা করার স্বার্থকতা আছে। সরকার যেন এবিষয়ে একটু চিন্তা করেন। বিভিন্ন মিল্ক ক্যান্টিনে আমরা দেখেছি কোন কোন সময়ে এমন দুধ সরবরাহ করা হয় যা মনুষ্য খাদ্যের অযোগ্য। সেজন্য আমি মনে করি এই দুধ বিভিন্ন ক্যান্টিনে বিতরণ করার পুর্বে টেষ্ট করে দেখা দরকার যে এই দুধ মনুষ্য খাদ্যের যোগ্য কিনা। সহরাঞ্চলে এমন সমস্ত জায়গায় মিল্ক ক্যান্টিনগুলি চালু রাখা হয়েছে যে তার প্রয়োজনীয়তা সম্বন্ধে যথেষ্ট সন্দেহ আছে। গত বন্যার পর পল্লী অঞ্চলের বিভিন্ন দুর্গত এলাকায় গোমড়ক হবার ফলে সেখানে দুধের অভাব দেখা দিয়েছে। আমি সরকারকে অনুরোধ করবো সহরাঞ্চলে অপ্রয়োজনীয় ক্যান্টিনগুলি তুলে দিয়ে বর্ত্তমানে পল্লী অঞ্চলের বিভিন্ন এলাকায় সেগুলি চালু করার কথা যেন তারা চিন্তা করেন। সবশেষে য়্যাডভাইজারি কমিটি—প্রতিটি জেলায় আমরা দেখছি এমন সমস্ত ব্যক্তিকে রেডক্রস সোসাইটিতে মনোনীত করা হয়েছে যারা এই সমাজ সেবামূলক প্রতিষ্ঠান সম্বন্ধে সম্পূর্ণ উদাসীন। সেই কারণে স্থানীয় বিধানসভার সভ্যদের য়্যাডভাইজারি কমিটিতে রাখতে পারেন কিনা সেটা যেন সরকার একটু বিবেচনা করে দেখেন এবং বিধানসভার সভ্যদের সেই কমিটিতে রাখলে আমার মনে হয় এই প্রতিষ্ঠানের মর্যাদা যথেষ্ট পরিমাণে বৃদ্ধি পাবে।

টিউবারকিউলোসিস রোগীদের ইতিপুর্বে রেডক্রস মারফৎ যে সমস্ত ঔষধ এ্যান্টিবাওটিক্ ড্রাগ দেওয়া হত তা বন্ধ করে দেওয়া হয়েছে, এগুলি যাতে পুনরায় চালু হয় সেবিষয় দৃষ্টি দিতে সরকারকে অনুরোধ করছি।

Shri Subodh Banerjee :

[4-10—4-20 p.m.]

স্পীকার মহাশয়, কোন দেশে সাধারণ মানুষের মৌলিক সমস্যা মূলতঃ ৩টি জিনিষকে কেন্দ্র করে গড়ে উঠে। খাদ্য, বস্ত্র ও বাসস্থান—এই তিনটী জিনিষ যদি না দেওয়া যায় তাহলে ফিজিক্যাল লিভিং অসম্ভব, মেণ্ট্যাল লিভিং তো দুরের কথা। ফিজিক্যাল লিভিং হলে মেণ্ট্যাল স্যাটিসফ্যাকসন, কালচুর্যাল স্যাটিসফ্যাকসনেব জন্য চেষ্টা করা যেতে পারে। সুতরাং প্রত্যেক রাষ্ট্রে তার বাজেট প্রণয়ন ক্ষেত্রে এই তিনটি প্রাইমারী নীডস মেটাবার দিকে বিশেষ নজব দেওয়া দরকার। প্রথমতঃ যে সরকার এই তিনটি প্রাইমারী নীডস মেটাতে পারে না সেই সরকারের কোন অধিকার নাই টিকে থাকাব, আসনে থাকার। অথচ আমরা এই বাজেটের দিকে যদি তাকিয়ে দেখি তাহলে দেখতে পাব এই তিনটি জিনিষেই সরকারের চরম ঔদাসীন্য রয়েছে। খাদ্যের কথা বাদই দিলাম কারণ খাদ্যের যখন আলোচনা হবে তখন দেখাব। বস্ত্রের পার ক্যাপিটা কনজামসনএর হিসাব দেখুন। যুদ্ধের পুর্বে যে কনজামসন ছিল তার চেয়ে ফল্ করেছে। যুদ্ধের পুর্বে—হিসাবে দেখা যায়—বাংলাদেশে যেখানে ১৬ গজ কাপড় ব্যবহার করত আজকে সেখানে ১১ গজের মত এসে দাঁড়িয়েছে। এছাড়া ধরুন বাসস্থানের কথা বাজেটের দিকে একবার তাকিয়ে দেখুন, বড় বড় অঙ্ক রয়েছে, একবার তাকিয়ে দেখুন—৫৭ নম্বরে মিসেলেনিয়াস এ্যাণ্ড আদার মিসেলেনিয়াস এক্সপেণ্ডিচার, সেখানে দেখছি স্লাম ক্লীয়ারান্স প্রোজেক্ট আপনি জানেন স্যার, যে কলকাতার বিশেষ সমস্যা হিসাবে এই বস্তী সমস্যা দেখা দিয়াছে। কলকাতার জনসাধারণের প্রায় ৩৩ ভাগ এই বস্তীতে বাস করে। যখন এই স্লাম ক্লীয়ারান্স বিল বিধানসভায় আনা হয়েছিল তখন বলা হয়েছিল এগুলি ভেঙ্গে সুন্দর সুন্দর ইমারত তৈরী হবে, বাড়ী হবে। তখনই আমরা বলেছিলাম যে রকম সরকার দ্রুত পবিকল্পনা গ্রহণ করে চলেছেন এতে ১০০।১৫০ বছব আগে এই বস্তীগুলি পরিষ্কার করা সম্ভব হবে না, ভাল বাসস্থান সম্ভব হবে না, সেদিনকার সেই সন্দেহ আজ বাস্তব সত্যে পরিণত হয়েছে, বাজেটে তাই পরিলক্ষিত হচ্ছে। মিঃ স্পীকাব, আপনি তাকিয়ে দেখুন ১৯৫৯।৬০ সালে বাজেট এষ্টিমেট ধরা হয়েছিল স্লাম ক্লীয়ারান্স প্রোজেক্টএ ২৭ লক্ষ টাকা যে জায়গায় সেখানে রিভাইজড এষ্টিমেটএ দেখছি ৬ লক্ষ ৯০ হাজার টাকা অর্থাৎ মোট কথা যাই হোক এই যে এ্যামাউণ্ট রিভাইজড এষ্টিমেটএ বাড়ার কথা। রিভাইজড এষ্টিমেট এমন হতে হবে, পরিকল্পনা বস্তীব যা ছিল, যে টারগেট ছিল উন্নয়নের, সে টারগেটএ পেঁীছাতে পারি। সেই টারগেট যদি আমাদের শক্তির পক্ষে বেশীও হয় তাহলেও আপ্রাণ চেষ্টা করবো যাতে শক্তিকে গীয়ার আপ করে টারগেটএ গিয়ে পেঁীছুতে পারি। সংশোধিত বাজেট সেরকমই হওয়া দরকার। কিন্তু হল কি ? যে টাকা বরাদ্দ ছিল, প্রভিসন ছিল, সে টাকা দিতে পারলাম না, সংশোধিত বাজেটে আরও কমিয়ে দিলাম। কেন এর কারণটা কি ? এটা কেন কমিয়ে দিতে চান সেটা খোলাখুলি বলুন। বাসস্থানকে দেখতে গেলে দু-রকমে, দু-ভাগে দেখা দরকার—সহরের বাসস্থান আর গ্রামের বাসস্থান। সহরের বাসস্থানকে আবার দু-ভাগে ভাগ করতে হবে। একটা হল বস্তীবাসীদের উন্নয়ন আর একটা হল মিডল ক্লাসদের বাসস্থানের পরিকল্পনা। আমরা দেখতে পাচ্ছি ইম্প্রুভমেণ্ট ট্রাস্ট দুটা প্রোজেক্ট নিয়েছেন কি তিনটা প্রোজেক্ট নিয়েছেন,—এইটাই কি খুব আশার কথা ? এতে আমরা সন্তুষ্ট থাকতে পারি না। এটা নিন্দার জিনিষ। দু-একটা প্ল্যানএ ইম্প্রুভমেণ্ট ট্রাস্ট যদি বাড়ী করে, তাহলে সেখানে বড় জোর দু-শো লোককে রাখবার জন্য বেনিফিট দেওয়া যেতে পারে। তাছাড়া আমরা দেখছি—৩৩ পারসেণ্ট পপুলেসন হচ্ছে—বস্তীবাসী, যারা কলকাতায় বাস করে, তাহলেও লোক সংখ্যা

আরও বেড়ে যাবে। সুতরাং তাঁরা যে কথা বলেন বস্তী উন্নয়নের জন্য, সেটা শুধু তাঁদের মুখের কথা। তাকে কার্য্যকরী করার প্রয়াস এই বাজেটের মধ্যে দেখছি না। সুতরাং তাঁদের কথা বিশ্বাস করতে পারছি না। আপনারা এইসব কথা বলতে পারেন, ভোট ক্যাচিং ডিভাইস হিসাবে বড় বড় কথা বলতে পারেন। কিন্তু যতক্ষণ পর্য্যন্ত না তার য়্যাকচুয়াল রিফ্লেকসন ইন দি বাজেট দেখছি, ততক্ষণ পর্য্যন্ত আমরা, স্বীকার করতে পারি না যে বস্তীবাসীর সমস্যা সমাধানের জন্য আপনারা সত্যই ব্যবস্থা করছেন। এটা গেল বস্তীবাসীর সম্বন্ধে। দ্বিতীয় কথা মধ্যবিত্ত সমাজের লোকের যাদের বাড়ী নেই। এ সম্বন্ধে আপনারা খুব বড় বড় কথা বলছেন, কিন্তু কার্য্যত কিছুই হচ্ছে না। বিদেশে যাবার আমার ক্ষমতা নেই, কিন্তু, বইএ পড়ে যতটা জেনেছি—সুইডেনের মত একটা দেশ, যেটা খুব ডেভেলপড কান্ট্রি নয়, সেখানে কেমন করে সাধারণকে হাউস দেয়। কো-অপারেটিভ করে এবং গভর্ণমেণ্ট সাবসিডি হিসাবে টাকা দিচ্ছেন, সেই টাকায় বাড়ী করে সাধারণকে দেওয়া হয়। যে রেণ্টটা মাসে মাসে দিচ্ছে, সেটা বাড়ীর কষ্ট হিসাবে জমা পড়ছে, এবং রেণ্টএর দ্বারা বাড়ীর কষ্ট যখন ক্লিয়ার আপ হয়ে যাচ্ছে, তখন বাড়ীটা তার হয়ে যাচ্ছে। অর্থাৎ সে বাড়ী ভাড়া হিসেবে নিয়ে তার বাড়ী হয়ে যাচ্ছে। এই রকম কোন স্কীম এখানে আছে? অর্থাৎ সাধারণ মানুষকে বাড়ীর মালিক করবার যে স্কীম, সেই ধরণের কোন হাউসিং স্কীম আপনারা করতে পারেন নি। তারপর বাড়ী ভাড়া দেবার ব্যবস্থাই বা কোথায়? যে কোন খবরের কাগজের দিকে তাকিয়ে দেখলে, দেখতে পাবেন লেখা আছে য়্যাকোমোডেশন টু লেট, রুমস ফ্ল্যাট ভাড়া দেওয়া হবে। কিন্তু তার ভাড়া দেখলে চোখ রাঙ্গিয়ে যাবে। আমি আজকের ষ্টেটসম্যানএ দেখেছি থ্রি-রুমড ফ্ল্যাটএর জন্য ২০০ টাকা ভাড়া চাওয়া হয়েছে। মধ্যবিত্ত আমরা সাধারণত আমাদের মা, বোন, বিধবা মা, বোন ভাগ্নী প্রভৃতি সকলকে নিয়ে এক বিরাট পরিবার হয়ে এক জায়গায় থাকি। সুতরাং আমাদের মত পরিবারের তিনখানা ঘরে, দুশো টাকা ভাড়া দিয়ে থাকা কি করে সম্ভবপর হবে, সেকথা একবার মন্ত্রীমহাশয় চিন্তা করে দেখুন। আজকে এইযে কনসেপসান—ইণ্ডিভিডুয়ালিষ্টিক ট্রেণ্ড বেড়ে আসছে, ক্যাপিট্যালিজম ডেভেলপ করছে, কিন্তু ফ্যামিলি ডিসইন্টিগ্রেশন বেড়ে যাবেই, তাকে রোধ করতে পারবেন না। এটা আমরা জানি আলটিমেটলি ছেলে, মেয়ে, স্ত্রী নিয়ে দাঁড়াবে কনসেপসান অফ ফ্যামিলি। কিন্তু যতদিন সেই অবস্থা না হচ্ছে, এই অবস্থা চলবে। একটা ছোট ফ্যামিলির কম পক্ষে দুটো ঘর দরকার। মিডল ক্লাস য়্যাভারেজ ইনকামতে দেখছি ১২৫ থেকে ১৫০ টাকা বাড়ী ভাড়া লাগছে। আর একটি মিডল ক্লাস লোকের য়্যাভারেজ ইনকাম ২০০ টাকার বেশী হবে না। তাহলে দেখলাম কি? তার যে ইনকাম, তার মেজর পোরসান চলে যাচ্ছে বাড়ী ভাড়া দিতে। সুতরাং সরকারের উচিৎ সাবসিডি হিসাবে টাকা দিয়ে হাউসের ব্যবস্থা করা। তাঁরা পরে যে স্কীম নিয়ে ছিলেন তাও সাকসেসফুল হয়নি। যত টাকা য়্যালোট করেছিলেন, সেই য়্যালটমেণ্টএর সিকি অংশও খরচ করতে পারেন নি। আমরা দেখছি প্রভিশন ফর দি সেকেণ্ড ফাইভ ইয়ারস প্লানএর জন্য ৯,৭৭,০০০ টাকা খরচ করা দরকার ছিল, কিন্তু আপনারা য়্যাকচুয়ালী খরচ করলেন মাত্র ৮১ হাজার টাকা। অর্থাৎ—

১৯৫৬-৫৭ সালে ৫৭ হাজার টাকা,

১৯৫৭-৫৮ সালে ৪ হাজার টাকা,

১৯৫৮-৫৯ সালে ১০ হাজার টাকা,

১৯৫৯-৬০ সালে ১০ হাজার টাকা,

সবসুদ্ধ মোট ৮১ হাজার টাকা আপনারা খরচ করলেন। যেখানে ৯ লক্ষ ৭৭ হাজার টাকা

য়্যালোটমেণ্ট হ'ল, সেখানে খরচ করলেন ৮১ হাজার টাকা মাত্র। তাছাড়া সবকটি বাড়ীও তৈরী করতে পারলেন না।

আপনারা কি করছেন বাড়ী ভাড়া কণ্টোল করবার জন্য? ভাড়া কণ্টোলএর কোন ব্যবস্থাই আপনারা করতে পারেন নি। সোসালিষ্ট কাণ্ট্রির কথা ছেড়ে দিন, ক্যাপিটালিষ্ট কাণ্ট্রি লাইক ওয়েষ্ট জার্মানী, ফ্রান্সএর দিকে তাকিয়ে দেখুন—সেখানে যখনই কোন বাড়ী খালি হয়, সবকারকে জানাতে হবে এবং সরকার ঠিক করে দেবে কি রকম রিজিনিবেল রেণ্টে সে বাড়ী ভাড়া দেবে। এরকম ধরণের কোন ব্যবস্থাই আপনারা করেন নি। এত গেল সহরের ব্যাপার, আর গ্রামের কথা বলে লাভ নেই। আপনারা মুখেই বলে থাকেন গর্ব করে যে আইডিয়্যাল ভিলেজ, মডেল ভিলেজ তৈরী করবেন, কিন্তু কার্য্যত কিছুই হচ্ছে না।

[4-20—4-30 p.m.]

আদর্শ গ্রাম তৈরী করবেন তাঁরা। বাংলাদেশ গ্রাম-প্রধান। এখানে বক্তৃতায় শুনি বাংলাদেশের গ্রাম যদি না বাঁচে, তাহলে বাংলাদেশ বাঁচবে না, আপনারা বাঁচাতে পারেন না। ক্যাপিটালিষ্টএর ভিত্তি হচ্ছে—ভিলেজকে এক্সপ্লইট করে সহরকে বাঁচান। কাজেই ক্যাপি-টালিষ্টরা তা করতে পারেন না। ৭৫০৲ টাকা তাঁরা এক একজনকে দেবেন বাড়ী তৈরীর জন্য। এই ৭৫০৲ টাকা ফিফ্‌টি পারসেণ্ট অফ দি টোটাল কষ্ট অফ বিল্ডিং। অর্থাৎ পনের শো টাকায় গ্রামে বাড়ী তৈরী হয়—এঁরা কোথায় আছেন? বাপ পিতামহ হয়ত তাদের জন্য বড বড় বাড়ী তৈরী করে গেছেন। তাঁরা জানেন না—একখানি ইটের ঘর করতে গেলে কত টাকা লাগে। তাঁরা মডেল ভিলেজ তৈরী করবেন রিফিউজীদের জন্য। গ্রামসএরও অধম—একখানা ঘর তৈরী করতে গেলেও সেখানে এর চেয়ে ঢের বেশী টাকা লাগে। সেখানে তাঁরা এক একজনকে দিচ্ছেন ৭৫০৲ টাকা। সারা গ্রাম খুঁজলেও পাবেন না, এঁরা আবার মডেল ভিলেজ করবেন। ইণ্ডাষ্ট্রিয়াল হাউসিং স্কীম, প্ল্যাণ্টেশন হাউসিং স্কীমএর জন্য বাজেটে যে টাকা বরাদ্দ হয়েছিল, তাও বাদ দিয়ে দেওয়া হচ্ছে। আসল কথা—সমস্যার গুরুত্ব যদি তাঁরা না বোঝেন তাহ'লে এই ভাবেই তাঁরা চলতে থাকবেন। তাঁরা তাহ'লে খোলাখুলি বলে দেন—ফুলের সাজি সাজাতে গেলে যেমন করতে হয়, তেমনি বাজেট এষ্টিমেট করতে হলেও এই রকম দেখাতে হয়—ওয়েলফেয়ার ক্যাব্যাক্টার মেনটেন করতে হয়। টাকা দিয়েছি বটে, কিন্তু তা তো খরচ করবার জন্য দেই নাই। এটাই এই বাজেটের বিশেষত্ব বলে আমি মনে করি।

Shri Dhirendra Nath Dhar :

মাননীয় স্পীকার মহাশয়, আমি সবচেয়ে কম টাকা ধরা হয়েছে—এমন একটা আইটেম নিয়ে আলোচনা করতে চাই। তা হচ্ছে—ডিসপোজাল অফ সিউয়েজ এ্যাণ্ড প্রোডাকশন অফ সিউয়েজ গ্যাস।

আমার বিশ্বাস ছিল, আমাদের মুখ্যমন্ত্রী—তিনি একাধারে একজন বড় ডাক্তার এবং দ্বিতীয়তঃ পাবলিক হেলথ সম্বন্ধে আমাদের সকলের চেয়ে বেশী বোঝেন। সেই সঙ্গে তিনি একজন ইণ্ডাষ্ট্রিয়ালিষ্টও বটে; দেশের শিল্প বৃদ্ধি হোক, এ সম্বন্ধে তাঁর যথেষ্ট উৎসাহ আছে; সারা জীবনে অনেক রকম কীর্ত্তিকলাপ আছে। এই ব্যাপারে দেখা যায় প্রায় ৫ বছর আগে যে টাকা ধার্য্য করা হয়েছিল, অদ্যাবধি তার একটি টাকাও খরচ হয় নাই, তাহলে এর গুরুত্ব কি? এই সিউয়েজ—যা থেকে সিউয়েজ গ্যাস তৈরী হয়—তা' বুঝতে হবে। পৃথিবীর প্রত্যেকটি সহরে সিউয়েজ—সালেজ—অথবা এই জাতীয় জিনিষ—অপরিষ্কৃত ময়লা জল ট্রিট করা হয়। ট্রিট করে জলকে একাধারে পরিষ্কৃত করে নদীতে

ফেলে দেওয়া হয়; আর একদিকে সার তৈরী হয়, আর সঙ্গে সঙ্গে মূল্যবান গ্যাস। তপসিয়াতে এইরকম একটা প্লাণ্ট বসাবার কথা আছে। প্রায় ২০।২১ বছর আগে বাশতলায় যে প্লাণ্ট করা হয়েছে, সে সম্বন্ধে অনেক কিছু শিখবার আছে, সেই অভিজ্ঞতা এখানে কাজে লাগান যেতে পারে। কিন্তু তপসিয়াতে আজ পর্য্যন্ত কিছু হ'লনা। সম্প্রতি দিল্লী মিউনিসিপ্যালিটীর ঐ রকম একটা প্লাণ্ট দেখবার সুযোগ আমার হয়েছিল। সেখানে দেখলাম--দিল্লীর সমস্ত ময়লা জল---সালেজ ওয়াটার সমস্ত ওয়াটার ট্রিটমেণ্ট প্ল্যাণ্ট মারফৎ জল ঠিক করছেন। তা থেকে গ্যাস তৈরী করছেন। আবার নলী দিয়ে বের করে দিচ্ছেন। সেখানে স্বাস্থ্যের কোন ক্ষতি হচ্ছে না। আমি বলতে পারি কলকাতার ময়লাজল ও আশেপাশের মিউনিসিপ্যালিটীর ময়লাজল আজকে কলকাতা ও অন্যান্য মিউনিসিপ্যালিটীর অধিবাসীদের অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে নিয়ে যাচ্ছে। তার ফলে নানারকম ব্যাধি এখানেতে হচ্ছে। তা থেকে উদ্ধার পেতে গেলে ঐরকম ব্যবস্থা করা দরকার—ঐরকম একটা প্লাণ্ট আজকে এখানে এষ্টাবলিশ করতে হবে। এবং এটা দেখছি দিল্লীর সে প্ল্যাণ্টএ এমন কিছু খরচ করা হয়নি। সে জিনিষ করতে কোটি কোটি টাকা খরচ করতে হয় নি। সমস্ত দিল্লীর জন্য মাত্র একটি প্লাণ্ট এবং সেই একটি প্ল্যাণ্ট দিয়েই সমস্ত দিল্লীর লোককে ফিড করছে। তার মেইণ্টেন্যান্স খরচাও খুব বেশী নয়। তাদের খরচ হয়েছে ৩০ লক্ষ টাকা এবং সেটা খুব সুন্দরভাবে চলছে। এখানে যেভাবে করা হচ্ছে, এবার কিছু টাকা ধরলেন, ওবার কিছু ধরলেন, এরকম ভাবে হবেনা। এই সম্বন্ধে অনুসন্ধান করে যাতে সত্যসত্যই একটা প্ল্যাণ্ট বসান যায় তার জন্য উপযুক্ত টাকা ধার্য্য করা উচিত।

এ সম্বন্ধে আর একটা কথা বলছি, কলিকাতা অধিবাসীদের বাসস্থানরে ব্যবস্থা। গত বৎসর দেখলাম যে স্লাম ক্লিয়ার্যান্স বিল পাশ হল, তখন আশা করেছিলাম যে বস্তিতে যারা বসবাস করে তারা যাতে সুন্দরভাবে জীবনযাপন করতে পারে তার ব্যবস্থা হবে। কিন্তু তার কিছু দেখলাম না। কেবলমাত্র ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট থেকে কতকগুলি টেনেমেণ্টস করা হয়েছে কিন্তু তা খালি পড়ে আছে। এর কারণ হচ্ছে এর এত বেশী ভাড়া করা হয়েছে যে তা দিয়ে বস্তি-বাসীরা সেখানে বাস করতে পারে না। এই ধরণের টেনেমেণ্ট করে লাভ কি? অর্থাৎ যারা অপরিচ্ছন্ন অবস্থায় বাস করে সেই ধরণের বাসিন্দাদের যাতে সত্যসত্যই অল্প ভাড়ায় বাড়ী দিতে পারেন, যাতে তারা সুন্দরভাবে জীবনযাত্রা করতে পারে, সেই ব্যবস্থা করা উচিত। শুধু টাকা ধরলেই, আর বাড়ী করলেই হবে না, সেই বাড়ীর ভাড়া যদি এত বেশী হয় তাহলে কেউ সেখানে বাস করতে পারবে না এবং স্লাম ক্লিয়ার্যান্সও হবে না। তারপর মধ্যবিত্ত পরিবারের কথা বলছি। এদের অবস্থা আরো খারাপ। আমি দেখেছি যে বাড়ীতে আগে দু' একটি ফ্যামিলি বাস করতো সেখানে এখন ১৫।১৬টি ফেমিলি বাস করছে। এখানে লোক সংখ্যাও বেশী হয়েছে। আমি একটা গলির কথা জানি সেখানে আগে ১৭টি ফ্যামিলি বাস করতো। কিন্তু কিছুদিন আগে আমি ষ্ট্যাটিষ্টিকস নিয়ে দেখেছি ১৩৫টি ফ্যামিলি বাস করছে, এবং এক একটা ফেমিলিতে যদি ১০ জন করেও লোক ধরা যায় তাহলে সেই বাড়ী-গুলিতে ১৩৫০ জন লোক বাস করছে। তাছাড়া সেই বাড়ীগুলির যে কনডীশন সেই কনডীসানে কোন সুস্থ লোক বাস করতে পারে না। এই সমস্ত বাড়ীর ছেলেমেয়েদের আমরা দেখতে পাই যে, নানারকম রোগে ভুগছে। ভাড়ার দিক দিয়েও দেখতে পাচ্ছি যে লোক-সংখ্যা বাড়ার জন্য ভাড়া বাড়ছে। সরকার থেকে যদি বেশী বেশী করে বাড়ী তৈরী করে অল্প ভাড়ায় দেওয়া যায় তাহলে মধ্যবিত্তদের বসবাসের সুবিধা হতে পারে।

তৃতীয়তঃ আর একটা কথা হচ্ছে, সল্ট লেক রিক্লেমেসন। এ সম্বন্ধে অনেকেই বলেছেন এবং আমরাও আগে বলেছি। মুখ্যমন্ত্রী মহাশয়ের পরিকল্পনা আছে যে এখানে গঙ্গার মাটি ফেলে ক্রমশঃ উঁচু করবেন, উঁচু করে শক্ত করবেন এবং শক্ত করে এমন অবস্থায় আনবেন যাতে সেখানে ঘরবাড়ী তৈরী হয়। এবং দু'এক বৎসরের মধ্যে ঘরবাড়ী তৈরী হবে আশা করেন। কিন্তু আমরা জানি যে একটি পুকুর বুজিয়ে বাড়ী তৈরী করতে গেলেও ২৫।৩০ বৎসর অপেক্ষা করতে হয়। এমন কি যারা জমি কিনতে চায় তারাও এই ২৫।৩০ বৎসরের ভরাট জমি কিনতে ভয় পায় কারণ সেখানে বাড়ী করা দুষ্কর। এবং যদি বাড়ী করেও তাহলেও একতলা বাড়ীর বেশী করতে সাহস পাবেনা। সেখানে এই সল্ট লেক এরিয়ার জল সরিয়ে দিয়ে মাটী ফেলে বাড়ী তৈরী করে মধ্যবিত্ত পরিবারকে বাসস্থান দেবেন এবং এইভাবে কলিকাতার ক্রাউড কমাবেন সেটার আশা খুব কম। আমি এখানে একটা প্রস্তাব দিতে চাই কলকাতা শহরের আশেপাশে অনেক জমি পড়ে আছে—আমি সেখানকার ঠিকানা দিতে পারি, সেই ঠিকানা নিয়ে সরকার সেখানে বাড়ীঘর করতে পারেন। আমি যে পল্লীতে বাস করি সেই পল্লীতে একটা জমি আছে, তা লম্বা ও চওড়ায় প্রায় তিন বিঘা হবে, সেটা নিয়ে সেখানে বাড়ী করতে পারেন কিন্তু সেদিকে কেউ নজর দেননি।

[4-30—4-40 p.m.]

যে সব বাড়ী পুরানো হয়ে গিয়েছে—এই রকম অনেক বড় বড় বাড়ী আছে, বর্ত্তমান জগতে এই ধরণের বাড়ী রাখা অস্বাস্থ্যকর এবং আন-ইকনমিকও বটে। এই সব বাড়ী ২ বিঘা তিন বিঘার উপর, এই সমস্ত পুরানো বাড়ী আমরা বড়বাজারে ও নতুনবাজারে দেখতে পাই। এই সমস্ত বাড়ী ভেঙ্গে ১৩ তলা ১৪ তলা করা যায়, তাহলে ২০০।৩০০ লোকের বাসস্থান হতে পারে। বাড়ী করার পর সেই অঞ্চলের তো বটেই, অন্য অঞ্চলের লোকের থাকার জায়গা হতে পারে। সরকার এই ধরণের পরিকল্পনা গ্রহণ করতে পারেন। তারপর যারা কলকাতা সহরে চাকরী বাকরী করে তাদের যে টাকা অফার দেওয়া হয়, তাতে কলকাতা সহরে বাড়ী করা তাদের পক্ষে অসম্ভব। বিশেষতঃ জমি কিনে বাড়ী করা তাদের আয়ের পক্ষে সম্ভব নয়। যদি তারা পুরান বাড়ী কেনে এবং রি-কনষ্ট্রাক্ট করে বা ইমপ্রুভমেণ্ট করার জন্য যদি সরকার তাদের লোন দেন, তাহলে তারা লোন নিতে পারে এবং সত্যিকারের তাদের লোন দেওয়া সার্থক হতে পারে। এবং আমি জানি এই রকমভাবে লোন নিতে অনেকে আগ্রহশীল আছেন। গত বছর আমি সরকারকে প্রস্তাব দিয়েছিলাম কিন্তু তা কার্য্যকরী হয়নি। তারপর লার্জ স্কেলে যে কবে বস্তী উন্নয়ন হবে তা আমরা বুঝতে পারি না। তারচেয়ে যদি একটা বস্তী নিয়ে পিসমিল ভাবে তার উন্নয়ন করবার চেষ্টা করেন এবং ইমপ্রুভমেণ্ট হয়ে গেলে তাদেরই য়্যাকোমোডেট করতে পারেন। এই ভাবে বস্তীর একটা অংশ নিয়ে কাজ আরম্ভ করতে পারেন। তাহলে স্লাম ক্লীয়ারেন্স কাজ অগ্রসর হতে পারে এবং বস্তীবাসীরাও সেইখানেই থাকতে পারবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sudhir Kumar Pandey :

মাননীয় স্পীকার মহাশয়, ৫৭-মিস্লেলেনিয়াস—আদার মিস্লেলেনিয়াস এক্সপেণ্ডিচার, য়্যাটস্টেটরা সম্বন্ধে আলোচনা করতে উঠে প্রথমে আমি বলব যে, এখানে এর আগে রাজ্যপালের ভাষণের উপর আলোচনাকালে জনৈক কংগ্রেস সদস্য বলেছিলেন, গান্ধিজী রাম রাজত্ব বলতে পঞ্চায়েত রাজই বুঝতেন। বর্ত্তমান পশ্চিমবঙ্গ সরকার সেই পঞ্চায়েত গঠনের উদ্যোগী

হয়েছেন এবং অনেক পঞ্চায়েত গঠন করেছেন। কিন্তু সেই সমস্ত পঞ্চায়েতের কি অবস্থা সেটা আমি আজকে সভার সামনে রাখতে চাই। অঞ্চল পঞ্চায়েত যেখানে যেখানে গঠন করা হয়েছে, সেখানেই দেখা গেল ট্যাক্স বেড়ে গেল। এমন কি কোন কোন জায়গায় দুইগুণ আড়াইগুণ পর্য্যন্ত ট্যাক্স বেড়ে গেল। এমন কি গরুর গাড়ীর উপর, কুঁড়ে ঘরের উপর, গোয়াল ঘরেরও উপর, তার গরু-বাছুরের উপর ইনকাম ধরে তার উপর ট্যাক্স ধার্য্য করা হল। গ্রামের কুটীর শিল্পের উপর, তাঁতী, কামার, কুমোর ও তন্তুবায় ইত্যাদির উপর ট্যাক্স ধার্য্য করা হল। প্রথমে কুটীর শিল্পের উপর ধার্য্য করেছিলেন না। তারপর ডাইরেক্টার অফ পঞ্চায়েত-সমূহ ইনকামএর উপর ট্যাক্স ধার্য্য করতে হবে এই রকম একটা নির্দ্দেশ দিলেন এবং তার পরেই ট্যাক্স বেড়ে গেল। আমরা জানি যেখানে অঞ্চল পঞ্চায়েত স্থির করলেন যে জন-সাধারণের উপর ট্যাক্স বাড়াবেন না সেই ভাবে বাজেট তৈরী করে অঞ্চল পঞ্চায়েতের মিটিংএ অনুমোদন করে ইনস্পেক্টর অফ পঞ্চায়েতসএর কাছে পাঠালেন ; কিন্তু তিনি বাজেট ফেরত পাঠিয়ে দিলেন, কারণ ট্যাক্স বৃদ্ধি করা হয়নি বলে। বীনপুর থানার বেলপাহারী অঞ্চল পঞ্চায়েত যেখানে ১৯০০ টাকা ট্যাক্স ছিল সেখানে ২১০০ টাকা ট্যাক্স করার পর তবে ইনস্পেক্টর অফ পঞ্চায়েতস অনুমোদন করলেন। এই আমরা শাসন ক্ষমতার বিকেন্দ্রীকরণের নমুনা দেখতে পাচ্ছি। সেই রকম বীরভূমের সীরা অঞ্চল পঞ্চায়েত গরুর গাড়ীর উপর ট্যাক্স ধার্য্য না করে বাজেট পাঠালেন, তখন ইনস্পেক্টর ফেরত পাঠালেন—যেহেতু গরুর গাড়ীর উপর ট্যাক্স ধার্য্য করা হয়নি বলে। তারপর যখন তারা ট্যাক্স ধার্য্য করে পাঠালেন তখন সেই বাজেট অনুমোদিত হল। এইসব কারণে আজকে জনসাধারণ অত্যন্ত আতঙ্কগ্রস্ত হয়েছে। সরকার যদি ইচ্ছা করেন তাহলে ৫৭এর ৩ উপধারাতে কতকগুলি জিনিষের উপর ট্যাক্স ছেড়ে দিতে পারেন যেমন বাস্তুর উপর, গরুর গাড়ীর উপর এবং নানা-রকমের বৃত্তির উপর কুটীর শিল্পের উপর ইত্যাদি। কিন্তু এ সবের উপর ট্যাক্স ধার্য্য করা হচ্ছে। তাদের এডুকেশন ট্যাক্স দিতে হচ্ছে, যারা কারবার করেন তাহলে লাইসেন্স ফী বার্ষিক ৬ টাকা ট্যাক্স দিতে হবে। তারপর যারা দোকান করে তাদের ৩ প্রকারের প্রত্যক্ষ ট্যাক্স দিতে হচ্ছে। এই সমস্ত কারণে জনসাধারণ অত্যন্ত বিক্ষুব্ধ হয়েছে। তারপরে স্যার, এই সব অঞ্চল পঞ্চায়েতের যারা কর্ম্মচারী অর্থাৎ চৌকিদার তাদের কাজ হচ্ছে রাত্রিতে পাহারা দিতে হয় দিনে ট্যাক্স আদায়কারী হিসেবে সাহায্য করতে হয়। তাদের সপ্তাহে সাত দিনই হাজিরা দিতে হয় এবং ২৪ ঘণ্টা তাদের ডিউটি দিতে হয়। তাদের মাহিনা দেওয়া হয় ১১ টাকা। দৈনিক ৭ আনার কম পায় যা দিয়ে এক বেলার খোরাক চলে না। সেইজন্য আমি দাবী করছি যে ন্যায়সঙ্গত মাহিনা তাদের দেওয়া হউক যাতে তারা খেয়েপরে বাঁচতে পারে। আজকে সরকার থেকে বারে বারে ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বলেন। কাগজ-কলমে এই পঞ্চায়েত-গুলিকে অনেক ক্ষমতা দেওয়া হয়—তাদের স্বাস্থ্য রক্ষা করতে হবে, রাস্তাঘাট করবে লাইটের ব্যবস্থা করবে, কিন্তু সরকার কি ব্যবহার করছেন। এখন তাদের কাজ হচ্ছে সারা বছরে একটা অধিবেশন করে বাজেট পাশ করা। আর কোন কাজই তাদের দিয়ে হচ্ছে না। এমন কি লোন বিতরণের ব্যবস্থাও সরকার তাদের মনোনীত কমিটি মারফত রিলিফ দেবার ব্যবস্থা করছেন। গ্রামের পঞ্চায়েতের যারা মেম্বার তারা জনসাধারণের দ্বারা নির্ব্বাচিত তারা গ্রামের প্রত্যেককেই চেনে, তারাই প্রকৃত গ্রামের অবস্থা জানে, তারা জানে যে সত্যিকারের দুঃস্থ কারা, কাদের প্রকৃত রিলিফ দরকার, তারা জানে কার কত জমি এবং

কোন জমিতে কি রকম ফসল হয় এবং কাদের কৃষি ঋণের প্রয়োজন। আজকে কৃষি লোন বলুন আর রিলিফই বলুন সব কিছু পঞ্চায়েতের উপরই ভার দেওয়া উচিত। যদি সত্যিকারের আমাদের কৃষি ব্যবস্থার উন্নয়ন করতে চাই, তাহলে সমবায় প্রথায় চাষ গ্রাম পঞ্চায়েতের মাধ্যমেই চালু করতে হতো কিন্তু কোন দায়িত্বই দেওয়া হচ্ছে না। সরকার মাত্র ১ হাজার টাকা সাহায্য দিচ্ছেন। এই এক হাজার টাকা দিয়ে কি উন্নয়ন কাজ হবে আপনারা তা বুঝতে পারছেন। এক একটা অঞ্চলের মধ্যে ৫।৬টী গ্রামসভা থাকে। এক হাজার টাকার মধ্যে নির্ব্বাচনের জন্য টাকা কেটে রাখছেন তারপর যে টাকা এক একটা অঞ্চলে পড়ছে তাতে ১০০।১২৫ টাকার বেশী ভাগে পড়ে না। সুতরাং এই টাকা দিয়ে কি রাস্তা, আলো, কুয়া ইত্যাদি কিছুই হতে পারে না। কোন উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে না।

[4-40—4-50 p.m.]

এত কম টাকায় কোন কিছু উন্নয়নের ব্যবস্থা হতে পারে না। গ্রাম পঞ্চায়েতের উপর কতগুলি ইনকামের ব্যবস্থা কথা বলা হচ্ছে, কিন্তু সে সম্বন্ধে কিছু করা হচ্ছে না। গ্রাম পঞ্চায়েতে যদি খোয়াড় বা ফেরী ঘাট থাকে তাহলে তার ইনকাম গ্রাম পঞ্চায়েৎ পাবে, কিন্তু আজ পর্য্যন্ত রাজ্য সরকার গ্রাম পঞ্চায়েতকে সেই ক্ষমতা দেননি। জেলাবোর্ড ফেরী ঘাট বা ফেরী গ্রাম পঞ্চায়েৎকে দিতে রাজী নয়। ল্যাণ্ড বেভিনুার ফেরীঘাট যেখানে আছে অর্থাৎ তারা তার ইনকাম গ্রাম পঞ্চায়েৎকে দিতে রাজী নন। কাগজে কলমে যে সমস্ত ইনকামের কথা আইনে লেখা আছে তা তারা ভোগ করতে পারছে এবং তার ফলে তাদের অনেক কাজ টাকার অভাবে আটকে যাচ্ছে। পরিকল্পনা সম্পর্কে কিছু দিন পুর্বে সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলিতে একটা সার্কুলার গিয়েছিল যে আপনারা পঞ্চবার্ষিকী পরিকল্পনা কাজ বি, ডি, ও অফিসে পাঠান। এই সময় ওদের ধারণা হয়েছিল যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা মানে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার, এই সম্পর্কে তাদের পরামর্শ তাঁরা গ্রহণ করবেন। এইভাবে যখন বিভিন্ন গ্রাম পঞ্চায়েৎ তাদের পরিকল্পনা প্রণয়ন করে পাঠালেন তখন শোনা গেল যে এটা তৃতীয় পরিকল্পনার জন্য নয়, এটা গ্রাম উন্নয়ন পরিকল্পনা। এইভাবে তারা পরে ১০।২০।২৫ হাজার টাকার পরিকল্পনা করে বি, ডি, ও অফিসে পাঠিয়েছেন কিন্তু বি, ডি, ও অফিসে তারা যে পরিকল্পনা পাঠান সেগুলো কি করে কার্য্যকরী হয় যদি না তাকে টাকা দেওয়া হয়। এই টাকা যদি জনসাধারণের উপর ট্যাক্স করে তুলতে হয় তাহলে গ্রামের উন্নতি করা আর সম্ভব হবে না। খাদ্য উৎপাদন সমবায় ইত্যাদি সম্পর্কে গ্রাম পঞ্চায়েতের কর্ম্মীদের সঙ্গে বিভিন্ন ডিপার্টমেণ্টের সরকারী কর্ম্মচারীদের—কৃষি এন, এই,স ব্লক, সি, ডি, পি-ভাল ভাবে বসে পরিকল্পনা করেন না। এইভাবে গ্রাম পঞ্চায়েতের সঙ্গে অফিসারদের কোন যোগাযোগ না থাকায় খাদ্য উৎপাদন বিশেষ হচ্ছেনা। কুটির শিল্প উন্নয়নের জন্য কোন পরিকল্পনাই গ্রহণ করা হয়নি। স্বেচ্ছাশ্রম সম্পর্কে অফিসাররা বলেছেন যে পাবলিকরা যেন স্বেচ্ছাশ্রম করেন এবং সে সম্বন্ধে যন ব্যবস্থা অবলম্বন করা হয়। এই ব্যাপারে তাঁরা একটা সার্কুলার দিয়ে চুপ করে বসে আছেন। রাস্তা ইত্যাদির কাজ করার জন্য যে স্বেচ্ছাশ্রমের কথা অফিসাররা বলছেন সে কথা তাঁরা গ্রামে গিয়ে বলেন না। অথচ এই কথা বোঝাতে তাঁরা গ্রামে লোকের কাছে যান না। কারণ তাদের সাহস কম এবং নানারকম প্রশ্নের উত্তর দেওয়ার ভয়ে তাঁরা যান না। এই কারণে অফিসারদের সঙ্গে গ্রামের জনসাধারণের যোগাযোগের ভীষণ অভাব এবং তাতে কাজ এগুচ্ছেনা। সেজন্য আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করব যে ৫৭ ধারায় ৩ উপধারা প্রয়োগ করে বাস্তুর উপর, গরুর গাড়ীর উপর এবং কুটির শিল্পের উপর

যে ট্যাক্স আছে সেটা যেন বিজ্ঞপ্তির দ্বারা তুলে নেন এবং খাজনার অর্দ্ধেক টাকা যেন গ্রাম পঞ্চায়েৎ ও অঞ্চল পঞ্চায়েৎ পায়। এছাড়া ফেরী ঘাট এই খোঁয়াড়ের টাকায় যাতে গ্রাম পঞ্চায়েতকে দেওয়া হয় সেই ব্যবস্থা যেন করা হয়।

Shri Ananda Gopal Mukhopadhyay :

মাননীয় স্পীকার মহাশয়, ৫৭ নম্বর মিসসেলিনিয়াস এ্যাণ্ড আদার মিসসেলিনিয়াস এক্সপেণ্ডিচার খাতে যে ব্যয় বরাদ্দের দাবী মুখ্যমন্ত্রী ডাঃ রায় এখানে রেখেছেন তা' সমর্থন করতে উঠে আমি সেই দাবী এবং দুর্গাপুর কোক ওভেন সম্পর্কে দু-একটা কথা বলতে চাই। প্রথমতঃ আমি বলতে চাই যে, এই দুর্গাপুর কোক ওভেনই হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের পরিচালনাধীনে নূতন শিল্প প্রতিষ্ঠার প্রথম সূচনা এবং আমি একে অত্যন্ত দৃঢ় পদক্ষেপ বলে মনে করি। দুর্গাপুর কোক ওভেন সম্বন্ধে কোন আলোচনা করতে হ'লে ভারতবর্ষে যে যে কোক ইনডাষ্ট্রি আছে তার সম্বন্ধে সামান্য আলোচনা না করে কিছু বলা যায় না। ভারতবর্ষে অবশ্য ব্যক্তিগত মালিকানায় কোক্ তৈরী করার কতকগুলি কারখানা আছে কিন্তু তাহলেও আমরা দেখছি যে কিছুদিন যাবৎ দুর্গাপুর ষ্টীল প্রোজেক্ট, ভিলাই, রাউরকেল্লা প্রভৃতি লোহার কারখানা পত্তন হয়েছে এবং তাদের কোক ওভেন থেকে কোক তৈরী হচ্ছে। এতদিন পর্য্যন্ত ব্যক্তিগত মালিকানায় কোক তৈরী হয়ে ভারতবর্ষের বাজারের চাহিদা মেটান হোত কিন্তু তারপর সরকারী পরিচালনার মাধ্যমে বড় বড় ষ্টীল প্রোজেক্টএর কোক ওভেন থেকে কোক যখন বাজারে আসতে লাগল তার পরিপ্রেক্ষিতে যদি বিচার করি তাহলে দেখব যে, দুর্গাপুর কোক ওভেন যখন প্রথম সুরু হ'লো তখন বাজারে তাদের মালের যথেষ্ঠ চাহিদা থাকলেও তারা যখন কোক প্রোডাকসন ষ্টার্ট করল তখন তা' চারিদিকের ষ্টীল কারখানাগুলি নিজেদের কাজেই লাগাল এবং বার্ণপুর টাটার মত যে সমস্ত ব্যক্তিগত মালিকানাধীনে কারখানা ছিল তাদের সঙ্গে দুর্গাপুরের কোক্‌কে খোলাবাজারে একটা প্রতিদ্বন্দ্বিতায় আসতে হ'লো। এতদিন পর্য্যন্ত যারা বিভিন্ন পার্টির সঙ্গে যোগাযোগ রেখে ম্যানুয়েল কন্‌ট্রাক্টএর মাধ্যমে কোক্ সাপ্লাই করে আসছিল এবং ব্যক্তিগত মালিকরা যে সুবিধা দিয়ে তাদের ম্যানুয়েল কন্‌ট্রাক্ট মেনটেন করছিলেন, দুর্গাপুর কোক ওভেন তৈরী হওয়ার পর তাদের কোক নিয়ে বাজারে গিয়ে বছরের মাঝখানে তাদের কন্‌ট্রাক্ট ব্রেক করে সেখানে ঢোকা সম্ভবপর ছিল না, কাজেই আমরা প্রথম প্রথম দেখেছি যে সেখানকার কোক্ বাজারে গিয়ে স্থান পায়নি। এই যখন অবস্থা তখন যদি আমরা তার পরিপ্রেক্ষিতে বিচার না করি—অর্থাৎ যেমন চারিদিকে শুনলাম যে দুর্গাপুরের তৈরী কোক্ ভাল হচ্ছে না বলে বিক্রয় হচ্ছে না--তা'হলে সঠিক অবস্থা বুঝতে পারবনা। এখানে আমার একটা কথা মনে পড়ে গেল, যেমন হোষ্টেলে খেতে বসে যদি আমরা বলতাম যে আজকের মাছ তো' একেবারেই পচা—সঙ্গে সঙ্গে সকলেই বলে উঠত, তাইতো এযে খাওয়াই যাচ্ছে না। কিন্তু আবার যদি কেউ বলত যে, ম্যানেজার যখন আজ মাছ নিয়ে এল তখন তো টাটকাই ছিল, তখন আবার সকলে বলে উঠত, হ্যাঁ ; টাটকাই তো ছিল—এও ঠিক সেই অবস্থা অর্থাৎ একটা ধুয়ো তুলে ঐ সব কথা বলা হচ্ছে। যা হোক্, আমরা দেখেছি যারা এতদিন পর্য্যন্ত বাজারে নিজেদের তৈরী কোক্ চালিয়ে আসছিল তারাই দুর্গাপুরকে বিপদের সম্মুখীন করেছিল। কিন্তু দুর্গাপুরের কোক্ ওভেন যে থেকে কোক্ তৈরী হয় তার বিশ্লেষণ রিপোর্ট দেখলে দেখা যাবে যে, ফুয়েল রীসার্চ ইনষ্টিটিউট থেকে আরম্ভ করে অন্যান্য বিশেষজ্ঞগণ পরীক্ষা করে তাদের রিপোর্টে যদিও ২৪% এ্যাস আছে বলে বলেছেন, কিন্তু দুর্গাপুর কারখানা পরে সেটাকে ২২%এ নিয়ে এসেছে। আজকে

আমি এ কথা বলতে চাই যে, এই দুর্গাপুর কোক্ ওভেন সম্বন্ধে কারও মনে কোন সংশয় নেই বা থাকা উচিতও নয়। টাটা কোম্পানীর মত কারখানা যারা নিজেদের চাহিদা মেটাবার জন্য নিজেরাই কোক্ তৈরী করে নেন তাঁরা পর্য্যন্ত এই দুর্গাপুর কোক্ ওভেনএ ৫০ হাজার টাকার অর্ডার প্লেস করেছেন। এ থেকেই বলতে চাই যে, যদি দুর্গাপুরের কোকের কোয়ালিটি খারাপই হো'ত তা'হলে তাঁরা কখনও তা নিতেন না। এ ছাড়া মাইসোর এবং অন্যান্য রাজ্য থেকে দুর্গাপুরের কোকের চাহিদা দিনের পর দিন বেড়ে যাচ্ছে।

[4-50—5-15 p.m.]

এখানে আমি বলতে পারি যে কাল পর্যন্ত দুর্গাপুরের শেষ হিসাব যা পেয়েছি তা থেকে ১ লক্ষ ২০ হাজার টন কোক্ যা উৎপন্ন হয়েছে এবং ১০ টন বেঞ্জল যা তৈরী হয়েছে বোধ হয় কিছু মাল আর নেই। এতদিন পর্যক কোক্ তৈরী হয়ে পড়ে আছে এই যে প্রস্তাব ছিল, এই প্রস্তাবের পিছনে যে ভিত্তি ছিল সেদিন তার যুক্তিও ছিল। কিন্তু আজ দুর্গাপুর কোক্ ওভেন বাজারের সুযোগ পাওয়ায় তার কোকের চাহিদা বেড়ে গেছে। তা'ছাড়া, টার এবং বেঞ্জল যা আমরা পাচ্ছি তারও বাজারে চাহিদা দিনের পব দিন বেড়ে চলেছে। সেজন্য টার এবং বেঞ্জল আর জমা থাকছে না এ খবর আমরা শুনেছি। দুর্গাপুর সম্বন্ধে একটা প্রশ্ন আমাদের মনে সন্দেহের উদ্রেক করেছে সেটা নিরসন করতে হয়ত আরও গভীর বিশ্লেষণের প্রয়োজন হবে। কিন্তু সাধারণ মানুষের দৃষ্টিভংগি নিয়ে যা আমরা দেখেছি তাতে মনে হয় দুর্গাপুব কোক্ ওভেনে যে কোক্ তৈরী হচ্ছে তার কষ্ট অব প্রোডাক্সান অনেক বেশী এবং এটা কোন ইকনমিক্ ইউনিট হবে না এই অভিযোগ যারা করেছেন দুর্গাপুর কোক্ ওভেনের তারা হিতাকাংখী নন বা সরকারের কর্ত্তৃত্বাধীনে যে প্রথম শিল্প গড়ে উঠেছে তা তারা শেষ করে দিতে চান একথা আমি বলতে চাই না। কিন্তু আমি এখানে বলতে চাই যে কোকের কোয়ালিটি সম্বন্ধে যারা অভিযোগ এনেছিলেন তারা হয়ত সততার সঙ্গে এই কথা বলতে চেয়েছিলেন যে দুর্গাপুর কোক ওভেন ভাল হোক। কিন্তু কাল পর্যন্ত যে হিসাব পেয়েছি তা' থেকে মনে হয় এটা ইকনমিক ইউনিট হবে। দুর্গাপুর কোক ওভেনে দুটো ব্যাটারি পুরো চালু হলে যে পরিমাণ প্রোডাক্সান হবে তা আমরা নিতে পারিনা। দুটো ব্যাটারি পুরো চালু হলে দুর্গাপুর কোক ওভেন প্রায় ৩॥ লক্ষ টন কোক প্রোডিউস করবে—এর সঙ্গে বেঞ্জল আছে, টার আছে এবং তা ছাড়াও আপনারা জানেন যে দুর্গাপুব কোক ওভেন প্রোজেক্ট যদি ঠিক এইভাবে থেকে যেত তা'হলে এত ইকনমিক ইউনিট হত না। গ্যাসগ্রিড আছে, দুর্গাপুরকে কেন্দ্র করে ফার্টিলাইজার ফ্যাক্টরী গ্রো করেছে এবং এখন বাজারে কোকের কষ্ট অব প্রোডাকসান আমরা হিসাব করে দেখছি প্রায় ৪৬ টাকার কিছু বেশী পড়ে যদিও কোকের বাজার দর ৪৫ টাকা ডিপ্রিসিয়েনস কষ্ট কম করে। আমাদের এটা ৩॥ লক্ষ টন প্রডিউস হয়ে আসবে, তার সঙ্গে প্রায় ৫০ টন টার আসবে; এখন আমরা পাই ২৫ টন এবং বেঞ্জল, আসল বেন্‌জিন আমরা প্রায় পাউজেণ্ড টন পার মান্‌থ পাবো। গ্যাসগ্রিড যা চালু হতে চলেছে, হয়ত ১৯৬১ সালের জুনের মধ্যে বা একটু সময় নিয়ে শেষ হবে—সেই গ্যাসগ্রীড যদি কমপ্লিট হয়, দুর্গাপুরের ফার্টিলাইজার ফ্যাক্টরী যদি দুর্গাপুর কোক ওভেন বাই প্রোডাক্টকে নিয়ে, থার্মালপাওয়ার ষ্টেশন যদি গ্যাস নিয়ে তাদের হিটিংএর কাজ চালায় এবং অন্যান্য শিল্পের যাদের গ্যাসের চাহিদা আছে তা যদি দুর্গাপুর মেটাতে পারে তাহলে এই সমস্ত ধরে দেখা যাবে যে দুর্গাপুর কোক ওভেন প্রোজেক্ট একটা লুজিং কনসার্ণ নয় এবং এটা একটা সেল্‌ফ সাফিসিয়েণ্ট ইউনিট হতে পারে। এই কোক ওভেন প্রোজেক্ট করে বাংলাদেশে একটা নুতন

শিল্পের পত্তন করে ডাঃ রায় গভর্ণমেণ্টের তরফ থেকে শিল্পক্ষেত্রের কাজে নেমে যে দুর পদক্ষেপ দিয়েছেন সেজন্য তাঁকে সম্পূর্ণ সমর্থন জানানো উচিৎ। আরো একটা বিশেষ কারণে তিনি আমাদের ধন্যবাদের যোগ্য সেটা হচ্ছে দুর্গাপুর কোক ওভেনে, আজ পর্য্যন্ত যে সমস্ত কর্মী নিয়োগ করা হয়েছে তারা সকলেই মধ্যবিত্ত বাঙ্গালীর ঘরের শিক্ষিত যুবক প্রায় ৯০ পার্সেণ্ট লিটারেড এডুকেটেড ইয়ংমেন্ সেখানে কাজ করে। আমি মনে করি সমস্ত দিক থেকে বিচার বিবেচনা করে সহানুভূতি মনোভাব নিয়ে আমাদের এই কাজের সমালোচনা করা উচিৎ।

Shri Ledu Majhi :

মাননীয় স্পীকার মহাশয়, বিকেন্দ্রিত আত্মশাসনই স্বরাজের সত্যরূপ। এবং পঞ্চায়েৎ শাসন ধারা তার এক অঙ্গ। স্বাধীনতার অধিকারের লড়াইয়ের সঙ্গে গান্ধীজী এই জন-অধিকারের জন্য লড়েছিলেন এক দেশের আশা ছিল স্বাধীনতার সঙ্গে সঙ্গে জনগণ সকলে এই আত্ম-শাসনের অধিকার পাবে। কিন্তু জনগণ আজো তা পায়নি। আজ পঞ্চায়েতের ব্যবস্থা হচ্ছে। কিন্তু তা সার্ব্বজনীন নয়। সরকারী ইচ্ছার উপর নির্ভর করছে--সকলের জন্য এই অধিকার আজ নেই কংগ্রেস সরকার নিজের প্রভাবের ক্ষেত্র বুঝে বুঝে তাকে পঞ্চায়েতের অধিকার দিচ্ছেন। আইনে আজ সকলের জন্য অবিলম্বে এই অধিকার অপরিহার্য্য হওয়া চাই কিন্তু এই পঞ্চায়েতও জনগণের সত্যকার অধিকারের পঞ্চায়েত নয়। এর গঠন—সম্পূর্ণ আমলাতান্ত্রিক। আমলাদেরই প্রভুত্বের ক্ষেত্র তৈরী হচ্ছে এবং পঞ্চায়েৎ যেন আজ গাঁয়ের সম্মিলিত চৌকিদারী এতে আত্ম কর্ত্তৃত্বের মর্য্যাদা নেই। এই রকম পঞ্চায়েতের গঠন ও আজ নানা কৌশলের মধ্যে করা হচ্ছে পঞ্চায়েৎ নির্ব্বাচন বিষয়ে তথ্য, জ্ঞান, সময় সুযোগ প্রভৃতি পাওয়া চাই। ভাল ভাবে প্রচার ক'রে উপযুক্ত সময় দিয়ে নির্বাচন হওয়া উচিত। যে পঞ্চায়েৎ ধারার নমুনা আমরা দেখছি—তাতে আমাদের ধারণা হয়েছে অফিসার-দের যোগাযোগে তাঁবেদার পঞ্চায়েৎগুলি বহু অন্যায় আচরণ করে। অত্যাচার ও রাজনৈতিক স্বার্থসাধন চলে এর বহু প্রমাণ আমাদের আছে। পঞ্চায়েৎ গঠনের সঙ্গে পঞ্চায়েতী মনোভাবে জনগণকে গঠিত করতে হবে। যারা জনগণকে গড়বে—সেই অফিসাররা যদি আজ পঞ্চায়েতকে ভুলপথে চালায় তবে সত্যকার শাসন বিকেন্দ্রিত হতে কষ্টকর হবে—বিলম্ব হবে।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

Shrimati Manikuntala Sen :

[5-15—5-25 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, বাজেটের মিসেলেনিয়াস খাতে যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করা হয়েছে ৫৭ নম্বরে তার অন্তর্ভূক্ত গৃহ সমস্যা সম্পর্কে আমি কয়েকটি কথা এখানে উপস্থিত করতে চাই। যে হিসাব পাওয়া যায় বাজেটের মধ্যে তাতে এই পর্য্যন্ত কলকাতায় যে সমস্ত বাড়ী তৈরী হয়েছে তার মোট সংখ্যা দেখা যায় ৭৪৭৩টি মাত্র বিভিন্ন অংশে। এর মধ্যে মধ্যবিত্ত-দের যে বাড়ী আছে সেগুলি এবং ইণ্ডাষ্ট্রিয়াল হাউসিং স্কীম ওয়ার্কিং ক্লাসএর জন্য—যা হয়েছে এবং বাড়ীর সমস্ত মিলিয়ে ৭৪৭৩টি। কড়ায়া হাউসিং স্কীমে এবং গড়িয়াহাট হাউসিং স্কীমে লো-ইনকাম গ্রুপএর জন্য কিছু কিছু বাড়ী হয়েছে, কল্যাণী হাউসিং স্কীমএও ২৫৭৬টি হয়েছে, এ সমূহের এবং আগে এখানে উল্লেখ করা হয়েছে। সাবসিডাইজড ইণ্ডাষ্ট্রিয়াল হাউসিং স্কীম ১৪ হাজার বাড়ী করবার প্রথম টারগেট ছিল, সেটা কমিয়ে ১০ হাজার করা হয়েছে,

কিন্তু হয়েছে মাত্র ৪ হাজার। স্লাম ক্লিয়ার‍্যান্স সম্পর্কে আমাদের ধারণা ছিল এর চেয়ে আর একটু বেশী হবে কিন্তু মোট ৮৯৬টি টেনেমেণ্ট হয়েছে। সবশুদ্ধ যোগ দিয়ে দেখি ৭৪৭৩টি হয়েছে। কলকাতার গৃহ সমস্যা সম্পর্কে সরকার না জানেন তাও নয়। এই গৃহসমস্যা সমাধানের জন্য সামান্য অর্থ বরাদ্দ করা হয় অথচ এই গৃহ-সমস্যা এত তীব্র যে সেকথা বোধ হয় বার বার বললেও খুব বেশী হবেনা বলা। আমি আর একবার একটু স্মরণ করিয়ে দিতে চাই যে কলকাতায় শতকরা ৪৯টি পরিবার ফ্ল্যাট বাড়ীতে বাস করে আর শতকরা ৫১টি পরিবার কাঁচাঘর বা ঐ ধরণের ঘরে বাস করে এবং এর মধ্যে মাত্র ২টা একটা সেল্‌ফ কন্‌টেণ্ড ফ্লাটে বাস করতে পারে অর্থাৎ জলকল পায়খানা আলাদা এমন ব্যবস্থার বাড়ীতে মাত্র শতকরা ২জন বাস করতে পারে আর বাদ বাকী সবাই বাস করে হয়ত একটি কল ৫টি পরিবার সাধারণ পায়খানা, এই অবস্থায় এটা যে স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর সবাই জানেন। শুধু তাই নয় এটা কলকাতায় একটা নূতন ধরণের সমস্যা সৃষ্টি করে। এই গৃহ-সংকট, থাকবার জায়গার অভাব নানারকম সমস্যার সৃষ্টি করে। ছেলেমেয়েদের পড়াবার সুযোগ নাই, একখানা ঘরে সমস্ত লোককে বসতি করতে হয়, রান্নাবান্না সবকিছু করতে হয়, ঐখানেই ছেলেমেয়ে বড় হয়, জায়গার অভাবে পড়ার জন্য রাস্তায় যেতে হয়, ফুটপাতএর উপর যেতে হয় তারপর জায়গার এত অভাব যে একটু খেলার জায়গা নাই, খেলতে দিতে হয় ফুটপাতে। আমি পার্ক এর কথা নাই বললাম কিন্তু ঘরের মধ্যে যে একটু খেলনা নিয়ে বসবে তারও জায়গা নাই, অধিকাংশ ক্ষেত্রে নাই। ফলে যে সমস্যা দাঁড়াচ্ছে এই সমস্যায় অল্পবয়সী ছেলেরা, বাচ্চারা এবং স্কুল-গোয়িং চিল্‌ড্রেন্‌রা বেশীর ভাগই রাস্তায় বসে দিন কাটায়, রাস্তায় ক্রীকেট খেলে, গুলি খেলে, সমস্ত কিছু করে। এই যে সমস্যা এই সমস্যা দুর করার জন্য ব্যবস্থা না করা হয় তাহলে মুস্কিল আছে। প্রধান উপায় হচ্ছে হাউসিং করে ঘর দেওয়া, ঘর না দিতে পারলে ঘরে প্রবেশ করান যায় না, রাস্তায় থাকার ফলে এদের শেষ পরিণতি হয় উঠতি গুণ্ডা। বড় হয়ে পড়াশুনা চুলোয় যায়, ভবিষ্যৎ জীবনযাত্রা ব্যাহত হয়, এদের সর্ব্বনাশ হয়। একখানি ঘরে সমস্ত সংসার নিয়ে বাস করতে হয় কিন্তু মেয়েরা যখন বড় হয় তখন একখানা ঘরে বাস করা সম্ভব হয় না, এই যে পরিস্থিতি আমাদের যে কোথায় নিয়ে যাচ্ছে এটা কি কেউ চিন্তা করেন? বাজেট দেখলে মনে হয়না এ সম্পর্কে সরকার চিন্তা করেন। যদি শতকরা ৫ ভাগ কিংবা ২ ভাগ লোককে স্লেফ কনটেণ্ড বাড়ী দিয়ে সরকার আত্মসন্তুষ্ট থাকতে পারেন তাহলে এই সমস্যার কোনদিন সমাধান হবেনা। এই গৃহ সমস্যার দুটি দিক আমি বিশেষ ভাবে উল্লেখ করতে চাই। একটা হচ্ছে—খুব ঘটা করে বলা হচ্ছে যে লো-ইনকাম গ্রুপ যাদের অল্প আয় তাদের লোন দেওয়া হবে, বাড়ী করতে সাহায্য করা হবে। সেখানে যে অবস্থা ঘটছে তাতে দেখা যায় লো-ইনকাম গ্রুপএ পর্য্যন্ত মাত্র বাড়ী হয়েছে ১৮৯০টি এবং যেটা বরাদ্দ করা হয়েছিল তার অর্দ্ধেক দেওয়া হয়েছে বাকী অর্দ্ধেক দেওয়া হয়নি। আমি প্রশ্ন করি কেন দেওয়া হয়নি? ধার করবার লোকের অভাব নাই, লোক টাকা চাইছে অথচ দেওয়ার কি অসুবিধা আছে? একমাত্র দেখবো যে সমস্ত সর্ত করা হয়েছে লোন দেবার জন্য সেই সর্ত পুরণ করে মধ্যবিত্তরা যারা বাড়ী করবে তারা তা নিতে পারেন না। এই সর্তের মধ্যে নানারকম সর্ত কণ্টকিত করা হয়েছে, যাতে এই লোন না নিতে পারে তার ব্যবস্থা করা হয়েছে। ফলে দাঁড়াচ্ছে কি? তারা টাকা দিতে পারে না। টাকা যদি জমা থাকবে, মানুষকে না দেওয়া হবে তবে লোনএর কথা কেন বলা হয়—নিম্ন আয়ের লোকদের বাড়ী করার কথা। তাছাড়া এই নিম্ন আয়ের লোকদের জায়গা পাওয়া এক সমস্যা, সর্ত হচ্ছে

জায়গা পেতে হবে। কলকাতা এবং আশেপাশে জায়গা পাওয়া প্রায় অসম্ভব হয়ে পড়েছে। আজকে এসম্বন্ধে আর একটা কথা উপস্থিত করতে চাই।

কলকাতা ইম্প্রুভমেণ্ট ট্রাষ্ট-এর পক্ষ থেকে বহু জমি কলকাতার সাধারণ মানুষের কাছে বিক্রী করা হয়। এটা সকলে জানেন যে এই জমি বিক্রয় প্রায় কেলেঙ্কারীর পর্য্যায়ে উঠেছে। যেখানে সাড়ে চার হাজার—পাঁচ হাজার টাকা কাঠা হওয়া উচিত, সেই জমি বিক্রী হচ্ছে—১২ হাজার—১৩ হাজার টাকা কাঠা। এটা অক্সান সেল-এ বিক্রয় করা হচ্ছে। এই রকমভাবে ইম্প্রুভমেণ্ট ট্রাষ্ট থেকে অক্সান থেকে জমির দাম—৫ হাজার টাকা কাঠা যেখানে হবে, সেখানে ১৩ হাজার, ১৪ হাজার টাকায় কাঠা উঠিয়ে দেওয়া হচ্ছে। একি সম্ভব—নিম্ন আয়ের লোকেরা এত দামে জমি কিন্‌তে পাবে? কেন তা সম্ভব হয় না? জমিও নয়, লোনও, নয়! এই যদি পরিস্থিতি হয়, তাহলে এই টাকা বরাদ্দ করার অর্থ কি? এই রকম করে লো ইনকাম-এর লোকেদের জন্য অর্থ বরাদ্দের মানে হয় না। এই ইম্প্রুভমেণ্ট ট্রাষ্ট-এর জমি লটারী করে কি বিক্রী করা সম্ভব নয়? অথবা ন্যায্য দামে প্রাইওরিটি দিয়ে—কেন বিক্রী করা সম্ভব হচ্ছে না? অবশ্য ১২ হাজার, ১৩ হাজার টাকায় কিনবার লোকের অভাব নাই কলিকাতায়। সেই জমি অক্সান-এ দেওয়া হলে পরে সাধারণ মধ্যবিত্ত ঘরের লোকে সেই জমির ধারের কাছেও আসতে পারবে না। আমি প্রশ্নে রাখলাম—ইম্প্রুভমেণ্ট ট্রাষ্ট-এর পক্ষ থেকে—সম্ভব কিনা, যে এই জমি ন্যায্য দামে বিক্রী করা হবে। কলকাতার উপরে নিম্ন আয়ের লোকেরা কিনতে পারে এবং তারপরে লোন পাবে। লোনের সর্ত হচ্ছে—আগে জমি চাই, তারপর দুজন গ্যারেণ্টার চাই। লোনের প্রথম বছর ৭০০ টাকা দিতে হবে। এই রকম যদি সর্ত, তাহলে কেউ সেই লোন নিতে পারবে না। এর কি দরকার আছে? জায়গা ও বাড়ী—তো থাকছে। এইভাবে নানারকম সর্ত যদি চাপান হয়, তাহলে এই লোন কেহ নিতে পারবে না। আমি মনে করি—এই ধরণের যে ঘোষণা সরকার থেকে যে সাহায্য করা হবে, এই বোগাস ঘোষণায় কোন লাভ নাই। কোন মানুষই তাদের কাছ থেকে সাহায্য নিয়ে বাড়ী করতে পারবে না। সরকারেরও ঘরের টাকা ঘরেই থাকবে।

[5-25—5-30 p.m.]

দ্বিতীয় কথা—বস্তি সম্পর্কে, স্লাম ক্লিয়ারান্স বিল নিয়ে এই হাউসের মধ্যে কি কাণ্ডই না হয়ে গেল! এই বিল এলে মনে হলো পশ্চিমবঙ্গ সরকার—বিশেষতঃ মুখ্যমন্ত্রী বস্তিবাসীদের দুঃখে ভয়ঙ্কর কষ্ট পাচ্ছেন। এখনই তাদের জন্য বাড়ী করে দিতে না পারলে, তিনি স্বস্তি পাচ্ছেন না। তাড়াতাড়ি যেমন করে হোক—এই বিল পাশ করতেই হবে। তখন আমাদের সমস্ত রকম পরামর্শ প্রত্যাখ্যান করা হয়েছে। এই বস্তিকে কিভাবে ইম্প্রুভ করা যেতে পারে, কত টাকায় করা যেতে পারে, ইত্যাদি তখন প্রত্যাখান করা হয়েছে। আজকে কি দেখছি? বিল পাশ হবার পরে দীর্ঘদিন চলে যাবার পরে মাত্র ৮৯৬ খানা টেনেমেণ্ট হয়েছে। কলকাতার বস্তিবাসী আড়াই লক্ষ পরিবারকে হাউসিং দিতে হবে। তার ইচ্ছা কি এই সরকারের আছে? তখন বিল পাশ করবার জন্য এত তাড়াহুড়া কি উদ্দেশ্য ছিল? তা'হলে ক'লকাতা বস্তির মানুষকে বস্তি থেকে তাড়িয়ে দেওয়া সম্ভব হবে। এই বিল পাশ হলে জমি ও বাড়ী কিছুই পাওয়া যাবে না। এই কি মুখ্য উদ্দেশ্য ছিল? আমি পরিষ্কার অভিযোগ করতে চাই—এই উদ্দেশ্যে যখন এই বিল হ'ল না—এই বিলের ফলে তারা বিতাড়িত হয়ে গেল দেখলাম। তখন মুখ্য মন্ত্রীর বাড়ী করবার সাধ থাকলে মাত্র ৮৯৬টি বাড়ী কি করে হয়? সমস্ত টাকা সরকারের হাতে আছে। কেন তাঁরা জমি উদ্ধার করতে পারলেন না, গৃহ নির্ম্মাণ

করতে পারলেন না ? তার কি জবাব সরকার দেবেন ? যদি তাঁরা ঠিক করে থাকেন, এই বাড়ী করা সম্ভব হবে না, আড়াই লক্ষ পরিবারকে গৃহ দেওয়া সম্ভব হবে না, এই যখন বাস্তব ঘটনা, তখন তাদের যে পরামর্শ রেখেছিলাম, জমি এ্যাকোয়ার না করে বস্তির উন্নতি করবার জন্য—তারা টকা খরচ করুক। সেই বস্তির জলকল, পায়খানা প্রভৃতির উন্নতি করে সাধারণ মানুষের সেটা বাসযোগ্য করা হোক্। বাড়ীও দেবনা, টাকাও ছাড়বো না এবং বস্তিরও উন্নতি করতে পারব না। এই সংকটের মধ্যে ফেলে দিয়ে গৃহ সমস্যা সমাধানের জন্য এই টাকা বরাদ্দ করার কোন অর্থও দেখি না।

Dr. Jnanendra Nath Majumdar : Sir, I rise to speak on Grant No. 40, Major Heads : 57—Miscellaneous, etc. and I do so without prejudice to the Rule issued on you, Sir, by the High Court at my instance.

আমি এই সম্বন্ধে বলতে গিয়ে স্পেশালি বলতে চাই কল্যাণী সম্বন্ধে। আমরা বারবার এখানে বলেছি, মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের তাঁর স্বভাবসিদ্ধ সত্যের অপলাপ করে অনেক আশ্বাস দেন কিন্তু কিছুই হয় না। আমি এখানে কয়েকটি জিনিষ বলতে চাই, যে, কল্যাণীতে ড্রেন ১৭ ইঞ্চি দেবার কথা ছিল সেখানে ৭ ইঞ্চি দেওয়া হয়েছে, তার দরুণ ড্রেনগুলি বসে গিয়েছে। আমার বাড়ীর সামনে ১২০ ফুট বসে গিয়েছে এবং পাশে ১৪০ ফুট বসে গিয়েছে। যেখানে বসে গিয়েছে সেখানে মাটী চাপা দেওয়া হচ্ছে এর ফলে বাকী ড্রেনগুলিও বসে যাচ্ছে। এক দফায় সেখানে চুরি হয়েছে, বাকী আর এক দফায় হবে। উনি যখন সেখানে যান তখন শুধু চূণকাম করে রাখা হয় যার ফলে উনি কিছুই দেখতে পান না। সেখানে যে আসল রাস্তা কাঁচড়াপাড়ার রাস্তা, যেটা দিয়ে লোকে জমি বাড়ী কিনতে আসবে সেই আসল রাস্তাটাই মেরামত করা হয় না। সেখানে গিয়ে এই রাস্তাটার কোন কিছু করবার কথা কেউ কখনও ভাবে না। যেখানে একটা ভাল জিনিষ ছিল পার্ক, সেখানেও শুনছি ব্যয় সংকোচ হচ্ছে, সেখানে আর ফুল করা হয় না, ষ্টেট ফ্লাওয়ার গার্ডেনএর ফুল মিউনিসিপ্যাল মার্কেটে বিক্রী করা হচ্ছে এবং তার মধ্যেও ভাগ আছে। তারপর সেখানে যারা ফ্যাক্টরী করবার চেষ্টা করছিল তারা সব উঠে আসছে, শিল্পমন্ত্রীর ছেলের শিল্পের কথা বলতে পারি না। অনেকে টেলিফোন পায়নি, সেখানে বড়দের মধ্যে সেন-পণ্ডিতরা নিজেরাই টেলিপ্রিণ্টার করে নিয়েছে এবং সরকারের যারা লোক তাদের বাড়ীতে টেলিফোন হয়েছে। এইসব কণ্ট্রাডিকসন এর জন্য কল্যাণীতে টেলিফোন হয়নি। কল্যাণীর কথা বলতে গেলে আরো অনেক কথা বলতে হয়। এরপর বাড়ীর কথা। সেখানে অনেক বাড়ী পড়ে আছে। আমার বাড়ীর পাশে প্রায় ৩০ খানা বাড়ী পড়ে আছে। নানা জায়গায় খবর নিয়ে জানতে পারলাম না যে এই বাড়ীগুলি কি জন্য হয়েছে। য়্যাগ্রীকালচার মিনিষ্টারকে জিজ্ঞাসা করলাম, তিনি বললেন বোধ হয় মিল্ক কমিশনারের, আবার মিল্ক কমিশনারকে জিজ্ঞাসা করলে তিনি বললেন আমি জানিনা। এরপর আমি শুনলাম যে এইগুলি নাকি ইউনিভারসিটি কোয়ার্টার্স হবে। ইতি-মধ্যে সেখানকার মধ্যবিত্ত গৃহস্থের ছেলেরা—সব ভদ্রলোকের ছেলে—ঐ বাড়ীগুলির কল চুরি করে বিক্রী করে দিচ্ছে। তাদের মধ্যে আবার কয়েকজন পুলিশে ধরা পড়েছে। বিপদ সেখানেই কারণ একবার পুলিশের ছোঁয়া লাগলে তাদের জীবনটাই নষ্ট হয়ে যাবে। মুখ্যমন্ত্রী সেখানে গাড়ী করে যান, একবার আমাকে বললেন যে আমার বাড়ী যাবেন। কিন্তু অফিসাররা তাকে সব জায়গা ঘুরিয়ে নিয়ে এসে আমার ওখানে ছেড়ে দিলেন। এবং তিনি আমার বাড়ীতে চা খেয়ে চলে এলেন। তিনি ওখানে গেলে সব ড্রেসিং করে ছেড়ে দেওয়া হয় যাতে তাঁর

চোখে কিছু পড়ে না। তারপর কল্যাণীতে যে সব ইণ্ডাষ্ট্রিজ করা হবে তাতে আমরা ভেবেছিলাম যে এর সারাউণ্ডিংএ যে সব রেফিউজী আছে তাদের কাজ দেওয়া হবে। সেখানে শিক্ষিত ছেলেরাও আছে, তারা আনস্কিলড কাজও করতে পারে। কিন্তু তাদের না নিয়ে কলকাতা থেকে লোক নিয়ে যাওয়া হচ্ছে। এবং শুধু তাই নয় সেখানে যেসব ভদ্রলোকের ছেলেরা গিয়েছে তাদের মিনিয়্যাল কোয়ার্টার্সএ থাকতে দেওয়া হয়েছে। এক একটা ঘরে দুইটি করে ফেমিলি থাকতে দেওয়া হচ্ছে। আর একটা কথা বলতে চাই যে কল্যাণীতে একটা স্পিনিং মিল হবার কথা ছিল, কিন্তু ঠিক তার পাশেই বি. এল, নান ৩০ লক্ষ টাকা দিয়ে একটা স্পিনিং মিল খুলছে, সে জায়গাটার নাম হল কাঁটাগঞ্জ গকুল, তার পাশে বহু রেফিউজী আছে, সেখানে স্কোয়েটার্স অথোরাইজড কলোনী আছে তাদের কাজ দেওয়া হলে তারা খেয়ে পরে বাঁচতে পারতো। তাদের দুরবস্থা আমি নিজে ঘুরে ঘুরে দেখে এসেছি। সেখানে এরজন্য ৭।৮ লক্ষ টাকা খরচ করে জাপান থেকে জিনিষপত্র নিয়ে আসা হয়েছে এবং তার জন্য যে বাড়ী তৈরী হচ্ছে সেগুলি সব এক্সপেরিমেণ্টাল ভাবে তৈরী হচ্ছে। চূণবালি দিয়ে গাথনি হচ্ছে। একবার গাথনি হচ্ছে আবার বর্ষাকালে সেগুলি পড়ে যাচ্ছে, তবু তাঁরা বলছেন এটা নাকি ওয়েলফেয়ার স্টেট, এইভাবে ৭ লক্ষ টাকা নষ্ট হচ্ছে। দুইজন দারোয়ান সেখানে থাকে তারা টুকিটাকি কাজ করে। তাই আমি বলি এইদিকে একটু তাকিয়ে দেখুন।

[5-35—5-45 p.m.]

The Hon'ble Dr Bidhan Chandra Roy: Because I happen to move a motion asking the Legislature to sanction a large amount my demand has got the pride of place and on the first day it has been brought before the House. I welcome it for this reason. I believe that the only way in which you can solve various problems of the State would be to develop the big industries and with them the small industries.

I will begin with Durgapur Coke Oven Plant. My friend Shri Sunil Das has been an unsparing critic of the coke oven plant. I remember his saying on a previous occasion that very likely there would not be enough demand for coke to feed the plant as much as we have started. As a matter of fact, I have been at the Government of India to sanction a second coke oven plant. Probably members are aware that in order to get this scheme through I have got to get the sanction of the Planning Commission, of the Industries Department, of the Steel Mines and Power and also of the Finance Department—I have got to get through four Departments. Only on the 19th February last I received a letter after two years of agitation. They have now realised that there is need for another coke oven plant and they have written to us, "The Government of West Bengal can now process their scheme further and they should approach the Department of Economic Affairs so that they might examine the proposals in regard to the foreign exchange. Possibly we will be able to get over that". I read out this letter to show that it is not possible for me to move one step forward without getting these men at different places every one of whom seems to think that he knows more than the others—before I can get a scheme through.

The fact that they have allowed another coke oven plant to be started is proof positive that they believe all about the coke position. In fact the Coal Price Revision Commitee have examined the proposals regarding hard coke. The consensus of opinion at the meeting was that while it would be possible to meet the growing demand of hard coke by the third Five Year Plan by fully exploiting the potential of the by-product, coking plant and supplementing supplies from the beehive coal, it would be necessary to build further capacity for hard coke for catering to the additional demand for the rest of the Plan period. They have been very very cautious in giving sanction for the second coke oven plant. There are two difficulties in the way ; one is that there is a large quantity of beehive coke which is produced in Bihar and West Bengal. I have repeatedly protested to the Government of India and to this Steel, Mines and Power Department that these men who do the beehive coke utilise coal of various description. Some of them are very valuable, rich coal, but in the process of making the coke they waste the gas, the tar, the benzene and all the by-products. Therefore I said that we should not allow these men to exploit our coal situation in this way. And therefore possibly there may be some arrangements made between the beehive coke production house and ourselves. With regard to this present coke oven plant all I should say is that at the present moment for one year we have run one battery only. We have not run two-batteries.

My friend, Shri Sunil Das, has been surprised that while we would credit 1 crore 60 lakhs for the year 1959-60 we have credited only Rs. 49 lakhs. That is not the whole picture. Rupees forty lakhs plus there is coke and coal—the two together would be another forty—together would be eighty lakhs. If you take that item just before, viz. the operational expenditure, you will find the operational expenditure has come down from Rs. 1 crore 60 to 73 lakhs because, as I said, only one battery is being used. Sir, at the present moment I think it better that our friends should know the position. At the present moment up till now we have produced 1 lakh 36 thousand tons whereas we have shown 74, 663 tons.

My friend, Shri Ananda Mukherjee has said that in the beginning there was some amount of doubt. Various criticisms were made mainly in the interest of the beehive coke. I even discovered—and that was really the final crucial thing about it—I even discovered that if a man wanted to take the coke and went to the Government of India for a permit to take the coke oven plant coke, he was given a permit for the bee-hive coke. You can imagine why that was so ?

There was another suggestion that perhaps our coke was not of the very good quality. Subsequent experiments were conducted at Dhanbad laboratory and they found that it contained only 22 per cent and therefore we have now entered into a contract with the Tata Iron and Steel Company for supply of 50,000 tons of hard coke—at the rate of 10,000 tons a month from April, 1960. Besides that we have made arrangements with the Industry who are prepared to take 30,000

tons from March 1960—at the rate of 5,000 tons a month. Besides, there are parties who have contracted for coke and, as I have said, 74,000 tons of coke have already been sold. Sir, along with the coke that have been produced, we also produced mother benzele, crude benzele, benzele—Industrial grade No. II—refined benzele, pure benzele and more expensive toulene oil and solvent naptha and sulphuric acid. We are in consultation with the Bengal Chemical and others to utilise these for the purpose of developing by-products of these particularly various types of substances from it. Besides this, we have already got sanction for establishment of a tar distillation plant. This will give us light oil, napthalene oil, wash oil and other kinds of oil. This will be available after the coal tar distillation plant is in operation. The sanction has been given and the order has been placed. It will be coming some time after.

[5-45—5-55 p.m.]

Now, it is true that if you take the economy of a coke oven plant merely on the basis of cost of production of the coke and the sale price of the coke, we may lose and it would give you a wrong picture. It is only when we can utilise the bye-products, of coke, utilise the gas, utilise the benzene, utilise the coal tar distillation products, then only we will be able to get the proper return. As it is, I have calculated that roughly speaking, we have sold and got in stock materials in one year which is almost equal to about two to three lakhs less than the cost of production. This cost includes the depreciation but it does not include either the interest or the sinking fund on the capital invested. Sir, it is perfectly true that we should not aim merely on the distillation of tar, we should have primarily the intermediaries for the manufacture of chemicals. I have told the Central Government that it was Bengal who started the Bengal Chemical and Pharmaceutical Works in 1899—long before any other part of India knew how to manufacture chemicals from these substances. But the difficulty is that there are powerful people in the West who have got more money than we have and who through the matching arrangement can induce people from outside to come and start business there. Here in Bengal our difficulty is that we have not got that advantage but still I am hopeful that I shall be able to start some smaller industries because I feel that my young men would be very capable in working these small industries. I am told that in Pimpri near Poona where the anti-biotic plant has been established, there are a large number of technicians who belong to Bengal—I do not know but I have been told so—and they have gone from here. In any case, I believe that unless we can develop in as many respects as possible, the products of the coke oven plant will not only not be able to satisfactorily solve the commercial value of the project but we shall not be able to relieve unemyloyment in a very large measure. So far as the present plant is concerned, it is expected to give 4 per cent but when the plant is doubled, we shall be able to get larger return. But that is not the real point. My point in pressing for a second coke oven plant was that I did not want to be always hankering and asking for coke oven gas from the steel plant, although they are

/ery kind and they have agreed to give us the gas, but we do not know there nay be other claimants who may take away the gas from the steel plant. Therefore, it is necessary that we should try to get our own arrangements for he purpose of finding suitable raw materials for our fertilisers.

Sir, for a fertiliser plant from which we expect to get 1,000 tons of urea and .bout 60,000 tons of nitro phos or any other equivalent of ammonium nitrate, we vill require something like 18 million cft of gas. The present plant gives is about 16 million. When the two batteries will start working—we have not tarted the two batteries as we do not want to incur expenditure inless and until we are satisfied about the economies of the whole thing—we vill be producing 32 million cft of gas As you know, there are 3 or 4 big ndustries coming up in the neighbourhood, viz. Babcock and Wilcox High Pressure Boiler manufacturers, there is the mining instrument factory and the Optical instrument factory, which is part of the Russian Scheme—all these vill require a certain amount of gas. So also the coke oven plant itself may equire gas, but we have already arranged, to have a producer gas factory which vill use lower type of fuel and we can utilise that for the purpose of firing the actory. In that case we shall be only using about 6 to 8 million cft of gas here from the first plant which will leave with us about 20 to 24 million cft of ;as of which 8 million cft would come to Calcutta and 16 to 18 million will be .vailable for the fertiliser plant.

Sir, in this connection I refer to my friend Shri Ganesh Ghosh's criticism. He says,

উনি বলেছেন, আপনারা চিন্তা করে দেখেছেন কি ? চিন্তা করে দেখতে গিয়েই তো ঐ ২০।৫০ লক্ষ টাকা খরচ হয়ে গেল ।

First of all, we did not know how to reclaim. As you know, we ha ve got two alt Lakes in Calcutta, one is the North Salt Lake and other is the South Salt ake. It is true that the North Salt Lake is now being used by some of the ig fishermen who are very anxious not to allow Government to take up this /ork because they make plenty of money, but I am not prepared to accept their rgument on that score.

Shrimati Manikuntala Sen just now said that more houses have to be built. My question is where is the land ? It is true that large part of Calcutta is being eclaimed by the Improvement Trust which means that where there was a lane of 8 to 10 ft. there is now laid down a road of say, 100 to 120 ft. What does t mean ? It means that the owners of the house nearby who are dispossessed nay get some more money than the men who first purchased the land, but that noney is not enough for buying another land. Supposing original price of the and was Rs. 200 per cottah and the owners have got Rs. 2,000 per cottah which ie Improvement Trust thought to be a very high price. Yet, the point is that iey cannot go to another place and get any land for Rs. 2,000. You can irdly get any land anywhere in Calcutta under Rs. 4,000 a cottah. Therefore,

my attempt was to try and find for the people of Calcutta land where they can build their houses.

Sir, there is an area of 3·75 sq. miles which has been reclaimed and even making allowances for some area for the purpose of roads and other development projects—I have calculated—we shall get the money return if we sell the land at Rs. 2,000 to Rs. 2,100 a cottah.

[5-55—6-5 p.m.]

কারামন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি যেন এই সমস্ত ব্যবস্থা করেন। তারপর বলব যে জেলে যে মেডিক্যাল ষ্টক আছে সেটা এত ষ্টিরিওটাইপড যে সেখানে ভাল ভাল অনেক ঔষধ পাওয়া যায় না। আমি জেলের হাঁসপাতালের কর্মীদের সঙ্গে আলাপ আলোচনা করে দেখেছি যে ভাল ঔষধ অনেক সময় পাওয়া যায় না। এদিক থেকে জেলের মেডিসিন সিষ্টেম আরও এনরিচ্ করা দরকার। এরপর কয়েদীদের জন্য একটা কেন্দ্রীয় রিডিং-রুম করা উচিত এবং সেখানে মাসিক বিভিন্ন সব কাগজ সরকারের তরফ থেকে রাখা উচিৎ। আমি এমন সব প্রিজনার লক্ষ্য করেছি যে দৈনিক কাগজ পড়তে চায় এবং আজকে এ সম্বন্ধে বিধানসভায় আমাকে উত্থাপন ক'রতে বলেছে। এরা অনেকে জেলে বসে দুনিয়ার খবর ও দেশের খবর জানতে চায়। সুতরাং এদিক থেকে এটা সম্ভব কিনা মন্ত্রীমহাশয়কে ভেবে দেখার জন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি। জেলমন্ত্রী মহাশয়া বারে বারে বলেছেন আমরা জেলের কয়েদীদের জন্য প্যারোল সিষ্টেম ইন্ট্রোডিউস করেছি। আমি বলব এই প্যারোল সিষ্টেম সুবিধা ২।১ জন ছাড়া আর কেউ পায় না। প্যারোল সিষ্টেম এমনভাবে করেছেন যাতে কয়েদীরা বাহিরে যেতে না পারে কারণ বিভিন্ন সময়ে বিভিন্ন অবস্থায় প্যারোল পেতে হলে যে সমস্ত জিনিষ আপনারা করেছেন সেগুলো জানা কয়েদীদের পক্ষে সবসময় সম্ভব হয় না। সুতরাং প্যারোল সিষ্টেমকে আরো লিবার্যালাইজ করা যায় কিনা যাতে কয়েদীরা প্যারোল পায় সেদিকে মন্ত্রীমহাশয়ার দৃষ্টি আকর্ষণ করছি। তারপর আমি আপনার মাধ্যমে মাননীয়া কারামন্ত্রীকে কাকদ্বীপ, দমদম ও বসিরহাট ও জেশপের রাজনৈতিক বন্দীদের স্বাস্থ্য সম্বন্ধে খোঁজ নিতে বলব। আমি খোঁজ নিয়ে দেখেছি যে তাঁদের স্বাস্থ্যের অত্যন্ত অবনতি ঘটেছে। উদাহরণ স্বরূপ আমি কয়েকটি ঘটনার কথা বলছি যে, গজেন মালি যিনি কাকদ্বীপ মামলায় অভিযুক্ত, তার ডান হাতখানি অবশ হয়ে গেছে, পান্নালাল দাশগুপ্ত ১ মাসে ৬ পাউণ্ড ওজন হারিয়েছেন, তাছাড়া তরণী সাহু, সুজয় বারিক প্রভৃতির স্বাস্থ্য অত্যন্ত খারাপ হয়ে গেছে। ওয়েট চার্ট থেকে দেখেছি যে, বিজয় মণ্ডলের ওজন যেখানে পূর্ব্বে ছিল ১১৭ পাউণ্ড, তা এখন ১০২ পাউণ্ডে নেমেছে, ক্ষীরোদ বেরার ওজন ছিল ১২৮ পাউণ্ড, তা নেমে এখন ১১৪ পাউণ্ড হয়েছে। কাজেই এই অবস্থায় আমি এঁদের সুচিকিৎসার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, এবং বলছি যে যখন এঁদের জেলে আজ প্রায় ১০।১১ বছর হোল, এঁদের স্বাস্থ্যও খারাপ হয়ে গেছে তখন অবিলম্বে এঁদের একটা সুচিকিৎসার ব্যবস্থা করা উচিত। আরেকটা কথা হচ্ছে যে, কাকদ্বীপের বন্দীদের সকলকেই এক জেলে রাখা হোক্ বলে তাঁরা মন্ত্রীমহোদয়ার নিকট আবেদন করা সত্ত্বেও তার কোন ব্যবস্থা হচ্ছে না। তা ছাড়া কালিপদবাবুর পুলিশ এবং আই, বি, ডিপার্টমেণ্ট সব সময় এঁদের পেছনে লেগে রয়েছে। আজ ১০ বৎসর হয়ে গেল, কাজেই এখন আর এঁদের উপর প্রতিহিংসা নেওয়া উচিত নয়, তাঁদের চিঠিপত্র সব সেন্সার করা হচ্ছে যখন কোন ইণ্টারভিউ হয় তখনও আই, বি উপস্থিত থাকছে এবং কাকে কোন জেলে ট্রান্সফার করা হবে তারও ব্যবস্থা পুলিশ করছে। আমি এই জিনিষের প্রতিবাদ করি এবং বলতে চাই যে, এক একজন কয়েদী সেখানে ৬।৭।১০ বৎসর আণ্ডার ট্রায়েলএ খেটেছে এবং তারপর ৫।৭ বৎসর কনভিকশানএ খেটেছে তখন তাঁদের প্রতি যে রকম দৃষ্টি দেওয়া উচিত ছিল তা জেল দপ্তর থেকে দেওয়া হচ্ছে না। এঁরা তাদের স্বাস্থ্য সম্বন্ধে বহুবার কমপ্লেন করেছে কিন্তু সেদিক থেকে তাঁদের চিকিৎসার কোন সুবন্দোবস্ত হচ্ছে না। আরেকটা কথা আপনার মাধ্যমে বলতে চাই, মন্ত্রীমহোদয়া বলেছেন যে আমরা জেলখানার ভিতর কয়েদীদের শিল্পের মাধ্যমে এমন শিক্ষা দেব যা'তে তাদের

বারে বারে আবার জেলে ফিরে আসতে না হয়। উনি এটা খুব ভাল কথাই বলেছেন এবং আমাদেরও এরকম সাজেশনও ছিল। কিন্তু এই মনোভাব নিয়ে যদি কয়েদীদের উপকারার্থে তাদের কোন শিল্পবিষয়ক শিক্ষা দিতে চান যাতে তারা বাইরে এসে কোন একটা বৃত্তি গ্রহণ করতে পারে, তাহলে যে ধরণের শিল্প শিক্ষাব্যবস্থা জেলখানায় থাকা উচিত তা সেখানে আছে কি বা তার প্রতি উনি দৃষ্টি দিয়েছেন কি? আমি জেলখানার প্রেসএর সম্বন্ধে জানি যে, যেখানে ৪০ কোটির মত ফরমএর ডিম্যাণ্ড হয় সেখানে এঁরা মাত্র ২২ কোটি সাপ্লাই করতে পারে। এবং তা ছাড়া সেটি একটি ওল্ড মডেল প্রেস। আর একটা অদ্ভুত ব্যাপার জেলখানার ষ্টাফ এর মধ্যে দেখেছি এবং সেটা হোল এই বাঙালী ও ইউরোপিয়ান ডিসিপ্লিন অফিসারদের চাকরীর তারতম্য। সেখানে এই ধরণের ডিক্রিপ্যান্সি এখনও রয়েছে যে, একজন ইউরোপিয়ান আর য়্যাংলো ইণ্ডিয়ান ডিসিপ্লিন অফিসার পাবে ২৫০৲ টাকা মাইনে আর একজন বাঙালী ডিসিপ্লিন অফিসারের ২০০৲ টাকা মাইনে, ডিসিপ্লিন অফিসারদের মধ্যে এই যে তারতম্য এখনও বজায় রাখা হয়েছে আমি তার তীব্র প্রতিবাদ করি এবং কারামন্ত্রী মহোদয়ার নিকট থেকে এর একটা জবাব চাই।

[6-45—6-55 p.m.]

Shri Haridas Mitra :

মাননীয় স্পীকার মহাশয়, গত বছর মাননীয় জেল মন্ত্রীমহাশয়া তাঁর বক্তৃতায় বলেছিলেন যে বিভিন্ন জেলে যাঁরা স্বাধীনতা আন্দোলনে শহীদ হয়েছেন বা দীর্ঘদিন জেলে থেকেছেন তাঁদের সম্বন্ধে তাঁরা স্মৃতি ফলক করবেন। আমরা খবর নিয়ে দেখেছি যে বাংলাদেশের কোন জেলে এখনও এরকম কিছু করা হয়নি। আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো সেটা যেন তাড়াতাড়ি করার তিনি ব্যবস্থা করেন। আর একটা বিশেষ ঘটনার কথা নিরঞ্জনবাবু বলেছেন, আমিও বলতে চাই যে বর্ত্তমানে পশ্চিমবাংলায় ৩৭জন দীর্ঘদিনের রাজনৈতিক বন্দী রয়েছেন—দমদম-বসিরহাটের ১৯জন, জেসপ কারখানায় ৯জন, এবং কাকদ্বীপের ৯জন রয়েছেন। এঁদের সম্বন্ধে আজকে বিচার করার সময় হয়েছে বলে আমি বিশ্বাস করি। পান্নালাল দাশগুপ্ত মহাশয় তাঁর রাজনৈতিক জীবন ছিল—এখনও তিনি যদি বেরিয়ে আসেন তাহলে দেশকে কিছু দিতে পারেন এবং আমি মনে করি যে তাঁর রাজনৈতিক কার্য্যকলাপ এবং তাঁর ব্যবস্থা ও পদ্ধতির সঙ্গে আমার সম্পূর্ণভাবে দ্বিমত আছে কিন্তু তাঁর ব্যক্তিগত ত্যাগ এবং দেশপ্রেম সম্বন্ধে আমাদের মাঝে কোন দ্বিমত নেই। এক্ষেত্রে আমি বলবো যে ১৯৪২ সালে আগষ্ট আন্দোলনে রাজনৈতিক কারণে যে হত্যা হয়েছিল—অসিত এবং বিনুর কেস মহাত্মাজী সেই কেসের জন্য সমস্ত দেশবাসীর কাছে এবং তদানীন্তন সরকারের কাছে আপীল করেছিলেন। সেই অসিত এবং বিনুর পলিটিক্যাল মার্ডারের কথা স্মরণ করিয়ে দিয়ে এঁদের সম্বন্ধে কন্সিডার করার জন্য, এঁদের ছেড়ে দেবার জন্য আমি সরকারের কাছে জেল মন্ত্রীমহাশয়ার মাধ্যমে আবেদন করছি। কারণ পরিবর্ত্তিত পটভূমিকায় মানবতার নামে এটা করা দরকার বলে আমি বিশ্বাস করি। গত বারো বছরে আমরা দেখতে পাচ্ছি যে জেলে কনভিক্টদের সংখ্যা বেড়ে চলেছে। ১৯৪৭ সালে সমস্ত বাংলাদেশে কনভিক্টস ছিল ৬৩৮৩জন, ১৯৫৮ সালের শেষে দেখছি ৬৯২৯জন—⅓ অংশ ওয়েষ্ট বেঙ্গলে তার সংখ্যা। আণ্ডার ট্রায়াল যেখানে ১৯৪০ সালে ৪২৬০জন ছিল, ১৯৫৮ সালের শেষে দেখছি ৯৩৩২জন, অর্থাৎ ২০০ পার্সেণ্ট আণ্ডার ট্রায়াল প্রিজনার বেড়ে গেছে কিন্তু যে তুলনায় এটা বাড়ছে

সেই তুলনায় জেলে জায়গা একটুও বাড়েনি। আর একটা ব্যাপার—দমদম এবং অন্যান্য জেলে যে রকম মশা তাতে প্রিজনারদের যদি মশারী দেয়া না হয় তাহলে তাদের ভীষণ অবস্থা হয়। আমরা দীর্ঘকাল আগে ১৯৩২ সালে যখন জেলে ছিলাম তখন তো আমরা সেই আমলে মশারী পেতাম প্রত্যেকে। আমি আরো ২।১টা সাজেসসন মন্ত্রীমহাশয়ার সামনে রাখতে চাই—আমাদের প্রায় এক পুরুষ লিউনেটিক্‌স আছে এবং ফিমেল লিউনেটিক্‌সের সংখ্যা প্রেসিডেন্সী জেলে কালকের তারিখ পর্য্যন্ত ছিল ৮৮জন কিন্তু মাত্র ৫০ জনের জায়গা আছে। বহরমপুর জেলে কিছু ফিমেল প্রিজনার আছে। আমি মন্ত্রীমহোদয়ার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে আলীপুর স্পেশাল জেলটিকে ফিমেল জেলে রূপান্তরিত করুন। জেলে ৫॥ শো থেকে ৬ শো প্রিজনারের জায়গা আছে। বর্ত্তমানে ফিমেল কন্‌ভিক্টের সংখ্যা ৩॥ শো থেকে ৩৭৫জন বহরমপুর এবং প্রেসিডেন্সী ধরে। কাজেই আলীপুর স্পেশাল জেলকে যদি ফিমেল জেলে রূপান্তরিত করেন তাহলে সুবিধা হয়, কারণ মন্ত্রীমহাশয়া দেখেছেন যে প্রেসিডেন্সী জেলে ফিমেল ওয়ার্ড জেল গেট থেকে বহু দূরে এবং ৩।৪টা ওয়ার্ড পার হয়ে মেয়েদের ওয়ার্ডে আসতে হয়—এটা কোন দিক দিয়েই ভাল বলে আমি মনে করি না। মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহোদয়াকে ইণ্টারভিউর কথা বলছি—জেলে যে ইণ্টারভিউ হয় সেখানে প্রাইভেসি বলে কোন জিনিষ নেই। তারপর পায়খানা সম্বন্ধে আপনার কাছে অনেকবার বলেছি। তারপরে জেলে কন্‌ভিক্টদের দিয়ে নার্সিং করার যে প্রথাটা চলে আসছে সেটা বন্ধ করে দিন। বাইরে থেকে কোন ফিমেল এবং কোন নার্স নিয়ে এসে তার ব্যবস্থা করুন। ক্লাসিফিয়েডদের কথা বারবার বলেছি—যারা অত্যন্ত জঘন্যতম অপরাধ করে জেলে আসে তারা ক্লাসিফায়েড হয়ে যায়? সেবার আপনি বলেছিলেন যে আইন বদলাতে হবে কিন্তু আমি বলছি আপনি সুপারিন্‌টেণ্ডেণ্টকে এম্পাওয়ার করুন তাদের রেফার করার জন্য—এইসব থেকে যেমন ডেমোক্রাটিক মুভমেণ্টে যারা জেলে যান সুপারিন্‌টেণ্ডেণ্টের যেমন ক্ষমতা আছে রেফার করার তেমনি কেউ যদি জঘন্যতম অপরাধে অপরাধী হয়ে ক্লাসিফিকেসন পেয়ে থাকে তাহলে তার ক্লাসিফিকেসন যাতে কেটে যায় তার জন্য তাকে রেফার করার ক্ষমতা আপনি দিন যতক্ষণ পর্য্যন্ত না জেল কোড বদল করা হচ্ছে। আর সুপারয়্যানুয়েটেড অফিসারকে আপনারা কেন রেখেছেন? আলিপুর সেন্ট্রাল জেলে চারু চক্রবর্ত্তী রয়েছেন—গত ১৯৫৯ সালের ৪ঠা মার্চ তাঁর চাকুরী শেষ হয়েছে, তাঁকে ১ বছরের এক্সটেন্‌সন দিয়েছেন, আমার বোধ হয় এক্সটেনসন দেবেন। জরাসন্ধকে এবার দয়া করে আর এক্সটেনসন দেবেন না। তবে গোস্বামী যিনি রয়েছেন দমদম জেলে তিনি একজন সুপার-য়্যানুয়েটেড অফিসার তাঁকে কেন এক্সটেনসন দিচ্ছেন? তারপর ওয়ার্ডার এবং জেল ক্লার্ক এদের অনেক সুবিধা করে দিয়েছেন—তারা টেম্পোরারী ছিল পার্মানেণ্ট করে করেছেন কিন্তু আমার কথা হচ্ছে এদের অন্ততঃ কিছু টাকা দিন হাউস য়্যালাউন্স হিসাবে অথবা তাদের জন্য ঘর তৈরী করে দিন।

Dr. Kanailal Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় আমাদের কাছে বলেছিলেন যে জেল গুডস তৈরী করে এবং তা বিক্রি করে তাঁরা ১ বছরে ১ লক্ষ টাকা লাভ করেছেন। কিন্তু বাজেটে আমরা যা দেখলাম তাতে জেল গুডস তৈরী করতে যা খরচ হয় বিক্রি করে তাতে বিশেষ কিছু লাভ হয় না, সেটা প্রায় পুরাপুরি থেকে যায়। আমার মনে হয় এ বিষয়ে মন্ত্রী মহাশয়ের একটু দৃষ্টি দেওয়া দরকার, কারণ তাঁরা বাইরে যা ওয়েজ, নিজেই বললেন, তার ওয়ান থার্ডের

বেশী ওয়েজ দেননা—সেখানে লেবার ইনসেন্টিভ ক্যাপিটাল ইনসেন্টিভ এবং জিনিষপত্র যা বেরিয়ে আসে তা বাইরের দামের চেয়ে কিছু সস্তা দামে তারা বিক্রি করেন না—তা সত্ত্বেও জেলে যে জিনিষ ওয়ান থার্ড লেবার দিয়ে লেবার ইনসেন্টিভে যে ইনডাষ্ট্রিতে তৈরী করেন সে জিনিষ বিক্রি করা সত্ত্বেও তাদের খরচ করে লাভ থাকেনা এটা বিশেষ চিন্তার বিষয় এবং এ বিষয়ে মন্ত্রীমহাশয়কে দৃষ্টি দিতে বলি। আমার যতটুকু ধারণা তাতে মনে হয় যে—জেলে গিয়ে দেখেছি জেল সেড গুডস যে সমস্ত তৈরী হয় তার অনেক কিছু চুরি যায়—চুরি-চামারীর ফলে লাভ হয়না। এর দ্বারা যদিও স্টেট এক্সচেকার বাড়বে না তাহলেও আমার মনে হয় নীতির দিক থেকে এটা দেখা দরকার। জেলের মধ্যে কয়েদীরা এবং জেল অফিসিয়ালস মিলে যে চুরি বিদ্যা এইভাবে প্র্যাক্‌টিস করে সেটা নীতির দিক থেকে খুব ভাল দেখায়না। আমার দ্বিতীয় কথা হচ্ছে; আমার আগের বক্তারা যদিও বলেছেন তবুও রিপিট করে আমি বলব যে ইনসেন্ প্রিজনারদের আলাদা করে রাখার কোন বন্দোবস্ত নেই। এ সম্পর্কে বন্দোবস্ত হওয়া বিশেষ প্রয়োজন, সরকারের এদিকে দৃষ্টি দেওয়া উচিৎ। আমরা বারবার বলেছি যে দমদম, আলিপুব, প্রেসিডেন্সি জেলে আজ পর্য্যন্ত স্যানিটারী ল্যাট্রিন করা হয়নি, ল্যাট্রিনের বন্দোবস্ত অত্যন্ত খারাপ, সেদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি দেওয়া বিশেষ প্রয়োজন। কয়েদীদের পড়াশুনা করবার কোন সুযোগ সুবিধা জেলের মধ্যে দেওয়া হয়না। অবশ্য মন্ত্রী মহাশয় বড় বড় কথা বললেন যে তিনি কয়েদীদের চরিত্র সংশোধন করার জন্য অনেক স্কীম নিয়েছেন কিন্তু তাদের পড়াশুনা করতে দেননি। আমার মনে হয় সেই সুযোগ দিলে তাদের চরিত্র সংশোধনের একটা স্কোপ আসবে। তারপব জেলেব মধ্যে কয়েদীদের তে পঞ্চায়েৎ নির্বাচন হয় সে সম্বন্ধে আমি মন্ত্রী মহাশয়কে দু চারটা কথা বলতে পারি এই হিসাবে যে আমি নিজে সেই নির্বাচনের সময় জেলে ছিলাম। তাদের নির্বাচন সম্বন্ধে কোন লিখিত আইন নেই। জেল সুপারিনটেন্‌ডেণ্ট তাঁর খেয়ালখুশী মত নির্বাচন সম্পন্ন করেন। আমার চোখের সামনে একটা নির্বাচন দেখার সুযোগ হয়েছিল, সেটার সম্বন্ধে বলেছি। তিনি কয়েদীদের ডাকলেন, ১৫০ জন কয়েদী উপস্থিত হল, তাদের বললেন যে তোমরা কাকে চাও হাত তোল। সেখানে ২১ জন ইলেকটেড হবে, কি মেথডে ইলেকটেড হবে তা কিছু বললেন না। সেখানে ৩০ জন ক্যানাডডেট ছিল। তিনি প্রত্যেককে হাত তুলতে বলায় তারা সকলেই প্রত্যেকবার ঐ ৩০ জনের জন্য হাত তুলেছে এবং তাতে ঐ ৩০ জন ১৩০ টা করে ভোট পেয়েছে। তখন তিনি তা থেকে বেছে ২১জনকে ইলেক্ট করে দিলেন। এইভাবে জেলে ইলেকসান হয়। সেইজন্য আমি বলছি ইলেকসান সম্বন্ধে একটা নীতি থাকা দরকার।

[6-55—7 p.m.]

অন্ততঃ যারা সত্যি দাঁড়াতে চায় অনেক বেশী হয়তো ভোট পেয়েছে তা সত্ত্বেও ডিফিটেড হয়ে যাচ্ছে, একজন লোকের ৩০বার ভোট দেবার ক্ষমতা নাই, অথচ ৩০বারই ভোট দিচ্ছে। তাই নির্ব্বাচন পদ্ধতিতে দৃষ্টি দেওয়া প্রয়োজন বলে আমি মনে করি। এ সম্বন্ধে বেশী কিছু বলবার নাই।

আমি হাওড়া জেলার একজন ভিসিটর, বহুবার অথরিটীএর সঙ্গে কথা বলে দেখেছি, সেখানে জলের অত্যন্ত অভাব, স্নান করতে পারে না, ড্রিঙ্কিং ওয়াটারএর অভাব খুব, মেমোর‍্যাণ্ডাম লেখে দিয়েছি, তা সত্ত্বেও কোন ব্যবস্থা হয় না।

আমার শেষ কথা হচ্ছে যে কথা নিরঞ্জনবাবু বলেছেন, হরিদাসবাবু বলেছেন—পান্নালাল দাশগুপ্ত ইত্যাদি কয়েকজনের স্বাস্থ্য খুব খারাপ বন্দী মুক্তি কমিটির সভাপতি হেমন্তবাবু

দুদিন আগে পান্নালাল দাশগুপ্তের সঙ্গে ইণ্টারভিউ করে দেখেছেন যে তার স্বাস্থ্য খারাপ। আমি আবেদন জানাই এই সমস্ত বন্দীদের অবিলম্বে মুক্তি দেওয়া হোক। এদ্বারা দেশের একটা ভালকাজ করা হবে বলে মনে করি।

Shri Jatindra Chandra Chakravorty :

স্যার, আমাদের মন্ত্রীমহোদয়া দুটি ডিপার্টমেণ্টএর সঙ্গে জড়িত, রিফিউজী রিহ্যাবিলিটেসন এবং জেল, বোধ হয় সেজন্য তিনি গুরুভার বহন করতে হচ্ছে বলে জেল ডিপার্টএর দিকে তেমন নজর দিতে পাচ্ছেন না। আমি তাঁর কাছে জবাব চাইব তিনি গত একবছরের মধ্যে কবার জেল ভিজিট করেছেন। দ্বিতীয় নম্বর হচ্ছে জেলকোড্ রিভিসন-পার্টিসনএর সময় থেকে এই জেলকোড রিভিসনের ভার দেওয়া হয়েছিল শ্রীঅজিত মুখার্জির উপর, তিনি বোধ হয় এখন প্রেসিডেন্সি জেলএর সুপারিন্‌টেণ্ডেণ্ট হয়ে আছেন; তারপর ভার দেওয়া হয় শ্রী জে. সি. ঘোষ মশায়, ডেপুটি সেক্রেটারী, তিনিও চলে গেছেন রিটায়ার করে। এখন পি. কে. বিশ্বাস মহাশয়কে রিটায়ার করার এক্সটেনসন দিয়ে স্পেশাল অফিসার করা হয়েছে, তার উপর ভার পড়েছে এই রিভিশনএর ১২ বছরে একাজ হল না—অথচ এই সময়ের মধ্যে অষ্টাদশ মহাভারত লেখা হয়ে যায়, কিন্তু আমাদের জেলকোড রিভিশন সম্ভব হয়ে উঠল না। যেহেতু মন্ত্রীমহোদয়া সেদিকে নজর দিতে পাচ্ছেন না।

৩ নম্বর হল, তিনি নজর না দেওয়ার ফলে আই, জি'র উপর সমস্ত ভার দেওয়া হয়েছে। আমি জিজ্ঞাসা করতে চাই আই, জি, কবার জেল ভিজিট করেছেন, হয়ত করেছেন কিন্তু ইন্‌স্পেক্টর রিপোর্ট কবার দিয়েছেন? সেণ্ট্রাল জেলে দুবার যাবার কথা বছরে, আমি জানতে চাই কবার তিনি গিয়েছেন এবং রিপোর্ট দিয়েছেন? ডিষ্ট্রিক্ট জেলেও যাবার কথা দু'বার, তিনি কবার গিয়েছেন জানতে চাই। মন্ত্রীমহোদয়া অনেক ইণ্ডাষ্ট্রীর কথা বলেছেন, যেখানে নাকি স্থাপন করা হচ্ছে, তিনটির কথা বলেছেন, আর একটা যে আছে তার কথা বলেননি। সেটা হল কোন বিশেষ লোকের উপর ভার দেওয়া হয়েছে, ইণ্ডাষ্ট্রি ডিপার্টমেণ্ট এর যে ছাতার কারখানা স্থাপন করা হচ্ছে প্রেসিডেন্সি জেলে সেখানে প্রিসাইড করার জন্য। ছাতার কারখানা সেখানে স্থাপন করা হয়েছে কিনা জানতে চাই। এবং এত লোকসান হচ্ছে যে, যে মাইনে দেওয়া হয় অফিসারদের তার খরচ পর্য্যন্ত উঠে না? দমদম জেলে ব্ল্যাঙ্কেট ফ্যাক্টরীর জন্য কয়েক বছর ধরে খরচ হচ্ছে। আই, জি, এবার এই ব্ল্যাঙ্কেট তৈরী হওয়া সত্বেও কয়েক হাজার সেণ্ট্রাল টেণ্ডার কমিটি মারফৎ টেণ্ডার নিয়ে—তাতে কারচুপি আছে—কয়েক হাজার ব্ল্যাঙ্কেট নিয়েছেন। সেখানে যে ব্ল্যাঙ্কেট তৈরী হয় তার ভিতর দিয়ে মন্ত্রী-মহোদয়াকে দেখা যায়, এমন চমৎকার ব্ল্যাঙ্কেট।

তৃতীয় হচ্ছে প্রিজন্স ডাইরেক্টোরেট এবং যে নিয়ম আছে সেই নিয়মানুসারে সেণ্ট্রাল টেণ্ডার কমিটিতে মিটিংএ মন্ত্রীমহোদয়ার প্রিসাইড করার কথা, এপর্য্যন্ত আমাদের খবর তার একটিতে মন্ত্রীমহোদয়া সভাপতিত্ব করেননি। আই, জি'ই সেখানে সভাপতিত্ব করেছেন।

7—7-5 p.m.]

তার ফল কি হয়েছে আমরা দেখেছি, আমাদের পাবলিক ট্রেজারী, সরকারের কোষাগার থেকে একলক্ষ টাকার মত হবে, লোকসান হয়েছে। আজকে সেখানকার গলদের জন্য লোকসান হয়েছে। একটি ভদ্রলোক শ্রীরামকানাই ধর, তিনি টেণ্ডার দিলেন, মন্ত্রীমহোদয়া

সেখানে উপস্থিত ছিলেন না। সেণ্ট্রাল টেণ্ডার কমিটির মিটিংএ আই, জি, প্রিজাইড করলেন, সেই রাম কানাই ধর টেণ্ডার দিলেন, সেই টেণ্ডার অ্যাকসেপ্ট করা হ'ল। পশ্চিম বাংলার সমস্ত জেলে জল সরবরাহ করা হবে, প্রায় ২০ হাজার মণ চাল সাপ্লাই করার কথা। আর্নেষ্ট মানি না দেওয়া সত্বেও তার সেই টেণ্ডার অ্যাকসেপ্ট করা হল। আর্নেস্ট মানি দেওয়া হ'লনা, তাসত্বেও তার টেণ্ডার অ্যাকসেপ্ট করা হল। কিন্তু হঠাৎ চালের দর বেড়ে গেল, তাই তিনি মুস্কিলে পড়ে গেলের, তখন তিনি বললেন আমার টেণ্ডার অ্যাকসেপ্ট করলেন কেন ? আমিত আর্নেষ্ট মানি জমা দিইনি। কিন্তু আশ্চর্য্যের কথা—আবার সেকেণ্ড টেণ্ডার কল করা হল। কিন্তু আই, জি, ঠিক করলেন, ঠিক আগে যে পরিমান চালের জন্য রামকানাই ধরকে দেওয়া হয়, সেই পারমাণে জন্য আবার টেণ্ডার চাওয়া হলে সন্দেহ হতে পারে সেইজন্য আরও বেশী পারমান চাল সাপ্লাই করবার জন্য টেণ্ডার কল করা হল এবং অন্য চীপার টেণ্ডার কে বাদ দিয়ে, চার টাকা বেশী দরে টেণ্ডার অ্যাকসেপ্ট করা হ'ল। সেই টেণ্ডার রেট হচ্ছে ২৫ টাকা ৬৭ নয়া পয়সা, চার টাকা বেশী করে। আজকে যখন উড়িষ্যা থেকে চাল আসছে, দু-তিন টাকা দাম কমে গিয়েছে, সেই সময় চার টাকা বেশী দরে চালের টেণ্ডার নেওয়ার ফলে—২০ হাজার মণ চালের টেণ্ডারএর জন্য আজকে সরকারী ট্রেজারী তথা পাবলিক ট্রেজারী থেকে প্রায় এক লক্ষ টাকা বেরিয়ে গিয়েছে। আমি মাননীয়া মন্ত্রীমহোদয়াকে জিজ্ঞাসা করতে চাই এই যে সেণ্ট্রাল টেণ্ডার কমিটি মিটিং হয়েছিল, তাতে তিনি কয়বার উপস্থিত ছিলেন ? তাঁর উপস্থিত না থাকার ফলে এবং আই, জির উপর সমস্ত কিছু ছেড়ে দেওয়ার ফলে আজকে এই দুর্নীতি চলেছে। সুতরাং আমার প্রস্তাব হচ্ছে—আজকে মুখ্যমন্ত্রীমহাশয় এখানে উপস্থিত নেই, আমাদের মন্ত্রীমহোদয়াকে একটা ডিপার্টমেণ্ট থেকে রেহাই দিয়ে, তাঁকে পূর্ণ-মন্ত্রী করে জেলের সমস্ত দায়িত্ব তাঁকে দেওয়া হোক, যাতে তিনি গুরুভার বহন না করে আজকে সজাগ দৃষ্টি রেখে জেলের কাজ ভালভাবে চালাতে পারেন।

Shri Saroj Roy :

স্পীকার মহাশয়, আমরা আশা করে ছিলাম যে অন্ততঃ কংগ্রেস সরকারের রাজত্বে বাংলাদেশের জেল, সেটা বৃটিশ আমলে ছিল রীপ্রেসন এর মূল জিনিষ, সেটাকে রীফরমেটরী ইনষ্টিটিউট হিসাবে বাংলাদেশের সরকার দেখাবেন ; এই রকম আমাদের একটা ধারণা ছিল এবং এই রকম একটা আউটলুক মন্ত্রীমহোশয়ার কাছ থেকে পাবো, যে কয়েকবার পাওয়া গিয়েছে। কিন্তু বাস্তবিক যা দেখা যায় গত ১২ বছরের মধ্যে জেলখানার ভিতর মাত্র দু-একটা বিষয় রিফর্ম করা হয়েছে। কিন্তু ১২ বছরের মধ্যে সেটা করা যেতে পারত, তা করা হয়নি এবং সেটা করলে বিশেষ কিছু ক্ষতি হতো না। সেই সমস্ত কাজ না করার প্রধান কারণ হল এই সরকারের যে সহানুভূতি, সে আউটসাইড থাকা উচিত ছিল বন্দীদের প্রতি তার অভাব। একটু আগে মাননীয়া মন্ত্রীমহোদয়া বলে গেলেন যে জেলখানায় কয়েদীদের রিফর্ম হওয়া দরকার এবং সে সম্বন্ধে একটা চেষ্টা চলেছে। যদি সত্যিকারের আউটলুক থাকতো তাহলে নিশ্চয় তিনি তা করতেন। জেলখানার বন্দীদের প্রতি সরকারের যে খুব বেশী সহানুভূতি নেই, সেটা প্রমাণ করবার জন্য আমি এখানে দু-একটা ঘটনার কথা উল্লেখ করতে চাই। মেদিনীপুর জেলায় যেটা হাসপাতাল, সেটা বৃটিশ আমলে যে ভাবে ছিল, ঠিক সেই ভাবেই আছে। সেটা বন্দীদের রাখবার একটা ঘর ছিল, বহু লোক সেখানে গিয়েছে, সেটাকে হাসপাতাল বলা যায় না, দ্যাট ইজ লাইক এ ডানজিয়ন , তার কোন রকম পরিবর্ত্তন হয়নি। দিনের বেলায়

আলো পর্য্যন্ত যায়না। তাছাড়া যে সমস্ত নার্স রাখা দরকার তার কোন প্রকার বিধি ব্যবস্থা হয়নি।

[7-5—7-15 p. m.]

মেদিনীপুর জেলে যে সেল আছে, সেটা বৃটিশ শাসনের অভিসম্পাত বলা যায়। আজও সেখানে বন্দীদের রাখা হয়। যাদের বেশীদিন জেল হয়, তাদের সেখানে রাখা হয়। হ্যাণ্ড লেবার বলে ঘানি জেল থেকে উঠে গেছে। কিন্তু মেদিনীপুর জেলে যে জল টানান হয় গরুর মত, তাতে ঘানির চেয়ে কম লেবার হচ্ছেনা। এই জাতীর লেবার আজও সেখানে করান হচ্ছে। তাছাড়া যেখানে কোন খরচ হত—বন্দীদের নিজেদের খরচ পেত। ডিভিসন থ্রি সেখানে কোন মস্কুইটো নেট দেওয়া হয়ন, এটা সত্যি কথা, সেখানে সহানুভূতি যদি থাকতো, তাহলে এটুকু অন্ততঃ করতে পারতেন আণ্ডারট্যায়াল প্রিজনার—মেদিনীপুরে আমি জানি, সে বিষয়ে জানান হয়েছিল, তাদের দিয়ে কাজ করান হয়, অথচ কোন রেমিউনারেশন তাদের সেজন্য দেওয়া হয় না। এ সম্বন্ধে সবকারের খোঁজ নেওয়া উচিত। মেদিনীপুরে যে সমস্ত পলিটিকাল প্রিজনার আছে, যাদেব কৃষক আন্দোলনে জেল হয়েছে। খড়্গাপুরের ৫ জন বন্দী আছে। খড়্গাপুরে বেলের ব্যাপারে যে গোলমাল হয়েছিল, তার বন্দী। তাদের কোন ডিভিসন দেওয়া হয়নি। যারা কুৎসিৎ জঘন্য সমস্ত কাজ করে যায়, তাদেরও সেখানে াডভিসন হয়। কিন্তু যারা সমস্ত কৃষক আন্দোলনের লোক, মজুর আন্দোলনের লোক, মেদিনীপুর জেলে আছে, তাদের আজ পর্য্যন্ত কোন ডিভিসন দেওয়া হয় নাই। তারপর য়্যালিগেসন সম্বন্ধে কথা উঠেছে। লক্-আপের পরে সেখানে কোন রকম লাইট দেওয়া হয় না। ইতিপুর্বেও বলেছিলাম—যে সমস্ত বন্দী স্কুলে পড়বার সুযোগ পায়নি, লক্-আপের পরে লাইট পেলে, তারা একটু লেখাপড়া শিখবার সুযোগ পায়। সেটুকু যদি দেওয়ায় কিছু খরচও বাড়ে, তাহলেও তার ব্যবস্থা করলে ভাল হয়। অবশ্য তাদের প্রতি একটু সহানুভূতি থাকলে, তাহলে তা করা যেত।

আব একটা কথা বিশেষভাবে বলতে চাই—যে মন্ত্রীমহোদয়া যেটা স্বীকার করে গেছেন যে যারা হ্যাবিচয়্যাল ক্রিমিন্যাল নয়, সেদিক থেকে তিনি যদি সিবিয়াস হন, তাহলে একটা কমিটি থাকা উচিত—যাবা রাগের ঝোঁকে সেই সমস্ত ক্রাইম করে জেলে যায়, নিতান্ত অভাবে পড়ে জেলে যায় তাদের সম্পর্কে প্রতি ৬ মাস অন্তব অন্তর কমিটি বসে বিবেচনা করা উচিৎ তাদের বিলিজ কবে দেওয়া যায় কিনা। সাময়িকভাবে যদি জেলের কিছু কিছু নিয়ম পরিবর্তন করা যেত, তাহলে তিনি যে বক্তৃতা দিলেন, তার অর্থ হয়।

The Hon'ble Purabi Mukhopadhyay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন বক্তা—এই বিভাগেব ব্যয়বরাদ্দ পাসের বিরুদ্ধে যে বক্তৃতা করেছেন, আমি অনুরোধ করবো—বিশেষ করে যে সমস্ত চার্জ্জ অত্যন্ত সিরিয়াস বলে আমি মনে করি, সেগুলির জবাব দেবাব মত সময় যেন আমাকে দেওয়া হয়।

প্রথমে আমি শ্রীযতীন চক্রবর্ত্তী মহাশয়ের দুর্নীতি বিষয়ক অভিযোগ সম্বন্ধে অনেক জবাব দিতে চাই। প্রথমে আমি জানাই জেল বিভাগের বিভিন্ন জেলের জন্য যে ভিজিটর্স কমিটি আছে, তাতে শুধু কংগ্রেস পক্ষীয় সদস্যরাই আছেন তা নয়, বিরুদ্ধ দলীয় প্রতিটি পার্টি থেকে স্থানীয় জেলগুলির যাঁরা জেল ভিজিটর্স—আজ পর্য্যন্ত মন্ত্রী হিসেবে তাঁদের সে সমস্ত জেল ইনস্পেকশন রিপোর্ট পেয়েছি—বিশেষ করে আমার এই দপ্তরে জেল ভিজিটর এবং এই

বিধান সভার উভয় পক্ষীয় সদস্যদের নিয়েই জেল কন্সালটেটিভ কমিটি আছে। তাদের কোন সভায় কোন রিপোর্টে আজ পর্য্যন্ত স্পেশালি কোন করাপসন-এর য়্যালিগেশন আনা হয় নাই। আমি জোরের সঙ্গে মন্ত্রী হিসেবে একথা তাঁদের বলতে চাই। যদি তাঁদের ধারণা ছিল জেলের ভিতর দুর্নীতি এত সুদূরপ্রসারী, তবে কি তাঁদের সম্পূর্ণ অধিকার ছিল না— জেল ভিজিটর হিসেবে যে ক্ষমতা দেওয়া হয়েছে—যে কোন সময়ে জেলকে কোন খবর না দিয়ে যে কোন বিভাগের কয়েদীদের সম্বন্ধে যে কোন জিনিষ তাঁরা দেখে আসতে পারেন। আজ পর্য্যন্ত স্পেসিফিক য়্যালিগেশন একটিও আমি পাই নাই। ভেগ ধরণের ২।১টি তাঁরা মুখে যা বলে গিয়েছেন সঙ্গে সঙ্গে তা তদন্ত করে তার ফলাফল জানিয়েছি। তাঁরা বহু ক্ষেত্রে সন্তুষ্ট হয়ে গিয়েছেন এবং স্বীকার করেছেন স্পেসিফিক দিতে পারেন না। আমি যতীন চক্রবর্ত্তী মহাশয়ের কথা অবাক হয়ে শুনছিলাম, তাঁর বক্তৃতায় যে চিঠির কথা উল্লেখ করেছেন, সেই চিঠির কপি আমার ফাইলে আছে, এবং সেই চিঠির উপর যে তদন্ত হয়েছে তার রিপোর্টও আমার সঙ্গে নিয়ে এসেছি। তার কারণ এই ধরণের য়্যানোনিমাস চিঠি দিয়েছেন লিখিতভাবে, সেটাকে আমি ক্লু বলেই মনে করি, সেই জন্য তার উপর তদন্ত করে আমি এই দরখাস্তের তদন্ত করি। সত্য সত্যই টেণ্ডার কমিটির চেয়ারম্যান হিসাবে আমি নিজে সেখানে উপস্থিত থাকি না। প্রথম যেদিন এই বিভাগে এসেছিলাম, সেদিন থেকে চেয়ারম্যান হলেও মন্ত্রী হিসাবে সেই টেণ্ডার বাতিল করা হোক, বা গ্রহণ করা হোক এ বিচার করলে সেই টেণ্ডারের পুরো দায়িত্ব মন্ত্রীর উপর এসে পড়ে। তার পরে যদি কেউ মন্ত্রীর কাছে আবেদন করে যে, কোন টেণ্ডার য়্যাকসেপ্ট করা হোক বা রিজেক্ট করা হোক, তাহলে পরে তাঁকে কোন পক্ষের হয়ে কোন মতামত দেওয়া যেতে পারে না। কারণ সে অপরাধ যদি হয়েই থাকে তাহলে আমারও সেই অপরাধ হবে। অতএব সেখানে লাষ্ট আপীল হিসাবে মন্ত্রীর থাকা উচিত। এবং এই দরখাস্ত আবার সঙ্গে সঙ্গে, এই দরখাস্তের প্রথম কথা ছিল যে, মন্ত্রী নিজে উপস্থিত থাকেন না বলে এই জিনিষ হয়। এই অভিযোগ আসার পর এর তদন্ত করে এর রিপোর্টের উপর অর্ডার দিই যে, মন্ত্রী নিজে চেয়ারম্যান থাকবে না, আই, জি, প্রিজনস তার চেয়ারম্যান থাকবে। এই অর্ডার শুক্রবারে দিই। কারণ এর তদন্তে যদি কোন কিছু প্রমাণিত হয়, তাহলে মন্ত্রী যদি নামেমাত্র চেয়ারম্যান থাকে তাহলেও দায়িত্ব তার উপর এসে যাবে। সেইজন্য আই, জি, প্রিজনস-এর সভাপতিত্বে টেণ্ডার গ্রহণ করা হোক। সেখানে চেয়ারম্যান তিনিই থাকবেন এবং মন্ত্রী লাষ্ট আপীল হিসাবে থাকবে। যাই হোক এই কমিটিতে উপস্থিত না থাকলেও রামকানাই ধরের তদন্তের রিপোর্ট আপনার সামনে তুলে ধরতে চাই। কারণ এই সমস্ত জিনিষ চেপে গেলে সদস্যদের মনে সন্দেহ হতে পারে যে এর মধ্যে হয়ত কারচুপি আছে। আমার কাছে যে তিন পৃষ্ঠা তদন্তের রিপোর্ট আছে তা শুনবার মত ধৈর্য্য যদি সদস্যদের থাকে তাহলে আমি তা পড়ে শুনাতে রাজী আছি।

A voice from opposition Bench :

কে তদন্ত করেছে, নাম বলুন।

অধ্যক্ষ মহোদয়, যে এনকোয়ারী করেছে তার নাম দিতে আমি রাজী নই। কারণ রামকানাই-এর দলকে আমি জানাতে চাই না কোন অফিসার গিয়ে এটা তদন্ত করেছে, তাদের দ্বারা যাতে সেই অফিসার ইনফ্লুয়েন্সিয়াল না হয়, তার জন্য আমি এই নাম গোপন করতে চাই।

[7-15—7-25 p. m.]

আমি এখানে পুরো দায়িত্ব নিয়ে বলতে চাই যে, যে কোন অভিযোগের তদন্ত আমি যে কোন অবস্থায় মুখোমুখি পেশ করতে রাজী আছি। জেলখানায় যে চাল আসে তার বেশীর ভাগ ডিপার্টমেন্ট আমাদের সাপ্লাই করে থাকে। এই রামকানাই ধর ১৭টা জেলে চাল সাপ্লাই করবেন বলেছিলেন, কিন্তু তদনুযায়ী কণ্ট্রাক্ট সই কোরে ৬টা জেলে মাত্র সাপ্লাই দেন, বাদবাকী বাতিল হয়ে যাবার পর তিনি চিঠি লিখে জানান যে, সেখানে যে রেট দেওয়া হয়েছে, তাঁর এমপ্লয়ী ভুল করে তার থেকে কম রেট দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, একবার টেণ্ডার দিয়ে যদি এমপ্লয়ীরা ভুল করে থাকে সেই ভুলের দায়িত্ব সরকার নিতে রাজী নন। অতএব, টেণ্ডার যদি বাতিল হয়ে গিয়ে থাকে তাহলে তার কোন প্রকারে অভিযুক্ত করতে পারবেন না। তারপর, এই ডিপার্টমেণ্টে টেণ্ডার য়্যাকসেপ্ট করে যে চাল দেওয়া হয়েছে তাতে বলা হয়েছে,

there is absolutely no loss to this Department. On the contary there would be some gain as the Food Department price for medium rice is lower. On examination of the papers I find that it was a fact that the party has not deposited the requisite earnest money in respect of all their tenders.

আশা করি শ্রীযুক্ত যতীন চক্রবর্ত্তী মহাশয় এতে শান্ত হবেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার মনে হয়, আমি যা বলেছি তাই এখানে যথেষ্ট। আমি আপনাদের কাছে আগেই বলেছি যে, এটা পাওয়া গিয়েছে মাত্র শুক্রবার, আজকে সোমবার প্রাথমিক তদন্ত করে যা পাওয়া গিয়াছে তা আমি আপনাদের নিকট উপস্থিত করলাম। আমি পুর্ব্বেই বলেছি যে এটা আমি উচ্চপদস্থ কর্ম্মচারী দিয়ে এনকোয়ারী করা এবং আপনারা যদি চান সেই ফাইন্যাল এনকোয়ারী রিপোর্ট হাউসের সামনে পেশ করব। তারপর, তিনি বলেছেন এ্যাংলো-ইণ্ডিয়ান ডিসিপ্লিন অফিসাররা বেশী বেতন পান, এটা মজার কথা। আমি এখানে ডিসিপ্লিন অফিসারের বেতনের হার আপনাদের সামনে তুলে ধরছি—যাঁরা পুর্ব্বে আমাদের এই নতুন হার প্রবর্ত্তিত হবার আগে চাকরী করতেন তাঁরা পুর্ব্বেকার হারেই বেতন পাচ্ছিলেন, পরে সেই হার পরিবর্ত্তন করে কমান হয়েছে। যে সকল বিভাগেই পুর্ব্বনির্ধারিত হার কমিয়ে দিলেও সেই হার অনুযায়ী যারা মাইনে পেতেন, তাঁর বেতন নিম্ন হারে নিয়ে আসা যায় না। এই হিসাবে এটা একটা য়্যাকসিডেন্ট যে সব কয়জনই ডিসিপ্লিন অফিসার বৃটিশ আমলে এ্যাংলো-ইণ্ডিয়ান ছিলেন। আমি এখানে অন্য কোন অবাঙ্গালীর সম্বন্ধে কোন কথা বলতে চাই না, ভারতীয় ও অ-ভারতীয় সম্বন্ধেও কোন কথা তুলতে চাই না। আমি মনে করি, যে দপ্তরই হোক, যে যেখানেই থাকুক, স্কেল অফ পে রিভিসন হবার আগে যে স্কেল পেতেন, এখন সেই স্কেল কিছু নেমে আসার জন্য সেই লোকদের অন্যায্য বা কম দেওয়া হয় না। সুতরাং এক্ষেত্রে বাঙ্গালী নয়, ভারতীয় নয়, এবং এ নিয়ে প্রতি বৎসর প্রশ্নও উঠে না। তারপর শ্রীযুক্ত নিরঞ্জন সেনগুপ্ত মহাশয় বলেছেন যে মন্ত্রী মহাশয় যে চিত্র দিয়েছেন সেই চিত্র সত্য নয়—আমি তাঁকে জোরের সঙ্গে জানাতে চাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের জেলখানায় এমন কোন ভাল ব্যবস্থা থাকা উচিত নয় যেটা বাইরের সমাজে পারিবারিক পরিবেশে পাওয়া যেতে পারে না। আজ যে কারা সংস্কার হয়েছে, আজ যে শাসনপদ্ধতি রয়েছে সেই শাসন-পদ্ধতির মূল কথা, পাপের পথে যে নৈতিক অবনতি হয়েছিল, যে অপরাধপ্রবণতা ছিল, তার মোড় ঘুরিয়ে দিয়ে সংস্কার করা। জেলখানায় বয়স্ক শিক্ষার মধ্যে দিয়ে ধর্ম্ম শিক্ষার

মধ্যে দিয়ে, হাতের কাজ ও নৈতিক শিক্ষার মধ্যে দিয়ে এই পরিবর্ত্তনের ব্যবস্থা হয়েছে। য়্যামেনিটিস এখন বাড়ান যায় না, যে য়্যামেনিটিস একজন সাধারণ নাগরিক পায় না—জেলে খাদ্য, বস্ত্র, স্বাস্থ্য পরীক্ষা ইত্যাদির যা ব্যবস্থা আছে তা পরিবর্ত্তন করে ভালো করা এমন করা উচিত নয় যা বাইরের লোক পেতে পারে না, তা না হলে সেটা একটা এ্যানুরমেণ্ট হয়ে পড়বে। কারা সংস্কারের মূল কথা, তাব সঙ্গে এমন ব্যবহার করতে হবে, যার ফলে তার নৈতিক উন্নতি হয়, তার যা স্বাভাবিক প্রবৃত্তি ছিল সেটা ঘুরে যেতে পারে। সেদিক থেকে আজকে আমাদের জেলখানায় যে ব্যবস্থা রয়েছে, আশাকরি নিরঞ্জন সেনগুপ্ত মহাশয়ও সেটা স্বীকার করবেন। তারপর ব্ল্যাঙ্কেট ফ্যাক্টরী সম্বন্ধেও এখানে একটা অভিযোগ উঠেছে এই উপলক্ষে ব্ল্যাঙ্কেট তৈরীর কাজ খুব বেশী দিন হয়নি হাতে নেওয়া হয়েছে; সুতরাং এরি মধ্যে আশা করা যায় না যে, জেলখানার প্রয়োজন অনুযায়ী এখনই সরবরাহ করা যেতে পারে। মাননীয়, অধ্যক্ষ মহোদয়, আমাদের সবশুদ্ধ প্রয়োজন ১৪ হাজার ৬০৭টি ব্ল্যাঙ্কেট। এক্ষেত্রে যদি মাত্র ১ মাসের আউটপুট দেখে বলা হয় এগুলি আপনারা উৎপাদন করলেন না কেন তাহলে সঙ্গত হবে না। বাইরের যা ওয়েজ ষ্ট্রাকচার জেলখানার সঙ্গে তা বনে না, এখানে প্রফিট করার ব্যবস্থাও নাই, ওযেজে বেশী দেবার ব্যবস্থা নাই, এই অবস্থায় এটা আরো ভাল ভাবে চলে না কেন এই প্রশ্ন করা হয়েছে।

এর মূল কথা হচ্ছে যে এরা ট্রেনড লোক নয়। আনট্রেনড লোক দিয়ে যদি শিল্প চালাতে হয় তাহলে যে প্রোডাকসান হবে তা বাইরের ট্রেনড পার্সোনেল বা সেমি-ট্রেনড লোকের সঙ্গে কম্পিটিশানে পারা যাবে না। আমার বক্তব্য আর কিছু নাই। আমার যা বরাদ্দ তা হাউসকে গ্রহণ করার জন্য অনুরোধ করছি। সমস্ত এমেণ্ডমেণ্টগুলো অপোজ করছি।

Mr. Speaker: With the exception of cut motion No. 7 on which division has been asked for and cut motions Nos. 9 and 49 which are out of order, I put the rest of the motions to vote.

The motion of Shri Narayan Chobey that the demand of Rs.1,04,08,000 for expenditure under grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Basanta Lal Chatterjee that the demand of Rs. 1,04,08,000 for expenditure under grant No. 16, Major Head' '28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Jatindra Chandra Chakravorti that the deman of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Rabindra Nath Mukhopadhyay that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Jagat Bose that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Pabitra mohon Roy that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gobinda Charan Maji that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Phakir Chandra Roy that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharjee that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Renupada Halder that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" bd reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Dasarathi Tah that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" bc reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gopal Basu that the demand of Rs. 1.04,08,000 for expenditure under Grant No, 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sasabindu Bera that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Mihirlal Chatterjee that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16' ;Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Ajit Kumar Ganguli that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Haridas Mitra that the demand of Rs. 1,04,08,000 fo expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced b Rs. 100, was then put and lost.

The motion of Shri Ganesh Ghosh that the demand of Rs. 1,04,08.000 for expenditure uuder Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Dhirendra Nath Banerjee that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, wrs then put and lost.

The motion of Shri Tarapada Dey that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bhupal Chandra Panda that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Suhrid Mullick Chowdhury that the demand of Rs.1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Saroj Roy that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sunil Das : that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bijoy Krishna Modak that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Niranjan Sengupta that the demand of Rs. 1,04,08,000 for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" be reduced by Rs. 100, was then put and a division taken with the following results :—

AYES—60

Abdulla Farooquie, Shri Shaikh
Banerjee, Shri Dhirendra Nath
Banerjee, Shri Subodh
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Brindabon Behari
Basu, Shri Chitto
Basu, Shri Hemanta kumar
Basu, Shri Jyoti
Bera, Shri Sasabindu
Bhaduri, Shri Panchugopal
Bhagat, Shri Mangru
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Shri Shyama Prasanna
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chattoraj, Shri Radhanath
Chobey, Shri Narayan
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Gobardhan
Das, Shri Natendra Nath
Das, Shri Sunil
Dey, Shri Tarapada
Dhar, Shri Dhirendra Nath
Elias Razi, Shri
Ganguli, Shri Ajit Kumar
Ghosal, Shri Hemanta Kumar
Ghosh, Shri Ganesh
Ghosh, Shrimati Labanya Prova
Golam Yazdani, Shri
Halder, Shri Ramanuj
Halder, Shri Renupada
Kar Mahapatra, Shri Bhuban Chandra
Konar, Shri Hare Krishna
Majhi, Shri Chaitan
Majni, Shri Jamadar
Majhi, Shri Ledu
Majhi, Shri Gobinda Charan
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Satyendra Narayan
Mitra, Shri Haridas
Modak, Shri Bijoy Krishna
Mondal, Shri Haran Chandra
Mukherji, Shri Bankin
Mukhopadhyay, Shri Samar
Mullick Chowdhury, Shri Suhrid
Naskar, Shri Gangadhar
Pakray, Shri Gobardhan
Panda, Shri Bhupal Chandra
Pandey, Shri Sudhir Kumar
Prasad, Shri Rama Shankar
Ray, Shri Pakhir Chandra
Roy, Shri Jagadananda
Roy, Shri Provash Chandra
Roy, Shri Rabindra Nath
Roy, Shri Saroj
Sen, Shrimati Manikuntala
Sengupta, Shri Niranjan
Taher Hossain, Shri

NOES—111

Adbul Hameed, Hazi
Addus Sattar, The Ho n,ble
Abul Hashem, Shri
Babiruddin Ahmed, Hazi
Bondyopadhyay, Shri Khagendra Nath
Banerji, The Hon'ble Sankardas
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya
Barman, The Hon'ble Shyma Prasad
Basu, Shri Satindra Nath
Bhagat, Shri Budhu

Bhattacharyya, Shri Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Brahmamandal, Shri Debendra Nath
Chakravary, Shri Bhabataran
Chattopadhyay, Shri Bijoylal
Chaudhuri, Shri Tarapada
Das, Shri Ananga Mohan
Das, Shri Bhusan Chandra
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Sankar
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dey, Shri Kanai Lal
Dhara, Shri Hansadhwaj
Digar, Shri Kiran Chandra
Digpati, Shri Panchanan
Dolui, Shri Harendra Nath
Gayen, Shri Brindaban
Ghosh, The Hon'ble Tarun Kanti
Ghosh Choudhuri, Dr. Ranjit Kumar
Gupta, Shri Nikunja Behari
Gurung, Shri Narbahadur
Hafijur Rahaman, Kazi
Hansda, Shri Jagatpati
Hasda, Shri Jamadar
Hazra, Shri Parbati
Hoare, Shrimati Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Kazem Ali Meerza, Shri Syed
Khan, Shrimati Anjali
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Kundu, Shrimati Abhalata
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Bhim Chandra
Mahato, Shri Debendra Nath
Mahato, Shri Sagar Chandra
Mahibur Rahaman Choudhury, Shri
Maiti, Shri Subodh Chandra
Majumdra, The Hon'ble Bhupati
Majumdra, Shri Byomkes
Majumder, Shri Jagannath
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Sudhir
Mardi, Shri Hakai
Maziruddin Ahmed, Shri
Misra, Shri Monoranjan
Modak, Shri Niranjan
Mohammad Giasuddin, Shri
Mondal, Shri Bhikari
Mondal, Shri Rajkrishna
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Pijus Kanti
Mukherjee, Shri Ram Lochan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Jadu Nath
Murmu, Shri Matla
Muzaffar Hussain, Shri
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Shri Khagendra Nath
Noronha, Shri Clifford
Pal, Shri Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Shri Ras Behari
Panja, Shri Bhabani Ranjan
Pemantle, Shrimati Olive
Poddar, Shri Anandilall
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Sarada Prasad
Prodhan, Shri, Trailokyanath
Ray, Shri Arabinda
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Shri Atul Krishna

Roy, *The Hon'ble Dr. Bidhan Chandra*
Roy Singha, Shri Satish Chandra
Saha, Shri Biswanath
Saha, Shri Dhaneswar
Sahis, Shri Nakul Chandra
Sarkar, Shri Amarendra Nath
Sarkar, Shri Lakshman Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Singha Deo, Shri Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Shri Durgapada
Sinha, Shri Phanis Chandra
Sinha Sarkar, Shri Jatindra Nath
Talukdar, Shri Bhawani Prasanna
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tusar

The Ayes being 60 and the Noes 111, the motion was lost.

The motion of the Hon'ble Purabi Mukhopadhyay that a sum of Rs. 1,04,08,000 be granted for expenditure under Grant No. 16, Major Head "28—Jails" was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7.30 p.m. till 3 p.m. on Tuesday, the 8th March, 1960, at the Assembly House, Calcutta.

Vol. XXV—No. 2

Assembly Proceedings

Official Report

West Bengal Legislative Assembly

Twenty-fifth Session

(February-April, 1960)

(From 7th March to 25th March, 1960)

Part 2

(8th March, 1960)

Published by authority of the Assembly under Rule 134 of the West Bengal Legislative Assembly Procedure Rules

Price—Indian, Rs. 1·50 nP. ; English, 2s. 3d.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 8th March, 1960, at 3 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble BANKIM CHANDRA KAR) in the Chair, 14 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 202 Members.

[3—3-10 p.m.]

Mr. Speaker : I understand there are three adjournment motions. I have refused consent to all of them. The honourable members may read them.

Adjournment Motions

Shri Sudhir Chandra Bhandari :

অদ্যকার এই বিধান সভার কাজ মুলতুবী রাখিয়া জনসাধারণের অতি প্রয়োজনীয় ও গুরুত্বপুর্ণ এবং সম্প্রতি কালে ঘটিত একটি বিষয় আলোচনা করা হউক, উক্ত গুরুত্বপুর্ণ বিষয়টী হইতেছে এই যে বজ-বজ লাইনের .৭৭ নং ও ৭৭এ নং রুটের বাসের ভাড়া বে-আইনীভাবে অতিরিক্ত বৃদ্ধি করা হইয়াছে ।

Dr. Ranendra Nath Sen : Sir, my motion runs thus :-

"This Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurence, namely, (i) the illegal lockout by the employers of Bengal Enamel Works at Palta throwing out more than a thousand workers on the streets on the 28th February, 1960, (ii) the Police interference on the peaceful workers, promulgation of Section 144 Cr. P.C. in the area banning meetings and processions and intimidation of workers by the Police in favour of employers, and (iii) the threat of the Registrar of Trade Unions to cancel the registration of the Union which is illegal and direct interference in the right to form and functioning of trade unions."

আমি একটা কথা বলতে চাই যে ষ্ট্রাইক হলে পর সেই ষ্ট্রাইকএর জন্য ওয়ার্কাস্ ইউনিয়ন এর রেজিষ্ট্রেসন ইত্যাদি ক্যানসেল করার হুমকী দেওয়া হচ্ছে । সাত্তার সাহেব এসব জানেন ।

Mr. Speaker : Dr. Sen, no statement please.

Shri Basanta Lal Chatterjee :

জনস্বার্থের দিক হইতে গুরুত্বপুর্ণ এবং সম্প্রতিকালে ঘটিত নিম্নলিখিত বিষয়টির উপর আলোচনার জন্য বিধান সভার অধিবেশন মুলতুবী রাখা হউক । অর্থাৎ পঃ দিনাজপুর জেলার ইটাহার থানা ও কুশমণ্ডী থানার অন্তর্গত লাম্‌ভোর ও অন্যান্য মৌজার দরিদ্র ভাগচাষীগণ ১০ দশ টাকা একরে কি দিয়া স্বত্ত্ব জমি বন্দোবস্ত লইয়াছেন । বর্ত্তমানে জোতদার তাঁহাদের

উপর উচ্ছেদ মামলা দায়ের করিতেছে এবং জোর পূর্বক ধান লইয়া যাইতেছে। জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট কোর্টে নালিশ করিতেছে। স্থানীয় থানা কুশমণ্ডী এবং রায়গঞ্জ মহকুমা পুলিশ অফিসারকে জানাইয়া নাম্ভোর গ্রামের বর্গাদারগণ কোন ফল পাইতেছেন না। দরিদ্র বর্গাদারকে সরকারের সাহায্য করা প্রয়োজন। আজ বর্গাদারগণ অতিশয় বিপদাপন্ন হইয়াছেন। সর্বপ্রকার উচ্ছেদ বন্ধ করা হউক বর্ত্তমানে আইন জারী করিয়া।

DEMAND FGR GRANT NO. 23

Major Head: 40—Agriculture, etc.

Mr. Speaker: There are many cut motions of which only No. 57 is out of order. I request the Hon'ble Tarun Kanti Ghosh to move the demand for Grant No. 23.

The Hon'ble Tarun Kanti Ghosh: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 4,86,23,000 be granted for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই বছরের বাজেট মুভ করতে এসে প্রথমে আমি একথা বলতে চাই যে,গত বছর আমরা কতটা এ্যাচিভমেণ্ট করেছি না করেছি সে ফিরিস্তি না দিয়ে আমাদের দেশের কৃষি ও খাদ্যোৎপাদনের যে সমস্যা তা' কি করে মেটান যায় সে সম্বন্ধে আপনাদের সামনে আমার বক্তব্য পেশ করব এবং সেই সঙ্গে সঙ্গে আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের অনুরোধ জানাব যে, তাঁরা তাঁদের উপদেশ দিয়ে বাধিত করুন। এছাড়া আমরা যে পথ বেছে নেবার চেষ্টা করছি সে সম্বন্ধে তাঁদের যদি কিছু বলার থাকে তা' বললে আমাদের মত বদলে নেবার সময় নিশ্চয়ই এখনও রয়েছে। প্রথম কথা বলা যায় যে আমাদের বাংলাদেশে সর্বসমেত ১ কোটি ৩০ লক্ষ একর জমি রয়েছে—এই জমিতে সিঙ্গল ক্রপিং চাষ হয়। ডাবল ক্রপিং ধরলে ১ কোটি ৫১ লক্ষ একর জমিতে চাষ হয়ে থাকে। আমরা যদি ৩।৪ বছরের গড়পড়তা হিসেব দেখি তাহলে দেখব যে এই জমি থেকে আমরা গড়পড়তা ৪০ লক্ষ টন চাল পেয়েছি, ৮।৯ লক্ষ টন জুট পেয়েছি—যেটা বেল-এর হিসেবে ধরলে প্রায় ২৫ লক্ষ বেল জুট হবে। এবং অন্যান্য সিরিয়ল্‌স যদি ধরি তাহলে ১৯৫৮।৫৯ সালে আমরা ৪৮ লক্ষ ৫৯ হাজার পেয়েছি। আমাদের দেশ হচ্ছে প্রধানত: ওয়ান ক্রপ স্টেট। সুতরাং চালের উৎপাদন যদি আমরা বৃদ্ধি করতে পারি তাহলে কৃষকদের অবস্থার উন্নতি করতে পারব। অন্যদিক থেকে যদি আমরা দেখি তাহলে দেখব যে ১ কোটি ৩০ লক্ষ একর জমির মধ্যে প্রায় ১ কোটি ১০ লক্ষ একর জমিতে ধান চাষ হয়ে থাকে। আমাদের পশ্চিমবাংলায় যেখানে ৫৫ লক্ষ টন ধান চাল দরকার সেখানে আমরা ৪০ লক্ষ টনের বেশী উৎপন্ন করতে পারছি না। গত ৩।৪ বছরের হিসেবে ১৯৫৩ সালে ভাল বৃষ্টি হয়েছিল বলে সেই বছর বাংলাদেশে বাম্পার ক্রপ হয়েছিল—প্রায় ৫৩ লক্ষ টন। কিন্তু তারপর থেকেই আমাদের ৩৮।৩৯।৪০।৪১।৪২ মধ্যেই থেকে যাচ্ছে। গত ৪ বছরের ইতিহাস যদি দেখি তাহলে দেখব যে আমাদের পশ্চিমবাংলায় প্রাকৃতিক বিপর্য্যয় হবার ফলে চাষের উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হয়নি। আপনারা জানেন যে,

১৯৫৬ সালে বন্যা হয়েছে, ১৯৫৭।৫৮ সালে ড্রাউট হয়েছে। গত বছর যদিও ভাল ফসলের আশা আমরা করেছিলাম কিন্তু খুব বেশী বন্যা হওয়ার ফলে আমাদের সেই আশা পূর্ণ হয়নি, তবুও আমি জানাতে পারি যে, গত বছর বন্যা হওয়া সত্বেও তার আগের বছরের চেয়ে আমাদের উৎপাদন প্রায় ১ লক্ষ টনের বেশী হয়েছে। এ থেকেই প্রমাণিত হয় যে, যদি বন্যা না হত তা'হলে আরও ৭।৮ লক্ষ টনের উৎপাদন বেশী হতে পারত। আমি মনে করি এর কৃতিত্ব সম্পূর্ণভাবে প্রকৃতির উপর ছিল, তার কারণ খুব ভাল বৃষ্টি আমরা আউসের শেষে এবং আমনের সুরুতে পেয়েছিলাম। কিন্তু দুর্ভাগ্যবশতঃ পরে বন্যা হওয়ার ফলে সেই সুযোগ আমরা গ্রহণ করতে পারিনি। এই বৃষ্টির সুযোগ নিয়ে আমাদের সাধারণ কৃষকরা আপ্রাণ চেষ্টা করে সোণার ফসল ফলিয়েছিল। কৃষি বিভাগের কর্ম্মীদের কাজকর্ম্ম এবং ভাল বীজ ইত্যাদি সরবরাহ করার ফলেই এই উৎপাদন বৃদ্ধিতে তাদের হয়ত ক্রেডিট থাকতে পারে। গত ৪ বছর ধরে আমাদের ফসলের যখন একই রকম অবস্থা থেকে যাচ্ছে তখন মুখ্যমন্ত্রীর নেতৃত্বে একটা ক্যাবিনেট সাবকমিটি গঠন করা হয়েছিল। এই ক্যাবিনেট সাবকমিটি যে একটা এক্সপার্ট কমিটি গঠন করেছিলেন সেই এক্সপার্ট কমিটির মধ্যে ৬ জন বড় বড় সায়েনটিস্ট এবং বিশেষজ্ঞরা ছিলেন।

[3-10—3-20 p.m.]

এই এক্সপার্ট কমিটি কৃষি বিভাগের যাঁরা বিশেষজ্ঞ রয়েছেন তাঁদের সঙ্গে বসে একটা পরিকল্পনা করে আমাদের সামনে দিয়েছেন যাতে করে আমরা আমাদের দেশের খাদ্য সমস্যা বেশীর ভাগ সমাধান করতে পারব বলে আশা করি। এই কমিটি আমাদের সামনে রেখেছিলেন আমাদের প্রোডাক্‌সন হচ্ছে ৪০ লক্ষ টন, এবং আজকে যে ১৫ লক্ষ টন ঘাটতি সেটা না রেখে তাঁরা রেখে ছিলেন ১৯৬৬ সালে কত ঘাটতি আমাদের দেশে দাঁড়াবে এবং সেটা আমরা কতটা পুরণ করতে পারব। আমরা আমাদের হিসাব মত দেখতে পাচ্ছি যে যেখানে আজ ১৫ লক্ষ টন ঘাটতি রয়েছে সেখানে ১৯৬৬ সালে এই ঘাটতির পরিমাণ দাঁড়াবে ২২।২৩ লক্ষ টন, কারণ আজকে আমাদের যে ৩ কোটি ১৩ লক্ষ লোক সংখ্যা আছে সেখানে যদি ১০৮ পার্সেণ্ট পার এ্যানাম বাড়ে তাহলে আমাদের লোক সংখ্যা ১৯৬৬ সালে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে দাঁড়াবে ৩ কোটি ৫০ লক্ষ। আজকে পার ক্যাপিটা কন্‌জামসান যেটা রয়েছে ১৬·৫ আউন্স সেটা যদি ১৭ আউন্স ধরি তাহলে আমরা দেখতে পাই চালের এখন যা দরকার হচ্ছে তার চেয়ে আরো বেশী ২২।২৩ লক্ষ টন দরকার হবে—৬২।৬৩ লক্ষ টন আমাদের উৎপন্ন করা দরকার। আজকে আমাদের যে ১৫ লক্ষ টন চালের ঘাটতি হচ্ছে সেটা মেটাবার জন্য আমরা হয়ত উড়িষ্যা থেকে ৩।৪ লক্ষ টন চাল পেতে পারি আর বাকিটা হয়ত আটা দিয়ে মিট আপ করবার চেষ্টা করছি। এই ১৫ লক্ষ টন ঘাটতি যদি ২২ লক্ষ টনে দাঁড়ায় তাহলে আমরা জানি এই ঘাটতি পুরণ করা ভারত সরকারের পক্ষেও অসম্ভব হয়ে পড়বে। তার কারণ হচ্ছে এই যে আমাদের ভারতবর্ষে প্রধানতঃ ৩টি সারপ্লাস ষ্টেট রয়েছে—উড়িষ্যা, মধ্যপ্রদেশ এবং অন্ধ্র-প্রদেশ। উড়িষ্যার সঙ্গে ইস্‌টার্‌ন্‌ ইন্‌ডিয়া পারটি-কুলারলি বেঙ্গলকে যুক্ত করে দেওয়া হয়েছে, কিন্তু মধ্যপ্রদেশে যেটা বেশী উৎপন্ন হবে সেটা বোম্বেকে দিয়ে দিতে হবে কারণ বোম্বেতে ১ মিলিয়ান টন খাদ্য ঘাটতি রয়েছে, আর অন্ধ্র প্রদেশে যেটা বেশী উৎপন্ন হয় তা কেরালা এবং মাইশোরকে দিতে হয় কারণ মাইশোরে ঘাটতি হয় ২।২॥ লক্ষ টন এবং কেরালায় হয় ৭।৭॥ লক্ষ টন। অতএব আমরা আশা করতে পারি না যে ৩টি ষ্টেট আমাদের কিছু পাঠিয়ে দেবে। এই ৩টি ষ্টেট থেকে যদিও সবটা

পাঠিয়ে দেয় তাহলেও আমরা সব ঘাটতি পুরণ করতে পারব না। এক্সপার্ট কমিটি যে কথা লিখেছেন তা আমি পড়ে দিচ্ছি, আপনারা বুঝতে পারবেন। এক্সপার্ট কমিটি লিখেছেন —

"the chronic food problem in West Bengal has become very grave with the increase in population added with the influx of refugees and due to continuous unfavourable weather conditions. The deficit in rice—the staple food of the State is enormous. This year's deficit of rice calculated on per capita consumption of 16·5 oz. per day which in our opinion is a fairly accurate consumption figure, would come to more than 1.5 million tons and with the increase in population at the rate of 2 p.c and a slight increase in consumption figure of 5 oz. per day, the deficit is likely to be of the order of 5 lakhs tons in the year 1966,i.e,. at the end of 3rd 5 yr. plan. We do not think it will be possible for the Govt. of India to make good this deficit through internal procurement in India or by importing from abroad. It should be borne in mind that mainly there are 3 surplus rice-producing States in India, namely, Orissa, Andhra and Madhya Pradesh, and even if the entire quantity of surplus rice in these 3 States is diverted to West Bengal, there still will be a large deficit which will be almost impossible for the Govt. of India to import from outside in view of the world rice position. To tackle the problem so as to increase the production of rice by at least 25 lakhs tons by the end of the 3rd 5yr plan, we have a comprehensive and coordinated scheme which should be tackled asa whole,as otherwise we are very much afraid the desired result would not be achieved. No monetary consideration or foreign exchange difficulty should stand in the way of implementation of the schemes in this State for augmentation of food as otherwise this State is bound to face a serious crisis during the next 3 to 5 years' time. Along with the deficit in rice, West Bengal is also deficit in wheat, pulses, sugar and other essential commodities."

কাজে কাজেই এক্সপার্ট কমিটী যে সমস্ত জিনিষগুলি দেখে এই ওয়ার্নিং দিয়ে গেছেন তা যদি সম্পূর্ণভাবে অবহিত হয়ে গ্রহণ করবার জন্য যথাসাধ্য চেষ্টা না করি তাহলে আজ থেকে ৪।৫ বছর পরে এমন একটা সিচুয়েসান এ্যারাইজ হতে পারে, যেখানে পপুলেসান এই রকম বেড়ে যাচ্ছে, যখন বাইরে থেকে খাদ্য এনে আমাদের খাদ্য ঘাটতি পুরণ করা অসম্ভব হয়ে পড়তে পারে। এইজন্য তাঁরা বলেছেন ফরেন এক্সচেঞ্জ ক্রাইসিস কোন রকম monetary consideration should not stand in the way of the implementation of the food production Scheme.

তাঁরা বহু চিন্তা করে আমাদের সামনে যে ৬টি প্রস্তাব রেখেছেন তা, আমি জানি, আপনাদের কাছে নতুন হবে না। তার কারণ কৃষির উন্নতি করতে গেলে আজকের দিনে প্রত্যেকে জানেন যে কি কি দরকার—তারা সেটার উপর বেশি করে জোর দিয়েছেন। তারা বলেছেন যে আমাদের প্রথম দরকার

immediate steps for drainage system

প্রতিদিন আমরা দেখতে পাই যে যেখানে খাদ্য উৎপাদন করা কত শক্ত, যেখানে মানুষ চেষ্টা করে কষ্ট করে খাদ্য উৎপাদন করছে সেখানে খাদ্য, উৎপাদন হয়ে যাবার পর বেশি বৃষ্টি হয়ে বন্যা হয়ে অনেক ফসল নষ্ট হয়ে যাচ্ছে। আপনারা জানেন ১৯৫৪ সালে নর্থ বেঙ্গলে একটা

বন্যাও হয়েছিল। সে বন্যাও দেখবার জন্য আমাদের প্রেসিডেন্ট এবং আইন মিনিষ্টর দুজনেই এসেছিলেন এবং ১৯৫৬ সালেও আমরা দেখেছি বন্যা হয়েছে। গত বছরেরও দেখলাম কি রকম বন্যা হয়ে গেছে। অতএব ড্রেনেজ সিস্টেমের অভাবে আমরা দেখতে পাচ্ছি আজকে বহু ফসল হয়ে যাবার পর নষ্ট হয়ে যাচ্ছে। আপনারা নিশ্চয়ই অনেকে ঘুরে বেরিয়ে দেখতে পান যে আমাদের যে সমস্ত বিলগুলি ছিল যেখানে কোনদিন চাষ হত না আজকে সেখানেও চাষ হচ্ছে—ন্যাচারাল ওয়াটার রিজারভয়ের যেগুলি ছিল এবং ন্যাচারাল ওয়াটার রিজারভয়ার যেগুলি সেগুলি ভাল হিসাবে কাজ করতো এবং অনাবৃষ্টির সময় যেগুলি থেকে জল নিয়ে আমরা সেচের ব্যবস্থা করতে পারতাম আজকে সে জমিতে চাষ হয়েছে। কিছুদিন আগে বারাসতে যে নাংলা বিল আছে—আমার বন্ধু চিত্তবাবু এবং ওখানকার আরো অনেকে আমার কাছে এসেছিলেন, আমি সেখানে নিজে গিয়েছিলাম—গিয়ে দেখলাম যে সেখানে একটা বিরাট বিল ছিল সে বিলেতে জল থাকতো এবং যে জল দিয়ে জলসেচন করে তারা বহু হাজার বিঘা জমিতে সোনার ফসল ফলাতে পারতো সেই বিল আজকে ধান চাষ হবার ফলে বিলের মাটি উঁচু হয়ে গেছে, ফলে একটা বৃষ্টি হলে আর সেখানকার জল ধরে রাখতে পারে না। সেজন্য জমি ভাসিয়ে দিয়ে যাচ্ছে এবং বিলেতে যারা চাষ করবার চেষ্টা করছে তারা ফসল পাচ্ছে না। অতএব আজকে খুব বেশি করে আমাদেব ফ্লাড কণ্ট্রোল মেজার নেওয়া দরকার এবং ড্রেনেজ সিষ্টেম ভাল করে করা দরকার। আপনারা সবাই জানেন যে আমাদের একটা ফলাড ইনকোয়ারী কমিটি গঠন করা হয়েছে এবং আমরা আশা করি যদি ফ্লাড ইনকোয়ারী কমিটির রিপোর্ট পাবার পর ভারত সরকার এবং আমাদের পশ্চিমবঙ্গ সরকার দুজনে মিলে যথাসাধ্য চেষ্টা করে এই সমস্যার সমাধান করতে পারবেন; কিন্তু আমাদের বিশেষজ্ঞদের মতে এটা হচ্ছে ফাষ্ট প্রাইওরিটি। দ্বিতীয় প্রাইওরিটি তারা বলেছেন যে আমাদের দেশে ইরিগেসনের অভাব, কৃষিকার্য্য করতে গেলে জল যদি না থাকে তাহলে কৃষিকার্য্য করা সম্ভব নয়। অতএব তারা বলেছেন আমাদের দেশে যদি খাদ্যের প্রোডাকসন বাড়াতে হয় তাহলে ৫।৬ বছরের মধ্যে আরো ৩০ লক্ষ একর জমিতে আমাদের সেচের বন্দোবস্ত করতে হবে। তারা অবশ্য বলেছিলেন ৪০ লক্ষ একর জমিতে কিন্তু আমাদের ইরিগেশন এবং কৃষি বিভাগের হিসাবে আমরা দেখলাম যে একসংগে ৪০ লক্ষ একর জমিতে সেচের বন্দোবস্ত করার মত অর্থ, মেশিনারী এবং জনবলের অভাব আমাদের আছে। তাই আমরা ৩০ লক্ষ একর জমিতে সেচের বন্দোবস্ত করার পরিকল্পনা গ্রহণ করেছি। আপনারা জানেন দামোদর ভ্যালী এতবড় বিরাট পরিকল্পনা এটকা হয়েছে তার থেকে মাত্র ৯ লক্ষ একর জমিতে আমরা এই বন্দোবস্ত করতে পারছি। অতএব ৪০ লক্ষ একর জমিতে করা সোজা কথা নয় কারণ এতে বহু এক্সপার্ট ইঞ্জিনিয়ার এবং এক্সপার্ট লোকের দরকার হয়।

[3-20—3-30 p.m.]

And the price of paddy went up and the price of jute went down. Therefore they did not produce more jute. I know jute must be produced. About 10 lakh acres of land is under jute cultivation producing about 9 lakh maunds of jute. That is necessary. But from the 10 million acres of paddy land that we have it is easy to produce the amount of rice that we require. It is easy to produce not merely rice but vegetables, dahl and also the mustard seeds that we require. As for mustard seed, I find in the budget there is a provision for oil research. I do not know what is the result of that research, the Food Minister has not said anything. We have got dearth of oil fat in out State of West Bengal. I had more or less all the samples of oil seeds and mustard seeds that are used in West Bengal analysed from the University College of Science laboratory. I found that the oil seeds of Ranchi Lohardaga contain 10 per cent more oil than the mustard seed that we have in West Bengal in Murshidabad and Nadia and other places, and if that seed can be introduced in this State—I have not done any experiment if that can be done, then it is all right. I do not know what this research team has done. I thought that the Food Minister would give us a resume of the work that has been done as result of the research and if our research scientists do omething at least, if they cannot write in Bengali, if they have forgotten their nother tongue, they may even write in English and send us at least what esult has been achieved, we shall be able to comunicate that result to the griculturists in areas where we live.

Then, I have been saying, Sir, about remission of land revenue as an incentive. am glad Shri Sankardas Banerjee, the ex-Speaker of our Assembly, has also dvocated remission of land revenue. Year before last 76 per cent was the

collection charge. This year 1959-60—96 per cent was the collection charge and next year 79 per cent will be the collection charge. This is our Land Revenue Department, and 20 per cent is more or less the saving. But the Government does not want to spare even that 20 per cent. I have made a suggestion to our Revenue Minister. I said that up to 5 acres of land, remit all land revenue and ask your Revenue Officers to prepare a list of people who have more than 5 acres of land. Then by the month of Chaitra—last day of the year—they must send the land revenue by money order to Gevernment and if they do not send the revenue by money order by that date, distress warrants would be issued against them. The Hon'ble Revenue Ministei said that it was a good suggestion and 'I will consider it". I hope the Cabinet will take note of that. They say what are we to do with these Government officers ? I have never heard such a thing. If the Government officers are not wanted in a department and they are still to be kept then what about the whole country ? Why do you think of the few privileged people and not of the country as a whole ? There are so many persons who are unemployed, give them unemployment doles. So I would ask the Government not to think of the few Government officers, think of the country as a whole. If the Governmant officers are not wanted, way do you keep them in the department ? I do not understand this trade union mentality anyhow. What is the use of keeping the officers if they are unwanted ?

[4-10—4-20 p.m.]

If they are useful only then they should be kept. Otherwise they should be asked to go and work in the field. As for minimum salary and maximum salary there should be a ratio just as in Germany. My friend Shri Syamadas Bhattacharjee was saying the other day that there has been more inflation in Germany than in India. But he forgot to mention that there has been inflation in the salary too. I may tell him that a German friend of mine, in whose house I stayed while in Hamburg, came to India and told me that in 1953 the minimum income in Germany was 250 Marks, and the highest—for a nobeal laureate—was 1500 Marks, but in 1957 it was raised to 300 and 2,000 Marks respectively. Here our I.A.S. officers are not satisfied even with Rs.2,000 whereas a nobel laureate in Germany was satisfied with 1500 Marks in 1953 and 2,000 Marks in 1957. I have not seen a single man in Germany who does not get sufficient milk, fruit, fish, meat of butter everyday. I want to be assured only of these things and not of salary. If our friend Shri Syamadas Bhattacharjee can assure us of these things I shall not complain of anything. That is the main thing our Food Minister must do.

We have got too many people in agriculture today. An economic unit in agriculture should be 5 acres. I an glad, Sir, Shri Binoba Bhabe, who was an advocate of giving land to the landless has come to this idea after so many years. If you give the minimum half acre, one acre or one bigha of land to a cultivator it will do no good to him. It will be only distribution of poverty because with that land he cannot maintain his family nor can he maintain himself. He remains a poor man and continues borrowing and borrowing all his life. We have got too

ment should make arrangements for irrigation and drainage both. Some areas are suffering from non-drainage. There is too much water-logging and there must be drainage arrangements. There should be good seed with high percentage of germination and there should be adequate marketing facilities, some fillip must be given to the cottage industries, and there should be remission of land revenue for some years to come—at least in the revised form I have suggested. There should be diversified farming and not merely one crop. Otherwise you will never be able to make this country self-supporting in food. With these words, Sir, I resume my seat.

Shri Khagendra Kumar Roy Chowdhury :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই এগ্রিকালচার সম্বন্ধে দু-চারটি কথা বলে মন্ত্রী মহাশয়কে বাধিত করিতে চাই। উনি আগেই তাঁর বক্তৃতায় বলেছেন উপদেশ দিয়ে ওঁকে যেন আমরা বাধিত করি। ওঁর বক্তৃতার কথা বলতে গেলে এই কথা বলতে হয় উনি ভাল সীড ব্রিডিং করেছেন। এক মণ সীডে প্রায় ৯ বিঘা জমি চাষ হতে পারবে এবং ৪৫ মণ ভাল সীড তৈরী হবে। এই ভাবে ৪৫ × ৪৫ গুণ করে করে বাডতে থাকবে। তার কথায় হিতোপদেশের একটা কথা মনে পড়ছে। শেষ পর্য্যন্ত গলা ধাক্কা। তিনি হিসেবটা উল্টো দিকে কেন করলেন না। গত বার বছর ধরে ঘাটতি করেছেন এবং সেটা আজ বাড়তে বাড়তে ৪০ লক্ষ টনে এসে দাঁড়িয়েছে। এটা করতে কত বছর সময় লাগবে? এটা বললে বুঝতে সুবিধা হবে—বাস্তব পরিস্থিতি কি? উনি পরিকল্পনার কথা বলেছেন।
Second five year Pl[illegible]eriod
এর মধ্যে ওঁদের উ[illegible]ন। যে লক্ষ্য ছিল এবং তাতে যে টাকা খরচ করেছেন, সে সম্বন্ধে আমি দু-একটি কথা প্রথমে বলতে চাই—সাজেসন পরে দেব।

আমার প্রথম কথা হচ্ছে—যে পরিকল্পনা করেছেন, তার কতকগুলি টার্গেট করেছেন? সেই টার্গেট পুরণ করবার দায়িত্ব ওঁদের নাই। নিজেরা জানেন টার্গেট পুরণ করি বা না করি কিছু এসে যায় না। অর্থাৎ কিছু টাকা ঐ পরিকল্পনা অনুযায়ী টাকা খরচ করা এবং সেই টাকা খরচ করতে গেলে কিছু স্কীম ইত্যাদি স্থির করা। এ ছাড়া আর কিছু করেন নাই। পরে হিসেব দেখলে তা বোঝা যাবে। প্রথমে
Second five year Plan period
এর মধ্যে কৃষি,
Community Development, N.E.S. Block
ইত্যাদিতে খরচ হবে ২৯ কোটি টাকা। এই ২৯ কোটি টাকা খরচ করে একটি জিনিষ হয়েছে যে আপনার লক্ষ্যের ধারের কাছেও তাঁরা পৌছতে পারেননি। অথচ টাকা যা ধার্য্য ছিল তার চেয়ে বেশী খরচ তাঁরা করেছেন; আর টার্গেট কমে গেছে। গড়ে টাকা বেশী, টার্গেট কম। প্রথমেই এটা সবচেয়ে আগে করা দরকার। উৎপাদন যদি বাড়াতে হয় তাহলে মাথা পিছু উৎপাদন বাড়ানর জন্য যে প্রচেষ্টা তা করা দরকার। মাথা পিছু করতে গেলে কালটিভেটরস্‌দের যে পরিমাণে সাহায্য করা উচিত
Loans, seeds, agricultural implements
দিয়ে, এবং তা' করতে গেলে যে টাকা দেওয়া দরকার তা দেওয়া হয়নি। এবং যাও বা দেওয়া হয়েছে তা ঠিক জায়গায় যায়নি বা সময় মত যায়নি। অবশ্য ৩০ কোটি টাকা তাঁরা খরচ

করবেন, এই প্ল্যান পিরিয়ডএর মধ্যে। কিন্তু তাঁদের টারগেটএ পৌছান ত দূরের কথা উৎপাদন আরো কমছে। আমার কথা হচ্ছে ৩০ কোটি টাকা কেন ৩০০ কোটি টাকা করলেও হবে না কারণ তাদের খাঁই বড় বেশী। যাই হোক, এগ্রিকালচার বাড়াবার জন্য যদি সত্যিকারের সাহায্য তাদের দেবার ব্যবস্থা করেন, যদি ইনসেনটিভ দিয়ে উৎসাহ দেন, তাহলে এগ্রিকালচার্যাল প্রোডাকসন বাড়াতে পারবেন। কিন্তু আপনারা যে সাহায্য দেন তার মধ্যে একটা বিরাট অংশ ভাগচাষী—এই ভাগচাষীর সংখ্যা যে কত তার হিসাব আমার কাছে নেই, তবে ১৯৫১ সালের সেনসাস রিপোর্ট দেখেছিলাম ৭ লক্ষ ভাগচাষী পরিবার বাংলা দেশে আছে। তারা কম জমি চাষ করে না—তাদের কোন রকম সাহায্য দেওয়া হয় না। তারা কৃষি ঋণ পায় না যেহেতু জমির ডীড্স দেখাতে হয়, ক্যাটল পারচেজ লোনও পায় না। মজার কথা হচ্ছে এই উৎসাহ না পাবার জন্য যে জমি তারা চাষ করে সে জমিতে যা উৎপাদন হবার কথা তা হচ্ছে না, কারণ তারা নিজেদের জমির দিকে নজর না দিয়ে অন্যের জমিতে মজুরী খাটতে যায়। সুতরাং তাদের নিজেদের জমিতে যে ফসল হবার কথা তাও কমে যাচ্ছে। ভাগচাষীদের যদি সাহায্য করা হয় তাহলে উৎপাদন বাড়ে কিন্তু তা না করার জন্য উৎপাদন কমে যাচ্ছে। ভাগচাষীদের কোন রকম সাহায্য দেন না। তরুণ বাবুকে জিজ্ঞাসা করতে পারি কি, এই ভাগচাষীরা কি চীন দেশ থেকে এসেছে, না রাশিয়া থেকে এসেছে? এদের শেকড় কোথায়? এদের টাকা না দিয়ে টাকা দিচ্ছেন জমিদার গোষ্টিকে, তাতে কি উৎপাদন বেড়েছে? ৩০ কোটি টাকা ব্যয় হতে চলেছে তাতে উৎপাদন কত বাড়বে সেটা আলোচনা হওয়া দরকার। তাদের সাহায্য করার কোন ব্যবস্থা নেই। বরং কিছু কিছু জায়গায় ভাগচাষীদের যাও বা লোন দেওয়া হয়েছে তাতে দেখছি তাদের ক্ষতিই হয়েছে। তাদের উপর সার্টিফিকেট জারী করে টাকা আদায় করার চেষ্টা হচ্ছে। এতে তাদের উৎসাহ পাওয়া ত দূরের কথা, ভবিষ্যতে তারা আর কোন দিন লোন নিতে যাবে না। তাদের যদি লোন দেবার চেষ্টাও করেন তাহলেও তারা লোন নেবে না।

তারপর আপনার জল পথ। প্রত্যেক বৎসর আলোচনা হয় যে এর ব্যবস্থা কি করলেন। এগুলি যে অবস্থায় আছে তাতে শুধু সরকারের গাফিলতির জন্য লক্ষ লক্ষ বিঘা জমি ভেসে যাচ্ছে। আমি অন্য এলাকার কথা ছেড়েই দিলাম, আমি যে এলাকা থেকে নির্ব্বাচিত হয়েছি, আরাপাচ পরিকল্পনার কথা শুনেছি। এখানে ৪টি পাম্প রয়েছে। এবার খুব বর্ষার সময়েও দু'টির বেশী পাম্প চলেনি, এর ফলে সোনারপুরের সমস্ত ফসল নষ্ট হয়ে গেল। আপনার ফিগার দেখলেই বুঝবেন। এখানে আপনার ক্রটি বিচ্যুতিগুলি ঠিক সময় হস্তক্ষেপ না করার জন্য বহু এলাকার ধান নষ্ট হয়ে গিয়েছে। এমব্যাঙ্কমেণ্টএর ব্যাপারেও দেখছি বারবার একই জিনিষ হচ্ছে, বাঁধ রক্ষা না করার জন্য প্রত্যেক বৎসর জমি নষ্ট হয়ে যাচ্ছে। সেখানে এক বৎসরে যা করছেন পরের বৎসরে তা ভেসে যাচ্ছে। এর এক্সপ্লানেসন কি? এটা কেন আপনারা দেখেন না? কোন জায়গায় হয়ত স্লুইস গেট সামান্য একটু খারাপ হয়েছে সেটা ঠিক মত সারানর অভাবে বহু জায়গায় জমি নষ্ট হয়ে গিয়েছে। এবং এগুলি সরকারের নজরে আসলেও ইরিগেশন ডিপার্টমেণ্ট বলে ওটা এগ্রিকালচার্যাল ডিপার্টমেণ্ট-এর কনসার্নড, আবার এগ্রিকালচার্যাল ডিপার্টমেণ্টএ গেলে বলে ও ইরিগেশন ডিপার্টমেণ্টএর কনসার্নড। এ যেন ঠাকুরের ঘরের পয়সা, না ভোগের পয়সা। এই সমস্ত সময়ে সে সমস্ত ডিপার্টমেণ্টএর কনসার্নএ আছে তাদের উচিত এক সঙ্গে বসে ঠিক করা। কি করে জল নিকাশ করা যায়, স্লুইস গেট গুলি ঠিক করা যায়।

[4-30—4-40 p.m.]

কিন্তু প্রত্যেক বছরই একই হিসেব দিচ্ছেন। তারপর কৃতিত্বটা একটু বলি। আপনারা ল্যাণ্ড রিক্লেমেসন যা করেছেন তাতে আমি বলতে চাই যে আপনাদের কি লক্ষ্য ছিল, টারগেট ছিল আর কি করেছেন। দোফসলা আপনারা করবেন বলে খুব জোর গলায় প্রচার করেছিলেন কিন্তু আমরা বাস্তবে কি দেখেছি—কিছুই করতে পারেন নি। তারপর চাষীদের উৎসাহিত করার কথা বলেন। কৃষকদের উৎসাহিত না করলে সত্যিকারের প্রোডাকসন বাড়া সম্ভব নয়। ওঁরা কিরকম উৎসাহ দিচ্ছেন তার একটু নমুনা দেখুন। কিছুদিন পূর্ব্বে দামোদর ভ্যালী এলাকায় চাষীদের উপর জোর করে ট্যাক্স আদায় করেছেন। তাদের উপর উৎপীড়ন করা হয়েছে। সেখানে দোফসলা তো দুরের কথা এক ফসলই কি রকম হারে হয়েছে তা আপনারা সকলেই জানেন। আর উৎসাহ দেবার কথাটা আমার থেকে হয়ত অজয় বাবু ভাল করে বলতে পারবেন। মোট কথা একটা জিনিষ পরিষ্কার আমরা দেখতে পাচ্ছি যে গড় ফলন আমাদের দেশে কি সামগ্রিক ভাবে কি মাথাপিছু কমে যাচ্ছে। কিছুদিন আগে প্রফুল্ল বাবু একটা হিসেব দিয়েছিলেন এবং সেখানে বলেছিলেন যে চীনেতে যে পরিমাণ জমিতে চাষ হয় ভারতবর্ষে তার চেয়ে বেশী পরিমাণ জমিতে চাষ হয়। সেখানে আমি অন্য কারো কথা বলব না। আমাদের শ্রদ্ধেয় ডাঃ জে, সি, ঘোষ প্লানিং কমিশনের মেম্বার তিনি বলেছেন ভারতবর্ষের উৎপাদন পৃথিবীর মধ্যে লোয়েস্ট। তিনি চীনের ব্যাপারে কিছু কিছু মন্তব্য করেছেন সেগুলি আমি একটু পড়ে দিচ্ছি

It is no wonder therefore that our crop production per acre is the lowest in the world. Chinese agriculture provides more food per capita from 275 million acres of land for 600 million people than Indian agriculture does for 38 crores of people from 350 million acres of land.

অথচ আজকে উল্টোকথা আমরা বিধান সভায় আমরা শুনতে পাচ্ছি। তবে আমি তরুণবাবুর কাছে অনুরোধ করব তিনি যেন প্রফুল্লবাবুর মত সব সময় বাজে তথ্য দিয়ে কথা না বলেন তাহলে কিন্তু মুস্কিল হবে। আমি এখানে আপনাদের দেওয়া তথ্য থেকে বলছি দেখুন আমাদের আজ কোথায় আপনারা দাঁড় করিয়েছেন। সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানএ আপনাদের টারগেট ছিল, এবং আপনারা বলেছিলেন দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আপনারা ৬·৫৬ লাখ টন গ্রেন বাড়াবেন, তরুণবাবু একবার বলেছিলেন যে ৫৪ লক্ষ টন হয়েছিল। কিন্তু সেটা আমরা দেখ্‌ছি ৫০·৯ লক্ষ টন হয়েছে। এরমধ্যে একবার শুধু ৫৭ সালে কিছুটা বেড়েছিল। কিন্তু এই পিরিয়ডএর মধ্যে ৪০এর বেশী বড় একটা হয়নি। এই এত টাকা খরচ কোরে সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যান পিরিয়ডএর মধ্যে ৬ লক্ষ টন বেশী ধানের উৎপাদন বাড়াবেন বলেছিলেন, কিন্তু তা বাড়াতে পারেন নি। বরং কমে যাচ্ছে। তেমনি হুইট, ১৯৫৫-৫৬ ছিল ৪৩,০০০ টনস আর ১৯৫৭-৫৮এ ১৯,০০০ টনস হয়ে গেল। তারপর গ্রাম ১৯৫৫-৫৬ ছিল ১৩৭ থাউজেন্ড টনস, ১৯৫৭-৫৮ হয়ে গেল ৯০ থাউজেন্ড টনস। তারপর সুগারকেনএ ১৯৫৫-৫৬ ছিল ১২৯ থাউজেণ্ড টনস সেটা কমে হ'ল ৮৫ থাউজেণ্ড টনস। এইভাবে অয়েল সীডস ১৯৫৫-৫৬ ছিল ৪৯ থাউজেণ্ড টনস সেটা কমে ১৯৫৭-৫৮এ কমে হল ৩৫,০০০ টনস। এই রকম ভাবে পার একর আমরা কি রকম এগিয়েছি তার একটু নমুনা দেখুন। প্রথমে রাইস ধরা যাক। ১৯৫৫-৫৬এ ১১·১১ মানড পার একর ছিল সেটা কমে ১৯৫৭-৫৮এ হল ১০·৭৪ মানড।

তারপর হুইট ১৯৫৫-৫৬এ ৭'৬৩ মানড্ পার একর ছিল সেটা ১৯৫৭-৫৮ কমে দাড়িয়েছে ৬'২৫। তারপর গ্রাম ১৯৫৫-৫৬এ ১১'৯৮ সেটা কমে ১৯৫৭-৫৮ দাড়াল ৯'৭১। তারপর অয়েল সীডস এ ১৯৫৫-৫৬ ছিল ৪.১৭ সেটা কমে ১৯৫৭-৫৮এ দাড়াল ৩.৮১। এই রকম ভাবে যদি আমরা দেখি তাহলে দেখব যে প্রত্যেক জিনিষে পার একরএ কমেছে। কোটি কোটি টাকা খরচ করে স্কীম তৈরী করে তা এই পিরিয়ডএর মধ্যে কার্য্যকরী করব এই সব কথা আপনারা বলেন আর কতদূর সেই টারগেটএ পৌঁছিয়েছেন তা একবার দেখুন। আপনারা বলেছিলেন এই পিরিয়ডের মধ্যে ডিষ্ট্রিবিউসন অব সীডস্ বিলি করবেন ৬.৮ লাখ টনস সেখানে মাত্র ৪৩ হাজার মণএ পর্য্যন্ত বিলি করতে পেরেছেন। প্রায় কাছাকাছি আর কি। তারপর সীডস্ ফার্ম এই পিরিয়ডএর মধ্যে ১০০টা করবার কথা ছিল কি করেছেন—৪৮টা কমপ্লিট হয়েছে আর ৩৫টার কাজ চলছে—আমারা ধরে নিতে পারি এখনও কাজ আরম্ভ হয় নি। তারপর রিক্লেমেসন অব ওয়েস্ট ল্যাণ্ড বলেছিলেন ১ লক্ষ বিঘা করবেন। এই ৪ বছর ধরে এত টাকা খরচ করে কি করলেন—মাত্র ২৪ হাজার একর জমি উদ্ধার করেছেন। এই হচ্ছে আপনাদের কৃতিত্ব। তারপর স্মল ইরিগেসন্ মারফৎ ৪ লক্ষ একর জমিতে সেচের বন্দোবস্ত করবেন, আর করছেন মাত্র ৪ হাজার ৮০০ একর। এই সব হচ্ছে আপনাদের দেওয়া হিসেব। আমার নিজের মনগড়া হিসেব নয়। সেইজন্য বলছি আজকে উৎপাদন [illegible] তো দূরের কথা, এই ৪ বছরের মধ্যে কি সামগ্রিক ভাবে কি মাথাপিছু সমস্ত উৎপাদন কমে [illegible]। আমি যে তথ্য এখানে পরিবেশন করলাম সব ওয়েস্ট বেঙ্গল সরকারের পাবলিস করা বই থেকে দেবার চেষ্টা করেছি। এখন প্রশ্ন হচ্ছে এই ভাবে যদি চলে তাহলে খাদ্য উৎপাদন বাড়ানোর কোন সম্ভবনাই নেই। আপনারা বারবার সাজেসসনএর কথা বলেন সহযোগিতার কথা বলেন কিন্তু আমরা জানি এটা আপনাদের একটা কৌশল মাত্র। বিধান সভায় এসব সাজেসসনএর কথা সহযোগিতার কথা বলে বাহিরে অন্য রকম নীতি চালান অন্য কথা বলেন এটা আমরা বুঝি। আমরা প্রত্যেক বছর সাজেসসন দিই কি ঐগুলি তো কখন কার্য্যকরী হতে দেখি না। হাজার হাজার বিঘা চাষের জমি জলে ডুবিয়ে দেওয়া হয় মেছোভেরী করবার জন্য আমরা বরাবর বলে এসেছি। এখানে হেমবাবু বসে আছেন। তিনি সব জানেন, কিন্তু আপনারা সে সব বন্ধ করবার কোন ব্যবস্থা করলেন না। তারপর স্লুইস গেট খারাপ হয়ে গেলে তা সারাবার কোন ব্যবস্থা আপনাদের নেই। বাঁধ ভেঙ্গে গেলে তা মেরামত করবার কথা বলা হয় ছোট সেচের পরিকল্পনা দেওয়া হয় আপনারা সে সব কার্য্যকরী করেন না, আর এখানে কো-অপারেসন সাজেসন সহযোগিতা ইত্যাদি বলে আমাদের ধাপ্পা দেওয়া হয়।

The Hon'ble Tarun Kanti Ghosh:

ছোট সেচের জন্য ও বাঁধ মেনটেনএর জন্য যদি সাজেসন দিতে পারেন তো বলুন।

Sri Khagendra Kumar Roy Chowdhury:

লোক্যাল পিপল্দের সঙ্গে পরামর্শ নিয়ে সাবডিভিসনাল বেসিসএ কমিটি করুন, ইরিগেসন্ ডিপার্টমেণ্টএর অফিসারদের সঙ্গে আপনার ডিপার্টমেণ্টএর অফিসার সঙ্গে এক সঙ্গে বসে পরামর্শ করুন এবং অফিসারদের আরও দায়িত্ব দিন। সাধারণ মানুষের পরামর্শ নিয়ে কাজ করুন তাহলে কিছু করা সম্ভব।

[4-40—5-50 p.m.]

সুতরাং তাদের যাতে মেলাবার বন্দোবস্ত করা যায় সেই ব্যবস্থা করুন। কারণ তা' না হলে এ-ডিপার্টমেণ্ট ও-ডিপার্টমেণ্ট মিলতে মিলতেই সব শেষ হয়ে যাচ্ছে। কিন্তু আসল কথা হচ্ছে যে আপনারা যদি মাথা পিছু উৎপাদন বাড়ানোর জন্য ভাগচাষীকে উৎসাহিত না করেন তাহলে কিছুই হবে না। ভাগচাষীকে লোন দেওয়ার কোন ব্যবস্থা নেই। আমরা জানি যে অনেক জায়গায় গরুর অভাবে চাষ করতে পারে না। চাষের সময় গর্ভমেণ্টের তরফ থেকে যদি সেণ্টার খুলে গরু হায়ার দেওয়া হয় তাহলে ভাল হয়। আপনারা যদি মনে করেন যে টাকা পাওয়া যাবে না তাহলে অন্ততঃ সেণ্টার খুলে যাতে তাদের সস্তায় ভাড়া পাওয়া যায় সেই ব্যবস্থা করুন। ভাগচাষীরা যাতে সস্তায় ষাঁড় ও সিড্ ভাড়া পেতে পারে তার ব্যবস্থা করুন। কিন্তু আমাদের এত দিনের অভিজ্ঞতায় আমরা জানি যে আপনারা তা' করবেন না। আর একটি জিনিষ এই প্রসঙ্গে বলব আপনারা ডিমনষ্ট্রেশান সেণ্টার খুলে এক্সপেরিমেণ্ট করছেন এবং ডিমনষ্ট্রেশান ব্যবস্থা করছেন ভাল কথা। কিন্তু আপনাদের এই ফল কোথায় লাগবে সেটা ভাবা দরকার। আপনাদের ডিমনষ্ট্রেশান সেণ্টারের শিক্ষা যদি সমগ্র বাংলা দেশে লাগাতে হয় তাহলে কৃষকদের জমির মালিক করতে হবে। এটা অবশ্য আপনার ডিপার্টমেণ্টের ব্যাপার নয়। কিন্তু আমরা জানি যে এটা আপনাদের কাছে ইমপসিবল ব্যাপার। সোনারপুরে ব্লক ডেভালাপমেণ্ট এরিয়াতে ৩।৪ বছর কাজ হয়েছে, কিন্তু ভাগচাষীরা উৎপাদনের হার বাড়াতে পারছেন না। আসল কথা হচ্ছে যে যতক্ষণ পর্য্যন্ত ভাগচাষীকে জমির মালিক না করতে পারেন ততক্ষণ পর্য্যন্ত আপনার ডিপার্টমেণ্টের এক্সপেরিমেণ্ট যাই হোক না কেন বা সিডলোন দেবার যা[illegible] করুন না কেন তাতে কিছু হবে না। অর্থাৎ সেই ছাতুর লাভের মতন হবে [illegible] বলছিলাম এর পরের বছরে যেন এসব আব শুনতে না হয়। আজকে যে ভাবে উনি ডে[illegible] দেখালেন সেটা খুব ভাল কথা যে উনি এটা স্বীকার করেছেন, যা অন্য কেউ করেন না। আপনি পাকা হননি বলে বোধ হয় এটা স্বীকার করেছেন। এর আগে প্রফুল্লবাবু এই বিধানসভায় দাঁড়িয়ে 'টন টন' বলতেন এবং জুলাই-এ এত টন, আগষ্ট-এ এটন ইত্যাদি এক একবারে এক এক রকম বলতেন। অর্থাৎ প্রফুল্লবাবু খালি ৭ লক্ষ, ৯ লক্ষ টন ছাড়া আর কিছুই বলতেন না। আপনারা যদি বিরোধী দলের সহযোগিতা না নেন এবং শুধু যদি নিজের দলের লোকের কথা শোনেন এবং তাদের লোন দেন তাহলে কোন দিন উৎপাদন বাড়বে না। সেজন্য বলব যে আমরা হয় যে সমস্ত কথা বলি তার কিছু যদি কার্য্যকরী করেন তাহলে সমস্যার খানিক সমাধান হবে, আর আমাদের সব কথা যদি উড়িয়ে দেন যা প্রফুল্লবাবু বা অন্যান্যরা দেন তাহলে বুঝব যে আপনিও কিছু করতে পারবেন না।

Dr. Maitrayee Bose :

মাননীয় স্পীকার মহাশয়, আমার মত শহরের লোকের পক্ষে এগ্রিকালচার এবং খাদ্যোৎপাদন সম্পর্কে কিছু বলা হয়ত ধৃষ্টতা হতে পারে কিন্তু আজকে এই খাদ্যোৎপাদনের সঙ্গে বেকারী যে ভাবে জড়িয়ে রয়েছে তা'তে এ সম্বন্ধে কিছু না বললে কর্ত্তব্যের অবহেলা হবে বলে মনে করি। আজকে ভারতবর্ষে বিশেষ করে এই বাংলাদেশে যে বেকারী অত্যন্ত বেড়ে গেছে তা কেউ অস্বীকার করছে না, অর্থাৎ এমপ্লয়মেণ্ট পোটেনসিয়ালিটি বলে যেটা আছে তা আমাদের কমে গেছে। একটু চিন্তা করলেই দেখা যাবে যে, উৎপাদনের পরিমাণ কম হওয়ার জন্য এবং দেশে খাদ্যের ঘাটতি হওয়ার জন্যই এই ঘটনা ঘটেছে। এ ছাড়া গভর্ণমেণ্ট দিনের পর দিন ইমপোর্ট কণ্ট্রোল বাড়িয়ে দিচ্ছেন এবং তার ফলে ছোট ছোট শিল্পগুলি বিপন্ন

হয়ে যাচ্ছে এবং বড় বড় শিল্পগুলিও কাঁচামাল ও যন্ত্রপাতি আমদানী না করতে পারায় বন্ধ হয়ে যাচ্ছে। এই সমস্ত ছোট বড় শিল্প বন্ধ হওয়ার ফলেও বেকারের সংখ্যা দিনের পর দিন বেড়ে চলেছে। ক্লোজার কমিটি বলে একটা কমিটিতে আমার কাজ করবার সুযোগ হয়েছিল, কিন্তু ছোট ছোট কারখানাগুলি বন্ধ হয়ে যাওয়ায় বা সেগুলো আর খোলবার সম্ভাবনা না থাকায় আমরা আর একটা মিটিংও করতে পারছি না। কোলকাতা পোর্টের সঙ্গে যাঁরা যুক্ত আছেন তাঁরাই জানেন যে সেখানে আজ কি পরিমাণ খাদ্যশস্যের আমদানী হচ্ছে, এবং কোলকাতা পোর্টের যা কিছু ইকোনমি তা' সবই খাদ্যশস্যের উপর নির্ভর করে। আজ টেলকো, রুরকেল্লা ও দুর্গাপুর প্রভৃতি কারখানার আমদানী বন্ধ হয়েছে এবং এখন যদি এই খাদ্যশস্যের আমদানীও বন্ধ হয়ে যায় তাহলে কোলকাতা পোর্টের যথেষ্ট ক্ষতি হবে। কিন্তু একথা সকলেই জানেন যে, আমাদের মত কৃষিপ্রধান দেশকে যদি প্রচুর আমদানী করতে হয় তাহলে অন্য শিল্প গড়ে উঠতে পারবে না। আমাদের খাদ্যোৎপাদনের পথে প্রধান অন্তরায় যেটা আমি ২৪ পরগণা জেলায় দেখেছি এবং পূর্ববর্তী বক্তাও বলেছেন, সেটা হোল ঐ লোনা জলের সমস্যা। আমার এ বিষয়ে খুব ব্যাপক অভিজ্ঞতা না থাকলেও এটা বলতে পারি যে, যদি বসিরহাটের দিকে কেউ যান তাহলে দেখবেন যে হাজার হাজার বিঘা জমিতে লোনা জল তুলে মাছের চাষ করা হচ্ছে। তা' ছাড়া স্লুইস গেটগুলি মেরামত করার কোন ব্যবস্থা তো' নেই এবং এমন কি যা'তে তা' না করা হয় সেই ব্যবস্থা হচ্ছে। আজকাল বাজারে মাছের যে রকম অভাব তাতে অনেকেই হয়ত বলবেন যে মাছের যত বেশী চাষ হয় ততই ভাল। কিন্তু আমি বলব যে তারজন্য এই লোনা জল দিয়ে ধান নষ্ট না করে অন্য কোন উপায় অবলম্বন করা উচিত। আমি গঙ্গার দু-পাশে দেখেছি যে সমস্ত জেলেরা বাস করে তারা প্রচুর মাছ ধরা সত্বেও তা' কোলকাতায় আমদানী না করার জন্য নষ্ট হয়ে যাচ্ছে। অন্ততঃ এগুলি যদি সার হিসেবেও ব্যবহার হোত তাহলে ভাল হোত। মেদিনীপুরের জেলেরা সুন্দরবন এলাকায় গিয়ে মাছ ধরে সেগুলিকে সুটকী করে। কিন্তু তারা যে পদ্ধতিতে সুটকী করে তাতে ½ অংশই নষ্ট হয়ে যায়। কিন্তু তবুও যদি এগুলোকে কোলক'তায় আনার ব্যবস্থা থাকত তাহলে আমাদের এই ডিপ সি ট্রলার-এর এত প্রয়োজন হোত না। কাজেই ঐগুলোকে ভাল করে অর্গানাইজ করে কাজে লাগান উচিত। তা'ছাড়া "দিঘাতে" কো-অপারেটিভের মাধ্যমে যে ব্যবস্থা করা হয়েছে তা' যদি এখানেও হোত তা'হলে ভাল হোত। এবারে আমি খাদ্যোৎপাদন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, যদি লোনাজল তুলে মাছ ধরতেই হয় তাহলে এখন ব্যবস্থা করুন যা'তে ধান নষ্ট না হয়।

[4-50—5-0 p.m.]

এবং মাছ সরবরাহ করবার জন্য নোনা জল তুলে ধানের জমি নষ্ট না করেও অন্য উপায় আছে। তারপর ছোট ছোট সেচ পরিকল্পনা আজকের দিনে খুব কথায় কথায় হয়েছে। দামোদরে বাঁধ দিয়ে বিশেষ কিছু হয় না, সেখান থেকে চাষীরা খুব বেশী উপকার পাচ্ছে না, ছোট ছোট সেচ পরিকল্পনায় খুব ভাল হবে। সেচ পরিকল্পনা সম্বন্ধে আমার যতটুকু অভিজ্ঞতা আছে তা আমি অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। রাজ বাঁধে আমার একটা প্রতিষ্ঠান আছে, সেখানে ৫ বছর আগে আমি একটা ছোট দীঘি কাটাবার ব্যবস্থা করেছিলাম। সেই দীঘি কাটাতে আমাকে ½ অংশ খরচ দিতে হবে এবং গভর্ণমেন্ট ½ অংশ দেবেন এবং আমার প্রতিষ্ঠানের ১৩ একর যে জায়গা আছে, তার ভিতরে কোন জায়গাতে হবে সেটা বিশেষজ্ঞরা ঠিক করবেন। বিশেষজ্ঞরা এসে এমনই ঠিক করলেন

যে এক পাশে রাজ বাঁধ থাকায় জলটা টেনে নেয়, আর এক দিকে স্প্রিং থাকায় সেখান থেকে জলটা টেনে নেয়। কাজেই ৯ হাজার টাকা খরচ করে যে দীঘিটা করলাম তার জলটা ২ বছরের মধ্যেই শুকিয়ে গেল। কাজেই মাছ ছটফট করতে করতে মরে গেল, সেগুলি রাজ বাঁধে ফেলে দিতে হল। কাজেই এই ছোট ছোট সেচ পরিকল্পনাগুলিকে যদি কার্য্যকরী করতে হয় তাহলে বিশেষজ্ঞদের সত্যিকারের বিশেষজ্ঞ হতে হবে, এই রকমভাবে চলবে না। দীঘিটার দৈর্ঘ এবং প্রস্থ কত সে ফিগারটা আমার মনে নাই কিন্তু এমনভাবে গভীর করা হল যে সূর্যের তাপে জল অনেকখানি শুকিয়ে গেল। বিশেষজ্ঞকে বলতে তিনি বললেন ওর ভেতরে ক্র্যাক হয়েছে, এঁটেল জমি রোদ লেগে ফিসিওর হয়ে গেছে। এমনভাবে জল শুকিয়ে গেছে যে পুকুরের তলাটা রোদ লেগে ফিসিওর হয়ে গেছে, সিমেন্ট দিয়ে সেই জায়গাটা গ্রাউটিং করতে হবে। তারপর তিনি বললেন ধারগুলিতে সব ঘাসের চাপড়া লাগাতে হবে, মাটি ধুয়ে ধুয়ে পড়ছে সেজন্য গভীরতা কমে যাচ্ছে। আমি বললাম ঘাসের চাপড়া লাগাতে কত লাগবে ? তিনি বললেন ৫ হাজার টাকা লাগবে। যে দীঘিটা ৯ হাজার টাকা খরচ করে কাটা হয়েছে, তাতে ঘাসের চাপড়া লাগাতে ৫ হাজার টাকা লাগবে। যাহোক, এখন মাটি ধুয়ে ধুয়ে তার ফাটলগুলো বন্ধ হয়ে গেছে, জল কিছুটা থাকে। আমরা চোখের সামনে দেখছি যে নোনা জল তোলা বন্ধ করা যায়, মাছ অন্য রকমে উৎপন্ন করা যায়, ছোট সেচ পরিকল্পনা সুপরিকল্পিতভাবে করা যায়—কিন্তু আমরা কিছু পেরে উঠছি না ; এইজন্য পেরে উঠছি না যে আমরা দৌড়াদৌড়ি করি, লাফালাফি করি, বদনাম হয়ে যায়, মেজাজ খারাপ বলে কিছু করতে পারি না। শেষ পর্যন্ত যা কষ্ট করে, খরচ করে করলাম সে অনুযায়ী ফলটা নিতান্ত কম হল। সেইজন্য আমি বিশেষ করে আমাদের তরুণ মন্ত্রীকে বলছি, তিনি তাঁর তরুণ উৎসাহ নিয়ে যেন দেশের উন্নতি করবার জন্য চেষ্টা করেন। আমাদের সহযোগিতা সম্পূর্ণ পাবেন।

Shri Chitto Bosu :

মিঃ স্পীকার স্যার, আজকে এই দপ্তরের নূতন মন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় যে নূতন পরিকল্পনার যে ব্লু প্রিন্ট আমাদের আছে রাখলেন সেই ব্লু প্রিন্ট দেখে মনে হল যে এটা পর্বতের মুষিক প্রসব ছাড়া আর কিছু নয়। তিনি কৃষি এবং খাদ্য উৎপাদন মন্ত্রীত্বের দায়িত্বভার গ্রহণ করেছেন। তারপর আমরা আশা করেছিলাম যে বাংলাদেশের খাদ্যসঙ্কট দূর করবার জন্য একটা নূতন পরিকল্পনা নিয়ে নূতন মন্ত্রী মহাশয় বোধ হয় এই দপ্তরের ভার গ্রহণ করবেন। ১২৬ কোটি টাকার যে ফিরিস্তি তিনি আমাদের সামনে রাখলেন আমি জানি না তিনি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষি খাতে যে উন্নয়নমূলক ব্যবস্থা করবার কথা আছে তাতে যে ছয়টা পয়েন্টের কথা বলা হয়েছে তার চেয়ে কোন কথা বাড়িয়ে বলতে পেরেছেন কিনা। যে সমস্ত বিশেষজ্ঞদের নিয়ে এই রিপোর্ট তৈরী করা হয়েছে তারা ইনিয়ে বিনিয়ে সেই ছয়টা কথাই বলছেন। এই ছয়টা পয়েন্টের মধ্যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সামনে সেই সমস্ত খাতে ব্যয় বরাদ্দ করার পরে কোথায় সাফল্য অর্জন করেছেন এবং কোথায় ফলাফল অর্জন করেছেন তার ও একটা হিসাব আমার মনে হয় আমার বন্ধু খগেন বাবু দিয়েছেন। কাজেই এই দেখে আমার মনে হয় যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষি খাতে যে সমস্ত জিনিষগুলি আছে সে সম্পর্কেএকটু বেশী বেশী বরাদ্দ করা ছাড়া অন্য কোন নূতন দৃষ্টিভঙ্গী এর সঙ্গে প্রতিফলিত হয়নি। মিঃ স্পীকার স্যার, একটা কথা আমি না বলে পারছি না যে তিনি কৃষি এবং খাদ্য উৎপাদন

মন্ত্রী তিনি খাদ্য উৎপাদনের কথা বলতে চান, কৃষকের কথা বলতে চান না। কৃষকের কথা মনে না রেখে, কৃষকের জীবন সম্পর্কে কোন তথ্য না রেখে, কৃষকের জীবন সম্পর্কে কোন অভিজ্ঞতা না রেখে কৃষির উন্নতি তিনি করবেন এবং তার মধ্য দিয়া দেশে খাদ্যের উৎপাদন বৃদ্ধি হবে একথা আমি কখনও কল্পনাও করতে পারি না। মিঃ স্পীকার স্যার, বেশী বলবার সুযোগ আমার নেই—শুধু এ কথা বলি যে কৃষকের জীবনের পরিবর্ত্তন করতে গেলে যে পরিবর্ত্তনের মধ্য দিয়ে খাদ্য উৎপাদন বৃদ্ধি করা সম্ভব, তা করতে গেলে যে জিনিষগুলি প্রয়োজন তা হোল মোটামুটি এই কৃষকদের প্রয়োজনীয় ঋণ দিতে হবে তাদের কৃষিকার্য্য করবার জন্য, তাদের পর্য্যাপ্ত পরিমাণে সার সরবরাহ করতে হবে ক্ষেতে ব্যবহার করার জন্য, উন্নত ধরণের বীজ সরবরাহ করতে হবে উৎপাদন বৃদ্ধি করার জন্য এবং জল সেচের ব্যবস্থা করতে হবে। সর্বোপরি যে কথা তাঁর ভাবা উচিৎ তা' হচ্ছে এই যে গ্রামাঞ্চলে কৃষকরা ঋণ এবং করভারে প্রপীড়িত—এর থেকে তাদের মুক্ত করতে না পারলে তাদের উৎপাদন করার দিক কোন রকম ইণ্টারেষ্ট বা উৎসাহ থাকবে না। মিঃ স্পীকার স্যার, আপনি জানেন যে কৃষকের খাজনা বা ঋণ মকুবের কথা এখানে বহুবার আলোচিত হয়েছে কিন্তু ব্লু প্রিণ্টে এ সম্পর্কে কোন কথাই আমরা জানতে পারলাম না। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলতে চাই যদি প্রকৃত খাদ্য উৎপাদন করতে চান এবং কৃষকদের কাছে চিরস্মরণীয় হয়ে থাকতে চান তাহলে বাংলাদেশের কৃষকদের ঋণ এবং করভার থেকে মুক্ত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করুন। বাংলাদেশের কৃষকরা আজ ফজলুল হক সাহেবকে স্মরণ করে এই কারণে যে তিনি তাদের কর এবং ঋণ থেকে মুক্ত করার চেষ্টা করেছিলেন।

মন্ত্রী মহাশয়ও তেমনি আজকে খাদ্য উৎপাদন বৃদ্ধি করবার জন্য প্রচেষ্টা হিসাবে সেই সমস্ত কৃষকদের দাসত্বের হাত থেকে মুক্ত করে তাদের ধন্যবাদভাজন হন। মিঃ স্পীকার স্যার, বাজেট সংক্রান্ত ব্যাপারে আমি ২।১টা কথা বলি—১২৬ কোটি টাকার কথা আমি আর তুলছি না কেন না সেটা আমাদের আলোচনার জন্য আসেনি। আমি দেখলাম এবার যে বরাদ্দ করা হয়েছে এগ্রিকালচার্যাল ডেভেলপমেণ্টে বর্ত্তমান সালে রিভাইজে সেখানে ছিল ৪ কোটি, ৭ লক্ষ টাকা, সেটা এবার কমিয়ে দিয়েছেন ৩ কোটি ৬৩ লক্ষ টাকা, ডেভেলপমেণ্ট স্কীমএ যেখানে ছিল ৩ কোটি ৯৮ লক্ষ টাকা উন্নয়ন করবার জন্য, সেখানে কমিয়ে দিয়েছেন ৩ কোটি ৭৬ লক্ষ টাকা অর্থাৎ প্রায় ৩০ লক্ষ টাকার মত কম এবং সর্বসাকুল্যে যে বাজেট বরাদ্দ করেছেন সেখানে ছিল ৪ কোটি ৯১ লক্ষ টাকা সেখানে ৪ কোটি ৫৩ লক্ষ টাকা অর্থাৎ প্রায় ৩০ লক্ষ টাকা টাকার মত কম; অথচ কৃষির উন্নয়ন করবার জন্য পরিকল্পনা এবং ব্লু প্রিণ্ট পেশ করছেন। তাঁরা একটা পয়েণ্ট অত্যন্ত ন্যায়সংগতভাবে এবং সময়সংগত হিসাবে উপস্থাপিত করেছেন ডাঃ ঘোষ। সারা বাংলাদেশে পাট উৎপন্ন করে চাষী তাদের কথা একটু বলি। তাদের জন্য বাজারের ব্যবস্থা করার পরিকল্পনা আছে—এ কথা আমরা জানি—

Pilot Scheme for the marketing of jute in West Bengal.

এই খাতে যেখানে ১৯৫৯-৬০ সালে ২ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছিল সেখানে তাকে করা হল ১ লক্ষ ৬৭ হাজার টাকা—আর এবার নূতন মন্ত্রীর আমলে বাংলাদেশের পাট চাষীদের বাজারের অবস্থা যখন খারাপ তখন ৭৫ হাজার টাকা ব্যয় বরাদ্দ করেছেন।

[5-0—5-5 p.m.]

অর্থাৎ বাজারের ব্যবস্থা না করে কৃষকদের মার্কেটিং ফেসিলিটি দেবার সুযোগ না দিয়ে তাদের উৎপাদন করতে দেওয়া হাস্যকর ব্যবস্থা ছাড়া আর কিছু নয়।

আর একটা কথা বলা দরকার। নূতন মন্ত্রী হয়েছে এ বিভাগে, ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে এই অনুরোধ করব অন্ততঃপক্ষে কৃষি এবং খাদ্যের উৎপাদন বৃদ্ধি করতে হলে ৩টি বিভাগের একত্রীকরণ দরকার। তা হচ্ছে খাদ্য বিভাগ, ভুমি রাজস্ব বিভাগ এবং কৃষি বিভাগ এই তিনটি বিভাগ পরস্পর ওতপ্রোতভাবে জড়িত। এই তিনটি বিভাগকে একসঙ্গে না করলে এবং তার সঙ্গে ডেভেলপমেন্ট এবং সেচ বিভাগকে সহযোগী হিসাবে না রাখলে এই সমস্যার সমাধান হতে পারে না। কাজেই আমি মনে করি থানা লেভেলএ সরকারী কর্মচারীদের কোঅরডিনেসন মারফৎ যে কাজ করবেন সেই কোঅরডিনেসন উপরের স্তরে হওয়া উচিত, তিনটি দপ্তর একসঙ্গে থাকলে খরচ কমে প্রশাসনিক খরচ কমে। কাজেই এই একত্রীকরণ যতক্ষণ না হচ্ছে ততক্ষণ সমস্যার সমাধান হবে বলে আমি মনে করি না।

তারপর আর একটা কথা বলছি—আমলাতান্ত্রিক মনোভাবের কথা। আপনি জানেন সারের কথা হয়েছে, আমরা পর পর কিভাবে সার পেয়েছি সেটা আমরা শুনতে পেলাম এবং এটাও শুনলাম সেটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। যা আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাই তার সরবরাহে এবং বিতরণে কেলেঙ্কারী আছে সেটা মন্ত্রীমহাশয়ও জানেন। আমরা জানি আমাদের কৃষিদপ্তরের যিনি সেক্রেটারী শ্রী সি, কে, রায় তাঁর পুত্র শ'ওয়ালেস কোম্পানীতে একজন বড় অফিসার সেই সুবাদে সরকারী সবরবাহ বিতরণ করার পূর্ণ অধিকার—সোল এজেন্সী রয়েছে এ কোম্পানীর। এটা সংবাদপত্রে বেরিয়েছে, দায়িত্বশীল সংবাদপত্রে এটা প্রকাশিত হয়েছে যে সেই সার বাংলাদেশের কৃষক না পেয়ে মাদ্রাজে চালান হয়ে গেছে। চা বাগানের মালিকদের স্বার্থে। এই কাজ করার ক্ষমতা এই দপ্তরের সেক্রেটারীর হাত অত্যন্ত বেশী। এ সম্বন্ধে মন্ত্রীমহাশয় কোন তদন্ত করেছেন কিনা জানি না। এই বিধানসভায় সি, কে, রায় সম্পর্কে অনেক আলোচনা পূর্ব্বেও হয়েছে। যখন তিনি রোড ট্রান্সপোর্ট অথরিটি পদে ছিলেন তখন তার কার্যকালে পারমিট দেওয়া সম্পর্কে যে দুর্নীতি চলেছিল তার সঙ্গে যে তিনি জড়িত ছিলেন সে সম্বন্ধে বলা হয়েছে। অথচ এই ধরণের দায়িত্বশীল পদে তিনি আছেন। যে বিভাগের দায়িত্ব হচ্ছে বাংলাদেশকে বাঁচাবার যে কথা মন্ত্রীমহাশয়ও বললেন, বাংলা-দেশ বাঁচবে কি মরবে এই জীবন মৃত্যুর সমস্যার সঙ্গে যে দপ্তরের সম্পর্ক সেই দপ্তরে যদি এই ধরণের দুর্নীতিপরায়ণ একজন প্রশাসনিক ব্যক্তিকে রাখেন তাহলে এই সমস্যার সমাধান করা যাবে না। ব্যক্তিগতভাবে আমি এটা জানি যে এই বিভাগের আমলাতান্ত্রিকেরা কৃষকদের সামান্য কাজ করতে গিয়ে কি গাফিলতী করে। স্পীকার মহাশয়, আমি জানি আমার নিজের কেন্দ্রের একটা অঞ্চলে বিড়লা কলেজ অব এগ্রিকালচার আছে সেখানকার জমি আপনারা চান। সেখানে হরিণঘাটা ফার্মএর জন্য যে জমি আছে সে জমিতে ফার্ম না করে আবার আর একটা অঞ্চলে করতে চান। আমি তথ্য জানতে চেয়েছিলাম সরকারের কাছে সরকারের আসল কি বক্তব্য ২।২॥ মাস হয়ে গেল, আমি মন্ত্রীমহাশয়ের কাছে গিয়েছি, রাইটার্স বিল্ডিংসএও গিয়েছি কিন্তু আমার সে চিঠির জবাব আজ পর্য্যন্ত পাইনি। এই ভাবে যদি কাজ চলে এবং বিভাগ দুর্নীতিগ্রস্ত হয় তাহলে কৃষি সমস্যার সমাধান নেই —একথাই বলবো।

[At this stage the House was adjourned for 15 minutes].

[*After adjournment*]

[5-20—5-30 p.m.]

Shri Provakar Pal :

মিঃ স্পীকার, স্যার, আজকে আমরা একটা অত্যন্ত গুরুত্বপুর্ণ বিষয়ে আলোচনা সুরু করেছি, সেটা হচ্ছে কৃষি। কৃষির উপরে বাংলা দেশের অর্থনৈতিক অবস্থা অনেকখানি নির্ভর করছে। কৃষিতে শুধু দেশের সমৃদ্ধি, সম্পদ বৃদ্ধি করছে, তা নয়, এটা বাঙ্গালীর জীবন ধারণের একটা পথও বটে। এ রকম একটি গুরুত্বপুর্ণ বিষয়ের আলোচনার সুরুতে আমি আমাদের তরুণ মন্ত্রী শ্রীতরুণকান্তি ঘোষ মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। আগামী তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেশে সমগ্রভাবে খাদ্য সমস্যার সমাধান করা সম্ভব হবে বলে, তিনি যে আভাষ দিয়েছেন, তাতে আমরা খুব আনন্দিত ও খুসী হয়েছি। কিন্তু দুঃখের কথা গত ১২ বছর ধরে পশ্চিমবাংলা সরকার যে খাদ্য ও কৃষিনীতি অনুসরণ করে চলেছেন, তাতে দেশের কৃষিসমস্যা সমাধান হতে পারেনি। যে শিল্পের উপর শতকরা ৭২জন বাঙ্গালী নির্ভরশীল, তার উপর যদি বিশেষ গুরুত্ব না দেওয়া হয়, তাহলে আমাদের জাতির প্রতি অপরাধ করা হবে বলে আমি মনে করি। বিগত কয়েক বৎসর ধরে পশ্চিমবঙ্গ সরকার যে কৃষি-নীতি অনুসরণ করে চলেছেন তা কার্য্যকরী হয়নি, বা সাফল্য লাভ করতে পারেনি এই কারণে যে কৃষির উপর যতখানি গুরুত্ব দেওয়া উচিত, তা তাঁরা দেননি। আমরা দেখতে পাই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্য দিয়ে সমগ্র পশ্চিমবাংলার জন্য ১৫৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল, তার থেকে মাত্র সাড়ে সাত কোটি টাকা কৃষির জন্য ব্যয় করা হচ্ছে। আমি আশ্চর্য্য হয়ে যাচ্ছি যে জাতির অধিকাংশ লোক কৃষির উপর নির্ভরশীল, সেখানে এই কৃষি শিল্পকে উপেক্ষা করা হয়েছে। যখন বাংলা দেশের খাদ্য সমস্যা একটা দুষ্ট ক্ষতর মত চেপে বসে রয়েছে এবং বাংলাদেশের খাদ্য মন্ত্রীকে খাদ্য সংগ্রহের জন্য ছুটে যেতে হচ্ছে অন্য প্রদেশের মন্ত্রীসভা ও শাসক কর্ত্তৃপক্ষের কাছে, তখন এই কৃষি শিল্পকে যদি উন্নতির পথে এগিয়ে নিয়ে যেতে না পারেন, তাহলে এটা একেবারে ব্যর্থতায় পরিণত হতে বাধ্য সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমি মনে করি বাংলাদেশের প্রকৃত সম্পদ হচ্ছে জমি, সেই জমিতে যদি আমরা ইনটেনসিভ কাল্‌টিভেসন করতে পারতাম তাহলে বাংলাদেশকে খাদ্য বিষয়ে স্বয়ংসম্পূর্ণ করতে পারতাম। আমি যে অঞ্চল থেকে এসেছি সেখানকার সমস্যা আমি জানি, সেখানে ৯৯জন কৃষিজীবি—সেখানে কৃষির উন্নতির জন্য পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগ বিশেষ কিছুই করেন নি। এটা অত্যন্ত আশ্চর্য্যের বিষয় যে জল কৃষির জন্য অত্যন্ত আবশ্যক, সেই জল পর্য্যাপ্ত পরিমাণে দেওয়া হয়নি এবং উন্নত ধরণের রোগমুক্ত বীজ সরবরাহের ব্যবস্থা করা হয়নি এবং উন্নত ধরণের সারেরও ব্যবস্থা করা হয়নি। আমরা দেখতে পাই, পশ্চিমবাংলার কৃষিজীবি সরকারের কোন প্রকার সাহায্য না পেয়েও ১৯৫০-৫১ সালে ১৪ লক্ষ বেল পাট উৎপন্ন করেছিল। তারপর ১৯৫৮-৫৯ সালে ৩৪ লক্ষ বেল পাট উৎপন্ন করে। কিন্তু তার উপযুক্ত মূল্য না পাওয়ার ফলে, তারা বাধ্য হয়েছে পাট উৎপাদন কমাতে, যার জন্য ১৯৫৯-৬০ সালে মাত্র ২৬ লক্ষ বেল পাট তৈরী হয়েছে।

গত বৎসর কৃষি বিভাগে যে আয় হয়েছে, তার কথা একটু বলেছিলাম—পাটের দর বেঁধে দেওয়া হোক। দুঃখের বিষয় বাংলা সরকার ও ভারত সরকার সেদিকে কর্ণপাত করেন নাই। লক্ষ লক্ষ মানুষ যারা পাট শিল্পকে বাঁচিয়ে রেখেছে—এই যে চাষী—তারা রোদে পুড়ে জলে ভিজে পাট উৎপাদন করে। অথচ তার জন্য তারা ন্যায্য মূল্য পায় না। আগের

বাবে মূল্য ছিল ২২।২৩ টাকা। এত কষ্ট করে পাট উৎপাদন করেও তারা ৩০ টাকা দাম পায় না। তারা ২২।২৩ টাকা দরে বিক্রি করতে বাধ্য হয়। আমাদের দেশে এমন কোন কো-অপারেটিভ সোসাইটি গড়ে উঠেনি যাতে করে কৃষকরা সাময়িকভাবে মাল রেখে দৈনন্দিন খরচের যোগান দিতে পারে। আমি এদিক দিয়ে পশ্চিমবঙ্গ সরকারের নূতন কৃষিমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি পাটের একটা ন্যায্য সর্বনিম্ন দাম বেঁধে দিন। আমি মনে করি ৩৫ টাকা থেকে ৪০৲ টাকা এই দাম বেঁধে দেওয়া উচিত। এটা আমি শুধু অনুরোধ করবো না, এটা আমি তাঁর কাছে দাবী করবো।

আর একটা ভাল ফসল আমাদের দেশে আলু। আমরা দেখছি ১৯৫০-৫১ সালে ২৮ লক্ষ টন আলু তৈরি হয়েছিল। ১৯৫৮-৫৯ সালে আলু তৈরি হয়েছে প্রায় ৪১ লক্ষ ৩৯ হাজার টনের মত। তা সত্ত্বেও আমরা মহীশুর, মাদ্রাজ, সিমলা, নৈনিতাল থেকেও আলু আমদানী করতে বাধ্য হয়েছি। এর পরিমাণ প্রায় ৮ লক্ষ টন। তাছাড়া ৩ লক্ষ ২৭ হাজার টন সীড পারপাসএ নৈনিতাল প্রভৃতি স্থান থেকে আসে। আমি মনে করি বাংলাদেশে আলুর উৎপাদন বাড়াতে হলে উন্নত ধরনের রোগমুক্ত বীজ ও ভাল সার দেওয়া প্রয়োজন। তাহলে আর অন্য প্রদেশ থেকে এত হাজাব হাজার মণ আলু আমদানী করা দরকার হ'ত না। এটাকে কৃষি বিভাগের শৈথিল্যও বলা যেতে পারে, বা তাদের বিফলতাও বলা যেতে পারে। এর ফলে বাংলাদেশ থেকে বহু টাকা প্রত্যেক বছর অন্যান্য প্রদেশে চলে যাচ্ছে। এদিকে সরকার একটু দৃষ্টি দিলে সুফল পাওয়া যেতে পারে। আর আমরাও যদি একটু চেষ্টা করি এবং চাষীর সঙ্গে সহযোগিতা করি, তাহলে আলুব বিষয় আমরা স্বয়ং সম্পূর্ণ হতে পারবো। সরকারের পরিকল্পনা উপস্থিত করে যে ব্যয় বরাদ্দের মঞ্জুরী মন্ত্রীমহাশয় দাবী করেছেন, তাকে আমি সমর্থন জানাচ্ছি।

Shri Sudhir Chandra Bhandari :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কৃষিমন্ত্রী আমাদের কাছে যে ব্যয় বরাদ্দের মঞ্জুরী চেয়েছেন, তার পরিমাণ গত বছরের চেয়ে কম। মন্ত্রীমহাশয় তো বললেন আমাদের আবাদ যোগ্য জমির পরিমাণ হচ্ছে—১ কোটি ৩০ লক্ষ একর এবং লোক সংখ্যা ২ কোটি ১৩ লক্ষ ইত্যাদি। কিন্তু ব্যয় বরাদ্দের সময় আমরা দেখতে পাচ্ছি টাকার পরিমাণ কমে যাচ্ছে। তিনি আরো বলেছেন আরো ২ কোটী টাকা তিনি খরচ করেছেন। তবুও ধরা গেল ৬ কোটি ৮৬ লক্ষ ২৩ হাজার। এ ছাড়া এই রকম একটা অবস্থা বাংলাদেশে কেন সারা ভারতবর্ষের ৭০ থেকে ৮০ জন লোক যে কৃষি শিল্পের উপর নির্ভরশীল, এই রকম গুরুত্বপুর্ণ খাতে এত কম টাকা বরাদ্দ, এও একটা আশ্চর্য্য ব্যাপার। পুলিশ খাতে ও শিক্ষা খাতের তুলনায় এই খাতে যে গুরুত্ব দেওয়া হচ্ছে না, সেটা চিন্তা করবার বিষয়। সেজন্য বলছি এই তাচ্ছিল্য ও অবহেলা এই ব্যাপারে, খাদ্য সম্পর্কে নানা কারণের কথা বলা হয়েছে উৎপাদন ক্ষেত্রে, তাতে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের রাজ্যপালের ভাষণ যেটা দেখলাম যে এবছর ফসল উৎপন্ন হয়েছে ৩৫।৩৬ লক্ষ টন, আর আমাদের কৃষিমন্ত্রীর বিবৃতিতে এখানে দেখা গেল ৪০।৪১ লক্ষ টন।

[5-30—5-40 p.m.]

এই যে একটা তারতম্য এরমধ্যে কোনটা সত্য এবং কোনটা সত্য নয়। রাজ্যপালের ভাষণে ১৯৬০ সালে, এই বৎসরে, আমাদের ফসল উৎপাদন চালের সংখ্যায় ৩৫ লক্ষ থেকে

৩৬ লক্ষ টন। গত বৎসরের তুলনায় ৫।৬ লক্ষ টন কম। গত বৎসর হয়েছিল ৪০ লক্ষ থেকে ৪১ লক্ষ টন। এই ত অবস্থা। যাই হোক এই অবস্থাকেও গুরুত্ব দেওয়া হয়নি বলে আমি মনে করি। আমাদের কৃষি উৎপাদন বৃদ্ধি করতে হবে কিন্তু সার, বীজের জন্য যে টাকা ধরা হয়েছে তাতে ৪ কোটি বিঘা জমিতে কি হবে? এবং সেই টাকা ত শুধু কৃষকদেরই দেওয়া হবে না, এই টাকায় সরকারী কর্মচারীদের পিছনেও নানাভাবে খরচ হবে। সুতরাং কৃষির উন্নতির জন্য কি সাহায্য করা হবে। এটা খুবই কম, বিঘা প্রতি ৪।৫ আনার বেশী পড়বে না, এতে জন মজুরের তামাক বিড়ির পয়সাই হবে না। এতে কৃষির কি উন্নতি হবে তা বুঝতে পারি না। এই বৎসর চাষের ব্যাপারে নানা জনে নানা কথা বলছেন। এই বৎসর যে বন্যা হল তা ইচ্ছাকৃত কিনা, পরিকল্পিত ভাবে আবাদ নষ্ট করে দেওয়া হল কিনা সে বিষয় সন্দেহ আছে। কারণ সে সময় দেখা গিয়েছে যখন জল দরকার জুন-জুলাই মাসে তখন জল পাওয়া গেল না, এক ফুট দেড় ফুট পর্য্যন্ত জল ধান গাছের গোড়ায় দেখা গিয়েছে। তারপর দেখা গেল সেপ্টেম্বর মাসে যে বৃষ্টি হল সেই বৃষ্টির পরিমাণ হিসাবমত দেখতে পাচ্ছি ১৭ থেকে ২২ ইঞ্চি হবে। কিন্তু ১৮—২০ ইঞ্চি জলও যদি হয়ে থাকে তাহলেও তিন ফুটের বেশী হয় না কিন্তু দেখা গেল সেপ্টেম্বর মাসের শেষের দিকে ৭।৮ ফুট জল। এই জল কোথা থেকে এলো? সেইজন্য এই বন্যা ইচ্ছাকৃত কিনা এ সম্পর্কে তদন্ত হওয়া উচিত। এ হিসাব থেকে বোঝা যায় যে বৃষ্টির জল থেকে এ বন্যা হয়নি। তারপর জলের যখন প্রয়োজন হল না, জল নিকাশের প্রয়োজন হোল তখন দেখা গেল হুগলী নদী দিয়ে ৭।৮ ফুট উঁচু হয়ে জল যাচ্ছে। এর প্রতিকার না হলে ভাল বীজ ও সার দিয়ে চাষের কি উন্নতি হবে? এই জল কোথা থেকে এলো, সারা বৎসরের হিসাব দেখলে দেখা যাবে। বিশেষ করে এই ৯টি জেলায় যে আবাদ নষ্ট হয়ে গেল সেখানে কোথাও ৫০ ইঞ্চি কোথাও ৬০ ইঞ্চি বৃষ্টি হয়েছে এবং তার যে জল তা মাটীতেই অৰ্দ্ধেক টেনে নিয়েছে সেখানেও ৩ ফুটের বেশী জল হয় না। পার্ব্বত্য অঞ্চলে বেশী জল হয়, ১২২ ইঞ্চি পর্য্যন্ত জল হয় কিন্তু সেখানে জল নিকাশেরও ব্যবস্থা আছে। তাই এটাকে চক্রান্ত বলেই আমাদের সন্দেহ হয়। খাদ্য আন্দোলনের সময় যেমন ৮০ জন লোককে খুন করা হয়েছে এখানেও তেমনি ডি, ভি, সির জল এনে এই চক্রান্ত করা হয়েছে। এই সম্বন্ধে একটা ব্যবস্থা করা উচিত। সেইজন্য মন্ত্রী মহাশয়কে বলি যে এদিকে বিশেষ লক্ষ্য রাখতে হবে। শুধু মিষ্টি মিষ্টি কথা বলে ভুলালেই হবে না সত্যিকারের কাজ যদি করতে হয় তাহলে এদিকে লক্ষ্য রাখতে হবে। আর এই যে ১৫।২০ কোটি টাকা খরচ করা হচ্ছে এটা এগ্রিকালচার্যাল এসিস্ট্যান্টদের দিয়ে খরচ করা উচিত। এবং ছোট ছোট পরিকল্পনার জন্য জনসাধারণের সাহায্য যা দিতে হয় তা ১/৩ অংশ নয়। তাদের দিতে হয় ৫৫ ভাগ এবং সরকার দেন ৪৫ ভাগ। এদিকেও আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[5-40—5-50 p.m.]

Shri Haran Chandra Mandal:

মাঃ সভাপাল মহাশয়, আমি কৃষিমন্ত্রী মহাশয়ের বক্তৃতা মনোযোগের সহিত শুনেছি। তিনি একটা গুরুত্বপুর্ণ কথা বলেছেন—কৃষির সংগে যারা প্রত্যক্ষভাবে জড়িত সেই কৃষকদের সংগে ঘনিষ্ট যোগাযোগ রক্ষা করতে হবে। এ সম্পর্কে আমি একটা ঘটনার কথা বলি, তাহলেই বুঝতে পারবেন কি ভাবে এঁরা যোগাযোগ রক্ষা করেন—তিনি যখন রেফুজি ডিপার্টমেণ্টএর মন্ত্রী ছিলেন তখন আমি তাঁকে বলেছিলাম আমাদের দেশে একবার চলুন রেফুজিদের দুঃখ দুর্দশা দেখে আসবেন। তিনি আমাকে বলেছিলেন, গ্রামে ভয়ঙ্কর কাদা, সুতরাং সেই দেশে

তিনি যাবেন কি করে। যাইহোক, বর্তমান বৎসরে ২৬ লক্ষ ৪৬ হাজার টাকা বরাদ্দ করেছেন কৃষি খাতে—এই টাকার কৃষির কতখানি উন্নতি হবে চিন্তা করলেই বুঝতে পারা যাবে। বিভিন্ন দিকে এঁরা পরিকল্পনা করছেন এবং লক্ষ লক্ষ টাকা নষ্ট করছেন। বীজ পরীক্ষা, বীজ উৎপাদন, কৃষি উৎপাদন বিষয়ক গবেষণা ইত্যাদির কথা আমাদের শুনিয়ে হাউসের সদস্যদের মনকে আকৃষ্ট করছেন মন্ত্রীমহাশয়। কিন্তু তাদের যা কার্য্যপদ্ধতি তার আমাদের দেশে উৎপাদনের হার না বেড়ে ক্রমশঃই কমে যাচ্ছে। এখানে মাঃ সদস্য চিত্তবাবু কৃষকদের উন্নতির কথা বলেছেন। যারা ফসল ফলাবে, যাদের শ্রমদানের ফলে উৎপাদন বাড়বে, সেই কৃষকদের উন্নতি কি ভাবে হবে সে সম্বন্ধে কোনকথা মন্ত্রীমহাশয় হাউসের সামনে রাখেননি। আজকাল অনেক বড় বড় কথা, কৃষি সম্বন্ধে বৈজ্ঞানিক গবেষণার কথা শোনা যাচ্ছে, কিন্তু কৃষকেরা এসব কথা চিন্তা করতে পারে না, একটা মাত্র কথা তারা জানে যে, সময় মত যদি চাষ করা যায় প্রচুর ফসল ফলতে পারে। এঁরাই আবার প্রচার করে থাকেন বসুন্ধরার মারফৎ যে, পুরো শ্রাবণ এবং ভাদ্র মাসের ১২ দিনের মধ্যে যদি জমিতে রোপণের কাজ শেষ করা যায় প্রচুর ফসল ফলান যায়, কিন্তু কৃষি বিভাগের এমনই গবেষণার কৃতিত্ব যে, এঁরাই ভাদ্র মাসের শেষ দিকে আমন ধানের বীজ সরবরাহ করেন—যদি ভাদ্র শেষ করে বীজ সরবরাহ করা হয় তাহলে কি চাষীরা আশ্বিনে ধান রোপণ করবে? আমি দেখেছি হাসনাবাদে এবং ক্যানিং অঞ্চলে এভাবে বীজ সরবরাহ করা হয়। আরো মজার কথা, যে বীজ সরবরাহ করা হয় তা এত কম যে, যেখানে একটা য়ুনিয়নে ১৪।১৫ হাজার পরিবার বাস করে সেখানে মাত্র ৬।৭ মণ দেওয়া হয়। কিছু কিছু গম ও ছোলা দেওয়া হয় মাঘ মাসের শেষ দিকে বা ফাল্গুনের প্রথমে—এভাবে যদি রবিশস্যের চাষের ব্যবস্থা করা হয়, তাহলে তার ফল কি ফলবে এবং চাষীরা কি পরিমাণ উৎসাহ পাবে একবার বিবেচনা করে দেখুন। এভাবে আপনারা কি করে দেশের উন্নতি করবেন আমি বুঝতে পারি না। আমাদের কৃষিবিভাগ নতুন খোলা হয়েছে, এবং নতুনমন্ত্রী নবীন উৎসাহে কাজ আরম্ভ করেছেন, তিনি যদি তাঁর কর্ত্তব্য পালনে ক্রটি না করেন, আশা করি কিছুটা উন্নতি হতে পারে। গ্রাম সেবাদলের উপর ভার আছে বীজ ডিষ্ট্রিবিউসন এবং কৃষি গবেষণা ইত্যাদি দেখাশুনা করার, কিন্তু যদি মাত্র ৬।৭ মণ বীজ দেওয়া যায় প্রতি য়ুনিয়নে তা দিয়ে কি করে চাষ হতে পারে আমি বুঝতে পারি না। তারপর যে বীজ সরবরাহ করা হয় তা নিয়ে নানাপ্রকার হীন কাজ করা হয়, সেই বীজ গোপনে বিক্রী করে দেওয়া হয়। এ প্রসংগে আমার বক্তব্য, অসদুপায়ে কোন মহৎ কাজ হয় না, এবং পিছনে সদুদ্দেশ্য থাকা দরকার। তারপর শেষের কথা, তিন কিস্তিতে কৃষিঋণ দেওয়া হয়, প্রথম ভাদ্র মাস, দ্বিতীয় আশ্বিন মাসে—

তারপর, একটা কৃষি পরিবারে মাত্র ২০৲ টাকা লোন দিলে তাতে কি করে চলতে পারে, যে ক্ষেত্রে ২৮ টাকা করে এক বস্তার দাম। তারপর, যখন কৃষকেরা বীজ ও টাকা সংগ্রহের জন্য ছোটাছুটি করে সেই সময় যদি তা তাদের না দেওয়া হয়, তাহলে উৎপাদন বাড়বে কি করে? তারপর, এঁদের যারা সাপোর্ট করেন তাঁদেরই মাত্র লোনের টাকা দেওয়া নয়। তারপর ক্যাটল পারচেজ লোন, ১০০ জন যদি দরখাস্ত করে ৫ জন মাত্র পায়। তাও আবার যাদের ধরার লোক আছে তারাই পায়। অতএব, সরকারের কাছে আমার আবেদন, যাদের প্রকৃত দরকার তাদের যদি ক্যাটেল পারচেজ লোন দেওয়া হয় তাহলেই একমাত্র চাষীরা চাষের কাজে মনোযোগ দিতে পারবে।

Shrimati Sudharani Dutta :

মি: স্পীকার, স্যার, মাননীয় কৃষি মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ দাবী করেছেন সেটা সমর্থন করে আমি বলতে চাই আমাদের কৃষিপ্রধান দেশে কৃষির উন্নতি না হ'লে আর্থিক মানোন্নতি কখনো সম্ভব নয়। স্বাধীনতার পর আমাদের বাংলাদেশে কৃষির উন্নতি যদিও যথেষ্ট হয়েছে কিন্তু নানা রকম প্রাকৃতিক দুর্যোগের জন্য জনসাধারণ তা উপলব্ধি করতে পারছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি যে দুর্যোগ হয়ে গেল, তা'তে শুধু পশ্চিমবাংলার ৯টি জেলাই নয় আরও বহু জেলা ক্ষতিগ্রস্ত হয়েছে। বাঁকুড়া জেলা সম্বন্ধে জানি যে সেখানে বহু গরীব চাষী এই বন্যার ফলে গৃহহারা হয়েছে। কৃষিমন্ত্রী মহাশয়কে আরেকটা কথা বলতে চাই যে, কৃষি ঋণের ব্যবস্থা এবং সার বণ্টন কেন্দ্র এমনভাবে করুন যাতে চাষীরা উপকৃত হতে পারে। তা' ছাড়া প্রত্যেকটি অঞ্চল-পঞ্চায়েতে একটি করে সার বণ্টন কেন্দ্রখুলে যাতে চাষীদের উৎসাহ প্রদান করা যায় তারও ব্যবস্থা করা উচিত। ছোট ছোট সেচ পরিকল্পনাগুলোকে সেচ বিভাগের অধীনে আনলে পর খুব ভাল ফল পাওয়া যেতে পারে এবং যা', আমাদের জেলায় আমি দেখেছি। কংসাবতী পরিকল্পনা খুব দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে এবং যার ফলে বাঁকুড়া, মেদিনীপুর ও হুগলী জেলা খুব উপকৃত হবে। আরেকটা কথা সেচমন্ত্রী মহাশয়কে বলতে চাই যে, এই কংশাবতী পরিকল্পনা গ্রহণ করার ফলে যে সমস্ত গ্রামগুলি উদ্বাস্তু হয়েছে তাদের সুষ্ঠু পুনর্বাসন এবং ন্যায্য ক্ষতিপুরণের ব্যবস্থা যা'তে হয় তার প্রতি লক্ষ্য রাখবেন। একটু আগে আমাদের কৃষিমন্ত্রী মহাশয় বলেছেন যে, এই স্যালো, ডিপ এবং অটো-টিউবওয়েলগুলি বাঁকুড়া, মেদিনীপুর এবং শিলাবতীতে হয়েছে এবং আশাতীতভাবে এ থেকে ফল পাওয়া গেছে। আজ আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীকে অনুরোধ করব যাতে এরকম অটো-টিউবওয়েল কংশাবতী নদীর ধার দিয়েও যায় তার ব্যবস্থা করুন। তবে যদি উপস্থিত অতগুলো সম্ভব না হয়, তাহলে অন্তত: বাঁকুড়া জেলায় এবং কংসাবতী যে যে জেলা দিয়ে গেছে যেমন মেদিনীপুর প্রভৃতি স্থানে এগুলোর ব্যবস্থা করুন। এ ছাড়া অটো-টিউবওয়েলের জন্য যদি চাষীদের ঋণ দিয়ে উৎসাহিত করা হয় তাহলে অনেক ভাল ফল পাওয়া যাবে।

[5-50—6 p.m.]

Shri Basanta Lal Chatterjee

মাননীয় স্পীকার মহাশয়, আজ এখানে যে সমস্ত বক্তৃতা হোল তা'থেকে বুঝলাম যে এই কৃষি খাতে বহু টাকা বরাদ্দ করা হয়েছে, কিন্তু গ্রামাঞ্চলের দিকে তাকালে আমরা দেখব যে, এই সমস্ত টাকা খরচ করে সেখানকার জনসাধারণের জীবনের কোন উন্নতিই করা হয়নি। আজ সেখানে গেলে দেখবেন যে তারা খেতে পায় না এবং তাদের জমিরও কোন বন্দোবস্ত করা হয়নি। আজ যদি আমরা মোট জনসংখ্যা ভাগ করি তাহলে দেখব যে, বাংলদেশের মোট জনসংখ্যা হচ্ছে ২ কোটি ৪৮ লক্ষ ১০ হাজার ৩০৮ জন এবং তার মধ্যে সারা কৃষির উপর নির্ভরশীল তাদের সংখ্যা হচ্ছে ১ কোটি ৪১ লক্ষ ৯ হাজার ৫১৬ জন। তা' ছাড়া, এর মধ্যে যারা ২ থেকে ৫ একর পর্য্যন্ত জমির মালিক তাদের সংখ্যা হোল ১১ লক্ষ ৬৯ হাজার এবং ভাগচাষী ও ভুমিহীন ক্ষেতমজুরের সংখ্যা হোল ৬০ লক্ষ। এই যে দরিদ্র পরিবারগুলি রয়েছে, তারা বছরের মধ্যে ৩ মাস মাত্র দু-বেলা খেতে পায় এবং অবশিষ্ট ৯ মাস একবেলা করে খায় এবং তাও আবার ধার কর্জ্জ করে। আশ্চর্য্যের বিষয় যে, এরকম অবস্থায় সরকারের তরফ থেকে যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করা হয় তা' অতি সামান্য মাত্র। সরকারের

কথা যদি বলতে হয় তাহলে বলব যে, মূল কথা ছিল যে কৃষকদের হাতে খাস জমি দেওয়া বে। *কিন্তু দুঃখের বিষয় যে, ভেষ্টেড ল্যাণ্ড যা, বছরে ১০ টাকা একর প্রতি ফী দিয়ে* ন্দোবস্ত দেওয়া হয়েছে তার বিরুদ্ধে জোতদার ভাগচাষ বোর্ডে এবং রায়গঞ্জ জুডিসিয়াল কার্টে নালিশ করে বর্গাদারদের হয়রাণ করেছে। কিন্তু বড়ই দুঃখের বিষয় যে, এমতাবস্থায়ও রকার তাদের কোন সাহায্য করছেন না। আমি কুশপন্তী গ্রামে গিয়ে জানতে পেরেছি যে, ব সব ভাগচাষীরা ১০ টাকা একর প্রতি ফী দিয়ে জমি নিয়েছিল, তাদের বাড়ী থেকে জোর রে ধান কেড়ে নিয়েছে। তারা কুশপন্তী থানায় এবং রায়গঞ্জ এস, পি-র কাছে জানিয়েছে ন্তু তা' সত্বেও কোন ব্যবস্থা করা হয়নি।

তাহলে এই যে ভেষ্টেড ল্যাণ্ড দেওয়া হচ্ছে, সেটা কি কার্যে পরিণত করা হচ্ছে না? াষের উপর দাঁড়িয়ে তারা যাতে জীবন যাপন করতে পারেন সেদিকে সরকারের দৃষ্টি নেই। ষি ঋণের অবস্থা অত্যন্ত শোচনীয়। একজন মাননীয় সদস্য গরু কেনার কথা বলেছেন। ামরা জানি যে দরখাস্ত করলে সময়মত গরু কেনার জন্য ঋণ পাওয়া যায় না। গ্রুপ লোন ওয়া সত্যি কথা, কিন্তু ২৫ টাকা মাত্র গ্রুপ লোন দেওয়া হয়েছে যাতে কিছু হয় না। কা-অপারেটিভ ব্যাঙ্ক থেকে যে কৃষি ঋণ দেওয়া হচ্ছে তা অতি সামান্য। আমাদের ইটাহার ানায় গত বৎসর বন্যা হবার পর কৃষি ঋণ আদায় করার জন্য কর্ম্মচারীদের বলা হয়েছে যে তামরা যদি আদায় না করতে পার তাহলে তোমাদের চাকরী যাবে। এর ফলে সেখানে রু ধরা হচ্ছে, সার্টিফিকেট জারী করে মাল ক্রোক করা হচ্ছে সুদ এর জন্য ইটাহার থানার ষকরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ বিষয়ে তাদের সময় দেওয়া দরকার এবং যাতে তারা ফসল ৎপাদন করতে পারে সেদিকে নজর দেওয়া দরকার। আমার মনে হয় এটা মকুব করতে ারলে ভাল হয়। আমাদের দেশে সেচ ব্যবস্থা অত্যন্ত শোচনীয়। আমাদের পশ্চিম িনাজপুর জেলাতে সেচ ব্যবস্থা নেই বললেই চলে। আমাদের ওখানে জমিদাররা তাদের ুকুরগুলো বন্দোবস্ত দিয়ে দিয়েছে। সেই সব পুকুরগুলো যদি শুধু মাছ জিওবার জন্য রাখা য় তাহলে চাষের জন্য জল পাওয়া যাবে না। আমার মনে হয় রায়গঞ্জ ও বালুরঘাটে যে ২৯ হাজার বিঘা জমি আছে তাতে যদি জলের সুবন্দোবস্ত করা যায় তাহলে ফসল ভালই বে। সেখানকার এন, ই, এস, ব্লকে টিউবওয়েল ও পাম্পিং মেসিন থাকা দরকার। কিন্তু ন, ই, এস ব্লকে কোন পাম্পিং মেসিন নেই। আমাদের ওখানে যে ৩টা টিউবওয়েল বসান য়েছিল, তার পার্টস খারাপ হয়ে যাওয়াতে অনেকদিন হল সেগুলো অকেজো হয়ে পড়ে আছে —সারাবার কোন ব্যবস্থা নেই। পশ্চিম দিনাজপুর জেলায় যে ৮টা বড় বিল রয়েছে তাতে যদি স্লুইস গেট দেওয়া হয় তাহলে অনেক ফসল হতে পারে। সে গুলোর নাম হচ্ছে— রাণীপুর বিল, রাজগ্রাম, বুড়িমণ্ডল ও কাঞ্চন বিল। যদিও প্রথম ৩টা বিল আণ্ডার কনষ্ট্রাকশন রয়েছে, কিন্তু কাজ এত দেরীতে হচ্ছে যার জন্য ফসলের খুব ক্ষতি হচ্ছে। উনি যে ফিগার দিলেন তাতে দেখলাম যে ফসল বেড়ে যাচ্ছে। আমার এখানে যে কোটা রয়েছে তাতে দেখছি ১৯৫৮-৫৯ সালে ৪০।৪১ লক্ষ টন আউস, আমন হয়েছিল, আর এ বছর ১৯৫৯-৬০ সালে ৩৬.৯ লক্ষ টন উৎপন্ন হয়েছে। এই থেকেই দেখা যাচ্ছে যে বন্যার দরুণ কিছু কম উৎপন্ন হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার স্বীকার করেছেন যে, বন্যায় ক্ষতি হয়েছে; আমাদের পশ্চিম দিনাজপুর জেলায় একরে ১৫ মণের বেশী ফসল হয়নি, ইটাহার থানার সর্ব্বোচ্চ ফসল একরে ১৬ মণ ২৫ সের হয়েছিল এবং জয়হাট থানায় একরে মাত্র ৭ মণ হয়েছে। অতএব দুর্ভিক্ষ কি করে ঘুচবে সেটাই বুঝুন। আমাদের পশ্চিম দিনাজপুর এগ্রিকালচার

ট্রেনিং কলেজ স্থাপনের জন্য বলব। এখানে পোকায় যে ধান নষ্ট করে তার জন্য প্রয়োজনীয় ঔষধপত্র সাব-ডিভিশন্যাল ট্রেনিং কলেজে বা এন, ই, এস ব্লক অফিসে রাখা উচিত। এগুলি যাতে যথাসময় চাষীরা পায় তার ব্যবস্থা করা উচিত। এ বিষয়ে যুবকদের শিক্ষা দান করা উচিত। এবং এই যে ফার্ম যেখানে আপনাদের স্টক রাখার ব্যবস্থা হয়েছে সেটা এখনও পর্য্যন্ত হয়ে উঠেনি, কেবলমাত্র ধান এবং পাটের বীজ স্থানীয়ভাবে মজুত রেখে যাতে যথাসময়ে দেওয়া যায় তার ব্যবস্থা করা প্রয়োজন। কৃষকদের ভেতরে যাদের কৃষিকার্য্যে বিশেষ উৎসাহ আছে এবং আমাদের দেশে ফসল ফলায় এই রকম ছেলেদের নিয়ে এসে বেশ কিছুদিন ট্রেনিং দিয়ে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ-আবাদ শেখান প্রয়োজন। কিন্তু দুঃখের বিষয়, দিল্লীতে যে বিশ্বমেলা হল সেখানে আপনারা পাঠালেন কাদের—না যাদের পাঁচশো বিঘা জমি আছে, যারা কোনদিন চাষ করে না, তাস খেলে রকে বসে বসে, তাদের প্রতিনিধি বিশ্বমেলায় পাঠালেন। যারা গিয়েছিল তাদের নাম ধরে ধরে চেহারা পর্য্যন্ত দেখিয়ে দিতে পারি। এইভাবে টাকা খরচ হয়—কোন কাজ হয় না। আপনাদের এবং মাননীয় সদস্যদের কাছে অনুরোধ আপনারা গ্রামে গিয়ে দেখে আসুন আমরা যে কোটি কোটি টাকা কৃষি খাতে খরচ করি তার দ্বারা জনজীবনে কি পরিবর্ত্তন আনতে পেরেছি? ঐ গদিতে আজ যাঁরা আছেন তাঁদের সকলের মাথা যোগাটে, কেউ কিছু করতে পারেন না। কাজেই কৃষির ক্ষেত্রে যদি একটা পরিবর্ত্তন আনার চেষ্টা না করেন তাহলে কিছুতেই দেশের দুর্ভিক্ষ দূর হবে না। আমাদের যে মূল মন্ত্র—কৃষকদের হাতে জমি দিতে হবে, তাদের খাওয়া পরার ব্যবস্থা করতে হবে, তাদের হালের বলদ দিতে হবে, কৃষকদের সমস্ত ঋণ মকুব করতে হবে, তাদের খাজনা কমিয়ে দিতে হবে, তা নাহলে কৃষির উন্নতি হতে পারে না। এই কৃষক আমাদের অন্নদাতা, এই কৃষক আমাদের চিরদিন খাইয়ে এসেছে, এদের উন্নতি করতে না পারলে দেশ ধ্বংস হয়ে যাবে। বড় বড় পরিকল্পনার প্রয়োজন আছে, সেগুলি করুন, তার দ্বারা আমাদের যে কিছু অগ্রগতি হয় না একথা বলি না; কিন্তু মূল অগ্রগতি হবে যদি আমরা কৃষকদের স্বাবলম্বী করে তাদের নিজেদের পায়ে দাঁড় করাতে পারি। এই যে ভেষ্টেড জমি দেওয়ার পরিকল্পনা নিয়েছেন এটা বিশেষভাবে তদন্ত করে যাতে জমিটা ঠিকমত বিতরণ হয় তার ব্যবস্থা আপনারা করুন এবং পতিত জমি উদ্ধারের ব্যবস্থা করুন—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6—6-10 p.m.]

Shri Renupada Halder :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, খাদ্য সমস্যা বাংলাদেশের অন্যতম সমস্যা এবং খাদ্য সমস্যার সাথে কৃষি সমস্য অঙ্গাঙ্গীভাবে জড়িত। আমরা দেখছি কৃষির উন্নতির জন্য মোট রাজস্বের শতকরা ৩·২ ভাগ বরাদ্দ করা হয়েছে কিন্তু এই টাকা খরচ হবে কিনা সন্দেহ আছে। এর পূর্বে যা খরচ হয়েছে তার হিসাব দেখলে দেখা যায় যে বরাদ্দ টাকা পুরাপুরিভাবে খরচ হয়নি এবং দ্বিতীয় পরিকল্পনার আগামী আর ১ বছরের মধ্যে খরচ হবে কিনা আমাদের সন্দেহ আছে। সেজন্য এটার দিকে নজর রাখা দরকার। আজকে কৃষির উন্নতি করতে হলে ছোট ছোট সেচ পরিকল্পনার দিকে সরকারের বিশেষ নজর রাখা দরকার। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছোট ছোট সেচ পরিকল্পনার জন্য ২ কোটি ১৭ লক্ষ ৫০ হাজার টাকা ধরা হয়েছিল, তার মধ্যে গত ৩ বছরে যা খরচ হয়েছে তার পরিমাণ হচ্ছে ৬৭ লক্ষ ৩১ হাজার টাকা। আমরা যদি ধার নিই যে ২ বছরে যা খরচ ধরা হয়েছে সেটা যদি খরচ হয় তাহলে ১ কোটি ৫৫ লক্ষ ৭০ হাজার টাকার মত খরচ করা হবে, বাকী ৬১ লক্ষ

৮০ হাজার টাকার মত খরচ করা হবে না। স্থির কৃষিউন্নতির জন্য যদি এইভাবে চেষ্টা করা হয় তাহলে কোন দিনই কৃষির উন্নতি হতে পারে না, উৎপাদন বৃদ্ধি হতে পারে না। এই রকমভাবে যদি আমরা ফিগার ধরি তাহলে বুঝতে পারা যায় যে বরাদ্দকৃত বহু অর্থ খরচ হয় না। সুন্দরবনের যে সমস্ত এলাকায় নোনা জলের জন্য চাষ আবাদ ক্ষতিগ্রস্ত হয় সেই সমস্ত এলাকায় ডিপ টিউবওয়েল, ইরিগেসান টিউবওয়েল বসিয়ে যাতে চাষ আবাদ ভালভাবে হতে পারে সেদিকে সরকারের নজর রাখতে হবে সরকারের তরফ থেকে গত বছর যেখানে ৯৫ হাজার টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছিল সেখানে মাত্র ৩ লক্ষ ৮৩ হাজার টাকা ব্যয় করা হয়েছে-তিন বছরে এই টাকা ব্যয় করা হয়েছে। বাকী যে দুবছর আছে তাতে যে টাকা ব্যয় করবার জন্য বলা হয়েছে সেটা হচ্ছে৩৫ লক্ষ ৯৫ হাজার মত অর্থাৎ বরাদ্দ টাকার মধ্যে ৬৯ লক্ষ টাকার মত কম খরচ হবে। এই বাংলাদেশে যেখানে ইরিগেশনের প্রয়োজন আছে, টিউবওয়েলের প্রয়োজন আছে সেখানে এই সমস্ত টাকা খরচ করা হচ্ছে না। আমরা দেখেছি যে যে বছর প্রয়োজন মত এবং সময় মত বৃষ্টিপাত হয় সে বছর বাংলায় ক্রপ হয়, আরযে বছর বৃষ্টিপাত বেশিহয় বা বৃষ্টিপাত কম হয় সে বছর চাষ সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হয়। অতয়েব সেক্ষেত্রে এরকম ধরণের বরাদ্দ টাকা খরচ না করাটা একটা ক্রিমিনাল অপরাধ বলে আমি মনে করি। কৃষির উন্নতি বাড়াতে গেলে সেখানে জমি চাষের উন্নতি করা দরকার এবং ছোটখাট যে সমস্ত প্লট ভাল আছে সেগুলির কনখানি ভাল দরকার। এই সমস্ত ব্যাপারে কৃষি দপ্তরের অগ্রগতির দিকে তাকালে দেখতে পাওয়া যাবে যে, সে ব্যয় বরাদ্দ ধরা হয় তাও খরচ করা হয় না তাদের কাজকর্ম্ম সমস্ত কচ্ছপ গতিতে চলছে। যেমন পতিত জমির উদ্ধার সম্পর্কে ধরা যেতে পারে সরকারের তরফ থেকে এবছর যেক্ষেত্রে ৭ হাজার ১০০ একর পতিত জমি উদ্ধার করার কথা ছিল সেক্ষেত্রে কেবল মাত্র ১ হাজার ৩ শো ২৭ হাজার একর জমি উদ্ধার করা হয়েছে, তারা যা হিসাব দিয়েছেন তার মধ্যে এটা দেখতে পাওয়া যাচ্ছে এবং যা জমি উদ্ধার করা হয়েছে সে ভাল লাঙ্গলের অধীনে এসেছে কিনা তাও বলা মুসকিল কারণ অন্যান্য ক্ষেত্রের মত এক্ষেত্রেও সেই রকম কেবল হিসাবটা আমাদের কাছে পরিবেশিত হয়েছে। বাস্তবে কি হচ্ছে তা আমরা জানিনা। তারপরে কনসলি ডেশন অব হোল্ডিং সম্বন্ধে আমরা দেখেছি একটা জায়গাতে ব্যয় বরাদ্দ ধরা হয়েছে অথচ সেই ব্যাপারে গত তিন বছরে কোন টাকা খরচ করা হয়নি। পরিকল্পনার তিন বছরে যখন এই টাকা খরচ করা হয়নি তখন আমাদের ধারণা আর যে দুটো বছর আছে সেই দুটো বছরেও তা খরচ করা যাবে না। আগে আমরা বলেছিলাম যে মাটী পরীক্ষা করবার জন্য সরকারের তরফ থেকে একটা পরিকল্পনা নেয়া হয়েছে। ইংরাজ আমলে তারা সেই ধরণের একটা পরীক্ষা করেছিলেন এবং করে তার একটা রিপোর্ট ষ্টুয়ার্ড কমিটি দিয়াছিলেন। সেই নব রিপোর্ট সঙ্গে আমরা দেখেছি কেবলমাত্র বর্দ্ধমান এবং হুগলী এই দুটো জায়গার মাটি সম্বন্ধে পরীক্ষা করা হয়েছিল, অন্যান্য জায়গার মাটি টেষ্ট করা হয়নি। আজকে কংগ্রেস সরকারের তরফ থেকেও এ ব্যাপারে কোন রকম প্রচেষ্টা নেই সেটা পরিস্কার করে বুঝতে পারা যায়।

[6-5—6-10 p.m.]

কৃষির উন্নতির জন্য মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় বলেছেন যে উন্নত ধরণের বীজ সরবরাহের জন্য আমরা ১০০টা সীড ফার্ম করেছি। এই সীড ফার্ম-এর যে হিসাব দেখছি তাতে মাত্র ৪৮টি করা হয়েছে বাকী কটির কাজ চলেছে এখন পর্য্যন্ত সেগুলি কার্য্যকরী বা তৈরী করা হয়নি। এই সমস্ত ক্ষেত্রে দেখছি সীড ফার্ম-এ এখন পর্য্যন্ত যদি কাজ না হয় তাহলে যে

প্রতিশ্রুতি দিয়েছেন যে ২৫ হাজার মণ ধান সীড হিসাবে দিবেন সেই প্রতিশ্রুতি রক্ষা করতে পারবেন না। অবশ্য তিনি পরে সংশোধন করে বলেছেন ৫০ হাজার কিন্তু কাগজে যে হিসাব দেখেছি তাতে ২৫ হাজারই লক্ষ্য। এখানে আমরা দেখতে পাচ্ছি সীড তৈরীর ব্যাপারে যে ব্যয় বরাদ্দ ধরা হয়েছে এবং যেভাবে চলেছে তাতে আমার ধারণা ৫০ বছরেও কৃষকদের সীড দেওয়া যাবে কিনা সন্দেহ। এভাবে যদি কাজ চলে তবে কৃষির কোনদিন উন্নতি হবে বলে আশা করতে পারি না। এ ছাড়া দেখছি সার ব্যাপারে সরকার তরফ থেকে যে সার সরবরাহ করা হচ্ছিল সেই সরবরাহ ব্যাপারে যখন লোক প্রতিবাদ করল যে সেই সার বেশী দামে বাইরে বিক্রয় হয়ে যাচ্ছে এবং অধিক মূল্যে যেসব চা বাগানে, দার্জ্জিলিং-এ, মাদ্রাজে চলে যাচ্ছে এই অভিযোগ আনার পর সরকার তরফ থেকে আর সার দেওয়া হয় না। যে টাকাকড়ি দেওয়া হয় সার কেনবার জন্য তাও খুব কম সংখ্যক লোককে দেওয়া হয়। একটা ইউনিয়ন যেখানে ১৫।১৬ হাজার লোক সেখানে ১০।১২ কি ১৫ জনকে লোন দেওয়া হয় সার কেনবার জন্য, সেই সারও আবার বাজারে পাওয়া যায় না কাজেই চাষী যে লোন পায় সেটাও পেটে খায় সেটা মাঠে খরচ হয় না এ বিষয়ে বিশেষ নজর রাখা দরকার যাতে সার তৈরী করতে পরে, এবং সাথে সাথে যে পরিকল্পনা নেওয়া হয়েছে সেটা যাতে সুষ্ঠু ভাবে দেওয়া হয়।

আমি আর একটা কথা বলতে চাই—আজকার দিনে সেচের ব্যবস্থা সবচেয়ে আগে করা দরকার। সবশেষে আমি এ কথা বলতে চাই যে আজকে এই সমস্ত পরিকল্পনা কার্য্যকরী করলেই চাষীদের উন্নতি হবেনা—যদি না চাষীর অবস্থা ভাল করা যায়। আগে চাষীর হাতে জমি দেওয়াব ব্যবস্থা করা দরকার। যতক্ষণ চাষী নিজের হাতে জমি না পাচ্ছে ততক্ষণ তাকে ভাগচাষী হিসাবে কাজ করতে হবে ফলে উৎপাদন বাড়ে না বাড়তে পারে না। বীরভুমে দেখেছি চাষী সেচেব জল পায় না। সে সমস্ত জায়গায় সেচের জল দেওয়ার ব্যবস্থা করা দরকার, সেচের জল না পেলে চাষীব সব চেয়ে বড় অসুবিধা হয়। আজকে চাষীরা কাজে উৎসাহ পায় না কারণ তাদের নিজেদের জমি নাই। তাই আজকে আমি চাষীর হাতে জমি দিতে অনুরোধ করবো এবং সঙ্গে সঙ্গে কৃষির উন্নতির জন্য সমস্ত দায়িত্ব পরিপূরণ করার জন্য অনুরোধ জানাব।

[6-10—6-20 p.m.]

Shri Pramatha Nath Dhibar :

মাননীয় ডেপুটি স্পীকার স্যার মাননীয় কৃষিমন্ত্রী এই সভায় যে বাজেট পেশ করেছেন তাতে এমন কিছু উল্লেখযোগ্য বিষয় তিনি আমাদের সামনে রাখতে পারেন নি। তিনি বলেছেন এক্সপার্ট কমিটি নানা রকম যে সব সুপারিশ করেছে, আমরা সেই রকমভাবে কাজ করে যাবো। কিন্তু গত ১২ বছরের কার্য্যকলাপের দিকে যদি লক্ষ্য করা যায় তাহলে দেখা যাবে আমাদের পশ্চিমবাংলার সরকার চাষীদের উন্নতিকল্পে এমন বিশেষ কিছু করতে পারেন নি। পশ্চিমবঙ্গের কৃষকদের অবস্থা অত্যন্ত খারাপ। নানারকম দুঃখ দুর্দ্দশার মধ্যে তাদের দিন কাটাতে হচ্ছে। এই অবস্থায় তাদের খাজনা মকুব করা বাঞ্ছনীয়। ১৯৫৮ সালে অনাবৃষ্টির জন্য চাষীরা ভাল শস্য ফলাতে পারেনি, তা সত্ত্বেও সেচ বিভাগ ক্যানাল কর আদায়ের জন্য এখন থেকে তাদের তাগিদ দিচ্ছেন। তারপর ১৯৫৯ সালের বন্যার ফলে চাষীদের অত্যধিক ক্ষতি হয়েছে। বিশেষত বর্দ্ধমান, বীরভুম, নদীয়া, মেদিনীপুর. হাওড়া এই সমস্ত অঞ্চলে চাষীদের দুরবস্থা চরমে দাঁড়িয়েছে, তা কল্পনা করা যায় না। গত দু'বছরে

তারা এত ক্ষতিগ্রস্ত হয়েছে যে কোন প্রকার কর দেবার আর তাদের সামর্থ নেই। এমন কি কৃষি কর আদায়ের বদলে যে লোন দেওয়া হয়েছে, সেগুলি তারা শোধ করতে পারবে কি না সন্দেহ আছে। তাদের এই সমস্ত লোন মকুব করা দরকার। আমি আশা করি মন্ত্রীমহাশয় এদিকে দৃষ্টি দেবেন। সার বণ্টন সম্পর্কে মাননীয় মন্ত্রীমহাশয় যখন বর্দ্ধমানে গিয়েছিলেন, তখন চাষীরা তাদের নানারকম অভাব অভিযোগ, দুঃখ দুর্দ্দশার কথা তাঁকে জানান। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এ সম্বন্ধে অনুসন্ধান করে যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করবেন। আমি আর একটা কথা বলতে চাই সরকারের কৃষিবিভাগ—এখন কোন উল্লেখযোগ্য কাজ চাষীদের সুবিধার জন্য করতে পারেন নি। পশ্চিমবাংলার নানাস্থানে পতিত জমি যেমন ছিল তেমনিই রয়েছে তাকে উদ্ধার করা হয়নি; এমন কি সেচবিভাগ পর্য্যন্ত সেদিকে কোন নজর দেননি। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি জানেন পানাগড়ে বেশে বহু কৃষি জমি পতিত পড়ে আছে; মন্ত্রীমহাশয় যদি ঐখানের সামরিক বিভাগের সহিত যোগাযোগ স্থাপন করেন তাহলে অন্ততঃ ঐ এলাকার চাষীরা 'ভাগেও' ঐ জমিতে চাষ করবার সুযোগ পায়। কিন্তু তাঁরা তা করবেন কিনা জানিনা। আমার অনুরোধ তিনি স্থানীয় লোকদের সঙ্গে যোগাযোগ রেখে চাষের ব্যবস্থা করুন।

আসানসোলের কৃষকদের জন্য বহুদিন ধরে আন্দোলন করে আসছি। ঐ সমস্ত এলাকার চাষের জমিকে সেচবিভাগ, এবং ডি, ভি, সি একেবারে নষ্ট করে বানচাল করে দিচ্ছেন। আসানসোল সব্‌ডিভিসনে কোলিয়ারীর যারা মালিক, তারা সেখানকার চাষীদের জমি নষ্ট করে দিচ্ছেন ইট, পাথর, মাটি ফেলে। এ সম্পর্কে এস, ডি, ও এবং সরকারী কর্ত্তৃপক্ষের সঙ্গে দেখা করা হয়েছিল, কিন্তু তাদের সেই জমি ফেরৎ পাবার বা তার জন্য কমপেনসেসন পাবার কোন ব্যবস্থা করা হয়নি।

আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এদিকে দৃষ্টি দিয়ে, যাতে ঐ অঞ্চলে চাষীরা নুতন জমি পায়, এবং যে জমি তারা হারিয়েছে, সেই জমি যাতে তারা উদ্ধার করতে পারে তার জন্য ব্যবস্থা করবেন।

Shri Shyama Prasanna Bhattacharjee :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বাজেট বইটা প্রথমে পড়ে, একটা জিনিষ দেখে খুব ঘাবড়ে গিয়েছিলাম—গভার্ণার বলেছিলেন চাষীর দিকে বেশী নজর দিতে হবে, মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয়ও বলেছেন কৃষির দিকে বেশী নজর দিতে হবে, কিন্তু বাজেটের হিসাব দেখে তার কোন পরিবর্ত্তন বুঝতে পারছি না। যাইহোক, কৃষিমন্ত্রী এখন এখানে বললেন চাষীর উন্নতি করবার জন্য তাঁরা কি চেষ্টা করছেন বা পন্থা অবলম্বন করেছেন। তিনি বলেছেন কৃষির উন্নতিকল্পে বিশেষজ্ঞ কমিটি বসিয়েছেন, এবং অন্যান্য ভাবে চেষ্টা করছেন। কিন্তু আমাদের যেটা চোখে লাগছে ১৯৪৭ সাল থেকে আজ পর্য্যন্ত একর প্রতি জমিতে উৎপাদনের হার একই প্রকার রয়েছে, এটা লক্ষ্য করবার বিষয়। অর্থাৎ কৃষি উৎপন্নের কোন পরিবর্ত্তন হয়নি। দ্বিতীয় হচ্ছে—সমস্ত দুনিয়ায় ধানের একর প্রতি যা উৎপাদন, তার সঙ্গে তুলনা করে দেখলে দেখা যাবে আমরা সবচেয়ে নীচের স্তরের স্থান অধিকার করে আছি। অর্থাৎ আমাদের যদি মেডাল পেতে হয়, তাহলে ভুতের মেডাল পেতে হবে। শুধু ধানের ব্যাপারেই নয়, আলু প্রভৃতি অন্যান্য ফসলের ব্যাপারেও এই ধরণের ব্যবস্থা চলেছে। সুতরাং এই অবস্থায় যদি সিরিয়াস এফর্ট না করেন, তাহলে অত্যন্ত অন্যায় হবে বলে আমি মনে

করি। চীন তো কয়েক বছরের মধ্যে একর প্রতি ৪২ মণ করেছে। আমরা তা কেন পারবো না। সেদিকে আমাদের চেষ্টা থাকা দরকার। আমার চীনের জয়গান করা প্রয়োজন হয়েছে। আমাদের এই কলংকের অবসান হওয়া দরকার। আমি সেজন্য ছোট ছোট সেচ পরিকল্পনার কথা বলছি। কেন্দ্র থেকেও বলা হয়েছে বাংলাদেশ খাদ্য ঘাটতি অঞ্চল বলে অনেকের ঘাড়ে গিয়ে আমরা পড়ি। ছোট ছোট সেচ পরিকল্পনাগুলি রূপায়ণ করতে পারলে উৎপাদন বাড়াতে পারবো। কেন্দ্রীয় রিপোর্টও তাই বলে। কৃষিবিভাগের যে ১০ হাজার টাকার স্কীম আছে, তাতে পাব্লিককে অর্দ্ধেক টাকা দিতে হবে এবং সরকারকে অর্দ্ধেক টাকা দিতে হবে। এই রকমভাবে কোথায় ও কোন স্কীম চালু হচ্ছে না। কাজেই কৃষি বিভাগের এই ছোট ছোট দিক থেকে কৃষির কোন উন্নতি হচ্ছে না। অথচ আপনারা খোঁজ নেবেন বিভিন্ন জায়গায় গ্রামে কোন খাল বা বাঁধ সংস্কার করলে, স্লুইস গেট মেরামত করে দিলে তার দ্বারাও চাষের অনেকখানি উন্নতি হয়। এই রকম হাজার হাজার প্রস্তাব নিয়ে আপনাদের দেওয়া হয়েছে। কিন্তু সেগুলিতে কোন ফল হয় নাই। কারণ সেগুলি উচ্চস্বরে আসেনি। আপনাদের ঐ ১০ হাজার টাকা স্কীমের অর্দ্ধেক-অর্দ্ধেক দেবার নীতিব পরিবর্ত্তন না করলে, কৃষির উৎপাদন বাড়তে পারে না। যতগুলি গ্রামের লোক চাচ্ছে—যদি কৃষি বিভাগ তা বিচার করে দেখেন যদি তাঁরা দরকার মনে করেন দেশের লোক অর্দ্ধেক না দিলে করবো না এটা না করে আপনারা কাজ সুরু করুন। ফসল বাড়ান নিশ্চয়ই গ্রামবাসীরা সাহায্য করবেন। আপনাদের ঐ কন্‌ডিসন দিয়ে চাষের কোন উন্নতি হবে না। ছোট পরিকল্পনায় অনেক বেশী কাজ হতে পারতো। যে নীতি আপনারা গ্রহণ করেছেন—পাবলিক অর্দ্ধেক দিলে বাকী অর্দ্ধেক সরকার দেবেন, এই পুরাতন নীতি এ্যামেণ্ড করে নীতির পরিবর্ত্তন করুন। তাহলে ছোট ছোট সেচ পরিকল্পনায় অনেক উপকার হবে।

দ্বিতীয় ব্যাপার হচ্ছে বীজ। এবারে বন্যার পরে সরকার থেকে বোরো বীজ দেবার দায়িত্ব নিয়েছিলেন। আমরা উড়িষ্যা থেকে আনতে চেয়েছিলাম। তা আনাও সম্ভব হল না। হাওড়া জেলায় যে বীজ দেওয়া তা নিকৃষ্ট ধরণের। অবশ্য কিছু তার মধ্যে ভাল বীজ ছিল। বন্যা পীড়িত অঞ্চলে ভাল বীজ দেওয়া সরকারের উচিত ছিল। তা নয় এদের মড়ার উপর খাড়ার ঘা দেওয়া ঠিক নয়। এই বীজে ধান হয়নি। চাষের এখনো যাতে সেখানে বীজ ধান গিয়ে পৌঁছায়, তা করা দরকার।

তারপরে আপনাদের সারের ব্যাপারে আগে নিয়ম ছিল সারটা লোন হিসেবে দিতেন। এখন ব্যবস্থা টাকা লোন দেবেন, কিন্তু সারটা নগৎ কিনে নিতে হবে। হাওড়ার বন্যা পীড়িত অঞ্চলে আজ সারটা লোন হিসেবে দিচ্ছেন না। সরকার বলছেন টাকা লোন দেবেন। আলু চাষের সার তাঁরা দিবেন। কিন্তু যে আলু উঠে গেছে। সারটা লোন হিসেবে দেবার ব্যবস্থা সরকার করুন। যদিও এতে ব্লাক মার্কেটিয়ারদের অসুবিধা হবে। কিন্তু চাষীদের খুব সুবিধা হবে। আর একটা অনুরোধ সরকারকে অন্তত এটুকু করুন যাতে সময়মত সার ও বীজ কৃষকদের কাছে পৌঁছায়, তাহলে কিছুটা সুবিধা হবে।

আর একটা হচ্ছে পাটের দাম বেঁধে দেওয়া উচিত। আমরা কৃষক সভা থেকে অনেকদিন চাচ্ছি যে পাট চাষীর ও চাষের উন্নতি করতে হলে পাটের দাম বাড়ান উচিত। সে দাম কমপক্ষে ৩৫৲ টাকা করুন। তারাও বলেছে—চাষের ও চাষীর উন্নতির জন্য পাটের দাম বাড়ান দরকার। তারা যে রেকমেণ্ডেসন দিলেন, সেটা আপনারা কিছুই কার্য্যকরী করছেন না। সিন্‌সিয়ারলি চাষের উন্নতি করতে হলে সেই ধরণের এফর্ট করুন। তা না

হলে বিশেষ কিছু হবে না। সত্যি কথা আপনারা চাষের উন্নতি করতে চাচ্ছেন। রেকর্ড রাখুন সরকার পক্ষ থেকে সিরিয়াসলি চাষের উন্নতি হচ্ছে কিনা। এখন তাদের সে সদিচ্ছা প্রমাণ করতে হবে।

6-20—6-30 p. m.]

Shri Bhawani Prasanna Talukdar :

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমার অবশ্য সময় খুব কম, বেশী কথা বলবার সৌভাগ্য হবে না, তবুও আমাদের কৃষি উন্নয়ন এবং কৃষি খাতে যে টাকা বাজেটে বরাদ্দ করা হয়েছে সেটার সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি, এবং আমাদের উৎপাদন মন্ত্রী যে প্রোগ্রাম আমাদের শুনালেন, আশাকরি তিনি তাতে সম্পূর্ণ সফল হবেন, এবং তারজন্য আমি তাঁকে এখনই অভিনন্দন জানাচ্ছি। আমি বাংলাদেশের একটা সুদুর প্রান্ত, কুচবিহার থেকে আসছি এবং সেখানকার কৃষি ও কৃষিউন্নয়ন সম্বন্ধে আপনার মাধ্যমে দু'একটি কথা বলতে চাই। ১৯৫২ সালের ফ্লাড হবার পর থেকে আমাদের ওখানে প্রোডাকসন বড়ই কমে গিয়েছে। গত ডিসেম্বর মাসে আমাদের মুখ্যমন্ত্রী আমাকে জিজ্ঞাসা করেছিলেন যে, আমাদের ওখানে এত কম আবাদ হচ্ছে কেন। তার কারণ কৃষির উন্নতির জন্য বিশেষ নজর সেখানে দেওয়া হয় নি। ১৯৫৮-৫৯ সালে আমাদের ওখানে আমন ধানের আবাদ হয়েছিল ৩ লক্ষ ৫৭ হাজার একর জমিতে, এবং প্রতি একরে মাত্র ১১ মণ ধান হয়েছিল। এবং গত বৎসর পনেতিন লক্ষ একর জমিতে আবাদ হয়েছিল এবং একর প্রতি ৯ মণ হয়েছিল। আউস ধান ১৯৫৮-৫৯ সালে পেয়েছিলাম ১ লক্ষ ৬১ হাজার টন। ৫০০ একর জমিতে আবাদ হয়েছিল এবং প্রতি একরে ৫.২৫ মণ হিসাবে উৎপাদন হয়েছিল, গত বৎসর একটু বেশী আবাদ হয়েছিল, প্রায় ১৭০ একর জমিতে বেশী আবাদ হয়েছিল এবং প্রতি একরে ৭ মণ করে হয়েছিল। কিন্তু এই আউসের একটা ভয়ানক শত্রু হচ্ছে পোকা। কুচবিহারে আমরা দেখতে পাচ্ছি যে, এই পোকার জন্য বহু ধান নষ্ট হয়ে গিয়েছে। গ্যামাকসিন জাতীয় কতকগুলি প্রতিষেধক দেওয়া হয়েছে কিন্তু তাতে খুব ভাল ফল হয়েছে তা নয়। আমি সরকারের কাছে, বিশেষ করে, উৎপাদন মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো যাতে এই শত্রু বিনাশ করা যায় তার ব্যবস্থা করার জন্য। জুট আমাদের ১৯৫৮-৫৯ সালে ১ লক্ষ ১৯ হাজার একর জমিতে আবাদ হয়েছে আর ৩.৭২ বেল করে একর প্রতি হয়েছে। আর গত বৎসর মাত্র ৮৫ একর জমিতে আবাদ হয়েছে, আর ২.৫০ বেল পার একর হয়েছে। তামাক—এটা আমাদের একটা বড় মনি ক্রপ—সেখানে ১৯৫৮-৫৯ সালে আবাদ হয়েছিল ২৯৪২৪ একর জমিতে, উৎপাদন হয়েছিল ৭ মণ করে পার একরে। গত বৎসর ২১ হাজার কয়েক শত একর জমিতে আবাদ হয়েছিল এবং উৎপাদন হয়েছিল ৫½ মণ করে। কাজেই দেখা যাচ্ছে আমাদের ওখানে উৎপাদন ক্রমশঃ কমে আসছে। আমি আশা করি, আমাদের ওখানে এই সমস্ত জিনিষের সমস্যা উপলব্ধি করে, যাতে বাড়ান যায় সেদিকে নজর দেবেন।

কুচবিহারে সেচের নীতি গ্রহণ করা হয় নি, পুর্বেও সেচ ছিলনা, এখনো নাই। আমাদের এই অঞ্চলে আরো প্রচুর পরিমাণে তামাক হত যদি সেচ থাকত। বর্তমানে চাষীরা কাঁচা-কুয়ার দ্বারা কোনমতে তামাকের সেচের ব্যবস্থা করে। তারপর, তামাকের চাষে প্রচুর সারের দরকার হয়, সার যদি সময়মত এবং আরো প্রচুর পরিমাণে পৌঁছে দেওয়া যেতে পারত তা'হলে আমাদের ঐ অঞ্চলের তামাক চাষের উন্নতি হত। তাই মাননীয় মন্ত্রীমযাশয়ের কাছে আমার ঐকান্তিক অনুরোধ যাতে প্রত্যেক জায়গায় সেচের ব্যবস্থা করা হয় তিনি যেন সেই

ব্যবস্থা অবলম্বন করেন। তারপর, আমাদের গো-সম্পদ বর্ত্তমানে লোপ পেতে বসেছে, গরুগুলি এত ক্ষীণকায় হয়ে পড়েছে যে ভেড়ার মত হয়ে গিয়েছে। গোসম্পদের উন্নতির জন্য কোন কোন অঞ্চলে কিছু ভাল ষাঁড় দেওয়া হয়েছে বটে, কিন্তু প্রয়োজনের তুলনায় তাদের সংখ্যাল্পতার জন্য গোসম্পদের সেরকম উন্নতি হতে পারছে না। আমি এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করি। গত বৎসর বাজেট অধিবেশনে আমি বলেছিলাম যে, উপযুক্ত শিক্ষাদি লে কুচবিহারের অনুর্বর জমিতেও প্রচুর পরিমাণে ধান উৎপন্ন হতে পারে। আমি শুনেছি যে, আসামে ধান্য উৎপাদনে ব্রহ্মদেশীয় পদ্ধতি অনুসরণ করে উৎপাদনের শক্তি বাড়ান হয়েছে। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এই প্রস্তাব করি যে, সে সব জায়গায় কিছু লোক পাঠিয়ে সেই পদ্ধতি তাদের শিখাবার ব্যবস্থা করলে ভাল হয়। তারপর, আমাদের অঞ্চলের কোন কোন জায়গা, কার্তিক মাসের পরে একেবারে মরুভুমির আকার ধারণ করে। আমি দেখেছি যত্র দু'চারটে রর ব্যালেফ টিউবওয়েল বসান হয়েছে। যদি বিদ্যুৎ নাই পাওয়া যায় তাহলে ছোট ছোট সেচের ব্যবস্থা করা যেতে পারে। তারপর, আমি আরেকটা কথা বলব, অসৎ কর্মচারী দ্বারা সব ডিপার্টমেন্টই ভর্তি হয়ে গিয়েছে এদিকেও সরকারের সতর্ক হওয়া উচিত।

[6-30—6-40 p. m.]

Dr. Radhanath Chattoraj :

মাননীয় স্পীকার মহাশয়, কৃষি বিষয়ে মন্ত্রী মহাশয়ের ভাষণ মনোযোগের সংগে শুনেছি, কিন্তু তাঁর ভাষণে ভূমি সংক্রান্ত বিষয়ে কোন মৌলিক নীতির কথা পাইনি। এই বৈজ্ঞানিক যুগে, আমাদের দেশে কৃষির উন্নতি বিধানে মৌলিক ও গঠনমূলক কার্য্যপদ্ধতির অভাবে খাদ্যশস্যের উৎপাদন সন্তোষজনক ভাবে হচ্ছে না। এজন্য নতুন দৃষ্টিভঙ্গিতে যান্ত্রিক চাষ পদ্ধতির প্রবর্তন করা প্রয়োজন বলে মনে করি। যদি ময়ূরাক্ষী এলাকায় সমবায় কৃষির প্রবর্তন করে ভাল ভাবে সেচ ব্যস্থা করা যায় তাহলে অনেক কাজ হতে পারে—এজন্য পরীক্ষামূলক একটা ব্যবস্থা করার জন্য আমি তাঁকে অনুরোধ জানাচ্ছি। অনেক জমিতেই দুইবার ফসল উৎপাদন করা সম্ভব। যে জমি এখনো পড়ে রয়েছে সেসব জমিতে নানাবিধ খাদ্য ও তরিতরকারী উৎপাদন করা সম্ভব। কিন্তু দুঃখের বিষয়, কোন বিষয়েই সরকারী বিভাগের মধ্যে কোন প্রকার সমন্বয় দেখতে পাই না। কৃষি, সেচ ও খাদ্য বিভাগের মধ্যে সমন্বয় না আনতে পারলে কোন দিনই আমাদের খাদ্য সমস্যার সমাধান হবে না। আমি যে এলেকা থেকে এসেছি সেই এলেকায় অধিকাংশ জমি দোফসলী করা সম্ভব। এই ব্যাপারে আমি মন্ত্রীমহাশয়কে একটা চিঠি দিয়েছিলাম, সেই চিঠি মন্ত্রীমহাশয় সেচ বিভাগে পাঠিয়ে দিয়েছেন, এখন সেচমন্ত্রীমহাশয় বলছেন তিনি কৃষিমন্ত্রীকে ব্যাপারটা জানাবেন। সুতরাং এই বিশৃঙ্খলার মধ্যে সেচ বিভাগে সমন্বয় সাধন করা আশু প্রয়োজন। তারপর আরেকটা বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করি—আমাদের অঞ্চলে ড্রেনেজ স্কীম-এর জন্য যে টাকা ধার্য্য করা হয়েছিল, এটা গুরুত্বপুর্ণ কাজ—কিন্তু তাসত্বেও আমি দেখে আশ্চর্য্য হলাম যে, সেই টাকাও খরচ করা হল না। আশাকরি মন্ত্রীমহাশয় এ সম্পর্কে সদুত্তর দেবেন। তারপর, বীজ সরবরাহ ও কৃষি-ঋণ সম্পর্কেও বহু অভিযোগ আছে; প্রথম কথা, এগুলি সময়মতো চাষীর হাতে গিয়ে পৌঁছে না। গরু কিনবার জন্য যে টাকা দেওয়া হয় তা অত্যন্ত কম, অন্ততঃপক্ষে এজন্য ২৫০ টাকা দেওয়া উচিত, ভাগচাষীরা বর্তমান নিয়ম অনুযায়ী গরু কিনবার টাকা পায় না, এই আইন পরিবর্তন করা প্রয়োজন। আমাদের বীরভুম জেলায় ময়ুরাক্ষী পরিকল্পনাধীনে যদি সেচ ব্যবস্থা ব্যাপকভাবে যদি করা যায় তাহলে অনেক জমিই দোফসলী করা সম্ভব। এ সম্পর্কে একটা

অনুরোধ সরকারকে জানাতে চাই—সেচ পরিকল্পনায় বর্তমানে জনসাধারণের দেয় হচ্ছে ⅔ অংশ, আমি প্রস্তাব করি এই নিয়ম পরিবর্তন করে সরকার যেন ⅔ অংশ দেন। গত বন্যায় বর্ধমান ও বীরভূম জেলার অনেক জমিতে বালি পড়ে জমির উৎপাদিকা শক্তি নষ্ট হয়ে গিয়েছে। এগুলি প্রতিকার না করলে চাষের অনেক ক্ষতি হবে। এই অবস্থায় সরকার থেকে খাজনার জন্য তাগাদা দেওয়া হচ্ছে। ময়ুরাক্ষী এলেকায় যাতে ক্যানেল কর বন্ধ থাকে তার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

Shri Bhupal Chandra Panda :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বাংলাদেশের এই সংকটের দিনে মন্ত্রীমহাশয়ের বাজেট বরাদ্দ দেখে আমি খুব ঘাবরে গিয়েছি। তিনি এখানে একটা ফিরিস্তি দিয়ে বললেন যে এক্সপার্ট কমিটি যখন হয়ে গেছে তখন আর চিন্তার কোন কারণ নেই। কিন্তু সেই এক্সপার্ট কমিটির যে সমস্ত রেকমেণ্ডেসন এখানে রাখলেন তা'তে আমার সেই তেতুল বিচির গল্পই মনে পড়ে গেল। যেমন, একজন লোক একটি তেতুল বিচি মাটিতে পুতে বলেছিল যে, এই বিচি পুতলাম, এরপরে গাছ হবে, তারপর সেই গাছ বড় হলে তা' কেটে তক্তা তৈরী করব এবং তা' বিক্রী করে যে টাকা পাব তা' দিয়ে বাড়ী তৈরী করব—এখানেও ঠিক সেই অবস্থা। আজকের যেটা মূল প্রশ্ন এবং যেটা বাংলাদেশের সমস্ত সেক্টরকে নাড়া দিয়েছে তা' হোল যে, এই খাদ্য সংকটের দিনেও আমাদের উৎপাদন কেন বাড়ছে না এবং এর মূল কারণ কোথায় নিহিত রয়েছে? আজকে মাননীয় সদস্যেরা অনেকেই বলেছেন যে, যে ফসল উৎপাদন করে অর্থাৎ সেই কৃষককে যে পর্য্যন্ত উৎসাহিত করা না যাবে সে পর্য্যন্ত উৎপাদন বাড়বে না। কিন্তু এই কৃষককে উৎসাহিত করতে গেলে জমির মালিকানা ও বিলি বণ্টন প্রভৃতির মত কতগুলি জিনিষ আজ মৌলিক প্রশ্ন হিসেবে দেখা দিয়ে আমাদের কৃষির উৎপাদন বৃদ্ধির পথে প্রধান অন্তরায় হয়ে দাঁড়িছে। কিন্তু তা' সত্ত্বেও সরকারের নীতির কোন পরিবর্ত্তন হয় নি। আমাদের মৌলিক বাধা যা' রয়েছে তার কাছে এই সেচ পরিকল্পনা, বীজ ও সার বণ্টন প্রভৃতির প্রশ্ন নেহাৎ সেকেণ্ডারী, কেননা এগুলির উন্নতি করা তেমন কিছু ব্যাপার নয়। কিন্তু মন্ত্রীমহাশয় আজ সন্দেহ প্রকাশ করেছেন যে, ১৯৬৬ সাল পর্য্যন্ত যদি এইভাবে লোক সংখ্যা বৃদ্ধি পেতে থাকে তাহলে আমাদের খাদ্যের অভাব এবং ঘাটতি আরও বাড়বে এবং সেই ঘাটতি কি করে পুরণ করা যাবে সেটাই আজ আমাদের চিন্তা করতে হবে। কিন্তু আমি মন্ত্রীমহাশয়কে বলতে চাই যে, যতক্ষণ পর্য্যন্ত ভুমি সংস্কার করে কৃষকদের হাতে জমি দিয়ে তাকে উৎসাহিত করতে না পারছেন ততক্ষণ পর্য্যন্ত কোন কিছুতেই ফল হবে না। যাক, সেটা যখন আজ আলোচ্য বিষয় নয় তখন আমি অন্য কথা আনি এবং সেটা হোল এই যে সেচ পরিকল্পনার নামে এবারে ডীপ টিউবওয়েল সিংকিং বা স্যালো টিউবওয়েল প্রভৃতি, কয়েকটা স্কীমএর কথা বলেছেন তা'তে আমি বলতে চাই যে, এখনও স্বাভাবিক প্রকৃতির সাহায্যে যে সমস্ত সেচ ব্যবস্থা হ'তে পারে অর্থাৎ জঙ্গল থেকে যে সব জল নেমে আসে তাকে ব্যবহার করা উচিত এবং এর ফলে টেষ্ট রিলিফএর মাধ্যমে স্থানীয় লোকেরাও কিন্তু কাজ করতে পারে। অন্য দিকেযে সমস্ত ওয়াটারলগড এরিয়া আছে সেগুলোকে যদি কেটে পরিষ্কার করা যায় তাহলেও অনেকটা উপকার হতে পারবে। ডীপ সিংকিং টিউবওয়েল বা স্যালো সিংকিং টিউবওয়েল যদি করেন সে ভাল কথা কিন্তু স্বাভাবিক প্রকৃতির সাহায্যে যা' হতে পারত সেদিকে যদি সরকার নজর দিতেন তা'হলে এই দামোদর, ময়ুরাক্ষী পরিকল্পনা থেকে আশা ও উৎসাহের পরিবর্ত্তে আজ যে বিরাট হতাশা নেমে এসেছে তা' হয়ত আসত না। এটা আজ সকলেই জানেন যে ক্ষুদ্র ক্ষুদ্র

সেচ পরিকল্পনার দ্বারা বেশ খানিকটা অগ্রসর হওয়া যায়। যা'হোক, আরেকটা বিষয় সম্পর্কে অনেকেই বলেছেন এবং আমিও বলতে চাই যে, জমিদারদের আমলে সে সমস্ত পুকুরগুলি ছিল এবং যা' থেকে সেচ ব্যবস্থা হোত তা' আজ ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্ট থেকে বন্দোবস্ত দেওয়া হয়েছে।

[6-40—6-50 p. m.]

আমার মনে হয় যে সমস্ত পুষ্করিণীকে পুনরায় রিক্লেম করা উচিত। রিক্লেম করার জন্য আইনে যদি কোন বাধা থাকে তাহলে আমার সাজেসান হচ্ছে যে সেই পুষ্করিণীর জল চাষের জন্য যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করা উচিত। সারের কথা মন্ত্রী মহাশয় বললেন যে সার দেওয়া বাড়াবার পরিকল্পনা আমরা নিয়েছি কিন্তবরাকিন্ত বরাদ্দের ক্ষেত্রে আমরা সে রকম কিছু দেখতে পাচ্ছি না। অবশ্য সাপ্লিমেণ্টারী বাজেটে কি করবেন জানি না। এখানে যা দেখছি তাতে গ্রীন ম্যানিওর, টাউন কমপোজড, বোন মিল, সুপার ফসপেট ইত্যাদির দিক থেকে দেখছি যে বাজেটে বরাদ্দ অনেক কমিয়ে দেওয়া হয়েছে। তারপর পলিসির দিক থেকে দেখছি যে সারের লোন টাকায় দেওয়া হচ্ছে। কিন্তু এর কারণ কি? ফসলের দিক থেকে যে সার দেওয়া হয় তা যদি মনোপলিষ্টদের হাতে ছেড়ে দেওয়া হয় তাহলে কি করে খাদ্য উৎপাদন বাড়বে। সুতরাং সারের লোন সারেই দেওয়া উচিত। আমাদের দরিদ্র দেশের মানুষরা সারের লোল টাকায় নিতে পারবে না। সেজন্য বলছি যে সারের লোন সারে দেবার ব্যবস্থা করা হোক। বীজ সরবরাহ সম্বন্ধে অনেকে বলেছেন যে এটা দুর্নীতিপুর্ণ, কিন্তু আমি সে বিষয়ে উল্লেখ করছি না এই বীজ সম্পর্কে আমাদের দুটো জিনিষ লক্ষ করা দরকার। এখানে বীজের ক্ষেত্রে দেখছি যে বোরো প্যাডি সম্পর্কে যে রিসার্চ করা হবে তাতে বেটার ভেরাইটিস অব বোরো প্যাডি সম্পর্কে গত বছর বরাদ্দ ছিল ২৬ হাজার, কিন্তু এ বছর এক হাজার দিলেন

breeding of salt and flood resisting varieties of paddy

গত বছর ছিল ৩৩ হাজার, এ বছরে কোন বরাদ্দ নেই। এ ছাড়া অন্যান্য রিসার্চের দিক থেকে দেখুন যে সেখানে

investigation about in seckpert of paddy

গত বছরে ছিল ১৮ হাজার ৮৪৫ টাকা এ বছর কিছু নেই ;

Rice plan in relation to efficiency

সম্পর্কে যে বরাদ্ধ ছিল, এ বছর কিছু নেই।

Effect of ammonia sulphate in paddy land

ক্ষেত্রেও কোন ব্যবস্থা নেই। এই ব্যাপারে যদি তাঁরা টাকা নেই বলেন তাহলে আমি বলব যে

subdivisional agriculture office

উন্নতির জন্য অফিস ফার্ণিস করার জন্য ২ লক্ষ ৩০ হাজার টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে;

union agricultural axesis taxt

দেয় জন্য ৩৭ হাজার টাকা ধরা হয়েছে। সুতরাং এই বিষয়ে সরকারের পারবর্ত্তন না হলে খাদ্য উৎপাদন বৃদ্ধি পাবে না। শেষে একটা কথা বলতে চাই যে, রিলিফ কমিটি মারফত

লোন দেওয়ার ব্যবস্থা থাকাটা অত্যন্ত দুর্নীতিপূর্ণ এর সেখানে স্বজন পোষণ ইত্যাদি নানারকম জিনিষ চলছে। সুতরাং এই প্রথার পরিবর্ত্তন করে নির্ব্বাচিত কমিটির মারফত যদি এই ব্যবস্থা চালু না করেন তাহলে সেখানে কোন ভাল কাজ হবে না এবং প্রকৃত চাষীর কল্যাণ তাতে হবে না।

Shri Ajit Kumar Ganguli :

মিঃ স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় আপনার কাছে অনেক সহযোগিতার কথা শুনিয়েছেন। আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে তিনি মুখে সহযোগিতার কথা বলেন কিন্তু সহযোগিতা বা উপদেশ তিনি চান কিনা সেটা বলা বড় মুস্কিল। সম্প্রতি আমার এই অভিজ্ঞতা হয়েছে যে বন্যার সময় মাননীয় মন্ত্রী মহাশয় বনগাঁয়ে গিয়েছিলেন—সহযোগিতার মনোভাব বা প্রমাণ আমরা তাঁর কাছ থেকে পাইনি, উপরন্তু তাঁর উদাসীনতা আমরা লক্ষ্য করেছি। এটা তাঁর নিশ্চয়ই মনে আছে যে যখন ঘটনা চক্রে তাঁর সঙ্গে দেখা হয়ে গেল তখন আমি জানতে পারলাম ছোলা আর মুসুরী তাঁদের কাছে সমান হয়ে গেছে। উনি নিজেই বলেছিলেন যে বাংলার ফ্লাড অঞ্চলের জন্য এত ছোলার বীজ চেয়েছে। যখন বলা হল যে মুসুরের বীজ দরকার, উনি ইংরাজীতে বললেন যে গ্রাম সীড—একই কথা, কিন্তু এক কথা নয়। যদি সাধারণ মানুষের সাথে সহযোগিতা করা যায় তাহলে ছোলা আর মুসুরী যে আলাদা সেটা বোঝা যায়। এই সাথে আর একটা কথা মন্ত্রী মহাশয়কে জানাই যে তাঁর কিছু কিছু অফিসারের মাথা অত্যন্ত মোটা হয়ে গেছে, সাধারণ লোকের মাথার সাথে সমান করতে চেষ্টা করবেন। আমার একটা অভিজ্ঞতার কথা বলি—২৪-পরগণা জেলার এগ্রিকালচারাল সুপারিণ্টেণ্ডেণ্ট ফ্লাড রিপোর্টে এক জায়গায় হিসাব দিয়েছেন যে ২৪-পরগণায় গত বছরে ফ্লাড হওয়া সত্বেও ধান বেশী হয়েছে। আজকে কেন তিনি একথা বলেছিলেন, কারণ মন্ত্রী মহাশয়ের মাথায় ওটা ছিল। সেখানকার একজন বলেছেন এটা কমিয়ে দেখালে পারতেন, যদি পরে বেশী হয়, তাহলে সেটা ভাল হত, যদি বেশী দেখিয়ে পরে কম হয়ে যায় তাহলে হয়ত মুস্কিল হবে। তিনি বলেছিলেন মিনিষ্টার টোনে যে মন্ত্রীরা এটা চান। এই যদি চান, এইভাবে যদি রিপোর্টগুলি দিতে থাকেন তাহলে আমরা কোথায় যাব, কি করব, এইভাবে রিপোর্ট চেয়ে লাভ হয় না, রিপোর্ট দেওয়ার ফলে জনসাধারণের পক্ষে সুবিধা হয় না। উনি যশোর জেলার ছেলে, আমারও যশোর জেলায় বাস, সেজন্য স্মল ইরিগেশান সম্বন্ধে তাঁকে একটা কথা মনে করিয়ে দিই যে বাংলাদেশ জুড়ে চেষ্টা করে দেখতে পারেন যে সমস্ত লো ল্যাণ্ডস আছে সেগুলিকে বিল বাঁওড় বলা হয়, এগুলিকে যদি আপনি সংযোগ করতে পারেন তাহলে স্মল ইরিগেশান করবার পক্ষে সুবিধা হবে এবং এগুলির দিকে যদি নজর দেন তাহলে স্মল ইরিগেশানের সার্থকতা আপনার কাছে ফুটে উঠবে। স্মল ইরিগেশানের সঙ্গে যুক্ত স্লুইস গেট, এমব্যাঙ্কমেণ্টেরও সরকার। কিন্তু মজা এই যে আপনার ডিপার্টমেণ্টের সঙ্গে এই ডিপার্টমেণ্টের কোন নিবিড় সম্পর্ক নেই—উল্টে ঝগড়া আছে। ঝগড়ার ফলে এই হয় যে আপনার ডিপার্টমেণ্ট যা চাচ্ছে ফসল বাড়াব—তা দুবে থাকুক, কৃষকের সর্ব্বনাশ বছরের পর বছর হচ্ছে। সুতরাং এই তিনটাকে একত্রিত করতে পারেন কিনা এদিকে নজর দিন। এদিকে নজর দিলে সুন্দরবনের ডেভেলপমেণ্ট সম্বন্ধে আপনি বুঝতে পারবেন। এই সাথে যুক্ত হচ্ছে

Land Development and Consolidation

সোনাগাওস অর্থাৎ খাল ও বাঁওড়গুলি যদি আপনারা একত্রিত করতে পারেন তাহলে জল বেরিয়ে যাবে, ড্রেনেজের ব্যবস্থা হবে, সেই ড্রেনেজের মধ্য দিয়ে বহু জমি উত্থিত হবে এবং সেই জমিতে অনেক ভাল ফসল দেখা যাবে এবং খাদ্যের দিক থেকে ভাল হবে। আপনার এক্সপার্ট কমিটী যে কথা বলেছেন তা নিশ্চয়ই আপনার ভাল লেগেছে, তা না হলে এত জোর করে বলতে পারতেন না যে

no monetary Consideration *i. e.* foreign exchange Should Stand in the way,

স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি যে, আপনি কি করেছেন—আপনারা লিফট ইরিগেশান পাম্পিং প্ল্যাণ্টে ৪ লক্ষ টাকা ধরেছেন দেন, গত বছর যা ধরেছিলেন তার তুলনায় কম, তারপর সাপ্লিমেণ্টারীতে বাড়াচ্ছেন। স্মল ইরিগেশনে তাই, ডিপ টিউব-ওয়েলে তাই—আগের বছর থেকে কম। অথচ বলছেন

monetary consideration should not stand

আপনারা যে পাম্পের কথা বলেছেন সেই ছবিটা গ্রামের কৃষকদের দেখিয়েছি। যারা ষাঁড় গরু দিয়ে করাতে চান—এই ছবিটা আমার কাছে আছে—ফটো দেখতে পারেন—দেখবেন এগুলি এখনও দেওয়া হয়নি। এবং ৭ শো গ্যালন যদি আপনি তোলেন তাহলে দেখতে পারেন যে গরু ঘোরানোর খরচ উঠছে না, কাল আপনাকে পারো মোটা পাইপের টিউবওয়েল বসাতে হবে এবং সেই জল কি করে তোলা যায় সেদিকে নজর দিতে হবে। সর্ব্বোপরি এই জিনিষটাকে যদি সফল করতে হয়, তাহলে বসাটা ঠিকভাবে আপনাকে করতে হবে কিন্তু আজ পর্য্যন্ত আপনার ডিপার্টমেণ্ট এগুলি করতে পারেনি। কাগজে বের করেন বটে এই করছে তাই করছে কিন্তু কাজ যাতে ঠিকভাবে হয় সেদিকে আপনাকে একটু নজর দেবার জন্য অনুরোধ করছি। আমার থার্ড ভাইটাল পয়েণ্ট সারের কথা—নিশাপতি মাঝি মহাশয় এখানে আছেন কিনা জানিনা, যশোর জেলে তাঁর সঙ্গে আমাদের গল্প হোত। উনি শ্রীমিকেনে ছিলেন সেখানে দেখা যায় রবীন্দ্রনাথ নিজে মানুষের সেবায় নাইট সয়েল সেগুলি নিয়ে কাজে লাগাবার বন্দোবস্ত করেন। এখানে বহু পাম্পিং গ্রাউণ্ড মিউনিসিপ্যালিটিতে রয়েছে, সেগুলিকে কাজে লাগাবার আপনি চেষ্টা করেন না অথচ এর উৎপাদিকা শক্তি অনেক বেশী, এগুলিকে সহজেই কাজে লাগানো যায়। ডাঃ ঘোষ বলেছেন যে গ্রামাঞ্চলে গোবর নষ্ট হয়ে যাচ্ছে, সব ফুয়েল হয়ে উড়ে শেষ হয়ে যাচ্ছে—সেদিকে একটু আপনাকে নজর দিতে বলি। সারের দিকে যদি দৃষ্টি না রাখেন তাহলে আমি বলবো, কেবল ইরিগেশনের ব্যবস্থা করে কিছুই লাভ হবে না। ফার্টিলাইজার সম্বন্ধে স্পীকার মহাশয়, আপনি জানেন যে এটা একটা লুটের কারবারে পরিণত হয়েছে এবং আরো ২১১জন সদস্য বলেছেন, ফার্টিলাইজার লোন টাকায় দিতে যাচ্ছেন কেন এই ব্যাপারটা ঠিক বুঝতে পারছি না। স্পীকার মহাশয়, এই সব টাকা লুট হবে। সার কেউ খেতে পারে না, সার বেশী চুরি করা সম্ভব নয়, কিন্তু ওঁরা এটা করছেন কেন সেটা আমরা গতবারে বলেছিলাম। আমি মন্ত্রীমহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই ওঁরা স্বজন পোষণের জন্য অতি কৌশলে এই সারের লোন টাকায় দিতে যাচ্ছেন তাহলে সব লোকজনের টাকা মারার তাহলে খুব সুবিধা হবে। সার দিলে তো এত টাকা মারার সুবিধা থাকে না, সার কিছুটা কাজে লাগান দরকার। সেজন্য আমি বলি যে সার, সার হিসাবে দেবার চেষ্টা করুন। ফার্টিলাইজারের যে কথা চিত্তবাবু বলেছেন সেটা সত্য যে কোলকাতায় সার চলে যায়, বাংলাদেশের কৃষকের কাছে তা পৌঁছায় না। যদি আপনি খবর নেন তাহলে জানতে পারবেন যে এই কাণ্ড সেখানে ঘটছে। আমার লাষ্ট কথা কৃষকের চাষ যদি তুলতে হয়

উনি বলেছেন যে অন্য জায়গায় লোক দিয়ে করা যায়, এখানে কৃষক লাগাবেন। মন্ত্রীমহাশয় *কৃষকদের কি করে কাজে লাগাবেন যদি সে সময়মত চাষের টাকা না পায়?* ওঁর বক্তব্যের মধ্যে বা এক্সপার্টদের বক্তব্যের মধ্যে কোথাও দেখলাম না নাই যে চাষীদের যে টাকা লাগবে সেই টাকা তিনি কোথা থেকে দেবেন। অনেক সদস্যের কাছ থেকে শুনেছেন যে ২০।২৫।৩০ টাকায় কৃষকদের কিছু ব্যবস্থা হয় না। স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে একটা কথা বলি যে আপানার বিভাগের যত দরদ ঐ ২৫ একর জমিওয়ালাদের প্রতি তাদের বীজ দিয়ে বলিষ্ঠতাই করবেন কাজেই আমি অনুরোধ করছি যে অল্প জমির মালিক যাদের ৬।৭ একর জমি আছে তারাই হচ্ছে সব থেকে বেশী তাদের যদি চাষে উৎসাহ সৃষ্টি করতে পারেন তবেই আপনাদের ফসল উৎপাদন সত্যি করে বাড়তির দিকে যেতে পারে, আর যদি কেবল বড় বড় জোতের মালিকদের প্রতি আপনার কৃষি বিভাগ বেশী ঝোঁক দেন তাহলে কিছুই হবে না। এবার ফডারের কথা বলেই আমি শেষ করবো—

[6-50—7 p.m.]

সব শেষে ফডারের কথা বলে আমার বক্তব্য শেষ করি। গরুর যদি খাদ্য না থাকে তাহলে চাষের ক্ষতি হবে। কাজেই এই খাদ্য বিতরণের যদি ব্যবস্থা না করতে পারেন তাহলে ফল ভাল হবে না।

Shri Phakir Chandra Roy :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয় ট্যাঙ্ক ইরিগেশন সম্পর্কে কি করা দরকার সে সম্পর্কে হাউসের পরামর্শ চাইছেন। আমি তাই সাজেস্ট করছি যে যত হাজামজা পুকুর আছে সেই সমস্ত পুকুর বিকুইজিসন করা হোক।

Derelict Tank Improvement Act

এর এ্যামেণ্ডমেণ্ট হয়েছে কিনা, যদি না হয়ে থাকে তাহলে সেটা এ্যামেণ্ড করা হোক। আর একটা অসংগত ব্যাপার আছে। যে ক্যানেল আছে সেইগুলি

Derelict Tank Improvement Act

ইমপ্রুভড হয় না। এই অসঙ্গতি দূর হওয়া দরকার। যে অঞ্চলে ক্যানেলের সংস্কারের কাজগুলি আরম্ভ হয়েছে বস্তুতঃ সব জায়গায় কাজ হয় না সেটা যাতে

Derelict Tank Improvement Act

অনুসারে হতে পারে সেটা ব্যবস্থা করা দরকার। তা ছাড়া আর একটা কথা ডি,ভি, সি-র কথা বলছি। গ্রামের লোকের সম্মেলন করে সিদ্ধান্ত নিতে হবে এই হচ্ছে ডিপার্টমেণ্টের নির্দ্দেশ। গ্রামের লোকের সমবেতভাবে কোন কাজ করার মনোবৃত্তি নাই। কাজেই ইরিগেশন ফ্যাসিলিটিজ ময়ূরাক্ষী এলাকায় যাতে

Village Canal Irrigation Dept.

থেকে ও সেচ বিভাগ থেকে করে দেওয়া যায় সেই ব্যবস্থা হওয়া দরকার।

সারের জন্য এখন টাকা দেওয়া হয়। কিন্তু সারের জন্য টাকা দিলে দেখা যায় সেই টাকা সারের জন্য খরচ হয় না, গরীবদের পেটে চলে যায় কাজেই লোন যদি দেওয়া হয় তাহলে সারেই দিতে হবে এবং ফসল উঠলে যাতে সেই সারের জন্য পেমেণ্ট পাওয়া যায় সেই ব্যবস্থা করতে হবে। যে সব ইনসেনটিভ দেওয়া দরকার তার মধ্যে বীজ দিয়ে ইনসেন-

টিভ দেওয়ার দরকার নাই। কারণ ধান ঝারাই যখন হয় তখনই প্রত্যেক চাষী বীজ রেখে দেয়। অবশ্য অতি বৃষ্টি বা বৃষ্টি না হওয়ার জন্য চারা গাছ যদি নষ্ট হয়ে যায় তখন চাষীর পক্ষে বীজ দরকার হয়, সেই সময় সরকার যদি বীজের ব্যবস্থা করেন তাহলেই যথেষ্ট। বেশী seed Multiplication farm
করে টাকা অপচয় করার দরকার হয় না। কারণ চাষী যদি ফসলের দর পায় তাহলে আপনিই চেষ্টা করবে। সেজন্য চাষীর ধান ঝাড়াইয়ের আগে নবেম্বর মাসে প্রতি বছর ধানের দর যদি বেঁধে দেওয়া হয় এবং উচ্চ হারে ঘোষিত হয়, এবং সরকার যদি পাটের দামও আষাঢ় মাসে বেঁধে দেন এবং তাতে যদি লাভ হয় তাহলেই যথেষ্ট চাষীর জন্য করা হবে। অতিরিক্ত ইনসেনটিভ-এর প্রয়োজন হয় না। চাষীকে যদি সেচের জল দিতে পারেন উপযুক্ত মূল্যে এবং যে ঋণ চাষীর দরকার সেটা যাতে সে সময় মত পায় সে ব্যবস্থা করতে পারেন তাহলেই অনেক ফসল ফলবে। তাই লোক দেখান যে এত প্রভিসন করা হচ্ছে সেই প্রভিসন করার প্রয়োজনও থাকবে না।

[7—7-10 p.m.]

Srimati Labanya Prova Ghosh :

দীর্ঘ দশ বৎসর রাজ্য শানের পর কংগ্রেস নেতৃমণ্ডলী উপলব্ধি করেছিলেন কৃষি বিষয়টি গুরুত্বপূর্ণ বিষয় একথা বলার বিশেষ প্রয়োজনছিল। কৃষি উন্নয়ন বিষয়ে কংগ্রেস নেতৃত্বের অযোগ্যতার প্রতি সমগ্র দেশেব ক্ষোভ এবং আক্রোশের সামনে এই ধারণা দেবার সেদিন দরকার ছিল যে, এতদিন বিষয়টি উপলব্ধি করাই হয়নি বলে এই অবস্থা ঘটেছে। কিন্তু একবার যখন উপলব্ধি করা হয়েছে তখন কাজের আর বিলম্ব ঘটবেনা। কিন্তু কাজের নামে এবিষয়ে আজও পর্য্যন্ত যা করা হচ্ছে তাতে আমাদের এই উপলব্ধি হয়েছে যে 'গুরুত্ব' এই শব্দটির আবোপটাই কংগ্রেস নেতৃত্বের কাছে গুরুত্বপুর্ণ নয়। তাই যে বিষয় কে তাঁরা জাতীয় জীবনে গুরুত্বপুর্ণ মনে কবেন সেই মহান বিষয়গুলি নিয়েও তাঁরা ছেলে খেলা করতে পারেন। অর্থাৎ জাতিব জীবন নিয়ে তারা ছেলে খেলা করতে কুণ্ঠিত নন। কৃষির মত জরুরী, ব্যাপক এবং মহান বিষয়ে পরিকল্পনা বা ব্যবস্থা অসম্পূর্ণ থাকার অর্থ বহু অর্থ ব্যয়, শ্রম এবং সময় ব্যয় করেও তাকে ব্যর্থতায় পরিণত করা। সকল কৃষির জন্য পুর্ণাঙ্গ আয়োজন চাই। চাষীদেব যথাযথরূপে প্রতিষ্ঠিত করতে গেলে তার কর্মকে কেন্দ্র ক'রে তারজন্যে সর্ববিধ আয়োজন সম্পূর্ণ কবা চাই। কিন্তু সরকারী ব্যবস্থা বিচ্ছিন্ন ভাবে বিভিন্নজনকে বিভিন্ন সহায়তা দিয়ে সহায়তার তথাকথিত কৃতিত্বকে পণ্ডশ্রমে পরিণত করেছেন। কেউ ঋণ পেয়েছেন-জলের উপায় কোনো পায়নি, কেউ জল পেয়েছে ঋণ পায়নি। যে সারের সহায়তা পেয়েছে তার চাষের বলদের তভাবে চাষ বন্ধ। এই ধারা চলেচে। সরকারী ক্ষমতা অনুসারে দরিদ্র চাষীদের মধ্য থেকে নির্বাচিত সংখ্যকদের পরের পর পুর্ণাঙ্গ আয়োজনে প্রতিষ্ঠিত করে যেতে হবে। কৃষির উন্নয়নে উন্নত পর্য্যায়ের সেচ, সার, বীজ, যন্ত্র ও গোসম্পদ চাই। এরজন্য শিক্ষা, সুযোগ, সংগঠন ও সমবায় শক্তি চাই। চাষীদের মধ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী প্রসারের ব্যাপক এবং তীব্র প্রচেষ্টা চাই এসবের গুরুত্ব আজও উপলব্ধি হয়নি। কর্মেই তার প্রকাশ ঘটেছে। কৃষির সর্বোত্তম সহায়কে যে সেচ তাকে সফল করার যে সার্থক ব্যবস্থা বিকেন্দ্রিত সেচ ব্যবস্থা তার আয়োজনের প্রতি আজও লক্ষ্য নেই। শুধু কতকগুলি কেন্দ্রীভুত বৃহৎ কাজ নিয়ে আত্মতৃপ্ত থাকলে এই দরিদ্র, দুর্ভিক্ষ ও দুর্যোগের

অবসান হবে না। ব্যাপক ক্ষেত্রে বিকেন্দ্রিত সেচের বিশাল যে কাজ, তার জন্য আজ যোগ্যতার পরিচয় দেওয়া চাই। সালকেট প্রভৃতি যে সার জমির ক্ষতি করেছে উচ্চমূল্যের সেই সারের দিকেই একমাত্র লক্ষ্য না রেখে অন্য বিবিধ জৈবিক সার পাওয়ার যে প্রচুর সম্ভাবনা সমূহ রয়েছে তার দিকে আজ সরকারী লক্ষ্য খুবই কম। জনগণের মধ্যে উন্নত কৃষির প্রতি আগ্রহ, ধারণা, উদ্যোগ, উৎসাহ প্রভৃতি সৃষ্টির জন্য দেশের দিকে দিকে যথার্থ আয়োজনের কোথাও কিছু নেই। আমাদের জেলা বহুভাবে অনাদৃত, ক্ষতিগ্রস্ত এবং অনগ্রসর। বঙ্গভুক্তির পর থেকে দীর্ঘ তিন বৎসর পার হয়ে গেল। কিন্তু কৃষি প্রসারের আদৌ কিছু আয়োজন হয় নি কতকগুলি কৃষি ফার্ম হবারও কথা ছিল। কিন্তু আজও পর্য্যন্ত তা হল না। কর্তৃপক্ষের কাছ থেকে জানা গেছে চেষ্টা ক'রেও জমি পাওয়া যায় নি। অর্থাৎ জনগণের ওপর সরকারের কোনো প্রভাব নেই। সরকারের যোগ্যতা নেই এবং রাজনৈতিক দুষ্টচক্রের দ্বারা চালিত হয়ে সরকারী কর্মচারীরা যে সব ব্যক্তিদের আশ্রয় করে কাজ চালাতে চাইছেন, জনগণের ওপর তাদেরও কোনো প্রভাব নেই। মুক্ত মন নিয়ে আমাদের রাজনৈতিক দলগুলির সহায়তা চাইলে জেলায় কৃষি প্রসারের কাজে অকুণ্ঠ জন—সহায়তার পরিবেশ লাভ হোতো। কিন্তু যেখানে অগণিত দুর্গত জনগণের কল্যাণ লক্ষ্যের মধ্যে নেই—যেখানে রাজনৈতিক স্বার্থ কৃষিকে সাম্‌নে রেখে ব্যর্থ অভিনয় ক'রে জাতির আশা আকাঙ্খাকে ধুলিসাৎ করে দিচ্ছে—সেখানে আমাদের দিক থেকে সহায়তা দেবার কোনো অবকাশ বা পথও আজ নেই।

The Hon'ble Tarun Kanti Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি খুব সংক্ষেপে উত্তর দেবার চেষ্টা করবো, ৭টা বেজে গিয়েছে। ডাঃ ঘোষ প্রথমে বলেছিলেন যে বিষয়ে আজকে বাজেট উত্থাপন করেছেন সে বিষয় বিশেষ কিছু না বলে কেন আমি আমাদের যে পরিকল্পনা খাদ্য উৎপাদন, সে সম্বন্ধে কথা বললাম। এর একমাত্র কারণ হচ্ছে এই যে ৪ কোটি ৮৮ লক্ষ টাকার জন্য আমি বাজেট উত্থাপন করেছি—আর ৮৬ লক্ষ টাকার ডিটেইলটা বইতে দেওয়া রয়েছে। তাই আমি ভাবলাম যে আমরা যখন এতবড় একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে
we are going to take step
সেই সময় যখন একটা সুবিধা পেয়েছি তখন আমরা আমাদের মাননীয় সদস্যরে সঙ্গে গিয়ে আলাপ আলোচনা করে নেব। তাই আজকে আমি গতানুগতিক ভাবে ২০ হাজার একর জমি সেচের মধ্যে আনতে পেরেছি, ২০ হাজার বিলি করেছি, ১৩টা জায়গায় কার্য্য করেছি, এই ভাবে না বলে, কি করতে যাচ্ছি সেইটাই বলেছি।

২০ হাজার মণ আমরা বিলি করেছি। ১৩টা জায়গায় আমরা সীড্ ফার্ম করেছি। তাতেও হবে না। কি আমারা করতে যাচ্ছি সে কথা বলতে চাচ্ছিলাম—
total distibution of seeds
সম্বন্ধে। আমি বলেছিলাম একশোটা সীড্ ফার্ম যদি করতে পারি, তাহলে তা থেকে বাৎসরিক ৫০ হাজার মণ সীড্ আমরা পেতে পারি। সেটা হলে আমরা ভালভাবে ডিসট্রিবিউট করতে পারবো—যারা দেশ ষ্ট্যাণ্ডারড করতে পারবো—কুইকলি সদস্যদের আমি জানতে চাই ২ লক্ষ ৬৪ হাজার মণ সীড্ আমরা পশ্চিমবাংলায় এ বছর ডিসট্রিবিউট করেছিলাম। পাট আলু ডাল সব মিলিয়ে এমারজেনসির জন্য করেছিলাম। আইটেম বাই আইটেম ও

বলতে পারি যদি আপনারা চান। আমরা এবার না মালটিপ্লাই করেছি, সেই অনুযায়ী এবারে ৭ লক্ষ একর জমিতে ভাল সীড্ দিয়ে চাষ করতে পেরেছি। উনি জিজ্ঞাসা করেছিলেন—তার জারমিনেসন পারসেনটেজ কতটা হয়েছে? আমি বিশেষজ্ঞদের হিসেব অনুযায়ী বলতে পারি সেটা এইটি পারসেণ্ট, এইটি পারসেণ্টএর কম হলে সেই সীড্ আমরা দেই না। তবে হতে পারে কোন জায়গায় খারাপ হয়েছে। সব জায়গায় যে ভাল হয়েছে তা বলতে পারবো না।

ডা: ঘোষ ফারটিলাইজার সম্বন্ধে বলেছেন—য়্যামোনিয়া সালফেট ও অন্যান্য কি হয়েছে না হয়েছে। আমরা এই য়্যামোনিয়া সালফেট ভারত সরকারের কাছ থেকে পাই। অন্যান্যের সঙ্গে এই য়্যামোনিয়া সালফেট আমরা বিলি করেছি প্রায় ৪০ হাজার টন; মিকচার সেখানে বিলি করেছি ১২ হাজার টন; সুপার ফসফেট বিলি করেছি ২১৬৫ টন, বোন মিল দু-হাজার টন, ইউরিয়া ১১৫৭ টন; আর অন্যান্য বিষয় সেখানে সেটা বিলি করা হয়েছে, তা প্রয়োজনের তুলনায় কম—যা দরকার তা করতে পারি নাই। অয়েল সীড রিসার্চ সম্বন্ধে এটুকু বলতে পারি যে সেই অয়েল সীড রিসার্চ রিপোর্টটা পড়লে বুঝতে পারবেন যে টাকার অপব্যয় হয়নি। কিছু কাজ তার দ্বারা হয়েছে।

ডাবল ক্রপিং সম্বন্ধে, এরিগেশন সম্বন্ধেও কাজ করছি। প্যাডির উপরও হবে। আর
Wheat, Sugar, Mustard Oil, Oilseeds, Potato—
যথেষ্ট পরিমাণ ঘাটতি আছে।

ডা: ঘোষের নিশ্চয়ই মনে আছে আমরা যদি এটা সম্পূর্ণভাবে করতে পারি—তাহলে ৮২ কোটি টাকা রোজগার করতে পারবো। চালহবার জন্য আরো ৩৫ কোটী টাকা রোজগার হতে পারবে—যদি অন্যান্যভাবে ডাবল ক্রপিং করতে পারি।

খগেনবাবু দেখিয়েছেন—১৯৫৫-৫৬ সালে কি ছিল, ১৯৫৭-৫৮ সালে কি ছিল, কত ফসল কম হয়েছে ফিগার দিয়ে দেখিয়েছেন। ১৯৫৭-৫৮ সালে আপনারা যদি গড়পড়তা ধরেন, তাহলে সেই জিনিষই দাঁড়াবে। ১৯৫৭-৫৮ সালে খুব বেশী রকম ড্রাউট ছিল। ১৯৫৮-৫৯ সালেও দেখবেন ১৯৫৫-৫৬ সাল থেকে ফসল অনেক বেশী হয়েছে। তাহলে মনে রাখতে হবে ১৯৫৭ ও ১৯৫৮ এই দুটো বছরই ড্রাউট ইয়ার গেছে। কৃষিবিভাগ খুব বেশী নির্ভর করে প্রকৃতির উপর। আমি রিডারস ডাইজেসট এ এক জায়গায় পড়েছিলাম আমেরিকার মত ধনীর দেশেতে টেকসাস অঞ্চলে কয়েক বছর ধরে বৃষ্টি না হবার দরুণ তাঁরা ডীপটিউবওয়েল করেছিলেন। বৃষ্টি হলনা–সেই টিউবওয়েল থেকে জল তুলে নেবার ফলে জলের লেভেল খুব তলায় চলে গেল। সুতরাং পরিষ্কার ভাবে বুঝতে হবে আমরা যতই যা কিছু করিনা কেন, প্রকৃতির বিরুদ্ধে আমরা যেতে পারবোনা। প্রকৃতির বিরুদ্ধে যদি দেশ সম্পূর্ণভাবে চলে যায়, তবে সে কাজে পুরোপুরি আমাদের সফলতা লাভ করা সম্ভব হবে না। ফসলের ফলন একর প্রতি নিশ্চয়ই কমে যাচ্ছেনা, যদিও তা স্পেকটাকুলার ভাবে বাড়েনি; কিন্তু আমি বলবো ফসলের ফলন কমে যায়নি।

[7-10—7-20 p.m.]

কিন্তু ফসল কমে যায় নি। তার কারণ আমাদের এখানে গত ৫ বৎসরের উৎপাদনের হিসাব দেখলে দেখা যাবে ৩৫।৩৬ লক্ষ টন খাদ্যশস্য হোত, সেটা এখন বেড়ে দাঁড়িয়েছে ৪০ লক্ষ টন। এখানে তিনি আর একটা কথা বলেছেন, কো-অপারেশন আমরা চাই কিন্তু কো-

অপারেশন দিতে এলে তাদের কাছ থেকে তা নেওয়া হয়না। আজ পর্য্যন্ত উন্নয়ন ব্যাপারে কো-অপারেশন দিতে এসে ব্যার্থ হয়েছেন। এ রকম ব্যাপার আমার জানা নেই। আমি কৃষি বিভাগের সম্বন্ধে বলতে পারি, এখানে যে কোন মানুষ, সে যে কোন দলভুক্তই হোকনা কেন, জনসাধারণের সেবার ব্যাপারে সরকারকে সাহায্য করতে চাইলে সে সাহায্য নিশ্চয়ই গ্রহণ করা হবে। শ্রদ্ধেয়া মৈত্রী বসু প্যাডি ফিল্ডকে ফিসারি তে ডাইভার্ট করার কথা বলেছেন। কিন্তু সেদিকে আমরা সজাগ আছি এবং চেষ্টা করে যাচ্ছি যাতে এই রকম জিনিষ না হতে পারে। এবং পুকুরের সম্বন্ধে যে কথা বলেছেন তার উত্তর এখন দিতে পারিনা, বিশেষজ্ঞদের মত নিয়ে বলতে পারি। পুকুরে জল কেন থাকে না সে বিস্তারিত তথ্য তুলতে গেলে অনেক সময় লাগবে। ছোট সেচ পরিকল্পনায় পুকুর কাটা যেতে পারে এবং সে পুকুর সহজে নষ্ট হয়ে যাবেনা। চিত্তবাবু প্রথমেই বলেছেন যে কৃষি বিভাগের জন্য এত টাকা খরচ হচ্ছে কিন্তু তার মধ্যে নুতন কথা কিছু. শোনালেন না। কৃষির উন্নতি করতে গেলে যা বলা দরকার তাই বলছি, সেখানেত আর তৈরী করে গল্প বলা যায় না। কৃষি উন্নতি করতে গেলে সেচ দরকার হবে, সার দবকার হবে, মেথড অব কালটিভেসন এর কথা বলতে হবে এবং তাই বলা হয়েছে। অবশ্য তিনি একটা বড় কথা বলেছেন যে কৃষির উন্নতি করতে হলে কৃষি ঋণ থেকে কৃষককে মুক্ত করতে হবে। আমি বলবো নিশ্চয়ই তিনি একটা ভাল সাজেসন করেছেন। এটা ঠিক ৩০লক্ষ কৃষক পরিবার যা আছে, তাদের আমরা একেবারে সরকারের উপর নির্ভরশীল করতে চাইনা, ঋণের ভারে ভারাক্রান্ত করতে চাই না। ১৯৫৬ সালে যখন বন্যা হয়েছিল তখন সরকার তাদের টাকা দেবার ব্যবস্থা করেছিলেন, ১৯৫৮ সালে যখন ড্রাউট হয়েছিল তখন ডাক্তার ঘোষ, আমাদের মুখ্যমন্ত্রী ও প্রফুল্ল সেন মহাশয়ের মধ্যে একটা এগ্রিমেণ্ট হয়েছিল এবং দুই একরের কম জমি যাদের তাদের মুকুপ করা হয়েছিল। নিশ্চয়ই কৃষকদের সম্বন্ধে আমবা ব্যবস্থা অবলম্বন করেছি এবং ভবিষ্যতে ব্যবস্থা অবলম্বন করবো। কৃষকদের সবাইকে আমরা সব জিনিষ ফ্রি দিতে পারবো সেটা সম্ভব নয়। এটা তাদের সম্মানের পক্ষেও উচিং নয়। তারপর বাজেট কেন কম হয়েছে ও বৎসরেরর চেয়ে বর্ত্তমান বৎসরে একথা অনেকে প্রশ্ন করেছেন। কিন্তু আপনারা দেখবেন যে এই দুই টাকার মধ্যে, যেটা সাপ্লিমেণ্টারিতে পাবেন, যেগুলি কৃষি বিভাগের মধ্যে ছিল সেগুলি এবার এতে ধরা হয়নি, যেমন

animal husbandry milk

ইত্যাদি, এইগুলি যদি ধরা যায় তাহলে আরো ৫-৬ কোটি টাকা বেড়ে যাবে। তারপর যে কথা বলছিলাম যে ড্রুউট এরিয়ার জন্য ডাঃ ঘোষ ও আমাদের মুখ্যমন্ত্রী মিলে ঠিক করেন যে দুই একর পর্য্যন্ত যাদের জমি তাদের খাজনা মুকুব করা হবে।

এ ভয়েস—কবে থেকে ইমপ্লিমেনটেড হয়েছে ?

This thing was announced in the paper

শ্রদ্ধেয় প্রভাকর পাল বলেছেন জুটএর প্রাইজ ফিক্স করেননি কেন। আমি একজন কৃষি কর্ম্মী হিসাবে, বাংলা দেশের মানুষ হিসাবে নিশ্চয়ই এটা চাইবো, এবং জুট হচ্ছে একটা প্রধান ক্যাস ক্রপ যা থেকে বহু ফরেন এক্সচেঞ্জ আমাদের আমদানী হয় কিন্তু এটা আমার বিভাগ কিম্বা পশ্চিমবঙ্গ সরকারের উপর নির্ভর করে না, গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার উপর এটা নির্ভর করে।

এখানে সুধীর ভাণ্ডারী মহাশয় বলেছেন যে, এককালে নাকি কোন গুরুত্ব দেওয়া হয়নি—তাঁহলে আমি বলবো, আমরা ইচ্ছা করলেই যে টাকা খরচ করব মনে করি সেই টাকা খরচ করতে পারিনা, তার কারণ ডীপ টিউবওয়েল বিভিন্ন জায়গা থেকে মাল মসলা আনতে হবে। আমরা নিশ্চয়ই গুরুত্ব দিচ্ছি, এবং দিবার জন্য যথাসম্ভব চেষ্টা করছি। আমি গভর্ণাস স্পীচ সম্বন্ধে একথা উল্লেখ করছি তা আবার বলে দিচ্ছি, গভর্ণর যে কথা বলেছেন

the total production of Aman and Aus rice in West Bengal in 1958 and 1959 varied between 40 and 41 Lakh tons.

অতএব, ৩৬ লক্ষ টন নয়। বন্যা হওয়া সত্ত্বেও এই বছর এক লক্ষ টন বেশী খাদ্যোৎপাদন হয়েছিল। কোন কোন সদস্য বলেছেন যে টাকা খরচ হয়েছিল তাতে ৬ লক্ষ টন বেশী খাদ্য হবার কথা ছিল, তার কি হল ? মাননীয় সদস্যরা যদি ভাল কার দেখেন তাহলে দেখবেন যে, আমাদের খাদ্যোৎপাদন এবছর নিশ্চয়ই ৬ লক্ষ টন বৃদ্ধি পেয়েছে। তারপর, ফার্টিলাইজার ডিসট্রিবিউসন সম্বন্ধে বলতে গিয়ে একজন মাননীয় সদস্য আমাদের বিভাগের সি, কে, রায় মহাশয়কে ব্যক্তিগত আমন্ত্রণ করেছেন। আমি মনে করি যদি বিভাগীয় কার্য্যাবলীর জন্য কাউকে দায়ী করতে হয় তাহলে সেক্রেটারীকে না করে মন্ত্রীকে দায়ী করাই সংগত, কারণ সেক্রেটারীর পক্ষে এখানে কোন কথা বলা সম্ভব নয়। যাই হোক, আমি সদস্যদের জানাতে চাই যে, সি, কে, রায় কোন দিনে স'ওয়ালেস কোম্পানীতে কাজ করেন না বা সি, কে, রায়ের কোন আত্মীয়-স্বজনও স'ওয়ালেসে কাজ করে না। এখানে শ্রীমতী সুধাবাণী দত্ত এনটিটিউব-ওয়েল সম্বন্ধে একটা কথা বলেছেন—আমি তাঁকে জানাতে চাই যে, আমরা এটা যথাসম্ভব ইউটিলাইজ করার চেষ্টা করব, বিশেষ করে, বাঁকুড়া এবং মেদিনীপুরে করবার জন্য চেষ্টা করব। পাম্পিং মেসিন সম্বন্ধে আমাদের ডিফিকালটি হচ্ছে ফরেন এক্সচেঞ্জএর—তা সত্ত্বেও আমরা চেস্টা করব আরো হেলপিং মেসিন ধারে ধারে দিতে হবে সেগুলি কৃষকেরা কাজে লাগাতে পারে। স্মল ইরিগেশন সম্বন্ধে শ্রীপ্রসন্ন ভট্টাচার্য্য মহাশয় যে কথা বলেছেন, তাকে আমি বলতে চাই যে, ৫০/৫০ স্কীম সারা ভারতে কাজ চলছে, সুতরাং এখানে যদি আমরা নতুন কিছু করতে যাই তাহলে ভারত সরকার রাজী হবে না ভবানী প্রসাদ তালুকদার মহাশয় যে কথা বলেছেন সেটাও আমরা চেষ্টা করব। পেষ্ট যাতে ধ্বংস করা যায় তার ব্যবস্থা করা হবে শ্রীরাধা নাথ চট্টরাজ যে কথা বলেছেন, কো-অপারেটিভ ফারমিং সম্বন্ধে—এটা কংগ্রেসেরই নীতি, সুতরাং কেহ যদি সার্ভিস কো-অপারেটিভ করতে যান তাহলে নিশ্চয়ই আমরা সর্ব্বপ্রকারে সাহায্য করার চেষ্টা করব। এখানে ফার্টিলাইজার সম্বন্ধে বলা হয়েছে—আমি নিজে ৭।৮টা জেলা ঘুরে এসেছি—আমরা চেষ্টা করছি ফার্টিলাইজার যাতে চাষীরা পেতে পারে। ভূপাল পাণ্ডা মহাশয়কে আমি বলব, টাকা দিয়ে, ক্যাস দিয়ে, কাইণ্ড দিয়ে আমরা সর্বতোভাবে চেষ্টা করব—তবে আজকে আমাদের দেশের কৃষকেরা ফার্টিলাইজার মাইণ্ডেড হয়েছে—আজ তারা নিজেদের সম্বন্ধে অজ্ঞাত নয়। এটা একটা সাধারণ মোটা কথা যে, যাদের দিয়ে আমরা কাজ করব তাদের যদি আমরা আর্থিক উন্নতি না করতে পারি তাহলে আমাদের কোন পরিকল্পনাই সার্থক হবে না। সুতরাং সেদিকে লক্ষ করে আমরা এগিয়ে যাচ্ছি। তবে কথা হচ্ছে যে, সবজিনিষ আমরা সময়মত করে উঠতে পারিনা। যেমন করেই হোক, আমাদের খাদ্যশস্য উৎপাদন বাড়াতে হবে, এটা না করে আমাদের উপায় নাই। এর পরে যদি কোন বাধা থাকে তাহলে সেই বাধা আমাদের দূর করতে হবে। লক্ষ লক্ষ মানুষ নিয়ে খাদ্যের কারবার, সুতরাং আমি মাননীয় সদস্যদের আমি অনুরোধ জানাব যে, আপনারাও এগিয়ে আসুন, যাতে বাংলা দেশে

র্দ্দশা ঘুচিয়ে দিয়ে সমৃদ্ধির পথে নিয়ে যেতে পারি তার জন্য আমাদের সকলকে সমবেতভাবে চষ্টা করতে হবে। এই বলে আমি কাটমোসনস এ বিরোধিতা করে আমার মোসন গ্রহণ করার জন্য আমি সদস্যদের অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker : There are 124 cut motions. At the begihning I declared cut notion No. 57 to be out of order, but subsequently, after reconsideration, I iave transferred cut motions Nos. 57 and 30 to appropriate heads. The rest of he cut motions except Nos. 41, 43, 113 and 121 are put to vote.

7-20—7-31 p.m.]

Thc motion of Shri Subodh Banerjee that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sudhir Kumar Pandey that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Radhanath Chattoraj that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Basanta Lal Chatterjee that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost·

The motion of Shri Pabitra Mohan Roy that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost·

The motion of Shri Bhuban Chandra Kar Mahapatra that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Seri Basanta Kumar Panda that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bhupal Chandra Panda that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Satyendra Narayan Mazumdar that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Phakir Chandra Roy that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agrieulture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Jatindra Chandra Chakravorty that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and los t.

The motion of Shri Rabindra Nath Mukhopadhyay that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agricultuie—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Jagat Bose that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricaltural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Elias Razi that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No, 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Resarch outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Basu that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharjee that the demand of Rs. 4,86,23,0C0 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Haran Chandra Mondal that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Ramanuj Halder that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture— Agriculture, and 71---Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Renupada Halder that the demand of Rs. 4,86,23,C00 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gangadhar Naskar that the demand of Rs. 4,86,23 C00 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gobardhan Das that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads '40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Reveue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bankim Mukheriee that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put an dlost.

The motion of Shri Syed Badrudduja that the demand of Rs. 4,86,23,000 for expenditure under Grant No. 23, Major Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Natendra Nath Das that the demand of Rs. 4,86 23,000 for expenditure under Grant No. 23, Mojor Heads "40—Agriculture—Agriculture, and 71—Capital Outley on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100, was then put and lost.

Shri Ajit Kumar Ganguli : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Subodh Banerjee : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Samar Mukherjee: *Sir, I beg to move that the demand of* Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Basanta Lal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Dr. Pabitra Mohan Roy: Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Satyendra Narayan Mazumdar: Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Jatindra Chandra Chakravorty: Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Mukhopadhyay: Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Jagat Basu: Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Phakir Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Niranjan Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: S'r, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Sitaram Gupta: Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Dr. Radha Nath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Dr. Kanailal Bhattacharyya: Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Somnath Lahiri: Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaceo Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Jyoti Basu : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Majoı Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Gopal Basu : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Haridas Mitra : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for Expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of the State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Dr. Dhirendra Nath Banerjee : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Perspns" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Chaitan Majhi : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for Expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Suhrid Kumar Mullick Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Bijoy Krishna Modak : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads : "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Saroj Roy : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Rama Shankar Prasad : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Tarapada Dey : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Hccount—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Dr. Ranendra Nath Sen : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Dr. Hirendra Kumar Chattopadhyay : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads: "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82--Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100.

Shri Samar Mukhopadhyay :

মিঃ স্পীকার, স্যার, প্রফুল্লবাবুর বক্তৃতা খুব আগ্রহ সহকারে শুনছিলাম এবং তখন মনে হচ্ছিল যেন ভূতের মুখে রাম নাম। যেন সম্প্রতি বাংলাদেশের উদ্বাস্তু পুনর্বাসন সম্পর্কে যে গুরুতর বিপর্য্যয় দেখা দিয়েছে সেটাকে ঢাকা আজকে অসম্ভব। সরকারী পরিকল্পনাগুলিতে যে চূড়ান্ত ব্যর্থতা, তাকে লুকিয়ে রাখা আজকে সম্ভব নয়। প্রফুল্লবাবু তাঁর বক্তৃতার টোনকে একটু বদলেছেন। কেননা ইলেকশন আসছে, সেটাকে চোখের সামনে রাখার প্রশ্ন। তিনি এই কথা স্বীকার করলেন যে যাদের পুনর্বাসন দেওয়া হয়েছিল, তাদের মধ্যে শতকরা পঞ্চাশ ভাগের এখনও কোন ব্যবস্থা হয়নি। তিনি ১৯৫৮ সালে যে কথা বলেছিলেন, ১৯৬০ সালে আবার ঠিক একই কথা বলছেন। এবং এটাও একটা সঙ্কার ব্যাপার তিনি আজ প্রথম আইন সভায় দাঁড়িয়ে স্বীকার করলেন যে দণ্ডকারণ্য সম্বন্ধে যে আশা আমরা

পোষণ করেছিলাম সে আশা পুরণ হয়নি, এবং যে ১৩০০ উদ্বাস্তু পরিবার সেখানে গিয়েছে—কার্য্যত তারা পুনর্বাসন কিছুই পায়নি। আজ বিভিন্ন ক্যাম্প উদ্বাস্তুদের উপর ৬০ দিনের নোটিশ জারী করে বলা হচ্ছে—হয় তোমরা দণ্ডকারণ্যে যাও, আর না হয় এই ছয় মাসের ডোল নিয়ে ক্যাম্প থেকে কেটে পড।

[3-30—3-40 p.m.]

হয় দণ্ডকারণ্য যেতে হবে, না হয় ৬ মাসের মত ডোল নিয়ে ক্যাম্প থেকে কেটে পড়। কি চমৎকার সামঞ্জস্য! দণ্ডকারণ্য ব্যর্থ হয়েছে অথচ আমাদের আশা পুরণ হয়নি। সেখানে লোক যেতে চাচ্ছেনা। অথচ তিনি আবার নোটিশ জারী করছেন ৬০ দিনের মধ্যে বেছে নিতে হবে—দণ্ডকারণ্য যাবে কি যাবে না। তার মানে কি? অর্থাৎ সোজা তাদের বলে দিচ্ছেন তোমাদের দায়িত্ব আমাদের নাই—ক্যাম্প থেকে তোমাদের তাড়িয়ে দিলাম। ১২ বছর ডোল পাওয়াবার পরে এই বাস্তুহারাদের শিয়াল কুকুরের মত তাড়িয়ে দিতে তাঁদের কোন লজ্জা বা সংকোচ নাই, কোন বিবেচনা পর্য্যন্ত নাই।

একই সঙ্গে দণ্ডকারণ্যের ব্যর্থতা, একই সঙ্গে ৬০ দিনের নোটিশ। সেই নোটিশ কিভাবে যাচ্ছে? গোপালপুর শিবতলা ক্যাম্প সম্বন্ধে কাগজে আপনারা পড়েছেন। গত ৭ই তারিখে সেখানে লাঠি চার্জ হয়েছে। এমন কি মেয়েদের উপর ও লাঠি চার্জ হয়েছে—সে কাহিনী আরো শুনবেন গত ২৬শে জানুয়ারী প্রজাতন্ত্র দিবস, স্বাধীনতার উৎসব হচ্ছে, সেদিন সন্ধ্যা বেলা তাদের নোটিশ দিয়ে জানিয়ে দেওয়া হল আজকে ক্যাম্প বন্ধ হয়ে গেল—ক্যাম্প ইজ ক্লোজড তার পরদিন ২৭শে সকাল বেলা আর্মড পুলিশ নিয়ে সেখানকার অথরিটি সুপারণ্টেণ্ডেণ্ট মেডিকেল হাসপাতাল, মেডিক্যাল এরেঞ্জমেণ্ট সমস্ত কিছু উঠিয়ে নিয়ে ক্যাম্প থেকে চলে আসলেন। তাদের বলে দেওয়া হল, তোমাদের এখান থেকে চলে যেতে হবে পানাগড় ও অন্যান্য স্থানে। সেই ক্যাম্প মিলিটারী হাসপাতাল, সেই ষ্ট্রাকচারএ জলের বন্দোবস্ত আছে, টিনের শেড, পাকা দেওয়াল—সেখানে তারা এতদিন বাস করছিল। সেখানে সামান্য কয়েকদিনের নোটিশ দেওয়া তাঁরা প্রয়োজন বোধ করলেন না। অবিলম্বে ছেড়ে যেতে হবে। কোথায় যেতে হবে? এক মাইল দূরে মাঠে নূতন তাবু কিনে বসবাস করতে হবে। গভর্ণমেণ্টের অর্ডার—যদি না যাও, সঙ্গে সঙ্গে ডোল বন্ধ। আজকে সেখানে অনশন করতে তারা বাধ্য হয়েছে এবং সেই অনশন প্রত্যাহার না করার সিদ্ধান্ত করায় যখন আমরা সুষ্ঠু ফয়সোলার চেষ্টা করছি, মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করছিলাম, ঠিক তখন ৭ই তারিখে আমাদের মুখ্যমন্ত্রী আমাদের পাঠালেন রিহ্যাবিলিটেশন কমিশনারের সঙ্গে আলোচনার জন্য। আর ওদিকে ৭ই তারিখ ভোরবেলা ক্যাম্পে গিয়া পুলিস উপস্থিত হলো এবং যাঁরা অনশন করেছিলেন, তাঁদের গ্রেপ্তার করলেন, আর বাকী লোকের উপর—এমন কি মেয়েদের উপর পুলিস লাঠি চার্জ করলো। কয়েক জনের অবস্থা গুরুতর। যখন দণ্ডকারণ্যের এই অবস্থা, তখন তারা বিভিন্ন ক্যাম্পে নোটিশ দিয়ে যা অবস্থা তাঁরা করেছেন, প্রতি মাসে ২ হাজার ক্যাম্প পরিবারকে নোটিশ সার্ভ করা হয়েছে। ইতিমধ্যে প্রায় ১৪ হাজার পরিবারের উপর নোটিশ জারী করা হয়েছে এবং হাজার হাজার পরিবারের ডোল কেটে দেওয়া হয়েছে এবং তাদের ক্যাম্প থেকে তাড়িয়ে দেবার জন্য বন্দোবস্ত হচ্ছে। সুতরাং প্রফুল্লবাবু বললেন যে আমাদের দুর্ভাগ্য বিহার তাদের নিতে চাচ্ছে না, উড়িষ্যা তাদের নিতে চাচ্ছে না, আসামও তাদের নিতে চাচ্ছে না। অথচ তোমাদের সেখানে যেতে হবে। এটা বিবেচনা করলে বুঝতে পারবেন—আজ যেখানে বাঙ্গালী বাস্তুহারারা নিজেদের দোষে ঘরবাড়ী থেকে

বঞ্চিত হয় নাই, হয়েছে আমাদের দেশের বিকৃত রাজনীতির ফলে। তাদের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল—তোমাদের সুখ-স্বাচ্ছন্দ্যের ব্যবস্থা করা হবে। সেই বাংলাদেশের গভর্ণমেণ্টের কাছে বাঙ্গালী বাস্তুহারারা যদি এইরূপ ব্যবহার পায়, সেখানে অন্য প্রদেশে পাঠালে সেখানকার গভর্ণমেণ্টের কাছ থেকে সহানুভূতিমূলক ব্যবহার পাবে—এ তারা কি করে আশা করতে পারে ? তা আশা করতে পারে না। সেখানে যে জমি দিয়ে পুনর্বাসনের ব্যবস্থা, সেই জমির কথা প্রফুল্লবাবু বললেন। ২৫ একর জমি আছে যাদের—বাঁকুড়াতে তাদের ডোল দিতে হচ্ছে, রিলিফ দেওয়া হচ্ছে। সেই রকম জমি বাইরে যারা যাচ্ছে তাদের দেওয়া হচ্ছে। উড়িষ্যায় যাদের পুনর্বাসন দেওয়া হয়েছিল ৮।১০ বছর আগে, যেখানে আজ সত্যাগ্রহ, অনশন ধর্মঘটের পথ তাদের গ্রহণ করতে হচ্ছে। আজ তাদের সামনে আর অন্য পথ নেই। উড়িষ্যা সম্বন্ধে আরো অন্য বক্তার কাছে বিস্তৃতভাবে শুনবেন, এবং সেখানে যারা বাকী আছে তারাও আবার ডেসার্ট করে চলে আসবে। কারণ তাদের কোন উপায় নেই। এটা কোন রকম যুক্তি, পশ্চিমবঙ্গের বাইরে অন্যান্য রাজ্য থেকে, সবকারের মুখেই শুনেছি। হাজার হাজার, লক্ষ লক্ষ, লোক চলে আসে কারণ সেখানকার আর্থিক অবস্থা খারাপ, আর সেখানেই আমরা রিফিউজী পাঠাচ্ছি। সেখান থেকে লোকে পশ্চিমবঙ্গে জীবিকার সন্ধানে চলে আসে সেখানে আমরা তাদের পাঠাচ্ছি। তাঁরা বলেন পশ্চিমবাংলার সেটুরেশন হয়ে গিয়েছে, এখানে আর কোন সম্ভাবনা নেই আমাদের শতকরা ৮৯ ভাগ জমি ল্যাণ্ড ইউটিলাইজেশনএর মধ্যে এসেছে। কিন্তু আমরা একথা বলি যে ১৯৫৮ সালের ডিসেম্বর মাসে তাঁরা প্রতিশ্রুতি দিয়েছিলেন, প্রফুল্লবাবু বলেছিলেন, অবশ্য আমাদের চাপে পড়ে, যে ক্যাম্পগুলির ১০ হাজার এগ্রিকালচারিষ্ট ফ্যামিলিকে আমরা পশ্চিমবঙ্গে পুনর্বাসন দেবো। তিনি হিসাব দেখিয়েছেন যে তার বেশীর ভাগকেই দেবার চেষ্টা করেছেন এবং আমাদের বক্তব্য আমরা রাখতে পেরেছি। কিন্তু এই হিসাব সম্পূর্ণ ভুল। কেননা হিসাবের মারপ্যাচে প্রফুল্লবাবু সিদ্ধান্ত তা আমরা জানি। তাঁর হিসাবে তিনি বলেছেন প্রায় ৬ হাজার বায়নানামা আমাদের বিবেচনাধীন আছে। এবং তাঁরা বলেছেন দুই বৎসরে ৫।৬ হাজার বায়নানামা স্যাংকশন করেছি। কিন্তু তারা যে হিসাব দিয়েছেন সেই হিসাবে দেখছি যে এক বৎসর দেড় বৎসরের মধ্যে ৫—৫½ হাজার পরিবার ক্যাম্প থেকে পশ্চিমবাংলায় পুনর্বাসন পেল। ক্যাম্প থেকে যারা ডিসপার্শেল হয়েছে, সেই ডিসপার্শেলএর ১০ হাজার ফ্যামিলি যাদের জমি দেবার কথা ছিল তা দিয়ে পারেননি, এবং যে টুকু হয়েছে তাহাদের নিজস্ব চেষ্টায় হয়েছে। তাঁরা প্রতিশ্রুতি দিয়েছিলেন আমাদের কাছে যে ৬০ হাজার একর জমি একোয়ার করবেন এই রিফ্যুজি ফ্যামিলির জন্য। এবং সে জমি ভেষ্টেড ইন দি গভর্ণমেণ্ট সেটা কোন প্রাইভেট ল্যাণ্ড নয়। কিন্তু সেই জমি উন্নতি করার কোন চেষ্টা গভর্ণমেণ্টের পক্ষ থেকে হয়নি। তাঁরা যে জমি রিক্লামেশন করেছেন তার হিসাব বাজেট বইতে দেখলেই এবং সে সংখ্যা পড়লেই আপনি বুঝতে পারবেন। ১৯৫৮-৫৯ সালে

lands already acquired 56,750 acres, number of refugees who have been alloted plots 57,000

১৯৫৮-৫৯ সালে আমাদের কাছে প্রতিশ্রুতি দেবার আগের অবস্থা সেই সময় তাদের বাজেট বইতে তাঁরা লিখেছেন

land under various stages of acquisition 13,000 acres

১৯৫৯-৬০ এর বাজেট বইতে দেখলাম তাঁরা বলেছেন

land already acquire and taken possession of 62,476 acres.

আর ১৯৬০-৬১ এর বাজেটে তাঁরা হিসাব দিয়েছেন

land already acquired and taken possession of 62,595 acres,

অর্থাৎ ১৯৫৯-৬০ সালে তাতে বলছেন ৬২, ৪৭৬ একর্স, আর ১৯৬০-৬১-এর বাজেট বলছেন ৬২, ৫৯৫ একর্স, অর্থাৎ এক বৎসরের মধ্যে ৬০ হাজার একর জমি তারা অ্যাকোয়্যার্ করেছেন এবং যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা পুরণ করেছেন। কিন্তু মোট জমি উন্নয়ন হয়েছে ১১৯ একর ৬০ হাজারের মধ্যে। এবং তারপর বৎসর থেকে ১৯৫৯-৬০ তে বলছেন ল্যাণ্ড আণ্ডার ভেরিয়াস ষ্টেজেস অফ এ্যাকুইজেশন তার পরিমাণ ১২২৭৩; ১৯৬০-৬১এ বলছেন, ল্যাণ্ড আণ্ডার ভেরিয়াস ষ্টেজেস্ অফ এ্যাকুইজেনন তার পরিমাণ ৩২০০ একর।

[3-40—3-50 p.m.]

অথচ প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল ৬০ হাজার একর জমি কমসেকম ২০ হাজার উদ্বাস্তু পরিবারকে দেওয়া হবে। এখন এই দুটো কম্পেয়ার করলে বুঝতে পারবেন যে পশ্চিম বাংলায় যে স্কীমস ল্যাণ্ড এ্যাকুইজিশন এণ্ড ল্যাণ্ড ডেভেলপমেণ্ট সে সম্বন্ধে বাংলাদেশের গভর্ণমেণ্ট ডেফিনাইটলি কোন প্রগ্রেস করছেনা এবং এই ব্যাপার উইলফুলি নেগলেক্ট করছেন। এবং পাঠাবার জন্য ১২ ঘণ্টার নোটীশও দেবার দরকার হয়নি, ক্যাম্পে গেলেন এবং জোর-জবরদস্তি করে রিফিউজীদের তুলে নিয়ে চলে গেলেন। বাংলাদেশে কিছু কিছু প্রমিজড স্কীমস কি ভাবে ফেলে রাখা হয়েছে তার উদাহরণ দিচ্ছি—তাঁরা বলেছিলেন উল্টাডাঙ্গা মার্কেট করে দেবেন, সেজন্য সেখানে কিছু জমিও একোয়ার করা হল, কিন্তু এবারের বাজেটে সেটা ড্রপ করা হয়েছে, তার কোন মেনশনই নাই। ৪ হাজার ফ্যামিলি কোনক্রমে নিজেদের চেষ্টায় একটা বাজার খাড়া করেছিল, তাতে তাদের কোনরকমে জীবিকার সংস্থান হয়েছিল, হয়তো চেষ্টা করলে সেনট্রাল গভর্ণমেণ্টকে এবা বাজেটে রাজীও করাতে পারতেন, কিন্তু বাংলাদেশের গভর্ণমেণ্টের বাজেট প্রপোজালের কোন মেনশনই নাই। এভাবে ৪ হাজার উদ্বাস্তু পরিবারের রিহ্যাবিলিটেশন স্কোপ নষ্ট হয়ে গেল, এবং যেটা অনেক চেষ্টার পর স্যাংকশণও হল, সেটাও মেটিরিয়ালাইজ করার জন্য কোন ব্যবস্থা করলেন না এই সরকার। কুপার্স ক্যাম্প টাউন স্কীম ১৯৫৬ সালের স্কীম এবং তারা সেটা স্যাংকশনও করেছিলেন, কিন্তু আজ পর্য্যন্ত সেটা বাস্তবে পরিণত হল না। এই সরকার থিওরেটিক্যালি অনেক কিছু পরিকনল্পনা গ্রহণ করেন, কিন্তু বাস্তবে সেই সমস্ত পরিকল্পনার কোন প্রগ্রেস ই আমরা দেখতে পাই না। আমি এখানে আরো দুই একটা ক্যাম্পের কথা বলব উদাহরণ ,স্বরূপ—যেমন, নন্দননগর ক্যাম্প—সেখানে ৭ বৎসর আগে ১০ লক্ষ টাকার বেশী খরচ করে একটা ঝিলের পাশে জমি নিয়ে ডেভেলপমেণ্ট করার কথা ছিল, এবং সেখানে ১২৪টা পরিবার সেখানে বসান হয়েছিল। এবং সেখানে মেকানাইজড মেথড করা হয়েছিল। কিন্তু আজ পর্য্যন্ত ল্যাণ্ড ডেভেলপমেণ্ট হল না, এবং এখন শোনা যাচ্ছে যে, সেই ক্যাম্পটা উঠে যাবে। হঠাৎ ২৯শে ফেব্রুয়ারী তারিখে ক্যাম্প ক্লোজ বলে নোটীশ জারী করা হল। ২২ লক্ষ টাকা ডোল এবং ১০ লক্ষ টাকার জায়গা কিনে শেষ পর্য্যন্ত সেখানকার লোকদের বলা হল ক্যাম্প বন্ধ হয়ে গেল। এসব ব্যাপারের এঁরা কি ব্যাখ্যা দেবেন আমি জানি না। দিল্লীর সেণ্ট্রাল হলে কয়েকদিন আগে মিঃ খান্নার সঙ্গে আমার আলাপ হয়েছিল—আমি তাঁকে বলেছিলাম আপনারা এই রকম করে বায়নানামা

বন্ধ করলেন যাতে করে জোরজবরদস্তিমূলক ভাবে বাংলাদেশের বাইরে পাঠান যেতে পারে, তিনি আমাকে বল্লেন আমরা সাবকুলেট করে দিয়েছি, সেই ডকুমেণ্টটা পড়ে দেখবেন, তাতে দেখবেন ৯০ দিনের নোটীশের বিষয় লেখা আছে,

to make arrangement for themselves under the bynanama scheme or to move for rehabilitation to Dandakaranya where they will be provided with work at the initial stage.

আমি যখন তাঁকে জিজ্ঞাসা করলাম বায়নানামা বন্ধ করলেন কেন, তিনি বলেন আমাকে দোষ দিচ্ছেন কেন, বাংলা সরকার যা করেন তাই হবে। সুতরাং কেন্দ্রীয় গভর্ণমেণ্টকেও বাংলাদেশের গভর্ণমেণ্ট আঘাত করছেন। আজকে চারিদিকে খান্না সাহেবের পদত্যাগের দাবী উঠছে এবং পশ্চিমবাংলার বিভিন্ন সংবাদপত্রে সেই দাবী তীব্রভাবে জানান হয়েছে। আজ আমরা একথা নিঃসন্দেহে বলব যে, দণ্ডকারণ্য পরিকল্পনা ব্যর্থতায় পর্য্যবসিত হয়েছে এবং আজ প্রমাণিত হয়েছে এই দণ্ডকারণ্য পরিকল্পনা সম্পর্কে আমাদের পক্ষ থেকে যে সন্দেহ ও আশঙ্কা প্রকাশ করা হয়েছে সেটা ঠিক। এজন্য পশ্চিম বাংলার পুনর্ব্বাসন মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেনও সমভাবে দায়ী এবং আমরা মনে করি শ্রীখান্নার সঙ্গে তাঁরও পদত্যাগ করা উচিত। কিছুদিন পূর্ব্বে বায়নানামার ব্যাপারে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, ক্যাম্পের উদ্বাস্তুদের বায়নানামার সুযোগ-সুবিধা দেওয়া হবে। মুখ্যমন্ত্রী মহাশয় রিলিফ কমিশনারকে ফোন করেন এবং একটা চিঠি দেন—আমি যখন তাঁকে বল্লাম, কৃষিজীবী পরিবারের বায়নানামা বন্ধ করে দেওয়া হয়েছে—তাতে তিনি খানিকটা চটে যান এবং আমাকে বল্লেন, তুমি আমার উপর কথা বলবে না– আমি মনে করলাম মুখ্যমন্ত্রী মহাশয় বোধ হয় কিছু ব্যবস্থা করে দিলেন এবং সেইরকম কোন আণ্ডারষ্ট্যাণ্ডিং বোধ হয় গভর্ণমেণ্টের আছে। সেই চিঠিতে তিনি লিখছেন,

these men want to be rehabilitated, I want that Zonal Officers should help them to get land under bynanama scheme and help them to be rehabilitated.

এই চিঠি নিয়ে যখন রিলিফ ক্যাম্পের কাছে গেলাম তিনি বল্লেন, হবে না, চীফ মিনিষ্টার লিখেছেন বটে, কিন্তু তিনি সব কিছু জানেন না। চীফ মিনিষ্টার যদি না জানেন তবে পলিসি ফরমুলেট করছে? আজকে এইভাবে বাংলাদেশের রিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্টে একটা চেওজ ও এনার্কি চলছে। হাজার হাজার মানুষকে নোটীশ সার্ভ করে ক্যাম্প থেকে বার করে দেওয়া হচ্ছে। ছাত্রদের ষ্টাইপেণ্ডের কথা সকলেই জানেন। এই ষ্টাইপেণ্ড না পাওয়ার ফলে ২ লক্ষ ছাত্র এডুকেশন থেকে বঞ্চিত হতে চলেছে। ২০০ স্কুল বন্ধ হয়ে যাবে এবং ৩ হাজার টিচার আনএমপ্লয়েড হয়ে যাবে। অন্যান্য সেকশন থেকে ক্যাম্প রিফিউজীদের প্রাওরিটির নাম করে অন্যান্য সেকশনের রিফিউজীদের নানারকম বেনিফিট বন্ধ করে দেওয়া হয়েছে। খান্না সাহেবের ডকুমেণ্টে দেখলাম প্রাওরিটি ক্যাটাগোরী ছাড়া অন্যান্য নন্-ক্যাম্প রিফিউজী সম্বন্ধে সমস্ত স্কীম সাসপেণ্ড হয়ে গেল এবং ১লা মে থেকে ফ্রেস লোন এপ্লিকেশন দেওয়া হবে না।

[3-50—4 p.m.]

প্রাওরিটির অভিযোগে অনেক অন্যান্য ক্যাটাগোরী রিফিউজীদের হেলপ করছেন। অর্থাৎ কোয়ার্টার্স কলোনী হচ্ছে গভর্ণমেণ্ট কলোনী এবং তারা প্রাওরিটি ক্যাটাগোরী পাচ্ছে। তাদের অবস্থা কি শুনুন। তারা আজকে ঘর বিক্রি করে দিচ্ছে। তাদের মধ্যে

টি, বি, সবচেয়ে বেশী, কোন এমপ্লয়মেন্টের কোন বন্দোবস্ত নেই এবং ইণ্ডাষ্ট্রির জন্য যে টাকা দেওয়া হয়েছিল তাতে যেখানে ৮ হাজার লোককে এমপ্লয়মেন্ট দেবার কথা ছিল সেখানে মাত্র ২ হাজার লোককে দেওয়া হয়েছে। অর্থাৎ সবদিক থেকে আজকে ক্রাইসিস য়্যাকুট পর্য্যায় এসে গেছে। এই অবস্থায় সমস্ত জিনিষটা রিনিউ না করে, আমাদের ডেকে সিরিয়াসলি কোন আলোচনা না করে আজ আমাদের আবেদন জানান হচ্ছে যে কনট্রাকটিভ সাজেসান দাও? আমরা বরাবরই প্রবলেম সল্‌ভড করার জন্য কনট্রাকটিভ সাজেসান দিয়েছি। আমরা বরাবরই ক্যাটাগোরীয়্যালী বলে এসেছি যে পশ্চিমবাংলায় যে জমি আছে সে জমি উন্নয়ন করলেই ক্যাম্পবাসীদের পুনর্ব্বাসন দেওয়া যায়। আজ এই বৈজ্ঞানিক অগ্রগতির যুগে যদি বলা হয় যে এই সমস্ত জমিতে ফসল হবে না তাহলে বলব যে আপনারা বর্ত্তমান যুগকে অস্বীকার করছেন। আপনারা সুরাটগড় ফার্ম্মের অল ইণ্ডিয়া প্রোডাকসনের কথা জানেন। রাজস্থানে সেই সুরাটগড় ফার্ম্মে এখন প্রতি একরে ২০ মণ গমের ফলন হচ্ছে। সুতরাং ক্রুশ্চেভ সাহেব যখন এখানে এসেছিলেন তখন অনায়াসে তাঁরা বলতে পারতেন যে আমাদের এই জমিতে ফসল ফলানোর জন্য তোমরা হেলপ কর। এইভাবে বৈজ্ঞানিক পদ্ধতিতে আপনারা যদি জমির উন্নতি করতে পারতেন—তাহলে শুধু বাস্তুহারাদের নয়, পশ্চিমবাংলার ভূমিহীন কৃষকও ভূমি পেতে পারত। কিন্তু সে রকমের কোন পরিকল্পনা এই সরকারের নেই। কোন ডেভেলপমেণ্ট স্কীম কার্য্যকরী করতে এঁরা আগ্রহশীল হন না। সেইভাবে এঁদের হেড়োভাঙ্গা স্কীম, কেলেঘাই স্কীম আমরা দেখেছি। গড়বেতা স্কীমে যেখানে বহু পরিবারকে পাঠাবার কথা ছিল, সেখানে শুনলাম যে মাত্র ১৪৩টি ফ্যামিলি গেছে। কিন্তু মেদিনীপুরের পাশে এই স্কীম যখন হচ্ছে তখন সেখানকার কাছাকাছি যে সমস্ত ক্যাম্প আছে তাদের বাসিন্দাদের সেখানে পাঠান উচিত ছিল। কিন্তু তাদের সেখানে ট্রান্সফার করা হয়নি। অর্থাৎ যেখানে কম কষ্টে রিহ্যাবিলিটেশান হতে পারত সেখানে তা হল না। আবার বৈজ্ঞানিক পদ্ধতিতে জমি উন্নয়ন করে এদের অনায়াসে ভালভাবে রিহ্যাবিলিটেশান করা সম্ভব হত। সুতরাং পশ্চিমবাংলা যে স্যাচুরেশান লেবলে এসে হাজির হয়েছে—এসব যুক্তির কোন ভিত্তি নেই এবং এর পেছনে যে পলিটিক্যাল মোটিভ আছে সে সম্বন্ধে কোন সন্দেহ নেই। শেষে আমি একটা কথা বলব যে, বিভিন্ন ক্যাম্প বাস্তুহারাদের যেভাবে অনশনে মারার ব্যবস্থা হয়েছে তার প্রতিবাদ সুরু হয়ে গেছে। সুতরাং গভর্ণমেণ্ট যদি তোদের কথা পুনর্ব্বিবেচনা না করেন তাহলে আগামী ২৫শে বিক্ষোভ প্রদর্শন হবে এবং আগামী ৩১শে মার্চ্চের পর ক্যাম্প অনশন সুরু হবে এবং এতে যদি কোন ফল না হয় তাহলে পশ্চিমবাংলায় ব্যাপক আইন অমান্য আন্দোলন সুরু হবে এবং একে রোখবার ক্ষমতা গভর্ণমেণ্টের নেই।

Mr. Speaker: Honourable members, I would draw your attention to the fact that a cut motion means that the demand be reduced by Rs. 100 and to do so a member intimates that he wants to raise a discussion about a matter and for that purpose only a short statement is necessary. But I find that in Grant No. 50, cut motion No. 12, two pages have been closely printed and practically the whole speech has been given in the name of the cut motion. This should be discouraged. I request you not to do so.

Shri Satyendra Narayan Mazumdar:

স্যার, এই কাটমোশন সম্পর্কে লোকসভার স্পীকার মিঃ মবলঙ্কর দু-একটা নিয়ম করেছিলেন যে, যেসব মেম্বার আলোচনায় অংশ গ্রহণ করবেন না তাঁদের কাটমোশনে যদি ২৭০টি

পর্য্যন্ত শব্দ লেখা থাকে তাহলে সেটা প্রেসিডিংস-এ ইনক্লুডেড হবে। তা' ছাড়া, আই মে বি রং শুনেছি যে, কনফারেন্স যেটা হয়েছিল সেখানেও এই প্রিন্সিপল গ্রহণ করা হয়।

Mr. Speaker :

এটায় বোধ হয় এক হাজার শব্দ আছে।

Shri Subodh Banerjee :

স্যার, পয়েণ্ট হচ্ছে যে, সকলেই হয়ত বক্তৃতা করেন না, কিন্তু তা'হলেও এমন কতকগুলি জিনিষ থাকে যেগুলি গভর্ণমেণ্টের অ্যাটেনশনে আনা দরকার এবং সেই জিনিষই হয়েছে। কাট মোশন-এ ঠিক আর সকলে পলিসি দেয়।

Mr. Speaker :

আমি একটা পড়ে শোনাচ্ছি, এখানে লেখা আছে যে, "জেলা শাসকের নির্দ্দেশ সত্ত্বেও নির্ব্বাচন হলনা আর জেলা শাসক নির্ব্বাচন যা'তে হয় তার চাপ দিলেন না—শিব হয়ে রইলেন।"

Shri Nepal Ray :

অন এ পয়েণ্ট অফ প্রিভিলেজ, স্যার, এই হাউসের সামনে ৩ বছর আগে কম্যুনিষ্ট মেম্বার জগৎ বসুর বিরুদ্ধে একটা অভিযোগ এনেছিলাম যে, রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্টে সে কিছু ম্যালপ্রাকটিস করেছে। সেটা প্রিভিলেজ কমিটিতে গেছে আজ প্রায় ৩ বৎসর হোল, কিন্তু আজ পর্য্যন্ত কিছু হোল না। আমি জানতে চাই যে সেটা কি আমরা রিটায়ার করলে পর হবে? আমার দৃঢ় বিশ্বাস আছে যে আমি সেই চার্জ্জ প্রমাণ করাতে পারব। কাজেই এবিষয়ে আপনার রুলিং চাই—একটা ডেফিনিট তারিখ বলুন।

Mr. Speaker : Honourable members know that the Privilege Committee will be formed soon. The old Committee is *functus officio* and, therefore, the matter will be considered when the new Committee is formed.

Dr. Suresh Chandra Banerjee :

মাননীয় স্পীকার মহাশয়, আমি অত্যন্ত মনোযোগ সহকারে মাননীয় মন্ত্রী প্রফুল্ল সেন মহাশয়ের বক্তৃতা শুনলাম। আমি কয়েক বৎসর ধরেই তাঁর বক্তৃতা শুনছি এবং দেখেছি যে তাঁর বক্তৃতায় নূতন কোন কথা নেই, বরং একই কথা তিনি বারবার শোনাচ্ছেন পশ্চিমবাংলায় আর কৃষিযোগ্য জমি নেই। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই যে, পশ্চিমবাংলায় যে আর কৃষিযোগ্য জমি নেই এবং উদ্বাস্তদের পুনর্বসতির জন্য বাংলাদেশের বাইরে পাঠাতে হবে একথা তিনি কখন বুঝতে পালেন? এ পর্য্যন্ত পশ্চিমবাংলায় উদ্বাস্তদের জন্য ১৫৭ কোটি টাকা খরচ হয়েছে, অর্থাৎ এই তুলনায় পশ্চিমবাংলায় উদ্বাস্তদের জন্য কম খরচ হয়েছে। যা' হোক, সরকারের যদি নিশ্চিত ধারণাই ছিল যে পশ্চিমবাংলায় জমির অভাবে উদ্বাস্তদের পুনর্বাসন সম্ভবপর নয় বা তাদের আয়ের কোন ব্যবস্থাও নেই তা'হলে এই সমস্ত কলোনী কেন প্রতিষ্ঠিত করা হোল বা ঐ ৩।৪।৫ কাঠা জমি, গৃহ ঋণ এবং ব্যবসা ঋণ প্রভৃতি দেওয়া হোল? সরকার কি ভেবেছিলেন যাদেরই ব্যবসা ঋণ দেওয়া হচ্ছে তারা সকলেই ব্যবসা করতে পারবে? সরকারের যদি নিশ্চিত ধারণাই ছিল যে, পশ্চিমবাংয় জমির অভাবে উদ্বাস্তদের কৃষির মাধ্যমে

পুনর্বাসন সম্ভব নয় তা'হলে শিল্পায়নের মাধ্যমেই তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা উচিৎ ছিল ছোট ষ্টেট অর্থাৎ যেখানে জমির অভাব অথচ লোক সংখ্যা বেশী সেখানে যেমন শিল্পায়ন কর হয় আমাদেরও তাই করা উচিৎ ছিল। এই যে ১৫৭ কোটি টাকা খরচ করা হয়েছে তা' য শিল্পায়নের জন্য খরচ করা হোত তাহলে পশ্চিমবাংলায়ই সকল উদ্বাস্তুর পুনর্বাসন সম্ভবহোত সে কথা আমরা আজ ৬ বৎসর ধরে বলে আসছি। কয়েক বছর আগে গয়েসপুরে গিয়ে যখ দেখলাম যে উদ্বাস্তুরা তাদের বাড়ীঘর ছেড়ে চলে যাচ্ছে তখনই বুঝলাম পশ্চিমবঙ্গ সরকার যে নীতি অনুসরন করে চলেছেন তা' ব্যর্থ হয়েছে। সরকারী কলোনীগুলির অবস্থা প্রফুল্লবা ভাল ভাবেই জানেন।

[4—4-10 p.m.]

কোটি কোটি টাকা গৃহ ঋণ এবং ব্যবসা ঋণ দেওয়া হয়েছে। অথচ তারা কিছু কর পারছেনা। প্রফুল্লবাবু বলেছেন তাদের মধ্যে নানারকম রোগ দেখা দিয়েছে, তারা যক্ষ রোগে মরছে। যক্ষা হাসপাতালে তাদের জন্য ২ হাজার বেড সংরক্ষিত আছে, তাতে সং লান হচ্ছে না। প্রফুল্লবাবু তাদের জন্য কি ব্যবস্থা করতে চান। পশ্চিমবঙ্গ সরকার ২ হাজার ক্যাম্প উদ্বাস্ত পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা করেছেন। ২৫ হাজার ক্যাম্প উদ্বা পরিবারকে পশ্চিমবাংলার বাইরে নেওয়া হবে। সরকার উদ্বাস্তুদের নির্দ্দিষ্ট পুনর্বাসন নী অনুসারে বসিয়েছেন, তারা বসেছে, তাদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য সরকার কি ব্যব করেছেন এ কথার উত্তর যদি প্রফুল্লবাবু দয়া করে দেন তাহলে খুশী হব। ৩।৪ বছর আ ডাঃ রায়ের সঙ্গে এ সম্বন্ধে আলোচনা হয়েছিল। তিনি বলেছিলেন এদের জন্য সুতার ক করা হবে। খোসবাস মহল, তাহেরপুর, গয়েসপুর এবং হাবড়ায় এদের জন্য ৪টি সুতার ক করা হবে। এগুলো হলে পর আরও করা হবে। এই নীতি অনুসারে একটা সুতার কলে বাড়ী-ঘরের নির্মাণ গয়েসপুরের কাছে কাটাগঞ্জে আরম্ভও করা হয়েছিল। রিলিফ কমিশনা আমাকে চিঠি লিখে জানিয়েছিলেন যে শীঘ্রই মিলের কাজ আরম্ভ হবে। আমরা আশা কর ছিলাম যে গয়েসপুরের লোকেরা কাজ পাবে। আমার কাছে সে চিঠি আছে। কিছুদি পরে দেখা গেল যে কাজ শ্লথ হয়ে আসছে। এখন শুনছি যে মিল হবে না। কোন নী অনুসারে সরকার সেই মিল করতে আরম্ভ করলেন—কোন নীতি অনুসারেই বা সেই মিল ব করে দিলেন? শুধু গয়েসপুরে নয়, তাহেরপুরেও মাননীয়া মন্ত্রী পুরবী মুখার্জ্জি গিয়ে ভি প্রস্তর স্থাপন করে এসেছিলেন—বাস, ঐ পর্য্যন্তই, তারপর আর কিছু হোল না। প্রফুল্লবা বলেছেন যে কয়েকটি মিলকে লক্ষ লক্ষ টাকা অগ্রীম দেওয়া হয়েছে, তাদের সঙ্গে এই ক ছিল, যে তারা ৮ হাজার রিফিউজী নেবে, তার মধ্যে মাত্র ২ হাজার নিয়েছে। তারপর রি রিলিটেশন ইণ্ডাষ্ট্রিয়াল কর্পোরেশন স্থাপন করা হল, কর্পোরেশন এনাগাদ ২৭ লক্ষ টা বিভিন্ন কলকারখানাকে দিয়েছেন, কিন্তু কত অগ্রীমউদ্বাস্তুর পুনর্বাসন হয়েছে সে কথা আম প্রফুল্লবাবুর কাছ থেকে জানতে চাই। সবচেয়ে বেশী সংখ্যক উদ্বাস্তু বাস করে সরকা কলোনীতে। সরকারী কলোনীতে যারা বাস করে তারা কিভাবে বেঁচে থাকবে? আম দের কাছে কন্‌ষ্ট্রাকটিভ প্রোগ্রাম চেয়েছেন—আমি গঠনমূলক কর্ম্মী, চিরকাল কন্‌ষ্ট্রাকটি প্রোগ্রামের কথা বলে এসেছি, আজও বলছি বলছি যে এদের যদি বাঁচিয়ে রাখতে চান তাহ এদের জন্য শিল্প স্থাপন করতে হবে, সুতা কল করতে হবে। অন্য ধরণের মিল কর হবে। এখনও সময় আছে। সরকার যদি আগে থেকে প্রোগ্রাম ঠিক করে কাজ করতে অনর্থক ১৫৭ কোটি টাকা খরচ না করে যদি নির্দ্দিষ্ট গঠনমূলক সায়েণ্টিফিক প্রোগ্রাম অ

সাবে খরচ করতেন এবং দৃঢচিত্তে তা না অনুসরণ করতেন তাহলে এতদিনে উদ্বাস্তু পুর্নর্বাসন সম্ভব হত এবং পশ্চিমবাংলার বাইরে তাদের পাঠাতে হত না। পশ্চিম জার্মানী কি করেছে, ইসরায়েল কি করেছে। এসব ছোট ছোট রাষ্ট্র কিভাবে উদ্বাস্তু পুনর্বাসনের ব্যবস্থা করেছে তা যদি সরকার বিচার করে দেখতেন পশ্চিমবাংলার ভেতরে কি করে ৩২ লক্ষ লোককে রাখা যায় এই সব যদি সায়েন্টিফিক্যালি ভাবতেন তাহলে পথ পেতেন, কিন্তু তা সরকার করেননি। সরকার টাকা পেয়েছেন, খরচ করেছেন—১৫৭ কোটি টাকা খরচ করেছেন, এ ব্যাপারে আরো কোটি কোটি টাকা খরচ করবেন কিন্তু কোন ফলই হবেনা। সরকারের কোন নির্দ্দিষ্ট পুনর্বাসন নীতি নেই। উদ্বাস্তুরা যাতে করে বেঁচে থাকতে পারে এমন কোনও পরিকল্পনা সরকারের নেই। আজও সময় আছে। আমি আগে অনেকবার বলেছি, এখনও বলছি যে—শিল্পায়নের মাধ্যমে পুনর্বাসনের ব্যবস্থা করে সরকার যদি অগ্রসর হন তাহলে তার দ্বারা বহু কলোনীর উদ্বাস্তুরা বাঁচবে, সমস্ত উদ্বাস্তুরাই তাতে বাঁচবে এবং দণ্ডকারণ্যে তারা যাবে কি যাবেনা বলতে পারিনা তবে তার দ্বারা পশ্চিমবাংলার ভেতরেই উদ্বাস্তুদের পুনর্বাসন সম্ভবপর হবে। প্রফুল্লবাবু নিজেই বলেছেন, কলোনীর উদ্বাস্তুরা বড়ই দুস্থ। দুস্থতো সত্যই কারণ তাদের অর্থনৈতিক পুনর্বাসনের কোন সুষ্ঠু ব্যবস্থা করা হয়নি। যারা দুস্থ তাদের সাহায্যের ব্যবস্থা বজায় রাখতেই হবে। অথচ সরকার এবার বাজেটে রিলিফের টাকার পরিমাণ কমিয়ে দিয়েছেন। ১৯৫৯-৬০ সালে রিলিফের জন্য বরাদ্দ ছিল ৪ কোটি ৬ লক্ষ ২৬ হাজার টাকা এ বৎসর তা কমিয়ে করা হয়েছে ৩ কোটি ২৬ লক্ষ ৮৯ হাজার টাকা। অর্থাৎ এ বৎসর গত বৎসরের তুলনায় ৭৯ লক্ষ ২৮ হাজার টাকা কম বরাদ্দ করা হয়েছে। উদ্বাস্তুদের দুঃখের অন্ত নেই। তারা দুঃখের চরম সীমায় এসে পৌঁছে—এমত অবস্থায় সাহায্যের পরিমাণ কমানো নির্মম নির্দয়তা।

আমার সময় কম। এবার আমি কনট্রাক্ট ডিভিশনের কথা কিছু বলবো। খুব বড় বড় পরিকল্পনা সরকার কলোনীসমূহের জন্য করেছিলেন। কলোনীর ভেতরে বড় বড় পাকা রাস্তা হবে, নর্দমা হবে, পুকুর হবে আরও অনেক কিছু হবে এবং সেজন্য কনট্রাক্ট ডিভিশনের খাতে বহু টাকা বরাদ্দ করা হয়েছে। এ খাতে এ বৎসর ৩ লক্ষ ৬৪ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এ টাকার অঙ্ক গত বৎসর এখাতে যত খরচ করা হয়েছে তার চাইতে ১৪ হাজার টাকা বেশী। কনট্রাক্ট ডিভিশনের অপকর্ম সম্বন্ধে মুখ্যমন্ত্রী নিকট অনেক পত্র দিয়েছি। কনট্রাক্ট ডিভিশন অনেক পাকা রাস্তা তৈরী করেছেন বটে, কিন্তু এসব রাস্তা এত খারাপ ভাবে তৈরী করা হয়েছে যে দু'তিন বৎসর যেতে না যেতেই রাস্তার উপর থেকে পিচ উঠে গেয়েছে এবং রাস্তার মধ্যে মধ্যে গর্ত্ত দেখা দিয়েছে। এ ভাবে চললে অদুর ভবিষ্যতে এসব রাস্তা আর পাকা থাকবে না। কনট্রাক্ট ডিভিশন কলোনীসমূহের ভেতরে অনেক নর্দমা তৈরী করেছেন। কিন্তু নর্দমাসমূহ এমন খারাপ ভাবে তৈরী হয়েছে যে এসব নর্দমা দিয়ে বর্ষার জল নিস্কাষিত না হয়ে জমে ওঠে এবং রাস্তার দুপাশের বাড়ীসমূহ ভাসিয়ে নেয়। কনট্রাক্ট ডিভিশন বড় বড় পুকুর কেটেছেন। কিন্তু এবার পুকুর কাটা কখনও শেষ হয় না। পুকুর থেকে তোলা মাটি পুকুরের পারে এ ভাবে রাখা হয় যে বর্ষার সময় যে মাটি আবার পুকুরে গিয়ে পরে। ফলে পুকুরসমূহ আবার ভর্ত্তি হয়ে যায়। সে মাটি আবার কেটে ফেলতে হয়। কনট্রাক্ট ডিভিশনের অপকর্মের চুরান্ত দৃষ্টান্ত নিচুতলা কলোনী। এ কলোনীটি কল্যাণী কল্যাণী ষ্টেশন থেকে তিন মাইল দুরে। অতি নিচু জমিতে এ কলোণীটি স্থাপিত হয়। ১৯৫৬ এর বন্যায় এ কলোনীটি ভীষণ ভাবে ভেসে যায়। বন্যার পর সরকার এ কলোনীর

জমি উঁচু করবার জন্য দুটি বড় পুকুর কাটার ব্যবস্থা করেন। এ উদ্দেশে বহু টাকা বরাদ্দ করা হয়। বৎসর পর বৎসর ধরে এ পুকুর কাটা চলছে। কলোনীর জমি বিশেষ উন্নত হচ্ছেনা। কারণ পূর্বেই বলা হয়েছে। পুকুর থেকে কেটে তোলা মাটি বর্ষার সময় আবার পুকুর ভর্ত্তি করে।

4-10—4-20 p.m.

এ বিষয়ে আমি অনেকবাব সরকারকে চিঠি লিখেছি, প্রফুল্লবাবুকে যে যে দেখতে বলেছি কিন্তু কিছুই করা হয়নি। একটা এনকুয়েরী কমিটি করা খুবই দরকার।

আর একটা কথা বলেই আমি শেষ করবো কারণ সময়ও হয়েগেছে। কথাটা হল এই এডুকেশন গ্র্যাণ্ট ইন এইড কমিয়ে দেওয়া হয়েছে। তার ফলে হয়েছে কি? আগে ছেলেরা বাৎসরিক পরীক্ষায় শতকরা ৩৩ নম্বর পেলেই গ্র্যাণ্ট পেত কিন্তু এখন নূতন নিয়ম হয়েছে যে প্রতি বিষয়ে শতকরা ৪৫নম্বর পাওয়া চাই তাহলে গ্র্যাণ্ট পাবে নইলে নয়। এই নিয়ম করাতে বহু ছেলের পড়াশুনা বন্ধ হবার উপক্রম হয়েছে। তারা এসে আমাদের কাছে কান্নাকাটি করে স্পীকার মহোদয়, আপনি জানেন উদ্বাস্তু ছেলেদের অবস্থা ভাল নয় অথচ তাদের পড়া বিশেষ দরকার। যদি স্কুল ফাইনালটা পাশ করতে পারে তাহলে কোন রকমে একটা চাকরি বাকরি করে খাবে। এদের কোন রকম অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা না করে পড়ার জন্য যে টাকা পেত সেই টাকা কমিয়ে দেওয়া হযেছে। বুক গ্র্যাণ্ট কমিয়ে দেওয়া হয়েছে। এদের স্কুলে যাওয়া বন্ধ হয়ে যাচ্ছে।

আর একটা কথা বলি। সেটা হল সরকাব ট্রেনিং কাম ওয়ার্ক সেণ্টারের এ পরিকল্পনা অনুসারে সুন্দর সুন্দর দালান করাচ্ছেন, দেখতে খুব ভাল। বহু ছেলে মাসে ২৫ টাকা করে বৃত্তি পাচ্ছে। কিন্তু কিছুই শিখে না, ৬ মাস এক বছর ধবে শিখে স্বাধীনভাবে কোন কাজ করতে পারেনা। সরকার বেকারী দুব করবার জন্য যে স্কীম করলেন তা ব্যর্থ হয়ে গেল। বাস্তব তথ্য আমি জানি স্বচক্ষে দেখেছি। সেজন্য বলি অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা করুণ, তা না হলে উদ্বাস্তুরা মরে ভূত হয়ে যাবে।

Shri Hemanta Kumar Basu :

মাননীয় স্পীকার মহোদয়, উদ্বাস্তু সমস্যা আজকে প্রায় ১২ বছব ধবে আমাদের সামনে রয়েছে। আমরা এই অ্যাসেম্বলীতে এবং অ্যাসেম্বলীর বাইরে বারবার বলে আসছি যে একটা সুষ্ঠু পুনর্বাসনের কার্য্যক্রম তাঁরা গ্রহণ করুন। কিন্তু দুঃখের বিষয় এ পর্য্যন্ত কোন সুষ্ঠু কার্য্যক্রম দেখতে পেলাম না, দেখতে পাচ্ছি না। উদ্বাস্তুদের কখনো পশ্চিমবঙ্গে, কখনো বিহারে, কখনো ইউ-পিতে, কখনো উড়িষ্যাতে, শেষকালে দণ্ডকারণ্যে পাঠান হচ্ছে। দণ্ডকারণ্যের যে বিবরণ আমাদের সামনে আছে, খান্না সাহেবের সঙ্গে ফ্লেচার সাহেবের যে মতবিরোধ ঘটেছে দণ্ডকারণ্যে উদ্বাস্তু পুনর্বাসন নিয়ে সেই সমস্তও আমাদের সামনে এসেছে তাতে আমরা দেখছি যে বাংলাদেশে তাদের স্থান হল না এবং দণ্ডকারণ্যে যে কিভাবে তাদের পুনর্বাসন হবে সেকথাও আমরা ভেবে ঠিক করতে পাচ্ছি না। যেন বাংলা গভর্ণমেণ্ট চায়, কোন ভাবে উদ্বাস্তুদের দণ্ডকাবণ্যে পাঠিয়ে দিতে, ভারত গভর্ণমেণ্টও তার কোন সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করতে পারছে না। এই নিয়ে একটা মতবিরোধ হয়েছে—কেউই দায়িত্ব নিতে চান না, ফলে উদ্বাস্তু সমস্যা সমাধান হচ্ছে না।

আজ আমি যেখানেই যাই—বাংলাদেশের সর্ব্বত্র হাহাকার। কলোনী ও ক্যাম্পের মধ্যে লক্ষ লক্ষ উদ্বাস্তু অসহায় অবস্থায় দিন কাটাচ্ছে। পূর্ব্বে গভর্ণমেণ্ট প্রতিশ্রুতি দিয়েছিলেন উদ্বাস্তুদের ইচ্ছার বিরুদ্ধে, কাউকে জোর করে দণ্ডকারণ্যে পাঠান হবে না। তারপর দেখা যাচ্ছে, এখন বলা হচ্ছে পশ্চিমবাংলায় জমির অভাব, সুতরাং তাদের বাইরে যেতে হবে। পূর্ব্বে বলা হল ইচ্ছার বিরুদ্ধে কাউকে পশ্চিমবঙ্গের বাইরে পাঠান হবে না, অথচ দেখা যাচ্ছে সমস্ত ক্যাম্পে ক্যাম্পে ডোল বন্ধ করে দেওয়া হচ্ছে; তার মানে হচ্ছে—তোমাকে জোর করে সাইরে পাঠাবো, আর তা নাহলে তোমাব ডোল বন্ধ হয়ে যাবে। পূর্ব্বে ডাঃ রায় বলেছিলেন বাইরে কাউকে পাঠান হবে না, কিন্তু এখন দেখছি—জোব করে তাদের এখান থেকে নির্ব্বাসনের ব্যবস্থা হচ্ছে। এই রকম একটা ব্যবস্থা কেউ কখনও মেনে নিতে পারে না। আমরা দেখেছি তাঁরা যে ব্যবস্থা করেছেন উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে পাঠাবার জন্য, তাতে লক্ষ লক্ষ উদ্বাস্তু ক্যাম্প অধিবাসীদের মধ্যে মাত্র কয়েক হাজার পরিবারকে সেখানে পাঠাতে পেরেছেন, তার চেয়ে বেশী ব্যবস্থা করতে পারেননি। যারা যেতে চাইবে না, তাদের ছয় মাসের একটা ডোলের ব্যবস্থা করে দিয়েই যেন তাঁদের কর্ত্তব্য উদ্বাস্তু সম্পর্কে শেষ করতে চান। বলা হচ্ছে, পশ্চিমবঙ্গে স্থান নেই, তাদের জীবিকাব ব্যবস্থা এখানে করা সম্ভব নয়। অতএব ছয় মাসের ডোল দিয়ে তাদের ক্যাম্প থেকে তাড়াবাব ব্যবস্থা কবেছেন। এটা কি রকম সরকারের নীতি হল, অর্থাৎ কোন নীতি অনুসরণ কবে তাঁরা কাজ করতে চান, তা আমরা বুঝতে পারছি না। এটা অত্যন্ত অদ্ভুত এবং অযৌক্তিক। এই বকম নীতির দ্বারা উদ্বাস্তু সমস্যা সমাধান করা কখনই সম্ভব নয়। তারপর দেখা যাচ্ছে স্ক্রীনিং কবা হয়েছে, তার ফলে অনেক লোকের ডোল বন্ধ করে দেওয়া হয়েছে। হয়ত কোন লোকেব চিকিৎসার জন্য, তাকে কিছুদিনের জন্য বাইরে যেতে হয়েছে, বা তাকে চাকরী করতে হচ্ছে বাইরে এসে তাব পরিবারকে ক্যাম্পে রেখে, তাদের ডোল বন্ধ হয়ে যাবে। এই রকমভাবে বহু দুস্থ পবিবারের ডোল বন্ধ করে দেওয়া হয়েছে।

তারপর জবরদখল কলোনী সম্বন্ধে আমাব বক্তব্য হচ্ছে—সেখানে যারা বাস করছে, তাদের অর্পণপত্র দেওয়া হয়েছে ঠিকই। কিন্তু সবকাব যে আইন পাশ করেছিলেন তাদের কমপেনসেশন দেওয়া সম্পর্কে, সেই আইন পাশ কববাব সময় ডাঃ বায় বলেছিলেন—তাদেব আর বেশী কমপেনসেশন দিতে হবে না, কমপেনসেশন খুব সামান্যই দিতে হবে। কিন্তু এখন দেখতে পাওয়া যাচ্ছে সেই কমপেনসেশনের বহব। এইভাবে কমপেনসেশন দিতে দিতে পুনর্ব্বাসনের কোন অর্থ থাকবে না, সমস্ত অর্থ ব্যয় হয়ে যাবে। কাজেই জবরদখল কলোনীগুলি রিকুইজিশান করার সঙ্গে সঙ্গে তাদের জমির কমপেনসেশনের হার যদি বেশী করা হয় তাহলে কিভাবে তাদের পুনর্বাসন করা হল একথা আমি কিছুতেই বুঝতে পারছি না। কাজেই এ বিষয়টির প্রতি আমি সরকারের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর নন-ক্যাম্প রিফ্যুজিদের মধ্যে যারা টি, বি, বা যক্ষা রোগী তাদের সাহায্য বন্ধ করে দেওয়া হবে বলে শোনা যাচ্ছে এবং একটা সার্কুলার দেওয়া হয়েছে যে, যারা অ্যাডাল্ট তারা ২০ টাকা করে টি, বি, গ্র্যাণ্ট পাবে আর মহিলাদের ১৫ টাকা করে দেওয়া হবে। টি, বি গ্র্যাণ্ট যক্ষা রোগীদের যদি বন্ধ করে দেওয়া হয় তাহলে তাদের দিন কি করে চলবে। আমি মনে করি এটা খুব অন্যায় হচ্ছে—নন-ক্যাম্প রিফ্যুজিদের টি, বি, গ্র্যাণ্ট বন্ধ করে দেওয়া। এইভাবে তাদের সাহায্য বন্ধ করে দেওয়ায় একটা অমানুষিক পরিচয় দেওয়া হচ্ছে, সে বিষয় কোন সন্দেহ নেই।

করেছিল, আজকে তারা সর্বস্বান্ত হয়েছে। ইতিপূর্বে সমালোচনার পরে প্রায়ই কতকগুলি ব্যাপার আমরা দেখেছি কয়েক মাস ধরে সাইক্লোস্টাইল এ হিসেবপত্র আমাদের কাছে পাঠাচ্ছেন। এই মাত্র একটা দিয়ে গেল। গতকাল একটা পেয়েছি, আমাদের অভিযোগ—শ্রীখান্না সে সমস্ত হিসেবপত্রের বিস্তৃত বিবরণ এখন দিতে চাই না। রিহ্যাবিলিটেশন খাতে যখন নন-অফিসিয়াল বক্তৃতার সময় হবে, বিস্তৃত তথ্য তখন পরিবেশন করবো।

কিন্তু আজকে আমার অভিযোগ যে, শ্রীখান্না মিথ্যা, বিকৃত এবং অতিরঞ্জিত তথ্যের দ্বারা এই পরিষদের সদস্যদের সমর্থন পাবার চেষ্টায় অবতীর্ণ হয়েছেন। পার্লামেণ্টারী শিষ্টাচারে যদি না বাঁচতো তাহলে আমি তাঁকে এই অভিযোগ করতাম যে তিনি মিথ্যাবাদী কিন্তু পার্লামেণ্টারী শিষ্টাচারে বাঁধে বলেই তাকে আমি মিথ্যাবাদী বলতে পারি না, আমি তাই অভিযোগ করছি নিজেকে মন্ত্রীর গদীতে রাখবার জন্য মরিয়া হয়ে তিনি তার চেষ্টায় অবতীর্ণ হয়েছেন এবং সমর্থন ক্রয় করার চেষ্টা করছেন

in his attempt to keep himself on the ministerial saddle he has started buying support.

স্যার, আমি এই অভিযোগ করেছিলাম তাঁর বিরুদ্ধে যে, শুধু তিনি পুনর্বাসনকে রাজনৈতিক স্তরে নামিয়েছেন তা নয়, দলীয় রাজনৈতিক স্তরে নামিয়ে ব্যক্তিগত স্বার্থের জন্য সংকীর্ণ চক্রান্তে ঢুকেছেন যার ফলে এই সর্ব্বনাশ দেখা দিয়েছে। তাই আজ আত্মরক্ষার চেষ্টায় একদিকে রাজ্য পুনর্বাসন মন্ত্রী প্রফুল্লবাবু, অন্যদিকে কংগ্রেস ভবনে শ্রীঅতুল্য ঘোষকে নানাভাবে, নানা প্রকারে অর্থ সাহায্য করে তাদের হাতে রাখবার চেষ্টা করছেন। শুধু তাই নয় তাঁর দু'মুখো চরিত্র দু'মুখো সাপের মত। এইসব কথা পশ্চিমবঙ্গের দায়িত্বশীল ব্যক্তিদের বলেছেন, লোকসভার সদস্যদের কাছে বলে বেড়িয়েছেন যে তিনি অর্থ সাহায্য করে অতুল্যবাবুকে কিনে নিতে বাধ্য হয়েছেন। এবং সেণ্ট্রাল হলে পার্লামেণ্টে তিনি প্রফুল্ল বাবুর বিরুদ্ধে জঘন্য ব্যক্তিগত অপবাদ রটিয়ে বেড়াচ্ছেন। শ্রীখান্না বলে বেড়াচ্ছেন, তাঁর হাতে এমন সমস্ত ডকুমেণ্ট আছে যে তাঁকে যদি যেতে হয় তাহলে প্রফুল্লবাবুকেও তিনি সঙ্গে নিয়ে যাবেন। এই ভাবে ব্ল্যাকমেল করেছেন তিনি। কংগ্রেস সদস্যদের কাছে আমার আবেদন, পার্লামেণ্টে ছাড়াও সবগুলি সংবাদ পত্রে যে জনমত প্রতিফলিত হয়েছে তাতে এই অভিযোগ যদি সত্যি নাও হয় তাহলেও শুধু জনমত সম্মানের জন্যও করা উচিত। এবং আমাদের চেয়ে তাদের দায়িত্ব, তাদের কর্ত্তব্য অনেক বেশী কারণ তারা সংখ্যা গরিষ্ঠ। কাজেই আমাদের দাবী হচ্ছে লোকসভা যেমন দণ্ডকারণ্যের উপর একটা পার্লামেণ্টারী তদন্ত কমিটি করতে চাচ্ছে তেমনি এখানেও আমরা তা করতে চাই। এই হল এক নম্বর, দুই নম্বর হচ্ছে ১৯৬০—৬১ সাল পর্য্যন্ত পুনর্বাসন দপ্তরে পুরানো এবং বর্ত্তমানে কি পরিমাণ বকেয়া আছে তা অ্যাসেস্ করা হোক, পূর্ব্ব পাকিস্তান এবং পশ্চিম পাকিস্তানের মধ্যে কি ধরণের বৈষম্য করা হয়েছে তা বিচার করার জন্য। তিন নম্বর হচ্ছে, দণ্ডকারণ্যে কেন্দ্রীয় দপ্তরের কার্য্যকলাপের কথা যা সংবাদ পত্রে বেরিয়েছে তা সত্যতা নির্দ্ধারণের জন্য একটা ইনভেষ্টিগেটিং কমিটি করা হোক। সেই ইনভেষ্টিগেটিং কমিটিতে যদি সম্ভব হয় তাহলে সমস্ত দলের সদস্য নিয়ে কমিটি গঠন করা হোক, তা যদি সম্ভব না হয় তাহলে শুধু কংগ্রেসের সদস্যরাই থাক আমরা তাতে আপত্তি করবো না, আর তাও যদি না হয় তাহলে বাংলাদেশে যারা সর্ব্ব জনমান্য নেতা আছেন তাদের নিয়ে সেই কমিটি করা হোক, এই দাবী আমি কংগ্রেস সদস্যদের কাছে করছি। দ্বিতীয়তঃ স্যার, আমাদের এখানে স্পেশাল অফিসার অ্যাপয়েণ্টেড্ হচ্ছে। যে সময় রিট্রেঞ্চমেণ্ট

হচ্ছে সেইসময় শ্রীপ্রফুল্ল সেন এবং রিহ্যাবিলিটেশন কমিশনার, শম্ভু ব্যানার্জী, এই দপ্তরে কতকগুলি সুপারয়্যানুয়েটেড লোককে রি-এমপ্লয় করছেন। (১) ডি, এল, সেন অ্যাসিসট্যাণ্ট সেক্রেটারী, রিলিফ অ্যাণ্ড রিহ্যাবিলিটেশন, (২) এস, মজুমদার ডেপুটি সেক্রেটারী; (৩) মেজর বুন্ম স্পেশাল অফিসার, ডিসপারসালের কোন কাজ নেই, খালি টেবিলের উপর পা তুলে দিয়ে সিগারেট খান আর ঘুমান ; (৪) নির্মল দাশগুপ্ত, ডেপুটি কণ্ট্রোলার এমপ্লয়মেণ্ট।

[4-30—4-40 p.m.]

এই নির্মল দাশগুপ্ত সম্বন্ধে জিজ্ঞাসা করতে পারি কি—মন্ত্রীমহাশয় জবাব দিন—এণ্টি-করাপশন ডিপার্টমেণ্ট থেকে রেকমেণ্ড করা হয়েছিল কিনা তার সাসপেনশনের জন্য এবং তার বিরুদ্ধে ডিপার্টমেণ্টাল প্রসিডিংস করার জন্য রেকমেণ্ডেশন এসেছিল কিনা ? কিন্তু তাঁকে এক্সটেনশন দেওয়া হয়েছে। এইভাবে যদি এক্সটেনশন দিতে হয় তা'হলে ক্যাবিনেট স্যাংকশন দরকার হয়। ক্যাবিনেট মেমোর‍্যাণ্ডামে শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় ডিউলি অ্যাপ্রুভড এ্যাণ্ড পাসড বলে লিখে দেবার পরই এক্সটেনশন হয়ে থাকে। তারপর শ্রীপ্রাণেশ চক্রবর্ত্তী ডেপুটি কণ্ট্রোলার ২৪-পরগণা—স্যার, ১৯৫০।৫১ সালে যখন ২০ হাজার রিফিউজী পরিবার এসেছিল তখন একজন ডেপুটী সেক্রেটারী, ২জন এ্যাসিসট্যাণ্ট সেক্রেটারী, একজন ডাইরেক্টর অফ ডিসপারসাল এণ্ড ট্র্যান্সপোর্ট ছিল, আজকে সেই জায়গায় দপ্তর তুলে দেবার পর ৩জন ডেপুটী সেক্রেটারী, ৩জন এ্যাসিসট্যাণ্ট সেক্রেটারী, ২জন সি, ডি, টি,। আজকে, স্যার, এভাবে সুপারয়্যানুয়েটেড লোকদের এক্সটেনশন দেওয়া হচ্ছে। তারপর চীফ এঞ্জিনিয়ার কনস্ট্রাকশন বোর্ড, যে এনকোয়ারী করেছিলেন সেই এনকোয়ারী কেন চেপে রেখেদিয়ে এক্সপেডাইট করা হচ্ছে না। যদি এই বিভাগে সুস্থ পরিবেশ সৃষ্টি করতে হয়, যদি এর মরাল টোন উন্নত করতে হয়— এখানে আমি বৈষ্ণবোচিত বিনয়ের সংগে প্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, এই বিভাগে সেই পরিবেশ সৃষ্টি হয়েছে কিনা। কোন অফিসার যদি জঘন্য অপরাধে অভিযুক্ত হয়, কোন অফিসার যদি অ্যাকুজড অফ মরাল টার্পিচুড হয় তাহলে সার্ভিস কণ্ডাক্ট রুলস অনুসারে তাঁকে সাসপেণ্ড করার কথা---কিন্তু একজন অফিসার, শ্রীচিত্তরঞ্জন দাশ ১১ই জুন তারিখে অ্যারেষ্টেড হয়েছে, এখন তার বিরুদ্ধে কেসচলছে—এসব কথা আজকে সকলেই জানেন। আমি এখানে দেখাব তাঁরা কি করে ইণ্টারভেন করেন—তাঁকে ১১ই জুন তারিখেই সাসপেণ্ড করার কথা ছিল, মুখ্যমন্ত্রী ডাঃ রায় পর্য্যন্ত রাজী ছিলেন, চীফ সেক্রেটারীও রাজী ছিলেন, আমি প্রফুল্লবাবুকে জিজ্ঞাসা করছি তিনি তাতে বাঁধা হয়ে দাঁড়িয়েছিলেন কিনা—যাই হোক, শেষ পর্য্যন্ত ১৯শে তারিখে তাঁকে সাসপেণ্ড করা হয়েছে। আমার তৃতীয় প্রশ্ন, একথা সত্য কিনা যে, আমাদের ভুতপুর্ব স্পীকার এবং বিশিষ্ট কংগ্রেস সদস্য শ্রীশঙ্করদাস ব্যানার্জী মহাশয় একজন মন্ত্রীকে সংগে নিয়ে—আমি তাঁর নাম করব না, তা'হলে হয়তো তিনি কেঁদে ফেলবেন—চীফ সেক্রেটারীর উপর প্রেশার দিয়েছিলেন কিনা সাসপেনশন অর্ডার প্রত্যাহার করবার জন্য ? আমার আরেকটা প্রশ্ন হোল, ডাঃ পঞ্চানন ঘোষালকে—যিনি এখন এ্যাণ্টি-করাপশন ডিপার্টমেণ্টের চার্জে আছেন তাঁকে শ্রীশঙ্করদাস ব্যানার্জী তার গ্রেপ্তারের পর রিলিজ করে দেবার জন্য অনুরোধ জানিয়েছিলেন কিনা—যখন তিনি তাতে রাজী হননা তখন তাঁকে শঙ্করদাসবাবু ধমকে দিয়ে বলেছিলেন কিনা, আমি তাহলে ডাঃ রায়কেই বলব। তারপর তিনি অ্যারেষ্টেড হবার পর ট্রাইং ম্যাজিষ্ট্রেটের কাছে যখন ওকে উপস্থিত করা হয় তখন পুলিশ আপত্তি করেছিল চিত্তরঞ্জন দাসকে বেইল দিতে—আমি এখানে প্রফুল্লবাবুকে

জিজ্ঞাসা করতে চাই, তিনি ট্রাই: ম্যাজিষ্ট্রেটকে টেলিফোন করেছিলেন কিনা যাতে বেল দেওয়া হয়—আমি শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই—যে লোক নাকি নারীধর্ষনের মত জঘন্য অভিযোগে অভিযুক্ত সেই চিত্তরঞ্জন দাসকে নিয়ে যাবার জন্য প্রফুল্লবাবুর গাড়ী দেওয়া হয়েছিল কিনা—

Shri Jagannath Kolay :

On a point of order, Sir. The Honourable member cannot discuss this matter as the case is sub-judice.

Shri Jatindra Chandra Chakravorty :

আমি প্রয়োজন হলে এখানে ফটো দাখিল করব।

Mr. Speaker : You cannot say anything about the merit of the case.

Shri Jatindra Chandra Chakravorty : Sir, I have not said anything about the merit of the case.

Shri Sudhir Chandra Ray Choudhuri : Sir I want to speak on the point of order raised by Mr. Kolay. Mr. Chakravorty was never discussing the merit of the case. He was simply criticizing the conduct of the Minister who took advantage of his official position and was trying to influence the officers and the Magistrate. That has got nothing to do with the merit of the case.

Mr. Speaker : But he referred to the facts"

নারী-ধর্ষণ করেছেন !

Shri Sudhir Chandra Ray Choudhuri : But that is not referring to the merit of the case. Sir, you are a reputed criminal lawyer and I am surprised to hear that reference to a charge means discussing the merit of the case.

The Hon'ble Prafulla Chandra Sen :

কিন্তু যতীনবাবু যা বলছেন সেটাতো এখনো কোর্টের বিচারাধীন—

Shri Sudhir Chandra Ray Chaudhury :

যতীনবাবু যা বলেছেন ঠিকই বলেছেন, কিন্তু মেরিট অফদি কেস সম্পর্কে কিছু বলেননি তিনি।

Shri Jatindra Chandra Chakravorty :

এখানে ফ্যাক্ট হচ্ছে তিনি সেই অভিযোগে অভিযুক্ত হয়েছেন—এবং তাঁর বিরুদ্ধে এমন জঘন্য অভিযোগ আনা সত্বেও মন্ত্রীমহাশয় কোর্টে যাতায়াত করার জন্য তাকে গাড়ী দিয়েছেন। আর শঙ্করদাস ব্যানার্জী মহাশয় নানাকাজে ব্যস্ত থাকা সত্বেও চিত্তদাসের মুক্তি বিধানের ব্যবস্থা করে শান্তিলাভের চেষ্টা করেছেন—অবশ্য মানসিক শান্তি।

আমি এবার অন্য প্রসংগে যাচ্ছি—তবে মূল ঘটনা এক, যে খান্না তার বিরুদ্ধে কুৎসা রটনা করে বেড়ায়, তার সম্পর্কে নানাকথা বলে বেড়ায়, সেই খান্নাকেই তিনি অ্যাপ্রোচ করেছিলেন কিনা চিত্তদাসকে—যে ৬ মাস তাঁকে সাসপেণ্ড করে রেখে দেওয়া হয়েছে সেই সময়টা কভার করার জন্য আরো ৬ মাস তাঁকে এক্সটেনশন দেওয়ার জন্য' কারণ তিনি টেম্পোরারী ম্যান,

পাবলিক সার্ভিস কমিশনএর মাধ্যমে তিনি আসেননি। আজকে যেখানে হাজার হাজার মধ্যবিত্ত ও নিম্নবিত্ত ঘরের নির্মমভাবে রিট্রেঞ্চ করা হচ্ছে যার বিরুদ্ধে তীব্র আন্দোলন হচ্ছে এবং খবরের কাগজগুলির পক্ষ থেকে নিন্দা করা হচ্ছে, সেই অবস্থায় একজন লোকের এক্সটেনশনের জন্য তিনি এভাবে চেষ্টা করেছেন—তাঁর জায়গায় একজন জোনাল অফিসার অ্যাপয়েন্টেড হয়েছেন, তাঁকেও পুরো মাইনে দিতে হচ্ছে, আবার সাসপেনশন অ্যালাউন্স হিসাবে চিত্তদাসকে ৪২০ টাকা দেওয়া হচ্ছে। আমি যেসমস্ত প্রশ্ন তুলেছি সেগুলি জবাব দেওয়ার জন্য মন্ত্রী-মহাশয়কে আবার জানাচ্ছি—এবং আমার ছাঁটাই প্রস্তাবের উপর আমি ইনসিষ্ট করছি।

Shri Benoy Kishna Chaudnury :

মাননীয় স্পীকার মহাশয়, আমি যে কয়েকটা বিষয় সম্পর্কে বলব আশা করি সংশ্লিষ্ট মন্ত্রী-মহাশয় সেগুলি শুনবেন। সামান্য কতগুলি জিনিষ ইমাজিনেশানের অভাবে, কিভাবে কোথায় করলে পর কি পরিণাম হতে পারে সে সম্পর্কে ভেবে না দেখার ফল কি গুরুতর হতে পারে তার দু'একটা উদাহরণ আমি দেব। প্রথমতঃ, যেসমস্ত রিফিউজী ক্যাম্প করা হয়, ক্যাম্প লোকেশনের আশেপাশে যদি দেখা যায় বেশী সংখ্যায় মুসলিম রয়েছে সেই জায়গায় ক্যাম্প করা উচিত নয়, অথচ এই জিনিষই হচ্ছে। এর ফলে নানারকম ঘটনা ঘটেছে, এবং শুধু যে সম্প্রতি ঘটছে তা নয়, গত ৪ বৎসর ধরে এই ধরণের বহু ঘটনা ঘটেছে। এই ব্যাপারে শ্রীঅশোক মিত্র মহাশয় যখন বর্দ্ধমান জেলা ম্যাজিষ্ট্রেট ছিলেন, তখন তাঁর সঙ্গে আমার এক-বার আলোচনা হয়েছিল। পুর্ব্ববাংলার রিফিউজীদের এমন জায়গায় বসান উচিত নয় যেখানে নাকি গোলমালেব স্থষ্টি হতে পারে। যেমন, মুসলমান অধ্যুষিত মেমারী এলাকায় এই ঘটনা হয়েছে—হয়তো কোথাও ছাগলে ক্ষেতের ফসল খেয়ে ফেললো, তাই নিয়ে হিন্দু-মুসলমানের মধ্যে নানারকম অবাঞ্ছনীয় অবস্থার স্থষ্টি হয়। এটা এমন কোন বড় কথা নয়, পলিসির ব্যাপারও নয়, শুধু ইমাজিনেশানের উপব নির্ভর করে কোথায় কিভাবে করা দরকার।

[4-40—4-50 p.m.]

এইসব শুধু একটা ইমাজিনেশানের ব্যাপার এবং এইসব দিকে দীর্ঘসূত্রতা না হয় সেজন্য এদিকে একটু বিশেষ নজর দেওয়া দরকার। তাবপর অনাথা মেয়েদের জন্য আপনারা যেখানে ক্যাম্প করবেন তার লোকেশানটা একটু ভাল করে বিবেচনা করবেন। আসানসোলে বগলা বলে একটা জায়গায় যেখানে ক্যাম্প কবেছেন তার পাশে জে, কে, নগর য়্যালুমিনিয়াম ফ্যাক্টরী এবং ৩ দিকে ৩টা কোলিয়ারী আছে। দায়িত্বজ্ঞানসম্পন্ন যে কোন লোক জানেন যে কোলিয়ারীর অবস্থা কেমন হয় এবং সেখানে অনাথা মেয়েদেব রাখা ঠিক নয। সেখানে কোন ফেনসিং ওয়াল নেট—এমন কি তারের বেড়া পর্য্যন্ত নেই। এটা মিলিটারী আমলের একটা ষ্ট্রাকচার। সেখানেই তাঁবুতে তাঁরা বাস করছেন এবং তার চারিদিকে ইণ্ডাষ্ট্রিয়াল এলাকা। ঠিক এইরকম ভাবে বিজয়নগর কলোনী বলে আছে—যার চারিদিকে তাড়ির আড্ডা আছে। এই রকম ধরণের এলাকায় ক্রিমিন্যালদের আড্ডা সাধারণতঃ হয়। কিন্তু এইসব জেনেও মেয়েদের সেখানে রাখা হয়েছে। এই সামান্য জিনিষ থেকেই সরকারের ব্যয়হীনতার পরিচয় পাওয়া যায়। গোপালপুরে কি ঘটনা হয়েছে শুনুন। একটা ডেসপারেট সিচুয়েশান না হলে মানুষ হাঙ্গার ষ্ট্রাইক করে না। আপনারা যদি মনে করে থাকেন যে অনশনকারীদের অবস্থা খারাপ এবং তাদের যদি হসপিটালাইজেশানের প্রয়োজন হয়, তাহলে তা নেবারও একটা পদ্ধতি আছে এবং তার সম্পর্কে খানিকটা ধৈর্য্যের ব্যাপার আছে। কিন্তু তা করে যেভাবে সামরিক অভিযানের মতন সকাল বেলায় প্রায় ৩০০ জন লোক নিয়ে গিয়ে তার উপর সেখানে

The matter has been taken charge of by the police and they are proceeding according to law. I do not understand why Mr. Jatin Chakravorty is trying to charge me with unprofessional conduct and other things. Of course, I do not expect any better thing from Mr. Jatin Chakravorty whose life's ambition happens to be to vilify others. [Noise and interruptions from opposition benches]. He is not the only man that I will defend. Perhaps you will have to come to me and catch hold of my feet saying 'save me'.

Shri Jatindra Chandra Chakravorty : I wlil never go to you.

[Noise and interruptions].

DEMAND FOR GRANT NO. 41.

Major Heads : 57-Miscellaneous—Expenditure On Displaced Persons, etc.

[4-50—5 p.m.]

Shri Haridas Mitra :

মিঃ স্পীকার, স্যার, উদ্বাস্তু সমস্যা নিয়ে বিধানসভায় গত ৩ বছর ধরে যা কিছু গঠন মূল আলোচনা আমরা করেছি তা দেখছি সবই অরণ্যেরোদন হয়ে গেছে। কারণ, উদ্বাস্তুদের জন্য সামান্যতম মঙ্গলকর কিছু কাজ করবার ক্ষমতা এই অসহায় পঙ্গুবমত পশ্চিবঙ্গ সরকারেব নেই। আমরা দেখতে পাচ্ছি যে পশ্চিমবংগ সরকার কেন্দ্রীয় সরকারের তল্পিবাহক মাত্র। গত বিধানসভার অধিবেশনে তরুণ কান্তি ঘোষ মহাশয় যিনি তখন এই বিভাগের মন্ত্রী ছিলেন, পরিষ্কারভাবে আমাদের কাছে বলেছিলেন যে ৫ টাকা পর্যন্ত উদ্বাস্তু বিভাগে ব্যয় করবাব ক্ষমতা তাঁদের নেই, তাঁরা শিখণ্ডীর মত শুধু সামনে দাঁড়িয়ে আছেন আর কেন্দ্রীয় মন্ত্রী তাঁব খেয়াল খুশীমত উদ্বাস্তু নিধন যজ্ঞে তাঁর ষ্টীম রোলার চালিয়ে দিচ্ছেন। আমরা এর আগে বহু গঠনমূলক মন্তব্য দিয়েছি। কিন্তু আজকে অন্ততঃ পক্ষে এ সম্বন্ধে কিছু কড়া কথা, অসংখ্য অপকীর্তির নায়ক শ্রীমৎ খান্নাব কিছু কার্যকলাপের কথা এই হাউসের সামনে রাখা দরকাব। গত ২ বছর ধরে পুনর্বাসন ব্যাপারে তিনি যে চণ্ডনীতি চালিয়ে যাচ্ছেন সেই চণ্ডনীতির জন্য সমস্ত উদ্বাস্তুমহল আজকে ত্রাহি ত্রাহি ডাক ছাড়ছে। তাঁর দণ্ডকারণ্য পরিকল্পনা, বিভিন্ন রাজ্যে পুনর্বাসন পরিকল্পনা, ছোট, মাঝারি কুটির শিল্পের দ্বারা অর্থনৈতিক পুনর্বাসন প্রহসণে পরিণত হয়েছে। খান্না সাহেব চাতুর্যপূর্ণ খোশামোদের দ্বারা ডাঃ রায়কে হাত করে এ্যাডভাইজারের চাকরি পেলেন। তারপর কংগ্রেস এম,এল,এ, দের ভোটে তিনি রাজ্য সভায় গেলেন এবং নানা ছলকলায় ৪ মাসের মধ্যে গদিয়ান হয়ে গেলেন। আমরা প্রথম ধাক্কা শ্রীমৎ খান্নার কাছে পেয়েছিলাম ১৯৫৮ সালে। যেদিন সুদূর সৌরাষ্ট্রের পাণ্টুয়া শিবিরে এক মর্মন্তুদ ঘটনা ঘটেছিল ৭০ জন বাঙালী বিধবা সেদিন নিখোঁজ হয়েছিল সেদিন মন্ত্রী তরুন কান্তি ঘোষ মহাশয় বলেছিলেন যে সে কথা তিনি আমাদেব জানাবেন। এই ৭০ জন বাঙালী বিধবা যারা সুদূর সৌরাষ্ট্রের পথে নিখোঁজ হয়ে গিয়েছিল তাদের সম্বন্ধে তিনি কি খবর পেয়েছেন তা আমরা আজ পর্যন্ত জানতে পারলাম না। প্রফুল্ল বাবুর কাছে আমরা জিজ্ঞাসা করতে চাই যে বাংলা সরকার কি আজকে এতই ক্ষমতা শূন্য হয়ে গেছেন, এতই কি নিষ্ক্রিয় হয়ে গেছেন যে বাংলাদেশের ৭০ জন মা, বোন, তারা পথে ঘাটে কোথায় চলে গেল সে খবরটুকু পর্যন্ত আমরা জানতে পারলাম না? শ্রীমৎ খান্না এদের চিকালের জন্য লোক চক্ষুর

অন্তরালে ছেড়েদিলেন। আমরা এর সুস্পষ্ট এবং পরিষ্কার জবাব প্রফুল্ল বাবুর কাছ থেকে চাই। তরুণ বাবু এ সম্বন্ধে কিছু জবাব দিয়ে যাননি। খান্না প্রথমে এসে সীমান্ত বন্ধ করে দিলেন এবং সীমান্ত বন্ধ করার ফলে পুর্ববাংলার বহু হিন্দু আজকে চিরকালের জন্য লোকচক্ষুর অন্তরালে নির্বাসিত হয়ে গেল। জহরলালের সেই প্রতিশ্রুতি

They are ours and will remain ours whatever may happen

আজও এই কথা আমাদের কানের গোড়ায় ভাসছে—সমস্ত বানের জলে ভেসে গেল। বাংলার বাইরে পুনর্বাসনের কত মনোরম চিত্র আমাদের দেখান হয়েছিল—বলা হয়েছিল যে ১০ লক্ষ একর জমি পাওয়া যাবে। ৪ বছরের শেষে আমবা দেখলাম যে ৫০ হাজার একর জমি পাওয়া গেল তার মধ্যে ২৯ হাজার একরের নক্সা খান্না গদিয়ান হবার আগে হয়েছিল। ১০ লক্ষ একর যেখানে পাওয়া যাবে বলা হয়েছিল সেখানে মাত্র ২১ হাজার একর জমি পাওয়া গেল। কিরকম জমি পাওয়া গেল তার নমুনা দেখুন স্যার, মধ্যপ্রদেশে সারবুজা জেলায় ৫৫০ টি পরিবারকে ৭ একর করে জমি দেওয়া হয়েছে, এই ৭ একব জমিতে মাত্র ৩০ মণ ধান হয়েছে অর্থাৎ বিঘাপ্রতি ১।০ মণ ধান। তাদের মেনটেনান্স গ্রাণ্ট দেওয়া হয়নি। কয়েকদিন আগে ফেব্রুয়ারী মাসে নৈনিতালে রতন ফার্মে একটা অগ্নিকাণ্ড হয়, সেখানকার জয় বাহাদুর সিং বলে জি, আর, ও, উদ্বাস্তুদের উপর লাঠি চার্জ করেন। উড়িষ্যায় পুনর্বাসনের ব্যর্থতার প্রতিবাদে ভুবনেশ্বরের তুলসীপুর ক্যাম্পে, ইদ্‌গা ক্যাম্পে লাঠিচার্জ হয়েছিল এবং যেসমস্ত উদ্বাস্তুদের ঐ সব জায়গায় পাঠান হয়েছিল তাদের মধ্যে ৩৮২ জনকে গ্রেপ্তার করা হযেছে। জেলের বাইরে অনশন চলছে—সিন্ধু বালা দেবী প্রভৃতি অনশন চালাচ্ছেন। আমি প্রফুল্ল বাবুকে জিজ্ঞাসা কবছি যারা বাংলাব বাইবে বিভিন্ন জায়গায়, উড়িষ্যায়, সারবুজায় রয়েছেন তাদের সম্বন্ধে বাংলার পুনর্বাসন মন্ত্রীব কি কোন দায়িত্ব নেই, তাদের খবর নেবার জন্য প্রফুল্ল বাবুর কি এতটুকু চেতনা বোধ নেই ? এ সম্পর্কে আমরা প্রফুল্লবাবুব কাছ থেকে জবাব চাই। মেহেরচাঁদ খান্না তার পুনর্বাসনের ব্যর্থতা ঢাকবার জন্য দুটো পলিসি করেছিলেন। প্রথম পলিসিটা হচ্ছে ডেথ য়্যাণ্ড ডিসচার্জ পলিসি মৃত্যু ও বিতাড়ন। ১৯৫৭ সালে পুনর্বাসন দিলেন ১৯ হাজার ১৩ জনকে তার মধ্যে মৃত্যু ও বিতাডন করলেন ২৫ হাজার ৮৪১ জনকে, ১৯৫৮ সালে পুনর্বাসন দিলেন ২৫ হাজার ৯৫৫ জনকে, মৃত্যু ও বিতাড়ন কবলেন ১৩ হাজার ৬শো লোককে একবারে নিশ্চিহ্ন করে দিলেন। সিক্রণিং কমিটি তৈরী করলেন রাজবংশী নামক একজন অফিসার, এবং তাঁর সঙ্গে পশ্চিমবাংলায় ক্যাম্প সুপারিনটেডেণ্ট এ, আর, ও, প্রভৃতি অফিসারকে নিয়ে। তাঁরা বিভিন্ন ক্যাম্পে ঘুরে সিক্রণিং করে নির্বিচারে তাদের নাম কেটে দিলেন। কত অন্ধ, খঞ্জ, আতুর, বৃদ্ধ তাঁদের চোখের জলে আজকে বাংলা ভেসে যাচ্ছে। পশ্চিমবাংলায় এমনি করে সিক্রণিং করে নাম কেটে দেওয়া হয়েছে ১৩ হাজার ৩৬৭ জনের। এর মধ্যে শুনেছি বহু ঘুষের কারবার ছিল। মন্ত্রী মহাশয় যদি খবর নেন তাহলে জানতে পারবেন কারণ যাদের সিক্রণিং এ নাম কেটে দেওয়া হয়েছে তাদের বহু লোক পুনরায় পশ্চিমবাংলার পনর্বাসন দপ্তরে বহু খরচ করে আবার বিকম্পিভাবে স্যার বলেছেন। আমি ব্যক্তিগত ভাবে বহু ক্যাম্প ঘুরেছি এবং সেখানে দেখেছি যে পি এস ক্যাম্প কিভাবে অত্যাচার করে এমনি ভাবে নাম কেটে দিয়েছেন। মেহেরচাঁদ খান্নার শাসন উদ্দেশ্য যেন তেন প্রকারেন নাম ভাল কেটে দেওয়া। শুধু কি তাই ৯০ দিনের নোটীশ দিতে আরম্ভ করেছেন। ১৯৫৮ সালে বাংলাদেশে যে বিরাট আন্দোলন হয়ে গেল তার পরিপ্রেক্ষীতে আমাদের কাছে যে প্রতিশ্রুতি ডাঃ রায় দিয়েছিলেন যে কাউকে তার ইচ্ছার বিরুদ্ধে বাইরে

পাঠানো হবেনা সেই প্রতিশ্রুতি ধুলিস্যাৎ হয়ে গেল। খান্না ডাঃ রায়ের প্রতিশ্রুতিকে পদাঘাতে তলিয়ে দিলেন কিন্তু বাংলাদেশের সরকার তার কোন প্রতিবাদ করেননি। বারে বারে আমাদের কাছে বায়নানামা স্কীমের কথা বলা হয়েছে---খান্নাসাহেব কালকে আমাদের কাছে যে কাগজ পাঠিয়েছেন তাতে দেখছি যে বায়নানামা এগ্রিকালচারার ফ্যামিলির আর পশ্চিমবাংলায় হবেনা। এই নিরীহ বাস্তহারা মানুষ, উৎপীড়িত মানুষ তাদের কাছে গত ৬।৭ বছর যাবৎ সিস্কীমের কথা বলা হয়েছিল আজকে এসব ধোকাবাজী হয়েছে—তাদের এখানে বায়নানামা হবে না, হাজার হাজার বায়নানামা পড়ে ছিল। একথা যদি আগে বলতেন তাহলে তারা এমনি করে বহু শ্রম বহু অর্থ ব্যয় করে এবং ছুটোছুটি করে এই মরীচিকার পেছনে অন্ততঃ দৌড়াদৌড়ি করতো না। এবার দণ্ডকারণ্যের কথা একটু বলি---দণ্ডকারণ্য নিয়ে আমাদের দেশে বহু আলোচনা হয়েছে এবং এই বিধানসভায় দাঁড়িয়ে ইউনয়্যানিমাসলি আমরা দণ্ডকারণ্য সমর্থন করেছিলাম নীতিগত ভাবে যদি সত্যসত্যই পুনর্বাসনের ব্যবস্থা সেখানে হয়। খান্নাসাহেব কালকে দেখলাম গত দুই বছরের মধ্যে বহু বিঘোষিত দণ্ডকারণ্যে ১০ কোটি টাকা অলরেডি খরচ করে ১৫শো ১টি পরিবার নিয়ে গেছেন গত ১৫ই ফেব্রুয়ারী পর্য্যন্ত, আর তাতে লোক ছিল ৭ হাজার ৩২ জন। বাংলাদেশে ১ লক্ষ ২৫ হাজার ৯৩৩ জন উদ্বাস্ত বিভিন্ন ক্যাম্পে রয়েছেন---আজ বলেছেন প্রতি মাসে ২ হাজার করে পরিবার তিনি দণ্ডকারণ্যে নিয়ে যাবেন। খান্নাসাহেবের এই সমস্ত কথা শুনে প্রফুল্ল বাবু আপনি যেন মরীচিকার স্বপ্ন দেখবেন না। খান্নাসাহেবের এই সমস্ত কথার মধ্যে একটা মাত্র কৃতিত্ব আছে সেটা হচ্ছে শিবির ভেঙ্গে দেবার কৃতিত্ব, পুনর্বাসনের কোন কৃতিত্ব তাঁর আছে বলে আমি বিশ্বাস করি না। যে মানুষ দু-বছরের মধ্যে ১॥০ হাজারের বেশী পরিবারকে দণ্ডকারণ্যে নিয়ে যেতে পারেন না তিনি প্রতি মাসে দু-হাজার করে পরিবার দণ্ডকারণ্যে নিয়ে যাবেন এসব স্বপ্নবিলাসে অন্ততঃ বাংলাদেশের মানুষ কখনও ভুলতে পারে না।

[5-0—5-20 p.m.]

দু বছরে দণ্ডকারণ্যে শ্রীখান্না বলেছিলেন যে তারা ২৫০০ একর জমিতে উদ্বাস্ত পুনর্বাসনের ব্যবস্থা করবেন। করা হয়েছে কত ? ৩৫০০ একর জমি। এ বছরে ৫ কোটি ৭২ লক্ষ টাকা খরচ করবার কথা ছিল। খরচ করতে পেরেছে ৩ কোটি ৪৩ লক্ষ টাকা। ফরাসগাঁও, নারাজপুর, অমরাবতী এই সমস্ত জায়গা পুনর্বাসনের উপযুক্ত করতে বাধ্য হয়েছে কেননা কোন জমি দখল করতে পারেননি, জমিতে কোন পুনর্বাসনের ব্যবস্থা করতে পারেননি। আজকে পশ্চিমবঙ্গ থেকে যেসব উদ্বাস্তরা গিয়েছে তারা কাজ না পেয়ে উপবাসের সম্মুখীন হয়েছে। আমি জানতে চাই পশ্চিমবঙ্গের বাইরে বাঙ্গালী উদ্বাস্ত যারা আছে তাদের সম্বন্ধে এর মন্ত্রীমণ্ডলী কিংবা পুনর্বাসন দপ্তরের মন্ত্রীমণ্ডলীর কোন দায়িত্ব নাই ? তারা কি শুধু কেন্দ্রীয় সরকারের তল্পীবাহক হয়ে শিখণ্ডীর মত দাঁড়িয়ে থাকবেন আর যো হুকুম হলে চলবেন ? এঁদের কি কোন দায়িত্বই নেই ? এমন কি আজকে দণ্ডকারণ্য প্রজেক্ট যা হয়েছে সেখানেও বাঙ্গালীদের সুযোগ সুবিধা না দিয়ে আজকে শ্রীখান্না অন্য লোকদের দিতে আরম্ভ করেছেন। আজকে দণ্ডকারণ্যে যারা যাবে সেই বাঙ্গালী উদ্বাস্তদের সেখানে সুযোগ দেওয়া হোক্। আমি গতবার এখানে বলেছিলাম যে আমরা দণ্ডকারণ্য দেখতে যেতে চাই। আমি জিজ্ঞাসা করি প্রফুল্ল বাবুকে জিজ্ঞাসা করি অন্য উপমন্ত্রীদের তারা কি একজনও গত ২ বছরের মধ্যে

সেখানে যেতে পেরেছেন ? যদি না পারেন তবে কেন পারেননি ? আমি খান্না সাহেবকেও লিখেছিলাম যে আমি দণ্ডকারণ্য দেখতে যেতে চাই এবং একথাও জানিয়ে দিয়েছিলাম যে তরুণ কান্তি ঘোষ মহাশয় আমাদের এস্যুরেন্স দিয়েছিলেন যে তিনি আমাদের নিয়ে যাবেন শ্রীখান্না তার উত্তরে লিখলেন।

you have made a reference to the statement made by Shri Tarun Kanti Ghosh in the Bengal Lagislative Assembly. It was not done with our concurrence at all nor have we so far received any reference from the State Government with regard to the visit of the members of the Bengal Legislative Assembly to Dandakaranya.

এর চাইতে অপমানকর আর কি হতে পারে এই মন্ত্রীমণ্ডলীর পক্ষে ? যে চিঠি শ্রীখান্না দিয়েছেন এর চেয়ে আর কিছু হতে পারেনা। তারপর ইণ্ডাষ্ট্রিয়াল ফিনান্স করপোরেশন ১০ কোটি অথরাইজড ক্যাপিটাল নিয়ে সুরু হয়েছিল। ভাবলাম এর মাধ্যমে হয়ত বাংলাদেশের উদ্বাস্তদের কাজ হবে, ৯ হাজার মানুষকে কাজ দেওয়া হবে এসব বড বড় কথা বললেন—আজকে প্রফুল্লবাবু বললেন ২৩০০ লোকের কাজের কথা, এর মধ্যেও কত লোকের হয়ত কাজ চলে যাবে। কিন্তু কাঁটাগঞ্জে ও কল্যাণীতে ২৭ লাখ দিয়ে ১০টি স্কীম করলেন, এ সম্বন্ধে খান্না সাহেব লিখছেন—

Likely to provide employment for 1300 persons.

হতে পারে নাও হতে পারে সবই ভবিষ্যতের কথা।

স্টাইপেণ্ড বন্ধ করে দিলেন, শ্রীখান্না বন্ধ করে দিলেন—২ লক্ষ ছাত্রের। তাই আমাদের চিঠি লিখেছেন—এ বছর ১৯৫৮—৫৯ সালে ৬৮ লক্ষ ৪২ হাজার এডুকেশন খাতে দিয়েছি এবং আগামী বছর এই খাত নিশ্চিহ্ন হয়ে যাবে। প্রতি বছর ২০ পারসেণ্ট করে এই খাতে টাকা কেটে দেবো। আমি এখানে একটি মাত্র কথা বলতে চাই। বাংলাদেশে যে সমস্ত কংগ্রেসী বন্ধু এম এল এ আছেন যারা শ্রীখান্নাকে ভোট দিয়ে রাজ্য সভায় পাঠিয়েছেন তারা দাবী করুন যে খান্নাকে পদত্যাগ করতে হবে, বাংলাদেশের সমস্ত মানুষ মিলে বাধ্য করতে হবে শ্রীখান্নাকে পদত্যাগ করার জন্য। আপনারা যদি বদ্ধপরিকর হন তাহলে এ কাজ হতে পারে।

[At this stage the House was adjourned for 15 minutes]

[*After adjournment.*]

[5-20—5-30 p.m.]

DEMAND FOR GRANT NO. 41

Major Heads : 57—Miscellaneous—Expenditure on Displaced Persons etc.

Shri Suhrid Mullick Chowdhury :

মাননীয় স্পীকার মহাশয়, উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ—একটা দুর্নীতির পাপচক্র হয়ে দাঁড়িয়েছে, সেই সম্পর্কে আমি বিশেষ কিছু বলতে চাই না। কারণ যাদের কাছে আপনার মাধ্যমে বলবো তাদের সম্বন্ধে যদি দেখি তাহলে দেখা যাবে, সেখানে দুর্নীতির প্রশ্রয় দেওয়া হচ্ছে। সুতরাং সেই সম্পর্কে বলা নিষ্ফল। তবে এখানে একটা কথা বলতে চাই সেটা

হচ্ছে মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর গাড়ি দিয়ে থাকেন ডেপুটি মন্ত্রীকে। কিন্তু ডেপুটি মন্ত্রী যিনি, তিনি এই সম্পর্কে ২৫০ টাকা করে ভাতা নিয়ে থাকেন, অথচ গাড়ী ব্যবহার করেন প্রফুল্ল সেন মহাশয়ের। সুতরাং গোড়ায় যদি গলদ্ থাকে তাহলে উর্দ্ধতন কর্ম্মচারীদের মধ্যে গলদ থাকবে এতো জানা কথা। সুতরাং তাঁদের সম্পর্কে এখানে কিছু বলতে চাই না। কিন্তু একথা বলবো মন্ত্রী মহাশয়ের যদি সাহস থাকে তাহলে, তিনি যেন এটা জুডিসিয়াল এনকুয়ারীর ব্যবস্থা করেন, তাহলে আমি প্রত্যেকটি ডিপার্টমেন্টের এমন কতকগুলি ঘটনা তুলে ধরতে পার সে ঘটনাগুলির যদি জুডিসিয়াল এনকুয়ারী হয় তাহলে সেই কমিটির কাছে উপস্থিত করবো। আজকে সেই সম্পর্কে কিছু না বলে, অন্য কয়েকটা ব্যাপার আপনার মারফৎ জানাতে চাই।

এর আগে এখানে প্রফুল্ল সেন মহাশয় বলে গিয়েছেন যে দণ্ডকারণ্য সম্পর্কে তিনি যে একটা গৌরবোজ্জল আলো দেখেছিলেন, এখন তিনি সেটা আর দেখছেন না। কিন্তু তা সত্বেও আমরা দেখতে পাচ্ছি দণ্ডকারণ্যে পাঠাবার জন্য সমস্ত ক্যাম্পের উপব জোর করে পাঠানর ব্যবস্থা অব্যহত রেখেছেন। এই ব্যবস্থা অব্যহত রাখার ফলে হাজার হাজার উদ্বাস্তু পরিবার তিলে তিলে মৃত্যুর দিকে এগিয়ে চলেছে, এবং সেই সম্পর্কে আমাদের মন্ত্রীমহাশয় কোন উচ্চবাচ্চ করলেন না। স্ক্রীনিংএর নামে আমরা দেখতে পাচ্ছি ভুল তথ্যের উপর নির্ভর করে হাজার হাজার পরিবারকে বঞ্চিত করেছেন তাদের ক্যাস ডোল বন্ধ করে দিয়ে। সে সম্পর্কে তাঁর পক্ষে কি করনীয়—তা তাঁর বক্তৃতায় কিছুই পেলাম না।

তারপর ছাত্রদের সম্পর্কে আমরা দেখতে পাচ্ছি—ইতিপুর্ব্বে এখানে আলোচিত হয়েছে—যে সমস্ত ছাত্রদের এপর্য্যন্ত সাহায্য দিয়ে আসা হচ্ছে। তাঁরা এখন একটা নিয়ম করলেন ৫০ পারসেণ্ট মার্কস রাখতে হবে, তারপর শ্রীযুক্তা রেণুকা রায় যে সময় উদ্বাস্তু বিভাগে মন্ত্রী ছিলেন সেই সময় আমরা তাঁর কাছে একটা ডেপুটেসন দেবাব ফলে সেটা ৪৫ পারসেণ্টে নেমে আসে।

কিন্তু এখন আবার দেখতে পাচ্ছি ৪৫ মার্ক দূরের কথা—এখন তাঁরা নিয়ম করেছেন যেখানে তারা ৪৫ মার্ক পাবে, সেখানে তারা ৫০ পারসেণ্ট ছাত্রদের সাহায্য করবেন। আর বাদবাকী সম্পর্কে কোন দায়িত্ব নাই। এই ধরণের ব্যবস্থা যে কোন সভ্য সরকার করেন তা আমরা ভাবতে পারি না। যাঁরা মার্কের উপব বিচার করবেন তাব আবার ৫০ পারসেণ্ট দেওয়া, আর ৫০ পারসেণ্ট দেওয়া হবে না—তার মানে কি? তবে কাদের দেওয়া হবে? এই সম্পর্কে সরকারের কাছ থেকে জানতে চাই তাঁরা কি নীতিব উপর এই ব্যবস্থা করছেন? আমি এর আগে বলেছি—গভর্ণরস স্পীচের উপর। এর ফলে ২ লক্ষ উদ্বাস্তু ছাত্র লেখাপড়া শেখা থেকে বঞ্চিত হবে এবং তিন হাজারের মত শিক্ষক যাঁরা এ থেকে অর্থ উপার্জ্জন করছেন, তাঁরা তা থেকে বঞ্চিত হবেন এবং বহু স্কুল উঠে যাবে। এই অবস্থা কি চলতে দেওয়া উচিত? তার সম্পর্কে কি বিকল্প ব্যবস্থা হয়েছে—সে সম্পর্কে মন্ত্রীমহাশয়ের কাছ থেকে শুনতে পেলাম না।

তারপর দণ্ডকারণ্য সম্পর্কে এঁরা যে কথাটা বলছেন, তবু আমাদের পাটাতে হবে কিন্তু আমি কিছুদিন আগে উড়িষ্যায় গিয়েছিলাম এবং সেখানকার যে সমস্ত রিফিউজী আছে তাদের সম্পর্কে ওয়াকিবহাল হয়ে এসেছি। এঁরা বললেন এক হাজার উদ্বাস্তু আছে উড়িষ্যায় কিন্তু আমি যে খবর পেয়েছি, নিজে দেখে এসেছি সেখানে ৩০ হাজার উদ্বাস্তু গিয়েছিল

র্তমানে ১৩ থেকে ১৬ হাজার উদ্বাস্তু পরিবার রয়েছে। সেই উদ্বাস্তুরা এমন অবস্থায় রয়েছে যা আমরা কল্পনা করতে পারি না। কটক সহরেতে উদ্বাস্তুদের একটি সম্মেলন ডাকা হয়েছিল। সেই সম্মেলনে ৬০ মাইল দূর থেকে উদ্বাস্তুরা পায়ে হেঁটে এসেছে। গায়ে একটা জামা পর্য্যন্ত তাদের নাই। হেঁটে আসবার সময় পথে কিছু খায় নাই—শুধু জল খেতে খেতে এসেছে। আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম কিভাবে তোমরা জীবন যাপন করছো? তারা বললে সেখানে ভিক্ষা দেবার মত অবস্থা সেখানকার জনসাধারণের নাই। আমি তাদের কথা সেখানকার উদ্বাস্তু বিভাগের মন্ত্রীর কাছে উপস্থিত হয়ে জানালে তিনি বললেন দেখুন, আমার তো সেণ্ট্রাল গভর্ণমেণ্টের টাকার উপর নির্ভরশীল। সুতরাং সেখান থেকে টাকা না পেলে আমরা কিছু করতে পারি না। সুতরাং তারা প্রতিদিন ভিক্ষার অভাবে, অর্থোপার্জনের অভাবে কিভাবে দুর্বিসহ জীবনযাপন করছে। এখানে যাঁরা উপস্থিত আছেন তাঁদের পক্ষে সে কথা চিন্তা করা একটা স্বপ্ন মাত্র। সুতরাং এই যেখানে অবস্থা, আমার মনে হয়, আমি সেখানের খবর পেলাম—দণ্ডকারণ্যে ১৩ জন উদ্বাস্তুকে ভালুকে মেরে ফেলেছে। এই যেখানে অবস্থা, এই অবস্থা যদি চলতে থাকে, তাহলে আমাদের এখান থেকে ক্যাম্প রিফিউজীদের বাইরে নিয়ে গিয়ে কি অবস্থার মধ্যে ফেলেছেন? সে সম্পর্কে আমি মনে করি একটা তদন্ত এখান থেকে হওয়া উচিত। আমি আপনাকে অনুরোধ করবো, আপনার ভেতর নিশ্চয়ই মানবতাবোধ আছে—, আপনি দয়া করে মন্ত্রীমহাশয়কে এ সম্পর্কে বলে একটা এনকুয়ারী করার ব্যবস্থা করুন। এই আপনার কাছে আমি আবেদন জানাই।

Shri Haridas Dey :

মাননীয় স্পীকার মহাশয়, আজ উদ্বাস্তু সমস্যা নিয়ে এখানে সমালোচনা হচ্ছে। মন্ত্রী মহাশয় তাঁদের কাছে সহযোগিতা চাইলেও তাঁরা তার ক্রিটিসাইজ করছেন। আমাদের শ্রদ্ধেয় সুরেশ ব্যানার্জ্জী—পশ্চিমবঙ্গে উদ্বাস্তুদের রাখবার কথা আগেও বলেছেন। আজও বলছেন। তিনি নদীয়া জেলা থেকে এসেছেন। তিনি জানেন নদীয়ায় কত রিফিউজী আছেন। আর এটাও জানেন নদীয়া জেলার আয়তন কতটুকু।

[5-30—5-40 p.m.]

নদীয়া জেলার আয়তন ১৫ শত বর্গমাইল এবং সেখানে লোকসংখ্যা ১৫ লক্ষের উপর, তার অর্দ্ধেকই উদ্বাস্তু। রাণাঘাট, চাকদায় অনেক উদ্বাস্তু এসে বাস করছে। রাণাঘাটে প্রায় ৩ লক্ষ উদ্বাস্তু আছে এবং সেখানে ১৯টি স্পনসরড কলোনী আছে। এছাড়া সেখানে ক্যাম্পে ৫৩ হাজার উদ্বাস্তু আছে, তাদের নানা বিষয়ে সাহায্য, ডোল বাবদ কোটি কোটি টাকা গভর্ণমেণ্ট থেকে দেওয়া হচ্ছে। কিন্তু একটা কথা হচ্ছে, এই যে উদ্বাস্তুরা আছে, এই উদ্বাস্তুদের আজ পর্য্যন্ত জীবিকার কোন ব্যবস্থা হয়নি। রাণাঘাট সাবডিভিসনে তাহেরপুর, গয়েশপুর প্রভৃতি যে সমস্ত স্থানে কনসেনট্রেটেড রিফিউজী আছে সেখানে স্পিনিং মিল করার কথা ছিল কিন্তু তা আজ পর্য্যন্ত হয়নি। একটা সুখের কথা যে, কল্যাণীতে একটা স্পিনিং মিল করার চেষ্টা হচ্ছে, সেখানে আমরা বলতে চাই কল্যাণী নদীয়া জেলার এক প্রান্তে অবস্থিত। কল্যাণীতে স্পিনিং মিল হলে কল্যাণীর নিকটবর্ত্তী ২৪ পরগণার শিল্পাঞ্চলের যে সব অবাঙ্গালী আছে, তাদের আধিপত্যই বেশী হবে আমাদের এই আশঙ্কা আছে। সেখানে যে পরিমাণে লোক আছে তাদের সেইভাবে সুযোগ দেওয়া হবে বলে আমি মনে করি না।

স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করবো যে, শান্তিপুর, কল্যাণী, চাকদা এই বিরাট এরিয়াতে খুব বেশী জনবসতি ও বহু উদ্বাস্তু আছে; তাই সেখানে যাতে এই রকম বৃহৎ শিল্প হয় সে বিষয়ে যেন তাঁরা চেষ্টা করেন। নদীয়া জেলা ঘাটতি এলাকা, তার উপর অধিক সংখ্যক উদ্বাস্তু এসেছে। তেমনি এই জেলার ক্রমিক খাদ্য সঙ্কটের কথা বিবেচনা করে সেচের ব্যবস্থা যাতে ভালভাবে হয় তার প্রতি দৃষ্টি রাখেন। জনসংখ্যার এই যে বিপুল চাপ, এর জন্য উদ্বাস্তরাই যে নদীয়ায় দুর্ভোগ ভোগ করছে তা নয়, স্থানীয় অধিবাসীরাও খাদ্যসঙ্কট ও বেকার সমস্যার সম্মুখীন হয়েছে। এই বেকার সমস্যা সমাধানের জন্য শুধু বৃহৎ শিল্প প্রতিষ্ঠা করলেই হবে না, নদীয়ায় কুটীর শিল্প, ক্ষুদ্র শিল্প, তাঁত, কাঁসা, পিতল ইত্যাদি সেগুলিও যাতে উন্নতি লাভ করে সেদিকেও চেষ্টা সরকার করছেন; কিন্তু আরো বেশী করে করা উচিত। মাননীয় স্পীকার মহাশয়, এই জেলায় যে কয়েকটী ক্যাম্পের কথা বলেছি। এই জেলায় কতকগুলি বড় বড় ক্যাম্প আছে, এই ক্যাম্পে ৮।১০ বৎসর ধরে উদ্বাস্তরা যে পরিবেশে বাস করছে তাতে সেখানে নৈতিক আবহাওয়া নষ্ট হয়েছে। শুধু যে সেখানকার নৈতিক আবহাওয়া নষ্ট হয়েছে তা নয়, তার পার্শ্ববর্ত্তী যে সমস্ত গ্রাম ও সহর আছে তাদেরও নৈতিক আবহাওয়া নষ্ট হচ্ছে। আমি সেইজন্য অনুরোধ করবো যে, এই ক্যাম্পগুলির সত্বর বিলুপ্তি লাভ করিয়ে ক্যাম্প উদ্বাস্তদের যাতে সুষ্ঠু পুনর্ব্বাসন হয় তার ব্যবস্থা করেন। এবং তাতে যে শুধু উদ্বাস্তদেরই কল্যাণ হবে তা নয়, এতে সমাজ ও রাষ্ট্রের কল্যাণ হবে। আর একটা কথা বলতে চাই দণ্ডকারণ্য সম্বন্ধে। দণ্ডকারণ্য সম্বন্ধে এই হাউসে যে আলোচনা হয়েছিল তখন সকলেই এই পরিকল্পনা স্বীকার করেছিলেন। এখন দেখতে পাচ্ছি, যে, তারা বাইরে গিয়ে, ক্যাম্পে গিয়ে এই পরিকল্পনার বিরুদ্ধে প্রোপাগাণ্ডা করছেন। এমন কি রাজনৈতিক বামপন্থী নেতারা নিজেরা কলিকাতার আশেপাশে গিয়ে উদ্বাস্তু ক্যাম্পের মধ্যে যারা নিরীহ তাদের ভিতর ফলস প্রোপাগাণ্ডা করছেন।

সেনট্রাল গভর্ণমেণ্ট বলছেন, আমরা কিছু জানি না, ষ্টেট গভর্ণমেণ্ট জানেন; কিন্তু আজকে এটা কি হচ্ছে? আজকে এভাবে একে অন্যের উপর শুধু দোষারোপ করলেই চলবে না। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, রাণাঘাট কীর্ত্তিনগর কলোনী এখনো রেগুলারাইজড হয়নি, হবে কিনা বলা যায় না। কুপার্স ক্যাম্প টাউনসিপ এবং কীর্ত্তিনগর কলোনী—এগুলির কি ভাবে হবে সরকার থেকে বলে দেওয়া উচিত, কারণ সেখানকার অধিবাসীরা অত্যন্ত উদ্বিগ্ন হয়ে পড়েছে। আমি উপসংহারে বলতে চাই যে, নদীয়ার উদ্বাস্তু শিবিরগুলি তুলে দিয়ে অন্যান্য জেলায় উদ্বাস্তদের সুষ্ঠু পুনর্ব্বাসনের ব্যবস্থা করা উচিত, কারণ নদীয়ার উপর আর চাপ দেওয়া উচিত নয়। নদীয়া জেলায় আরো যদি বায়নানামা দেওয়া যায় তাহ'লে সমগ্র জেলার অর্থ-নৈতিক কাঠামো ভেঙ্গে যাবে। বিভিন্ন জেলায় এমন ভাবে এদের ছড়িয়ে দেওয়া উচিত যাতে তারা নিজে সুষ্ঠু জীবনযাত্রা নির্ব্বাহ করতে পারে। ক্যাম্পের বাইরে যারা নিজেদের চেষ্টায় পুনর্ব্বাসনের ব্যবস্থা করে নিয়েছে আজ তাদের অবস্থা শোচনীয় হয়ে উঠেছে—তাদের অর্থ নৈতিক পুনর্ব্বাসনের জন্য বৃহৎ শিল্পের সঙ্গে সঙ্গে অন্যান্য ব্যবসা-বাণিজ্য শিল্প আমাদের রাজ্যে গড়ে তোলা দরকার।

Shri Chaitan Majhi:

মাননীয় স্পীকার মহাশয়, উদ্বাস্তরা আজও বাস্তু পায়নি তাই আজও উদ্বাস্তু সমস্যা রয়েছে। এ সমস্যার সমাধান হওয়া উচিত ছিল সমাধান না ক'রে ক্যাম্প বন্ধ করা ও উচিত নয়।

অন্যান্য প্রদেশেও উদ্বাস্তরা সহানুভূতি পাচ্ছে না দণ্ডকারণ্যে ও অবাঙ্গালীদের প্রভুত্ব গড়ে উঠেছে—এই অবস্থায় অসহায় উদ্বাস্তদের বিপদগ্রস্ত করা হচ্ছে। অথচ বাংলা ভাষার সীমা-ক্ষেত্রের মধ্যেই তাদের ঘর দেবার ঠাঁই আছে সে কথা বলার সাহস সরকারের নেই। পুরুলিয়া প্রভৃতি বাংলার কয়েকটি জেলায় এবং বিহারের বাংলাভাষী অঞ্চলে এদের বসাবার ব্যবস্থা ও দাবী করা হোক, পতিত জায়গা বহু আছে সেগুলিতে শিল্পাঞ্চল ক'রে, শিল্পনগরী ক'রে, তাঁদের বসানো হোক। এতে এদেরও লাভ হবে আর এ' অঞ্চলবাসীরও লাভ হবে। এতে এরা নিজেদের সাংস্কৃতিক জীবনও জনতার সহানুভূতি পাবে। কৃষিতে এদের লাগানো বৃথা কৃষিতে অনগ্রসর এ' সকল অঞ্চলে শিল্পনগরী করলে এদেরও লাভ হবে এ' অঞ্চলবাসীরও লাভ হবে। জাতীয় কল্যানে যা প্রয়োজন তার দাবী সাহসের সংগে আজ করা দরকার।

[5-40—5-50 p.m.]

Shri Niranjan Sengupta :

মিঃ স্পীকার, স্যার, আমি জবর দখল কলোনীও সরকারী কলোনী সম্পর্কে আলোচনা করব। বাংলা দেশে প্রায় ১৪০টি জবরদখল কলোনী আছে, অথচ এই কলোনী গুলি আজ পর্য্যন্ত রেগুলারাইজড হয়নি। সরকারের তরফ থেকে প্রতিবারই বলা হয় রেগুলারাইজড করার ব্যবস্থা হচ্ছে, এবং কোন কোন ক্ষেত্রে অর্পনপত্র প্রদানের কথাও বলা হয়েছে। কিন্তু টালিগঞ্জ অঞ্চলের ৩৪টি কলোনীর মধ্যে একটি কলোনীও আজ পর্য্যন্ত তা পায়নি। গত ১২ বৎসর ধরে উদ্বাস্তরা নিজেদের চেষ্টায় এ গুলি গড়ে তুলেছে, সরকার থেকে কোন সাহায্য করা হয়নি। অথচ আমরা জানি সরকারের বহু অর্থ অপচয় হচ্ছে, তবে বহু বার ফটোগ্রাফার পাটিয়ে ফটো নেওয়া হচ্ছে,এ ভাবে প্রভূত অর্থনাশ করা হয়েছে। গত বন্যায় এবং অন্যান্য কারণে বহু পরিবারেও ঘর পড়ে গিয়েছে, তাদেরও হাউস বিল্ডিং লোন দেওয়া হয় নি। সুতরাং জবর দখল কলোনীর ভবিষ্যৎ সম্পর্কে সরকার তাঁদের মতলব পরিষ্কার করে বলুন, তা না হলে লোকের মনে মিসগিভিংস বেড়ে যাচ্ছে। সরকারের উপর তাদের আস্থা লোপ পাচ্ছে। টালিগঞ্জ মাষ্টার প্ল্যানে এ সব জবর দখল কলোনী সম্পর্কে কি চিন্তা করা হচ্ছে আমি সে সম্পর্কে মন্ত্রীমণ্ডলীর কাছ থেকে জানতে চাই। এ ব্যাপারে একটা হৃদয় বিদারক অবস্থার কথা আমি নিবেদন করতে চাই আপনার মাধ্যমে, জবর দখল কলোনীর উদ্বাস্তরা বহু কাল থেকে কোন সরকারী সাহায্য পায় নি, অথচ কম্পিটেণ্ট অথরিটির মারফৎ তাদের উপর কম্‌পেন্‌সেশন ধার্য্য করা হচ্ছে এবং এ ভাবে বহু পরিবারকে অভিযুক্ত করা হচ্ছে। বহু পরিবার গৃহ নির্মানের জন্য লোনও জায়গা চেয়েছে, কিন্তু তাদের সেই সুযোগ না দিয়ে তাদের ঋণগ্রস্থ করে সেটি অভিযুক্ত করা হচ্ছে। উদ্বাস্তদের এই সরকার মানুষ বলে গণ্য করেন না তা আমি আপনার মাধ্যমে জানতে চাই। তারপর, আজ গভর্ণমেণ্ট কলোনীর অবস্থাও সঙ্গীন হয়েছে। একটা প্লান নাকি হয়েছে, হাউস বিল্ডিং লোন এর কোটাও নাকি স্যাংশন করেছেন, কিন্তু শেষ পর্য্যন্ত কিছুই হচ্ছে না, লোকে অর্দ্ধেক ঘর তুলে বসে আছে। হালিসহরের মল্লিকবাগ কলোনীর সাধারণ উদ্বাস্ত পরিবারের অনেকে অনাহারে অর্দ্ধাহারে দিন কাটাচ্ছে। কিন্তু আপনারা তাদের অর্থ নৈতিক পুনর্বাসনের জন্য কোন কিছু করলেন না। কয়েক দিন পুর্বে রেডিওতে শুনলাম মল্লিক বাগ কলোনীর উন্নয়নের জন্য কয়েক লক্ষ টাকা আপনারা খরচ করছেন, কিন্তু আজ পর্য্যন্ত কোন উন্নয়নের ব্যবস্থা সেখানে নেই। এই ভাবে খাসবাটি কলোনী বা বাংলাদেশের অন্যান্য কলোনী গুলির উন্নয়নের কোন

ব্যবস্থা আপনারা করেছেন না। অথচ দেখা যাচ্ছে যে দিনের পর দিন লোকেরা সেখানে অনাহারে অর্দ্ধাহারে থাকছে। আপনারা ছোট ও মাঝারী শিল্প কোথায় তৈরী করেছেন তার একটা জবাব দেবেন। আমরা বহুবার বলেছি যে অর্থনৈতিক পুনর্বাসন ছাড়া এদের আর কোন গতি নেই। কিন্তু সে সব দিকে না গিয়ে আপনারা হয়ত একটা প্লট অফ ল্যাণ্ড দিচ্ছেন, সামান্য কিছু হাউস বিল্ডিং লোন দিচ্ছেন, ব্যবসা করার জন্য সামান্য টাকাও দিচ্ছেন কিন্তু আমি বলি সে ভাবে সামান্য লোন দিয়ে তাদের অর্থ নৈতিক পুনর্বসতি করা যাবে না। আমি অভিযোগ করবো সাধারণ উদ্বাস্তুদের জীবনকে আপনারা দুর্বিসহ করে তুলেছেন এবং যার ফলে তারা অনাহারে, অর্দ্ধাহারে জীবন যাপন করছে। আমার আর একটা কথা হচ্ছে যে পলাশী উদ্বাস্তু মহিলা ক্যাম্পে বহু উদ্বাস্তু মহিলা আছেন, তারা এক তাঁবুতে ৮।১০ বৎসর ধরে আছেন তাদের সেই তাঁবু ছিড়ে গেছে এই বর্ষায় অনেক জল পড়ে। এই বিষয়ে তারা মন্ত্রীমণ্ডলীকে এই রিহ্যাবিলিটেশান ডিপার্টমেণ্টকে জানিয়েছেন, কিন্তু আজ পর্য্যন্ত কোন ব্যবস্থা হল না। সেদিন পুরবী মুখোপাধ্যায় মহাশয়া বললেন যে জেলখানার কয়েদীদের বাইরের সাধারণ মানুষের চেয়ে ভাল অবস্থায় রাখব না, কিন্তু বাইরের সাধারণ মানুষের যদি এই অবস্থা হয় তাহলে তাদের যে কি অবস্থা হবে সেটা সহজেই বোঝা যায়। অর্থাৎ ৮।১০ বৎসর একই তাঁবুতে থাকার ফলে সেই তাঁবু ছিড়ে গিয়ে ভেতরে জল পড়ে এবং এবিষয়ে তারা আবেদন নিবেদন করেছে, কিন্তু আপনাদের রিহ্যাবিলিটেশান ডিপার্টমেণ্ট এবিষয়ে একদম চুপচাপ। এইসব বিষয়ে দায়িত্ব কার সেটা আপনার মাধ্যমে আমি জানতে চাই। বার বার বলা হয় যে আমরা রিহ্যাবিলিটেশান দেব, ক্যাম্পে যারা আছে তাদের সাহায্য করব এবং এজন্য কেন্দ্রীয় গভর্ণমেণ্ট থেকে আমরা টাকাও আনছি অথচ আপনারা তাদের সাধারণ অভিযোগগুলির প্রতিও দৃষ্টি দেননা। তারপর মানিকতলা অঞ্চলে যে সব উদ্বাস্তু মুসলমানদের গৃহ দখল করে আছে সে গুলি ভেঙ্গে যাচ্ছে এবং তারা সেই গৃহ ছেড়ে দিতে চায় এবং তাদের অনেকে বায়নানামা করেছেন। কিন্তু সেই বায়নানামার ব্যবস্থা সরকারের তরফ থেকে আজ পর্য্যন্ত করা হয় নি। এমন বহু কেস আছে যাদের বায়নানামা আছে, কিন্তু সরকারের তরফ থেকে কোন লোন পাচ্ছে না ফলে সেই ভাঙ্গা ঘরেই ধরা ঘরে জীবন যাপন করছে। এ প্রসঙ্গের এ কথা বলতে গেলে মুসলমানদের যে ঘর গুলি নেওয়া হয়েছে বায়নানামা গ্রহণ করে তাদের সেখান থেকে তুলে দিয়ে, তারা (মুসলমান) যদি সেই ঘর পেতে পারে সে দিকে দৃষ্টি দিন। এই উদ্বাস্তু পুনর্বাসনের কথা বলতে গিয়ে আমি উদ্বাস্তু ডিপার্টমেণ্ট সম্বন্ধে একটা কথা বলব। এখানকার প্রায় ৬ হাজার কর্মচারী আজ বিক্ষোভ জানাচ্ছে কারণ তাদের এখন ছাঁটাইয়ের খড়্গ ঝুলছে। এই ডিপার্টমেণ্টে যাঁরা কাজ করছেন তাদের ভবিষ্যতকে আপনারা আজ মুছে দিতে যাচ্ছেন। এ বিষয়ে মন্ত্রীমণ্ডলীর কি মত সেটা আজ এই বিধানসভায় বলবেন।

[5-50—6 p.m.]

Shri Pramatha Ranjan Thakur :

মাননীয় সভাপাল মহাশয়, আজ কয়েকবৎসর ধরে এই বিধান সভায় উদ্বাস্তুদের সম্বন্ধে যদিও নানারকম আলোচনা হচ্ছে কিন্তু দুঃখের সঙ্গে বলতে চাইযে, এই সমস্যা মীমাংসার দিকে না গিয়ে ক্রমশই জটিল হয়ে উঠছে। মাননীয় মন্ত্রীমহাশয়ের প্রারম্ভিক বক্তৃতা আমি খুব মন দিয়ে শুনেছি এবং তাকে ধন্যবাদ দিচ্ছি এই জন্য যে, তিনি অন্ততঃ স্বীকার করেছেন যে বাস্তবিকই আমরা উদ্বাস্তুদের জন্য কিছু করতে পারিনি এবং যেহেতু সেণ্ট্রাল গভর্ণমেণ্ট কিছু কিছু

রেছে সেইজন্য এঁরা দায়িত্ব গ্রহণ করেনি। কয়েক বৎসর আগে ঠিক এই জায়গা থেকেই বাস্তুদের দণ্ডকারণ্যে প্রেরণ করবার জন্য সরকার খুব উচ্চ গলায় প্রচার করেছিলেন এবং রোধীপক্ষকে বলে ছিলেন যে আপনারা এটায় বাঁধা দেবেন না। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে াজ কয়েকমাস যাবৎ কাগজে কলমে এবং লোকের মুখ থেকে যা' শুনতে পাচ্ছি তাতে মনে য় বাস্তবিকই দণ্ডকারণ্য ইজ এ ফেইলিওর। দণ্ডকারণ্যে যে সমস্ত লোক কাজ করে তাদের া বাঙ্গালীদের প্রতি কোন দরদ নেই তার একটা ঘটনা আপনাদের শোনাচ্ছি। একটি ছেলেকে আমি মানুষ করেছিলাম এবং সে আমার বাড়ী থেকেই গ্রাজুয়েট হয়। তারপর যখন ই দণ্ডকারণ্যে নূতন বাঙালী কলোনী গড়ে উঠল তখন আমি ইচ্ছে করেই তাকে দণ্ডকারণ্যে াকুরী নিয়ে যেতে বললাম। সেখান গিয়ে সে আমাকে যে চিঠি দিয়েছে তা' এক মর্ম্মান্তিক াহিনী এবং সেটাই আপনাদের শোনাচ্ছি। সে লিখেছে "যদিও আমরা অফিসার তবুও াঙালী হিসেবে আমাদের এখানে কোন স্থান নেই। আপনি বলেছিলেন যে বাঙালীদের জন্য ূতন বাংলা দেশ গঠণ করা হবে কিন্তু বাস্তবে দেখছি তার কিছুই হয়নি। অবাঙালী অফি-ারদের জন্য আমাদের নানারকম নির্যাতন ভোগ করতে হচ্ছে এবং যার ফলে চাকুরী করা প্রায় ়সম্ভব হয়ে উঠছে। আমি ঘুরে ফিরে দেখেছি যেসব বাঙালী উদ্বাস্তুরা এখানে এসেছে তাদের চ্যাটার্ড করে পিঞ্জরাপোলের ভিতর রাখা হয়েছে"। কাজেই এই যখন অবস্থা তখন আপনার সেখানে কি গঠণ করতে পারবেন? যদিও আপনারা এই হাউসের মধ্যে নানারকম সাজেসন দিচ্ছেন, কিন্তু আমি বলব যতক্ষন পর্য্যন্ত খান্নাকে রি কল করা না হয় বা যতক্ষন খান্না সেখানে াকবে ততক্ষন কোন বাঙালী উদ্বাস্তু সেখানে যাবেনা বা যাওয়া উচিত নয়। খান্নাকে অপসারিত করে সেখানে একটা বোর্ড গঠন করুন এবং দেখুন সেখাদে কি হ'তে পারে বা না াারে। দণ্ডকারণ্য যদি বাঙালীদের জন্যই করা হয় তা'হলে সেখানে বাঙালীর কৃষ্টি, সভ্যতা ামস্ত কিছু বজায় থাকবে। কিন্তু আজ দেখছি শুধু ঐ খান্নার জন্যই সেখানে কিছু করা যাচ্ছে া বা কোন বাঙালী অফিসারকে সেখানে পাঠাতে পারছেন না। আপনাদের উচিত ছিল সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে ইনফ্লুয়েন্স করা যাতে বাঙালীরা সেখানে অগ্রাধিকার পায়। কিন্তু তা করছেন না বলেই মন্ত্রীমণ্ডলীর বিরুদ্ধে আমি অভিযোগ করছি। এখানকার মাননীয় সদস্য প্রফুল্ল ঘোষ, সুরেশ বন্দোপাধ্যায় এবং আমি প্রত্যেকেই বলেছিলাম যে আমরা দণ্ডকারণ্যের বিরুদ্ধে নই এবং গভর্ণমেণ্ট যদি আমাদের সহযোগিতা চান তাহলে আমরা তা' করব। কিন্তু আমরা সেখানে যেতে রাজী থাকা সত্বেও আজ পর্য্যন্ত গভর্ণমেণ্ট আমাদের নিয়ে গিয়ে জায়গাটা দেখাতে পারলেন না যাতে আমরা বুঝতে পারি যে সেখানে বাঙালীর পক্ষে থাকা সম্ভব কেনা। কৃষক সম্প্রদায়ের সঙ্গে যখন আমার যথেষ্ট পরিচয় রয়েছে তখন যদি আমাকে সেখানে নিয়ে যেতেন তাহলে হয়তো কতকগুলি কৃষক পরিবারকে সেখানে বসাতে পারতাম। পশ্চিমবাংলায় যেসমস্ত উদ্বাস্তুরা বসেছে তার মধ্যে কৃষিজীবিরা যদিও অনেক সময় আমার কাছে আসে কিন্তু আমি তাদের এমন কোন আশা ভরসা দিতে পারছিনা যে তারা দণ্ডকারণ্যে গিয়ে সুখে থাকতে পারবে। তবে দণ্ডকারণ্য যে ফেইলিয়োর হয়েছে এবং সেখানে যে কোন কাজ হচ্ছে না বা বাঙালীর পক্ষে সেখানে যাওয়া সম্ভব নয় তা আজ স্পষ্ট হয়ে উঠেছে। তার পর আরেকটা কথা বলতে চাই যে, পশ্চিমবঙ্গ সরকার যদিও বলছেন যে ৩২ লক্ষ লোক এখানে এসেছে কিন্তু আমি মনে করি তার চেয়ে অনেক বেশী লোক এসেছে এবং তারা অনেক স্থানে নিজেদের চেষ্টায় বসেছে। এই সমস্ত লোক চায় যে গভর্ণমেণ্ট আমাদের সহায়তা করুক, কেননা তারা মনে করছে যে আমরা বাংলাদেশের পুনর্গঠণ করছি। একথা সত্য যে এই

উদ্বাস্তদের আগমনের ফলে পশ্চিমবাংলার অনেক উন্নতি হয়েছে। অনেক অনুর্বর জমি উর্বর হয়েছে, অনেক কিছু সুবিধা হয়েছে। উদ্বাস্ত এসে অনেকগুলি স্কুল খুলেছে কিন্তু গভর্ণমেণ্ট সেদিকে নজর দেননি। সকলেই জানেন যে আমি ঠাকুর নগর কলোনী নামে একটা কেলানী করেছিলাম। দুঃখের বিষয় আজ ১২ বছর হয়ে গেল সেখানে কোন ষ্টেশন হয়নি। আমরা একটা ষ্টেশন চেয়েছিলাম সেখানে, জেনারাল ম্যানেজার বললেন সিডিউল কাষ্টস কলোনী ওখানে প্লাটফরমের দরকার হয় না। এইরকম ব্যবহার যদি গভর্ণমেণ্টের কাছ থেকে পাওয়া যায় তাহলে সিডিউল কাষ্টের কি উন্নতি করবেন, অন্য লোকের কি উন্নতি করবেন? এটা অত্যন্ত দুঃখের বিষয়। কিন্তু আমি ধন্যবাদ দেব পুর্ণেন্দু নস্করকে। তিনি লিখেছিলেন তাতে কাজ হয়েছে। এখন ষ্টেশনের কাজ আরম্ভ হয়েছে। আমি বহু কষ্টে একটা স্কুল করেছিলাম। সেটাকে ১১ ক্লাসে পরিণত করবার চেষ্টা করেছিলাম এবং এ সম্বন্ধে আমি মন্ত্রীমহাশয়ের কাছ থেকে পরামর্শ নিয়েছিলাম। তিনি বলেছিলেন যে দরখাস্ত করুন। ৩ বছর হয়ে গেল একটা ইনসপেক্টর পর্য্যন্ত সেখানে যায়নি। রাস্তাঘাটের জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলেছিলাম যে রাস্তা যদি পাকা করে দেন তাহলে ঠাকুর নগর শহরে লোকের যাবার সুবিধা হবে, কিন্তু রাস্তা পাকা করার কোন রকম বন্দোবস্ত হয়নি। ১৫৭ কোটী টাকা সেণ্টাল গভর্ণমেণ্ট ব্যয় করলেন কিন্তু কোন কাজে লাগালেন তা বুঝতে পারলাম না এই রকমভাবে কতদিন চালাতে পারবেন? আমি আর একটা কথা বলি সেটা হচ্ছে অনেক উদ্বাস্ত আমার কাছে এসে জিজ্ঞাসা করে যে রকম পরিস্থিতি তাতে পুর্ব্ববঙ্গের গভর্ণমেণ্টের সঙ্গে যদি কোন রকম বন্দোবস্ত করতে পারেন তাহলে আমরা চলে যেতে পারি। আমি আমার সরকারকে বলব যে সেই ব্যবস্থা করুন। যারা ওখানে ফিরে যেতে চায় তারা যাতে বিনা পাসপোর্টে ওখানে ফিরে যেতে পারে সেই ব্যবস্থা সরকার তাদের জন্য করুন। আমি পুনরায় বলব যে জেনেশুনে খান্না থাকতে কোন দিন কোন বাঙালী উদ্বাস্ত যেন দণ্ডকারণ্যে না যায়—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6—6-10 p.m.]

Shri Satyendra Narayan Majumdar :

মিঃ স্পীকার স্যার, আমার বলার বিষয় খুব সংক্ষিপ্ত। আমার মনে হয় একটা ব্যাপারের মধ্য দিয়ে প্রফুল্লবাবুর উদ্বাস্ত পুনর্বাসন নীতির চেহারাটা পরিস্কার হয়ে গেছে। আমি বলছি সেইসব উদ্বাস্ত ব্যবসায়ীদের সমস্যার কথা যারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায়, উত্তর বাঙলার বিভিন্ন জেলাতে সরকারী রাস্তার ধারে দোকান করে জীবিকা নির্বাহ করছে। তাদের সব জায়গায় সরকারী রাস্তার উপর অনধিকার প্রবেশকারী বলে ব্যবসা লোন-টোন দেওয়া হয়না। তবুও তারা নানা রকম চেষ্টা করে জীবিকা নির্ব্বাহ করে আসছে। তাদের অন্যান্য দাবির মধ্যে প্রধান দাবি ছিল তাদের জন্য বাজার তৈরি করা দরকার। বাজার তৈরি করলে সেখানে তারা বসতে রাজী আছে। অনেক সুনির্দিষ্ট প্রস্তাব অনেক জায়গায় দেওয়া হয়েছে কিন্তু আমরা যতদুর জানি সরকার তাতে কর্ণপাত করেননি। একটা জায়গায় যে ধরণের ব্যাপার হয়েছে সেটা আমি আপনার কাছে বিশদ ভাবে বলব। আলিগড়ে উদ্বাস্ত ব্যবসায়ীদের নতুন বাজার তৈরি করবার জন্য ১৯৫৩ সালে ৩ লক্ষ টাকা মঞ্জুর করা হয়। তারপর আবার ১৯৫৯ সালে আরও বহুলক্ষ টাকা খরচ করা হয়েছে—কত হয়েছে ঠিক জানিনা, কারণ, সে সম্বন্ধে ২বছর আগে প্রশ্ন দিয়েছিলাম যে কত লক্ষ টাকা উদ্বাস্তদের নতুন বাজার তৈরি করবার জন্য খরচ

করা হয়েছে, তার কোন জবাব আজ পর্য্যন্ত পাইনি এবং পাবনা বলে ধরে নিয়েছি। বাজার তৈরির প্রথম থেকে উদ্বাস্তু ব্যবসায়ীদের প্রতিনিধিরা বারবার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করে বলে এসেছেন যে বাজারের যেসমস্ত ত্রুটি আছে সেগুলি সংশোধন না করলে ওখানে যেয়ে আমাদের পক্ষে সুবিধা হবে না। যেমন ঘরগুলি এত ছোট করা হয়েছে যে তার ভেতর কোন রেষ্টুরেণ্ট কাপড়ের দোকান বা কোন বড় দোকান করা যেতে পারে না। দ্বিতীয় কথা খুব সংগতভাবে তাঁরা বলেছেন যে আমরা ওখানে যাবো ব্যবসা করতে যাতে কেনা বেচা হয় তার পরিবেশ সৃষ্টি করে দিতে হবে অর্থাৎ বাস ষ্টাণ্ড করে দেওয়া, কি পরিত্যক্ত রেল লাইনের একটা রাস্তা আছে সেই রাস্তা দিয়ে সেখানে যাতে যানবাহন চলাচল করতে পারে তার একটা ব্যবস্থা করে দেওয়া প্রভৃতি এগুলি করলে তাঁরা সেখানে যেতে পারেন। এই সমস্ত ব্যাপার সরকার এই দুবছর ধরে কোন কর্ণপাত করেননি অথচ এবিষয়ে বহুবার বহু ডেপুটেশন হয়েছে। মাঝে মাঝে শুধু এদের সবানোর জন্য খগেনবাবুর বিভাগ থেকে চাপ দেওয়া হয়েছে—এখন অবশ্য সেটা স্থগিত রাখা হয়েছে। নির্ব্বাচনের সময় এলে একরকম করাহয়, আবার নির্ব্বাচন চলে গেলে আর একরকম করা হয়; এই রকম জিনিষ আমরা বিভিন্ন ব্যাপারে দেখেছি। কিন্তু সম্প্রতি যে ব্যাপার সেখানে হয়েছে সেটা হচ্ছে লাস্ট ষ্ট্র অন দি ক্যামেলস ব্যাক—অর্থাৎ এদের কোন রকম সুবিধা তো দেয়াই হয়না উপরন্তু এখানে নূতন বাজারে স্টল নেওয়ার ব্যাপারে যে সর্ত্তগুলি এঁদের উপর চাপিয়েছেন পুনর্বাসন বিভাগ সেগুলি আমি একটু পড়ে শোনাচ্ছি, তাহলে দেখবেন যে কিধরণের সর্ত্ত দেওয়া হয়েছে এবং এর থেকে কি সিদ্ধান্ত করা যেতে পারে। একটা সর্ত্ত হচ্ছে :—

"That the Licensee will have no right, title or interest in the stall or shop allotted to him'

তারপর হচ্ছে—

'That the Licensee will not be able to let out or mortgage or sell or transfer in any manner his right/under this license to use the said shop or stall"

তারপর এসম্বন্ধে সরকার কিছু যুক্তি দেখাতে পারেন। তারপর হচ্ছে :—

"That the Licensee will not be able to change the nature of his business without the prior consent of the Deputy Commissioner, Darjeeling'

অর্থাৎ মাছের ব্যবসা করেছিলাম তাতে লোকসান হচ্ছে তার বদলে যদি কমলালেবুর ব্যবসা করতে হয় তাহলে আগে ডেপুটী কমিশনারের অনুমতি নিয়ে তা করতে হবে। তার মানে এটা করতে বহুদিন সময় চলে যাবে। তার পরের সর্ত্ত হচ্ছে

'The Licensee will pay a daily fee of—within 7 p. m. of each day. In case of default of payment of fees for seven consecutive days, the license will stand determinated and the Licensee will forthwith vacate the said shop or stall. The stock and assets of the business of the Licensee shall stand charged for the due payment of the said fees'

জিনিষ বিক্রী হোক বা নাহোক এটা না দিতে পারলে প্রত্যেকদিন সন্ধ্যাবেলায় এই অবস্থা তার হবে। তারপর আরো আছে

'That the Licensee will have to keep 14 days' fees advance as deposit with the Government for which he will not be entitled to any interest. The advance so kept will be released to the Licensee after the determination of the Licensee after deducting the Government dues, if any.'

'That the fee, if in arrears, shall be realisable as public demand under the Public Demands Recovery Act.'

'That the Licensee will keep in permanent deposit one month's fee in advance with the Deputy Commissioner, Darjeeling, and the said sum will be adjusted as fee for the last month of the occupation of the said shop or stall by the Licensee.'

এতো অসুবিধাজনক সর্ত্ত দিয়েও এই সরকার সন্তুষ্ট হন নি, এই সমস্ত লোকগুলিকে মারিবার জন্য তাঁরা আরো অস্ত্র হাতে রেখেছেন :

'That the Governor shall have the right to terminate this license without assigning any reason after giving a fortnight's notice thereof to the Licensee.'

এই লোকগুলি সরকারের কাছ থেকে ধান পাননা, তাঁরা ব্যবসা করে যাচ্ছিলেন এবং তাঁদের সংখ্যা কম নয়—তাঁদের নিয়ে রাজনীতির দাবাখেলা সরকারপক্ষীয় লোকেরা বহু খেলেছেন। তারপর যখন বাজার খোলা হল তখন তাঁদের পরামর্শগুলি শোনা হয়নি। তাঁদের মাঝে মাঝে আশ্বাস দেওয়া হয় যে যদি তোমরা বাজারে যাও তাহলে তোমাদের পরে ধান দেওয়ার ব্যবস্থা করবো বা বিবেচনা করে দেখবো। আমরা শুনেছি খান্নাসাহেব তাঁদের সঙ্গে দেখা করে এসেছেন, ঐ বিভাগের প্রতিনিধিরাও দেখা করে এসেছেন এবং তাদের অভিযোগগুলি ও পরামর্শগুলি বিভিন্ন সময়ে বলেছেন তাঁরা একথা কখনও বলেননি যে আমরা সেখান থেকে উঠবো না। মাঝে মাঝে শুনি যে তাঁরা না উঠায় শিলিগুড়ির রাস্তার উন্নতি হচ্ছে না। তারা বলেননি যে যাবো না—তারা এটুকু বলেন যে এখানে ব্যবসা বানিজ্য করে খাবার একটা পরিবেশ সৃষ্টি করা হোক। তাতো করাই হয়নি বরং যে সমস্ত সর্ত্তগুলি আমি পড়লাম সেগুলি তাদের উপর চাপানো হয়েছে। এর চেয়ে বেশী কিছু বলার আর প্রয়োজন নেই—সেখানে কি ব্যাপার চলছে সেটা সহজেই আপনি বুঝতে পারছেন।

Shri Jyoti Basu :

মাননীয় স্পীকার মহাশয়, আমার সময় খুব কম। তাই আমি একটা বিশেষ বিষয়ে আপনার মাধ্যমে সদস্যদের দৃষ্টি আকর্ষন করতে চাই। সেটা হচ্ছে ক্যাম্পের বাস্তহারাদের সম্পর্কে যে বিষয়ে এখন ২।৩ জন বলেছেন। আমার প্রথম বক্তব্য হচ্ছে যে সরকারের কাজকর্ম্ম বিবেচনা করে দেখলাম যে এদের প্রতি তারা বিশ্বাসঘাতকতা করেছেন এবং প্রতারনা করেছেন। এবিষয়ে আমি এখন নিঃসন্দেহ কারণ অমি দেখলাম এই যে প্রফুল্লবাবু বক্তৃতায় বললেন ৩০।৪০ লক্ষ বাস্তহারা এসেছে এদের কারও কি কিছু হয়েছে ? কারও কিছু হয়নি। এখন মোট ১॥ লক্ষ লোক ক্যাম্পে আছে, প্রায় ৩৫ হাজার পরিবার যাদের আমরা বাংলা দেশের বাইরে চলে যেতে বলছি। এই যে ১॥ লক্ষ, আর বাদবাকী সবতো ব্যবস্থা হয়েই গিয়েছে অনেকবার সেটা বলেছেন, এদের সম্বন্ধে আমার মনে হচ্ছে এবার ওঁরা যেন নূতন জন্তু আবিস্কার করেছেন, এরা যেন মানুষ নয়! এরা যে মানুষ একথা মনে যদি থাকে তাহলে অসুবিধা হয়। সরকারপক্ষ ধরেই নিয়েছেন এরা মানুষের পর্য্যায়ে নেই। এই ব্যবস্থা করে অনেক কৃতিত্বের কথা বলেন, পশ্চিমবাংলায় অনেক করেছেন? খান্না সাহেব দোষী, ইণ্ডিয়া গভর্ণমেণ্ট কিছুই করছে না, নূতন কথা শুনলাম আজ প্রফুল্লবাবুর কাছে। কি কৃতিত্ব! ৫০ কোটি টাকা ডোল খরচ করেছেন বাংলা দেশে, বলে গেলেন, কেমন টাকা ডিষ্টিবিউট করেছেন দেখিয়ে দিয়েছেন। ৫০ কোটি টাকা ভিক্ষা দিলেন এতদিন ধরে; কেন দিলেন? কিছুদিন দিতে হবে, ১বছর কি

২ বছর কিন্তু বছর বছর ভিক্ষা দিযে গেলেন তাদের জন্য কোন চেষ্টাই করলেন না, কোন কুটির শিল্প গড়ে তুললেন না, এসম্বন্ধে কেন্দ্রীয় সরকারকেও বুঝালেন না !! মুখ্য মন্ত্রীমহাশয় তাঁর বাজেট বক্তৃতায় অনেক কথা বলেছেন, কেন্দ্রীয় সরকার এটা দিচ্ছেনা ওটা দিচ্ছেনা, ঐ টাকাগুলি না দিলে চলবেনা। কিন্তু বাস্তুহারাদের সম্পর্কে কিছু বললেন না। কেন এটা বুঝাতে পারলেন না যে এখানে অনেক সমস্যা ! পশ্চিমবাস্তুহারাদের সমস্যার মত সমস্যা ভারতবর্ষের কোথাও নাই ? যদি এই টাকা দিয়ে কোন ক্ষুদ্র শিল্প গড়ে তুলতেন তাহলেও বুঝতাম, কিন্তু তা হলনা। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিরাট বিরাট শিল্প হচ্ছে। প্ল্যানিং কমিশন বলেছেন বাংলাদেশ শিল্পে উন্নত কাজেই অন্য জায়গায় শিল্প গড়ে তোল, গড়ে তুলতে হবে নিশ্চয়ই ব্যাকওয়ার্ড এরিয়াতে গড়ে তুলতে হবে। কিন্তু বাংলাদেশের সমস্যা—বিশেষ সমস্যা এর জন্য টাকা ঢালতে হবে। এনিয়ে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারকে বুঝালেন না কোন তর্ক বিতর্ক করলেন না।

তারপর আমরা দেখছি যেখানে বারে বারে বলা হচ্ছে যে জমি নেই সেখানে এটা কেন ? এই স্ট্যাটিষ্টিক্যাল হ্যাণ্ডবুক অফ ১৯৫৯ তাতে আপনারা বলেছেন, পশ্চিমবঙ্গ সরকার হিসেব করে দেখাচ্ছেন যে ২৩ লক্ষ একর জমি এখানে চাষযোগ্য করা যায়। এটা এই স্ট্যাটিষ্টিক্যাল হ্যাণ্ডবুকে রয়েছে। যদি এটা ঠিক হয় যে এক ইঞ্চিও জমি নেই তাহলে এই স্ট্যাটিষ্টিক্যাল হ্যাণ্ডবুকটা কারেক্ট করবেন তো ? আপনারা বলছেন জমি নাই, অথচ বইয়েতে দেখছি আছে। যদি আছে তো উদ্ধার করছেননা কেন ? হয়ত বলবেন খরচ বেশী। কিন্তু বাস্তুহারাদের যাদের দণ্ডকারণ্যে পাঠানো হচ্ছে সেখানে বিশ্বস্ত সূত্রে জানতে পেরেছি, চেষ্টা করলে আপনারাও জানতে পারবেন যে সেখানে প্রতি বছর প্রতি এগ্রিকালচারাল ফ্যামিলীর পেছনে খরচ করেন ৬ হাজার টাকা। আর বাংলাদেশে বলছেন ৩॥ হাজার টাকা। তাহলে তো এই জমি উদ্ধার করে একটু একটু করে বাস্তুহারাদের বসিয়ে দিতে পারতেন, সেটা কেন করলেন না ? এখন এই সমস্ত অকর্মন্যতার জন্য আপনারাই দায়ী, এই পরিকল্পনাহীনতার জন্য আপনারাই দায়ী এবং এই যে মানবতাবিরোধী দৃষ্টিভঙ্গী আপনাদের তার জন্য কাকে দোষ দেবেন ? এজন্য পশ্চিমবঙ্গ সরকার নিজেই তো দায়ী। তাই আজকে বাঙালী বাস্তুহারাদের জন্য আমরা বাঙালী যদি অনুভব না করি তাহলে অন্যরা কি করে করবে—তা আমি বুঝতে পারি না।

[6-10—6-20 p.m.]

আমি দেখলাম দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আপনাদের টার্গেট ছিল ৫০ হাজার একর জমি আপনারা রিক্লেইম করবেন। কিন্তু এখন বাজেট দেখছি মাত্র চার হাজার একর আপনারা করেছেন। তাহলে কেন বললেন ৫০ হাজার একর ? কেন এই টার্গেট নিলেন ? অবশ্য আমরা একথা বলছিনা যে সব ৫০ হাজার একর জমি নিয়ে উদ্বাস্তুদের বসিয়ে দিন। আমরা বলি অন্ততঃ ৪০ হাজার, কিম্বা ১০ হাজার একর জমি নিয়ে, সেখানে উদ্বাস্তুদের বসাতে পারেন। যখনই আমরা একথা বলি তখনই কংগ্রেস পক্ষের লোক ও মন্ত্রীরা বলেন ওরে বাবা, এ কি করে হবে। আপনারা ঐ যে আরাপাঞ্চ এর কথা বলেন, সেখানে দেখতে গিয়েছিলাম। সেখানে দেখলাম সেখানকার স্থানীয় চাষীরা এসে সমস্ত জমি দখল করে বসে আছে। আর ঐ একটা নিয়ে আপনারা বলতে আরম্ভ করেন—অ্যাজ ইফ বাংলাদেশের চাষীদের জন্য সব ব্যবস্থা করে দিয়েছেন। ক্ষেত মজুরকে জমি দিয়ে দিয়েছেন, যারা গরীব মানুষ তাদের জমি দিয়েছেন, যাকিছু দরকার ; সব কিছু করে ফেলেছেন ; আর সব দোষ উদ্বাস্তুদের ঘাড়ে চাপা-

বেন। মনে করেছেন জমি উদ্ধার করলেই একেবারে বিপদ। কিন্তু তা মোটেই হয়না। আমরা সবাই মিলে বসে, বিবেচনা করে দেখবো বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে কোথায় কি জমি পাওয়া যায়, তা উদ্ধার করবো, এবং সেখানে উদ্বাস্তুদের বসাবো। এই মনোভাব নিয়ে যদি কাজ করতেন তাহলে সাত্যকারের খানিকটা কাজ হত। যদি ঐ ৫০ হাজার একর জমির জায়াগায় অন্তত ৩০।৪০ হাজার কিম্বা ১০ হাজার একর জমিও দিতে পারতেন পুব বঙ্গের মানুষকে, উদ্বাস্তুকে। তাহলে আমার মনে হয় না এই নিয়ে পশ্চিমবাংলায় ঝগড়া ঝাটি বা মারামারি বা একটা বিরোধ স্বষ্টি হত। এখন কি হল? এই সমস্ত স্কীম করবার পর যখন এইগুলি কার্য্যকরী করতে পারলেন না; তখন আপনাদের অকর্ম্মণ্যতা ঢাকবার জন্য, গাফিলতা, সীমাহীন গাফিলতা ঢাকবার জন্য—আপনারা বলছেন এখন ক্যাম্প আমরা বন্ধ করে দেবো। বলা হচ্ছে—ক্যাম্প থেকে তাদের বার করে দাও, ক্যাম্পগুলি বন্ধ করে দাও। জানেন যে আপনারা তা করতে পারবেন না, তবু জেদ করে আপনারা বললেন। যারা এই নিয়ে আন্দোলন করেন, তাঁদের ঘরের শিশুদের দুধ বন্ধ করে দিলেন। আর এখন বলা হচ্ছে কি বীরত্ব,—খান্না সাহেব করতে পারছেন না, আমরা কি করবো? প্রফুল্লবাবু বললেন আমরা উৎসাহিত হতে পারছি না। তাই উঁনি আমাদের দরুন উৎসাহিত করছেন বাস্তুহারা-দের পুনর্বাসন দিয়ে প.শ্চম বাংলায়। খান্নাসাহেব দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের পুনর্বাসন করতে পারছেন না, তাই উনি উৎসাহিত হতে পারছেন না। আর আপনি এই অবস্থা করলেন। আমরা বারেবারে আপনার কাছে গিয়ে বললাম এই জিনিষ করবেন না। পারবেন না বন্ধ করতে জুলাই মাসের মধ্যে ক্যাম্পগুলি। কোথায় নিয়ে যাবেন এই সমস্ত উদ্বাস্তুদের? দণ্ডকারণ্য সম্বন্ধে আপনি কিছুই জানেন না, আগে সেখানে গিয়ে দেখে আসুন, তারপর আস্তে আস্তে ব্যবস্থা করুন। তিনি বললেন না, আমবা যখন ব্যবস্থা করেছি,—তাদের সেখানে পাঠাবো। সবত আপনি পণ্ডিত নেহেরুকে বুঝিয়ে দিলেন। বললেন আমি তাঁকে চিঠি লিখেছি—সব ব্যবস্থা হয়ে যাবে, কিছু ভাবনা করবার নেই, আমরা কোটী কোটী টাকা খরচ করছি। এই চিঠি আমার কাছে আছে। এই জিনিষ হল। সব বুঝিয়ে দিলেন, আর এখানে কি করলেন? সব উদ্বাস্তুগুলিকে আপনি মারলেন। খুব কৃতিত্ব দেখালেন আন্দোলন ভেঙ্গে দিয়ে, মা, বোনদের সেখানে ঠেঙ্গিয়ে। এই অবস্থা আপনারা করেছেন। এখানে আবার বলি তারা দণ্ডকারণ্যে যাবার জন্য উৎসাহিত হতে পারছেনা বলে বুঝি, তাদেব উপর ৬০দিনের নোটীশ দিয়ে বসে আছেন। তাদের ক্যাম্প থেকে তুলে দেবার জন্য। এর লজিকটা কোথায়? এর লজিকটা কোথায় বুঝতে পারছেন না। যদি না পারেন আপনারা বুঝতে তাহলে আপনার তাদের সঙ্গে আলোচনা করা দবকার, তাদের বোঝান দরকার এইভাবে করোনা, আর একটু সময় নাও, যখন এটা ব্যর্থতায় পর্য্যুদস্ত হয়েছে। কিন্তু আপনাবা সেদিকে গেলেন না। সেই আগের প্লানে টিক করলেন। এখন আমার কথা হচ্ছে এই যে আপনারা সমস্ত করতে গিয়ে একটা প্রচণ্ড রকম ভাঁওতা রিফিউজীদের দিচ্ছেন ইচ্ছাকৃত ভাবে। এ নয়, যে আপনারা সব না জেনে করেছেন; এ বললেত চলবে না। কারণ আমি ১৯৫৭ সালের অ্যাসেম্বলী প্রসিডিংস এ দেখেছি—যখন সেই সময় একটা প্রস্তাব আলোচনা হচ্ছিল সেখানে কংগ্রেস পক্ষের দায়িত্বশীল লোকেরা এই রকম সব বক্তৃতা দিচ্ছিলেন। আমি তারই একটু পড়ে শোনাচ্ছি—"আমি মনে করি আমাদের এমন একটা অবস্থা এসেছে,—বাংলার বাইরে বাংলা ভাষা প্রচার করে, বাংলার কালচার্ড, কৃষ্টি সমস্ত ভারতবর্ষে যদি ছড়াতে পারি তাহলে বাংলার শক্তি বৃদ্ধি পাবে। তারপর তিনি বলছেন সেখানে চাল খুব ভাল হয়, আর সেইসব অঞ্চলে

সেইসঙ্গে আখের চাষ এবং আরও বহুরকম চাষের সুবিধা আছে। এটা আমি জানি এবং এই জায়গা যাঁরা দেখেছেন, তাঁরাই বলবেন যে সেখানে এই ব্যবস্থা হয়েছে। সেখানে রাবার প্ল্যানটেশন এর সুযোগ সুবিধা পাওয়া যেতে পারে, এবং তার সঙ্গে সঙ্গে রেশম ও কিছু কিছু ফলের উৎপাদনের ও সুযোগ সেখানে পাওয়া যেতে পারে।" এটা একজন দায়িত্বশীল কংগ্রেস সদস্য শ্রীবিজয় সিং নাহারের নামে। তিনি এই সমস্ত কথা বলেছেন। এই ধরণের আরও অনেক কংগ্রেস সদস্যদের বক্তৃতা আছে, আমি তার মধ্যে যাচ্ছি না। এটা একটা প্রস্তাবের উপর আলোচনা হচ্ছিল। আপনাদের প্রস্তাব ছিল ওয়েলকাম করেছি। আমি বললাম ওয়েলকাম করবো না। ওয়েলকাম করবার আগে, সেখানকার অবস্থা জানবার চেষ্টা করুন— কি হয়েছে বা হবে এবং কিরকম সার্ভে হয়েছে—। তারপর আপনারা আমাদের ডাকুন, আমাদের সঙ্গে পরামর্শ করুন, আলোচনা করুন। সেখানে সমস্ত সার্ভে হয়েছে কিনা, এইসব যখন বলছিলাম, তখন হঠাৎ দেখলাম মুখ্য মন্ত্রী মহাশয় তিনি আমাকে ইণ্টারভেন করে বলতে আরম্ভ করলেন

they have completed the survey and given the map.

তিনি আবার বলতে লাগলেন

30 thousand Sq. miles have been surveyed and the map has been prepared.

এই কথা তিনি বললেন। অর্থাৎ ম্যাপ তিনি পেয়েছিলেন এবং সার্ভের সমস্ত রিপোর্টও তিনি পেয়েছিলেন। আমি এর সমস্তই মিথ্যা কথা আন-পালামেণ্টারী হলে বলবো—অসত্য কথা তাঁরা বলেছেন। আমরা কাগজে দেখেছি এরোপ্লেনে করে সার্ভে হয়েছে, যার অর্থ তাঁরা দিচ্ছেন—৮০ হাজার স্কোয়ার মাইল তিনটি প্রদেশ মিলে। সেখানে খনিজ সম্পদ আছে, নূতন করে আমেরিকা ডিসকোভারীর মত আর একটা বাংলাদেশ সেখানে তাঁরা গড়ে তুলবেন। শঙ্করদাস ব্যানার্জ্জী,—তাঁকে আমি ব্যক্তিগতভাবে আক্রমণ করছি না, তিনি যা তখন বলেছিলেন—এটা কি দায়িত্বের কাজ করেছিলেন? তিনি নিজের পয়সা খরচ করে গেলেন সেখানে। অনেক ম্যাপ তিনি নিয়ে এসে বললেন—শিলং থেকেও ওখানকার ক্লাইমেট অনেক ভাল। সেখানে ভাল জমি আছে, খাল আছে, জল ইত্যাদি আছে। যাও, যাও, তাড়াতাড়ি তোমরা যাও। এ কি দায়িত্বজ্ঞানের কাজ তিনি করেছিলেন? তারপর এখানে প্রস্তাব কি পাশ হলো? আমি যা বলেছিলাম তখন, তার মধ্যে যাচ্ছি না। প্রস্তাব কি হল? প্রস্তাবটী ছিল এই—

১ নম্বর—

(1) West Bengal Government should ascertain from the Government of India the details of the proposed scheme for the development of Dandakaranya; (2) Thereafter call a conference of representatives of different parties and groups of this House and place the scheme before it for consideration; and (3) The implementation of the scheme, when finally approved, should be undertaken by a Statutory Body in which the West Bengal Government should be adequately represented.

এই হ'ল সর্বসম্মতিক্রমে গৃহীত প্রস্তাব এখানকার। কিন্তু তার ফলে কি হল? এই তো গেল প্রস্তাব। সেখানে আমি বলছি, যে সরকার আমাদের সঙ্গেও প্রতারণা করলেন,—যাকে বলে ব্রীচ অফ ফেথ আমাদের সঙ্গেও হলো। হাউসে একটা প্রস্তাব পাশ হলো। আমি

জানতে চাই, এই প্রস্তাব নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে তাঁদের কি কথা হয়েছিল ? যদি হয়ে থাকে, তবে কি তাঁরা বলেছিলেন ? তা কোনদিন আপনারা হাউসের সামনে বলেননি। এই তিনটী প্রস্তাবের মধ্যে একটীও তাঁরা মানেননি। যদি তাঁরা তা না মেনে থাকেন, তাহলে তা এ্যাসেমব্লীর সামনে ফিরে জানান উচিত ছিল। এটা জানাবার সৎসাহস তাঁদের থাকা উচিত ছিল। মুখ্যমন্ত্রী ও প্রফুল্ল সেন মহাশয় আমাদের বলতে পারতেন—দেখো, আমরা কিছু করতে পারলাম না। এই অনেষ্টটুকু তাদের থাকা উচিত ছিল। একটী কথাও আপনারা মানলেন না। কেন্দ্রীয় সরকারও কোন ব্যবস্থা করলেন না। আপনারাওআমাদের সঙ্গে কোন সম্মেলন করলেন না। না করেই বললেন— দণ্ডকারণ্য ঠিক আছে। কিন্তু দুঃখের সঙ্গে আজ বলবো, একটা রিস্ক নিয়েই বলবো ওঁরা সংবাদপত্র মোবালাইজ করে ফেলেছেন। সংবাদপত্র আপনাদের মোবালাইজ করেছে—সংবাদপত্র এ সম্বন্ধে আরো একটু বেশী লিখতে আরম্ভ করলো প্রশংসা করে। নূতন আমেরিকা ডিসকোভারী হচ্ছে, নানারকমছবি দিয়ে তাঁরা লিখলেন। আমাদের এক বন্ধু সিদ্ধার্থশঙ্কর রায় এ্যাসেমব্লীতে, তখন তিনি গভর্ণমেণ্ট পক্ষে ছিলেন ; রামায়ণ মহাভারত থেকে কত কি শোনালেন। সেখানে ময়ূরের কেকাধ্বনি শোনালেন, ভ্রমরের গীত পর্য্যন্ত শোনালেন। চমৎকার জায়গা। অবশ্য তিনি বলেছিলেন এই সব কণ্ডিশনস ফুলফিলড় আমরা করবো। এটা সরকার পক্ষের কথা, ওঁর কথা নয়। তার একটীও কণ্ডিশন ফুলফিলড হয় নাই—নট ওয়ান, তা সত্বেও দণ্ডকারণ্য সম্বন্ধে খান্নাকে বলেছি, আমাদের একবার নিয়ে যান না সেখানে। তবুও তাঁরা কোন ব্যবস্থা করেন নাই। ডাঃ ঘোষ ও আমি একসঙ্গে বলেছি, অন্য সময়েও বলেছি, কেউ সে ব্যবস্থা করেন নাই। এখানে কংগ্রেস তরফ থেকেও কোন মন্ত্রী বা রিফিউজী দরদী দায়িত্বশীল সদস্যরা কেউ সেখানে গিয়েছিলেন কিনা জানিনা। যা হোক্ এই যে দণ্ডকারণ্য ডেভেলপমেণ্ট অথোরিটি ওখানে যা আছে, সেখানের কি অবস্থা ? পশ্চিমবাংলা সরকারের কিছু প্রতিনিধি তাতে আছে, নাম কি তাঁদের ? কয়জন প্রতিনিধি আছেন ? নেই তো ! আপনাদের প্রতিনিধি তাঁরা নিচ্ছেন না। এই জিনিষ আমরা দেখতে পাচ্ছি। সেখানে দেখছি, উপর দিকে যাঁরা বড় বড় অফিসার আছেন, তার মধ্যে তিন জনের বেশী বাঙ্গালী নাই, আমি বিশ্বস্তসূত্রে জানতে পেরেছি। অথচ বাংলাদেশের রিপ্রেজেনটেটিভ থাকবে বলে শুনেছিলাম। প্রস্তাবও পাশ করেছিলেন। এমনও শুনছি ক্লাশ থ্রী, ক্লাশ ফোর কিছু ষ্টাফের সেখানে রিক্রুটমেণ্ট হয়েছে। কিন্তু কোথাও তার জন্য অ্যাডভারটাইজমেণ্ট করা হয় নাই। সে সব কোথাও কিছু নাই—তাঁদের ইচ্ছেমত নিয়েছে। বাঙ্গালী যারা যাবে বলে শুনেছিলাম, তাদের মধ্য থেকে শতকরা ৭৫ ভাগ চাকরীতে নেওয়া হবে ; আর শতকরা ২৫ ভাগ চাকরী স্থানীয় বাসিন্দাদের জন্য সংরক্ষিত থাকবে। কিন্তু বাস্তবক্ষেত্রে তা নেওয়া হয় নাই। যাঁরা সেখানে কথা বলতে পারবে, সেই রকম বাঙ্গালী অফিসার থাকা উচিত ক্লাশ টু, ক্লাশ ফোর ষ্টাফ—তা তাঁরা নিচ্ছেন না। এখন দেখছি, হঠাৎ সেখানে ঝগড়া লেগে গেল।

[6-20—6-30 P.m.]

তারপর সেখানে দেখলাম হঠাৎ একটা ঝগড়া লেগে গেল অথরিটীর সঙ্গে মিনিস্টারের এবং সেখানে অথরিটী বদলে গেল। কেন বদলে গেল তা আমরা জানিনা। এটা কাকেও কন্‌সাল্ট না করেই করা হল। তারপর এমনও শুনলাম যে উড়িষ্যা জায়গা দিতে পারবে না। মধ্য প্রদেশ ও উড়িষ্যার মধ্যবর্ত্তী কোন একটা জায়গা দেওয়া হয়েছে ঠিক কিন্তু সেখানে ও আমরা দেখলাম, যে আজ এতদিন হয়ে গেল, তার কোন ফাইনাল রিপোর্ট প্রিপেয়ার

করা হয়নি। ডি, ডি, এ, দেয় নি, মিনিষ্টারও দেন নি। সেখানে মাষ্টার প্ল্যান করার কথা হয়েছিল দণ্ডকারণ্যে, কিন্তু আজ অবধি তার কোন রিপোর্ট দেননি, পার্লামেণ্টে দাখিল করেননি, কোথাও দেন নি। এখন আমরা শুনছি যে ডি, ডি, এ, বা অথরিটীর জায়গা বেছে নেবার ব্যাপারে কোন হাত নেই। মধ্য প্রদেশ এবং উড়িষ্যা সরকার যে জায়গা দেবে সেই জায়গাই এদের নিতে হবে। এবং এমন সব জায়গা দেওয়া হয়েছে যে গুলি স্ক্যাটার্ড এমন সব জায়গা দেওয়া হয়েছে যা একটা থেকে আর একটা অনেক দূরে। অথচ আমার কাছে পার্সোনালী খান্না সাহেব বলেছিলেন সে, লোকে বলেছে বাঙ্গালীকে আমরা বিভিন্ন প্রদেশে পাঠাচ্ছিনা কেন? এর কারণ হচ্ছে দণ্ডকারণ্যে ডি, ডি, এ, হচ্ছে সুপ্রিম অথরিটী, সেখানে তারা দেখবেন যে বাঙ্গালীরা যাতে সব এক জায়গায় থাকতে পারে এবং সেইজন্য আমরা সব বাঙ্গালীকে এক জায়গায় রাখবার চেষ্টা করছি, সেখানে একটা নূতন বাংলা গড়ে তুলবেন। কিন্তু আজ কি দেখছি, এটা কি একটা ব্রিচ্ অফ্ ফেইথ্ নয়? তারপর এবার এই হাউস এ একটা কথা শুনছি। এপক্ষ ওপক্ষ থেকে, যে খান্না সাহেবকে সরিয়ে দিলেই সব ঠিক হয়ে যাবে। কিন্তু আমার কথা হচ্ছে ঐ যে ওখানে প্রফুল্ল বাবু বসে আছেন, তিনি কি করছেন, তাঁর ত এই জিনিষ গুলি জানা থাকা দরকার যে সেখানে এই সব জিনিষ হচ্ছে। আমাদের ডি, ডি, এর, হাতে এমন সব জমি দেওয়া হচ্ছে যা চাষের অযোগ্য। যেমন আমি শুনেছি পাবাল কোট বলে একটা জায়গায় ৯ হাজার একর জমি এই বৎসর রিক্লেইম করার কথা আছে, কিন্তু দেখা গেল সেখানে ১৬ শত একর জমি মধ্য প্রদেশ সরকার অ্যালোট করেছে এবং সেক্ষেত্রে ও হিসাব করে দেখা গিয়েছে যে ৭ শত একর জমি পাওয়া যাবে বাকী জমি চাষের অযোগ্য। অর্থাৎ চাষ যোগ্য বলে মনে করেন না অথরিটী। তারপর আরো যে সব জায়গা আছে এখান থেকে কোনটা ১১২ মাইল থেকে ২৪০ মাইল দূরে দূরে, যেমন ফরাসগঞ্জ ইত্যাতি জায়গা। সেখানে আমরা শুনেছি যে আরো ২।৩ বৎসর ক্যাম্পে রাখা হবে। ক্যাম্পেই যদি উদ্বাস্তুদের থাকতে হয় তাহলেত তারা বাংলাদেশেই থাকতে পারতো। তারপর বরাগাও বলে একটা জায়গায় ১৯৮৮ একর জমি রিক্লেইম করা হয়েছে, তার মধ্যে ১,৫০০ একর জমি সুইটেবল্ ফর এগ্রিকালচার এবং সেই হিসাবে ৭ একর করে জমি এক একটা পরিবারকে দেবার কথা ছিল কিন্তু পরে এক্সপার্টরা গিয়ে বলেছেন যে ৭ একর জমি চাষ করতে পারবে না, বাজে জায়গা, ৪½ একর জমি চাষ করতে পারে। এই ত অবস্থা তাঁরা করেছেন। এই জমির কথায়, যে সমস্ত উদ্বাস্তু সেখানে গিয়েছে, তাদের এই সমস্ত জমির টাইটেল ডিড করার জন্য মালিককে, তা জিজ্ঞাসা করলে ডি, ডি-এ বলে আমরা জানি না, মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করলে তিনি বলেন তিনিও জানেন না। কেউ তা জানেন না। আজ পর্য্যন্ত তা ঠিক হয় নি। এই অবস্থায় তাদের উৎসাহ কি করে হবে। সেখানে ডি, ডি-এ ১২০ টা টিউব-ওয়েল সার্ভে না করেই করলেন ফলে তার শতকরা ৪০ ভাগ টিউব-ওয়েলে জল নেই। এবং তারা বলেছেন যে সেখানে জল পাওয়া অত্যন্ত কঠিন। কষ্টলী স্কীমস করতে হতে পারে। তারপর আরো ৩৩ হাজার একর জমি, মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে, সার্ভে করে পাওয়া গিয়েছে। অথচ এখানে তিনিই বলেছিলেন কথায় কথায় যে কোন সার্ভে করা হয় নি, এখন বলছেন সার্ভে করা হয়েছে। অবশ্য এখন কিছু কিছু জায়গায় সার্ভে করেছেন তা ঠিক। তারপর বাংলা ভাষার প্রসার লাভ করাবেন বলেছিলেন, সেদিক দিয়েত দেখতেই পাচ্ছি যে কি করেছেন। নৈনিতালে স্কুলে গিয়ে দেখলাম যে সেখানে একজনও বাঙ্গালী শিক্ষক নেই। আমি এই জন্য বলছি যে, আমি জানি,

আমাকে সংবাদ দিয়েছে যে প্রাইমারী স্কুলস কিছু কিছু ভলাণ্টারী ভাবে বাস্তুহারারা করেছে। তার মানে সেটা কিছুই হয় নি। সেকেণ্ডারী এডুকেশানের কোন ব্যবস্থা সেখানে নাই, থাকতে পারে না। এই হ'ল সেখানকার একটা অবস্থা, আরো ডিটেইলস থাকতে পারে, আমি সেসব জানি না। আমি শুধু বলতে চাই, তাহলে দাঁড়ায় কি? এই দাঁড়ায় যে,—প্রফুল্লবাবু খালি কনষ্ট্রাক্টিভ সাজেশনের কথা বলেন, এই রিফিউজী রিহ্যাবিলিটেশন ব্যাপারে আমাদের পক্ষ থেকে বহু কনষ্ট্রাক্টীভ সাজেশন দেওয়া হয়েছে, কিন্তু আপনারা কখনো তা গ্রহণ করেছেন কি? আপনারা দেখছেন রিফিউজীরা বাংলাদেশর পথে পথে ঘুরে বেড়ায়' আমরা তাদের কথা বলি, তাদের ব্যাপার নিয়ে আন্দোলন করি সুতরাং এই সুযোগে তাদের কোন রকমে দণ্ডকারণ্যে পার করে দাও। আমি এই কনষ্ট্রাক্টিভ সাজেসন দিচ্ছি—আপনি, প্রফুল্ল চন্দ্র সেন, রিজাইন করুন, তা যদি করেন তাহলেও অন্তত বুঝতে পারবো, আপনি অনারেবল লোক, নিজেকে অনার করতে জানেন। আর খান্নাকেও বল্‌ছি, তিনিও রিজাইন করুণ। এখনও সময় আছে, এসব বন্ধ করুণ। ডি, ডি, এ, এর সঙ্গে বসে কেন্দ্রীয় সরকার ও রাজ্যসরকার চিন্তা করে দেখুন, একটা টাইম টেবল্‌ কি করে সার্ভে করে করা যায় এবং সেখানে সত্যিকারে উদ্বাস্তুদের জায়গা হতে পারে কিনা এসব দেখে শুনে কাজ করুন, আন্দাজে শুধু অনুমানের উপর নির্ভর করে এঁদের এখানে সেখানে ছড়িয়ে দেবেন না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I will take only two minutes to make a short statement. It is true that we passed a resolution here in the House that the implementation of the scheme should be under a statutory body and that West Bengal should be adequately represented on it along with other States. Sir, even before the resolution was passed, as far back as 1956-57, when Mr. T. T. Krishnamachari was the Finance Minister, at the National Development Council I raised this issue and it was decided to have an area which would be controlled by four representatives—one from Bengal, one from Orissa, one from Andhra and one from Madhya Pradesh. But it so happened that the land belonged to Madhya Pradesh and Orissa and their Governments, we were told, were not willing to share responsibility with the Bengal Government with regard to the Dandakaranya Scheme. Secondly, I insisted that in the matter of provision of medical relief, education and resettlement and rehabilitation, they should be under the guidance of Bengalee officers. They have taken one of our Bengalee officers as Engineer who has gone there with a certain number of Engineers and I am told that he has been trying to make up the leeway but I do not know how far he has been successful. So far as Education and Medical Departments are concerned, it is only recently about three days ago that I received a letter from the Minister of Rehabilitation to select a person with a certain amount of dynamism who would control the Medical and the Education Departments there. Sir, I can definitely say that although I am kept in the picture in the sense that I get reports of what is happening there, we are not consulted before action is taken. It is true also that the different State Governments met here once. I was present at the meeting and there the question of selection of areas was taken up. What Shri Jyoti Basu has said is not exactly what the representatives stated at the meeting. They said that they would be

prepared to give any quantity of land in the three States as you like and the selection would depend upon the Dandakaranya authorities. I do not know what has happened since. I confess that things are going on there not with our knowledge or consent and action is being taken previous to our consent. We are told when the action has been. That is not a satisfactory proposition because I have always maintained and I have said over and over again that after all it is the Bengali refugees that have to go there, and therefore, the whole control should be more or less in the hands of the Bengalis. I had suggestsd certain names but they were not accepted by the Chief Officer of the area.

[6-30—6-40 p.m.]

Sir, Shri Jyoti Basu says, "you resign on that issue. "It may be suitable for him but I do not know whether he will be able to comehe re if I resign—somebody else will come. That is not the point. You cannot go on resigning on every issue of disagreement with the Government of India. What I say, and I say deliberately, is that Bengalis should be more closely associated with any development that happens in the Dandakaranya area.

The report that Shri Jyoti Basu mentioned to-day was given to me day before yesterday by a person who had gone to Dandakaranya and saw things there. He reported to me about what has happened. I have written to the Gentral Government but I do not know how far I will succeed in this matter.

I have nothing more to say.

Shri Apurbalal Majumdar :

মিঃ স্পাকার, স্যার, আজ কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রী শ্রীখান্নার বিরুদ্ধে পশ্চিমবঙ্গের মানুষের মনে চরম ও তীব্র বিক্ষোভ দেখা দিয়েছে ; কিন্তু একটা কথা—যে কথা শ্রীখান্না বারবার বলেছেন—এর মধ্যে দেখা যাচ্ছে যে, তিনি বলছেন তিনি শ্রীসেন বা পশ্চিমবাংলা সরকারের সম্মতি না নিয়ে কোন কাজ করেননি, তাঁর একবার কোন প্রতিবাদ এখন পর্য্যন্ত শ্রীসেনের কাছ থেকে পাইনি। যে স্ক্রীনিং কমিটির উপর বাস্তুহারাদের চরম বিক্ষোভ, সেই কমিটির রিপোর্ট কেন্দ্রীয় সরকারের তরফ থেকে পশ্চিমবঙ্গ সরকারের নিকট যখন ২১শে অক্টোবর তারিখে দেওয়া হয়েছিল, তখন পশ্চিমবঙ্গ সরকারকে ক্যাস ডোল বন্ধ করার কথা এবং এই ৩০ দিনের সময়ের কথা জানান হয়েছিল, এবং শ্রীসেনকে একথাও লিখে পাঠান হয়েছিল যে, যদি এর মধ্যে কোনও অসংগতি থাকে, বা পশ্চিমবঙ্গ সরকারের কোন বক্তব্য থাকে তাহলে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি যেন আকর্ষণ করা হয়। কিন্তু অত্যন্ত দুঃখের ও লজ্জার কথা, শ্রীসেনের পুনর্বাসন দপ্তর তখন তার বিরুদ্ধে কোন কথা বলেননি বা এর মধ্যে যে সব ভুলত্রুটি আছে সেদিকেও কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেননি। তারপর মিঃ স্পাকার, স্যার, আমি আপনাকে এই মেমো নং ১৭৭৪, এটা একবার দেখতে অনুরোধ করছি—যদি কোন ক্যাম্পবাসীর মাসিক আয় কমপক্ষে ৫০ টাকাও শুধু হয় তাহলে স্ক্রীনিং কমিটির রিপোর্টে তার ক্যাস ডোল বন্ধ হয়ে যেতে পারে, অন্য ক্ষেত্রে নয়। তাঁদের সাকুলার

Where the employment is of a casual nature dole should be withheld only for such employment. In such a case proper care should be taken to resume cash dole to the families concerned immediately after they are out of employment.

কিন্তু পশ্চিম-বঙ্গ সরকার এই নির্দেশ যথাযথভাবে পালন করেননি বা ভুলত্রুটি সম্পর্কে কেন্দ্রীয় সরকার যে কথা বলেছিলেন তার বিরুদ্ধে একটি কথাও বলেননি। গত ২৪শে আগষ্ট তারিখে যে সভা হয়েছিল, শ্রীসেন এবং তাঁর দপ্তরের সেক্রেটারী তাতে উপস্থিত ছিলেন এবং সেই সভায়ই ৯০ দিনের নোটিশ দিয়ে উদ্বাস্তু বিতাড়নের প্রস্তাব গৃহীত হয়েছিল—কিন্তু তখনও আমাদের পুনর্বাসন মন্ত্রী একটি কথা পর্য্যন্ত বলেন নি। সুতরাং আমরা শ্রীখান্নার অপসারন যেমন দাবী করি, তেমনি শ্রীসেনের অপসারণও দাবী করি। কারণ পুনর্বাসন দপ্তর পরিচালনায় তিনি যে একমাত্র ব্যর্থতারই পরিচয় দিয়েছেন তা নয়, উপরন্তু নিলজ্জ ও অসহায়ের মতো খান্নাকে এইরকম মানবতাবিরোধী কাজে সহায়তা ও সমর্থন করেছেন। কাজেই তাঁর অপসারণের যে দাবী শ্রদ্ধেয় জ্যোতি বাবু তুলেছেন তা' আমি সমর্থন করি এবং বলি যে, খান্নার সঙ্গে প্রফুল্ল সেনেরও অপসারণ হওয়া দরকার ও পুনর্বাসনের পথ সুন্দর হওয়া দরকার।

[6-40—6-50 p.m.]

Shrimati Maya Banerjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় তাঁর বিভাগের জন্য অর্থ মঞ্জুরীর দাবী করে যে বক্তব্য এখানে পেশ করেছেন, তা' সমর্থন করতে উঠে আপনার মাধ্যমে এই কক্ষের উভয় দলের মাননীয় সদস্যদেব শুধু এইটুকু বলব যে, আমি এই বিভাগের উপমন্ত্রী হওয়ায় আমার বক্তব্য হয়ত অনেকেই ভালভাবে গ্রহণ করতে পারবেন না বা কোন কোন বিষয় হয়ত সমালোচনামূলক হয়ে উঠবে। কিন্তু তবুও বহুদিন রাজনীতি করার ফলে এবং বাংলাদেশের অনেক জায়গা ঘোরার ফলে এবং তা' ছাড়া এই হাউসের সদস্যা হিসেবে বাংলাদেশের পক্ষে যেটা ভাল বা খারাপ বলে মনে করব তা বলার অধিকার আমার আছে এবং আশা করি, সে অধিকাব থেকে বঞ্চিত হব না বা হওয়া উচিতও নয়। কাজেই আমার সমালোচনার ভঙ্গি তাঁরা চিন্তা করে গ্রহণ করবেন। বিভিন্ন সদস্য আজ এখানে বসে যে সব কথা বলেছেন, তা' আমি অত্যন্ত মনোযোগ দিয়েই শুনেছি। ১৯৫৭ সাল থেকে ১৯৬০ সাল পর্য্যন্ত এই বিভাগের সঙ্গে আমার সম্পর্ক রয়েছে; কিন্তু তাতে আজ যতখানি অপদার্থ বানাবার চেষ্টা করেছেন—অবশ্য আমার নাম করে বলেননি—তাতে শুধু আমার একটা কথাই মনে পড়ছে যে, "তৈলাধার পাত্র না পাত্রাধার তৈল"। পশ্চিমবাংলায় শিক্ষা, কৃষি, স্বাস্থ্য প্রভৃতি নানারকম বিভাগ আছে এবং প্রত্যেক বিভাগ থেকেই এই বাজেট সেসন-এ এ রকম অর্থ মঞ্জুরীর দাবী করা হয় এবং তা' পাশও করা হয়। কিন্তু এই বিভাগ সম্পর্কে যে ধরণের আলোচনা আজ হোল, তা'তে অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, ভারতবাসী হয়ে বা পৃথিবীর যে কোন স্বাধীন দেশের লোকের পক্ষে এটা জানা দরকার যে, উদ্বাস্তু সমস্যার জন্য পশ্চিমবাংলা দায়ী নয়। গত কয়েক বছর ধরে যে সমস্ত মাননীয় অতিথিরা এখানে এসেছেন, তাঁরাই জিজ্ঞাসা করেছেন যে, তোমাদের ষ্টেশনে ষ্টেশনে এবং রাস্তায় এত ভীড় কিসের এবং এই কোলকাতা শহর যা' সারা পৃথিবীর মধ্যে একটা বিখ্যাত শহর বলে পরিচিত, তারই বা এ রকম অবস্থা কেন? মিসেস পেথিকলরেন্স যখন এসেছিলেন, তিনিও একথা বলেছেন যে, সেই পুরাতন ভারতবর্ষ বা কোলকাতা নেই কেন? এটা সকলেই জানেন কিন্তু তাই বলে তার জন্য মুখ্যমন্ত্রী বা প্রফুল্ল সেন মহাশয় যে কি করে দায়ী হতে পারেন সেটা আমার মাথায় ঢুকছে না। ভারতীয় রাষ্ট্রে একটা ফেডারেল টাইপ অফ গভর্ণমেণ্ট রয়েছে

এবং তার একটা দায়িত্বও রয়েছে, কিন্তু বাস্তুহারা সমস্যা পশ্চিমবাংলায় কখন কিভাবে আসবে তা' নির্ভর করছে পাকিস্তানের সঙ্গে কি রকম সম্পর্ক থাকবে তার উপর। কোলকাতা শহরে যদি শিয়ালদহ বলে একটা ষ্টেশন না থাকত, তা'হলে বোধ হয় এরকম একটা চাপ পশ্চিম-বাংলার উপর আসত না এবং বিরোধী দলের পক্ষেও এত রটনা বা ব্যক্তিগত আক্রমণ করবার সুযোগ হোত না। অধ্যক্ষ মহাশয়, আজ বিরোধী দলের সদস্যদের কনষ্ট্রাক্টিভ ক্রিটিসিজম্ এবং সাজেশন দেবার কথা যা' মন্ত্রী মহাশয় বলেছেন, তা'তে আমার মনে হয় তিনি এ কথা এই জন্যই বলেছেন, যেহেতু তাঁরা সব জিনিষ নিয়েই শুধু দলাদলি করেন আর ভোটে নামবার জন্য কেবল মুখরোচক কথা বলেন। কিন্তু যেখানে মানুষ নিয়ে সম্পর্ক, হিউম্যান ম্যাটেরিয়াল নিয়ে কারবার করতে হবে সেখানে এগুলোকে রাজনীতির উর্দ্ধে রেখে মানবতার দৃষ্টিভঙ্গী দিয়ে দেখুন। কাজেই একজন সদস্যা হিসেবে আমি বলব যে, যারা পূর্ববাংলা থেকে এখানে এসেছে তাদের সমস্ত দায়িত্ব ভাবত সরকানের এবং এটা নুতন করে বলার অর্থই হোল এই বিধান সভাকে অপমান করা। আমাদের মন্ত্রীরাই কেবল মাইনে পান না—লেজিসলেটর হিসেবে যখন আমরা সকলেই মাইনে পাই, তখন এই বাজেট সেসন-এর সময় আমাদের পড়াশুনো করে জানা দরকার যে, কোনটা সেণ্ট্রাল সাবজেক্ট আর কোনটা প্রভিন্সিয়াল সাবজেক্ট। যা' হোক, আজ যারা আমাকে হেসে উড়িয়েছেন বা টিণ্ট করেছেন এবং ঐ দার্জ্জিলিং-এর বন্ধু যিনি রয়েছেন, তাঁরা বাস্তুহারাদের সম্বন্ধে কতটুকু জানেন আমি জানি না, তবে বাংলাদেশের উদ্বাস্তুরা যে কতখানি ক্ষতিগ্রস্ত হয়েছে তা' আমরা ভাল করেই জানি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ রকম একটা সিরিয়াস সাবজেক্ট-এর রিপ্লাই দেবার অধিকার যদি আমাকে না দেওয়া হয় বা সমস্যাটাকে পুনর্বিন্যাস করতে না দেওয়া হয় তাহলে আমি বসে যেতে পারি---আমার কোন আপত্তি নেই। তবে আমি পূর্বে বলেছি এবং এখনও বলছি যে, যখন এটা সম্পূর্ণ সেণ্ট্রাল সাবজেক্ট তখন রাজ্যসরকার কিছুই করতে পারে না। তবে আপনারা এই হাউস থেকে নিশ্চয়ই দাবী করতে পারেন বা সন্দেহ হলে সত্যিকারের কোথায় কি অবস্থা হয়েছে তা জানতে চাইতে পারেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। আজ বিরোধী দলের নেতা জ্যোতিবাবু দণ্ডকারণ্যের প্রস্তাব পড়ে এবং তার সঙ্গে আমাদের প্রাক্তন মন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়—যিনি আজ ওখানে বসে আছেন, তাঁর কথা উল্লেখ করে খুব ভালই করেছেন। সেদিন তিনিও বক্তৃতা করেছিলেন এবং আমিও করেছিলাম। আজ যেহেতু আমাদের কাজ করতে হচ্ছে, তাই সমস্ত অপবাদ মাথা পেতে নিতে হচ্ছে; কিন্তু তিনি সমস্ত বোঝা আমাদের মাথায় চাপিয়ে দিয়ে ওপাশে চলে গেছেন। কিন্তু আমি বুঝতে পারছি না যে, প্রস্তাবের ভালমন্দ সব আমাদের ঘাড়ে দিচ্ছেন কেন? আপনারা সকলেই জানেন যে, ১৯৫৮ সাল থেকে এই দণ্ডকারণ্যে কাজকর্ম্ম সুরু হয়েছে এবং এ বিষয়ে একটা পুস্তক আপনাদের কাছে বিতরণ করা হয়েছে। কিন্তু জ্যোতি বাবু যেভাবে প্রেস-কে অপবাদ দিলেন, তা'তে মনে হয় যেন তাঁদের কাউকে পারচেজ করে নিয়ে ঐ সমস্ত ছবি বা'র করা হয়েছিল। কিন্তু দণ্ডকারণ্য সম্বন্ধে ভারত সরকার তখন যে পুস্তিকা ছেপেছিলেন, তার সমালোচনা প্রসঙ্গে বাংলাদেশের সমস্ত প্রেস তাদের বক্তব্য পেশ করেছিলেন এবং তাঁরা সেটা খুব অন্যায় করেছে বা তার মধ্যে দুর্নীতি আছে বলে আমি মনে করি না। ১৯৫৮ সালে পুজোর সময় আমাদের সেণ্ট্রাল গভর্ণমেণ্টের আইনমন্ত্রী শ্রীঅশোক সেন এখানে এসেছিলেন এবং আমি তাঁর সঙ্গে সপ্তমী পুজোর দিন হুগলীর সেই কুখ্যাত ক্যাম্প, রিলায়েন্স ক্যাম্প, কাশীপুর ক্যাম্প এবং ঘুসুরি ক্যাম্প প্রভৃতি নানাস্থানে ঘুরেছি এবং ফ্লেচার সাহেবও আমাদের সঙ্গে ছিলেন। এই সমস্ত

ক্যাম্পের বাস্তুহারারা আমাদের অত্যন্ত আনন্দের সঙ্গেই বলেছিল যে, পশ্চিমবাংলার এই সমস্যা সমাধানের জন্য যদি নুতন জায়গায় গিয়ে কলোনী করতে হয় তাহলে তাতে তারা রাজী আছে। তারা এরকম মত দেওয়ার পর বড় বড় এক্সপার্টরা এলেন এবং কাজও এগুতে লাগল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, এই পরিকল্পনাকে পুনর্বাসন পরিকল্পনা বলা হয়নি এবং তার কারণ হচ্ছে যে, আজ ভারতবর্ষে পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্য দিয়ে ভিলাই, দুর্গাপুর, ভাক্রা-নাঙ্গাল, ময়ূরাক্ষী ও দামোদর প্রভৃতি সে সব প্রজেক্ট হয়েছে এও ঠিক তেমনি একটি প্রজেক্ট। সেখানে যখন বহু ঐকর জমি ও খনিজ সম্পদ পড়ে আছে, তখন যদি ভারতবর্ষের এই ক্রমবর্দ্ধমান জনসংখ্যা ও খাদ্যাভাবের দিনে সেই জমি ও খনিজ সম্পদকে পুনরুদ্ধার করে সেখানে নানারকম ফ্যাক্টরী প্রভৃতি তৈরী করে একটা নুতন দেশ তৈরী করা যায় তাহলে সত্যিকারের একটা কাজ হবে এবং এটাই ছিল পরিকল্পনা। প্রাথমিক স্তরে প্রচুর টাকা খরচা করতে হবে বলে ভারত সরকারের বিশেষজ্ঞদের নিয়ে একটা কমিটি গঠন করে কাজ আরম্ভ হয়েছে।

আমরা নিশ্চয়ই পিছপা হইনি—আপনাদের মুখ দিয়ে সেই সুর বেরিয়েছে। আজকে অনেকে বললেন উড়িষ্যায় যাদের পাঠিয়েছেন, দেখুন সেখানে লাঠি চার্জ হচ্ছে, বিহারে যারা গেছে বেতিয়ায় গণ্ডগোল হয়েছে, ইউ, পি-তে গণ্ডগোল হয়েছে, মধ্যপ্রদেশে গণ্ডগোল হয়েছে। এটা সকলেই জানেন যে, যদি এক জায়গায় সকলকে বসিয়ে দেন তাহলে কৃষ্টিও থাকবে, সংস্কৃতিও থাকবে, আবার সকলে ভালভাবে দেশকে গড়ে তোলার কাজে অংশ গ্রহণ করতে পারবে। এই জন্যই তো আমরা দণ্ডকারণ্যের গুণাগুণ শুধু নয়, আমরা মনেপ্রাণে চেয়েছিলাম যে এই পরিকল্পনা হোক ; কিন্তু তারপরে ব্যাঘাত দেখা দিয়েছে। আজকে যে অবস্থা হয়েছে, ক্যাম্পের নোটিশের ফিগার দেখেই তা বুঝতে পেরেছেন। আপনারা বলেছেন, ১৩ হাজারের উপর একসঙ্গে নোটিফিকেশান করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সদস্যদের কাছে এই কথাই নিবেদন করব যে, থিয়েটার রোডে যে অফিস সেটা আমাদের অফিস নয়, সেটা ভারত সরকারের অফিস। সেখানে ভারত সরকার থেকে একটা সম্মেলন বলুন বা সভা বলুন একবার ডাকা হয়েছিল এবং সেখানে আমাদের পশ্চিমবাংলার এই বিভাগের যত এমপ্লয়ী আছেন তাঁদের নিমন্ত্রণ করে ডেকে নেওয়া হয়েছিল—সবই কি অলীক ? সেখান ভারত সরকারের দু'জন মন্ত্রী ছিলেন—খান্নাজী এবং শ্রীঅশোক সেন। আমরাও ছিলাম সেখানে, আমাদের মাননীয় মন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন মহাশয়ও ছিলেন এবং তাঁর বক্তৃতা আমরা মনোযোগ দিয়ে শুনেছিলাম। তিনি বলেছিলেন, দণ্ডকারণ্যের কাজ করতে গিয়ে যে সমস্ত কর্ম্মচারীরা সহযোগিতা করবেন না তাঁদেরও আমরা ক্ষমা করব না—এগুলি অলীক কথা নয়। তাহলে নিশ্চয়ই প্রচেষ্টা ছিল। প্রেস যা লিখেছেন অলীক লিখেননি—প্রচেষ্টা ছিল। আজকে এখানে শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী বলেছেন যে খুব আন্‌-স্যাটিসফ্যাক্‌টি কন্‌ডিশান, স্টেট অব এ্যাফেয়ার্স, এটা সত্য কথা এবং কেন এটা ঠিকমত চলছে না সে খবরও আপনারা মুখ্যমন্ত্রীর কাছ থেকে শুনেছেন। তবে আমরা যে নীরব নই তা শুধু বোঝাবার জন্য আমি একটা মাত্র চিঠি পড়ে দেবো সেটা আমাদের মন্ত্রী মহোদয় লিখেছেন যে, মন্ত্রী মহোদয়ের পদত্যাগ দাবী ওঁরা করেছেন। নিশ্চয়ই তাঁর পদত্যাগ করা উচিৎ, কারণ পৃথিবীর সমস্ত রাষ্ট্রে নজির আছে মন্ত্রীরা যদি কোন কাজে ফেল করেন তাহলে তারা পদত্যাগ করেন ; কিন্তু বিচার করে দেখতে হবে যে, ঠিক ঠিক খবর নিয়ে সেই পদত্যাগ দাবী করা হয়েছে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এটা বিচার করে দেবেন যে খবরের উপর

ভিত্তি করে এই পদত্যাগ দাবী করা হয়েছে সেই খবরটা ঠিক না ভুল। আমি একখানা মাত্র পত্র পড়ে শোনাচ্ছি—১২-১২-৫৯ তারিখে, আমরা জানতে পারলাম হাজার হাজার ক্যাম্পারের উপর কোথা থেকে সব নোটীশ বৃষ্টির মত ঝুপঝুপ করে পড়ছে। খবর নিয়ে দেখলাম এ, জি, বেঙ্গলে নোটীফিকেশন হয়ে গেছে, ডোল বন্ধ হয়ে গেছে। তারপর আমাদের জোনাল অফিসারদের ডাকা হল, তাঁরা বল্লেন আমরা কিছুই জানি না—আমাদের কাছে কিছুই আসেনি, তবে নাম আসছে এই এই লোকের ডোল কাটা গেল। তখন আমরা একটা কনফারেন্স করলাম রোটারী হলে এবং সেই কনফারেন্সে সমস্ত বিষয় আমরা আলোচনা করলাম। দায়িত্বশীল কর্মীদের ডাকা হোল, মন্ত্রীদের মধ্যে মাননীয় শ্রীপ্রফুল্ল সেন মহাশয় ছিলেন, আমি ছিলাম এবং শ্রীযুক্তা পুরবী মুখার্জ্জী ছিলেন। সেখানে যে ডিসিসন হয় প্রত্যেকটি জিনিষের যা যা আমরা প্রোটেষ্ট করি বা বিকোয়েষ্ট বলেও ধরতে পারেন তার পরিপ্রেক্ষিতে যেগুলি খুব বেশী দরকার ডোল এবং জমির বিষয়ে সে চিঠি গেছে আমি সেটা আপনার মাধ্যমে পড়ে শোনাচ্ছি।

My dear Khannaji,

I write to draw your immediate attention to the serious situation that has developed as a result of 90 days' notices now being served by your Ministry on agriculturist and non-agriculturist families alike in camps. These notices also contain a clause to the effect that no expenditure on maintenance of these families in the camp would be reimbursable by your Ministry after 90 days from the date of issue of your letter and a copy is being given to the Accountant General, West Bengal. The agriculturist families are being given two options, namely :

(a) to make arrangement for themselves undert he bainanama scheme within 90 days, and

(b) on being asked to do so to move for rehabilitation to Dandakaranya where they will be provided with the work in the initial stage.

The non-agriculturist families are being given three options as follows :—

(i) to take a plot and housing loan in one of the colonies ;

(ii) to take on rent a tenement in the housing colonies ; and

(iii) to make arrangements for themselves under the bainanama scheme.

I have tried to appreciate the principles underlying these orders and my reactions are noticed for your consideration. I may retrace the background in this connection for your convenience. In the conference held with the Union Finance Minister on 3rd and 4th July, 1958 it was decided that of the 45,000 families in camp at that time the State Government anticipated that they would be able to absorb not more than about 10,000 families within the State. For this the State Government would formulate schemes for rehabilitation and submit them to the Government of India for approval. As regards the remaining 35,000 families the Government ofI ndia would make arrangement for their rehabilitation in States outside West Bengal including the Dandakaranya Project. It was further decided that each refugee family would be offered rehabilitation as indicated above and the head of a family would be allowed time up to maximum of two months from the date of the offer to accept or to decline it The family

which declined the offer would cease to be the responsibility of the Government and would be paid a sum equivalent to six months' cash dole. The State Government has so far resettled about 6,000 families out of 10,000 families whose rehabilitation in West Bengal has anticipated. Your Ministry has so far taken out 2,600 families for rehabilitation outside the State including the Dandakaranya Project. The decision in this conference clearly indicates that a definite offer of Rehabilitation has to be made to a family before asking the head of the family to accept six months' cash dole and quit. Some time in August this year you had a discussion with me about the dispersal from camps of families who were gainfully employed and I did mention to you that such families should be paid off doles as early as possible. But the options now being offered as far as I remember were not discussed at that time. But I find these options were enunciated in the discussion you had with my Secretary on 14th August, 1959 and my Secretary was perhaps under the impression that these options also along with this scheme of serving 90 days notice were agreed upon after discussion. I will now discuss the options you are offering. For agriculturists, it is not possible to ask any family definitely to complete bainanama for the purchase of agricultural land within West Bengal within 90 days. Such lands do not just exist in any quantity. I am all in favour of urging them to enter into a bainanma. But it is unfair to stop their doles on their failure to enter into a contract for the purchase of agricultural land when every one knows that it is very difficult to secure such land. I however fully agree that if any family declines to move for rehabilitation to Dandakaranya or to any other site indicated by Government and has earlier failed to enter into a bainanama that family may be served with a notice and doles may be stopped. In the case of non-agriculturists, the option to take a plot and housing loan in one of the colonies is all right. But here the offer must come from Government. We have very few developed plots to offer: We should find out how many plots, developed or undeveloped, can be allotted to camp families and then make a definite offer to a number of camp families and serve them with 90 days' notice. The option of taking on rent a tenement in the housing colonies cannot be enforced except on a voluntary basis, for the obvious reason that there is the condition of payment of rent and discontinuance of doles. The third option given to the immediate non-agriculturists is to make arrangement for themselves under the binanama scheme. [interruptions noise].

The situation is that notices have been served on 3,853 agriculturist families and 4,004 non-agriculturists families and that each day the period of 90 days is running out for some groups of families or other. In the meanwhile we cannot make any definite offer of settlement within the State or outside the State to a large number of such families.

[6-50—7 p.m.]

অধ্যক্ষ মহোদয়, এতে আরও বেশী থাকলেও আমাকে বলতে দিতে হবে। কারণ এর উপরই আমাকে বলতে হবে। এ চিঠি পলিসি নিয়েই লেখা।

,'If we allow this state of affairs and thousands of families are denied doles without any definite offer of rehabilitation before them we shall be rihtly accused and we will have no defence. I will request you therefore to rescind or stay the orders you have issued."

একথা বলে এ, জি; বেঙ্গলকে রিকুয়েষ্ট করা হয়েছে যে আপনি জানিয়ে দিন যাতে আমাদের কমিশনার ডোল রেস্টোর করে দেন। সে কথাত আমরা এ, জি, বেঙ্গলকে বলতে পারতাম। কিন্তু আপনাদের সন্দিগ্ধ মন, সেজন্যই মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি এখানে বলতে চাই আজকে সারাদিন যে ডিবেট করা হয়েছে এবং তাতে যে সন্দেহ প্রকাশ করা হয়েছে তা একেবারে ভিত্তিহীন। আর, পি, এস, পি, এর কিছু সদস্য যেমন মাননীয় হরিদাসমিত্র মহাশয়ও খুব ভাল জানেন যে তাঁরা যখন বাগজোলায় হাঙ্গার ষ্ট্রাইক্ লিড করছিলেন, তখন বেচারা ষ্ট্রাইকাররা কিছু জানেন না কেন ষ্ট্রাইক্ করছে। তারা রাত দুপুরে আমাকে এসে বলল যে আমাদের যদি জানান হত যে সরকার এই সমস্ত স্টেপ নিয়েছে তাহলে আমাদের প্রাণ কি এত সস্তা যে আমরা অনশন ধর্ম্মঘট করবো? পুর্ব্ব বাস্তহারা সংসদের সভাপতি সুধাংশু গাঙ্গুলী মহাশয় এবং প্রজা সোসিয়েলিষ্ট পার্টির যারা বাংলার বোধ হয় সম্পাদক ধীরেন ভৌমিক মহাশয় লিখিত প্রস্তাব করে আমাদের সরকারকে অভিনন্দন জানিয়েছেন তাও আমার কাছে রয়েছে। আমি জানি এই সব কথা বললে ওরা চটে যান, হেসে উড়িয়ে দেবার চেষ্টা করেন। কেন? না বাইরে বেড়িয়ে যার বলার সুযোগ থাকে না, তাই আজকে যা খুসী তাই বলার পর খবরের কাগজে বেরুলে পর আবার ১ বছরতাদের নেতৃত্ব বুনিয়াদ হয়ে থাকবে। সে জন্য আমি বলতে চাই যে এ সাবজেক্ট হচ্ছে সেণ্ট াল সাবজেক্ট, ভারত সরকারের মত ছাড়া আমরা কিছুই করতে পারি না। ভারত সরকার যে টাকা দেন যে ভাবে এ্যালট করে দেন তা ছাড়া তার বাইরে কিছু আমরা করতে পারি না। আমাদের দপ্তর শুধু অ্যাসেস করেন এবং খবর দেন, ডিসিশন নেন তারা, যেমন যেমন ডিসিশন দেন, যেমন নির্দ্দেশ থাকে সে রকম ভাবে এই বিভাগ কাজ করে। আজ পর্য্যন্ত অফিসের মধ্যে কাজের কোন গাফিলতী হয়েছে বলে আমি মনে করতে পারি না।

আমার দপ্তরে আর একটা সমস্যা দেখা দিয়েছে। তারা বলেছিলেন যেমন যেমন স্ট্রেংথ কমবে তেমন তেমন তাদের অ্যাবজর্ব করা হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনি সেখানে গেলে নিশ্চয়ই দেখতে পাবেন যে তারা বুকে কার্ড লাগিয়ে ঘুরে বেড়াচ্ছে যে চাকুরি চলে যাবে। এটা মাননীয় জ্যোতি বোস মহাশয় বললে আমি জানবো কিংবা হরিদাস মিত্র মহাশয় বললে আমি জানবো কিংবা সমর মুখার্জ্জি মহাশয় যাকে কখনো আমি দেখিনি আমার দপ্তরে, তিনি বললে আমি জানবো কিংবা সুহৃদ মল্লিক চৌধুরী মহাশয় যিনি অসভ্য টসভ্য কথা বলে গেলেন তিনি বললে জানবো তা আমি মনে করি না। সকালে অকল্যাণে যাই, সেখান থেকে ফিরে বিকালে রাইটার্স বিল্ডিংএ যাই, নিশ্চয়ই তাদের সম্পর্কে কি হচ্ছে না হচ্ছে সব জানি কিন্তু আমার হাত পা-বাঁধা কিছু করার উপায় নাই, যেমন তারা পরিকল্পনা দেবেন তেমনি আমরা ব্যবস্থা করে পাঠাবো। কুপী ক্যাম্পে এবং বিভিন্ন ক্যাম্পে আমি গিয়েছি, কুপী ক্যাম্পে আমি কালকেও গিয়েছি। হুগলীতে একজনকে হাঙ্গার ষ্ট্রাইক্ করেমেরে ফেলার ব্যবস্থা হচ্ছিল, এখনি ট্রাঙ্ককল পেয়েছি, সকালে সুধাংশু বাবু নিজে এসে অ্যাশিওর করে গিয়েছেন এবং সেই হাঙ্গার ষ্ট্রাইক্ উইথড্র হয়ে গেছে। আজকে যে, সমস্ত ক্যাম্পএ হাঙ্গার ষ্ট্রাইক্ উইথড্র হয়ে গেল সেটা কি আমরা সকলকে কিনে ফেল্লুম বলে টাকা দিয়ে?

সুহৃদ মল্লিক চৌধুরী মহাশয় বলে গেলেন গাড়ী নিয়ে আমরা ঘুরে বেড়াই কি সব কার এর জন্য জুডিসিয়াল এনকোয়ারী করার জন্য। আচ্ছা বিরোধী দলের সদস্যরা প্রফুল্ল সেন মহাশয়ের গাড়ীতে আমার সঙ্গে গিয়েছিলেন তাহলে তারা কি সব দুর্নীতি পরায়ন ? সমস্ত ক্যাম্পে ক্যাম্পে ওদের নিয়ে গিয়েছি, বলোদিয়া ক্যাম্পে গিয়েছি, সেখানে এস, ডি, পি, ও, কে পুলিশের লাঠি কেড়ে নিয়ে মেরেছে। অধ্যক্ষ মহোদয়, অহিংসা রাজ্য বলে খুব হাসাহাসি করা হয়; আমি স্বচক্ষে দেখে এলাম, একা যাইনি, ওরা জেল থেকে বেরিয়ে এসে আমাদেরই সেই গাড়ীতে গিয়েছে—এর চেয়ে গণতান্ত্রিক পদ্ধতি আর .ক হতে পারে ?

[7—7-10 p.m.]

আমি সেখানে গিয়ে দেখে এলাম, আমি একা যাইনি ওঁদেরই কমিটির ভাইস প্রেসিডেন্ট যোগেন মণ্ডল, যিনি সম্প্রতি জেল থেকে বেরিয়েছেন, তাঁকে সঙ্গে নিয়ে গিয়েছি। এরচেয়ে বড় গণ-তান্ত্রিক পদ্ধতি আর কি হতে পারে। সেখানে বাউটিয়া ক্যাম্পের মেয়েরা আমাকে দেখে হাত দেখায় এবং বলে মা, আমরা ডাক্তারী এড নিইনি, আমাদের যদি পুলিশে ধরে নিয়ে যায়! তাহলে আবার লাঠি কিকরে হল ? ওরা বলে আমরা মারপিট করতে গেলাম তাই।

এখানে একজন সদস্য বললেন মেয়েদের নাকি রাত্রিবেলা কাপড় জামা ধরে টানাটানি করা হয়। আমি একজন মহিলা আমার মনে লাগে। কোন ঘর থেকে কোন মহিলাকে টেনে বার করা হয়নি। যদি পুলিশের লাঠি কেড়ে নিয়ে মারপিট করতে যায় তাহলে লাঠি খাবে। কাজেই তাদের লাঠির দিকে এগিয়ে দিচ্ছেন কারা ? সেইজন্য আমি বাস্তুহারা সমস্যা নিয়ে দিনের পর দিন কয়েকমাস ধরে ওঁদের সঙ্গে বসে কথাবার্ত্তা বলেছি। এঁদের আমি সেখানে কোনদিন দেখিনি, এঁদের বিষয় আমি বলতে পারবো না। কিন্তু প্রজা সোস্যালিষ্ট পার্টি এবং বিভিন্ন সময় যতীন চক্রবর্ত্তী মহাশয় এসেছেন। যেমন নন্দন নগরের ব্যাপারে এসেছেন।

১লক্ষ ৮০হাজার টাকা মঞ্জুর করে দেওয়া হয়েছে আমাদের সরকার পক্ষ থেকে ডেভেলপ-মেণ্ট করবার জন্য। সেখানেত ট্রাক্টর এর তলায় পড়ে প্রান দিতে হল না ? কাজেই সময় মত যদি আমাদের কাছে এসে বলা হয় এবং ওঁরা যদি আমাদের সঙ্গে বসেন তাহলে ভাল হয়। যে কো-অপারেশন এর আহ্বান আজকে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় জানিয়েছেন সেই সুরে আমি সুর মিলিয়ে বলব এটা অসত্য নয়। কয়েকদিন আগে আমি বিধান সভার দোতালায় বসে ওঁদের সঙ্গে চার ঘণ্টা ধরে কনফারেন্স করেছি। তাঁরা সমাজ সেবা মূলক প্রতিষ্ঠান করুন, আসুন একসঙ্গে আমাদের সঙ্গে ঘুরুন, কাজ করুন। যেখানে আমাদের হাত বাঁধা, সেখান এরচেয়ে বেশী করা সম্ভব নয়।

এখানে আমি আর একটা মাত্র কথা আপনার মাধ্যমে বলবো —পালামেণ্ট বলে যে একটা জিনিষ আছে, অর্থাৎ লোকসভা, সেখানে প্রতিটি দলের প্রতিনিধি আছেন, তাঁরাতো সেখানেতেই তাঁদের কথা বলতে পাবেন। এখানে দাঁড়িয়ে হঠাৎ কমিউনিস্ট নেতা কম্পা-রিজন করতে আরম্ভ করলেন খান্নাসাহেবের প্রতি দরদ, আর প্রফুল্ল সেন মহাশয়ের পদত্যাগ। এতে আমার মনে হয় বাংলাদেশের পজিশনকে হেয় করা হচ্ছে। খান্নাসাহেব নিশ্চয়ই তা নন। তাঁর কি অসুবিধা আছে সেটাও জানা দরকার। সেখানে আমরা যেতে পারিনা। কিন্তু ওঁদের যাঁরা প্রতিনিধি পালামেণ্টে আছেন' তাঁরা সেখানেই এ প্রশ্নের ফয়সলা করতে পারেন। আমরা আজকে যে বাজেট তুলেছি, যে গ্র্যাণ্ট চেয়েছি তা মঞ্জুর করা দরকার; কেননা আমাদের হাতে বহু কাজ রয়েছে, যেমন কলোনী ডেভেলপমেণ্ট করা,স্কোয়ার্ট কলোনী

গুলিকে রেগুলারাইজড করা। সেখানে বিদ্যালয়ে ছাত্রদের জন্য স্টাইপেণ্ড যেমন তাঁরা মঞ্জুর করেছেন, সেই অনুপাতে দেওয়া হচ্ছে। বাইরে কেলেঘাই, হেড়েভাঙ্গা, গড়বেতা এবং আমাদের এখানে, যেমন টালিগঞ্জে, সেখানে পলট্রির ব্যবস্থা করেছি। যেসমস্ত ছোট ছোট স্কীম আছে, সেই সমস্ত স্কীমে কাজ করতে গিয়ে কি কি ন্যায়, অন্যায় হয়েছে, ভাল মন্দ কথা গুলি যদি তাঁরা বলতেন তাহলে আমাদের পক্ষে উপকার হ'ত। এইটুকুই আমি শুধু তাঁদের কাছে অনুরোধ করবো : আমাদের দপ্তর সব সময়ই খোলা আছে, এটা একটা সমাজ সেবা মূলক দপ্তর। এটা পার্লামেণ্ট বিভাগ নয় ; এটা উঠে যাবে যেদিন সমস্যা সমাধান হয়ে যাবে। আর আমি একথা বলতে চাই যদি তাঁরা কোন ক্যাম্প উদ্বাস্তুকে তাঁদের হাঙ্গার ষ্ট্রাইকে যোগ দেবার জন্য, আমাদের না জানিয়ে নিয়ে গিয়ে থাকেন, তবে তাঁরা ভুল করেছেন। আমাদের জানালে পর আমরা যতদূর পারবো মানবতার সঙ্গে, সেই দৃষ্টিভঙ্গী নিয়ে তাদের দেখবো এবং বাঁচাবার চেষ্টা করবো। আর একটা পূর্ণাঙ্গ পরিকল্পনা গ্রহণ করবার জন্য, আমি অনুরোধ করবো ভারতসরকারের কাছে আবেদন করতে। এই বলে, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন, সেটায় সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মাননীয় স্পীকার মহাশয়, আমি এখানে আমার সম্বন্ধে একটা কথা বলতে ভুলে গিয়েছি। অন্ এ পয়েণ্ট অফ পার্সোন্যাল এক্সপ্লানেশন, শ্রীযুত শঙ্কর দাস ব্যানার্জ্জী মহাশয় যখন এ সম্বন্ধে জবাব দিয়েছেন, তখন আমার না বললেও চলত ; তবু আমি একটা কথা এখানে বলতে চাই।

সুহৃদ মল্লিক চৌধুরী মহাশয় প্রথম বলেছেন—যে বিভাগে মন্ত্রী, উপমন্ত্রীরা দুর্নীতিগ্রস্থ, সে বিভাগেত সবই দুর্নীতিগ্রস্থ। এই অভিমত যদি তাঁর হয়ে থাকে তাহলে আর কি বলবো।

দ্বিতীয়ত: তিনি বলেছেন জুডিসিয়াল এনকোয়ারী করতে হবে—কেন না, আমি মন্ত্রীর গাড়ি চড়ে বেড়াই। এবং মোটর কার অ্যালাউস ২৫০ টাকা পাই। ২৫০ টাকা কোন উপমন্ত্রীই পান না। সকাল ৯ টা থেকে দেড়টা অবধি অফিস করে, আবার ৩ টা থেকে ৬।৭ টা পর্য্যন্ত রাইটার্স বিল্ডিংস এর দপ্তর এ্যাটেণ্ড করতে হয়। সুতরাং নিউ আলিপুর থেকে রাইটার্স বিল্ডিংস কতবার ট্যাক্সিতে চড়ে ২০০ টাকার যাতায়াত করা যায়—সেটা আপনাকে একটু চিন্তা করতে বলি। তারপর উনি খবর নিয়েছেন আমি কোন সময় টুর বিল দিই কিনা ? উনি বলেছেন আমি নাকি প্রফুল্ল বাবুর গাড়িতে চড়ে যাতায়াত করি। কিন্তু আমি তাঁকে জানাতে চাই আমারও গাড়িতে এরা অনেকে যাতায়াত করেন এবং এমনকি প্রফুল্ল সেন মহাশয় ও আমার গাড়িতে চড়েন। অন্যান্য অনেক উপমন্ত্রী ও আছেন যাঁরা মন্ত্রীর গাড়িতে চড়ে যাতায়াত করে থাকেন। এমন কি আমি দেখেছি মুখ্যমন্ত্রী মহাশয় ও অনেক সময়, মাঝে মাঝে খাদ্য মন্ত্রী মহাশয়ের গাড়িতে চড়েন, আবার খাদ্য-মন্ত্রী মহাশয়ও মুখ্যমন্ত্রী মহাশয়ের গাড়িতে যান এতে যে কি করে জুডিসিয়াল এনকোয়ারী করবার প্রয়োজন হল, তা আমি জানি না। আমি জানি যে পুলিশ বিভাগে তাঁরা কিছু খুব ভাল ভাল ডগ্ এনেছেন চেজ করবার জন্য। আমি জানি না এই সমস্ত সদস্যরা সেই ভাবে চেজ করেছেন কি না ?

Shri Suhrid Mullick Chowdhury :

মি: স্পীকার স্যার, মাননীয়া মায়া ব্যানার্জী বলেছেন—আমি অসত্য উক্তি করেছি। আমি একথা বলতে চাচ্ছি—আমি অসত্য উক্তি কিছু করিনাই। জুডিসিয়াল এনকোয়ারী-এর

কথা যেটা বলেছি—সে ওঁর অধস্তন কর্মচারীদের বিরুদ্ধে। তাছাড়া শ্রীমতী মায়া ব্যানার্জ্জী সম্পর্কে—এটুকু আমি বলতে চাই—একটা খবর আমি পেলাম, তা ওঁকে জানিয়ে দিতে চাই—এই খবরটা আমি পেয়েছি। তবে নারী সব সময় অবধ্যা, কাজেই তাঁর সম্বন্ধে আর কিছু আমি বলতে চাই না।

Shri Siddhartha Shankar Ray : Mr. Speaker, Sir, unfortunately I have to rise for the purpose of giving a personal explanation. The Leader of the Opposition mentioned my name in connection with a speech which I delivered on the 5th July, 1957. I want to state categorically that I did not make a speech in an irresponsible manner. Whatever I had said, I said with the fullest approval, consent and, in fact, at the dictation of the Government including the Chief Minister. I was not the Refugee Rehabilitation Minister but nonetheless I was chosen to speak on behalf of the Government in respect of that resolution and whatever I said was the view of the Government. I did not in the slightest manner depart from the approved line of the Government or the avowed policy of the Government and whatever I had stated was the policy of the Government. Furthermore, as far as the resolution was concerned, three conditions were laid down and it was only because these three conditions were laid down that I spoke, but I find that none of these conditions have been fulfilled by the Government. I mentioned this last year. I mention it again today.

Another matter I would like to mention is that Miss Maya Banerjee—I do not blame her—she has misled the House. The matter is within the jurisdiction of the State. I suppose Mr. Prafulla Sen does not know it. It comes within the Seventh Schedule, List III of the Concurrent List, Entry 27, read with Article 246(2) of the Constitution of India. (Shri Ananda Gopal Mukhopadhyay:—Sir, is this personal explanation ?). Sir, I have the right to correct a Minister when she makes an unconstitutional statement, and that is exactly what I am saying. The Government has made an unconstitutional statement. The State has fullest jurisdiction. Sir, if you and the other members have a nodding acquaintance with the Constitution you will find that the Gevernment has jurisdiction.

The Hon'ble Prafulla Chandra Sen :

স্যার, এখানে যে সমস্ত কথা বলা হয়েছে বিরোধী পক্ষ ও সরকারী পক্ষ থেকে—তার জবাব আমি আগেই দিয়েছিলান— ; নতুন করে আর বিশেষ কিছু বলবার নাই।

একটা কথা—আমাদের হাওড়া নর্থ থেকে যে সদস্য এসেছেন মিঃ মুখার্জ্জী—তিনি বলেছেন আমাদের সেখানে কতকগুলি কর্মচারীকে জোর করে আমরা রেখেছি, তাদের কোন কাজ নাই। আমাদের যতীন চক্রবর্ত্তী মহাশয় বলেছেন কয়েক জন কর্মচারী আমরা রেখেছি—, সেখানে তাদের কোন প্রয়োজন নাই তা ছাড়া ওঁরা আরও অবান্তর কথা অনেক বলেছেন। যেমন ডাঃ ব্রহ্ম—তাঁর বয়স প্রায় ৫৫ বছর—, এখন ও সুপার অ্যানুয়েটেড হন নাই। তাঁকে কোন দিন কেউ সিগারেট খেতে দেখেন নাই। যতীন চক্রবর্ত্তী মহাশয় দেখেছেন তিনি টেবিলে পা তুলে সিগারেট খান। তিনি সব সময় সোজা হয়ে দাঁড়িয়ে থাকেন। আমাদের কর্মচারীদের মধ্যে তিনি খুব কর্মঠ।

আমাদের ডিপার্টমেণ্টে যে কয়জন কর্মচারীকে রাখা হয়েছে—, তাঁদের বিশেষ কাজের জন্য আমরা রেখেছি। নির্মল দাশগুপ্তকে মাত্র দেড় মাসের জন্য রাখা হয়েছে। তার বেশী সময় দেই নাই। শ্রীএ, এন, রায়, আমাদের বিভাগে নাই, আমাদের ডেভেলপমেণ্ট ডিপার্টমেণ্টএ চলে গেছে। সি, আর, দাস, সম্বন্ধে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বার বার বলেছি—তার বিরুদ্ধে একটা মামলা সাব-জুডিস আছে। কাজেই তার সম্বন্ধে কোন আলোচনা এখানে না করাই ভাল। নিয়মমত চার্জশীট হবার পর সাসপেণ্ড করা হয়।

[7-10—7-20 p.m.]

সেখানে চার্জশীট দেবার আগেই তাকে সাসপেণ্ড করা হয়েছিল। আমাদের এখানে একজন সদস্য, শ্রীমুখার্জ্জী, তিনি হাওড়া নর্থ থেকে নির্ব্বাচিত হয়েছেন, তিনি আমাদের রিলিফ কমিশনার শম্ভু ব্যানার্জ্জীর সঙ্গে একটি ক্যাম্পের বিষয় নিয়ে দেখা করেছিলেন এবং তাতে তিনি বলেছেন,—আমি জায়গাটার নাম বলে দিচ্ছি—শিবতলা ক্যাম্প। তাঁর হয়ত জানানেই যে এই জায়গাটা ডিফেন্স ডিপার্টমেণ্টের। তারা চলে যেতে বলেছে। কাজে কাজেই চীফ মিনিষ্টারের কথা অগ্রাহ্য করা হয়নি। এবং তিনি চীফ মিনিষ্টারকে বুঝিয়ে দিয়েছেন যে এখানে আমাদের থাকবার উপায় নেই। তাই বর্ত্তমানে আমরা শিবতলা থেকে অন্যত্র রিফিউজী ক্যাম্প সরিয়ে নেবার ব্যবস্থা করেছি। তারা যদি পানাগড়ে যেতে চায় তাহলে আমরা দেখবো পানাগড়ে তাদের আনা যায় কি না। তারপর বলেছেন যে এখানকার ৬ হাজার কর্মচারীকে রিট্রেঞ্চ করা হবে। কিন্তু তা ঠিক নয়। তাদের রিট্রেঞ্চ করা হবে না। কারণ এর আগে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য বিভাগে ১২ হাজার কর্মচারীকে সারপ্লাস বলে ঘোষণা করা হয়েছিল কিন্তু আমরা প্রত্যেক কর্মচারীকে অলটারন্যাটিভ এমপ্লয়মেণ্ট দেবো বলেছিলাম এবং আমরা ১২ হাজার কর্মচারীকে তা দিয়েছি। আমাদের এই রিফিউজী রিলিফ ডিপার্টমেণ্টএ ও যে সমস্ত কর্মচারী আছে তাদেরও আমরা অন্য জায়গায় চাকরী দেবার চেষ্টা করছি এবং অনেককে দিয়েছিও। এখানে শিলিগুড়ি মার্কেট সম্বন্ধে কথা উঠেছে। শিলিগুড়ি মার্কেট সম্বন্ধে শ্রদ্ধেয় মজুমদার মহাশয় বলেছেন যে, শিলিগুড়ি মার্কেট এর সব ব্যবস্থা হয়ে গেল, একমাত্র রাস্তার ব্যবস্থা পুরোপুরি হয়নি। আমি নিজে শিলিগুড়ি মার্কেটএ দুইবার গিয়েছি, আমাদের পূর্ব্বমন্ত্রী খগেন বাবু সেখানে অনেক বার গিয়েছেন, সে রাস্তা এমন কিছু খারাপ নয় যে সেখানে বাজার বসান যায় না। এই নিয়ে আন্দোলন না করে যারা জোর করে রাস্তা দখল করে বসেছে তাদের পরিষ্কার বলে দেওয়া উচিত যে রাস্তা ছেড়ে তোমাদের মার্কেটএ চলে আসতে হবে। এই মার্কেট অনেক টাকা খরচ করে কেন্দ্রীয় সরকার তৈরী করে দিয়েছেন। আমাদের এখানে দণ্ডকারণ্য সম্বন্ধে অনেক কথা শুনলাম, ভাল, মন্দ। আমাদের এখানে যিনি ইঞ্জিনীয়ারিং মেম্বার তিনি বাঙ্গালী এটা সকলেই জানেন।

[এ ভয়েস্ উল্টাডাঙ্গা মার্কেটএর কি হল ?]

উল্টাডাঙ্গা মার্কেট এর কথা হচ্ছে যে কেন্দ্রীয় সরকার টাকা দিতে চেয়েছিল কিন্তু সেখানে জমি নিয়ে গোলমাল ছিল ; সেটা আমাদের ও দোষ নয়, কেন্দ্রীয় সরকারেরও দোষ নয়, পরে কেন্দ্রীয় সরকার বলেছেন যে এখানে মার্কেট করার প্রয়োজন নেই। টাকা না পেলে আমরা করতে পারি না। একজন মাননীয় সদস্য কুপার্স ক্যাম্পকে টাউনাশিপে পরিণত করার কথা বলেছেন। আমি তাঁকে বলতে পারি ১৫ শত পরিবারের জন্য সেখানে আমরা আর্বান কলোনী করেছি এবং ইতিমধ্যেই ২২৯টি পরিবারকে সেই ক্যাম্প থেকে সরান হয়েছে।

একটা কথা আমি এখানে বলতে চাই যে পশ্চিমবঙ্গে, সেটা মাননীয় সদস্য জ্যোতি বসু বলেছেন ২৩ লক্ষ একর জমি আছে, এখানে আমরা বার বার বলেছি যে এখানে এই মার্জিনাল বা সাব মার্জিনাল ল্যাণ্ডএ লোক বসান মহাপাপ। পশ্চিমবঙ্গে বহু জায়গায় ২৫ একর জমিকেও ইকনোমিক্ হোল্ডিং বলে গণ্য করতে পারা যায় না কাজে কাজেই এখানে আর লোক বসান উচিত নয়। এর একটা প্রমাণ দেব। আমরা হেড়োভাঙ্গায় অনেক খরচ করে লোক নিয়ে গিয়েছিলাম, সেখানে জমি পুনরুদ্ধার করার ব্যবস্থা করা হয়েছিল, কিন্তু শুনলে আপনারা আশ্চর্য্য হবেন শ্রীখান্না যখন সেখানে গিয়েছিলেন তখন অনেক আশ্রয়প্রার্থী তাঁকে গিয়ে বলেছিল যে, আমরা হেড়োভাঙ্গায় থাকবো না, এর চেয়ে আমাদের দণ্ডকারণ্যে নিয়ে যান। শুনলে আশ্চর্য্য হবেন যে ৩৭টি পরিবার হেড়োভাঙ্গা থেকে দণ্ডকারণ্যে চলে গিয়েছে এবং আরো শুনলে আশ্চর্য্য হবেন যে, আরও ৫০টি পরিবার আমাদের বলেছে, যে তারা হেড়োভাঙ্গা থেকে দণ্ডকারণ্যে যাবে।

দণ্ডকারণ্যে অনেক অসুবিধা আছে আমরা জানি, দণ্ডকারণ্যে অনেক ত্রুটি আছে আমরা জানি। কিন্তু একজন উদ্বাস্তু সেখানে গিয়ে আমাকে একটা চিঠি লিখেছেন এভাবে শত সহস্র প্রণামপূর্বক ইত্যাদি লিখে তিনি লিখেছেন, "আপনার কৃপায় এই দণ্ডকারণ্যে এসেছি। এখানে এসে যাকিছু দেখেছি, বুঝেছি তার অনেকাটা বাংলাদেশে আমরা যে হানাহানি করেছি তার চেয়ে শতসহস্র গুণে ভাল। বিঘা প্রতি এখানে ফলন বেশী, তবে জলের কিছু অভাব আছে, এবং টিউবওয়েল মাত্র ২০ ফিট ইত্যাদি ইত্যাদি। আমাদের সঙ্গে মেদিনীপুরের দাঁতন ক্যাম্পের ১৫টি ফ্যামিলি এসেছে, বীরভূমের ৭টি, বর্ধমাণের ৪টি, এই মোট ২৬টি ফ্যামিলি এসেছে। তবে শুনছি আরো ২০০ ফ্যামিলি আসবে। যদি আমাদের ওখান থেকে কারও মত থাকে এবং বাঁচিবার ইচ্ছা থাকে তাহলে পাঠিয়ে দেবেন। এবং ডাঃ হরেন্দ্র নাথ ঘরামিকে বলিবেন তাঁর সঙ্গে যে কয়েকটা ফ্যামিলি আছে তাদের যেন তিনি নিয়ে আসেন। ৩নং ক্যাম্পের শ্রীদাম দাসকে যাতে আনতে পারে তার ব্যবস্থা করবেন। বাংলাদেশে থেকে জীবনটাকে যেন শেষ না করে দেয়।"

সুতরাং দণ্ডকারণ্যে ভালও আছে, মন্দও আছে। এখানে টি, বি রুগীর সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। রুগীদের বাছাই করবার জন্য কেন্দ্রীয় সরকারের একটা বোর্ড আছে, আমাদের স্বাস্থ্য বিভাগেও একটা বোর্ড গঠন করা হয়েছিল। যারা রোগ থেকে নিরাময় হয়েছেন তাদের টি, বি, গ্রাণ্ট থেকে বাদ দেওয়া হয়েছে এবং আগে যেখানে তার পরিবারবর্গের ভাতা ৭৫ টাকা ছিল সেখানে ৫৫ টাকা করা হয়েছে। শিক্ষা সম্বন্ধেও গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া টাকা কমিয়ে দিয়েছেন। তাঁরা বলছেন যাদের পুনর্বাসন হয়েছে সরকার তাদের শিক্ষার দায়িত্ব নিতে পারেন না, সেজন্য প্রত্যেক বৎসরই টাকা কমিয়ে দিচ্ছেন এবং ২।৩ তিন বৎসর পরে এজন্য তাঁরা আর আলাদা টাকা দেবেন না, কারণ তাঁরা মনে করছেন এই সমস্ত লোক যাদের জন্য অর্থব্যয় করছেন তারা পশ্চিমবাংলার নাগরিক হয়ে গিয়েছেন এবং পশ্চিমবঙ্গ-সরকারই তাদের জন্য সর্ব্ব বিষয়ে দায়ী। আমার মনে হয় মাননীয় সদস্যরা আর কোন প্রশ্ন করেন নি। সুতরাং যে সমস্ত অভিযোগ উপস্থিত করা হয়েছে তার বিরোধীতা করছি।

Mr. Speaker: I put all the cut motions except Nos. 9, 36, 85 and 98.

The motion of Shri Ajit Kumar Ganguli that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Subodh Banerjee that the demand of Rs. 5,74.34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Basanta Lal Chatterjee that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The Motion of Shri Pabitra Mohan Roy that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Satyendra Narayan Mazumder that the demand of Rs. 5,74,34.000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Eependiture on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jatindra Chandra Chakravorty that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Rabindra Nath Mukhopadhyay that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jagat Basu that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Phakir Chandra Roy that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sitaram Gupta that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharyya that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jyoti Basu that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Dasarathi Tah that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Gopal Basu that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motlon of Dr. Golam Yazdani that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Radhanath Chattoraj that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Ganesh Ghosh that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Dhirendra Nath Banerjee that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Hare Krishna *Konar that the demand of* Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous— Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs.100 was then put and lost.

The motion of Shri Chaitan Majhi that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Parsons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Suhrid Kumar Mullik Chowdhury that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 41, Major Heads "57—Miscellaneous—Expenditure on Displaced Persons—82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on Displaced Persons—Loans and Advances by State Government—Loans and Advances to Displaced Persons" be reduced by Rs. 100 was then put and lost.

Dr. Jnanendra Nath Majumdar : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Hemanta Ghosal : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri S. A. Farooquie : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Jyoti Basu : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Gobardhan Das : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Somnath Lahiri : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Syed Badrudduja : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100.

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Bhadra Bahadur Hamal : Sir, I beg to move that the demand ot Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Gopal Basu : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Natendra Nath Das : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Saroj Roy Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Sasabindu Bera : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Banarashi Prosad Jha : Sir. I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Mihir Lal Chatterji : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Samar Mukherji : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for Expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Bhakta Chandra Ray : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Golam Yazdani : Sir, I beg to move that the demand of Rs. 5,74,34,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Shyamaprasanna Bhattacharya : *Sir, I beg to move that the demand of* Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure underGrant No. 20, Major Head "57—Education", be reduced by Rs. 100.

Shri Dhirendra Nath Banerjee : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Bhandari : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Dr. Hirendra Kumar Chattopadhyay : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69.000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Basu : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shrimati Manikuntala Sen : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shrimati Labanya Prova Ghosh : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Bijoy Krishna Modak : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Roy : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Gobordhan Pakray : *Sir, I beg to move that the* demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Suhrid Mullick Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Jamadar Majhi : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 or expenditure under Grant No. 20, Major Head "37—Education", be educed by Rs. 100.

Shri Dhirendra Nath Dhar : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Pravash Roy : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Tarapada Dey : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Tahir Hussain : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Sunil Das : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100.

Shri Rama Shankar Prasad : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Deo Prakash Rai : Sir, I beg to move that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education", be reduced by Rs. 100.

Shri Satyendra Narayan Majumdar :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয় যেখানে শেষ করলেন আমি সেখান থেকেই আরম্ভ করব। তিনি বল্লেন যে এই সভার সদস্যরা শিক্ষা বিভাগের কাজ সম্বন্ধে ওয়েল ইনফরমড নন, তাই যদি হয় তাহলে সেই দোষ কার? শুধু শিক্ষা দপ্তর কেন, কোন বিভাগের কার্য্যাবলী সম্পর্কে কি কখনো এই সভার সদস্যদের ওয়েল ইন্‌ফরমড করার জন্য

সরকার পক্ষ চেষ্টা করেছেন ? তাঁরা সহযোগিতার কথা বলেন, কিন্তু সহযোগিতার নেওয়া চেষ্টা করেছেন ? এই উপলক্ষে আমি একটা জিনিষের প্রতি দৃষ্টি আকর্ষন করছি—আমাদের পার্লিয়ামেণ্টএ বিদেশের কথা বলছি না—প্রত্যেক মন্ত্রীদপ্তরের সংগে সংশ্লিষ্ট ইনফরমেল কনসালটেটিভ কমিটিস আছে, যাতে করে দপ্তরের কাজ ও সন্তোষজনক চলতে পারে এব সদস্যরা সরকারী কার্য্যাবলী সম্পর্কে ওয়াকিবহাল থকতে পারেন। এখানে যদি সেই দৃষ্টান্ত অনুসরণ করা হত তাহলেও তাঁর একথা বলার একটি যুক্তি থাকতো, কিন্তু তা তাঁরা করেননি কাজেই এই মন্তব্য না করে হাউসের সময় বাঁচালেই ভাল হত।

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় তাঁর বাজেটে অনেক কথাই বলেছেন, আমি সেগুলি ধীরে ধীরে আলোচনা করব। প্রথম কথা, তিনি নিজেই বলেছেন, চলতি বৎসরে সংশোধিত বাজেটে খরচ ১৪ কোটি ৩৫ লক্ষ টাকা, এবারকার বাজেটে বরাদ্দ করেছেন ১৩ কোটি ৭৫ লক্ষ টাকা প্রায় ৬০লক্ষ টাকার মতো কমান হয়েছে—এর কারণ কি ? দেখা যায় গত বৎসরের বাজেটে মিসসেলেনিয়াস খাতে ৫ লক্ষ টাকার মতো ছিল, অথচ পরে বাড়িয়ে সেটা ৬৪ লক্ষ টাকারও বেশী হয়েছিল—সেই অভিজ্ঞতা থাকা সত্বেও এবার মিসসেলেনিয়াস খাতে ৮ লক্ষ টাকা ধরা হয়েছে—যদি সেটা বেড়ে যাবার সম্ভাবনা সম্পূর্ণ থেকে যাচ্ছে। বর্ত্তমান পরিপ্রেক্ষিতে এটা এভাবে কমান আশ্চর্য্য লাগছে আরো বেশী করে এই কারণে যে, এই বৎসর তিন বছরের ডিগ্রি কোর্স প্রবর্তিত হবে, প্রাথমিক শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ড, মাধ্যমিক শিক্ষকদের ছেলেপিলেদের বিনাব্যয়ে শিক্ষা ব্যবস্থা—এসব জিনিষ এবৎসর প্রবর্তিত হবে বলে পরিকল্পনা আছে—এজন্য বহু টাকার দরকার। কিন্তু বাজেটে হিসাব করে দেখা যায় অনেকগুলি গুরুত্বপূর্ণ খাতে এবার বরাদ্দ কম করে ধরা হয়েছে—এর কারণ কি ? আশা করি জবাব দেবার সময় মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এ বিষয়গুলির উপর আলোকপাত করবেন। আমি পরিসংখ্যানের মধ্যে খুব বেশী যাব না—কয়েকটা জিনিষই মাত্র আলোচনা করব। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন যে, শিক্ষার জন্য বরাদ্দ ক্রমশঃ বেড়ে যাচ্ছে—এজন্য তিনি নাকি গর্ববোধ করেন—সেজন্যই একটি বিষয়ের প্রতি আমি বিশেষ করে তাঁর দৃষ্টি আকর্ষন করছি—আমাদের দেশে এখনো পর্য্যন্ত শিক্ষাব্যয় ৯০-৯৫ ভাগ অভিভাবকেরাই বহন করে যাচ্ছেন, তাঁদের উপর চাপ বেড়েই চলেছে। এই প্রসংগে আরেকটা বিষয় উল্লেখ করব—পণ্ডিত নেহরু থেকে ডাঃ শ্রীমালী সকলেই বলছেন প্রাথমিক শিক্ষকদের মাইনে বাড়ান হয়েছে। সময়াভাবে আমি এখানে সব কথা বলতে পারব না, তানাহলে আমি তাঁদেরই কথা উদ্ধৃত করে দেখাতে পারতাম যে, এই বাড়ানটা অতি অকিঞ্চিৎকর, এবং প্রয়োজনের তুলনায় যে অনেক কম সেই কথা বলাই বাহুল্য। প্রাথমিক শিক্ষকেরা প্রয়োজনের তুলনায় ন্যূনতম মাইনেও পান না, এবং তাঁদের প্রভিডেণ্ট-ফাণ্ড এবং ছেলেপিলেদের জন্য বিনাব্যয়ে শিক্ষা ব্যবস্থা এত দিনের আন্দোলনের পর হতে যাচ্ছে। খবরের কাগজে দেখেছি যে, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় শিক্ষা বরাদ্দ ৮০০ কোটি থেকে ৩০০ কোটি টাকায় নামিয়ে আনা হয়েছে— এর কারণ কি ? —এটা আমি খবরের কাগজে দেখেছি, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার খসড়া এখনো পাইনি। এ সম্পর্কে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় কোন খবর রাখেন কি না জানতে চাই, কারণ খবরটা যদি সত্যি হয়, তাহলে এটা একটা অত্যন্ত আতংকের কথাই বলতে হবে। এখবর যদি সত্যি হয়, তাহলে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা এবং সমগ্র শিক্ষা ব্যবস্থার আজকে যে সব রূপায়নের প্রস্তুতি চলেছে তা বানচাল হয়ে যাবে, সেজন্য এসমস্ত বিষয়গুলি এখানে আমাদের কাছে বলা দরকার। তারপর, আমি একটা গোড়ার কথা মাননীয় শিক্ষামন্ত্রীকে জিজ্ঞাসা করি—কি

শিক্ষা দিচ্ছেন, যে টাকা খরচ করেছেন তার ফল কি হচ্ছে এটা কি কখনও খোঁজ করে দেখেছেন ? এই সভায় শুধু আমরাই নয়, ডাঃ ঘোষও এখানে বহুবার বলেছেন যে, শিক্ষা ক্ষেত্রে বিরাট অপচয় হচ্ছে, এই অপচয় প্রতিরোধ করার জন্য কোন ব্যবস্থা করেছেন, যে শিক্ষা দিচ্ছেন সেই শিক্ষা কার্য্যকরী হচ্ছে কিনা বিচার করে দেখেছেন কখনো ? একথা আজকে দেশে সকলেই বলেন, আপনিও বলেন,—প্রাথমিক শিক্ষা ব্যবস্থা যার উপর সমস্ত শিক্ষা বোধ দাঁড়াবে, তার ভিত্তি পাকাপোক্ত ও শক্ত করতে হবে, কিন্তু সেই ভিত্তি শক্ত করার জন্য কোন ব্যবস্থা করেছেন। শিক্ষাবিদগণ বলেন, প্রাইমারী শিক্ষা ব্যবস্থা এমন ভাবে করা উচিৎ যাতে সর্বোচ্চ শিক্ষা পর্য্যন্ত প্রত্যেক স্তরে একটা যোগাযোগ থাকে—তার ব্যবস্থা করেছেন কিছু ? আজ প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে বিরাট অরাজকতা চল্ছে, যেমন শহর ও গ্রামের শিক্ষা ব্যবস্থার ভিতর কোন সামঞ্জস্য নাই এবং গ্রাম ও শহরের শিক্ষার জন্য বিভিন্ন কর্তৃপক্ষ রয়েছেন যার ফলে সমগ্র প্রাথমিক শিক্ষাস্তরে বিশৃংখলা দুর্নিবার হয়ে উঠেছে। প্রাথমিক শিক্ষক সমিতি দাবি করেছেন পুরানো শিক্ষা আইন বদ্‌লে একটা নতুন শিক্ষা আইন প্রবর্ত্তন করতে হবে সমগ্র পশ্চিমবাংলায়,—স্কুল বোর্ডের পুনর্গঠন ও অত্যাবশ্যক হয়ে পড়েছে, এ সব বিষয়ে কিছু করেছেন ? তারপর, প্রাথমিক শিক্ষা কি ধরণের হবে সে সম্পর্কে কোন পরিষ্কার ধারণা আছে ? আপনি বল্‌বেন আমি জানি, সরকার ঘোষনা করেছেন বুনিয়াদী শিক্ষা হবে। কিন্তু এর ভালমন্দর দিক আমাদের বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে বিচার বিশ্লেষণ করে দেখেছেন ? এই বুনিয়াদী শিক্ষা ব্যাপারে বেসিক এডুকেশন এসেসমেণ্ট কমিটি যে সমস্ত বিষয়ে দৃষ্টি আকর্ষন করেছেন সে সম্বন্ধে কি করেছেন ?

3-40—3-50 p.m.]

বুনিয়াদী বিদ্যালয়ের ভেতরে শিক্ষাক্রমের কোন সামঞ্জস্য নেই। কিন্তু করে সুসামঞ্জস্য বিদ্যালয়কে নিম্নবুনিয়াদীতে পরিণত করবেন সেটা আপনি বলতে পারেন। শুধু তাই নয়, নিম্ন বুনিয়াদী বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষাক্রমের কোন সামঞ্জস্য নেই। এর ফলে যারা নিম্ন বুনিয়াদী থেকে পাশ করে মাধ্যমিক বিদ্যালয়ে ভর্ত্তি হতে যায় তারা তখন ষষ্ঠ শ্রেণীতে ভর্ত্তি হতে পারে না। অর্থাৎ পঞ্চম শ্রেণীতে ভর্ত্তি হতে হয়, নতুবা তাদের শিক্ষা বন্ধ হয়ে যায়। এর কারণ হচ্ছে যে, তাদের ইংরাজী বা হিন্দী শেখান হয় না। কিন্তু তারা নিম্ন বুনিয়াদী থেকে পাশ করে বেরুল, তারা কি উচ্চ বিদ্যালয়ে যাবে না ? এরূপ যারা উচ্চ বুনিয়াদী থেকে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে যাবে তাদের ভেতরও কোন সামঞ্জস্য নেই। সুতরাং এ সবের কি হবে তার জবাব আপনি দেবেন। এর ফলে শিক্ষার ক্ষেত্রে অপচয় ক্রমশঃ বেড়ে চলেছে। এবার আমি আর যে একটা কথা বলব সেটা আমাদের শিক্ষামন্ত্রী হয়ত পছন্দ করবেন না, কিন্তু কথাটা সত্যি বলে বলতে হবে এবং আপনারাও সকলে ভেবে দেখবেন। উনি প্রাথমিক শিক্ষা বিস্তারের কথা বলেছেন, কিন্তু প্রাথমিক সমস্ত শ্রেণীর যারা ছাত্র, তাদের সত্যিকারের গুণগত শিক্ষা দেবার জন্য আপনারা কি করেছেন ? আমি বলতে পারি যে, দেশের সাধারণ মানুষকে শিক্ষা দেবার ব্যাপারে আপনাদের একটা বিরাট উপেক্ষা রয়েছে। আমি গতবারে একটা কথা বলেছিলাম যে, আপনাদের শিক্ষা দপ্তরের ঘাড়ে এখনও সেই ঔপনিবেশিক আমলের ডাউনওয়ার্ড ফিলট্রেসন থিওরী রয়েছে এবং তাতে শিক্ষামন্ত্রী মহাশয় আপত্তি করেছিলেন। আপনি থিওরী হিসাবে ডাউনওয়ার্ড ফিলট্রেসন থিওরী প্রয়োগ করছেন একথা বলছি না ; কিন্তু কার্য্যতঃ যার উপর ভিত্তি করে দেশের শিক্ষা ব্যবস্থা উঠে

দাঁড়াবে, সে সম্বন্ধে এখনও চূড়ান্ত উপেক্ষা ছাড়া আর কি আছে। আপনি মাধ্যমিক শিক্ষা-ক্ষেত্রে পুনর্গঠনের কথাও বলেছেন। কিন্তু পুনর্গঠনের নামে সেখানে এমন কতকগুলি কাজ হচ্ছে, যার ফলে একদিকে সত্যিসত্যি কার্য্যতঃ শিক্ষার সঙ্কোচ হচ্ছে, আর একদিকে শিক্ষার সংস্কার একটা প্রহসনে পরিণত হয়েছে। এবারের বাজেটে দেখছি উচ্চতর বহুমুখী বিদ্যালয় স্থাপনের বরাদ্দ কমিয়ে দিয়েছেন। কেন কমিয়ে দিয়েছেন সেটা বলবেন? সম্প্রতি শিক্ষা-দপ্তর থেকে সার্কুলার দিয়েছেন যে, নূতন কোন হাই স্কুল করতে গেলে সেট যদি হায়ার সেকেণ্ডারী না হয় তাহলে তাকে য়্যাফিলিয়েশান দেওয়া হবে না এবং হায়ার সেকেণ্ডারী হতে হলে তাকে কতকগুলি সর্ত্ত পুরণ করতে হবে। কিন্তু হায়ার সেকেণ্ডারী স্কুল করার মত ব্যবস্থা কি আপনারা করেছেন? অর্থাৎ আপনারা কি সব টাকা দিতে পারবেন, উপযুক্ত সংখ্যক শিক্ষক দিতে পারবেন? আপনারা সর্ত্ত দিয়েছেন যে, শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত শিক্ষক হওয়া চাই, কিন্তু আপনারা তা দিতে পারবেন? কোলকাতার অনেক উচ্চতর মাধ্যমিক স্কুলে দেখা যাবে যে বিজ্ঞানের শিক্ষক নেই, অর্থনীতির শিক্ষক নেই। অথচ আপনারা চালাও সার্কুলার দিয়েছেন যে, নূতন একটা স্কুল সেটা হায়ার সেকেণ্ডারী না হলে হতে পারবে না। এর ফলে শিক্ষার ক্ষেত্রে যে সমস্ত অনগ্রসর এলাকা সেখানে শিক্ষা বিস্তার সত্যিসত্যি বন্ধ হয়ে যাবে এবং আপনারা তাই করেও দিতে চাইছেন। আমি একটা কথা বলতে বাধ্য হচ্ছি যে, অনগ্রসর এলাকার ব্যাপারে শিক্ষাদপ্তর যে মনোভাব নিয়ে চলেন তাকে উডেন-হেডেড মনোভাব ছাড়া আর কিছু বলা যায় না। এই রকম পরিস্থিতিতে যদি এই রকম একটা সার্কুলার দেওয়ার মানে যে আপনারা অনগ্রসর এলাকায় শিক্ষা বিস্তারকে বন্ধ করে দিচ্ছেন। তারপর ঐ সব জায়গার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রদের বেতন বাড়াতে অভিভাবকদের উপরে একটা বিরাট চাপ পড়েছে। এর ফলে ছাত্রসংখ্যা যেখানে বাড়ার কথা সেখানে তা বাড়ছে না—একথা কি শিক্ষামন্ত্রী মহাশয় ভেবে দেখেছেন? নিম্নবিত্ত অভিভাবক—যার ৩।৪টি ছেলে সে তাদের শিক্ষার খরচ পোষাতে পারছে না, কিম্বা ২টো ছেলেকে উচ্চতর শিক্ষা থেকে বঞ্চিত করে, না-খেয়ে বাকী ২ জনকে শিক্ষা দিচ্ছে। অথচ যদি শিক্ষার খরচ না বাড়ত, তাহলে এদিক দিয়ে এই জিনিষগুলি বাড়ার অনেক সম্ভাবনা ছিল। যাই হোক, মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে শিক্ষা সংস্কারের নামে যা করছেন সেটা একটা প্রহসন মাত্র। মাধ্যমিক শিক্ষার ব্যাপারে গত বৎসর আমি অনেক আলোচনাই করেছি বলে বিস্তৃত আলোচনা করব না; কিন্তু তবুও কতকগুলি কথা বলব! এখানে পাঠ্যের চাপ এত বেড়েছে যে, অল্পবয়স্ক ছাত্র-ছাত্রীদের পক্ষে এটা একটা বিরাট ব্যাপার। আশা করি, এই বিষয়টা এখানে যাঁরা অভিভাবক আছেন তাঁরা সকলেই স্বীকার করবেন। কিন্তু দুঃখের বিষয়, এ নিয়ে আমাদের দেশের অভিভাবকরা এখনও মুখর হয়ে ওঠেননি—যেটা হওয়া উচিত ছিল। জ্ঞানের পরিধি বাড়ানোর কথা যদি বলেন তাহলে সেটা আমি স্বীকার করি; কিন্তু তাও বাড়ানোর একটা পদ্ধতি আছে। উনি সাদা বই যেটা দিয়েছেন তাতে লেখা আছে যে, বিভিন্ন শিক্ষা কমিশনের সুপারিশ অনুযায়ী তাঁরা শিক্ষা সংস্কার করছেন। আমি একটা কথা বলব যে, সিলেবাস সম্বন্ধে বিভিন্ন শিক্ষা কমিশন বলেন যে, শিক্ষনীয় বিষয়গুলি ইণ্টার-রিলেটেড হওয়া উচিত এবং প্রত্যেক বিষয়ে

'Contents should be so far as possible envisaged as "broad fields", units which can be correlated better with life rather than narrow items of information".

কিন্তু তা কি করা হচ্ছে? আপনারা সিলেবাস চালু করেছেন কিন্তু 'সমাজ

শেখানোর মত কোন বই নেই। ক্লাস সেভেনএ ইকনমিক্স যাদের পড়তে হয়, তাদের different forms of income, national income, plan ল' অফ ডিমিনিসিং রিটার্নস পড়তে হবে। সাইকোলজিতে মাইণ্ড, এটেনসান, উইল পাওয়ার পড়তে হয়। ক্লাস এইটে ইতিহাস যাদের পড়তে হয়, তাদের পৃথিবীর ইতিহাস, মধ্যযুগের ইউরোপের বর্বর জাতির আক্রমণ, বাইজেনটাইন্ সভ্যতা, মধ্যযুগের ইউরোপে তুর্কি জাতির উত্থান, রোমান যুগ, বৃটিশ যুগ, লঙ পার্লামেণ্ট, শতবর্ষের যুদ্ধ, শিল্প বিপ্লব, জার্মানী ইটালীর ঐক্যলাভ, ফরাসী বিপ্লব, চীন বিপ্লব, রুশ বিপ্লব ইত্যাদি পড়তে হবে। এর মাঝখানে আমাদের দেশের ইতিহাস তাদের পড়তে হয়। বাংলা সাহিত্যের ইতিহাস পড়ার ব্যাপারে সেখানে চর্য্যাপদ শ্রীকৃষ্ণ কীর্ত্তন থেকে আরম্ভ করে এই রকম ধরণের অনেক জিনিষ পড়তে হয়। এগুলি সব কলেজে শেখান হয়। কিন্তু কোন বই কি শিক্ষকদের হাতে দিয়েছেন যাতে তাঁরা পড়ে নিতে পারেন। স্কুলগুলিতে খোঁজ নিয়ে দেখবেন যে, স্কুল লাইব্রেরীতে কোন বই দেওয়া হয়নি। সেখানে রেফারেন্স হিসাবে যে সব বই রাখা হয়েছে সেগুলি বি, এ, ক্লাসের বই। সেইগুলি অত্যন্ত দামের বই। ক'জন অভিভাবক সেগুলি কিনতে পারেন? সেজন্য পরীক্ষায় পাশের জন্য তারা নোট পড়ে। এই হচ্ছে আপনাদের শিক্ষা সংস্কারের মূল কথা। শিক্ষকরা উপযুক্ত বই পাওয়া যায় না বলে তাঁরা পড়ান বন্ধ করে অনেক ক্ষেত্রে ছেলেদের বক্তৃতা শোনান। এইভাবে আপনারা যে ব্যবস্থা করছেন তাতে সেটা ডেড ওয়েট অফ এক্জামিনেসন হচ্ছে। কিন্তু ওদের উপর চাপ দেবার ফলে কি অবস্থা হচ্ছে সেটাও একবার শুনুন। আজ-কাল অধিকাংশ ছাত্র-ছাত্রীই অনাহারক্লিষ্ট। অনেক সময় ক্লাসে পড়তে পড়তে অল্পবয়স্ক ছেলে-মেয়েরা অজ্ঞান হ'য়ে গেছে এবং পরে মাষ্টার মহাশয়রা খোঁজ করে দেখেছেন যে, হয়ত তার ২ দিন খাওয়া হয়নি। এ ছাড়া পরীক্ষার সময় ছাত্রদের উপর এত বিরাট চাপ পড়ে যে, তাঁরা অনেক সময় পরীক্ষা দিতে দিতে অজ্ঞান হয়ে যায়। আজকাল এক্জামিনেসনে পাশ করার অনেক টেকনিক বেরিয়েছে বলে ছাত্ররা সেই সাহায্য নিচ্ছে। কিন্তু এ ছাড়া তাদের আর কোন উপায় নেই, কারণ পাঠ্য তালিকার চাপ অত্যন্ত বেশী। আগে যা বললাম এসব বিষয়ে শিক্ষামন্ত্রী মহাশয় একটু খোঁজ নিয়ে দেখবেন। এবার ইনটেলিজেন্স টেষ্ট সম্বন্ধে কিছু বলব, কারণ এটা দেখবার সুবিধা আমার হয়েছে। একটা কলমে একটা প্রশ্নের উত্তরকে ভেঙ্গেচুরে সাজিয়ে দিয়ে বলা হল যে, কোথায় কি হবে বা পড়বে দেখিয়ে দাও।

[3-50—4 p.m.]

এটাই কি হয়ে গেল চূড়ান্ত কথা? জিনিষটা যাতে রসবোধ হয়, যাতে ছাত্র-ছাত্রীদের আগ্রহ বাড়ে সেই ধরণের ব্যবস্থা করা প্রয়োজন কিন্তু তা কিছুই হয়নি। ফলে হচ্ছে কি—ছাত্র-ছাত্রীরা মুখস্থ বিদ্যা শিখছে। প্রত্যেকের ঘরে ছাত্র-ছাত্রী আছে—পরীক্ষার সময় হলে দেখবেন যে তারা কেবল মুখস্থ করে। আগের যুগে ছাত্র-ছাত্রীরা একটা উৎসাহের সাথে পড়তো, কিন্তু এখনকার ছাত্র-ছাত্রীরা সব মুখস্থ করে, কারণ অভিভাবকেরা বইএর খরচা যোগাতে পারেন না। অনেক শিক্ষক-শিক্ষিকা বলেন যে, আমাদের আন্দোলনের ফলে মাইনে বেড়েছে বটে, কিন্তু কাজের চাপ আমাদের অত্যন্ত বেড়েছে; আমরা যে একটু পড়েশুনে ছাত্র-ছাত্রীদের শিক্ষা দেবো তা সময় পাই না। ঠিক পুঁজিবাদী কারখানাগুলোতে যে রকম মজুরের মাইনে বাড়ালে কারখানার মালিক তাদের কাজের চাপ বাড়িয়ে সমস্ত উসুল করে নিতে চায়—সেইরকম ভাবে শিক্ষক-শিক্ষিকাদেরও কাজের চাপ বাড়িয়ে দেওয়া হয়েছে। তাঁদের

সাহায্য করবার জন্য তাঁদের শিক্ষক বাড়ানোর জন্য যে ব্যবস্থাগুলি করা দরকার তা কিছুই করেননি। কলেজ শিক্ষার ক্ষেত্রে আমি আজকাল সরকারী মহলে একটা কথা শুনেছি, এখানে মুখ্যমন্ত্রী এবং আরো কেউ কেউ বলেছেন যে, আজকাল কলেজগুলি ওয়েটিং রুমে পরিণত হয়েছে, ওভার ক্রাউডিং কলেজে কমান উচিত। প্রত্যেকেই উহা স্বীকার করেন, কিন্তু ওভার ক্রাউডিং কমানোর কতকগুলি যে পুর্বসর্ত্ত আছে সেগুলি পুরণের জন্য শিক্ষাদপ্তর বা গভর্ণমেণ্ট কি করেছেন ? আমি কিছুদিন আগে কাগজে দেখেছিলাম, ইউ, জি, সির ফিলিপ কমিটি একটা রিপোর্ট দিয়েছেন---সেই রিপোর্টটা আমি পাইনি, কিন্তু যতটুকু জানা গেছে তাতে ঐ রকম ধরণের একটা জিনিষ রয়েছে যে, ইউনিভার্সিটিকে কিছুতেই ওয়েটিং রুমে পরিণত করা হবে না। সেটা শুনে শিক্ষাবিদদেব মধ্যে প্রতিক্রিয়া হয়েছে—তাঁরা বলেছেন যে, ইউনিভার্সিটির দরজা ছেলে-মেয়েদের সামনে বন্ধ করে দিলেই কি কাজ হয়ে গেল, আর কোন রাস্তা নেই—এতে কি সব সমস্যার সমাধান হয়ে গেল ? একথা অনেকে বলেছেন যে, তাদের সেখানে ভেরিলিকটসএ পরিণত করে কি এই সমস্যার সমাধান হয়ে যাবে ? ওভার ক্রাউডিং কমাতে বা শিক্ষার মান উন্নত করার ব্যাপারে কেউ আপত্তি করেনা, কিন্তু সেখানে পুর্ব সর্ত্তগুলি পালন না করে যদি কবেন তাহলে কি হবে ? মাধ্যমিক শিক্ষার স্তর শেষ করার পর ছেলে-মেয়েদের বিভিন্ন দিকে যাবার য়্যাভিনিউজ স্থষ্টি করা হোক, সেই য়্যাভিনিউজ স্থষ্টি কবে তারপব চালু হোক যে সকলে ইউনিভার্সিটিতে যাবে না। কিন্তু সেই য়্যাভিনিউজ স্থষ্টি না করে তাদের যদি দরজা বন্ধ করে দেওয়া হয় তাহলে একে শিক্ষা সংকোচ ছাড়া আর কি বলবো ? কোলকাতায় বড বড কলেজগুলিতে ফেজড রিডাকসন হয়েছে, তার ফলে ছাত্রদের যে সমস্যাগুলি স্থষ্টি হয়েছে তাব জন্য কি বিকল্প ব্যবস্থা করা হয়েছে ? যেমন একটা অবস্থার স্থষ্টি হয়েছে ইণ্টারমিডিয়েট বা ডিগ্রী পরীক্ষায় যে সব ছাত্র ফেল করে তাদের বেশীর ভাগ কোথাও ভর্ত্তি হতে পাবে না—এই সমস্যা কি সমাধান হবে ? যারা আর্টস পড়ে তারা না হয় প্রাইভেট পরীক্ষা দিতে পাবে, কিন্তু যারা সায়েন্স পড়ে তাদের পক্ষে প্রাইভেট পরীক্ষা দেওয়াব তো স্থযোগ নেই বরং তাদের দরজা বন্ধ কবে দেওয়া হয়েছে। তারপর আর একটা কথা শোনা যাচ্ছে, যদি সত্য হয় তাহলে বাস্তবিকই আশংকাব কথা। ফিলিপ কমিটি নাকি স্থপারিশ করেছেন যে, কলেজগুলির সান্ধ্য বিভাগে যে শিক্ষা দেওয়া হয় তা বন্ধ করে দেওয়া হবে—তাহলে যে সব ছাত্রবা সবকারী অফিসে বা অন্যান্য জায়গায় কাজ করে জীবিকা নির্বাহ করে সান্ধ্য কলেজে পড়েন তাদেব বিজ্ঞান শিক্ষা বন্ধ কবে দিচ্ছেন এ একটা অদ্ভুত ধরণেব জিনিষ। যেখানে বলা হচ্ছে শিল্পায়ন করতে হবে, বিজ্ঞান শিক্ষা বাড়াতে হবে বলে বিজ্ঞানের জয়যাত্রা করা হচ্ছে—সেখানে এ রকম জিনিষ যদি হয়, তাহলে আশংকা করবার যথেষ্ট কাবণ আছে। আজকাল আর একটা জিনিষ দেখছি যারা ফেল করে তাদের কথা বারবার কবে বলা হচ্ছে। সমস্ত সভ্য জগতে অকৃতকার্য্য ছেলেদের একবার চান্স দেওয়া হয়, এখানে কি চান্স দেওয়া হয়েছে ? উপরন্তু শিক্ষার মান উন্নয়নের নাম করে ওভার ক্রাউডিং কমানোর নাম কবে, কলেজগুলিকে ওয়েটিং রুমে পরিণত করা হবে না, এই সমস্ত কথা বলে সব দরজা বন্ধ করে দেওয়া হচ্ছে। আজকাল এক ধরণের কথা বলতে শোনা যায় যে, যেসব ছাত্র ফেল কবে পড়াশুনা করে না তারা উচ্চ শিক্ষায় কেন যাবে ? এখানে মুখ্যমন্ত্রীও বলেছেন—সেদিন হুমায়ুন কবীর সাহেবও সমাবর্ত্তন উৎসবে বলে গেছেন। হুমায়ুন কবীর সাহেব বোধ হয় আজকাল গদীতে বসে সোয়েল হেডেড হয়ে যাচ্ছেন ; কিন্তু আবার ঐ সমাবর্ত্তন উৎসবে পরের দিন উপাচার্য্য মহাশয় বলেছেন যে, শতকরা ৬০টা ছেলে

ম্যানিউট্রেসনে ভোগে, শতকরা ৩০জনের আই-ছাইট ডিফেকটিভ এবং অনেক ছাত্র যক্ষাতে ভুগছে। সুতরাং কি অবস্থায় তারা লেখাপড়া শিখবে—তাদেব দোষটা কি? তাদের.কি এই দোষ যে তারা মন্ত্রীদের ছেলে নয়, কি বড় বড় সরকারী কর্ম্মচাবীদের ছেলে নয় এবং মুনাফাখোর চোরাকারবারীদের ছেলে নয়—এই দোষেই কি তারা ফেল করেছে? অথচ আপনারা শিক্ষা সংস্কারের কথা বলছেন। এতদিন যে শিক্ষা ব্যবস্থা চলে আসছে তাতে ডেড ওয়েট অব একজামিনেশন ছাত্রদের ব্যক্তিত্ব বিকাশের পথ বন্ধ করে দেওয়া হচ্ছে। কাজেই বর্ত্তমান শিক্ষাব্যবস্থার পবিবর্ত্তন না করে যদি উচ্চাশিক্ষার পথ দরজা বন্ধ করে দিতে চান, তাহলে সেটাকে শিক্ষা সংকোচ কবা ছাড়া আর কিছু বলা চলে না। আমাব আরো অনেক কিছু বলাব ছিল, কিন্তু সময়াভাবে তা বলতে পাবলাম না।

Shri Sisir Kumar Das : Mr. Speaker, Sir, if one looks at the Education budget one finds that the amount spent on education has risen from 10·3 crores in 1956-57 to Rs. 14·36 crores in 1959-60 and to Rs. 13·76 crores in 1960-61—that is a rise by 35·5 percent. But if we analyse the figures a little, we shall find some interesting facts. Between 1956-57 and 1960-61 the total expenditure on education had risen by Rs. 3·68 crores but during this period the state of West Bengal has obtained grant-in-aid to the extent of Rs.4.25 crores from the Central Government as subvention. · Therefore, from the resources of the State the total amount spent on education has decreased. You will find that the amount spent on education from the State's own resources has declined from Rs. 10·8 crores in 1956-57 to Rs. 9·51 crores in 1960-61. During these years the total revenue of the State had risen from 54·49 to 79·17 crores excluding the Central grant in aid. None of it has been spent on education. Excluding Central grant in aid the revenues of the State has risen by 25/- per cent. While all other departments seem to have been benefited by the buoyancy in the State revenue, education has been able to get only a small sum. The main item which has increased among the items on education is the Central grant. Another point to note is that while the Central subvension for the various development schemes have risen from 3·15—revised budget—1959-60 to Rs. 4·25 crores 1960-61, the total budget expenditure on education has declined by 63 lakhs.

[4—4-10 p.m.]

According to the budget estimates for 1959-60 and 1960-61 the total revenue of the State of West Bengal has increased to the extent of 9·13 crores out of which the Education Department will receive a bare increase of Rs. 28 lakhs. Therefore, there is no proportionate increase in the expenses on education out of the rising resources of the State. Then if we look to the various departmental schemes, we will find that the Government propses to spend Rs. 3·90 crores on the Second Plan. I feel that the amount is rather small considering the fact that there are Government Colleges and 531 teachers. Out of that amonut of Rs. 3 crores and 93 lakhs, 30 per cent is to be spent on the Presidency College alone and other nine colleges will spend only 70 per cent. I do not understand why the Presidency College which is so well-

equipped and on which large sums of money have been spent already will receive so much of the grant alone. You are following a dispersal scheme. You want to disperse the college students into other colleges but what do we find ? We find that you are starving all other Government Colleges only for the purpose of feeding one Government College and that is the Presidency College.

Dr. Radhakrishna Pal: What about your Contai ?

Shri Sisir Kumar Das: I am a student of Presidency College, I tell you. There is no question of Contai College, Mr, Radhakrishna. But I should tell you that this one-sided development of the College is not justifiable by any means whatsoever. You say that there has been a concentration of students in Calcutta. How will there be a dispersal of students to the mofussil ? If the Krishnanagar or Hooghly College or other Government Colleges are not well-equipped and if you do not give houses to teachers who have been recruited from other parts of Bengal, what will they do ? They will want and they do want to come away to Calcutta. You know that very well. Why do they do ? Because they have no houses where they can stay. That is the reason.

Then there is another thing. The Government Colleges have been given a generous sum of Rs. 16,500/- for library. Education grant for library for this year is Rs. 16,500/- for ten colleges. Therefore, it has clearly come out what amount of money is being spent on library. Then I want to speak something about the Jadavpur University.

I looked into the budget carefully to find out what was the sum that was being spent on the Jadavpur University. But strangely enough, you won't find Jadavpur University under the head. You won't find Jadavpur University at all. What do you find ? At page 366 of your Blue Book you find a grant of Rs. 50,000/- to the Jadavpur Engineering College. Then at page 303 you find grant to the College of Engineering and Technology, Jadavpur, Rs. 1,65,000. But at page 412 of ihe Blue Book you will find development of University Education and under that head the college name of Jadavpur University is not mentioned. But the sum sanctioned is Rs. 31 lakhs. May I ask the Education Minister for what purpose for the University that Rs. 31 lakhs is meant ? So far as I understand during the previous year the sum mentioned was Rs. 20,35,000/-. May I take it for granted that that was the sum which was spent for the Jadavpur University ? This year because there has been another University—the University of Burdwan—the sum cannot be up to Rs. 31 lakhs. Compare this with the University of Calcutta. That has attained a static condition. Every year not a single penny is added to that. But if you look to the budget of the Jadavpur University—if my presumptions are correct i. e. at page 412 you will find total amount of University education is Rs. 31,30,000/-. If that is meant for Jadavpur University, you will find that big sums of money are being spent for the Jadavpur University. For what purpose ?

The Jadavpur University Act was passed in the year 1955. The first Constitution of the University provided for a Governing Body which was known

as the University. There is no Syndicate. The Act provided for a provisional Governing Body for four years of which Dr. B. C. Roy being the President of the National Council of Education became automatically the President of the University, and the post of the President of the University is supposed to be equivalent to the Vice-Chancellorship of the Calcutta University. Dr. Roy granted a Constitution unto himself by which he became the Vice-Chancellor of the University of Jadavpur. All other Universities have the Governor of West Bengal as their Chancellor, but Dr. Roy feels himself too exalted to be under the Governor of West Bengal and, therefore, he has framed a Constitution of the Jadavpur University where he alone can be the Chancellor. The University has three Colleges—the College of Arts, the College of Science, the College of Engineering. For the College of Arts, I tell you, there are seventy teachers. One is the Dean of the Faculty of Arts. Another is a Principal of the College of Arts, and there are seven Professors, numerous readers and numerous lecturers. And what is the total strength of the students ? 350—70 teachers. And what is the sum spent on that ? I ask the Hon'ble Minister for Education to put up into facts and figures—what are the numbers of students, how much is spent on every student of the Jadavpur University ? Why this hush hush policy. By reading the Books of Budget you will never come to know what money is being spent for what institution excepting for some institutions, but for the Jadavpur University it is absolutely blank, because it is an institute largely of Dr. B. C. Roy. Look at the Jadavpur University Budget and see how the expenses have gone up. In 1956-57 there was a Vice-Chancellor, I mean Rector, Dr. Triguna Sen and there were three Deans of Faculties. They were not paid any salaries, but this year three Principals of the three Colleges are drawing a salary of Rs. 1500 to Rs. 2000. What is the position of the Calcutta University in this respect ? The position is that there are two Secretaries—one Secretary for the post graduate teaching in Arts and one Secretary for the post graduate teaching in Science. They manage the administrative side of the Calcutta University, but here there are three Principals drawing Rs. 1500 to Rs. 2000 every month. And what are their functions ? What are they doing ? Mr. Speaker, Sir, these three Deans along with the Rector manage the whole show of the Jadavpur University including three Colleges. On the 7th of February 1960 they have appointed the Principals. I shall give the reason why. A year or two back one Shri Ashim Kumar Dutt became an incumbent of the post in the University of Jadavpur.

[4-10—4-20 p.m.]

There was no Principalship then. He was made the Dean of the faculty of Arts though he was completely a new comer and only because he was related to the Chunders—Ashoke Chunder and Apurba Chunder and so he was provided with a salary of Rs. 1200-1500. This year in order to satisfy him Dr. Roy has made him the Principal of the Arts College on a salary of Rs. 1500-2000. This post was not advertised, no applications were asked for,

the Public Service Commission was not consulted and Dr. Roy made the appointment. Along with this two other Principalships have been created for the College of Science and College of Technology. Sir, that is the state of affairs. There is another thing. From the Board of Secondary Education a circular has gone to all the constituent schools that the meeting of the Governing Body must be held in the school premises. It cannot be held either in the Secretary's house or in the President's house. But what has happened in the Governing Body of the Jadavpur University. It is held at the residence of Dr. B. C. Roy, at 36, Wellington Square, as if it is his household department. This is going on merrily.

Sir, last year I pointed out to the Education Minister about an anomaly that professors or lecturers who were appointed two years ago with high first class marks in M. A. are getting less than those recruited later with second class marks. This is a fact. The reason is that these persons who have been recruited later have served Government Institutions longer. I pointed out this anomaly but it has not been rectified upto now. Further more, Sir, this deparment is so dishonest that we connot expect any good from it. I shall read to you a circular issued by this Education Department which says that those teachers who want to apply for other jobs, their applications will not be forwarded if they want to join any private institution or temporary posts. Circular is dated 30-11-56 No. 701296 A from the D. P. I., West Bengal, to Shri J. C. Das Gupta. It is also suggested there that applications from permanent hands for temporary posts for temporary posts and non-Government appointments should be discouraged.

That means that those who have been in the office on a less salary, though with a higher qualification, are not allowed to apply for temporary jobs in Government service or for permanent posts in non-Government service. That is the state of affairs. This is dishonesty galore. Now, I beg to point out...

[At this stage the red light was lit]

Sir, I have got two minutes more.

Mr. Speaker : You have no time, twenty minutes were given to you. Your time is over.

Shri Sisir Kumar Das : All right, Sir, give me one minute, Sir, the Department of Economics on the Barrackpore Trunk Road made an application to the Education Department for a matching grant of Rs. 45,000/-. The University Grants Commission said that if they can get Rs. 45.000/- either from Goverment of West Bengal or from the University of Calcutta, then they will give Rs. 45,000/- for expansion of the Department of Economics. Letters were written to the Education Department but no reply has been received during the last year.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Which college ?

Shri Sisir Kumar Das : It is the Department of Economics in the University. Therefore, you see, Sir, the stepmotherly attitude of the Education Department. Only 21 lakhs statutory grant has been given and nothing more, not a penny more during all these years for such a department of Dr. B. C. Roy. The Jadavdur Univerity, the Kalyani University and other universitiss are growing up day by day like mushrooms and money is being spent like water,

Shri Sasabindu Bera :

মাননীয় স্পীকার মহাশয়, এই শিক্ষা খাতে ১৩,৭৫,৬৯,০০০ টাকা বরাদ্দ চাওয়া হয়েছে। শিক্ষাক্ষেত্রে পূর্ব্ব পূর্ব্ব বৎসর মঞ্জুরীকৃত টাকা যে ভাবে ব্যয় করা হ'য়েছে তা দেখে আমরা নিশ্চিত ব'লতে পারি যে এই টাকা আবার অপচয় হতে চলেছে। পশ্চিমবঙ্গের শিক্ষা ক্ষেত্রের নিদারুণ বিশৃঙ্খলা ও ব্যর্থতা আমাদের এই রাজ্যের কিশোর ও যুবশক্তির ব্যাপক অপচয় করছে। এই জন্য আমরা দেখছি বাংলা দেশে সর্ব্বপ্রকার অগ্রগতির চেষ্টা ব্যর্থ হচ্ছে। কারণ এই অগ্রগতির চেষ্টায় শিক্ষাকে যে স্থান দেওয়া উচিত ছিল, যে অগ্রাধিকার দেওয়া উচিত ছিল, তা দেওয়া হয় নি। প্লানিং কমিশনের সায়েন্টিফিক য়্যাণ্ড টেক্‌নিক্যাল ম্যানপাওয়ার য়্যাণ্ড পার্‌স্পেক্‌টিভ্ প্লানিং ডিভিশন কর্ত্তৃক "এ্যাডুকেটেড পার্সন্‌স ইন্ ইণ্ডিয়া, ১৯৫৫"। নামে যে পুস্তিকা প্রকাশিত হয়েছে তার মুখবন্ধে শ্রীপ্রশান্ত মহলানবিস বলেছেন,—

"Spread of education must go in advance of economic development. At a technical level an increasing supply of trained personnel is essential for a rapid progress of industrialization. In India a shortage of technical and scientific manpower has developed in many direction which calls for purposeful action,"

আমাদের যে কোন উন্নতির দিকে যদি আমরা দৃষ্টি দিই তাহলে দেখবো একই সমস্যা সর্ব্বত্র। শিল্প সংক্রান্ত অগ্রগতির ক্ষেত্রে যে কথা, কৃষি বা খাদ্য উৎপাদন বিষয়ে অগ্রগতির ক্ষেত্রেও সেই একই কথা প্রযোজ্য। সরকার ১২ বৎসর ধরে সরকারী কৃষি বিভাগ মারফৎ অধিক খাদ্য উৎপাদনের চেষ্টায় সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। শেষে কৃষি ও খাদ্য উৎপাদনের জন্য যদিও একটা নূতন মন্ত্রী উৎপাদন করেছেন কিন্তু তবুও খাদ্য উৎপাদন বাড়ছে না। সর্ব্ব প্রকার পরিকল্পনা ব্যর্থ হচ্ছে। সরকারের সঙ্গে জনসাধারণের সহযোগিতা পাওয়া যাচ্ছে না। পরিকল্পনা-গুলিকে লোকে বুঝছে না, আন্তরিকতার সঙ্গে গ্রহণ করতে পারছে না। কারণ এ সকল, বুঝবার জন্য লোকের যে শিক্ষার প্রয়োজন তা তাদের নেই। পুরাতনকে ছেড়ে নূতনকে গ্রহণ করবার উপযোগী ক'রে তুলবার জন্য জনসাধারণের মধ্যে সে শিক্ষা দেওয়া উচিত ছিল—প্রাথমিক শিক্ষা ও সমাজ ও বয়স্ক শিক্ষার মাধ্যমে যা দেওয়া উচিত ছিল—আমাদের শিক্ষা দপ্তর তা দিতে পারেন নি।

প্রাথমিক শিক্ষার কথা বলি। সংবিধানের নির্দ্দেশক নীতির কথা অর্থাৎ দশ বৎসরের মধ্যে ৬ থেকে ১৪ বৎসর বয়স্ক বালক বালিকাদের বাধ্যতামূলক এবং অবৈতনিক প্রাথমিক শিক্ষার কথা বাদই দিলাম। ৬ থেকে ১১ বৎসর বয়স্ক সকল বালক বালিকাদের জন্য বাধ্যতামূলক ও অবৈতনিক শিক্ষার ব্যবস্থা এখনও পর্য্যন্ত হল না। স্বাধীনতার শুভ লগ্নে যে সমস্ত ছেলে মেয়েরা জন্ম গ্রহণ;করেছিল, তাদের ১৩ বৎসর বয়স হল, কিন্তু তাদের সকলের শিক্ষার সুযোগ সুবিধা না থাকায় তাদের অনেকে শিক্ষার অভাবে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। ইংরাজ

আমাদের ১৯১৯ সালের ও ১৯৩০ সালের যে দুইটি আইন ছিল প্রাথমিক শিক্ষার জন্য, সেই দুইটি আইন বদলে তাদের স্থলে একটা নূতন সুপরিকল্পিত ও সুসমঞ্জস আইন তৈরী করা আজও হল না। সমস্ত রাজ্যের শিক্ষা ব্যবস্থার জন্য সুপরিকল্পিত একটা পন্থা গ্রহণ করা দরকার কিন্তু সে ব্যবস্থা আজও হয়নি। এ বিষয়ে মন্ত্রী মহাশয়ের প্রতিশ্রুতি শুনেছি, কিন্তু কাজে কিছুই হয় নি। প্রাথমিক শিক্ষার প্রশাসনিক ক্ষেত্রে দেখাযায় যে জেলা স্কুল বোর্ড গুলি শিক্ষা প্রসারের চেয়ে দলীয় স্বার্থ সাধনে বেশী তৎপর থাকেন, শিক্ষা ক্ষেত্রেও আজ এই অবাঞ্ছনীয় জিনিষ সংক্রামিত হয়েছে। কুচবিহার ও পুরুলিয়ায় আজও স্কুলবোর্ড গঠিত হ'ল না। আজ প্রাথমিক শিক্ষকগণ চরম ভাবে অবহেলিত। স্কুল বোর্ড এলাকায় তাদের বেতন ৫২৷৷০, ৬২৷৷০ ও ৬৭৷৷০ টাকা নির্ধারণ করা হয়েছে। তাদিয়ে এই দুর্মূল্যের বাজারে কোন মানুষ সংসারযাত্রা নির্বাহ করতে পারে না। মিউনিসিপ্যাল এলাকায় কোন নির্ধারিত হারের বালাই নেই। অনেক আন্দোলন অনেক চিৎকার করার পর প্রাথমিক শিক্ষকগণের ছেলে মেয়েদের বিনাবেতনে মধ্যমিক স্তব পর্য্যন্ত পড়ান সুবিধা হল, কিন্তু তাও সকলের জন্য নয়। স্কুল বোর্ড এলেকায় সরকার নির্ধারিত যে হার আছে তার চেয়ে বেশী যদি কোন শিক্ষক মাইনে পান তাহলে সেই শিক্ষক বিনাবেতনে তাঁর ছেলে মেয়েব শিক্ষাব সুযোগ পাবেন না। শিক্ষকদের প্রতি সরকার কর্তৃক এই বৈষম্যমূলক আচরণের কাবণ কি? মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক এঁদের চেয়ে বেশী মাইনে পান, একজন প্রধান শিক্ষক ৪।৫ শত টাকা পর্য্যন্ত বেতন পান, তাঁদেব ছেলেপিলেদের বিনা বেতনে পড়ার সুযোগ থাকবে মাধ্যমিক স্তর পর্য্যন্ত, কিন্তু প্রাথমিক শিক্ষকদের বেলায় সেই সুযোগ থাকবে না এটাকে সবকারী স্বৈরাচার ছাড়া আর কি বলা যেতে পারে? গত ৩০শে এপ্রিল তারিখে প্রাথমিক শিক্ষকগণ প্রতীক ধর্মঘট করেছিলেন, এজন্য মেদিনীপুব, চব্বিশপরগণা, হুগলী ও হাওড়া জেলার শিক্ষকগণের একদিনের মাইনে কাটা হল, অন্য জেলায় হল না। এই চারিটি জেলার শিক্ষকদের উপর এরূপ আচরণ কেন করা হ'ল?

ক্লাশ ওয়ান থেকে ক্লাশ ফাইভ পর্য্যন্ত ছেলেদেব বই যা টেক্স্‌ট বুক কমিটি কর্তৃক অনুমোদিত হয়—তাদের মূল্য এখনও পর্য্যন্ত নির্দিষ্ট করা হ'ল না। ফলে পুস্তক প্রকাশ করা ৪০।৫০ পারসেণ্ট কমিশনে বই বিক্রী ক'রে লাভ করছে—মাঝের ব্যবসায়ীরা অভিভাবকদের থেকে পুরো দাম নিচ্ছে—আর গরীব অভিভাবকগণ মারা যাচ্ছেন। উচ্চতর শ্রেণীসকলের পুস্তকের মূল্য নির্ধারণের ব্যবস্থা আছে, কিন্তু এই সকল নিম্ন শ্রেণীর পুস্তকের মূল্য নির্দিষ্ট করবাব কোন ব্যবস্থা এ পর্য্যন্ত হ'ল না।

সমাজ শিক্ষা ওবয়স্ক শিক্ষার ক্ষেত্রে কাজ দেখে মনে হয় কংগ্রেসের দল গুছানোর জন্য জনসাধারণের টাকার অপচয় করা হচ্ছে। সমাজ শিক্ষা শাখাটা আজো টেম্পোরারী যার ফলে কর্মচারীরা নিয়মিত বেতন পান না—কর্মের এই অনিশ্চিত অবস্থার মধ্যে তাঁরা ভালভাবে কাজ করতে পারেন না। জেলা উপদেষ্টা কমিটিগুলি কয়েকজন সরকারী কর্মচারী এবং বাকী সব কংগ্রেসদলীয় মনোনীত সদস্য নিয়ে গঠিত হবার ফলে সেই কমিটিগুলি দলীয় প্রতিষ্ঠানের রূপ পরিগ্রহ করে দলীয় স্বার্থসাধনে ব্যাপৃত থাকে। ফলে সাধারণ মানুষের জীবনে প্রকৃত প্রয়োজনীয় শিক্ষার আলোক পড়ে না। কোন উন্নয়নমূলক কাজে তাদের সাড়া পাওয়া যায় না। জাতি সঙ্কট থেকে গভীরতর সঙ্কটের দিকে এগিয়ে যায়।

মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে দেখি ডি, পি, আই, এর পদ আজও খালি। শ্রীডি, এম, সেন, ১লা মার্চ্চ ১৯৫৭ থেকে ডি, পি, আই, পদে অফিসিয়েট করেছেন। সেকেণ্ডারী বোর্ডকে

বাতিল করা হ'য়েছে। সেখানে আজকে এ্যাডমিনিষ্ট্রেটরের একনায়কত্ব চলছে। গণতান্ত্রিক ভিত্তিতে সেকেণ্ডারী বোর্ডকে পুনর্গঠিত করার কোন চেষ্টাই নাই। সেকেণ্ডারী বোর্ড পরিচালনার জন্য কোন আইন পর্য্যন্ত আনতে পারলেন না। পরিবর্তিত শিক্ষার ব্যবস্থা উপযোগী শিক্ষক পাওয়া যাবে কিনা সে কথা না বিবেচনা করে হাই স্কুল এবং পাশাপাশি হায়ার সেকেণ্ডারী স্কুলস্ এবং মাল্টিপার্পাস স্কুলস্ স্থাপন করা হচ্ছে। মাল্টিপার্পাস্ স্কুলস্, হায়ার সেকেণ্ডারী স্কুলস্এর জন্য উপযুক্ত শিক্ষক পাওয়া যায় না। এখানে শিক্ষা একটা প্রহসনে পরিণত হ'য়েছে। ১৬০০ হাই স্কুলের মধ্যে এযাবৎ মাত্র ৪০৪টিকে উন্নীত করা হ'য়েছে, ৬০৬টি কোর্স প্রবর্তিত হ'য়েছে। আলোচ্য বৎসরে ৪০টি কোর্স প্রবর্তিত হবে—প্রায় ৩০টি স্কুল উন্নীত হবে। এই শম্বুক গতিতে কত দিনে সব হাই স্কুল উন্নীত হবে?

শুধু মাধ্যমিক শিক্ষা বিভাগেই নয়, সমগ্র শিক্ষা বিভাগেই আজ একটা চরম বিশৃংখলা উপস্থিত হয়েছে। ১৯৫৯ সালের সিভিল লিষ্ট থেকে দেখা যায় যে, শিক্ষা বিভাগে মোট ৯৮৫টি পদের মধ্যে ৩১৫টি পদ খালি অর্থাৎ ⅓ অংশ পদে লোক নেই। প্রিন্সিপাল প্রোফেসার মাধ্যমিক শিক্ষক সব মিলিয়ে ৮৮০টি পদের মধ্যে ২৯৮টি পদ অর্থাৎ শতকরা ৩৪ ভাগ খালি। তারপর অশিক্ষক যাঁরা ডাইরেক্‌সন, ইন্‌স্পেক্‌সন, সুপারিন্‌টেন্‌ডেন্স ইত্যাদি প্রশাসনিক কাজে যাঁরা থাকেন তাদের ১০৫টি পদের মধ্যে ১৭টি খালি। এই সকল খালি পদের কিছু কিছুতে সুপারয়্যান্যুয়েটেড এণ্ড রিটায়ার্ড লোক দিয়ে বা অফিসিয়েটিং দিয়ে কাজ চালানো হ'চ্ছে। অধিকাংশ পদ খালি। মূল শিক্ষা বিভাগের যখন এই অবস্থা, মফঃস্বলে স্কুলের জন্য কলেজের অধ্যাপকের যোগ্যতা সম্পন্ন শিক্ষক কি ক'রে পাওয়া যাবে? যোগ্যতা সম্পন্ন শিক্ষকের অভাবে হায়ার সেকেণ্ডারী মাল্টিপারপাস স্কুলএ শিক্ষার কার্য্য ব্যহত হচ্ছে। ব্যক্তিদের শিক্ষাক্ষেত্রে বড় বড় ইমারত খাড়া হ'চ্ছে, সাজ সরঞ্জাম জমা হ'চ্ছে, সিলেবাসের চাপ বৃদ্ধি হ'চ্ছে—কিন্তু শিক্ষক নেই। উপযুক্ত মাইনে দিয়ে যোগ্য ব্যক্তিদের শিক্ষাক্ষেত্রে আনবার কোন ব্যবস্থা নেই। মাইনের ব্যাপারে সরকারী ও বেসরকারী বিদ্যালয়ে শিক্ষকদের উপর বৈষম্যমূলক আচরণ। এই অবস্থায় শিক্ষার কাজ কি ক'রে ভালভাবে চ'লতে পারে?

ফ্লাড এলাকায় ক্ষতিগ্রস্ত পরিবারের ছাত্রদের সম্বন্ধে তথ্য সংগ্রহ ক'রে তাদের বেতন মকুব করা হবে সরকার থেকে এ আশ্বাস দেওয়া হ'য়েছিল। কিন্তু আজও সে বিষয়ে কিছু করা হয়নি। বিদ্যালয়গুলি ছাত্রদের থেকে মাইনে পাচ্ছে না। তাদের অবস্থা অচল হ'য়ে পড়েছে।

এবৎসর প্রাইমারী ফাইন্যালে রচনামূলক পরীক্ষার ব্যবস্থা করা হ'ল—এটা এই শ্রেণীর ছাত্রদের সম্পূর্ণ অনুপযোগী—অত্যন্ত আন্‌সাইন্টিফিক্ আন্‌সাইকোলজিকাল। আমাদের সমগ্র শিক্ষা ব্যবস্থাই এই রকম অবৈজ্ঞানিক ও অমনস্তাত্বিক ভিত্তির উপর চ'লছে। দেশের সমগ্র শিক্ষা ব্যবস্থার আমূল সংস্কার ক'রে তাকে গণতান্ত্রিক, বৈজ্ঞানিক ও মনস্তত্ব সম্মত ভিত্তির উপর প্রতিষ্ঠিত করা প্রয়োজন।

[4-30—4-40 p.m.]

Shri Khagendra Nath Bandyopadhyay :

মাননীয় স্পীকার মহাশয়, আজ যে মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষাখাতে যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন তা সমর্থন করে আমি কিছু বলতে চাই। আমার সময় কম বলে আমি আমার বক্তব্য স্কুল এডুকেশন এর উপর সীমাবদ্ধ রাখব। আমার পূর্ব্ববর্ত্তী বক্তারা বিরোধী পক্ষ থেকে

বললেন যে, প্রাথমিক শিক্ষা বিস্তারে ও আমাদের সংবিধানের অনুসারে ডিরেক্টিভ প্রিন্সিপাল প্রাথমিক শিক্ষা ফ্রি এ্যাণ্ড কম্পালসারী করতে আমাদের সরকার ব্যর্থ হয়েছেন। সর্ব্বপ্রথম শিক্ষামন্ত্রী মহাশয়কে এজন্য অভিবাদন জানাই যে, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় শিক্ষাখাতে যেখানে ২২ কোটি টাকা বরাদ্দ হয়েছিল, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা যখন শেষ হবে তখন অন্ততঃ পক্ষে ৪ কোটি ৬ লক্ষ টাকা বেশী খরচ করার ব্যবস্থা করা হয়েছে। প্রাথমিক শিক্ষায় চলতি বৎসরে ১৯৬০।৬১ সালের যে ব্যয়বরাদ্দ আমাদের সমক্ষে উপস্থিত করা হয়েছে তাতে দেখা যাবে প্রাথমিক শিক্ষায় প্রায় ৩৭% অর্থাৎ ৫ কোটি ৩৩ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

আজকে এ কথা প্রায়ই শোনা যায় যে আমাদের প্রাথমিক শিক্ষায় কোন উন্নতিই হয়নি, কিন্তু প্রকৃত অবস্থা বিচার বিশ্লেষণ করে বিদ্যালয়ের সংখ্যা, ছাত্র ছাত্রীর সংখ্যা এবং শিক্ষকের সংখ্যার দিক থেকে যদি ১৯৪৭।৪৮ সনের সঙ্গে ১৯৫৮।৫৯ সনের তুলনা করি তাহলে দেখব যে, ১৯৪৭।৪৮ সালে যেখানে বিদ্যালয়ের সংখ্যা ছিল ১৩, ৯৫০ সেখানে আজ ২৬, ২৯০, ছাত্রছাত্রীর সংখ্যা যেখানে ছিল ১০ লক্ষ ৪৪ হাজার আজ ২৪ লক্ষ ৪৪ হাজার, শিক্ষক যেখানে ছিল ৩৫ হাজার সেখানে আজ তা ৭৭ হাজারেরও অধিক এবং তার মধ্যে ট্রেন্‌ড শিক্ষক হচ্ছে ২৮ হাজারের বেশী। সর্ব্বপ্রথমে আমি একথা বলব যে, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা হওয়ার পূর্ব্বে পশ্চিম বাংলার এই ৩০, ৭৭০ স্কোয়ার মাইল—অর্থাৎ যেটা পশ্চিম বাংলার এলাকা—তার ৮৩৫ স্কোয়ার মাইল এলাকাতে আমাদের বর্ত্তমান শিক্ষামন্ত্রী ১৯৫০ সালে প্রাথমিক শিক্ষাকে কম্পালসারী ও ফ্রি এডুকেশনের ব্যবস্থা করেছেন, এবং বীরভুম জেলার প্রাথমিক শিক্ষার সঙ্গে যুক্ত থেকে একথা বলতে পারি যে—বীরভুম জেলার ১৭৩ টি ইউনিয়নের মধ্যে ৪৫ টি ইউনিয়নে অর্থাৎ শতকরা ২৫ ভাগ এলাকায় কম্পালসারী ফ্রি প্রাইমারী এডুকেশনের ব্যবস্থা চালু আছে। সেণ্ট্রাল স্পনসোর্ড স্কীম এবং ষ্টেট স্কীম এ সরকার আরও ১০৮০ টি বিদ্যালয় তৈরী করবার নীতি গ্রহণ করে ইতি মধ্যে ৭৭১ টি বিদ্যালয় তৈরী করেছেন এবং তার মধ্য দিয়ে আনস্কুলড এ্যারিয়া সম্বন্ধে যে সার্ভে হয়েছে তাতে দেখা যাচ্ছে যে সেই সব জায়গায় বিদ্যালয় হতে পারবে। কিন্তু আমার মনে হয় এর একটা প্রধান বাঁধা দেখা দিচ্ছে এবং সেটা হচ্ছে যে, অভিভাবকদের সোসিও-ইকনোমিক রিজন অর্থাৎ তাঁদের সামাজিক ও অর্থ নৈতিক দুরবস্থার জন্য। যাঁরা আজ আবশ্যিক শিক্ষা দেওয়া হোলনা বলে চেচাচ্ছেন—তাঁরা যদি এই মাপকাঠিতে বিচার করেন তাহলে দেখবেন যে আবশ্যিক শিক্ষা বাধ্যতামূলক হলে খাতায় হয়ত নাম পাওয়া যাবে কিন্তু যে সমস্ত অভিভাবকের ছেলেরা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কিছু উপার্জ্জন করে তাদের তাঁরা বিদ্যালয়ে পাঠাবেন না। এছাড়া স্কুলের পরিবেশ এবং শিক্ষকের যোগ্যতার অভাবের জন্য স্কুলকে আকর্ষনীয় করা যাচ্ছে না। কম্পালসারী এডুকেশন সম্বন্ধে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যতদুর শুনেছি তাতে যদি এটা সর্ববাংলায় করতে হয় তা'হলে ১২৭ কোটি টাকা লাগবে। আমাদের এই পশ্চিম বাংলায় ১৯৪৭।৪৮ সালে প্রাথমিক শিক্ষাখাতে মাত্র ৩৭ লক্ষ টাকা খরচ হয়েছিল আর সেখানে চলতি বৎসরে দেখছি ৫ কোটি ৩৩ লক্ষ টাকা খরচ হয়েছে। কাজেই এই ১২৭ কোট টাকা যদি খরচ করা সম্ভব হয় তাহলে নিশ্চয়ই আইনতঃ বাধ্যতামূলক ভাবে প্রাথমিক শিক্ষা কম্পালসারী এডুকেশনের ব্যবস্থা হবে। আজকে যখন সরকার অপচয় বন্ধ করবার জন্য প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে স্কুলের দিক থেকে এবং শিক্ষক নিয়োগের দিক থেকে সার্বজনীন করবার ব্যবস্থা করছেন তখন আমার অভিজ্ঞতার দিক থেকে আমি সরকার এবং শিক্ষামন্ত্রীর কাছে নিবেদন করব যে,

যে সমস্ত অভিভাবকরা তাঁদের ছেলেমেয়েদের স্কুলে পাঠাতে চান না তাদের স্কুলে আনবার জন্য মিডডে মিল এবং জামা, কাপড়, বই, শ্লেট প্রভৃতি দিয়ে সরকারের তরফ থেকে ইনসেনটিভ দেওয়া হোক। এ সবের ব্যবস্থা করতে না পারলে আবশ্যকীয় শিক্ষার ব্যবস্থা সুষ্ঠুভাবে হবে না। আর একটা জিনিষ গ্রামাঞ্চলে দেখেছি যে, ৪র্থ এবং ৫ম শ্রেণীর ছেলেমেয়েরা একসঙ্গে পড়তে চায় না। কজেই এ সম্পর্কে বিভিন্ন জেলার স্কুল বোর্ডকে একটা নির্দ্দেশ দেওয়া উচিত যে যেখানে সম্ভব সেখানে যেন ডাবল সিফট করা হয়। আজ সমাজ উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে গ্রামে গ্রামে যে সমস্ত গ্রাম সেবিকা দেখা যায় তাঁদের যদি এই ডাবল সিফটিং স্কুলে শিক্ষিকা নিয়োগ করে গ্রাম সেবিকাদের সহযোগিতায় মেয়েদের পড়াশুনা করবার ব্যবস্থা হয় তাহলে তার ফল ভাল হবে বলে মনে করি। আমাদের শিক্ষামন্ত্রী গত বছর ঘোষণা করেছিলেন যে গ্রামাঞ্চলে ৮ম শ্রেণী পর্য্যন্ত বালিকাদের বিনা বেতনে পড়ান হবে এবং এর ফলস্বরূপ দেখছি যে প্রাথমিক বিদ্যালয়ে মেয়েদের আসার সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। সরকার এই নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে নূতন শিক্ষক নেবার সময় শিক্ষিকা নিয়োগকে অগ্রাধিকার দিয়েছেন এবং তাঁদের জন্য কিছু কিছু লেডি টিচার্স কোয়ার্টার্স এর ব্যবস্থা করেছেন। তবে বাস্তবক্ষেত্রে দেখছি আরও টিচার্স কোয়ার্টার্স তৈরী করা প্রয়োজন কেননা তা না হলে ভাল শিক্ষিকারা গ্রামে যেতে চাচ্ছেন না। তাঁদের নিরাপত্তার জন্য এটা যে একান্তই করা প্রয়োজন তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষন করছি। মাননীয় স্পীকার মহাশয়, আজকাল প্রায়ই শুনছি একটু আগে একজন শ্রদ্ধেয় বক্তাও বললেন যে প্রাথমিক বিদ্যালয় এবং জুনিয়র বেসিক স্কুল কিছুই হয়নি। আজ পর্য্যন্ত এই পশ্চিম বাংলায় যে ১০৭৬ টি বেসিক স্কুল হয়েছে তার মধ্যে এক বীরভূম জেলাতেই ১১৪ টি স্কুল আছে এবং সেখানকার নজির দিয়ে বলতে পারি যে সেখানের বুনিয়াদী বিদ্যালয়ের ৫ম শ্রেণী থেকে ছাত্রছাত্রীরা পাশ করে গভর্ণমেণ্ট স্কুলে এসে ফার্ষ্ট, সেকেণ্ড প্রভৃতিও হচ্ছে। স্কুল বোর্ডের সভাপতি হিসাবে আজ পর্য্যন্ত একটি খবরও আমার কাছে এসে পৌঁছায়নি যে বেসিক স্কুল থেকে পাশ করে তাদের সেকেণ্ডারী স্কুলে ভর্ত্তি হতে অসুবিধা হয়েছে। আজ সরকার প্রাথমিক শিক্ষার সংস্কার করে সমস্ত গুলোকেই বেসিক প্যাটার্নে নিয়ে আসার বন্দোবস্ত করছেন এবং এটাই হোল অরিয়েণ্টেশন অফ প্রাইমারী এডুকেশন এর মূল কথা। আজ যদি ভারতীয় ভিত্তিতে রাজ্যগত ভাবে দেখি তাহলে দেখব যে, সরকার মাধ্যমিক শিক্ষার নীতি এমনভাবে মেনে নিয়েছেন যাতে ছাত্রছাত্রীদের অন্ততঃ ৩টি বিষয়ের প্রতি লক্ষ্য রাখা হয় এবং সেগুলো হোল যে :—

(১) ছাত্ররা হবে গণতান্ত্রিক রাষ্ট্রের উপযুক্ত নাগরিক ;

(২) তারাই হবে সমাজের উৎপাদনাত্মক অঙ্গ এবং তাদের জীবনে সংস্কৃতি পুনরুজ্জীবিত হবে।

এই ভাবে প্রাথমিক শিক্ষাকে নিম্নবুনিয়াদী বিদ্যালয়ে রূপান্তরিত করার সময় এবং সিনিয়র বেসিক স্কুল ও মালটিপার্পাস হায়ার সেকেণ্ডারী স্কুলএও ৩টি জিনিষের প্রতি লক্ষ্য রাখা হয়েছে। এবং সরকার শিক্ষাদান ও পরীক্ষাদান পদ্ধতি সংস্কার করার দিকে ঝুঁকেছেন এবং বিশ্ববিদ্যালয়েও থ্রি ইয়ার ডিগ্রী কোর্স প্রবর্ত্তন করে এই নীতির সঙ্গে হাত মিলিয়েছেন। প্রত্যেকটী স্কুলই যাতে রাতারাতি মালটিপার্পাস হায়ার সেকেণ্ডারী স্কুলএ পরিণত হয় এটা বাংলাদেশের সকলেই আমরা চাই কিন্তু উক্ত মালটিপার্পাস স্কীম এর সমালোচনায় মুখর হতে আমাদের বাঁধে না কিন্তু আমি অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে সারা ভারতে ৭৪৩টি হায়ার

সেকেণ্ডারী স্কুল এর মধ্যে এক মাত্র পশ্চিম বাংলাতেই ৫২২টি রয়েছে। তা ছাড়া এই যে জুনিয়র হাই স্কুল এবং হাই স্কুল রয়েছে এবং যাদের সংখ্যা হচ্ছে ক্রমাগত ১৯৫০ এবং ১৮০৬ সেখানে ৮ম শ্রেণী পর্য্যন্ত ওয়ান ট্রেস এডুকেশন শিক্ষা ব্যবস্থা রাখা হয়েছে যাতে করে সেই সব স্কুল থেকে ছেলেরা এসে নিজেদের হায়ার সেকেণ্ডারীতে ফিট ইন করতে পাচ্ছে না। কাজেই আমি সরকার ও শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করব যে এই সমস্ত জিগির এবং দাবীর কাছে নতি স্বীকার না করে এমন কোর্সের ব্যবস্থা করুণ যাতে নিম্নবুনিয়াদী বিদ্যালয় থেকে উচ্চতর মধ্যবিদ্যালয় পর্য্যন্ত জুনিয়র বেসিক টু হায়ার সেকেণ্ডারী যে শিক্ষনীয় নীতি রাখা হয়েছে এই সব বিদ্যালয়ে তাড়াতড়ি তা প্রবর্ত্তন হয়। একটু আগে শুনলাম যে আমাদের টেকনিক্যাল এ্যাণ্ড সায়েন্স এডুকেশনেব দিকটা নাকি সংকোচ করা হচ্ছে। আমি গত বৎসরের বাজেটের সময়ও বলেছিলাম এবং এবারেও সেই পলি-টেক্নিক্ এবং টেকনিকাল স্কুল এর প্রকৃত অবস্থা কি তা বলতে গিয়ে বলব যে আজকে বাংলাদেশের প্রায় প্রতিটি জেলাতেই একটি করে পলিটেকনিক হয়েছে। আজ আমি সরকার এবং শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব যাতে সেই সিনিয়র বেসিক এর পর প্রত্যেক জেলায় জুনিয়ব টেক্নিক্যাল স্কুলের সংখ্যা বাড়ান যায় তার চেষ্টা করবেন এবং এব্যবস্থা হলে পরে যাদের আর্থিক অবস্থা খারাপ তারাও হায়ার এডুকেশন নিতে পারবে এবং জুনিয়র টেক্নিক্যাল স্কুলএ শিক্ষা গ্রহণ করে জীবনে প্রতিষ্ঠিত হতে পারবে। আমার সময় অত্যন্ত কম, তবে নাম্বার অফ টেকনিক্যাল স্কুল যাতে বাড়ান হয় তার জন্য অনুরোধ করছি। এবৎসর যে সব ছেলেরা হায়ার সেকেণ্ডারী থেকে চূড়ান্ত পরীক্ষা দিয়ে বেড়িয়ে আসবে তাতে আমি খবর পেয়েছি যে তারা এই শিবপুর এবং দুর্গাপুর ইঞ্জিনীয়ারিং কলেজএ ৫ বৎসর ইন্টিগ্রেটেড কোর্স এ পড়বার সুযোগ পাবে।

[4-40—4-50 p.m.]

আজকে অনেক অভিভাবক জিজ্ঞাসা করেন যে যারা এবছর টেক্নিক্যাল বা সায়েন্স কোর্স এ পরীক্ষা দিয়ে মেডিক্যাল কলেজে পড়তে চাইবে তাদের কি ব্যবস্থা হচ্ছে? এবছর টেকনিক্যাল বা সায়েন্স চূড়ান্ত পরীক্ষা দিয়ে যারা বেরুবে তাদেব মধ্যে যারা মেডিক্যাল কলেজে পড়তে চাইবে তারা যাতে মেডিক্যাল কলেজে ইন্টিগ্রেট কোর্সে অসুবিধা না পায় সেদিকে দৃষ্টি রাখতে শিক্ষামন্ত্রী মহাশয়কে দৃষ্টি আকর্ষন করছি এই সেখানে বোধ হয় কল্যাণী বিশ্ববিদ্যালয় বিল পাশ হয়ে যাবে কিন্তু কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কোন কলেজকে ট্যাগ করে দেওয়া হয়নি। আমার মনে হয় সরকার যখন বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বাড়িয়ে যাচ্ছেন এবং ভবিষ্যতে আরও বাড়াবার পরিকল্পনা আছে তখন আমি বলব যে বিশ্ববিদ্যালয় যখন তাঁরা করবেন তখন তাঁরা অন্তত:পক্ষে কিছু কিছু কলেজ যদি তার সঙ্গে ট্যাগ করে দেন তাহলে যে বিশ্ববিদ্যালয়ে এখন অনেক কলেজের সংখ্যা আছে সেই নুতন বিশ্ববিদ্যালয়ে যদি কিছু কলেজ চলে যায় তাহলে এখানে পড়াশুনার দিকে বেশী নজর দিতে পারা যায়। এমনও খবর আমাদের কাছে আসে যে যাবা যাদবপুর থেকে পরীক্ষা দিচ্ছে তাদের মধ্যে কিছু কিছু আবার কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা দিচ্ছে একই বছরে। এতে এডুকেশনের ডুপ্লিকেশন হচ্ছে বলে আমি মনে করি। সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষন করছি। এই কয়েকটি কথা বলে শিক্ষামন্ত্রী যে দাবী উপস্থিত করেছেন তাকে পুর্ণ সমর্থন জানিয়ে এবং অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Jatindra Chandra Chakravorty :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সত্যেন মজুমদার মহাশয় সিলেবাস সংক্রান্ত ব্যাপারে *তাঁর তথ্যপূর্ণ ভাষনের মাধ্যমে তার যা কিছু ক্রটি সে গুলি উদ্ঘাটিত করেছেন কিন্তু তিনি আণ্ডার গ্রাজুয়েট ক্লাস পর্য্যন্ত বলেছেন, আমি পোষ্ট গ্রাজুয়েট ক্লাসের সিলেবাসের যে ক্রটি* আছে সে সম্পর্কে সামান্য কিছু বলবো কিন্তু তার আগে প্রাথমিক স্তরের সরকার পক্ষ থেকে যে সমস্ত বই ছাপানো হয় তাতে যে মারাত্মক ভুল থাকে সে গুলিকে যে কিছু সংশোধন করা হয় না তার প্রতি আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি, সরকারের পক্ষ থেকে যে কিশলয় ছাপানো হয় তাতে দেখতে পাচ্ছি—পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতিকে, না শ্রীযুক্ত সুরেন্দ্র মোহন ঘোষ—এই লেখাগুলি এখনও চলছে। সুতরাং এ গুলি যেন সংশোধন করা হয়। এবার আমি পোষ্ট গ্রাজুয়েটের কথা বলি, বিশেষ করে ইকনমিকস গ্রাজুয়েটের—আগে আমরা যখন কলেজে পড়েছি সেই সময় জেসি কোয়াজী ছিলেন প্রিন্সিপাল, প্রেসিডেন্সী কলেজে। ইকনমিকসএ তিনি বিশেষ করে তিনটা বইএর কথা বলতেন—মার্সাল, পিগু এবং এজওয়ার্থ। তারপর যখন কিনস সাহেব এলেন তখন তিনি সেই সময় কিনসের কথা বলতেন। এই তিনটা বই এর উপর ভিত্তি করে ইনটেনসিভ যে নলেজ সেই নলেজ গড়ে উঠতো এবং বাইরের কতকগুলি রেফারেন্স বই পড়া হত কিন্তু আজকে পোষ্ট গ্রাজুয়েট ক্লাসের সিলেবাসে ইকনমিকস এর উপর ১৬১ টেকসট বুক্স দেখছি—তারফলে সুপারফিসিয়াল নলেজ বাড়ছে, ইনটেনসিভ নলেজ কমে যাচ্ছে। প্রফেসর ক্লাসে এসে নোট ডিকটেট করে থাকেন এবং ছাত্রেরা সেই নোটের ভিত্তিতে সুপারফিসিয়াল নলেজ নিয়ে পাশ করেন। তাঁরা পাশ করবার পর আবার প্রফেসর হন। এই যে ভিসান্ সার্কল এই ভিসান্ সার্কল চলছে এবং তাঁরা এসে যখন আবার ছাত্রদের শিখাচ্ছেন অধ্যাপক হিসাবে তখনকার সুপারফিসিয়াল নলেজ চলে, ইনটেনসিভ নলেজ আর আজ কাল ইম্পার্ট করা হচ্ছে না। এর নেট রেজাল্ট কি দেখছি—বাংলা দেশে পোষ্ট গ্রাজুয়েট ক্লাসের ছেলেদের যেমনি তার র‍্যাপিড ডিটেরিওসেন হচ্ছে এবং তার ফলে সর্বভারতীয় প্রতিযোগিতায় অন্যান্য প্রদেশের ছাত্রদের সঙ্গে বাংলার বাঙ্গালীর ছেলেরা পোষ্ট গ্রাজুয়েট ক্লাসে পাশ করবার পর, এম. এ. পাশ করবার পরও দাঁড়াতে পারছেন না। কারণ সেই ইনটেনসিভ নলেজ তাঁদের নেই। তারপরে আণ্ডার গ্রাজুয়েট ক্লাসে চলে আসুন সেখানে যে পলিসি গ্রহণ করা হয়েছে তার ফলে কি দাঁড়াচ্ছে এবং তার এ্যাড মিনিষ্ট্রেশন কি হচ্ছে? এই এ্যাডমিনিষ্ট্রেশনের ভার যিনি সেক্রেটারী শ্রীযুৎ ডি. এন. সেনের উপর। তাঁর কথা বহুবার বলেছি—রবীন্দ্রনাথের ভাষায় বলতে হয়—তোমার কীর্তির চেয়ে তুমি যে মহান—কত কথা আর বলবো। তিনি গভর্ণমেণ্ট কলেজগুলি কনট্রোল করেন, স্পনসোর্ড কলেজগুলিকে কন্ট্রোল করেন। তাঁর অবস্থাকে, ভার্স অফ রিকুয়িজিট নীপার অফ প্রফেসরস, পর্য্যাপ্ত পরিমাণ প্রফেসর নেই এবং যে সমস্ত পোষ্ট খালি পড়ে আছে, সেখানে আমরা দেখছি সেই সমস্ত পোষ্ট ফিল আপ করা হচ্ছে না এবং তার কারণ কি সেটা সত্যপ্রিয় রায় মহাশয় গতকাল বিধান পরিষদে বলেছেন যে, তিনি নিজের স্বার্থ সম্পর্কে কেবল সিরিয়াস হন। কোথায় স্ত্রীকে নিয়ে যাবেন, ২৫ হাজার টাকা টি, এ, বিল করবেন কিনা সেদিকে তার কেবল নজর। সেজন্য কোন এ্যাডমিনিষ্ট্রেসনের দিকে নজর দিতে পারছেন না এবং ফলে আমরা কলেজে কলেজে দেখছি, ছাত্ররা আন্দোলন করছে যে আমরা আরো পর্য্যাপ্ত সংখ্যক প্রফেসর চাই। এইভাবে বর্দ্ধমান রাজ কলেজে আন্দোলন করার ফলে আমরা দেখতে পাচ্ছি যে সেখানকার ছাত্রদের এই আন্দোলনের নেতা তুষার কান্তিলালকে ভিকটিমাইজ করা হয়েছে।

স্যার, ফিজিক্সের প্রফেসরকে বলা হয় যে আজ প্রফেসর নেই, বাংলা তো খুব সোজা সাবজেক্ট সবাই পড়াতে পারে—আপনি গিয়ে পড়িয়ে আসুন। এই ব্যাপার বর্দ্ধমান রাজকলেজে চলছে। তাঁর দু'নম্বর কীর্ত্তির কথা শুনুন। ডাঃ রায়ের আশ্রিতদের মধ্যে যতজন আছেন তিনি তার পুরোভাগে আছেন, তাই বিধানবাবুর সদ্‌গুণের কিছু কিছু অনুকরণ তিনি করছেন। তিনি ডাঃ রায়ের আশ্রিতবৎসল, তাই তাঁরও কিছু আশ্রিত বৎসল আছে। তিনি কিভাবে ইণ্টারফেয়ার করেন দেখুন—সরোজিনী নাইডু কলেজ রিফিউজী স্পনসোর্ড কলেজ। শ্রীযুক্তা লতিকা ঘোষ, প্রিন্সিপাল. সেখানে ভাইস-প্রিন্সিপাল হিসাবে রাখা হয়েছে মিসেস মাসুদকে। মিসেস মাসুদ হলেন, মিঃ মাসুদ ছিলেন এ, ডি, পি, আই, তাঁর অধীনস্থ আশ্রিত বৎসল—তাঁর স্ত্রীকে ভাইস-প্রিন্সিপাল করা হয়েছে। সরোজিনী নাইডু কলেজে প্রিন্সি-পালের মাইনে হল ৬শো টাকা আর ভাইস-প্রিন্সিপাল মাইনে পান ৭শো টাকা এবং মাসুদকে ৩শো টাকায় লিফট দিয়ে শুনছি শিবপুর ইঞ্জিনীয়ারিং কলেজের প্রোকটর করা হয়েছে। তিনি হিষ্ট্রির ছাত্রী হিষ্ট্রির প্রফেসর অথচ তাঁকে শিবপুর ইঞ্জিনীয়ারীং কলেজে ৩শো টাকা বেশী দিয়ে প্রোকটর করা হয়েছে। অথচ ঐ সরোজিনী নাইডু কলেজে ভাল ভাল অধ্যাপিকা আছেন—আমাদের এখানকার এম এল এ মিসেস আভালতা কুণ্ড তিনি সেখানে প্রফেসরী করেন, তাঁকে ভাইস-প্রিন্সিপাল করা হল না। মিসেস ইন্দিরা বোস লণ্ডন স্কুল অফ ইকনমিকসের ডিগ্রীধারী তাঁকে করা হল না অথচ মিসেস মাসুদ হলেন অর্ডিনারী বি এ উইদাউট এনি অনার্স। তারপর চিনসুরায় হুগলী উইমেন কলেজে তিনি কিভাবে ইণ্টারফেয়ার করেন দেখুন। সেখানে শান্তিশুধা ঘোষ মহাশয়া হলেন প্রিন্সিপাল, তাঁর কথা বাংলাদেশের প্রত্যেকেই জানেন এবং এই কলেজ বাংলাদেশে যত মেয়েদের কলেজ আছে সবার মধ্যে বেষ্ট এবং রেজাণ্টও ব্রিলিয়াণ্ট। সেখানে গভর্ণিংবডিতে সিনিয়র প্রফেসর এবং ইংলিস সিলেক্ট করা হবে। শান্তিসুধা ঘোষ মহাশয়া গভর্ণিংবডির সিটিংএ দু'জনের মধ্যে একজনকে সিলেক্ট করে নিলেন এবং সর্বসম্মতিক্রমে তাঁকে গ্রহণ করা হল। তারপর আর একটা মিটিং ডাকা হল কনফারমেসন অব প্রসিডিংসএর দোহাই দিয়ে। সেখানে ঐ মিঃ ডি. এন. সেনের অত্যন্ত পেট মিস্‌নিটা যিনি এখন বর্দ্ধমানের ডিভিসনাল কমিশনার তিনি গভর্ণিং বডির প্রেসিডেণ্ট। তিনি কনফারমেসন অব প্রসিডিংসএর দোহাই দিয়ে সেটা রি-অপেন করলেন, রি-ওপেন করে যাঁকে রিজেক্ট করা হয়েছিল আগের মিটিংএ, সেই প্রফেসরকে সিনিয়র প্রফেসর অব ইংলিস হিসাবে নেওয়া হল।

[4-50—5-0 p.m.]

আর ৩নং কাজ হল এই সুপার এনুয়েটেড লোকদের কি রকমভাবে চাকুরিতে রাখছেন দেখুন। বি, কে, সেনের ৬৬ বৎসর হয়েছে। অরিজিনালী তিনি ডেপুটী সেক্রেটারী, ফাইনেন্স ডিপার্টমেণ্ট, তারপর সেকেণ্ডারী এডুকেশন বোর্ডের ফাইনেনসিয়াল এ্যাডভাইজার করা হয়েছে, ৫ বছর গভর্ণমেণ্টের আণ্ডারে রি-এমপ্লয়েড হলেন এক্সটেনসন পেয়ে। দ্বিতীয় হল হেমন্তকুমারসেন, তিনি একজন রিটায়ার্ড এসিষ্ট্যাণ্ট কমিশনার অফ পুলিশ, তাঁকে করা হয়েছে সিকিউরিটি অফিসার, কাজ কি? যখন সুরেন্দ্রনাথ ব্যানার্জ্জি রোডের বাড়ীতে বোর্ডের অফিস ছিল, সেখানে একটা পেয়ারা গাছ ছিল। সেই পেয়ারা গাছের তিনি পাহারা দিতেন—এখন [হাস্য] পার্ক ষ্ট্রীটের বাড়ীতে অফিস গিয়েছে. সেখানে তো পেয়ারা গাছ নেই, তাই এখন তাঁকে কি ডিউটী দেওয়া হয়েছে জানতে চাই। তারপর আর একজন হচ্ছেন—পি, সি,

দাস, স্পেশাল অফিসার ; স্যার শিক্ষামন্ত্রী মহাশয় নেহাৎ ভদ্রলোক তাই সবই তাঁকে সহ্য করতে হয়। বিরোধী পক্ষের একজন কংগ্রেস সদস্য বলেছিলেন যে, তিনি শিক্ষাশার্দ্দূল, কিন্তু স্যার তিনি আজকে নখদণ্ডগলিত শিক্ষাশার্দ্দুল। তাই ওঁর মত লোককে ডি, এম, সেন সেক্রেটারীর আত্মীয়স্বজন পোষণ ও আশ্রিতবৎসল হতে হয় এবং নেপটিজম, করাপসান তার মধ্য দিয়ে চলে। তাঁর সম্বন্ধে এত কথা কাউন্সিল এবং বিধান সভায় চলে, কিন্তু তাঁকে ইণ্টারফেরেন্স সবই সহ্য করতে হয়।

স্যার, আমার লাষ্ট কথা হল, রবীন্দ্র জন্ম শতবার্ষিকী যার এক বছর মাত্র বাকী আছে, আমি জিজ্ঞাসা করিতে চাই মন্ত্রী মহাশয়ের কাছে, জোড়াসাঁকোতে রবীন্দ্র বিশ্ববিদ্যালর স্থাপনের কি হল, এ বিষয়ে আমি বিস্তারিত জানতে চাই। বাড়ী দখল করার কত বাকী আছে সেটা জানতে চাই। বিস্তৃত প্রোগ্রাম হয়েছে কিনা জানতে চাই। স্যার, আমার এলেকায় রবীন্দ্র পাঠচক্র বলে একটা প্রতিষ্ঠান আছে, গত ২২ বছর ধরে তার কাজ চলেছে, তারা বাংলা ভাষা প্রচার করছে। রবীন্দ্র সংক্রান্ত বহু কিছু প্রচার করছে, তার পরিচালক বিরোধীদলের লোকনয় কংগ্রেসী দলের লোক শুভেন্দু বসু। কিন্তু স্যার, তাঁর নাম রবীন্দ্র জন্মশতবার্ষিকী যে কমিটি করা হয়েছে তাতে নাই। সেই কমিটিতে ডি, এম, সেন কর্ত্তাপক্ষের আছেন। কিন্তু সেই এলেকার একটা প্রতিষ্ঠান যারা ভাল কাজ করছে, সেই প্রতিষ্ঠান কি আজ রবীন্দ্র জন্মশতবর্ষিকী উদ্‌যাপনের জন্য সরকার পক্ষ থেকে যে কমিটি করা হয়েছে তাতে তার স্থান হল না। কারণ কি ? বিরোধী দলের নেতা জ্যোতি বসু মহাশয় ঐ কমিটিতে আছেন এবং এই অধম কমিটির মধ্যে আছেন, কংগ্রেসী দলের লোকেরাও হয়ত আছেন। বিরোধী দলের মাননীয় সদস্য ডাঃ ঘোষ আমাদের শ্রদ্ধাভাজন, তিনিও আছেন বলে আমার খবর আছে, অথচ সেই কমিটিতে আজকে ঠাঁই দেওয়া হচ্ছে না এই পাঠচক্রকে। তাই অনুরোধ জানাব, যেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয় সংক্রান্ত ব্যাপারে বিস্তারিত জবাব দেওয়া হয়। এই বলে আমার ছাঁটাইপ্রস্তাব রাখছি পলিসি সংক্রান্ত ব্যাপারে, দুর্নীতির কথা বললাম, শিক্ষা সংস্কারের পথে সরকার যেভাবে চলেছেন এবং পোষ্ট গ্রাজুয়েট ক্লাসে উচ্চ এবং নিম্ন শিক্ষার সত্যেন মজুমদার মহাশয় বলেছেন, সেজন্য সে সম্বন্ধে বিশেষ কিছু বলতে চাই না। এই বলে যে গ্র্যাণ্ট উপস্থিত করেছেন তা সমর্থন করতে পারলাম না।

Shri Tarapada Dey :

মিঃ স্পীকার স্যার, শিক্ষামন্ত্রী মহাশয় বিভিন্ন তথ্য দিয়ে আমাদের বোঝাতে চেষ্টা করেছেন যে তিনি পশ্চিম বাংলার শিক্ষা সমস্যার প্রায় সমাধান করে ফেলেছেন। তাঁরা যে পদ্ধতি ও পরিকল্পনা গ্রহণ করেছেন, সেই পথে নাকি শীঘ্রই আমাদের দেশে শিক্ষা সমস্যার সম্পূর্ণ সমাধান হয়ে যাবে।

পশ্চিম বাংলায় স্কুল ও ছাত্রদের সংখ্যা নিশ্চয়ই বেড়েছে। ১৯৪৭ সালের সঙ্গে যদি তুলনা করে দেখি, তাহলে দেখা যাবে বর্ত্তমানে স্কুল ও ছাত্রদের সংখ্যা বহু গুণ বেড়ে গিয়েছে। ডেভিড হেয়ার সাহেবের সময় যত স্কুল ও ছাত্র সংখ্যা ছিল, মাউণ্ট ব্যাটেন এর সময় তার চেয়ে অনেক গুণ বেড়ে গিয়েছিল, এবং বর্ত্তমানে তার চেয়ে বহু গুণ বেড়ে গিয়েছে। কিন্তু তাতে আমাদের দেশে শিক্ষা সমস্যার সমাধান সম্পূর্ণ হয়নি। আমরা চাই শিক্ষা সংস্কার এবং শিক্ষার পুনর্গঠন। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার যে পথ অবলম্বন করে চলেছেন তাতে শিক্ষা বিস্তৃতির মূলে কুঠারঘাত করা হচ্ছে। গ্রামে গ্রামে শিক্ষা বিস্তারের জন্য বেসরকারী প্রতিষ্ঠান ও তরুণরা

যে ভাবে আগ্রহ নিয়ে, অক্লান্ত পরিশ্রম করে আপ্রাণ চেষ্টা করছে, সেই প্রচেষ্টাকে সরকার ব্যহত, খর্ব্ব ও ধ্বংস করবার জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন।

আমি আর একটি বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। অবশ্য এ সম্বন্ধে মাননীয় সদস্য সত্যেন্দ্র নাথ মজুমদার মহাশয় উল্লেখ করেছেন। এটি হচ্ছে বর্ত্তমান ডি, পি, আই এর সার্কুলার। সম্প্রতি ডি, পি, আই একটি সার্কুলার দিয়েছেন। তাতে বলা হয়েছে যে ১৯৬০ সাল থেকে টেন্থ ক্লাস এর হাই স্কুল আর মঞ্জুর করা হবে না, সমস্ত জুনিয়র হাই স্কুলকে একেবারে ইলেভেন্থ ক্লাস করতে হবে। আমরা চেয়েছিলাম টেন্থ ক্লাস ও ইলেভেনথ ক্লাস স্কুল গুলির একই সিলেবাস করা হোক। কিন্তু তা করা হল না, টেন্থ ক্লাস স্কুল গুলিকে আলাদা করে রেখে দেওয়া হল। অথচ এখানে বলা হচ্ছে জুনিয়র হাই স্কুল গুলিকে ইলেভেন্থ ক্লাস হিসাবে মঞ্জুরী দেওয়া হবে না। ইলেভেন্থ ক্লাসে ট্রান্সফার করার জন্য তাঁরা টেম্পোরারী স্যাংশন দেবেন। তারপর বলা হচ্ছে যদি দু-বৎসরের পর ইলেভেন্থ ক্লাসএ উন্নীত করতে না পারেন তাহলে সে ট্রান্সফার করতে পারবে না, তাকে সেই স্কুল হিসাবেই থাকতে হবে। এ কি রকম ব্যবস্থা, বুঝি না।

তারপর ইলেভেন্থ ক্লাস স্কুল সুরু করবার সর্ত্তগুলি দেখলেই বোঝা যাবে গ্রামাঞ্চলে এইগুলি করা অসম্ভব। সর্ত্তগুলি হচ্ছে—শিক্ষক কম পক্ষে ১০ জন রাখতে হবে। হেড মাষ্টার এম, এ. বি, টি, হবেন। ইলেকটিভ সাবজেক্টস এর জন্য দু-জন এম, এ, চাই, বাকী সব গ্রাজুয়েটস হবেন। তা ছাড়া একজন ক্রেফট টিচার রাখতে হবে। পাঁচ হাজার টাকা রিজার্ভ ফাণ্ড হিসাবে রাখতে হবে। ১৩ খানা ঘরযুক্ত বিল্ডিং হবে। এক হাজার বই যুক্ত লাইব্রেরী রাখতে হবে। গ্রামাঞ্চলে এই সকল সর্ত্তগুলি পালন করা অসম্ভব। সুতরাং দেখা যাচ্ছে সমস্ত জুনিয়র হাই স্কুলগুলিকে এই ভাবে ইলেভেন্থ ক্লাস স্কুলে পরিণত করা সম্ভব নয়। ১২১৬টি জুনিয়র হাই স্কুল আছে, তার মধ্যে মাত্র ৫৪৩ টিকে ইলেভেন্থ ক্লাস স্কুলে পরিণত করতে পেরেছেন বহু চেষ্টার পরে। তাও এদের অধিকাংশ সহরে। এবং এই সমস্ত স্কুলের উপযুক্ত শিক্ষক পাওয়া কঠিন হয়ে উঠেছে, তাহলে গ্রামের স্কুলের কি অবস্থা, সেটা একটু চিন্তা করে দেখুন। তাছাড়া আমাদের জুনিয়র হাই স্কুলের সংখ্যা কমিয়ে দিয়েছেন, তার হিসাব হচ্ছে ২০৪৩ টি। আজ যদি এই অবস্থা করা হয়, তাহলে ডি, পি, আই সাহেবের সার্কুলারকে কার্য্যকরী করা যাবে না, এবং গ্রামাঞ্চলে স্কুলের সংখ্যা না বেড়ে আরও কমে যাবে। এইটথ ক্লাস এর ছাত্র ছাত্রীদের সবাইকে পড়াশুনা ত্যাগ করতে হবে। তাঁরা যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করেছেন—তাতে শিক্ষা বিস্তার হবে না, শিক্ষাকে ব্যাহত করা হবে, ধ্বংস করা হবে। সেই জন্য আমি এই সার্কুলারের তীব্র প্রতিবাদ করছি।

দ্বিতীয়তঃ আমাদের পশ্চিম বাংলায় স্ত্রীশিক্ষার ক্ষেত্রে আঘাৎ হানা হচ্ছে। আজকে এখানে মেয়েদের স্কুলের সংখ্যা হচ্ছে মাত্র ৩৪৩ টি। গ্রামাঞ্চলে ক্লাস এইটথ পর্য্যন্ত বিনা বেতনে স্ত্রী শিক্ষার ব্যবস্থা হয়েছে, কিন্তু ডি, পি, আই এর বর্ত্তমান সার্কুলারে জন্য—স্ত্রী শিক্ষার বিস্তৃতির উপর চরম আক্রমণ হচ্ছে। এই নিয়ে আমি চিফইন্সপেক্টর অফ উইমেন্স এডুকেশন এ, এন, বোস এর সঙ্গে আলোচনা করেছিলাম, তিনিও এই সার্কুলারের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করেছেন এবং বলেছেন যদি এই সার্কুলারকে চালু করা হয় তাহলে গ্রামাঞ্চলে স্ত্রী শিক্ষা সম্পূর্ণ ভাবে ব্যাহত হবে। সুতরাং আমি সমস্ত মাননীয় সদস্যদের এবং বিশেষ করে কংগ্রেস পক্ষের চিন্তাশীল সদস্য যাঁরা আছেন, তাদের সকলের এদিকে দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁদের

অনুরোধ করছি তাঁরা সকলে মিলে শিক্ষা মন্ত্রী মহাশয়কে জোর করে বলুন এই ধ্বংস মূলক পরিকল্পনার কাজ বন্ধ করার জন্য। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এই ধ্বংস মূলক পরিকল্পনা থেকে নিস্কৃতি হবেন।

তারপর প্রাইমারী এডুকেশন্ বা প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ও দেখা যায় সরকারের গাফিলতি আছে। আজ প্রায় ১৩ বছর হতে চললো আমরা স্বাধীন হয়েছি—এখনও পর্য্যন্ত আমাদের এখানে কম্পালসারী এ্যাণ্ড ফ্রি প্রাইমারী এডুকেশন হ'ল না। হয়ত বলবেন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এটা করবার ব্যবস্থা আছে,—যদি হয় খুব ভাল কথা। কিন্তু প্ল্যানিং কমিশন বলেছেন যে কম্পালসারী এ্যাণ্ড ফ্রি প্রাইমারী এডুকেশন না করার ফলে শতকরা ৫০ ভাগ ছাত্র শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে বা বাদ পড়ে যাচ্ছে। শুধু তাই নয়, প্ল্যানিং কমিশন আরও বলেছেন যে প্রাইমারী এডুকেশন্‌কে বাড়াতে গেলে জনসাধারণের পরিপূর্ণ সহযোগিতা চাই। সেদিক থেকে যে সমস্ত কমিটি হয়েছিল, সেগুলিকে সরকার খর্ব করে দিচ্ছেন। সরকার জনসাধারণ থেকে যতদূর সম্ভব দূরে থাকবার চেষ্টা করছেন। সর্ব্ব প্রথম যে প্রাথমিক শিক্ষকদের পরিপূর্ণ সহযোগিতার প্রয়োজন, সেই প্রাথমিক শিক্ষকদের উপর অমানুষিক ব্যবহার করা হচ্ছে।

তারপর শিক্ষকদের বেতন সম্পর্কে যদি আমরা দেখি—তাহলে দেখাযাবে তাঁরা অত্যন্ত অল্প বেতন পান। এই অল্প বেতনে তাঁরা তাঁদের জীবন চালাতে পারেন না। এই সমস্ত প্রাইমারী শিক্ষকরাই গঠণ করেন আমাদের দেশের সুকুমারমতি বালকদের চরিত্র, যারা ভবিষ্যৎ জগতের এক একটা স্তম্ভ হিসাবে দাঁড়াবে। আজ যদি সেই প্রাথমিক শিক্ষকদের সমাজে কোন স্থান না থাকে, চাকরীর যদি কোন স্থায়ীত্ব না থাকে, তাঁরা যদি নিজেদের ভরণ পোষণের উপযোগী মাইনা না পান, তবে তাঁদের পক্ষে শিক্ষা দানের দিকে মন-প্রান ঢেলে দেওয়া একেবারে অসম্ভব।

[5—5-20 p.m.]

সামান্য ৬২৷৷০ টাকা মাইনে প্রাথমিক শিক্ষকদের দিয়ে আমরা জাতি গঠন করতে পারি না। তাতে ছেলেরা মানুষ হতে পারে না। তাছাড়া তাঁরা বিভিন্ন পর্য্যায়ের শিক্ষকদের বেতন হারের মধ্যে একটা ডিসক্রিমিনেশনের ব্যবস্থা করেছেন। ম্যাট্রিক ট্রেণ্ড স্পেশাল কেডার শিক্ষকরা ও নর্ম্মাল জুনিয়র স্কুলের শিক্ষকরা যে বেতন পান, তার তুলনায় বি-এ ও আই-এ পাশ করা ছেলেরা বেশী মাইনে পায়। এই অবস্থা চলতে দেওয়া উচিত নয়। এটা বন্ধ করা উচিত। এ ছাড়া আর একটা ব্যবস্থা করা প্রয়োজন। এই স্পেশাল কেডারের শিক্ষকরা যাতে ছেলেদের ভালভাবে শিক্ষা দিতে পারেন, তার জন্য তাঁদের চাকরী স্থায়ী করা প্রয়োজন। সেটা আপনারা আজ পর্য্যন্ত করলেন না। আর একটা জিনিষও বন্ধ করা আশু দরকার। আপনারা এই প্রাথমিক শিক্ষকদের যখন তখন—আপনাদের খুসী অনুযায়ী এক স্কুল থেকে অন্য স্কুলে বদলী করে তাঁদের পক্ষে চাকরী করা একেবারে অসম্ভব করে তুলেছেন। অনেক সময় শিক্ষকদের পক্ষে অন্য জায়গায় গিয়ে কাজ করা সম্ভব হয় না। এখানে বহু সদস্য আছেন,—তাঁরা জানেন, কিভাবে অন্যায়ভাবে প্রাইমারী শিক্ষকদের এক জায়গা থেকে অন্য জায়গায় ট্রান্সফার করে তাঁদের জীবনকে পর্য্যুদস্ত করা হয়।

তারপর মাধ্যমিক শিক্ষকদের কথা বলতে গেলেও ঐ একই কথা খাটে। আমি নিজে একজন শিক্ষক। শিক্ষকদের ভবিষ্যৎ জীবন সম্বন্ধে আজ সমস্ত সদস্যদের চিন্তা করা উচিত। এই সব শিক্ষকরা তাঁদের চাকরী জীবনের শেষে কোথায় যায়, কোথায় থাকে, কি খায়,—

এই কথাটা যদি চিন্তা করা না যায়, তাহলে একটু সুস্থ সবল জাতি তাঁদের দ্বারা গড়ে উঠতে পারে না। আমাদের দেশের শিক্ষকরা—তাঁদের চাকরীর স্থায়িত্ব নাই, সমাজেও তাঁদের কোন সম্মানজনক স্থান নাই। সমস্ত জীবন হাড়ভাঙ্গা খাটুনীর পরে ক্লান্ত দেহে, শ্রান্ত মনে জীবনের শেষ প্রান্তে এসে পৌঁছায়,—তখন আর তাঁদের দাঁড়াবার কোন স্থান থাকে না। গরীব শিক্ষকদের তখন ভিক্ষাবৃত্তিই একমাত্র অবলম্বন হয়। একমুঠো ভিক্ষার জন্য শেষে তাঁরা লোকের দ্বারে দ্বারে ঘুরে বেড়ান। আমি জানি বহু শিক্ষক তাঁদের অবসর জীবনে ভিখেরী হয়েছেন। যাঁরা সমাজ ও জাতিকে গঠন করবেন, যাঁদের উপর লক্ষ লক্ষ ছাত্রদের শিক্ষার দায়িত্ব ন্যস্ত,—তাঁদের প্রতি এই অবজ্ঞা, অবহেলা, অশ্রদ্ধা, তাঁদের প্রতি এই অহেতুক অবিচার কখনো কোন স্বাধীন জাতি সহ্য করতে পারে না।

শেষে আমি স্যার, আপনার মাধ্যমে কয়েকটি দাবী মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। আমার প্রথম নম্বর দাবী হচ্ছে—জুনিয়র হাই স্কুলগুলিকে মঞ্জুরী না দেওয়ার জন্য ডি-পি-আই যে সার্কুলার দিয়েছেন—সেটা অবিলম্বে প্রত্যাহার করা হোক। তা যদি না করা হয়, তাহলে শিক্ষার বিস্তৃতি সম্পূর্ণভাবে অসম্ভব হয়ে উঠবে।

দ্বিতীয় হচ্ছে—স্পেশাল কেডার শিক্ষক ও অন্যান্য প্রাথমিক শিক্ষক—যাঁদের চাকরী স্থায়ী নয়, তাঁদের চাকরী স্থায়ী করার ব্যবস্থা করা হোক্।

তৃতীয় দাবী হচ্ছে—নামমাত্র মাইনে দিয়ে সরকার শিক্ষকদের হত্যা করবার চেষ্টা করছেন,—তাঁদের সমস্ত স্তরের শিক্ষকদের উপযুক্ত বেতনের ব্যবস্থা করা হোক্।

চতুর্থ দাবী হচ্ছে—বৃদ্ধ অবসরপ্রাপ্ত শিক্ষকদের জন্য ভাতা দেওয়ার ব্যবস্থা হোক্।

পঞ্চম দাবী হচ্ছে—ছাত্র-ছাত্রীদের প্রাইভেট পরীক্ষা বন্ধ করা হবে না, বজায় রাখতে হবে।

ষষ্ঠ দাবী হচ্ছে—স্ত্রীশিক্ষা প্রসারের জন্য স্বতন্ত্র করে প্রতি জেলায় একজন করে স্কুল পারদর্শকের ব্যবস্থা করা হোক্।

সপ্তম দাবী হচ্ছে—ক্লাস টেন ও ইলেভেন ক্লাসের স্কুলগুলিতে ক্লাস নাইন ও ক্লাস টেন-এর একই সিলেবাসের ব্যবস্থা করা হোক্।

প্রাথমিক শিক্ষকদের কোন রকমে বদলী করা চলবে না।

বন্যা প্লাবিত অঞ্চলে যে সমস্ত স্কুল বন্যার দরুণ ধ্বংসপ্রাপ্ত হয়েছে, সেই সব স্কুলের পুনর্গঠন করবার জন্য প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করা হোক্।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment*]

[5-20—5-30 p.m.]

Deputation of Shop Assistants

Shri Nepal Ray :

স্যার, পশ্চিমবঙ্গের দোকান কর্ম্মচারীদের তরফ থেকে প্রায় দুই হাজার লোক বিক্ষোভ করে এখানে এসেছে। পশ্চিমবঙ্গের দোকান কর্মচারীদের জন্য কোন রকম আইন প্রণয়ন করবার চেষ্টা হচ্ছে না, তাদের প্রোটেকশনএর জন্য কোন আইন নেই। তাদের ১৪।১৫ ঘণ্টা করে কাজ করতে হয়, তাছাড়া ঠিকমত মাইনে দেওয়া হয় না, ছুটি দেওয়া হয় না। সেইজন্য তাদের একটা মেমোরাণ্ডাম আমি মাননীয় শ্রমমন্ত্রীর কাছে পেশ করতে চাই।

Shri Jatindra Chandra Chakravorty :

স্যার, আমি এক মিনিট বলতে চাই এই ব্যাপার নিয়ে। আমাদের মাননীয় শ্রমমন্ত্রী বলেন যে, তিনি দোকান কর্মচারী আইন সংশোধন করার চেষ্টা করছেন। তিনি যদি এ সম্বন্ধে দু'একটি কথা বলেন তহেলে ভাল হয়।

The Hon'ble Abdus Sattar :

আমি এক মিনিটেই বলে দিচ্ছি। একথা ঠিক নয় যে দোকান কর্মচারী আইন নেই। একটা আইন আছে সেটা সংশোধন করে একটা নূতন আইন আনছি। আমি আশা কার দু'এক সপ্তাহের মধ্যেই এই আইনের খসড়া ক্যালকাটা গেজেটে প্রকাশিত হবে।

Dr. Maitreyee Bose :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে একটা প্রশ্ন করতে চাই। তিনি যখন উত্তর দেবেন তখন যদি এই প্রশ্নের উত্তর দেন তাহলে তাঁর কাছে কৃতজ্ঞ থাকবো। (১)নং হচ্ছে গান্ধীজীর প্রচলিত বুনিয়াদী শিক্ষা নইতালিন এর সঙ্গে আজকের বুনিয়াদী শিক্ষার কি সম্পর্ক ? (২) নং, গান্ধীজীর প্রচলিত বুনিয়াদী শিক্ষায় যারা শিক্ষা পাবে, তাদের উচ্চ শিক্ষার জন্য কোন ইন্টিগ্রেশন প্রোগ্রাম আছে কিনা ? (৩) নং, যে সমস্ত অনাথ শিশু আশ্রম এডুকেশন ডিরেকটোরেট-এর অধীনে আছে সেইগুলিকে ক্রমশ: ছোট করে নিয়ে এসে গভর্ণমেণ্টের যে সমস্ত অনাথ শিশু আশ্রম আছে সেখানে এই সমস্ত ছেলেদের নিয়ে যাবার ব্যবস্থা করা যায় কিনা ?

DEMAND FOR GRANT NO. 20

Major Head : 37—Education.

Shri Natendra Nath Das :

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় গত শনিবারে যে বক্তৃতা দিয়েছিলেন এবং আজকে যে কথা বললেন, তাতে মনে হয় তিনি যেন প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক ও ব্যাপক করবার জন্যই পরিকল্পনা করছেন। কিন্তু সংবিধানে আছে এটা ১৪ বৎসর বয়স্ক পর্য্যন্ত করতে হবে। বালিকাদের জন্য করেছে, সেটা ক্লাস এইট পর্য্যন্ত। কিন্তু এটা তাঁর স্মরণ থাকা দরকার যে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে ১৪ বৎসর বয়স্ক ছাত্রদের অবৈতনিক বাধ্যতামূলক করতে শিক্ষার ব্যবস্থা করতে হবে। তারপর স্কুলবোর্ড, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার ব্যাপারে আমার বক্তব্য কিছু রাখবো যদিও আমার সময় কম। স্কুল বোর্ডের ১৯৩০ সালে যে রুলস, যে আইন হয়েছিল তা আজ পর্য্যন্ত পরিবর্ত্তন করা হল না। আমি দেখেছি যে এই স্কুল বোর্ডের যে আইন তা সম্পূর্ণ আনডেমোক্রেটিক, অগণতান্ত্রিক। আমি মেদিনীপুর জেলার কথা বলছি। সেখানে ১০ বৎসর আগে যে জেলাবোর্ড হয়েছিল, যে ইলেকশন হয়েছিল, যার পরে জালান সাহেবের আমলে আর হল না, সেই পুরানো জেলা বোর্ডই সেখানে ৫ জন সদস্যকে পাঠিয়ে দিল শিক্ষাবোর্ডে। এ ছাড়া শিক্ষাবোর্ডে সরকারের মনোনীত সদস্যও আছে। কাজেই শিক্ষাবোর্ডের ভিতরে যাতে সমস্ত শ্রেণীর লোক থাকে,—রাজনৈতিক দৃষ্টিভঙ্গী দিয়ে যাতে এটা সংগঠিত না হয়, সেদিকে সরকারের দৃষ্টি দেওয়া উচিত।

[5-30—5-40 p.m.]

কিন্তু দুঃখের বিষয় আমাদের মেদিনীপুর জেলায় যা দেখছি তাতে এ কথা বলতে একটু দ্বিধা হয় না যে, স্কুল বোর্ড আজকে সম্পূর্ণ রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নিয়ে পরিচালিত হচ্ছে। এখন আমি সাধারনভাবেই শুধু বলব, কাটমোশানে আমি বিস্তারিতভাবে দেখাব যে, আজ শিক্ষা ব্যাপারেও কি রকম রাজনীতি করা হচ্ছে। এখানে মাননীয় মন্ত্রীমহাশয় একটা সারকুলারের কথা বল্লেন শিক্ষকদের ডিপার্টমেণ্টাল ট্রান্সফার সম্বন্ধে, কিন্তু সেই সারকুলার কার্য্যকরী হচ্ছে বলে মনে হয় না। যে সব শিক্ষক কংগ্রেসের দলীয় প্রচারকার্য্যে অংশ গ্রহণ করতে রাজী হন না তাঁদের বদলী করে দেওয়া হয়। প্রাথমিক শিক্ষকদের মাইনে সামান্য, তাঁদের কার্য্যস্থল যদি বহুদূরে হয় তাহলে তাঁদের পক্ষে অসুবিধা হয়। যদি তাঁদের কার্য্য সম্পাদনে কোন ত্রুটির দরুন শাস্তি দিতে হয় তাহলে ডিপার্টমেণ্ট তাঁকে অন্যভাবে শাস্তি দিতে পারেন। কিন্তু রাজনৈতিক কারণে তাঁদের বদলী করে দেওয়া হচ্ছে। তারপর আমি জানি, আমার নিজের কনষ্টিটিউসন-তে এই রকম ঘটনা হয়েছে—রাজনৈতিক কারণে স্কুলবোর্ড মঞ্জুরী দিচ্ছে না—স্কুল ইন্সপেক্টিং ষ্টাফ রিকমেণ্ডেসন করা সত্বেও স্কুলবোর্ড মঞ্জুরী দেয় না। তার একমাত্র কারণ এই যে, বামপন্থী এলেকায় স্কুলএ মঞ্জুরী দেওয়া হবে না—এ ছাড়া আর কি কারণ থাকতে পারে মঞ্জুরী না দেওয়ার ? এগরা থানায় বিলোনীয়া স্কুলের মঞ্জুরী দেওয়া হচ্ছে না যদিও ডিপার্টমেণ্ট থেকে রেকমেণ্ড করা হয়েছে। মাধ্যমিক শিক্ষা ও প্রাথমিক শিক্ষার সিলেবাস সম্পর্কে মাননীয় সত্যেন মজুমদার বিশদভাবে বলেছেন, আমি শুধু এইটুকু বলতে চাই যে, এই দু'টার মধ্যে সিলেবাস এমন তফাৎ যে, প্রাথমিক শিক্ষা পাশ করে যখন হাই স্কুলে ভর্ত্তি হবার জন্য যায় তখন ছেলেরা উপযুক্ত বিবেচিত হয় না। "কিশলয়" বিতরণের ব্যবস্থা মফঃস্বলে করা উচিত, শুধু কলিকাতায় এজেন্সি রাখলে ছাত্রদের কাছে পৌঁছাতে অনেক দেরী হয়। এই ব্যবস্থার দরুণ ব্ল্যাক মার্কেটে ডবল দাম দিয়ে কিনতে হয়। জেলা টাউনে ও মহকুমা টাউনে এজেন্সী দেবার ব্যবস্থা করা উচিত বলে আমি মনে করি। প্রাথমিক শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ড-এর ব্যবস্থা ১৯৫৯ সালের এপ্রিল মাস থেকে কার্য্যকরী হবে বলে বারবার ঘোষণা করা হয়েছে কিন্তু এ পর্য্যন্ত তার কোন ব্যবস্থা হল না। তাঁদের সার্ভিস বুকও এখনো খোলা হল না। যে সমস্ত শিক্ষক ১৯৫৯।৬০ সালে অবসর গ্রহণ করেছেন বা করবেন তাঁদের গ্রাচুইটি দেবারও কোন ব্যবস্থা হল না। দশ বৎসর স্থায়ী চাকরী হলে গ্রাচুইটি পাবার অধিকারী হওয়া সত্বেও আজ পর্য্যন্ত তাহার কোন ব্যবস্থা হল না। তারপর যোগ্যতা নির্দ্ধারণের জন্য ইণ্টারভিউর নিয়ম থাকা সত্বেও নিজেদের খামখেয়াল অনুসারে নিজেদের দলপুষ্টির জন্যকয়েকজন শিক্ষককে বসিয়ে দেওয়া হয়। কার্য্যদক্ষতা বা সিকিউরিটি উপেক্ষা করে নিজেদের ইচ্ছামত একজনকে বসিয়ে দিলেই হল। এ নিয়ে শিক্ষক-দের মধ্যে দারুণ অসন্তোষ রয়েছে। তারপর, মিঃ স্পীকার, স্যার, আপনি শুনলে অবাক হবেন যে, জানুয়ারী মাসের বেতন তো দূরের কথা, ডিসেম্বর মাসের বেতনও এখন পর্য্যন্ত পাওয়া যায়নি,—আমি, মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে জানতে চাই শিক্ষা বিভাগে, কি সেক্রেটারিয়েট কি ডাইরেকটোরেটএ কার বেতনের টাকা এভাবে বাকী পড়ে থাকে, তারা তো সকলেই পেয়ে গিয়েছেন। দরিদ্র শিক্ষক, এমনিতেই তাঁদের সংসার চলে না, এর উপর তাঁদের মাইনে যদি এভাবে বাকী পরে তাহ'লে শিক্ষা বিভাগের কর্মকুশলতার উপর মানুষের কখনই শ্রদ্ধা থাকতে পারে না। এনিয়ে আমাদের আইন সভায় বহুবার আলোচনা হয়েছে—এর একটা সুব্যবস্থাও মন্ত্রী মহাশয় করতে পারেন না ? তারপর অনেক

স্কুলের ১৯৫৭।৫৮ সালের গ্র্যাণ্ট এখনো সম্পূর্ণ পাওয়া যায়নি, আবার কোন কোন স্কুলে সেকেণ্ডারী এডুকেশন সম্বন্ধে আমি এখানে বলছি—১৯৫৮।৫৯ সালের ফাইনাল গ্র্যাণ্ট পাননি। সেকেণ্ডারী এডুকেশন বোর্ড আর এডুকেশন ডিরেক্টোরেট এই দুইএর দ্বৈত শাসনের ফলে আজ শিক্ষার ক্ষেত্রে এক দারুণ বিশৃংখলা দেখা দিয়েছে। আমি এখানে একটা বিশেষ স্কুলের প্রতি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই—কাঁথি সহরের, চন্দ্রমণি ব্রাহ্ম বালিকা বিদ্যালয় ৫০।৬০ বৎসরের বিখ্যাত স্কুল। এই বিদ্যালয়ের কিছু কিছু ছাত্রীকে কাঁথি সহরের ক্ষেত্রমোহন বালক বিদ্যালয়ে নিয়ে আসার জন্য চেষ্টা করলেন সেখানকার কংগ্রেসী চাঁইরা, এবং এজন্য সেকেণ্ডারী এডুকেশন বোর্ডএ উপমন্ত্রী চারুচন্দ্র মহান্তীসহ সহশিক্ষার জন্য ডেপুটেশন-এ এসেছিলেন, কিন্তু দুইবার তাঁদের দাবী টার্ণড ডাউন হয়। কিন্তু কি কারণে জানিনা এবার তাঁদের স্পেশাল পারমিশন দেওয়া হয়েছে। আমি এখানে মেয়েদের বিরুদ্ধে কিছু বলতে চাই না, তারা প্রাইভেট ছাত্রী হিসাবেও পরীক্ষা দিতে পারত। আমি এ বিষয়ে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shrimati Labanya Prova Ghosh

শিক্ষার প্রশ্নের সংগে যেখানে গণতান্ত্রিক জীবনের প্রশ্ন জড়িত, যেখানে দেশের অর্থনৈতিক জীবনের—তথা সর্বাঙ্গীন অগ্রগতির প্রশ্নের সংগে শিক্ষার প্রশ্ন জড়িত, সেখানে জরুরী পরিস্থিতির মধ্যে শিক্ষাকে এক নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে দেখতে হবে। এখানে উচ্চতর গভীরতর শিক্ষা ব্যবস্থার সংগে ব্যাপকতর জরুরী শিক্ষা ব্যবস্থার প্রশ্নও সবিশেষ প্রয়োজনের। কিন্তু সমাজে সৌভাগ্যবান প্রগতি সম্পন্নের দল—যাঁদের হাতে ক্ষমতার নেতৃত্ব তাঁদের এই ব্যাপকতর শিক্ষা ব্যবস্থার প্রতি অন্তরের আগ্রহ মাত্র নেই। তা থাকলে জনজীবনের আশা আকাঙ্খার সংগে ঘনিষ্ঠ ভাবে পরিচিত হবার চেষ্টা তাঁরা করতেন। তাদের অর্থ নৈতিক সামাজিক জীবনের দৃষ্টিতে তাদের বিশেষ শিক্ষার চাহিদার সংগে ঘনিষ্ঠভাবে পরিচিত হবার জন্যে এই সৌভাগ্যবানের দল জনজীবনের ক্ষেত্রে নেমে আসতেন। কিন্তু আজ তাদের জীবনের সংগে যেমন এদের যোগ নেই—তেমনি তাদের জন্য আন্তরিক কোনো পরিকল্পনাও এঁদের নেই। জাতিগঠনের প্রথম অধ্যায়ে যে শিক্ষা সবচেয়ে জরুরী সেই গণশিক্ষার স্থান আজ আদৌ নেই। মামুলি শিক্ষার যে ব্যবস্থাটুকু আছে শিক্ষা ব্যবস্থার আড়ম্বরের চাপে তারও শ্বাস রুদ্ধ হয়ে আসতে চায়। দেশের চাহিদার দৃষ্টিতে শিক্ষার বিষয় বস্তু ও তার প্রসারটাই আজ বড়। কিন্তু তাঁদের কাছে আজ বড়ো শিক্ষার নামে আয়োজনের বৈভব। সেজন্য কাজের গতিও আজ অবরুদ্ধ হয়ে আছে। দেশের জনসাধারণ শিক্ষার প্রতি ক্রমবর্দ্ধমান সহজ আগ্রহে নিজেদের ধারায় নিজেদের চেষ্টা ও শক্তিতে কাজ আগিয়ে নিয়ে যেতে পারে। যদি অনুমোদন পায় এবং যদি কর্মধারার সুযোগ্য নির্দেশ ও কিছু সহায়তা পায়। কিন্তু অনুমোদনের পায়ে আজ ব্যয় বহুল গৃহ ব্যবস্থার ও বহুবিধ আড়ম্বরের সর্ত্তের বেড়ী পরিয়ে রাখা হয়েছে। বিহারের হাত থেকে যে মানভূম বাংলায় এলো সে মানভুম বহু ভাবে ক্ষতিগ্রস্ত ও অনগ্রসর। আমাদের আশাছিল এখানের পিছিয়ে পড়া কাজ এগিয়ে নিয়ে যাবার জন্যে আন্তরিকতার দৃষ্টি নিয়োজিত হবে। কিন্তু তার পরিবর্ত্তে যে এহেন মানভুমের ক্ষেত্রেও রাজনৈতিক আবর্ত্ত, যে উদাসীনতা, যে অমনোযোগিতা ও অব্যবস্থা চলেছে তা সমগ্র রাজ্যের অবস্থারই পরিমাপক। অবাঞ্ছিত রাজনৈতিক লক্ষ্যে অযোগ্য, অবিহিত, স্কুল নামধেয় আখড়াকে যে সহায়তা দেওয়া হচ্ছে তা আর যাই হোক, আইন সংগত নয়। রাজনৈতিক উদ্দেশ্যে—স্কুল কমিটির ব্যবস্থাকে কার্য্যসিদ্ধির ব্যবস্থায় রূপান্তরিত করার প্রচেষ্টারও দৃষ্টান্তের অভাব হবে

না। যে শিক্ষকের দাবী ন্যায়সংগত তাকে বিশেষ উদ্দেশ্যে বঞ্চিত করে অপর অনুগ্রহ ভাজনের জন্য অন্যায়ভাবে ক্ষেত্র করার সাম্প্রতিক দৃষ্টান্ত ও জমা হয়ে আছে। দীর্ঘসূত্রিতা —দুর্নীতি—এই দুটি মূল সরকারী স্বভাব ধারা পুর্বের মতই আজও শিক্ষা বিভাগেরও স্বাভাবিক সত্য। সরকারী ব্যবস্থাধীনে পরিচালিত উচ্চ স্কুল বিষয়েও ব্যাপক অভিযোগ ঘটে আসছে, কিন্তু প্রতিকার ব্যবস্থা নেই। আরো বহু ব্যবস্থার বিষয়ে এই এক কথা। মানভূম বাংলার সংগে যুক্ত হওয়ার ফলে শিক্ষা ক্ষেত্রে যে সকল বিশেষ প্রশ্নের অভ্যুদয় হোল, আরও কতকগুলি প্রশ্ন আজও শিক্ষাদপ্তরের মধ্যে অমীমাংসিত রূপে ঘুরপাক খাচ্ছে। তারজন্য বহু ব্যক্তি অনিশ্চয়তা ও ক্ষতির মধ্যে আছেন। এগুলিকে মনোযোগ দিয়ে দেখবার মত অবসরও আজ শিক্ষা বিভাগের নেই। সরকারী অপর যন্ত্রগুলির মত শিক্ষা বিভাগায় যন্ত্রও গতানুগতিকতা বহন করার জন্যই কর্মব্যস্ত। যে শিক্ষার দৃষ্টিভাব বিপ্লব আনে সে দৃষ্টির পরিচয় এখানে নেই। তাকে রুদ্ধ করে রাখবার আয়োজনই এখানে সম্পূর্ণ।

[5-40—5-50]

Shrimati Abhalata Kundu :

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষাখাতের জন্য যে ব্যয়বরাদ্দের দাবী উপস্থিত করেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। আমাদের বিরোধী পক্ষের বক্তারা এতক্ষণ পর্যান্ত যে সমস্ত বক্তৃতা করলেন তা আমি শুনেছি। তাঁদের বক্তৃতা শুনে আমার মনে হোল যে, বাংলাদেশের শিক্ষাখাতে এতদিন পর্য্যন্ত যে কোটি কোটি ব্যয় হোল তা' সবই যেন অপব্যয় হয়েছে। কিন্তু আমি বলব যে এ চোখ বুজে সত্যকে অস্বীকার করার চেষ্টা ছাড়া আর কিছুই নয়। আমাদের দেশ দু-শ বছর ধরে পরাধীন ছিল এবং সেই পরাধীনতার যুগে এদেশের শিক্ষার দীপ যে নিভে গিয়েছিল সে কথা মিথ্যে নয়। তবে আজ এই ১১ বছরের স্বাধীনতার মধ্যে আমাদের সরকার যা' করেছেন তা মোটেই নগণ্য নয়, প্রাথমিক শিক্ষা, সেকেণ্ডারী এডুকেশন এবং ইউনিভার্সিটি এডুকেশন এর যে দিকেই তাকাই না কেন আমরা দেখব যে আমরা পিছিয়ে তো নেই বরং এডুকেশন-এর বিরাট সম্প্রসারণ ঘটেছে। কিন্তু তাঁরা এটা স্বীকার না করে কেবলই বলছেন যে কিছুই হয়নি। কিন্তু আমার মনে হয় ইভেন দি ডেভিল হ্যাজ হিজ ডিউ। যা হোক, সরকার যা' করেছেন এর একটা স্বীকৃতি তাঁদের কাছ থেকে আমরা আশা করি। আমি অবশ্য এ কথা বলছি না যে আমাদের শিক্ষাখাতে আর কিছু করবার নেই বা সব সমস্যার সমাধান হয়ে গেছে। আমি কয়েক বৎসর ধরে এই শিক্ষা বিভাগের কাজে রত রয়েছি এবং শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে কিছু বলতে গেলে আমার খুব আনন্দ হয়, আমি বহু দিন ধরে এই শিক্ষা বিভাগের কাজকর্ম্ম খুব মনোযোগ দিয়ে লক্ষ্য করেছি এবং প্রতিটি সমস্যার কথা চিন্তা করেছি। আমার সময় খুব সংক্ষিপ্ত কাজেই আমি প্রাথমিক বা মাধ্যমিক শিক্ষা এবং কলেজের শিক্ষা ক্ষেত্রে আমরা যে সমস্যার সম্মুখীন হয়েছি সে সম্বন্ধে কিছু বলব। একটি দিকের কথা হচ্ছে উচ্চতর শিক্ষাক্ষেত্রে উপযুক্ত শিক্ষকের অভাব। শিক্ষা বিভাগের পুরাতন নিয়ম ছিল যে, যিনি কলেজে অধ্যক্ষ হবেন তার প্রথম শ্রেণীর কোয়ালিফিকেসন থাকা দরকার। আজ কাগজে কলমে সেই কোয়ালিফিকেসনের কথা আছে বটে কিন্তু দুর্ভাগ্যক্রমে অধিকাংশ ক্ষেত্রেই আমরা প্রথম শ্রেণীর লোক পাইনা। এর কারণ হচ্ছে যে, আজ জাতীয় সম্প্রসারণের দিনে প্রচুর লোক বিভিন্ন ক্ষেত্রে উচ্চতর শিক্ষা লাভ করে শিক্ষাক্ষেত্র পরিত্যাগ করে উচ্চতর বেতনে অন্যত্র চলে যাচ্ছেন। তবে এদিকে একটা উল্লেখ যোগ্য ঘটনা হচ্ছে যে ইউনিভার্সিটি গ্রাণ্টস কমিশন এর প্রচেষ্টায় শিক্ষকদের ও বেতন বৃদ্ধির

চেষ্টা করা হচ্ছে। এ ব্যবস্থার ফলে কলেজের শিক্ষকদের অবস্থা যে পূর্বাপেক্ষা অনেক উন্নতি হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবে হয়ত এমনও দেখা যেতে পারে যে শিক্ষকদের বেতনের হার এখনও তেমন উপযুক্ত হয়নি বলে আমরা যোগ্যতাসম্পন্ন লোক পাচ্ছি না। সে ক্ষেত্রে আমি সরকারকে অনুরোধ করব যে, তাঁরা যেন উপযুক্ত লোককে শিক্ষাক্ষেত্রে আকর্ষণ করবার প্রচেষ্টা করেন এবং সকল দিকে দৃষ্টি রাখেন। কেননা শিক্ষার কথা যাঁরা ভাবেন তাঁরা যদি উপযুক্ত না হন তাহলে শিক্ষা ক্ষেত্রের সমস্ত প্রচেষ্টা বন্ধ হয়ে যাবে। এজন্য হয়ত পে স্কেল রিভাইজ করার দরকার হতে পারে যাতে করে যোগ্যতর লোকদের শিক্ষাক্ষেত্রে আকর্ষণ করা যায়। তবে যদি বেতন বৃদ্ধি করা সম্ভব নাই হয় তাহলে অধ্যাপক এবং অধ্যাপিকাদের নানা রকম সুযোগ সুবিধা এবং সমাজে সম্মান ও প্রতিষ্ঠা দিতে হবে যাতে করে তাঁরা সংসারের সকল চিন্তা ভাবনা থেকে দূরে থেকে নিশ্চিন্ত মনে একমাত্র শিক্ষাক্ষেত্রেই আত্মনিয়োগ করতে পারেন। আর একটা কথা বলব যে আজকাল ছাত্রছাত্রী মহলে ক্রমবর্দ্ধমান উশৃঙ্খলা দেখা যাচ্ছে এবং এ সম্বন্ধে বহু মনীষী তাঁদের মতামত ব্যক্ত করেছেন। তবে সবচেয়ে বড়কথা এবং যেটা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি সেটা হোল যে, স্বাধীনতার পর আমাদের ছাত্রছাত্রীদের মধ্যে উশৃঙ্খলা অত্যন্ত বৃদ্ধি পেয়েছে। আমরা যখন ছাত্র জীবন যাপন করেছি তখন আমরা বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করেছি। কিন্তু আশ্চর্য্য যে, তখন আমরা এই জিনিষ দেখিনি অথচ আজ আমরা দেখতে পাচ্ছি যে, ছাত্রছাত্রীরা পরীক্ষার হল থেকে বেরিয়ে আসছে এবং কলেজের বাড়ীঘর, আসবাব পত্র সব ভেঙ্গে ফেলছে।

[5-50--6 p.m.]

সেখানকার বিল্ডিংগুলি ডিসটার্ব করছে, এগজামিনেশান হলে সেখানে অসৎ উপায় নেওয়া হচ্ছে সেখানে তা ধরতে গেলে যিনি পাহারা দিচ্ছেন তাঁকে নানা ভাবে ভয় দেখান হচ্ছে, এই সমস্ত অনেক জিনিষের কথা চিন্তা করলে অত্যন্ত লজ্জা পেতে হয় এবং গভীর দুঃখ পেতে হয়। অবশ্য জাতীয় নেতাদের দৃষ্টি এ দিকে আকৃষ্ট হয়েছে এবং কেন্দ্রীয় সরকার জাতীয় নৈতিকমান উন্নয়নের জন্য যে পরিষদ নিয়োগ করেছিলেন তাঁরা এই অভিমত প্রকাশ করিয়াছেন যে শিক্ষা ক্ষেত্রে চরিত্র গঠনের দিকে প্রধাণতঃ দৃষ্টি দেওয়ার সময় এসেছে। আমরা স্কুল কলেজে ইতিহাস, ভূগোল, ইংরাজী পড়াই কিন্তু যেসমস্ত বড় বড় গুণ জাতীয় জীবনকে বড় করে তোলে, সে সমস্ত জিনিষকে আমরা ইটারন্যাল ভ্যালু অফ লাইফ বলতে পারি এই সমস্ত জিনিষগুলির দিকে স্কুল কলেজে দৃষ্টি দেওয়া হয় না। আমরা আশা করব কেন্দ্রীয় বোর্ডের সুপারিশ অনুযায়ী আমাদের বাংলা দেশের স্কুল কলেজগুলি ছাত্র-ছাত্রীদের নৈতিক মান উন্নয়ন করার দিকে দৃষ্টি দেবেন। সমাজে বাস করতে হলে সত্যিকারের কি আচরণ আমাদের করা উচিত,—শিক্ষকদের সংগে ছাত্রদের, পিতার সঙ্গে পুত্রের এবং একটা নাগরিকের সঙ্গে আর একটা নাগরিকের সত্যিকারের কি সম্পর্ক হওয়া উচিত হোয়াট সুড দি রাইট কাইণ্ড অফ রিলেসনশিপ এটা যদি আমরা না শিখাতে পারি তাহলে আমাদের শিক্ষা সম্পূর্ণ ভাবে ব্যর্থ হয়ে যাবে। সে জন্য আজকে ছাত্র সমাজের মধ্যে এত উচ্ছৃঙ্খলতা দেখা যায়। তবে আমি অবশ্য এ কথা বলিনা যে শুধু মাত্র কতকগুলি নীতির বুলি শিখিয়ে দিলেই সমস্ত ঠিক হয়ে যাবে, কারণ, ছাত্র সমাজের বাইরেও উচ্ছৃঙ্খলতা দেখতে পাওয়া যাচ্ছে। গতকাল রাজ্যসভায় বক্তৃতার সময় কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী কারমারকার বলেছেন যে

"I hardly find any foodstuff which is not adulterated. It reflects totally on the moral values of the people".

এর কারণ অনুসন্ধান করতে গিয়ে তিনি বলেছেন যে সমগ্র দেশ জুড়ে জাতীয় চরিত্রের অবনতি ঘটেছে যার জন্য নাকি এটা হতে বাধ্য। কোন কোন সদস্য যখন বলেছেন যে এর জন্য গভর্ণমেণ্টই দায়ী তখন তিনি বলেছেন যে একা গভর্ণমেণ্ট কি করতে পারেন—যেখানে ১শো টা লোক দোষ করেছে সেখানে ১ জনকে ধরে শাস্তি দিতে পারেন কিন্তু সকল লোককে তো শাস্তি দিতে পারেন না। এ রোগের যদি কোন ঔষধ আবিষ্কার করতে হয় তাহলে সমস্ত দেশ জুড়ে আমাদের জাতীয় জীবনের নৈতিক মানকে উন্নত করবার চেষ্টা করতে হবে। আমাদের দেশের সবচেয়ে বড় সম্পদ হচ্ছে জনসম্পদ। সেই জনসম্পদ যাতে সত্যিকারের নাগরিকের মর্যাদা লাভ করতে পারে সে দিকে যদি দৃষ্টি দিতে না পারি তাহলে কেবল মাত্র প্রোজেক্টস করে ড্যাম্স করে আমরা আমাদের দেশকে রক্ষণ করতে পারব না। আজ থেকে দুই হাজার বছরেরও বেশী আগে এথেন্সের বিখ্যাত পলিটিসিয়ান পেরিকিল্স বলেছিলেন

"Houses and cities do not make men but men them"

মানুষই সৃষ্টি করেছে নগর, মানুষই সৃষ্টি করেছে সভ্যতা, কাজেই নগর দিয়ে সভ্যতার পরিমাপ হবে না। আমরা এত বড় বড় হর্ম্য গড়ে তুলেছি তা দিয়ে আমাদের সভ্যতার পরিমাপ হবে না, যখন আমাদের একজন নাগরিক বিদেশে যে কোন জায়গায় গিয়ে সত্যিকারের একজন সিটিজেন্স অফ দি ওয়ার্লড হিসাবে ব্যবহার করতে পারবে তখনই আমরা জানব যে সত্যিকারের নাগরিক তৈরী করতে পেরেছি এবং সেটা করবার জন্য আমাদের সরকারের সমস্ত প্রযত্ন নিয়োগ করা উচিত বলে আমি মনে করি। আমাদের রাষ্ট্রের প্রতীক হচ্ছে অশোক চক্র। সম্রাট অশোকের মহান আদর্শকে আমরা আমাদের রাষ্ট্রের মহান আদর্শ বলে স্বীকার করে নিয়েছি। প্রজার কল্যান কল্পে সম্রাট অশোক যে কথা বলেছিলেন তা আমি এই প্রসঙ্গে স্মরণ করিয়ে দিতে চাই। সম্রাট অশোক তাঁর ত্রয়োদশ শিলালিপিতে বলেছিলেন যে প্রজারা আমার সন্তানের তুল্য, তাদের ঐহিক কল্যাণ কামনা যেমন করে থাকি তাদের পারলৌকিক কামনাও তেমনি করে থাকি। অনেকে হয়ত বলবেন যে পরলোক আছে কিনা তাই তো আমরা জানি না। পরলোকের কথা যদি বাদই দিই তাহলেও আমাদের এই বিশ্বলোকে সকলের মধ্যে একটা সম্পর্ক স্থাপন করতে গেলে নৈতিক শিক্ষার দিকে অবশ্য জোর দিতে হবে; তা যদি দিতে না পারি তাহলে আমরা খুব বেশী দূর এগুতে পারব বলে আমার মনে হয় না। যাহোক, বক্তব্য শেষ করবার আগে আমি শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষা খাতে যে ব্যয় বরাদ্দ করেছেন তাকে সমর্থন করছি এবং বলছি যে স্বাধীনতার ১৩ বৎসরের মধ্যে শিক্ষা ক্ষেত্রে তিনি যে বিরাণ উদ্দীপনার সৃষ্টি করেছেন তা যেন প্রশমিত হতে দেবেন না, দেশকে আরও অধিকতর অগ্রগতির পথে নিয়ে যাবেন এই আশা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Amarendra Nath Basu :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শিক্ষা খাতে আলোচনার সময় শিক্ষার সাধারণ নীতি এবং পদ্ধতি নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করব। এ সম্বন্ধে বহু বক্তা বলে গেছেন। আমি মনে করি সামান্য কিছু আলোচনার দ্বারা শিক্ষার পদ্ধতি আমরা পরিবর্তন করতে পারবনা কারণ আজ সরকার যাদের হাতে তারা অন্যভাবে চিন্তা করেন। আমি শুধু প্রাথমিক শিক্ষা বাধ্যতামূক এবং অবৈতনিক ভাবে অতি সত্বর চালু করা হোক এই কথা বলব। আমার মনে হয় এই সভার সকল সদস্যই আমার সঙ্গে একমত হবেন এবং শিক্ষামন্ত্রী মহাশয়ও এটা স্বীকার করবেন।

অবশ্য তিনি ধীরে ধীরে এই পথে অগ্রসর হচ্ছেন ; কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে এদিকে যত বেশী জোর দেওয়া যায় এবং এই কাজটা যত তাড়াতাড়ি চালান যায় ততই দেশের পক্ষে মঙ্গল। স্বাধীনতা পাবার ১২ বছর পরে আমাদের চিন্তা করতে হবে যে কতগুলো বৃহৎ বৃহৎ শিল্প আমাদের দেশে হয়েছে, কৃষির পদ্ধতি পরিবর্তন হয়েছে কি না, দেশের মানুষকে উপযুক্ত করে গড়ে তুলতে পেরেছি কি না, সমস্ত মানুষের জীবন যাত্রার মান উন্নত করতে পেরেছি কি না, দেশের মানুষ যাতে স্বাস্থ্যবান হয় সে দিকে নজর দিতে পেরেছি কি না। যদি এই সমস্ত দিকে নজর না দিই তাহলে আমাদের সমস্ত পরিকল্পনা ব্যর্থ হয়ে যাবে। আমি মনে করি শিক্ষার ভিত্তি হল প্রাথমিক শিক্ষা। সে জন্য আপনাদের কাছে আমি দাবী রাখছি যে যত শীঘ্র এটাকে ভালভাবে অবৈতনিক করে চালু করা যায় তার ব্যবস্থা আপনারা করুন। বর্তমান অর্থনৈতিক অবস্থায় একটি মানুষের ৪টি ছেলের মধ্যে ২টি ছেলেকে পড়াবার সুযোগ যদি সে সরকারের কাছ থেকে পায় তাহলে তার অনেক উপকার হয়। সেজন্য আমার বক্তব্য হচ্ছে যে সমস্ত বই পড়ান হয় তা যদি আপনারা অমনি দিতে পারেন তাহলে ভাল হয়, আর তা যদি না হয় তারা যাতে খুব কম মূল্যে বই পায় তার ব্যবস্থা করুন। আর একটা পদ্ধতি আমরা দেখছি, সেটা হচ্ছে এই যে প্রত্যেক বছর বই পরিবর্তন করা হয়। এটা যাতে না হয়—দাদার বই যাতে ভায়েরা পড়তে পারে সে ব্যবস্থা আপনারা করুন। বই বছর বছর পরিবর্তন করলে সত্যই অভিভাবকদের বড় অর্থ কষ্ট হয়, সে জন্য এদিকে আপনাদের নজর দেওয়া উচিত। আর একটা কথা—ছেলেরা স্কুলে যখন পড়তে যায় তখন তাদের দিনে অন্ততঃ একবার যাতে একটু পুষ্টিকর খাদ্য দেওয়া যায় সে দিকে সরকারের সম্পূর্ণ নজর দেওয়া উচিত। তারপর, স্কুলভবনগুলি অধিকাংশ ক্ষেত্রে একেবারে অনুপযুক্ত। সেজন্য আমার বক্তব্য হচ্ছে বিদ্যালয়ভবন নির্মান করার জন্য এমন ভাবে প্ল্যান তৈরী করুন যাতে প্রচুর আলো বাতাস যেতে পারে এবং এই সঙ্গে ছেলেদের খেলাধুলা করবার জন্য যেন খেলার মাঠ থাকে। ছেলেরা সেখানে ৫।৬ ঘণ্টা থাকে, তাদের যাতে সেখানে অন্ধকার ঘরে থাকতে না হয়, আলো বাতাস যুক্ত ঘরে থাকতে দেওয়া হয় সে ব্যবস্থা করা উচিত। আমি গতবারে বলেছিলাম যে প্রাথমিক শিক্ষার ভার সম্পূর্ণ মেয়েদের হাতে দেওয়া উচিত। তাঁরা মা বোনের মত যত্ন নিয়ে ছোট ছোট ছেলেদের যেভাবে শেখাতে পারবেন বোধ হয় পুরুষরা তত পারবেন না। সেজন্য আমার দাবী হচ্ছে মেয়েদের হাতে প্রাথমিক শিক্ষার ভার দেওয়া হোক। আর একটা কথা হচ্ছে শিক্ষকদের মাইনে অত্যন্ত কম, তার উপর আবার তাঁরা পান না। যাঁরা জাতি গড়বার দায়িত্ব নিয়েছেন তাঁদের মাইনে কিছু বেশী হওয়া উচিত যাতে তাঁদের সংসার চলতে পারে—এদিকে সরকারের নজর দেওয়া উচিত। আর একটা কথা হচ্ছে, নিরক্ষরতা দূর করবার জন্য যেভাবে চেষ্টা করা উচিত সেই ভাবে সরকার করছেন না।

যাতে কেউ আমাদের দেশে এরকম কেউ না থাকে অন্ততঃ সই করতে পাচ্ছে না। একটা খবরের কাগজ পড়বার মত দুচার খানা বই পড়বার মত ব্যবস্থা আপনাদের করা উচিত। আজ এই বক্তব্য রেখে একথাই বলবো যে ব্যয় বরাদ্দ এনেছেন তা সম্পূর্ণ ভাবে গ্রহণ করতে পাচ্ছি না, তার বিরোধিতা করছি।

[6—6-10 p.m.]

Shri Deo Prakash Rai : Mr. Speaker, Sir, before independence our leaders used to say that the aim of education under the British regime was to produce clerks only and that the system of education in independent India would be

radically changed. We believed and hoped that free India would be illuminated *with intellectual luminaries in every sphere of our national life.* But these *twelve years of independence have belied our hopes. The system of education* formulated by the British which was condemned as *anti-national produced* national leaders like our Rashtrapati Dr. Rajendra Prasad, Upa-Rastrapati Dr. Sarvapalli Radhakrishnan, Prime Minister Pandit Jawaharlal Nehru, Netaji Subhash Chandra Bose, Royal Bengal Tiger Sir Asutosh Mookerjee, Sir J. C. Bose, Sarojini Naidu, Iswar Chandra Vidyasagar, Dr. Raman, Dr. Bhaba, the Chairman of the Atomic Energy Commission of free India and a host of others. But after independence the Government has cast the whole country with darkness at noon. The Government all over the country in general and in the State of West Bengal in particular have converted the temples of learning into no better than underwould dens. We cannot let the Government go scotfree when they try to save their face by condemning the students as indisciplined. You will ask me, who is responsible ? In your heart of hearts you know the answer. It is the Government who is not only to be condemned but censured and dismissed. I must, in all sincerity warn all the honourable members of this House that if we do not get rid of the present inefficient policy-makers in the Education Ministry and take up education in right earnest the Bengal of Rashtrapati Surendra Nath Banerjee, Deshabandhu C. R. Das, Gurudev Tagore and Netaji Bose will hang her head low with shame by producing an army of disillusioned, dejected and frustrated youths. During the British regime you know—every body of us knows—that there were two types of education—one was made for the wards of the rulers and the other for the wards of the ruled. The educational institutions that imparted education to the wards of the rulers always produced administrators and rulers, and the other type produced clerks with slave mentality. Sir, even after indipendence the same types of education still exist in our country—one for the children of the 'have-nots' and the other for the wards of Ministers, Secretaries, D.P.I. and others—in other wards for the 'haves' when Education itself which is responsible to cultivate and develop emotional integrity and national character is defective, when the youths of the country are diamatrically devided into two classes even in the temples of learning, when this class-consciousness is rooted & revolting in their minds from the very formative years of their life, how can you forge a disciplined national solidarity ?

Sir, the Leaders of the Opposition have thrown light on the many dark sides of the Education Ministry. I shall devote a little time which is now left at my disposal to focuss the attention of the House to some of the problems of the District of Darjeeling. Sir, in 1955 on the eve of the visit of the States Reorganisation Commission, so-called Congress leaders from Calcutta gathered in the hill station, Darjeeling and then it was promised to the hill people by no less a person than Dr. B. C. Roy himself that there would be a residential University for North Bengal in Darjeeling. But what do we find now ? They brought in a Bill for Kalyani University and now a Bill is already on the anvil

for the Burdwan University. I am interested because Darjeeling is my district. The other day Dr. Roy said that it must be centrally situated considering the *distance from each district of North Bengal. That gave us an inkling of his mind and how the Government is moving in this respect. Sir, while* formulating policies for different matters, it is found that Darjeeling is always neglected. In the Secondary Schools Nepali has been recognised as the medium of instruction. But there is no budget provision at all to produce text-books in Nepali. The hill people are educationally backward. Sir, without any budget provision for publishing books in Nepali, how can you promote education in the educationally backward area of Darjeeling ?

Shri Sishuram Mandal :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষাখাতে যে ব্যয়বরাদ্দ উত্থাপিত করেছেন আমি তা সমর্থন করতে উঠেছি। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় যে সমস্ত তথ্য পরিবেশন করেছেন এবং বাস্তব অবস্থার সাথে পরিচয়ের ভিত্তিতে আমি বলতে পারি যে পশ্চিমবঙ্গ রাজ্যে শিক্ষার অগ্রগতি অব্যাহত রাখা হয়েছে এবং ক্রমশঃ উত্তরোত্তর বৃদ্ধির দিকে চলেছে। বাজেটে যে সমস্ত দিকে অর্থ বরাদ্দ হয়েছে তার মধ্যে শিক্ষাখাতে অর্থ বরাদ্দ সবচেয়ে বেশী।

তার মধ্যে শিক্ষাখাতে অর্থ বরাদ্দ সবচেয়ে বেশী। আরো তুলনা করে যদি দেখা যায়, তাহলে দেখা যাবে প্রতি বছরেই শিক্ষাখাতে ব্যয় বৃদ্ধি করা হয়েছে। এবারে দেখবো কি ? কি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, কি মাধ্যমিক শিক্ষা, কি সমাজ-শিক্ষা, কি প্রাথমিক শিক্ষা— প্রত্যেক স্তরে যেমন ব্যাপকতার দিকে সরকারের দৃষ্টি রয়েছে, তেমনি এই সব শিক্ষা এবং যাঁরা এই সব শিক্ষার ভার নিয়ে আছেন, সেই সব শিক্ষকদের গুণের উন্নতির দিকেও সরকারের দৃষ্টি রয়েছে। পুর্ব পুর্ব বারে বিরোধীপক্ষের তরফ থেকে শোনা গেছে শিক্ষা কেবল বিস্তারই হচ্ছে, কিন্তু শিক্ষার গুণগত উৎকর্ষ বৃদ্ধি হচ্ছে না। বিস্তারের দিকে লক্ষ্য প্রথম দেওয়া হয়েছে। কিন্তু বিস্তারের সঙ্গে সঙ্গে শিক্ষকদের গুণের উন্নতি যে দরকার, সে কথা সরকার ভুলে যাননি। সেইজন্য শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ের সংখ্যাও ক্রমশঃ বেড়ে চলেছে এবং সেই সব খাতের অর্থ বরাদ্দও বেড়ে বেড়ে চলেছে। যাঁরা বলছেন যে শিক্ষাপদ্ধতি এমনিই হয়েছে যে শিক্ষার দ্বার অনেকের কাছে রুদ্ধ হতে চলেছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি পরীক্ষা-- কি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা, কি মাধ্যমিক পরীক্ষা, কি প্রাথমিক পরীক্ষা---এই সব পরীক্ষায় পরীক্ষার্থীদের ক্রমবর্দ্ধমান সংখ্যা দ্বারা কি প্রমানিত হচ্ছে ?

ডিসপার্স্যাল স্কীমে শিক্ষার দ্বার রুদ্ধ করবার পন্থা বলে বিরোধী পক্ষের তরফ থেকে শুনলাম। আমরা তো দেখতে পাচ্ছি এই ডিসপার্স্যাল স্কীমের একটা সুবিধা হয়েছে এই মফঃস্বলের যে সব ছাত্ররা কলকাতায় এসে বেশী খরচ দিয়ে পড়তে পারতো না,—তাঁরা অধিক সংখ্যায় সেই সব কলেজে স্থান পাচ্ছে এবং সেখান থেকে পাশ করে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতে পারছে। এতে করে ছাত্র-ছাত্রীরা উন্নতির দিকে চলেছে।

মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে দেখতে পাচ্ছি–যে শিক্ষাপদ্ধতিতে একটা পরিবর্ত্তন নিয়ে আসবার জন্য চেষ্টা করা হচ্ছে। তার সম্বন্ধে বিরূপ সমালোচনা প্রত্যেকবারই যেমন হয়ে থাকে, এবারেও তা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার এই মাধ্যমিক শিক্ষার আমূল পরিবর্ত্তনের জন্য যে চেষ্টা করছেন, তাতে সকলে বুঝতে পারছেন সংখ্যার দিক দিয়ে মালটিপারপাস স্কুলের সংখ্যা

পশ্চিমবাংলায় অন্যান্য সব রাজ্যের চাইতে বেশী হয়েছে। হতে পারে শিক্ষকের অভাবের জন্য এই সব শিক্ষালয়ের শিক্ষাব্যবস্থা আমাদের বাঞ্ছিতমত হচ্ছে না। আমি সেদিকেও দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গ সরকার নজর দিয়েছেন। সেই সব শিক্ষকদের শিক্ষণের সরকার ব্যবস্থা করছেন। সায়েন্স শিক্ষার জন্য কনডেন্সড কোর্স খুলে দিয়েছেন—যাতে করে শিক্ষকরা সায়েন্স শিক্ষা গ্রহণ করে এই মালটিপারপাস স্কুলে শিক্ষা দিতে পারে।

অনারস পড়াবার জন্য অনেক কলেজের সাহায্যের হার সরকার বাড়িয়ে দিয়েছেন। এমনি করে অনারস ছাত্রদের প্রোভাইড করবার ব্যবস্থা সরকার করেছেন। সেখান থেকে পাশ করে বেরিয়ে—এই সব পালটিপারপাস স্কুলে ছেলেরা উপযুক্ত শিক্ষক হিসেবে কাজ করতে পারবেন। এ বিষয়ে আমার একটা বক্তব্য অছে।

[6-10—6-20 p.m.]

অনেক দিক দিয়ে তারা অসুবিধা ভোগ করছে। প্রথমতঃ বেতনের হার মালটিপারপাস স্কুলে ইণ্টারমিডয়েটের সমান করে এইগুলি শিক্ষা দিতে হবে। কলেজে যে গুণসম্পন্ন শিক্ষকের প্রয়োজন এখানেও সেই গুণসম্পন্ন শিক্ষকের প্রয়োজন। একটা কলেজের শিক্ষকের নিম্নতম বেতনের হারের চেয়ে ঢের কম বেতন এই মালটিপারপাস স্কুলের শিক্ষকদের দেওয়া হয়। কাজেই শিক্ষকদের গুণসম্পন্ন করাও যেমন দরকার তেমনি দরকার তাঁদের পে স্কেলের উন্নতি বিধান করা। নইলে শিক্ষাক্ষেত্রে অনেকেই আসেন কিন্তু অন্যান্য ক্ষেত্রে অধিক বেতন পেলেই তাঁরা শিক্ষার কাজ ছেড়ে দিয়ে অন্য দিকে চলে যান। এই দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং গভীরভাবে এই সম্বন্ধে চিন্তা করতে বলছি। তা ছাড়া সামাজিক শিক্ষা। সামাজিক শিক্ষা আমাদের দেশে ক্রমশঃ উন্নতির দিকে যাচ্ছে। নিরক্ষর লোকের সংখ্যা কমে কমে আসছে এবং আক্ষরিক জ্ঞানসম্পন্ন লোকের সংখ্যা বাড়ছে। তাদের সেই শিক্ষাকে বাঁচিয়ে রাখবার জন্য যেমন লাইব্রেরী সম্প্রসারণের ব্যবস্থা হয়েছে—আমি জানি প্রত্যেক জেলায় একটি করে জেলা লাইব্রেরী হয়েছে, থানায় থানায় লাইব্রেরী হয়েছে, রুরাল এরিয়াতে লাইব্রেরী হয়েছে—তেমনি এরিয়া বেসিসেও লাইব্রেরী বাড়ানর প্রয়োজন আছে। প্রাথমিক শিক্ষাক্ষেত্রে একটা কথা না বলে পারছি না, সেটা সকলেই সমর্থন করবেন। সেটা প্রাথমিক শিক্ষকদের বেতন পাবার সমস্যা। বেতন পাবার প্রধান অন্তরায় হয়ে দাঁড়িয়েছে আমাদের পোষ্টাল ডিপার্টমেণ্ট। এটা কেন্দ্রীয় গভর্ণমেণ্টের ভিতর। তাই উচ্চ পর্য্যায়ে এর ব্যবস্থা যদি না করা যায় তাহলে শিক্ষকদের যে দুর্দ্দশা, সে দুর্দ্দশা ঘুচান সম্ভব হবে না।

Shri Rabindra Nath Roy :

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী শিক্ষা সম্প্রসারণ এবং নিরক্ষরতা দূরীকরণের জন্য এখানে যে ব্যয় বরাদ্দ উপস্থাপিত করেছেন, সেই ব্যয় বরাদ্দের দ্বারা মূলগতভাবে আমাদের দেশের শিক্ষা জীবন, সাংস্কৃতিক জীবন, সমাজ জীবন ও আর্থিক জীবনের কোন ভাবেই রূপায়িত হবে না সে সম্বন্ধে আমরা প্রত্যক্ষ সন্দেহ পোষণ করি এবং তারাও পরোক্ষ ভাবে সন্দেহ পোষণ করেন। তারা পরোক্ষভাবে সন্দেহ পোষণ করেন এই জন্য যে, শিক্ষা ক্ষেত্রে তাদের পক্ষপাতিত্ব, এবং দলগত রাজনীতি প্রচার করার জন্য, একচেটিয়া শিক্ষা ব্যবস্থা রাখবার যে প্রচেষ্টা করে চলেছেন, তা প্রকাশ্যে বলবার তাদের শক্তি নেই, এই জন্য তারা পরোক্ষভাবে এটা অনুভব করেন ও বোঝেন। আমি প্রাথমিক শিক্ষা সম্বন্ধেই আমার বক্তব্য

সীমাবদ্ধ রাখবো। আমাদের জেলা স্কুল বোর্ড তৈরী হয়েছে সেটা কোন গণতান্ত্রিক উপায়ে কোন নির্বাচিত করা হয় না। মামুলি যে ইউনিয়নগুলি আছে তাদের মেম্বার দ্বারাই এটা নির্বাচিত হয়, এবং তাতে দেখা যায় যে নির্বাচন এমন ভাবে হয় যাতে করে রাজনৈতিক স্বার্থই রক্ষা করা যায়। স্কুলে শিক্ষক নিয়োগ করার দায়িত্ব যদিও ইনস্পেক্টর এর হাতে তা সত্বেও দেখা যায় যে পার্টির দলীয় রাজনীতির স্বার্থে এইগুলি করা হয়। জেলাবোর্ডগুলি আজকে দলীয় রাজনীতি প্রচারের পীঠস্থানে পরিণত হয়েছে। যে সব অঞ্চলে যথেষ্ট স্কুল আছে, সেই সব অঞ্চলেই কি অজ্ঞাত কারণে স্কুল ক্রমশঃ বেড়ে যাচ্ছে। কৃষক অধ্যুষিত অঞ্চলে যেখানে নাকি এখনো পর্য্যন্ত শিক্ষা প্রসার লাভ করতে পারেনি, প্রয়োজন অনুসারে স্কুল করা হয় না। স্থানীয় লোকের প্রদত্ত চাঁদায় ও চেষ্টায় যেসব স্কুল স্থাপিত হয়েছে এবং দুই জন মাত্র শিক্ষক নিয়ে কাজ চল্‌ছে সেইসব স্কুলের স্যাংসন ৩।৪ বৎসরের মধ্যেও আসে না। স্যাংসন আসে সেই সব স্কুলের যেখানে নাকি কন্‌ট্রাক্টর এর মাধ্যমে ডিষ্ট্রিক্ট স্কুল ইনস্পেক্টর এবং জেলা বোর্ডের সভ্যদের মধ্যে ভাগাভাগি হতে পাবে। তারপর, রাজনৈতিক কারণে শিক্ষকদের নিয়োগ করা হচ্ছে, এবং বদলী করা হচ্ছে—যাতে শিক্ষকগণ আগামী সাধারণ নির্বাচনে কংগ্রেসের প্রচার কার্য্য করতে পারে সেদিকে লক্ষ্য রেখে অধিকাংশ ক্ষেত্রে শিক্ষক নিয়োগ ও বদলীর ব্যবস্থা করা হচ্ছে। এ সম্পর্কে আমি বহুবার স্কুল বোর্ডের প্রেসিডেণ্টকে জানিয়েছি। কিন্তু কোন প্রতিকার হয় নি। আমার কন্‌ষ্টিটিউয়েনসীতে একটা বেসিক স্কুলের জন্য ১৯৫৫ সালে টাকা ও জমি দেওয়া সত্বেও আজ পর্য্যন্ত সেই স্কুল হয়নি, অথচ তার বহুপরে যেখানে জমি ও টাকা দেওয়া হয়েছে সেসব জায়গায় হয়ে গিয়েছে। এজন্য চব্বিশপরগণার জেলা স্কুল ইনস্পেক্টরকে অভিযুক্ত করছি; আমি নিজে তাঁর সংগে দেখা করেছি, কিন্তু কোন প্রতিকার তিনি করেন নি। আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই অব্যবস্থার প্রতিকারের জন্য তিনি কি ব্যবস্থা অবলম্বন করবেন সে কথা তিনি যেন এখানে পরিষ্কার ভাবে বলেন। তারপর, প্রাথমিক শিক্ষকদের সার্ভিস বুক আমার পুর্বে আরো অনেকেই বলেছেন—আমিও দাবী জানিয়েছি যেন অনতিবিলম্বে এর ব্যবস্থা করা হয়।

Shai Gopal Basu :

মাননীয় স্পীকার মহাশয়, ফরচুনেইটলি হোক, আর আনফরচুনেইটলি হোক, কালকে আপনি আমার কাটমোশান সম্পর্কে উল্লেখ করেছিলেন; আমি আপনাকে জানাতে চাই যে, আমার ৭টা কাটমোশান একসংগে লেখা আছে—সেজন্য আপনি ভুল করেছেন, কারণ কামারহাটি মিউনিসিপ্যালিটি ও বেলঘরিয়া ওয়ার্ড সম্পর্কে গত ৪ বৎসর ধরে একই কথা বলে আসছি, কিন্তু মন্ত্রী মহাশয় আজ পর্য্যন্ত কিছুই করছেন না।

[6-20—6-30 p.m.]

Shri Bhupal Chandra Panda:

মাননীয় স্পীকার মহাশয়, আমি কয়েকটা বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথম কথা হচ্ছে, শিক্ষাখাতে কত টাকা কোন্ কোন্ আইটেম বরাদ্দ করেছেন সেটাই বড় কথা নয়; বড় কথা হচ্ছে, শিক্ষা বিস্তারের জন্য যে সর্বাঙ্গীন পরিকল্পনার কথা বলা হচ্ছে তা কার্য্যতঃ কতখানি বাস্তবে রূপায়িত হচ্ছে। আজ এখানে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে নানা

রকম দুর্নীতির কথা অনেক মাননীয় সদস্যই বলেছেন, আমি এখানে আমার জেলার সম্পর্কে প্রধাণতঃ বলব—আজ জেলা স্কুল বোর্ডের শিক্ষকদের নিয়োগও বদলীর ব্যাপারে এবং শিক্ষা প্রতিষ্ঠানের মঞ্জুরীর ব্যাপারে একটা অদৃশ্য ও গোপন হস্তের খেলা চলছে। আর যে সব শিক্ষক স্কুল বোর্ডের কর্তৃপক্ষকে সন্তুষ্ট করে চলতে না পারেন, অথবা কংগ্রেসের সেরাস্থানীয় ব্যক্তিদের যদি বিরাগভাজন হন কোন কারণে, তাহলে তাঁদের দুর্ভোগের সীমাপরিসীমা থাকে না। আজ প্রাথমিক শিক্ষাক্ষেত্রে একটা রীতিমত ইজম্ সৃষ্টি করা হচ্ছে এবং শিক্ষকগণের ভাগ্য নিয়ে কর্তৃপক্ষ ছিনিমিনি খেলছেন। শিক্ষকগণের স্বাধীন মতামতের কোন উপায় নাই, স্বাধীনভাবে কাজ করবার সুযোগ নাই। যে সব শিক্ষকের আত্মসম্মান বোধ আছে তাঁরা শেষপর্য্যন্ত হাই কোর্ট পর্য্যন্ত গিয়েছেন এসব অত্যাচার ও অবিচারের হাত থেকে রক্ষা পাবার জন্য। আজ শিক্ষাক্ষেত্রে এই যে বিশৃংখলা চলছে ক্রমবর্দ্ধমান ভাবে এর মূলীভূত কারণে হচ্ছে শিক্ষাক্ষেত্রেও আজ দুর্নীতি অনুপ্রবেশ করেছে। যদি কোন শিক্ষক কোন কারণে স্কুল বোর্ড কর্তৃপক্ষের কাছে যেতে বাধ্য হন কোন অভিযোগের প্রতিকারের জন্য তাহলে তাঁর কাছ থেকে নানা কায়দাকৌশলে টাকা আদায় করা হয়।

আমাদের এলাকায় এই সমস্ত ঘটছে। দ্বিতীয় কথা বলতে চাই যে, হয়ত কোন জায়গায় একটা স্কুল রয়েছে কিন্তু আসলে দেখা গেল যে সে রকম কোন গ্রাম বা থানার নাম পর্য্যন্ত নেই; অথচ স্কুল চলছে। এ রকম ১০ বৎসর ধরে এই নামে স্কুল চলছে এবং এর বিরুদ্ধে আমরা অনেকবার বলেছি, ইনসপেক্টর গিয়েও তদন্ত করেছে কিন্তু আসলে তার কোন প্রতিকারই হয়নি। এ ধরণের বে-আইনী স্কুল যাতে আর না চলে তার ব্যবস্থা করা উচিত। আমি নাম করে বলতে পারি যে, নন্দীগ্রামে মোহনচন্দ্র কর নামে একটা প্রাইমারী স্কুল চলছে এবং সেখানে ৩ জন শিক্ষকের বদলে মাত্র একজন শিক্ষক আছেন এবং সেও আবার যেহেতু ব্যবসা করে তাই তাঁর মেয়েকে দিয়ে স্কুল চালায়। এ ব্যবস্থা পরিবর্ত্তনের জন্য আমরা বহুবার বলেছি কিন্তু কোনই প্রতিকার হয়নি। স্কুল বোর্ডের নামে সেখানে জমি দেওয়া হয়েছে এবং চারু বাবু যখন গিয়েছিলেন তিনিও আশ্বাস দিয়েছিলেন, স্কুল বোর্ডের মেম্বাররাও ইনকোয়ারী করেছেন কিন্তু আজ পর্য্যন্ত সেই স্কুলের কোন পরিবর্ত্তন হয়নি। আরেকটা কথা বলতে চাই যে, প্রাইমারী স্কুলে অনেক শিক্ষক আছেন যাঁরা মানের দিক থেকে আই, এ, এবং বি, এ, পাশ কিন্তু তা' সত্ত্বেও তাঁদের পে স্কেল না দিয়ে ঐ প্রাইমারীর স্কেল দেওয়া হয়েছে। তা' ছাড়া জুনিয়র হাইস্কুলে ডেফিসিট গ্রাণ্ট দেওয়া হচ্ছে না এবং অধিকন্তু অন্যান্য দিক থেকে তাঁদের নানারকম অসুবিধার মধ্যে রাখা হয়েছে। স্পেশাল ক্যাডার এবং রেগুলার টিচারদের মাইনের ব্যাপারেও একটা ডিসক্রিমিনেসন রয়েছে, অর্থাৎ যাঁরা স্পেশাল কেডার তাঁরা পাচ্ছেন ৮০৲ টাকা এবং রেগুলার টিচাররা সেখানে পাচ্ছেন ৯৫৲ টাকা। এ ছাড়া আমাদের ওখানে মাদ্রাসায় উর্দ্দু পড়াবার কোন ব্যবস্থা নেই। আজ আপনারা এ্যাংলো ইণ্ডিয়ান এবং ব্যাক-ওয়ার্ড ট্রাইব্‌সদের জন্য যখন স্পেশাল ব্যবস্থাকরছেন তখন এই মাইনোরিটিসদের জন্যও সুযোগ সুবিধা করে দেওয়া দরকার। আমাদের জেলা একটি খুব বড় জেলা কিন্তু তা সত্ত্বেও সেখানে কলেজীয় শিক্ষা বা টেকনিক্যাল শিক্ষার কোন ব্যবস্থা নেই। ঘাটাল মহকুমায় আজ পর্য্যন্ত কোন কলেজ হয়নি এবং একটি মাত্রই টেকনিক্যাল স্কুল রয়েছে। আমাদের পলিটেকনিকের যথেষ্ট প্রয়োজন আছে কাজেই সেগুলির সংখ্যা যাতে বৃদ্ধি পায় তার ব্যবস্থা করবেন এবং এর সঙ্গে আমি স্ত্রীশিক্ষার প্রতিও দৃষ্টি দিতে বলছি। এ ছাড়া দাশুন, বেলদা এবং তমলুক প্রভৃতি জায়গায়ও কলেজ হওয়া দরকার। কাঁথিতে যদিও একটি কলেজ রয়েছে কিন্তু ছাত্ররা

নানারকম অসুবিধার মধ্যে রয়েছে এবং প্রফেসার পায়না বলে অভিযোগ করেছে। মাননীয় স্পীকার মহাশয়, এবারে আমি আরেকটি গুরুত্বপুর্ণ সমস্যার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং সেটা হোল যে, শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে আজ পুলিশের তরফ থেকে নানারকম *অত্যাচার চালাচ্ছে। কথায় কথায় শিক্ষকদের নামে পুলিশ রিপোর্ট দেওয়া হচ্ছে এবং পুলিশ ভ্যারিফিকেসন-এর নাম করে তাঁদের মুণ্ডপাত করবার জন্য মাথার উপর এই খড়্গ ঝুলিয়ে* রাখা হয়েছে। এইভাবে এঁরা যে পরিবেশের সৃষ্টি করেছেন তাতে মনে হয় যে শিক্ষাদপ্তর আজ পুলিশ দপ্তরে পরিণত হয়েছে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[6-30--6-40 p.m.]

Shri Basanta Lal Chatterjee :

মাননীয় স্পীকার মহাশয়, আমরা জানি যে শিক্ষাই জাতির মেরুদণ্ড এবং জাতিকে উপযুক্ত শিক্ষা না দিতে পারলে সমাজের উন্নতি হয় না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, গত সালের তুলনায় এ বছরে ৫৯ লক্ষ ৮১ হাজার টাকা শিক্ষা বাজেটে কমিয়ে দেওয়া হয়েছে। অথচ আমরা দেখছি যে পুলিশ বাজেটে ৬ লক্ষ টাকার উপর বেশী ধার্য্য করা হয়েছে। আমাদের পশ্চিম দিনাজপুর জেলা শিক্ষার ব্যাপারে অনেক পিছিয়ে পড়ে আছে। আমাদের জেলাতে দেখতে পাই যে পুরুষ মাত্র ১৮% এবং স্ত্রীলোক মাত্র ৫%. শিক্ষিত। পশ্চিম দিনাজপুরে কলেজ ২টা, স্পেশাল স্কুল ১২টা, হায়ার সেকেণ্ডারী স্কুল ৮টা, মালটিপারপাস ৩টা, হাইস্কুল ১৯টা, জুনিয়র হাইস্কুল ৮২টা, প্রাইমারী স্কুল ৯৭৫টা এবং বেসিক টিচার ট্রেণিং সেণ্টার মাত্র ২টা আছে। এখানকার লোকসংখ্যা প্রায় ১৮ লক্ষ। এখানে ইটাহার থানার লোকসংখ্যা ৮০ হাজার ৯৭৩ জন এবং হাইস্কুল মাত্র ১টা, বংশীহারিতে ৫১ হাজার ২৭৬ জন লোকের জন্য হাইস্কুল একটা; ঘাসমুণ্ডীতে ৫৬ হাজার ৩১৪ জনের জন্য একটা মাত্র হাইস্কুল; রায়গঞ্জ মিউনিসিপ্যাল এলাকা বাদে গ্রামাঞ্চলে একটাও হাইস্কুল নেই এবং হেমতাবাদে ৩৪ হাজার ৬৮০ জনের জন্য একটাও হাইস্কুল নেই। এই হচ্ছে পশ্চিম দিনাজপুরের প্রকৃত অবস্থা। আপনারা ১১ ক্লাস হাইস্কুল স্থাপনের যে সার্কুলার জারী করেছেন সেটা আমাদের সম্পূর্ণ অবাস্তব। সেজন্য আমরা এই সার্কুলার প্রত্যাহার করতে বলছি এবং ১০ ক্লাস হাইস্কুল যেটা ছিল সেটা চালানোর আমরা পক্ষপাতী। প্রাইমারী শিক্ষকদের অবস্থা খুব শোচনীয়; কারণ এঁরা মাত্র ৬২৷৷০ বেতন পান। এঁদের জন্য প্রভিডেণ্ট ফাণ্ডের ব্যবস্থা করা দরকার। এছাড়া প্রাইমারী, জুনিয়র এবং হাইস্কুলের সংখ্যাগুলি গ্রামাঞ্চলে বাড়ান দরকার। ডেফিসিট গ্রাণ্ট প্রতিটা প্রাইমারী, জুনিয়র এবং হাইস্কুলে না দিলে তাদের আর্থিক অবস্থার উন্নতি হবে না। সেজন্য বলছি যে, ডেফিসিট গ্রাণ্টের ব্যবস্থা করা দরকার। তারপর আপনাদের ডেভেলপ-মেণ্টের টাকা থেকে ইটাহার, মারনাই, গুলন্দর, ভুপালপুর ইত্যাদি জায়গায় বিল্ডিং গ্রাণ্ট দেওয়া দরকার। কারণ জনসাধারণের আর্থিক অবস্থা এত খারাপ যে তাঁরা সেখানে টাকা দিয়ে নিজেরা বিল্ডিং করতে পারছেন না। শিক্ষাসমস্যাও আমাদের এখানে খুব দেখা দিয়েছে। বি. টি., বি-এস-সি টিচার্স গ্রামাঞ্চলে পাওয়া যায় না। শিক্ষক সরবরাহের ব্যবস্থা গভর্ণমেণ্টের তরফ থেকে কিছু না থাকায় ভীষণ অসুবিধা হয়। সেজন্য আমার মনে হয় এই দিকে সরকারের সাহায্য করা দরকার। দিনের বেলায় যারা কাজ করে তাদের সুবিধার জন্য রায়গঞ্জ কলেজে নাইট সিফটের ব্যবস্থা করা দরকার। এই নাইট সিফট খোলার জন্য সরকারের কিছু সাহায্য করাও প্রয়োজন। পশ্চিম দিনাজপুর জেলায় একটা পলিটেকনিক

স্কুল করা দরকার। এই পলিটেকনিকটি ভূপালপুর রাজবাড়ীতে যদি খোলা হয় তাহলে আপাতত: কাজ চলতে পারে—কারণ সেখানে প্রচুর ঘর আছে। একটা জুরিসডিকসন নির্দ্ধারণ করে আগামী অধিবেশনে যাতে উত্তর বাংলায় একটা বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য বিল আনা হয় সেদিকে আমি সরকারকে অনুরোধ করব। কারণ উত্তর বাংলায় একটা বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন অত্যন্ত বেশী। এ ছাড়া আমাদের এখানে একটা ইঞ্জিনীয়ারীং কলেজ হওয়া অত্যন্ত দরকার। একটা মেডিক্যাল কলেজ উত্তর বাংলায় প্রতিষ্ঠা করা দরকার। পশ্চিম দিনাজপুর জেলায় যে কোন জায়গায় যদি এই সব করা হয় তাহলে আমরা নিশ্চয় সাহায্য করব। এ ছাড়া আমাদের অঞ্চলে যে ফোক ড্যান্স, লোক সঙ্গীত ইত্যাদি অন্যান্য সে সমস্ত গান-বাজনা আছে যে সম্পর্কে বিশেষভাবে উৎসাহ দেওয়া প্রয়োজন। কম্পালসারী ফ্রী এডুকেশন সম্পর্কে অনেকে বলেছেন বলে আমি খুব বেশী বলব না। বই যা সিলেকসন করা হয় তাতে দেখা যায় যে ছেলেদের চেয়ে বইয়ের ওজন বেশী। কিশলয় বই সরকার ঠিকমত সরবরাহ করতে পারছেন না। বইয়ের দাম যাতে কম হয় এবং সকলে যাতে কিনতে পারে সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করি। প্রাইমারী শিক্ষকদের বেতন সম্বন্ধে একটা কথা বলব। এদের বেতন যেখানে ৬৷৷২০ টাকা দেওয়া হয় সেখানে অন্য জায়গায় কি ভাবে খরচ করছেন সেটা একটু দেখাই।

ডিরেকসান্ অফিসে আপনারা একজনকে মাইনে দিচ্ছেন বছরে ২১ হাজার টাকা এবং সেখানে যে ক্লার্ক আছে তাদের মাইনে গড়ে মাসে ১৩৩ টাকা পড়ে আর পিয়নের মাইনে মাসে ২৫ টাকা পড়ে না—এই রকম অবস্থা। তাছাড়া ইনসপেক্সান অফিস যেটা রয়েছে সেখানে এত তারতম্য করা হয়েছে যেটা আমাদের কাছে খুব একটা অসামঞ্জস্য বলে মনে হয়। একজন এ্যাংলো-ইণ্ডিয়ান ইনসপেক্টর মাইনে পাচ্ছেন বছরে ১০ হাজার ২ শত টাকা আর ২১৭ জন বাঙালী পুরুষ ইনসপেক্টর মাইনে পাচ্ছেন বছরে ৪ লক্ষ ৬০ হাজার টাকা আর মহিলা ইনসপেক্টর পাচ্ছেন বছরে ২ হাজার ১ শত ১৯ টাকা। এই তারতম্য আজও আমাদের দেশে রয়েছে। অথচ আমরা নীচের দিকের প্রাথমিক শিক্ষকদের বেতন বাড়াতে চাচ্ছি না, তাদের প্রভিডেণ্ড ফাণ্ডের কোন ব্যবস্থা আমরা করতে চাচ্ছি না। স্কুলগুলোর অর্থনৈতিক অবস্থা গ্রামের দরিদ্র জনসাধারণের পক্ষে দফায় দফায় ট্যাক্স দিয়ে কিছুতেই উন্নতি করা সম্ভব নয়। কাজেই গ্রামাঞ্চলের স্কুল কেবল মাত্র লাম্প গ্রাণ্ট না দিয়ে ডেফিসিট গ্রাণ্ট যাতে দেওয়া হয় সে দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে স্কুলের যেটুকু উন্নতি দেখান হচ্ছে সেই উন্নতিটুকু যদি খতিয়ে দেখেন তাহলে দেখবেন যে মিউনিসিপ্যাল এরিয়ায় আপনারা উন্নতি করেছেন কিন্তু সুদূর পল্লী অঞ্চলের যদি সেনসাস নিয়ে দেখেন তাহলে দেখবেন যে খুব কম উন্নতি হয়েছে। একেবারে কিছু করবেন না অথচ বেতন নেবেন, গদিতে বসে থাকবেন-তা হয় না। সংখ্যার দিক থেকে গ্রামাঞ্চলে উন্নতি দেখাচ্ছেন কিন্তু জনসাধারণ যে অন্ধকারে ছিল আজও তারা সেই অন্ধকারে রয়েছে। গ্রামের জনসাধারণকে যদি সুশিক্ষিত করে না তোলা যায় তাহলে কিছুতেই সমাজ ব্যবস্থার পরিবর্তন হবে না এবং আপনারা যে শিক্ষানীতি গ্রহণ করেছেন সেই শিক্ষানীতির আমূল পরিবর্তন না হলে কিছুতেই জনসাধারণের উন্নতি হবে না। আপনারা খাতের পর খাতে টাকা নেন কিন্তু সমাজকে এগিয়ে নিয়ে যাবার জন্য আপনাদের কোন চেষ্টা দেখছি না। সেজন্য আমি বিশেষ করে বলছি যে এই শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন করে গ্রামাঞ্চলের দিকে দৃষ্টি দিয়ে দেখুন। আমি কেবল পশ্চিম দিনাজপুরের ছবি দিলাম, এই রকম ভাবে উত্তর বঙ্গের প্রতিটি জেলার ছবি হবে—এই হচ্ছে আমার বক্তব্য।

Shri Bhawani Prasanna Talukdar :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, শিক্ষা খাতে এবারে যে বাজেট ধরা হয়েছে তার জন্য আমি শিক্ষা মন্ত্রীকে আপনার মাধ্যমে অভিনন্দন জানিয়ে এবং তাকে পুর্ণ সমর্থন জানিয়ে আমাদের কুচবিহার জেলার শিক্ষা বিষয় সম্বন্ধে দু'চারটা কথা আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর কাছে রাখতে চাই। আমার সময় খুব কম সেইজন্য অমি বিস্তারিত আলাচনা করতে পারব না। কুচবিহার অতি অনগ্রসর জেলা। সেখানে হায়ার সেকেণ্ডারী স্কুল মাত্র ৯টি, হাই স্কুল ১৩টি, জুনিয়র হাই ২২টি, এম, ই, স্কুল ৭৮টি, জুনিয়র বেসিক ২৬টি, প্রাইমারীসব রকম ক্যাটাগারী মিলে ৭২৫টি, এই আমাদেব আছে। কলেজেব মধ্যে গভর্ণমেণ্ট কলেজ ভিক্টোরিয়া কলেজ একটা আছে, আর স্পনসড কলেজ দিনহাটায় একটা আছে, আর জুনিয়র বেসিক ট্রেনিং কলেজ কুচবিহারে একটা আছে, দিনহাটায় একটা আছে। কুচবিহারের ভিক্টোরিয়া কলেজ ভারতবর্ষের মধ্যে সর্ব প্রথম কলেজ যেগুলি তাব মধ্যে অন্যতম। পুর্বে এই কলেজে "এম. এ," এবং "ল" পড়ান হত। আচার্য ব্রজেন শীল, স্বর্গীয় জয়গোপাল ব্যানার্জি প্রভৃতি প্রখ্যাত অধ্যাপক ঐ কলেজে ছিলেন, আর আজ আমাদের বলতে লজ্জা হচ্ছে, কলেজের অবস্থা অতি শোচনীয়, প্রিন্সিপাল সম্প্রতি মারা গেছেন, তাঁকে নিয়ে ৯জন প্রফেসার নেই। লাইব্রেরীয়ান নেই, তাব ফলে ৮ শত ছেলে মেয়েদের পড়ার বড় কষ্ট হচ্ছে। এই অবস্থাব কি পবিবর্তন করা যায় না? স্যাব, আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী মহাশয়েব কাছে আমাব একান্ত বিনীত নিবেদন জানাচ্ছি যে শীঘ্রই যাতে এই অবস্থা দুরীভূত হয় তাব ব্যবস্থা করে এই ৮ শত ছেলে মেয়েদেব শিক্ষা যাতে সুষ্ঠুভাবে হয় তার যেন তিনি ব্যবস্থা করেন। ওখানকাব আর একটি খবব এই যে ৭৮ টি আমাদের এম, ই, স্কুল আছে, তাব মধ্যে ২ টি কুচবিহার সদর টাউনে আছে—গভর্ণমেণ্ট এম, ই, স্কুল; তার ভেতরে ৭৬ টি রিঅর্গানিজেশন হচ্ছে—৪৪ টা স্কুল সিনিয়র বেসিক এবং ৩২ স্কুল জুনিয়র বেসিক হচ্ছে এবং এর জন্য খরচ হবে বোধ হয় ৩৪ লক্ষ টাকা। এর জন্য আমাদের নিশ্চয়ই অভিনন্দন জানাতে হবে, ধন্যবাদ জানাতে হবে। কুচবিহার অত্যন্ত গরীব স্থান, শুনেছি যে আমাদের সিনিয়র স্কুলের জন্য ৬৬ হাজার টাকা খরচ হবে, তার মধ্যে লোকাল কন্ট্রিবিউশান হিসাবে ১০ বিঘা জমি এবং নগদ ৮ হাজার ৩।৪ শত টাকা দিতে হবে। আমাদের অঞ্চলটা খুব গরীব, সেজন্য আমি শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি যে লোকাল কন্ট্রিবিউটশান জমি তারা দিতে সর্বদাই প্রস্তুত আছে, যদি নগদ টাকার পরিমানটা কমিয়ে দেন তাহাল খুব উপকার হয়। আমাদের কুচবিহার জেলায় একটা নিয়ম ছিল যে মেয়েরা স্কুল ফাইনাল পরীক্ষা পর্যন্ত ফ্রি টিউশান পাবে। এটা অত্যন্ত আনন্দের কথা যে সারা পশ্চিম বাংলায় ক্লাস এইট পর্যন্ত পড়ার জন্য মেয়েদের কোন খরচ লাগবে না। কিন্তু কুচবিহারে মেয়েরা যে সুযোগ সুবিধা পাচ্ছিল গভর্ণমেণ্ট স্কুলে সেই সুযোগ যাতে অব্যাহত থাকে সে জন্য আমি শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করব। আমাদেব ওখানে এতগুলি রিঅর্গানাইজেসন হচ্ছে— সিনিয়র বেসিক হবে, কাজেই আমাদেব জেলাতে একটা সিনিয়র বেসিক ট্রেনিং কলেজ হওয়া দরকার। কুচবিহারে বর্তমানে যে জুনিয়র বেসিক স্কুল আছে তাতে শিক্ষক খুব কম, তা বাড়িয়ে দেওয়া দরকার। আর আমাদেব নর্থ বেঙ্গলের লিভিং বড় কস্টলি, শিক্ষকদের বড় কষ্ট হয়। প্রফেসারস এবং শিক্ষকদেব জন্য যাতে নর্থ বেঙ্গল এ্যালাওয়েন্স ধার্য হয় সেজন্য আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই এবং তিনি যে বাজেট উপস্থিত করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-40—6-50 p.m.]

Dr. Hirendra Kumar Chattopadhyay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শনিবার দিন যখন শিক্ষা দপ্তরের মন্ত্রী উপস্থিত ছিলেন না, তখন অজয়বাবু নোট নিচ্ছিলেন। অজয় বাবুর ইরিগেশান সম্বন্ধে অনেক সমালোচনা হয়। ইরিগেশন সম্বন্ধে তাঁর অভিজ্ঞতা আছে কি না জানি না, কিন্তু নোট নেওয়ায় যে অভিজ্ঞতা নেই এটা বুঝতে পারলাম। হয় তিনি নোট নিয়েছিলেন সেটা সুষ্ঠুভাবে নেওয়া হয়নি না হয় এটার কৃতিত্ব হচ্ছে শিক্ষা মন্ত্রীর—তিনি নোটের মধ্যে যেগুলি অসুবিধা ছিল সেগুলি কেটে দিয়ে ডিসক্রিসান ইজ্দি বেটার পার্ট অফ ভেলু এটা প্রমাণ করেছেন। উনি সেদিন এগ্রিকালচারাল স্কীম সম্পর্কে আমাকে কটাক্ষ করেছিলেন। তাঁর অবগতির জন্য জানাচ্ছি যে ১৯৫৯ সালের তাঁর ডিপার্টমেণ্টের যে লিষ্ট আছে সেটা মন্থন করে আমি বের করেছিলাম। অতএব তাতে যদি কোন ত্রুটি বিচ্যুতি থাকে তাহলে "ইথে গৌরব তোমার" এই কথা আমি জানাচ্ছি। তারপর আর একটা জিনিষ জানাতে চাই—জাষ্টিফিকেশান দিয়েছিলেন যে মিডনাপুর কমার্স স্কীম থাকার জন্য—জানিনা কোন শিক্ষা মন্ত্রী এই রকম

rank ignorance of academic aspect of the multipurpose school

আছেন কিনা। তাতে একথা নেই যেহেতু মেদিনীপুর কলেজে কমার্স আছে সেখানে ছেলে যোগাবার জন্য হাই স্কুলে কমার্স থাকবে—এই উদ্দেশ্য ছিল না। মুদালিয়ার কমিশন বা অন্যান্য জায়গায় যেখানে মাল্টি-পার্পাস স্কুলের উদ্দেশ্য ছিল সেখানে অন্য দিক থেকে এ্যানালাইসিস ছিল।

জব এনালাইসিস ছিল, ছেলেদের সাইকোলজিক্যাল এনালাইসিস করা যায় কি না—এসব ছিল কিন্তু কলেজের কমার্স ডিপার্টমেণ্ট, এই কমার্স স্কীম করবে এই সব অদ্ভুত যুক্তি পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছ থেকে শুনেছি। অন্য জায়গা থেকে আমরা এজিনিষ পাই না। উনি যে বক্তৃতা দিলেন তাতে তিনি বললেন আমরা যদি তথ্য জানতাম তাহলে অনেক সমালোচনা করতাম না, সত্যই করতাম না। কিন্তু সেই তথ্য যাতে জানতে পারি সে সম্বন্ধে আপনি কি করেছেন এখন পর্যন্ত জানি না। তথ্য আমাদের জানা নাই উনি বলেছেন; প্রাইমারী এডুকেশন সার্ভে হয়েছে ওয়েষ্ট বেঙ্গল এ এটা পাবলিশ হয়েছে কি না জানতে চাইছি। এসোসিয়েশন থ্রু দিয়ে তিনি বলেছেন, প্রাইমারী এডুকেশন সার্ভে হয়েছে ওয়েষ্ট বেঙ্গল-এ এটা পাবলিশ হয়েছে কিনা জানতে চাইছি। এসোসিয়েশন থ্রু দিয়ে তিনি বলেছেন—

The report is only meant for the department.

আমরা মেম্বার এসেম্বলীর রিপোর্ট সম্বন্ধে আলোচনা করবার, তথ্য জানবার উপায় নাই। বর্তমান শিক্ষাসাচিব সম্বন্ধে আমি বিরুদ্ধ সমালোচনা করবো না, কারণ কালকে আপার হাউস এও এই সম্বন্ধে অনেক সমালোচনা হয়েছে তারপরে আমি যদি বস্ত্র হরণ করতে চাই তাহলে সি, এস, পি, সি, এ, এর হাতে ধরা পড়বো। আমি শুধু এখানে একটা কথা জানাতে চাই-যখন পূর্ববর্তী ডি, পি, আই, ডাঃ পরিমল রায় ছিলেন তখন পাব্লিসিটি হত, তখন বই ছাপা হত। আমি আজকে জিজ্ঞাসা করতে চাই শিক্ষামন্ত্রী মহাশয়কে এবং তার সচিবকে কোন জিনিষ কি তারা পাবলিশ করেছেন ওয়েষ্ট বেঙ্গল সম্বন্ধে ডেট এবং ফিগার দিয়ে, ডাঃ পরিমল রায় চলে যাবার পর? মিঃ ডি, এম সেনের আসার পর থেকে?

Bengal was one day ruled by the Pal Dynasty and the Sen Dynasty. The Pal Dynasty is no more but the Sen Dynasty is continuing strong.

আমি আশ্চর্য্য হয়ে যাই এ ব্যাপারে কোন জিনিষ বেরোয়না। অথচ উনি বলছেন আমরা যদি তথ্য জানতাম !! শুধু আমাদের নয় সেণ্ট্রাল এডুকেশন ডিপার্টমেণ্ট এর সার্ভে রিপোর্ট এও বেরোয়নি। এরা সেণ্ট্রাল গভর্ণমেণ্টকেও বঞ্চিত করেছেন। অথচ আজকে আমাদের উপদেশ দিলেন যদি তথ্য জানতে পারতাম ! বলি তথ্য জানবো কি হাত গুণে ? না কি গণকের কাছে গিয়ে ? যদি এডুকেশন ডিপার্টমেণ্ট থেকে পাবলিসিটি না হয় ? আর যে তথ্য জানি তা বার করলে পর মেজাজ ওদের গরম হয়ে যায় !

Outlook of the State Government and the outlook of the Central Govt.

কত তফাৎ দেখুন। সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এর এডুকেশন ডিপার্টমেণ্টের সেক্রেটারী মিঃ স্যাদিন্' এটা বলেছেন

Experiments of Primary and Basic Education, 1956, published by the Ministry of Education,

তিনি কি বলছেন

The Ministry of Education has been anxious to provide publicity for all significant and promising educational experiments. Education can become a living and dynamic force only if its doors and windows are kept open. I do not know why in this matter our Education Department and educational workers should have to carry their lights under the bushel.

অতএব এজিনিষ আমরা করছি না—এ নালিশ আমরা করছি না, সেণ্ট্রাল এডুকেশন ডিপার্টমেণ্ট এর সেক্রেটারী করছেন। এত ঢাকঢাক গুড়গুড় কেন ? এডুকেশন তো আর রাজনীতি নয় ! স্যার আমি আপনার মাধ্যমে একথা জানতে চাই—পশ্চিমবঙ্গে এডুকেশন এর উন্নতির জন্য যদি কোন রকম প্রচেষ্টা হয় তাহলে আমি তা সর্ব্বান্তকরণে সমর্থন করবো। সেখানে সেণ্ট্রাল মিনিষ্ট্রিতে কন্সাল্টেটিভ কমিটি হয়েছে, এষ্টিমেট কমিটি হয়েছে, এখানে কি করছেন ? এখানে কি কেউ শিক্ষা সম্বন্ধে ইণ্টারেষ্টেড না ? আজকে শুধু আমি বলতে চাই কংগ্রেসী বন্ধুদের নাকের কাঁদুনি কি আমরা শুনি নি লবীতে ? এটা কি সত্য নয় যে কংগ্রেসী বন্ধুদের মধ্যেও পুঞ্জীভূত ক্ষোভ আছে এডুকেশন ডিপার্টমেণ্ট এর বিরুদ্ধে। মাঝে মাঝে আমরা সহানুভূতি দেখাই এডুকেশন মিনিষ্টার এর প্রতি কিন্তু মন্ত্রী মহাশয়ের সাধ্য নাই এবিষয়ে তিনি কিছু করেন। কারণ যে সচিব আছেন তার প্যাট্রন হচ্ছেন অন্য লোক সেখানে তিনি হাত দিতে পারেন না, এটা সত্য কথা—এটা কি তিনিও বুঝেন না বা জানেন না ?

[Noise & Interruptions]

স্যার আমারএই এ যে সময় যাচ্ছে, আমি কিন্তু এ সময় আনন্দবাবু কিংবা মন্ত্রীমহাশয়ের কাছ থেকে আদায় করে নেব। তারপর যেটা বলছিলাম কোন জিনিষ কি ওরা পাবলিশ করেছেন স্কুল কোড বা অন্য কিছু ? এ জিনিষ আমরা পাই না—সত্যেনবাবু প্রশ্ন দিয়েছেন আজকে পেলাম।

If the Government publication entitled, "Rules framed under the Bengal Primary Education Act", is out of print.

পাওয়া যায় না, এ জিনিষের কি করেছেন ? এ জিনিষটা ব্ল্যাক্-আউট করছে কে, সেই লোকটাকে বার করা হোক্ এবং এটাই আমি বলতে চাই কন্সাল্টেটিভ কমিটি এবং এষ্টিমেট

কমিটি যেখানে যেরকম আছে সে রকম করুন, আমরা সর্বান্তঃকরণে সাহায্য করবো একথা আমি বলছি।

[6-50—7-0 p.m.]

গত বছর শিক্ষামন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতার সময় ইংল্যাণ্ড এর এডুকেশন সম্বন্ধে খুব গর্ব্ব করে বলেছিলেন। ইংল্যাণ্ড এর এডুকেশন সম্বন্ধে এক খানা বই নাকি বেরিয়েছে, সেটা তিনি খুব ভাল করে পড়েছেন এবং তার একটা কপি এখানে রাখা হয়েছে। সেটা মিউজিয়াম কপি হতেপারে, কিম্বা আর্কিওলজিকেল রিসার্চ বই হতে পারে। কিন্তু তিনি কি এই বইখানা পড়েছেন—সেণ্ট্রাল গভর্ণমেণ্টের এষ্টিমেটস কমিটির ১৯৫৯-৬০ সালের রিকমেন্ডেশন? ইংল্যাণ্ডের বইতে যা আছে তার চেয়ে অনেক বেশী কথা এই বইতে আছে। সেণ্ট্রাল গভর্ণমেণ্টের এই কমিটির চেয়ারম্যান তিনি বলছেন

"A analysis of the action taken by the Government on the recommendations in the fourth report of the Estimates Committee is given in Appendix C. It would be observed therefrom that out of 44 recommendations made in the report 36 recommendations—81·8 per cent—have been fully accepted by the Government".

এঁকে আমি নমস্কার জানাবো। কিন্তু এষ্টিমেট কমিটি শিক্ষা ক্ষেত্রে যে ভাবে রিকমেন্ডেশন করেছেন, তাতে আমি তাকে নমস্কার জানাতে পারি না, তাকে ধিক্কার জানাই। এদের কোন কষ্ট নেই, অথচ ২১ পারসেণ্ট নিচ্ছেন। কমিটি বলছেন সচিবই হচ্ছে এডুকেশন, এডুকেশনই হচ্ছে সচিব। এইত হল বাংলা দেশের শিক্ষার অবস্থা। তারপর আর একটা ব্যাপারের কথা আমি এখানে বলতে চাই। আমি দুটা সভায় গিয়েছিলাম একটা প্রেসিডেন্সী কলেজের সভায়, আর একটা ডেভিড হেয়ার ট্রেনিং ইনস্‌টিটিউটের সভায়. আমি এই জন্য সেখানে গিয়েছিলাম যে আমাদের মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় বক্তৃতা দেবেন, অতএব শিখতে গিয়েছিলাম। গিয়ে দেখি মজার কথা—আমরা এখানে যে ভাবে সমালোচনা করি, বক্তৃতা করি—এখানেত তিনি সেই রকম ভাবে তার উত্তর দেন না, যে রকম ভাবে সেখানে তিনি বললেন। আমি শুনে আশ্চর্য্য হয়ে গেলাম—তিনি বললেন

we are antiquated in understanding things.

তাঁর বক্তৃতা শুনে খুব আনন্দ হল। খাদ্য খেলাম কিন্তু রিউমিনেটিং, চিউয়িং দি কাড্‌স। মাননীয় মন্ত্রী মহাশয় প্রেসিডেন্সী কলেজের সভায় বলেছেন আমাদের শিক্ষকদের অভাব, উপযুক্ত শিক্ষক নেই। তারপর ডেভিড হেয়ার ট্রেনিং কলেজএ গিয়ে সেখানেও বললেন যে আমাদের শিক্ষকদের অভাব। এখন যখন মাল্টিপারপাস স্কুল করতে যাচ্ছি, সেখানে উপযুক্ত শিক্ষক পাওয়া যায় না। বি. এ. অনার্স, বি. টি, এম. এ. সেকেণ্ড ক্লাস. বি. টি, সব পাওয়া যায় না। উনি খবর রাখেন কি না জানি না, তবে শিক্ষা সচিব মহাশয়ের জানা উচিত যে ২৫০টি স্কুলের এনালাইসিস হয়েছিল তার মধ্যে হিউম্যানিটিস্ পড়াবার জন্য মাষ্টার ৫০ পারসেণ্ট কলেজেতে নেই। আণ্ডার কোয়ালিফাইড সায়েন্স মাষ্টারদের কথা ছেড়েই দিলাম, কারণ উনি শুনলে হয়ত আঁতকে উঠবেন। হিউম্যানিটিস্ পড়াবার লোক নেই। শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষার বই সম্বন্ধে মন্তব্য করেছিলেন এবং শিক্ষা সম্বন্ধে আরও অনেক কথা উনি বলেছিলেন। আমি ডেভিড হেয়ার ট্রেনিং কলেজে নিজের কানে শুনে এসেছি যে ওঁর নাতনীর বই দেখে,

উনি চমকে উঠেছিলেন। উনি চমকে উঠেছিলেন কেন? তার কারণ, সেই বইএ যেসমস্ত জিনিষ আছে তা ভাল ফাষ্ট ক্লাস মাষ্টার না হলে ছেলেদের বোঝাতে পারবেন না। ঐ দিন ঐখানে এই সমস্ত কথা উনি বলে ছিলেন, অথচ এখানে এই ধরণের কথা তাঁর মুখ থেকে বলতে শুনিনি। সেখানে কেন এই সমস্ত বে-ফাঁস কথা বলতে যান? তখন ফিলিংস এর মাথায় সেখানে ডেভিড হেয়ার ট্রেনিং ইনসটিটিউসনএ সেই কথা বলে ফেলেছিলেন। তার কারণ বলে দিচ্ছি। সেকেণ্ডারী এডুকেশন বোর্ড যে সমস্ত স্কুলের বই তৈরী করেন, তা দিগ্গজ পণ্ডিত দিয়ে করা হয়, এবং তাদের যত যা কিছু পাণ্ডিত্য আছে, তাতে পশ্চিম বাংলা গভর্ণমেণ্ট মনে করেন তারা একেবারে প্রেম চাঁদ, রায় চাঁদ স্কলার; এদের মত আর কেউ টেক্সট্ বুক তৈরী করতে পারেন না। টেক্সট্ বুক তৈরী করবার সময়, মাষ্টার মহাশয়দের পরামর্শ নিয়ে করা হয় না, যারা স্কুলে পড়ায়, তাদের সঙ্গে কন্সাল্ট করে তৈরী হয় না। সেই জন্য এই জিনিষ হয়েছে। নিজের নাতনীর মাথায় লগুর পড়েছে, তাই হয়ত মন্ত্রী মহাশয় একটু হুঁশিয়ার হবেন। তারপর আর একটা জিনিষ বলতে চাই—উনি সেকেণ্ডারী এডুকেশন এর কথা বলেছেন, তাঁকে আবার বলছি, এর ব্যবস্থা অত্যন্ত হতাশাজনক হয়েছে। সেকেণ্ডারী এডুকেশন এর মাল্টিপারপাস ব্যবস্থা সম্বন্ধে এখানে একজন বন্ধু বললেন। তিনি বাঁকুড়া থেকে এসেছেন, তাঁর নাম হচ্ছে শিশুরাম বাবু। শিশু বাবু একটু বয়স্ক হলে পর, তিনি বুঝতে পারবেন তাঁর কথা। অর্থাৎ বাংলাদেশে মালটিপারপাস স্কুলের সংখ্যা কেন এত বেশী? তার কারণ মালটিপারপাস স্কুলের মধ্যে মধু আছে। অন্যান্য ষ্টেট্ এর চেয়ে পশ্চিম বাংলায় মালটিপারপাস স্কুলের সংখ্যা বেশী, অথচ কোয়ালিফাইড টিচার নেই আর মধু হচ্ছে—সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এর কাছ থেকে ৬০ পারসেণ্ট টাকা পাওয়া যায়। এই সমস্ত ব্যাপারে ৬০ পারসেণ্ট খরচ সেণ্ট্রাল গভর্ণমেণ্ট বহন করছেন। নগদ টাকা, কিছু নাড়াচাড়াতে সুবিধা হয়। সেখানে একটু প্রেম হবে বইকি। এই জন্যই এতগুলি মালটিপারপাস স্কুল করবার কারণ হয়েছে। সেকেণ্ডারী এডুকেশন এর ভিতর মালটিপারপাস জিনিষ পড়ানত একটা গৌরবের কথা। কিন্তু এখানে একটা জিনিষ বিশেষ ভাবে দেখা যাচ্ছে। এখানে ভাল মাষ্টারের ব্যবস্থা নেই, টেক্সট্-বুক এর অব্যবস্থা, কোয়ালিফাইড টিচার নেই। সেই জন্য সেদিন আমি বলেছিলাম আমাদের দেশের ছেলে গুলিকে রায় হরেন্দ্র নাথ চৌধুরী মহাশয় এবং ডি, এম, সেন মহাশয় গিণিপিগ এর মত হত্যা করছেন। ওঁদের এখানে ট্রায়াল হওয়া উচিত, বিচার হওয়া উচিত।

আর একটি কথা বলতে চাই—গত বছরও বলেছিলাম সেকেণ্ডারী বোর্ডের অফিস সম্বন্ধে কেলেঙ্কারীর কথা। প্রথম দিনে তিনি কান দেন নাই। দ্বিতীয় দিনে বললে তিনি বলেছিলেন অনুসন্ধান করবো। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই মন্ত্রীমহাশয়কে,— বলে যান তিনি কি অনুসন্ধান করেছেন সেই দুর্নীতি সম্বন্ধে। আমি এখানে বলবো যে জিনিষ সম্বন্ধে প্রাইম মিনিষ্টার পণ্ডিত নেহরু বলেছিলেন করাপশন সম্পর্কে ডেফিনিট সংবাদ পেলে,আমি অনুসন্ধান করবো, এন্‌কোয়ারী করবো। এখানে এই এডুকেশন ডিপার্টমেণ্ট সম্বন্ধে একটা এন্‌কোয়ারী কমিটি বসান হোক। সেই এন্‌কোয়ারী কমিটি আমাদের এই লেজিসলেচারের সমস্ত দলের মেম্বারদের লোকদের নিয়ে বসান হোক। আমাদের এখানে কি দুর্নীতি আছে কি না আছে—সেটা তাঁরা অনুসন্ধান করে দেখবেন। হরেন বাবু সেখানে কত অসহায়? আপনাদের হয়ত মনে আছে তখন যুগান্তর কাগজে বেরিয়েছিল— পান্নালাল বাবু হতাশ হয়ে তাঁর সচিবের কোলে বসে রয়েছেন। পান্নালাল বাবু সেই সময়

শিক্ষামন্ত্রী ছিলেন। বর্ত্তমান ক্ষেত্রেও আমি তার পুনরুক্তি করে সেই কথাই বলবো—বর্ত্তমান শিক্ষামন্ত্রীও অসহায় হয়ে ঐ সচিবের কোলেই বসে আছেন। ছিল একই আছে—দৃশ্য কিছুই বদলায় নাই। সেকেণ্ডারী বোর্ড যে বাড়ীতে, সেই বাড়ীর ব্যাপারে তুলসী কালোয়ারের সঙ্গে ষড়যন্ত্র করেছিলেন এডুকেশন মিনিষ্টার, তাঁর পকেট ভরবার জন্য। তিনি কংগ্রেস পার্টির সদস্য,—সেই পার্টির মধ্যে কেন একটা অনুসন্ধান হবে না ? সরকারের টাকা—এই গরীবের টাকা বিনা অনুসন্ধানে চলে যাবে ? শুধু অনুসন্ধান করবো বলে চুপ করে বসে থাকলে চলবে না। সেই অনুসন্ধানের রিপোর্ট আমরা চাই। তার জন্য আমরা সাহায্য ও সকল প্রকার সহানুভূতি জানাব। এডুকেশন ডিপার্টমেণ্ট-এর জন্য এবং অন্যান্য ডিপার্টমেণ্ট-এর জন্য কন্সালটেটিভ কমিটি, এষ্টিমেট কমিটি, যেমন সেন্ট্রাল গভর্ণমেণ্ট করেছেন, তেমনি এখানেও থাকা দরকার। কারণ এটা তো আর নূতন জিনিষ নয়। দু' জায়গায়ই কংগ্রেস গভর্ণমেণ্ট ; বয়ঃজ্যেষ্ঠরা যখন করেছেন, তখন কনিষ্ঠরা করলে তাতে দোষ কি ?

তাঁরা তাঁদের পক্ষপুষ্ট আচ্ছাদনে যে গুটিকয়েক সেক্রেটারী রেখেছেন—সে হচ্ছে এগ্রিকালচার ডিপার্টমেণ্ট-এর সেক্রেটারী, স্বাস্থ্য বিভাগের সেক্রেটারী এবং এডুকেশন ডিপার্টমেণ্ট-এর সেক্রেটারী এবং এই তিনজন সেক্রেটারী হচ্ছে—ট্রিপড অফ আওয়ার চীফ মিনিষ্টার।

Shri Nepal Roy :

এডুকেশন ডিপার্টমেণ্ট-এর সমস্ত জায়গায় গলদ আছে মানি—কিন্তু ডাঃ চাটার্জ্জী যেখানের ভাল ভাইস-প্রিন্সিপ্যাল, সেখানকার স্বরূপ কি ?

Dr. Hirendra Kumar Chattopadhyay :

On a point of personal explanation Sir,

নেপাল বাবু কি জানেন না আমি চার পাঁচ বছর হলো ভাইস-প্রিন্সিপ্যাল থেকে রিটায়ার করেছি ? তাঁর আর একটু আপ-টু-ডেট হওয়া উচিত।

[7—7-10 p.m.]

Shri Trailokya Pradhan :

স্যার, আমাদের এক বন্ধু মেদিনীপুর জেলা স্কুল বোর্ড সম্পর্কে অভিযোগ করে বলেছেন—স্কুল আছে, অথচ সেই নামে কোন গ্রাম নাই, মৌজা নাই। আমি বন্ধুকে জানাতে চাই আপনার মাধ্যমে—এমন অনেক বিদ্যালয় আছে, যেখানে সেই নামে কোন মৌজা বা গ্রাম নাই। কাঁথি নামে প্রাথমিক বিদ্যালয়, উচ্চতর বিদ্যালয় এমন কি কলেজও আছে, কিন্তু কাঁথি নামে কোন গ্রাম নাই। সাতমাইলা হাই স্কুল, প্রাথমিক বিদ্যালয় আছে, কিন্তু সাতমাইলা নামে কোন মৌজা নাই। দীঘা প্রাথমিক স্কুল আছে, হাইস্কুল আছে, অথচ দীঘা নামে কোন মৌজা নাই। এমন অনেক গ্রাম আছে, যেখানে এই গ্রামের নামে মৌজা প্রচলিত নাই, অন্য নামে ডাকা হয়। বহুদিন থেকে সেই নামে স্কুল চলে আসছে। সেন্সাস দেখে এবং মৌজার জে-এল নম্বর দেখে নামকরণ হয়। সেই সমস্ত নাম পরিবর্ত্তন সুরু হয়েছে। হয়ত, অচিরে হবে। কিন্তু সবক্ষেত্রে সম্ভব হবে না।

আর একটা কথা বলা হয়েছে যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের রাজনৈতিক কারণে বদলী করা হয়। আমি তাদের জানাই—মেদিনীপুর জেলা স্কুল বোর্ডের অধীনে প্রায় ১২ হাজার প্রাথমিক শিক্ষক আছেন। তাদের বদলী খুব কম সংখ্যায় হয়। একজন হাইকোর্টের কেসের কথা বলেছেন। যেখানে ১২ হাজার শিক্ষক কাজ করেন, সেখানে হয়ত এ রকম

দু'একটা হতে পারে। কিন্তু কোন বদলী রাজনৈতিক কারণে হয় নাই। যখন কোন বদলী হয়েছে, তখন দেখা গেছে সেই শিক্ষক তাঁর কর্ত্তব্য কর্ম্ম করেন নাই এবং সেই কর্ত্তব্য কর্ম্ম না করার জন্য তাকে বদলী করা হয়েছে।

হয়ত আমার বন্ধুগণ তারাই এর পিছনে রাজনীতি সৃষ্টি করার চেষ্টা করেন। আমি এই কথা বলবো যে, তাঁরা বলেছেন, প্রাথমিক বিদ্যালয়ের জন্য অনেক দরখাস্ত করেও তারা মঞ্জুরী পাননি। আমি জানি শিক্ষা বিভাগের কর্তৃপক্ষ থেকে এর প্রতিবাদ করা হয়। মেদিনীপুর জেলায় ঢের প্রাথমিক বিদ্যালয় আছে—অল্প অল্প দূরত্বে বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে, বিদ্যালয় হয়নি এমন জায়গা নেই। মেদিনীপুরে রাজনৈতিক দলগতভাবে নির্ব্বাচন বহু হয়েছে ও বহু হচ্ছে। মাত্র ২।১টি জায়গায় বিরোধী সদস্যরা নির্ব্বাচনে দাঁড়ায় না। আমাদের ওখানে ৩২টি আসনের জন্য ৩২টা আসনেই তারা নির্ব্বাচনে দাঁড়িয়েছেন এবং প্রাথমিক শিক্ষকরা যে নির্ব্বাচনে অংশ গ্রহণ করেন না একথা আমি বিশ্বাস করি না, করবোও না। তারা সকলেই যে কংগ্রেসকে সমর্থন করেন তা নয় বিরোধী পক্ষকেও সমর্থন করেন। সুতরাং বিরোধী পক্ষরা ও রাজনীতি করে থাকেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে বিরোধী পক্ষ থেকে এবং আমাদের কংগ্রেস পক্ষ থেকেও অধিকাংশ ভাষণ যা দেওয়া হয়েছে, তা বাংলা ভাষায় কাজেই আমি জবাব বাংলাতেই দেবো। সত্যেন মজুমদার মহাশয় প্রথম সমালোচনা করতে উঠে যা বলেছেন, তার প্রথম দফা হচ্ছে যে মিস্‌সেলেনিয়াস হেডএ মাত্র ৮ লক্ষ টাকা কেন? ডেভেলপমেণ্ট এর কথা বলছেন, বিশ্ববিদ্যালয়ের ডেভেলপমেণ্ট এর কথা বলছেন, অথচ মিস্‌সেলেনিয়াস হেড এ মাত্র ৮ লক্ষ টাকা কেন? অন্য কেউ বললে আমি ব'লতাম যে তিনি বাজেট পড়েন নি। কিন্তু সত্যেন বাবুকে আমি সে কথা বলতে পারি না, তিনি পড়াশুনা করেই সমালোচনা করার চেষ্টা করেন এবং তিনি ইল-ইন্‌ফরর্মড নন, তবু আমি তাঁকে বলবো যে তিনি যদি ভাল করে বাজেট পড়ে দেখেন তাহ'লে দেখবেন যে মিসসেলেনিয়াস হেডএ মাত্র ৮ লক্ষ টাকানেই, সেখানে ৩৯ লক্ষ ২৪ হাজার টাকা ধরা আছে। তিনি আরো বলেছেন যে, মিসসেলেনিয়াস হেডএ বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষা বা প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে বিশেষ কোন কথা নেই। কিন্তু এখানে ইয়থ ওয়েলফেয়ার, টেক্সট্‌ বুক মুদ্রণ ইত্যাদি ব্যাপারের জন্য এই খরচের ব্যবস্থা আছে, এখানে কোন বড় বড় দফার খরচার ব্যবস্থা নেই। তারপর তিনি বলেছেন যে শিক্ষা ক্ষেত্রে যে খরচ হয়, তার মাত্র শতকরা ৯ ভাগ সরকার দিয়ে থাকেন, আর সব দেশের লোক দিয়ে থাকে। প্রথম কথা হচ্ছে, আমরা যদি সেকেণ্ডারী এডুকেশন কমিশন এর রিপোর্ট দেখি তাহলে দেখতে পাবো আমাদের প্রাথমিক শিক্ষার জন্য আমরা খরচ করেছি ১৯৫৫-৫৬ সালে ৭৭'৭ পারসেণ্ট। আজকে এর চেয়ে অনেক বেশী খরচ বাড়ান হয়েছে। কিন্তু ১৯৫৫-৫৬ সালেও শতকরা ৭৭'৭ পারসেণ্ট খরচ করা হয়েছিল, আমার কাছে গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার রিপোর্ট আছে তাতেও দেখতে পাবেন।

ইউনিভার্সিটি এডুকেশনএ শতকরা ৫০ টাকার বেশী খরচ করের পশ্চিমবংগ সরকার। আমার ধারণা যে, যে সমস্ত প্রদেশে কংগ্রেস সরকার আছে, যেমন বোম্বে, ইউ. পি, মধ্যপ্রদেশ মাদ্রাজ—তাদের সকলের থেকে বেশী খরচ করেন ইউনিভার্সিটি এডুকেশনে পশ্চিমবংগ সরকার।

[7-10—7-20 p.m.]

Dr. Hirendra Kumar Chattopadhyay :

হ্যাঁ, সেকেণ্ড লোয়েষ্ট ইন ইণ্ডিয়া

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :

ব্যঙ্গোক্তির উত্তর দেবোনা। একথা ঠিক নয় যে আমি যে ফিগার দিয়ে থাকি তা প্রাচীন ফিগার। তিনি যদি দেখেন তাহলে দেখবেন একটা স্পেয়ারএ—প্রাথমিক শিক্ষাই হোক, মধ্য শিক্ষাই হোক, আর উচ্চ শিক্ষাই হোক, পশ্চিমবংগ সরকার যথেষ্ট বেশী ব্যয় করেন অনেক সরকারের চেয়ে ; দ্বিতীয় কথা তিনি বলেছেন,'টিচারদের প্রভিডেণ্ট ফাণ্ড সম্বন্ধে কি ব্যবস্থা করা হচ্ছে কিছু নাকি বোঝা যাচ্ছে না। আমি কাউন্সিলএ জানিয়েছি, এখনও জানিয়ে দিচ্ছি যে, তার ব্যবস্থা করা হয়েছে'উইথ এফেক্ট ফ্রম্ দি ফার্ষ্ট অফ এপ্রিল, ১৯৫৯'—যেসময়ের কথা বলেছি সেই সময়েই করেছি—আমরা কথা বলে ফিরিয়ে নিই না। তারপরের কথা হচ্ছে, কি শিক্ষা, প্রাথমিক শিক্ষার স্তর কি ? —যে শিক্ষা ব্যবস্থা সর্বত্র প্রচলিত, আমরা সেই শিক্ষাই দিচ্ছি, বেসিক্ এডুকেশনও প্রবর্তন করছি। জনৈক বক্তা, বোধ হয় ডাঃ মৈত্রেয়ী বসু মহাশয়া বলেছেন কি ধরণের বেসিক্ এডুকেশন, এই প্রসংগে আমি তাঁকে জানাচ্ছি যে আমাদের এখানে যেটা প্রবর্তিত হয়েছে, সেটা ঠিক ওয়ার্ধা স্কীম অনুযায়ী হয়েছে কিনা আমি সঠিক বল্‌তে পারবনা। ডাঃ হীরেন চট্টোপাধ্যায় ব্যংগকরে বলেছেন, এটা হরেন্দ্র বাবু মার্কা বেসিক এডুকেশন। তাঁর অবগতির জন্য আমি তাঁকে বল্‌ছি, খেরে খের কমিটি যার মধ্যে ডাঃ জাকির হোসেনের মত বুনিয়াদী শিক্ষানায়ক ছিলেন, তাঁদেরই সুপারিশ অনুসারে আমাদের এখানে বেসিক এডুকেশন প্রবর্তিত হয়েছে, সুতরাং আমার মার্কা নয়। তারপর কথা উঠেছে, জুনিয়র বেসিক স্কুল এর ছেলেরা কোথায় যাবে, ইন্‌টিগ্রেশন এর কি ব্যবস্থা হয়েছে ? দুটো ব্যবস্থা আছে। প্রথম কথা হচ্ছে, জুনিয়র বেসিক স্কুলএ পাঁচটা মান আছে—জুনিয়র বেসিক স্কুল থেকে সিনিয়র বেসিক স্কুলএ যেতে পারে, সাধারণ স্কুলেও যেতে পারে, ক্রাফট ট্রেনিংও নিতে পারে যদি সাধারণ স্কুলে আসে সেখানে এসে ক্লাস এইট পর্য্যন্ত পড়তে পারে। কাজেই ইনটিগ্রেশন এর ব্যবস্থা হচ্ছে না বা নেই কথা ঠিক নয়। শুধু তাই নয়, ক্লাস এইট থেকে টেক্‌নিকাল স্কুলএ যেতে পারবে। সুতরাং ওঁরা যদি এবিষয়গুলি ভাল করে অনুসন্ধান করে জেনেশুনে সমালোচনা করেন তাহ'লে তার প্রশ্নকরা বা উত্তর দেওয়ার অবকাশ হয় না। তারপর, গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার রিসেণ্ট সার্কুলারএ বলা হয়েছে সব স্কুলই একাদশ শ্রেণীর বেসিক স্কুলএ রিকগনাইজ করতে হবে, তাহ'লে 'সাধারণ দশম শ্রেণীর স্কুল ভবিষ্যতে আর রিকগনেশন দেওয়া হবে না—এই সার্কুলার কেন দিলেন, এর মানে কি ? এটা আমরা দিইনি, দিয়েছেন সেণ্ট্রাল গভর্ণমেণ্ট, তারাই বলেছেন ভবিষ্যতে যেন প্রচলিত দশম শ্রেণীর স্কুলকে আর রিকগনাইজ না করা হয়, এখন থেকে সব ইলেভেন্‌থ ইয়ার স্কুল হবে, কারণ তানাহ'লে দুটো সিলেবাস একটা দশম শ্রেণীর স্কুল এর জন্য আরেকটা ইলেভেন্‌থ ইয়ার স্কুলের জন্যথা করে না। প্রি-ইউনিভার্সিটি ক্লাস এখন টেম্পোরারী এ্যারেঞ্জমেণ্ট মাত্র, প্রি-ইউনিভার্সিটি ক্লাসও চিরদিন থাকবে না। কাজেই সব স্কুলই ইলেভেন্‌থ ইয়ার স্কুল বলে গণ্য করে নিয়ে একই সিলেবাস যাতে হতে পারে সেই নির্দ্দেশই দেওয়া হয়েছে। কাজেই এখন থেকে দশম শ্রেণীর হাইস্কুল বলে রিকগনেশন হবে না, হায়ার সেকেণ্ডারী স্কুল বলে গণ্য হবে এই হচ্ছে সার্কুলার। তারপর সত্যেন মজুমদার মহাশয় বলেছেন মধ্য শিক্ষা প্রহসনে পরিণত হয়েছে। পাঠ্যসূচী

সম্পর্কে ডাঃ হীরেণ চট্টোপাধ্যায় ডেভিড হেয়ার ট্রেনিং কলেজে প্রদত্ত আমার বক্তৃতা উল্লেখ করে বলেছেন, আমার নাত্নী নাকি বইএর বহর দেখে ভয় পেয়েছিল—কথাটা অধিক সত্য। তবে বইএর সিলেবাস আমাদের ডিপার্টমেণ্ট থেকে করা হয় না, পাঠ্যপুস্তকের সিলেবাস বা পাঠ্যসূচীর নির্দ্ধারণ অনুমোদন এই দুটোই করে থাকেন বোর্ড অফ সেকেণ্ডারী এডুকেশন। তাঁরা আমাদের মত নেন না, বিশেষজ্ঞদের নিয়ে ফ্রেম্ করেন। তারপর তিনি বলেছেন, পাঠকের নাকি রসবোধ হয় না. এটা করাবে কে? রাইটার্স বিল্ডিংএ আমাদের এডুকেশন ডিপার্টমেণ্ট না টিচার্স? টিচার্সরা যদি সকল সময়ই মনে করেন শিক্ষাদান ছাড়া তাঁদেরও আরো কিছু করণীয় আছে তাহ'লে তাঁরা কি করে পাঠকের রসবোধ সঞ্চার করবেন? আরেকটা কথা উঠেছে, শিক্ষক কোথায়? একথা আমরা বল্লে দোষ হয়। প্রথমেই একথা বল্তে পারি যে, মাল্টিপার্পাস স্কুলের রিকগনেশনএর সকলের আগে কোয়ালিফাইড টিচার্স না দেখে অন্য কিছু বিবেচনা ক'রে আমরা দিই না বা করি না—ষ্টাফ সম্পর্কে ডিষ্ট্রিক্ট ইনস্পেক্টরের রিপোর্ট পেলে সেখানে কোয়ালিফাইড ষ্টাফ অর্থাৎ এম. এ, এম. এস-সি, বি.এ, বি. এস-সি, (অনার্স) আছেন জানতে পারলেই আমরা রিকগনেশন দিই। সম্প্রতি সেণ্ট্রাল গভর্ণমেণ্ট থেকে একটা নির্দ্দেশ এসেছে যে, এম.এ, এম. এস-সি, ষ্টাফ ছাড়া যেন আমরা মালটিপারপাস স্কুলের রিকগনেশন না দিই। তবে বর্তমানে আমাদের বি. এ, বি. এস-সি, (অনার্স) দিয়ে অনেক জায়গায় কাজ চালাতে হবে, তানাহলে বাংলাদেশে একাদশ শ্রেণীর স্কুলের প্রসার একেবারে কমে যাবে। তার প্রধান কারণ হচ্ছে চাহিদা মত এম. এ, এম. এস-সি আমরা পাচ্চি না, ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে এম. এ, এম. এস-সি অপেক্ষাকৃত অল্প সংখ্যক বের হয়।

প্রিন্সিপাল খগেন্দ্র নাথ সেন মহাশয় নবপ্রবর্তিত থ্রি ইয়ার্স ডিগ্রি কোর্স সম্বন্ধে সংবাদ পত্রে যে একটা আর্টিকেল লিখেছেন তাতে দেখেছি থ্রি ইয়ার্স ডিগ্রি কোর্স করতে গেলে কলেজে যে ষ্টাফ দরকার হবে তা' আমরা কোথায় পাব। কাজেই শিক্ষার সংস্কার ততটা হতে পারে যত দূর শিক্ষক পাওয়া যায়—তা' নাহলে শিক্ষার প্রসার দ্রুত হবে না। শিক্ষার প্রসার কেবল গভর্ণমেণ্ট করবে না বা ক'রতে পারে না। উচ্চ শিক্ষার প্রসার করতে বিশ্ববিদ্যালয়ের সাহায্য দরকার অর্থাৎ যাঁদের হাতে পোষ্ট গ্রাজুয়েট টিচিং এর ভার রয়েছে। তারপর সত্যেন মজুমদার মহাশয় বলেছেন যে শিক্ষাজগতে একবার যে ফেল করেছে তাকে বর্জন না করে আর একবার সুযোগ দেওয়া উচিত যা'তে সে বিশ্ববিদ্যালয়ে যেতে পারে। বিশ্ববিদ্যালয়ে যাবার যে সুযোগ দেওয়া উচিত তিনি মনে করেন অন্যান্য শিক্ষিত দেশে কিন্তু তা' মনে করে না। যেমন গ্রেট বৃটেনে কেউ স্কুল লিভিং সার্টিফিকেট পেলেই সে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারে না। সেখানে প্রত্যেক বিশ্ববিদ্যালয় ছাত্রদের এ্যাডমিশন টেষ্ট করে নিয়ে থাকেন। তারপর ইউ, জি, সি, বলেন যার এ্যাবিলিটি এবং এ্যাপটিচুড নেই তাকে ইউনিভার্সিটি এডুকেশন বা ষ্টাইপেণ্ড দেওয়ার অর্থ হচ্ছে ন্যাশনাল ওয়েষ্ট, হয়ত এমনও হতে পারে যে তার খরচ তার পিতা বা অন্য কেউ দেন কিন্তু তাহলেও অযোগ্য ছাত্রের পক্ষে দ্যাট ইজ এ ন্যাশনাল ওয়েষ্ট—এই হচ্ছে বিলাতের ইউ, জি, সির ও মত। তারপর, শিশির দাস মহাশয় বলেছেন যে,

why so much is being spent on primary education—

না কি একটা বলেছেন। প্রাথমিক শিক্ষায় আমাদের বেশী খরচ করতেই হবে কেননা ওটা হচ্ছে মাস এডুকেশন এর জন্য। তারপর বলা হয়েছে

what is the break up of 31 lakhs for the University ?

আমি আমার প্রাথমিক ভাষণে বলেছি যে, ষ্টেচুটরি গ্রাণ্ট ছাড়া ইউনিভার্সিটিদের ৩১ লক্ষ এ্যাডিশনাল এক্সপেণ্ডিচার দেওয়া হয়েছে এবং যার মধ্যে ৭১৮ লক্ষ টাকা ক্যালকাটা ইউনিভার্সিটি, ১৭ লক্ষ টাকা যাদবপুর ইউনিভার্সিটি এবং বাকী টাকা বোধ হয় নিউ ইউনিভার্সিটি পাবে—এই হোল ৩১ লক্ষ টাকার ব্রেক আপ। তারপর ডাঃ রায় যাদবপুর ইউনিভার্সিটির প্রেসিডেণ্ট হওয়া সম্পর্কে যে প্রশ্ন তোলা হয়েছে তার উত্তরে বলতে চাই যে তিনি ইলেকসনএ কনটেষ্ট করে সেখানে প্রেসিডেণ্ট হয়েছেন—ইচ্ছে করে যাননি। সেখানে ঐ প্রেসিডেণ্টের পদের জন্য যখন নিইলেকসন হয় তখন তিনি তাতে কনটেষ্ট করেছিলেন এবং ডক্টর রায় হ্যাজ বিন ইলেক্‌টেড এগেইন এবং সেটা ইলেক্‌সন আণ্ডার দি ষ্টেচুট। শ্রীযুক্ত শিশির দাস আরও একটা কথা বলেছেন যে,

not a single pice has been added to the statutory grant of the Calcutta University.

এ কথা সত্য নয়। অনেক বছরই ক্যালকাটা ইউনিভার্সিটিকে ষ্টেচুটরি গ্রাণ্ট দেওয়া হয়ে থাকে অর্থাৎ ১৬ লক্ষ টাকা এবং ৫॥ লক্ষ টাকা—এবং সেটার বিধান কংগ্রেস গভর্ণমেণ্টই করেছেন—। এ ছাড়া তাঁদের আরও যে সমস্ত প্রয়োজন হয় তার জন্যও অতিরিক্ত টাকা দেওয়া হয় এবং প্রায় প্রতি বছরেই দেওয়া হয়েছে। আরেকটা কথা এখানে বলা হয়েছে যে, আমরা নাকি ইনষ্টিটিউট অফ ইকোনমিক্সকে ম্যাচিং গ্রাণ্ট দিচ্ছি না, এ কথাও ঠিক নয়। ইনষ্টিটিউট অফ ইকোনমিক্স ক্যালকাটা ইউনিভার্সিটির কাছ থেকে যে গ্রাণ্ট চেয়েছে সেটা ডেভেলপমেণ্ট গ্রাণ্ট হিসেবে মঞ্জুরীর জন্য ইউ, জি, সিতে যায়। এটা যখন ম্যাচিং গ্রাণ্ট এর বিষয় তখন গভর্ণমেণ্ট অফ ওয়েষ্ট বেঙ্গল তো আর সব টাকাটা দেবে না। কিন্তু ইউ. জি, সিকে প্রায় ৫ বারেরও বেশী তাগিদের পর তাগিদ দেওয়ায় সম্প্রতি ফোর্থ মার্চ্চ তাঁরা জানিয়েছেন যে এ গ্রাণ্ট তাঁরা দেবেন। অর্থাৎ এটাকে একটা ডেভলপমেণ্ট স্কীম হিসাবে যে ইউ. জি. সি. এগ্রিণ্ট করেছেন সেটা আমরা ফোর্থ মার্চ্চ জেনেছি, অর্থাৎ আমাদের বাজেট প্রস্তুত হবার পর বলতে গেলে। তারপর আমাদের জানতে হবে যে ইউনিভার্সিটি কত টাকা দিতে পারবেন এবং যদি তাঁরা না পারেন তাহলে আমাদেরই সাহায্য ক'রতে হবে।

[7-20—7-30 p.m.]

কিন্তু যেহেতু এটা আমরা ৪ঠা মার্চ্চ জেনেছি এবং অর্থাৎ আমাদের বাজেট একরকম প্রস্তুত হ'য়ে গেলে। বাজেট এ সম্বন্ধে তাড়াতাড়ি আর কিছু করা সম্ভব হয়নি। সুতরাং গভর্ণমেণ্ট অফ ওয়েষ্ট বেঙ্গল কিছুই করেননি। ইট ইজ সিটিং টাইট প্রভৃতি যে সমস্ত কথা বলা হয়েছে তার কোন ভিত্তি নেই। শ্রীযুক্ত শরবিন্দু বেরা এবং শ্রীযুক্ত ভুপাল পাণ্ডা ডিষ্ট্রীক্ট স্কুল বোর্ডের বিষয়ে যে সমস্ত সমালোচনা করেছেন সে সম্বন্ধে কিছু বলব না কারণ জেলা স্কুল বোর্ডের আইনতঃ কতকগুলি অধিকার আছে। যতীন চক্রবর্ত্তী মহাশয় 'বলেছেন যে, প্রাইমারী টেক্সট বুক্‌স-এর অনেক জায়গায় "অজস্র ভুল" আছে। অর্থাৎ জগতে যদি কেউ ভাল এবং অভ্রান্ত থেকে থাকে তা' হলে তিনি হচ্ছেন এই যতীন চক্রবর্ত্তী মহাশয়। প্রাইমারী টেক্সট বুকস সিলেক্‌সন-এর জন্য প্রোফেসর, হেড মাষ্টার প্রভৃতিদের নিয়ে একটা কমিটি করা হয় অর্থাৎ যাকে বলে প্রাইমারী টেক্সট বুকস সিলেক্‌সন কমিটি, তাঁরাই পুস্তক পরীক্ষা ও নির্ব্বাচন

করেন। তবে যদি কিছু ভুল ত্রুটি থাকে তা'হলে সঠিক জানালে নিশ্চয়ই তা অনুসন্ধান করা হবে। তারপর বলেছেন যে পোষ্ট-গ্র্যাজুয়েট ইকোনমিক্স-এর সিলেবাস-এ ১৬১খানা বই রয়েছে। আমি জিজ্ঞাসা করি যে সেটা কি আমরা অর্থাৎ এডুকেশন ডিপার্টমেণ্ট বা ডিরেক্টরেট করেন? যতীন বাবু এখানে বসে এই সমস্ত স্পিস দিচ্ছেন কিন্তু তিনি যদি সিনেট-এর মেম্বার হতেন তাহলে বুঝতেন যে কোথায় কি বলতে হবে। তারপর শিক্ষা বিভাগের দুর্নীতি সম্বন্ধে একটা উদাহরণ দিয়ে অনেক কথা এখানে বলেছেন। এ ধরণের দুর্নীতির কথা এখানে এবং কাউন্সিলে শুনতে শুনতে কান ঝালপালা হয়ে গেল। তিনি উদাহরণ দিয়ে বলেছেন যে দমদম কলেজে মিসেস মামুদকে ৭ শত টাকা মাইনে দিয়ে নিযুক্ত করা হয়েছে, অর্থাৎ কত বড় দুর্নীতিমূলক কাজ করেছেন এডুকেশন ডিরেক্টরেট অথবা ডাঃ ডি. এম. সেন! স্যার, আমি একটা কথা জিজ্ঞাসা করি, আগে এ্যাসেমব্লী এবং কাউন্সিল-এ একটা নিয়ম ছিল যে, যিনি বাইরের লোক অর্থাৎ যাঁর এখানে উত্তর দেবার সুযোগ নেই তাঁর নাম নিয়ে কোন সমালোচনা করা উচিত নয়, কিন্তু এখন দেখছি সেই নিয়ম উঠে গেছে। যা'হোক মিসেস মামুদের নিয়োগের ব্যাপারে কি দুর্নীতি হোল আমি বুঝতে পারছি না। মিসেস মামুদ ইউ, পি, গভর্ণমেণ্ট-এ ক্লাস ওয়ান সার্ভিস-এ ছিলেন এবং ৭ শত টাকা মাইনে পেতেন এবং এখানেও তাঁকে সেই ৭ শত টাকাতেই নিযুক্ত করা হয়েছে। তাঁকে সিলেক্ট করেছেন সেণ্ট্রাল সিলেক্সন কমিটি এবং সেই কমিটির মেম্বারদের মধ্যে ছিলেন,

Ex-Principal B. M. Sen, Mr. A. K. Chanda, Ex-Director, and Additional Secretary, A. D. P. I., Development

এবং ডিরেক্টর বা সেক্রেটারী ছিলেন। কাজেই এ ব্যাপারে ডাঃ সেন-ই যে একমাত্র রেসপনসিবল তা' ঠিক নয়। আমি জিজ্ঞাসা করি, পাব্লিক সার্ভিস কমিশন যদি করতেন তাহলে এঁদের থেকে প্রাচীন শিক্ষাবিদ লোকেরা কি করতেন? কলেজের শিক্ষক নির্ব্বাচন ব্যাপারে প্রিন্সিপাল সেন, এ. কে. চন্দ—এঁদের থেকে কি কোয়ালিফায়েড লোক কোথায় পাওয়া যেত? তারপরে বলেছেন যে মিসেস মামুদের পে এবং প্রিন্সিপ্যালের পে এক রকম নয়—প্রিন্সিপ্যালের পে কম। ঠিক জানেন না। তবে মিস লতিকা ঘোষ সরকারী কার্য্যকালে শেষ বেতন পেতেন ৬৫০, কিন্তু প্রিন্সিপ্যাল হবার জন্য তাঁকে একষ্ট্রা স্পেশাল পে দেওয়া হয়েছে ১০০ টাকা কাজেই তাঁর এখনকার বেতন বা পে হল ৭৫০৲ টাকা। তাঁর পে মামুদের চেয়ে কোন অংশে কম নয়। চক্রবর্ত্তী মহাশয় কিছুই জানেন না, না জেনেশুনে কেবল সমালোচনা করেন, "দুর্নীতি" "দুর্নীতি" করেন। তারপরে বসন্ত চ্যাটার্জী মহাশয় একটা কথা বলেছেন যে ওয়েষ্ট দিনাজপুরে হাইস্কুল খুব কম আছে। ওয়েষ্ট দিনাজপুরের লোকসংখ্যা অনুসারে হাইস্কুল কম আছে মনে হয় না ওখানে হাইস্কুল ২৮টা আছে। কোন বিশেষ জায়গায় হয়ত না থাকতে পারে সেটা স্বতন্ত্র কথা কিন্তু ওয়েষ্ট দিনাজপুরে মোট ২৮টা হাইস্কুল আছে। তারপরে উনি বলেছেন আমাদের ওখানে পলিটেকনিক হওয়া উচিত, কিন্তু একটা পলিটেকনিক স্থাপন করতে গেলে ৩ লক্ষ টাকা ক্যাপিটাল একসপেণ্ডিচার এবং ৪ লক্ষ টাকা রেকারিং একসপেণ্ডিচার লাগে। আমরা সম্প্রতি একটা পলিটেকনিক স্থাপন করতে যাচ্ছি মালদায়। এখন মালদায় করলে বলবেন ওয়েষ্ট দিনাজপুরে হল না, আবার ওয়েষ্ট দিনাজপুরে করলে বলবেন মালদায় হল না তাহলে কি করা যায়? তবে থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে যদি আমরা বেশী টাকা পাই তাহলে আমাদের ওয়েষ্ট দিনাজপুরে হয়ত একটা পলিটেকনিক করা সম্ভব হবে। আর নর্দার্ন ইউনিভার্সিটির কথা? সে তো আমরা আগেই বলেছি যে করবো, ওঁর ভাষণের জন্য তো

আমরা অপেক্ষা করছিলাম না ; 'কিন্তু আমাদের যখন নর্দান ইউনিভার্সিটি বিল আসবে তখন আশা করি অপোজিসন পার্টি সেটার বিরোধিতা করবেন না। আমি আর বেশী কিছু বলবো না অনেক কথা বলা হয়ে গেছে। আমি এখানেই শেষ করছি।

Dr. Hirendra Kumar Chattopadhyay :

সেকেণ্ডারী এডুকেশন বোর্ডের বাড়ি ভাড়াব ব্যাপারটা কি হ'ল বলুন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Sir, I had occasion to give a detailed reply on this subject during the last session of the Assembly. Sir, I am very sorry that a matter which has been disposed of has been raised again and I am asked to reply to that point over again. I hope it will not be repeated for the third time in future and I shall not have any occasion to reply to that point again.

Sir, accommodation in the previous office buildings of the Board of Secondary Education was inadequate. With the steady increase in the number of Secondary Schools under its administration and also in the number of School final examinees each year, it became inpossible for the Board's staff to work in those buildings under conditions of acute shortage of accommodation.

Since 1955 the Board had been on the lookout for a suitable house for the accommodation of its offices, but without success. A number of houses were inspected in 1957 and 1958, but attempts to secure them failed. In November, 1958, the Board came up with a proposal to rent house at 77, Park Street, Calcutta. They reported that it was a six-storied building with a total floor area of 40,000 sq. ft.

[7-30—7-42 p.m.]

Adjacent to it was a small vacant plot which the owner was agreeable to spare exclusively for the Board's use. The owner also agreed to instal a lift in the building.

The Board had further talks with the owner who did not agree to let out the house on Rs. 7,500 which was suggested to the Board. But in his letter dated 20th November 1958 he stated his own terms. The Board considered these terms to be reasonable, — the terms that were offered by the owner of the house in his letter dated the 20th November 1958. The Board's D.O. No. 78 dated 5. 1. 59 clearly stated that the covered space was 40,000 square feet and that the estimate of 28,830 square feet was the net floor space available to the Board after excluding the space for passages inside the new building in each floor, quarters for Darwans, farashes etc., a tank and space for electric transformer to be installed for the supply of alternating current. The gross floor space for which rent is payable is therefore not 28,000 square feet but 43,890 square feet. The Board would have to pay the municipal taxes and have to incur a capital expenditure of Rs. 60,000. etc. etc.

Such here the terms were settled by the Board. My friend gave out half the story and not the full of it. Without knowing or giving out the whole story he accused the Government. I say, his here the most a irresponsible accusations made in this House. I hope that in future responsible M.L.A.'s will not indulge in such pastime.

Mr. Speaker: I put all the cut motions except those on which division has been called.

The motion of Shri Ajit Kumar Gunguli that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Subodh Banerjee that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37–Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Narayan Chobey that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37--Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sudhir Kumar Pandey that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Mangru Bhagat that the demand of Rs. 13,75,69,000 for expenditnre under Grant No. 20, Major Head "37—Educatton" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Niranjan Sen Gupta that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Radhanath Chattoraj that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Basanta Lal Chatterjee that demand of Rs, 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhuban Chandra Kar Mahapatra that the demand of Rs. 13,75,69,0C0 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head '37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhupal Chandra Panda that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Expenditure" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Stayendra Narayan Mazumdar that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—E ducation" be reduced by Rs. 100 was then put andlost.

The motion of Shri Jatindra Chandra Chakravorty that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jagat Bose that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Pabitra Mohan Roy that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "3 7—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Gobinda Charan Maji that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100,was then put and lost.

The motion of Shri Phakir Chandra Roy that the demand of Rs. 13,75,69.000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Elias Razi that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education, be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost,

The motion of Shri Hemanta Kumar Basu that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Ranendra Nath Sen that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sitaram Gupta that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Haran Chandra Mondal that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Edudcation" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Renupada Halder that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sishir Kumar Das that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Jnanendra Nath Majumdar that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Hemanta Ghosal that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No, 20, Major Head "37—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri S. A. Farooquie that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Gobordhan Das that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Syed Badrudduja that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Dasarathi Tah that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The Motion of Shri Benoy Krishna Chowdhury that the demand of Rs. 13,75'69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Mojor Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Gopal Basu that the demand of Rs. 13,75,69,00 for expenditure under Grant No 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Natendra Nath Das that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Soraj Roy that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Banarashi Prosad Jha that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No, 20, Major Head "37—Education" be reduced by Rs, 100 was then put and lost.

The Motion of Shri Mihir lal Chatterjee that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Samar Mukherji that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhakta Chandra Ray that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Shyamaprasanna Bhattacharya that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was than put and lost.

The motion of Shri Ganesh Ghosh that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Dhirendra Nath Banerjee that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Bhandari that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chattopadhyay that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Amarendra Nath Basu that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shrimati Manikuntala Sen that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20 Major Head "37—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shrimati Labanya Prova Ghosh that the demand of Rs. 13,75,69,000 for expenditure under Grant No. 20, Major Head "37—Education" be reduced by Rs. was then put and lost.

Shri Mihirlal Chatterjee : Sir, I beg to move that the demand of Rs. 6, 60,62,000 for expenditure under Grant No, 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Samar Mukhopadhyay : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced be Rs. 100.

Shri Shyama Prasanna Bhattacharjee : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Dhirendra Nath Banerjee : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Niranjan Sen Gupta : Sir, I beg to move that the demand of Rs. 6,60, 62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Bhandari : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant. No. 21. Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Dr. Hirendra Kumar Chattopadhyay : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Basu : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant. No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Bhadra Bahadur Hamal : Sir, I beg to move that the demand of Rs. 6, 60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Manoranjan Hazra : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Dhirendra Nath Dhar : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "30-Medical" be redced by Rs. 100,

Shri Bijoy Krishna Modak : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Roy : Sir, I beg to move that the demand of Rs. 6,60, 62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Suhrid Mallik Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Jamadar Majhi : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Amarendra Mondal : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Ledu Majhi : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar. Sir I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Tarapada Dey : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Taher Hossain : Sir, I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Shaikh Abdulla Farooquie : Sir I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Sunil Das : Sir I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Deo Prakash Rai : Sir I beg to move that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Bankim Mukherjee : Sir I beg to move that the demand of Rs. 6,60, 62,000 for expenditure under Grant No. 21,Major Head "38-Medical" be reduced by Rs. 100.

Shri Subodh Banerjee : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22 Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Ajit Kumar Ganguly: Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Sudhir Kumar Pandey : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Mangru Bhagat : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100,

Dr. Radhanath Chattoraj : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Dr. Pabitra Mohan Ray : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Mojor Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Satyendra Narayan Mazumdar : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Bhupal Chandra Panda : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Panchugopal Bhaduri Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Jatindra Chandra Chakravorty : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Mukhopadhyay : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Gobinda Charan Maji : Sir, I beg to move that the demand of Rs. 3,76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Mead "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Basanta Lal Chatterjee : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100,

Shri Phakir Chandra Ray : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Dr. Ranendra Nath Sen : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Haran Chandra Mondal : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Ramanuj Haldar : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Niranjan Sen Gupta : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Renupada Haldar : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Dr. Jnanendra Nath Majumdar : Sir I beg to move that the demand of Rs. 3, 76,12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Ghosal : Sir, I beg to move that the demand of Rs. 3, 76,12,000 for expenditure under Grant No, 22 Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Jyoti Basu : Sir. I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Gangadhar Naskar : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant. No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Syed Badrudduja : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Gopal Basu : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Natendra Nath Das : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Narayan Chobey : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Saroj Roy : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Sasabindu Bera : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Benarashi Prosad Jha : Sir, I beg to move that the demand of Rs. 3,76, 12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be redueed by Rs. 100.

Shri Samar Mukhopadhyay : Sir, I beg to move that the demand of Rs. 3,76, 12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh : Sir, I beg to move that the demand/ of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 2?, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Dr. Dhirendra Nath Banerjee : Sir, I beg to move that the demand of Rs. 3, 76,12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Bhandari : Sir, I to beg move that the demand of Rs. 3, 76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Publi Health" be reduced by Rs. 100.

Dr. Hirendra Kumar Chattopadhyay : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100

Shri Bhadra Bahadur Hamal : Sir, I beg to move that the demand of Rs. 3,76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Jagat Bose : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya : Sir, I beg to move that the demand ofRs. 3,76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Jamadar Majhi : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shrimati Manikuntala Sen : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12,000 for expenditure under Grant No. 22, Major Head 39-Public Health" be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Chaitan Majhi : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Dhirendra Nath Dhar : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Bijoy Krishna Modak : Sir. I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Roy : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12, 000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Suhrid Mullick Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Amarendra Mondal : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12,000 expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Tarapada Dey : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Taher Hussain : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12,000 for expenditure under Grant No. 22, Major Head 39-Public Health" be reduced by Rs. 100.

Shri S. A. Farooquie : Sir, I beg to move that the demand of Rs. 3,76,12,000 for expenditure under Grant No. 22, major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Sunil Das : Sir, I beg to move that the demand of Rs. 3, 76, 12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Shri Deo Prakash Rai : Sir, I beg to move that the demand of Rs 3, 76, 12,000 for expenditure under Grant No. 22, Major Head "39-Public Health" be reduced by Rs. 100.

Dr. Jnanendra Nath Majumdar :
মিঃ স্পীকার স্যার, চিকিৎসা এবং জনস্বাস্থ্য বিভাগের এই যে বাজেট মন্ত্রীমহাশয় আমাদের সামনে নিয়ে এলেন তা দেখে এবং তাঁর বক্তৃতা শুনে একটা কথা মনে হল ইংরাজীতে যাকে বলে মিল্ক এণ্ড হানি—সবই স্মুথলি চলছে। একথা প্রথমে দাঁড়িয়ে বলতে হয় যে ঠিক এই বিভাগটা এই রকম ভাবে চলছে না। সমাজের সামনে আজকে একটা বিশৃংখলা চলছে যাকে ইংরাজীতে বলা যায় ক্যায়স। আপনি আজকে যদি সমাজের যে কোন ব্যক্তিকে, যে কোন চিকিৎসককে জিজ্ঞাসা করেন তাহলে এক আমাদের ডিরেক্টরেটের উপরে যাঁরা বসে আছেন তাঁরা ছাড়া আর সকলেই বলবে যে আজকে চিকিৎসা জগতে যে ক্যায়স চলছে এর থেকে বড় ক্যায়স আর কোন ডিপার্টমেণ্টে দেখতে পাওয়া যায় না। এটা কেবল আমি বলছি না,

আমাদের সামনে যাঁরা বসে আছেন তাঁরাও একথা বলে গেছেন। এমনকি বিজয় সিং নাহার পর্য্যন্ত বলে গিয়েছেন। মিনিষ্টারের স্ত্রী, যখন এ্যাকসিডেণ্ট হয়ে গেছে, তাঁর বাচ্চাকে নিয়ে মেডিকেল কলেজে গেছেন, ২ ঘণ্টা মেডিকেল কলেজ তাকে এ্যাটেণ্ড করেনি অর্থাৎ এমনই নিজেদের কণ্ট্রোল, মিনিষ্টারের উপর এই রকম ভক্তি চলছে। এই অপদার্থতা কেন, এই অকর্মন্যতা কেন সেটা আমি একটু বলতে চাই। যে কোন স্বাধীন দেশে জনস্বাস্থ্য হল দেশের সম্পদ। সেই সম্পদ নিয়ে এঁরা ছিনিমিনি খেলছেন। এই পলিসি, এই অপদার্থতা, এই অকর্মণ্যতা কতদুর গিয়ে পড়েছে তার নজির তুলে ধরব। আমরা কিছু কিছু কনস্ট্রাকটিভ সাজেসান দিয়েছিলাম কারণ, আমাদের ধরণা ছিল যে ডেমোক্রাসির যুগে আমাদেব সাজেসান কিছু নেবে, কিন্তু এঁরা কিছু নেননি। আমি কংগ্রেস সরকারের কি চেহারা সে সম্বন্ধে দুটো কথা বলতে চাই। বাজেটে রেভেণিউ আর্নিং ডিপার্টমেণ্টস নয় যেগুলি তাদের ভিতর খরচ যদি দেখেন তাহলে দেখবেন এ্যাড্মিনিষ্ট্রেশন এবং পুলিশ, জনস্বাস্থ্য এবং চিকিৎসা এই দুটাকে কম্পেয়ার করলে রাষ্ট্রের কি চেহারা তা দেখতে পাওয়া যাবে। ১৯৫৭-৫৮ এবং ১৯৫৮-৫৯ সালে বাজেটে যা দেওয়া হয়েছিল এ্যাড্মিনিষ্ট্রেশন ইনক্লুডিং পুলিশ খাতে তাতে আমরা দেখেছি যে ১৯৫৭-৫৮ সালে ১২ কোটি ৮৩ লক্ষ ৬৭ হাজার টাকা দেওয়া হয়েছিল, খরচ হয়েছিল ১৩ কোটি ৩৪ লক্ষ ২৮ হাজার টাকা অর্থাৎ ৫০ লক্ষ ৬১ হাজার টাকা বেশী খরচ হয়েছিল। আর ১৯৫৮-৫৯ সালের বাজেটে ছিল ১৩ কোটি ২৫ লক্ষ ৮৫ হাজার টাকা আর খরচ করা হয়েছিল ১৩ কোটি ৫৯ লক্ষ ৫৯ হাজার টাকা অর্থাৎ ৩৩ লক্ষ ৭৪ হাজার টাকা বেশী খরচ করা হয়েছিল। সাম টোটাল ঐ ২ বছরে পুলিশ এবং এ্যাডমিনিষ্ট্রেশনে বেশী খরচ হয়েছিল ৮৪ লক্ষ ৩৫ হাজার টাকা, তার মধ্যে ৪০ লক্ষ টাকা শুধু পুলিশে খরচ করা হয়েছিল। মেডিকেল এবং পাবলিক হেল্থে ১৯৫৭-৫৮ সালে ধরা হয়েছিল ৭ কোটি ৩০ লক্ষ ৫২ হাজার টাকা আর খরচ করা হয়েছিল ৬ কোটি ১০ লক্ষ ৮৫ হাজার টাকা, কাজ করতে পারেননি ১ কোটি ১৯ লক্ষ ৬৭ হাজার টাকার। ১৯৫৮-৫৯ সালে ৭ কোটি ৮ লক্ষ ১৫ হাজার বাজেট করেছিলেন, খরচ করেছিলেন ৬ কোটি ২৩ লক্ষ ৯০ হাজার টাকা অর্থাৎ ৮৪ লক্ষ ২৫ হাজার টাকা খরচ করতে পারেননি। এই ২ বছরে প্রায় ২ কোটি ৩ লক্ষ ৯২ হাজার টাকা খরচ করেননি। ব্লু বইটা দেখছিলাম। খরচ করেননি মানে খরচ তারা বাঁচাননি—খরচ করতে পারেননি এবং খরচ করবার ইচ্ছা করেননি। যেখানে সরকার পুলিশ খাতে ৪০ লক্ষ টাকা বাজেট থেকে বেশী খরচ করেন, এ্যাডমিনিষ্ট্রেশনে বাজেট থেকে ৮০ লক্ষ টাকা বেশী খরচ করা হয় অথচ যেখানে জনস্বাস্থ্য এবং হেল্থ প্রবলেম নিয়ে ২ কোটি ৩ লক্ষ টাকা খরচ হয় না, সেই রাষ্ট্র ব্যবস্থাকে, সেই সরকারকে যদি কেউ সোসালিষ্ট ষ্টেট বলে তাতে আশ্চর্য্য হবারই কথা।

সুস্থ মানুষ যখন খাবারের জন্য আন্দোলন করবে তখন তাদের লাঠি দিয়ে ঠেঙ্গাবার জন্য পুলিশ পোষতে পারেন। কিন্তু অসুস্থ মানুষ রোগ নিয়ে যখন হাসপাতালে যেতে চায়; রোগীদের হাসপাতালের আউটডোরে যেতে চায় তখন তাদের বেলায় এঁরা খরচ করতে পারেন না এবং আপনি দেখুন স্যার, যতটুকুন খরচ করছে সেটুকুনও কনট্রাক্টরের পেটে বেশী গেছে। সেগুলিতে আমি আস্তে আস্তে যাচ্ছি এবং যেটুকু চিকিৎসার ব্যবস্থা হয়েছে সেখানে ন্যাইন এ্যাডমিনিষ্ট্রেশন্ এক কোরাপশন চলছে সেটা আমি আস্তে আস্তে আপনার সামনে

তুলে ধরছি। কাজেই এর উপর যদি আবার বলেন যে এটা সমাজতান্ত্রিক রাষ্ট্র, এটা কল্যাণকারী রাষ্ট্র, সমাজতান্ত্রিক পথে আমরা পা দিচ্ছি তা যেন আমার মনে হয় যে এর থেকে বড় ধাপ্পা দুনিয়াতে আর কিছু হতেপারে না। সুতরাং আমি বলবো যে এটা সমাজতান্ত্রিক রাষ্ট্রের চেহারা নয়; এটা পুলিশী রাষ্ট্রের চেহারা, ফ্যাসিজমের চেহারা। শুধু বাজেটের হিসাব দেখলেই বুঝাযায় যে এটা পুলিশী রাষ্ট্রের চেহারা, ফ্যাসিজমের চেহারা। তারপরে একটা কথা আমাদের মিনিষ্টার ছোট্ট করে বলে গেছেন—বলতে হয় বলে বলেগেছেন, তিনি অবশ্য কলের পুতুল, যেমনভাবে নাড়ানো হয় তিনি তেমনভাবে নড়েন। কোন পলিসি নিয়ে তিনি ইণ্টারফিয়ার করেন না বা কাজকর্ম ও বিশেষ কিছু দেখেন না, তার উপর যাঁরা বসে আছেন তাঁরা যা বলেন তিনি তাই করেন এবং নীচে যাঁরা আছেন তাঁরা যেমনি ভাবে চালান তিনিও সেই ভাবে চলেন। কাজেই আমার কথা হল খরচ হচ্ছে ঠিকই কিন্তু যে টাকাটা খরচ হল তাতে জনসাধারণের কতটা উপকার হল সেটা আমাদের দেখা দরকার। তারপরে দেখা দরকার যাদের চিকিৎসা প্রফেসন তাদের কতটা উপকার হল। শেষ দিকে দেখা দরকার যারা চালাচ্ছেন তাদের কতটা উপকার হল। আমার মনে হয় যারা চালাচ্ছেন তাদের সব থেকে বেশী উপকার হচ্ছে, যাদের চিকিৎসা প্রফেসন এবং জনসাধারণ তাদের কম উপকার হচ্ছে। কেন হচ্ছে সেটা বলি। একটা ছোট্ট কথা তিনি বলে গেছেন সেটা হচ্ছে স্বাস্থ্য এবং চিকিৎসা সোসিও ইকোনমিক প্রবলেম্। সেদিকে এঁদের যদি একটু নজর থাকতো তাহলে ভাল হত। অবশ্য আমি যে কলেজ থেকে পাশ করেছি উনিও সেই কলেজ থেকেই পাশ করেছেন।

[3-30—3-40 P.m.]

সংস্কৃতে একটা কথা আছে "সংসর্গজা দোষ গুনভবন্তি"। ডাঃ অনাথ বন্ধু রায় এখানে রয়েছেন, এতদিন আমরা জানতাম তিনি সত্যসত্যই সৎলোক কিন্তু এখন দেখছি অসৎ সংসর্গে পড়ে, দলে পড়ে তিনিও সেরকম হয়েছেন। আমি একথাই বলতে তাই সোসাল ইকোনমিক প্রবলেম এর কথা বললেন কিন্তু একটা প্রধান জিনিষের কথা বললেন না। আমি একজন চিকিৎসক হিসাবে বলছি, আমি বড় বড় চিকিৎসকের সঙ্গে পরামর্শ করে দেখেছি যে শতকরা ৫০ জনের রোগ আজ ম্যালনিউট্রিশান এর জন্য হয় এবং সেই ম্যালনিউট্রিশান এজন্যই বেশী যে মধ্যবিত্ত, নিম্নবিত্তদের অনেককে একাহারে কিংবা অনাহারে দিন কাটাতে হয়। এঅবস্থায় রোগের সঙ্গে ফাইট্ করতে পারে না, অনাহারে থাকলে রোগের সঙ্গে ফাইট করতে পারেনা, এ অবস্থায় আপনি বলছেন চিকিৎসার উন্নতি করছেন, জনস্বাস্থ্যের উন্নতি করছেন। এই যে কথা তিনি উল্লেখ পর্য্যন্ত করলেন না! আমি আরও দেখছি মুনাফাখোর ও ধনিক-শ্রেণীর হাত থেকে আজ মধ্যবিত্ত বাঁচতে পারেনা। বাজারে ঘি এর সেণ্ট তেলের সেণ্ট পাওয়া যায় স্যার, অ্যাডালটারেশান এমনভাবে চলেছে: উচ্চ মধ্যবিত্ত এবং ধনিকশ্রেণীও এই ম্যালনিউট্রিশান-এর পর্য্যায়ে এসে পড়েছে, একটা কথাও শুনলাম না এই অ্যাডালটারেশান-এর কি করতে পারা যায়। বার বার আমরা একথা বলেছি কিন্তু সর্ব্বাঙ্গীন পরিবর্ত্তন না করলে যে শ্রেণীর সমাজ চলেছে তাকে ভেঙ্গে গুড়িয়ে না দিলে ভাল হতে পারে বলে আমি বিশ্বাস করি না। এবং এও বলা দরকার এবং তাতেই প্রমাণিত হবে কংগ্রেসীদের কি চরিত্র। এদেরই ফাইনান্স মিনিষ্টার দেশমুখ বলেছিলেন অ্যান্টিকরাপশান ট্রাইবুনাল এর কথা। অ্যাডালটারেশান দূর

করতে হলে উইথ সামারি পেনাল পাওয়ার্স যদি শাস্তির ব্যবস্থা হয় তাহালে এটা একদিকে বন্ধ হতে পারে। জনস্বাস্থ্যও হয়ত কিছুটা উন্নত হতে পারে। ভবিষ্যতে সমৃদ্ধি কিছুটা ও বাড়তে পারে। কিন্তু কংগ্রেস্ ওয়ার্কিং কমিটি যার একটা অংশ এখানে বসে আছে তারা বললেন ট্রাইবুনাল করার দরকার নাই। পণ্ডিত নেহেরু, এক সময় বলেছিলেন যে কোন ব্ল্যাক মার্কেটার্স এবং অ্যাডালটারেটার্সকে ল্যাম্প পোষ্ট এ ঝুলিয়ে দেবেন। বলি তিনি কটাকে টাঙ্গিয়েছেন ? তিনি ট্রাইবুনাল করেননি, বলেছেন পার্টির মধ্যে এটা করবো, ঘরে ঘরেই সেরে নেবো। কাজেই তাঁর নিজের কথায় বলতে গেলে এটাই বলতে হয় যে গোড়া কেটে আগায় জল দেবার চেষ্টা করছেন এবং জলটা এমন ভাবে ঢালছেন। লোককে এমনভাবে ধাপ্পা দিচ্ছেন যাতে নিজের পকেটে বেশী পড়ে, কণ্ট্রাক্টরবা বেশী পায় সেটাই তিনি করতে চান। আজকে তিনি এমন একটি লিষ্ট দিয়ে গেলেন যেন কি চমৎকার করে ফেলেছেন। হেলথ্ সেণ্টার সম্বন্ধে আমি বেশী কিছু বলতে চাই না। যেগুলি হওয়ার কথা ছিল তার ফিফটী পার্সেণ্ট ও হয়নি। অধিকাংশ হেল্থ সেণ্টার এ আজকে চিকিৎসক আছে তো নার্স নাই, নার্স আছে তো কম্পাউণ্ডার নাই, কম্পাউণ্ডার আছেতো ঔষধ নাই—অধিকাংশ হেলথ্ সেণ্টার এরই আজকে এই অবস্থা। যেগুলি হওয়াব কথা সেগুলিও হয়নি। বনগাঁ, আলিপুব দুয়াব, শিলিগুড়ি মালদহের কথা এখানে বলছি। এই তো হচ্ছে। এমন কি টাকা দিয়েও হচ্ছে না। তরাইতে, বিষ্ণুপুরে হয়নি, বসিবহাটে, সুন্দরবনে টাকা দিতে চায় কিন্তু করবাব কি চেষ্টা করছেন ? বিষ্ণুপুব, বসিবহাট, সুন্দববন, এই সমস্ত জাবগায় অতি কম হয়েছে, যে সমস্ত ডিভিশনাল হাঁসপাতাল রয়েছে আজকে সেখানে যে অব্যবস্থা তা বলবাব কথা নয়। আমি এক একটা উদাহরণ তুলে ধবছি। যেমন দার্জ্জিলিং ডিষ্ট্রিক্ট হাঁসপাতাল, ইংবেজ আমলে চলত ইদানীং কাগজে দেখে থাকবেন চিকিৎসকবা ওযার্ড এ যায় না, অপারেশান করে না, টাকা দিলে রোগী ভর্তি হয়, বোগী দেখেনা। অথচ ওব কথা শুনলে মনে হয় এভরিথিং ইজ অল-রাইট, সমস্ত চলেছে, কাগজেপত্রে ঠিক চলেছে। আজকে ডিষ্ট্রিক্ট হাঁসপাতালে এই অবস্থা এবং সেখানে যারা বসে আছে তারা অকর্মণ্য, অপদার্থ এই হল উপবের দিকে অবস্থা। আর যারা নীচু দিকে আছে তাবা কাজ করতে চাইছে, কাজ করতে চাইলেও তাদেব কাজ করতে দেন না, বলা হয় আমি চার্জ এ আছি আমি ওসব দেখবো। ওসব নাড়াচাড়া কবোনা। হাড় ভাঙ্গলে, জুড়তে চাও জুড়তে পাব কিন্তু বোগীভর্ত্তি আমি কববো। এবাই সুপাব সিলেকশান গ্রেড এ আছে। এইসব কথায় আমি পরে আসবো কিন্তু এই হচ্ছে ডিষ্ট্রিক্ট হাঁসপাতাল এবং ছোট ছোট হাঁসপাতালগুলির চেহারা। কলকাতার হাঁসপাতালগুলিব অবস্থাত আপনি স্যার, জানেন। এমন কি কংগ্রেস বেঞ্চ থেকে কলিকাতাব হাঁসপাতাল সম্পর্কে অনেক অভিযোগের কথা বলা হয়েছে। বাড়ী তৈরী করছেন ৪৭ লক্ষ টাকা খরচ করে, কিন্তু যাঁরা হাঁসপাতাল চালাবেন তাঁদেব জন্য সেবকম কোন ভাল বন্দোবস্ত করা হচ্ছে না। নীলবতন সরকার হাঁসপাতালের জন্য বাড়ী তৈবী কবেছেন, কিন্তু সেখানকার ডাক্তাব, নার্স, কর্মচারীদের জন্য বিশেষ কোন ব্যবস্থা নেই। মেডিকেল কলেজের কথা আর বললাম না স্যাব, কারণ তার সম্বন্ধে অনেকবার বলা হয়েছে বাঙ্গর হস্‌পিটাল বলে একটা হাঁসপাতাল আছে, সেখানে বেড্ ছিল ২০০, সেটা বাড়িয়ে ৩০০ বেড করা হয়েছে, তা ছাড়া আরও ২০০টা এক্সট্রা বেড্ আছে। এতগুলি বেড বাড়ান হয়েছে অথচ তার জন্য একটি ডাক্তারও বাড়ান হয়নি। অর্থাৎ ২০০ লোকের চিকিৎসার জন্য যে কয়জন ডাক্তার ছিল, তাঁরাই ৫০০ জন লোকের চিকিৎসা

করছেন। এবং সেখানে একটা পেথোলজিক্যাল ডিপার্টমেণ্ট আছে। সেখানে বহু লোকের পেথোলজিক্যাল এক্‌জামিনেশান করা হয়। আমাদের চিকিৎসা শাস্ত্রে নিয়ম আছে যে আগে রোগীকে এক্‌জামিন করে, তার রোগ নির্ণয় করে, রোগ ধরা পড়লে, তবে তার চিকিৎসা করা হয়, তাকে ওষুধ দেওয়া হয়। আগে একজন মাত্র পেথোলজিষ্ট ছিলেন। তিনিই বর্ত্তমান ৫০০ বেডের কাজ করে চলেছেন, পেথোলজিষ্ট এর সংখ্যা বাড়ান হয়নি। এই হচ্ছে—কলকাতা হাঁসপাতালের অবস্থা। তারপর স্যার এঁদের অকর্মণ্যতা ও চুরির কথা একটু বলতে চাই। অবশ্য আমি ব্যক্তিগত ভাবে কারও নাম করে বলতে চাইনা। কারণ এখানে ব্যক্তিগত ভাবে বলে লাভ নেই, এটা ব্যক্তিত্বের কথা নয়, এটা সমষ্টিগত। যাঁরা এই দেশকে বিপর্য্যস্ত অবস্থায় এনে দাঁড় করিয়েছেন তাদের বিরুদ্ধে আমি বলতে চাই। কেননা, কোন ব্যক্তিকে, বা কোন বিশেষ ডাক্তারকে সরিয়ে দিয়ে সেখানে আর একজনকে এনে বসালেই যে সব ঠিক হয়ে যাবে, তা আমি বিশ্বাস করি না এ সম্বন্ধে আমি পরে বলবো। আমি এখন যেটা বলতে চাই সেটা হচ্ছে—এখান থেকে বলা হয়েছিল যে ষ্টেণ্ডারডাইজেশান অফ আউট পেশাণ্টস্ ডিপার্টমেণ্ট করা হবে। অর্থাৎ ষ্টেণ্ডারডাইজেশান অফ আউট পেশাণ্টস্ ডিপার্টমেণ্টস সরকারী হাঁসপাতালগুলিতে করা হবে, এটা অ্যাক্‌সেপ্ট হয়েছে। আউট পেশাণ্টস্ ডিপার্টমেণ্ট-এ সাধারণত যে ওষুধ দেওয়া হবে, সেটা সাধারণ ওষুধ এবং সেটা সব জায়গায় একরকম ভাবে দেওয়া হবে। একথা স্বীকার করা হয়েছে, এরজন্য টাকা স্যাংশান্ড করা হয়েছে, সেই টাকায় ওষুধ কেনা হয়েছে কিন্তু আউটডোর এ সে ওষুধ পাওয়া যায় না। যে কোন লোককে জিজ্ঞাসা করলে, কিম্বা নিজে যে কোন আউটডোর এ গিয়ে খোঁজ করে দেখলে দেখতে পাবেন সেখানে এসেন্‌সিয়াল মেডিসিন দেওয়া হয় না। এটা একটা বড় টাকার অঙ্ক, এবং সেই টাকা দিয়ে যে ওষুধ কেনা হয়, সে ওষুধ কোথায় যায় ? আমি মিনিষ্টার এর কাছ থেকে শুনতে চাই। যে কথা আমি আগে বলেছি সেই ভাবে যদি ব্যবস্থা করা হত, ষ্টেণ্ডারডাইজেশান অফ দি হস্‌পিটাল্‌স করা হত, তাহলে ইনডোর এর উপর যে প্রেসার বাড়ছে ইন্‌ভেষ্টিগেশন বা চিকিৎসার জন্য তা অনেক পরিমাণে কমত। আজকে যদি ডিষ্ট্রিক্ট হস্‌পিটালগুলি ভাল করে চালান হত, প্রভিন্সিয়াল হস্‌পিটালগুলি ভাল করে চালান হত, তাহলে যে ব্যাপার আমরা দেখছি মেডিকেল কলেজে, মেওতে, তা হতে পারত না, স্যার। কাজেই আমার কথা হল—শুধু এখানে একটা লিষ্ট পড়ে দিলেই হয় না, তাদের জন্য দরদ থাকা চাই, জনসাধারণের জন্য কি করা উচিত, সে সম্বন্ধে ভাল করে চিন্তা করতে হবে। খালি নিজেদের পকেট ভারী করবো এ করলে চলবে না। তারপর কথা হল টিচিং সম্বন্ধে। হাঁসপাতালে টিচিং এর অবস্থা প্রায় অন্যান্য জায়গার মতই হয়েছে। মাষ্টার মশাইদের ঠিকমত মাইনে দেওয়া হয় না। তাঁদের নন্ প্রেক্‌টিসিং অ্যালাউন্স বলে ১০০ টাকা বা ১৫০ টাকা দিয়ে তাদের প্রাইভেট প্রেকটিস্ বন্ধ করে দেওয়া হচ্ছে। কার্মাইকেল মেডিকেল কলেজকে যখন সেমিন্যাশানালাইজ করেছিলেন, পুরো ন্যাশানালাইজ করেননি, পুরো ন্যাশনালাইজ করলে হয়ত ভাল হত। যাইহোক, যখন তাকে সেমি ন্যাশানালাইজ করা হল তখন মুখ্যমন্ত্রী মহাশয় এখানে দাঁড়িয়ে বলেছিলেন হাজার টাকা পার পেশাণ্ট খরচ করা হবে এবং ১৪ হাজার টাকা ষ্টুডেণ্ট এর জন্য খরচ করা হবে। এইটা তিনি তখন প্রমিস করেছিলেন। কিন্তু এখন ব্যাপারটা কি দাঁড়িয়েছে। ওখানে শ্রমিক যাঁরা আছেন তাঁরা একটু চেঁচামেচি করে জীবন ধারণের মত সামান্য কিছু উপকার পেয়েছেন। স্যার, এখানে একটা কথা আছে আঙ্গুল না ঢোকালে ঘি বেরোয় না, এবং আঙ্গুলকে বড় করে ঢোকাতে হয়। এঁদের একটা বড় পরিবর্ত্তন করা দরকার বলে মনে

হচ্ছে। যাঁরা হাউস ষ্টাফ্ তারা থ্রেট.করেছিলেন, তাঁরা ষ্ট্রাইক করেছিলেন, তাই তাদের কিছুটা সুবিধা হয়েছে। কিন্তু টিচার, যাঁরা ছেলেদের তৈরী করবেন তাদের অবস্থার কোন উন্নতি হয়নি। একটা ডিপার্টমেণ্টের কথা বলে আমি শেষ করবো স্যার। একজন ডাক্তারকে মাত্র ২৫০ টাকা বেতন দিয়ে ডিপার্টমেণ্টাল হেড এ রাখা হয়েছে। তিনি প্রেক্‌টিস করতে পারবেন না এবং তার জন্য বা অন্য কোন অ্যালাউন্স নেই। আজকের দিনে ২৫০ টাকা মাইনেতে পরিবার পরিজন নিয়ে একজন লোকের পক্ষে সংসার চালান খুবই মুস্কিল। অর্থাৎ ওঁরা বলছেন মুণি ঋষির যুগে কৌপিন পরে ঋষিরা যেমন গড়াত, এঁরা তাই করুন। কিন্তু তা এখন চলবে না স্যার, পুলিশে ধরে নিয়ে যাবে। তারপর দেখা যায় সিলেকশান গ্রেড এ যিনি ষষ্ট, তিনি ঐ ডিপার্টমেণ্ট এ গভর্ণমেণ্ট সার্ভেণ্ট হিসাবে ৪৫০ টাকা ৫০০ টাকা মাইনে পান। সেখানে কি ব্যাপারটা আমি ঠিক জানি না স্যার। এই হল এঁদের টিচিংএর ব্যবস্থা। পোষ্ট গ্রাজুয়েট পড়ান সম্বন্ধে নানা রকম কথা উঁনি বললেন, আমি সে সম্বন্ধে পরে বলবো। এঁদের এ্যাডমিনিষ্ট্রেশনও ঠিক তাই—উপর থেকে নীচের দিকে যদি দেখেন তাহলে দেখা যাবে শতকরা ১৯ ভাগ কাজ হয় সেখানে। ডিরেক্টোরেটে, ডিরেক্টারই হচ্ছেন ওয়ান ম্যান সো। কিন্তু সেখানে আর একজন এসেছেন, যিনি জয়েণ্ট ডিরেক্টার তিনি সবেতেই খুচ-খুচ করেন। ডিরেক্টার যা করতে চান জয়েণ্ট ডিরেক্টার বাদ দিতে চান। ডিরেক্টার বললেন এই ছেলেগুলিকে ইণ্টারভিউ করো, তারা চাকরি পাবার উপযুক্ত কিনা? জয়েণ্ট ডিরেক্টার ইণ্টারভিউ করেন,—যে সমস্ত ছেলেরা এফ. আর. সি. এস. পাশ করে এসেছেন তাদের জিজ্ঞাসা করেন তোমরা মেট্রিক সার্টিফিকেট এনেছো? উনি এফ. আর. সি. এস্, এম. বি. পাশ করবার সময় মেট্রিক পাশ করেছিলেন কিনা জানি না, স্যার। যে ছেলে এফ. আর. সি. এস. পাশ করে সেখানে ইণ্টারভিউ দিতে গিয়েছে, তাকে তিনি জিজ্ঞাসা করলেন তুমি মেট্রিক সার্টিফিকেট নিয়ে এসেছো? মিঃ স্পীকার স্যার, তাহলে বুঝুন সেখানে কি ব্যাপারটা চলেছে।

[3-40—3-50 p.m.]

ছেলেটি এফ. আর. সি. এস. পাশ করে গিয়েছে—তাকে জিজ্ঞাসা করেন মেট্রিক সার্টিফিকেট এনেছ? এই ব্যাপার চলে। ডিরেক্টার এ্যাণ্ড জয়েণ্ট ডিরেক্টার এদের জন্য দেওয়া শতকরা ১৯ ভাগ। তাঁরা সুপার সিলেক্‌শন গ্রেড পান। এম. এস. এর কিছু কিছু লোক যাঁরা এর ক্রিটিসিজম্ করছিলেন, তাঁদের ও সুপারসিলেক্‌শন গ্রেড দেওয়া হয়েছে যাতে আর বেশী ক্রিটিসিজম্ না হয়। অথচ ভাল লোক যখন নিয়ে আসা হয়, তখন বলা হয় তাদের দায়িত্ব নেই, আমাদের ছেলেরা সব উচ্ছন্নে গেছে, দেশাত্মবোধ নাই। আমি একটা কেসের কথা বলবো স্যার—তিনি হচ্ছেন সত্যেন বসুরায়, একজন ব্রিলিয়াণ্ট ষ্টুডেণ্ট। বিলেতের এফ. আর. সি. এস., ইনি বিলেতে ক্রম্পটন হাসপাতালে কিছু কাল কাজ করেছিলেন। তিনি এখানে এসে চেষ্ট ডিপার্টমেণ্ট এ কাজ করেন; ৫৯০ টাকায় ঢুকেছিলেন। চেষ্ট ডিপার্টমেণ্টকে ডেভেলপ্ করেন—পি. জি. হাসপাতালের, তাঁকেও এই সুপার সিলেক্‌শন দেওয়া হয় নাই। কিন্তু তার চেয়ে ঢের নিকৃষ্টতর ছেলে, তার নাম করতে চাই না, সে এই সুপার সিলেক্‌শন গ্রেড পেয়েছে। যে খোষামোদ করতে পারে, তেল দিতে পারে, সেই এই সিলেক্‌শন গ্রেড পেতে পারে। সেই ভদ্রলোক এখন কেম্ব্রিজে অফার পেয়ে চলে যাচ্ছে। তাকে না জানলে হয়ত শুনতাম যে অ্যাভারেজ ইণ্টেলিজেন্স এর লোক। এক-

জন এম. বি. ডি. টি. ও. এম. এস. মিলিটারীতে কাজ করেছেন, তাকে এরা বলছেন এ ভদ্রলোক অ্যাভারেজ ইন্টেলিজেন্স এর লোক।

একজন ভদ্রলোক এম. বি. ডি. টি. ও. এম. ও. পাশ করে চার বছর কারমাইকেল কলেজে গায়নাকোলজি ডিপার্টমেণ্ট-এ কাজ করেছেন। এম, আর. কগ্. কৃষ্ণনগরে ছিলেন—মিডওয়াইফারী স্পেশালিষ্ট, তার জন্য কোন বন্দোবস্ত নাই। তাঁকে বাদ দিয়ে আর একজনকে সুপার সিলেকশন গ্রেড দিয়ে নিয়ে আসা হয়েছে। অল্পদিন আগে তিনি পাশ করেছেন। তাঁর নাম চারু মিত্র। আমার নিজের ভাগ্নে—ইউনিভার্সিটিতে যে কোনদিন কোন সাবজেক্ট এ সেকেণ্ড হয় নাই। যে প্রাইমারী এফ. আর. সি. এস. পাশ. করে বিলেত থেকে আমেরিকা গিয়ে দু'বছর যাবৎ ক্যান্সার রিসার্চ করেছিল। সেই সময়েতে আমেরিকাকে দু'বার রিপ্রেজেণ্ট করেছিল—ইণ্টারন্যাশানাল রেডিও লজিক্যাল কনফারেন্স এ্যাণ্ড ক্যানসার কনফারেন্স। সেখান থেকে এখানে এসে ক্যানসার সম্বন্ধে রিসার্চ করবার জন্য পাবলিক সার্ভিস কমিশন তাঁকে সিলেকশন করেছিল। তারপর তিনি ডিরেক্টার অফ হেলথ্ সার্ভিসেস এর সঙ্গে দেখা করলে তিনি বললেন—দুদিনের মধ্যে পোষ্টিং পাবে। আড়াই মাস তিনমাস পার হয়ে গেছে—আজ পর্য্যন্ত তিনি তার পোষ্টিং অর্ডার পান নাই। এ সম্বন্ধে জয়েণ্ট ডিরেক্টার বারে বারে চেষ্টা করেছেন। এখন বলছে মেডিকেল কলেজে যাও। আমি বললাম কেন ওখানে যাচ্ছ? তিনি বলেছেন কিছুদিন ওখানে দেখব; তারপর মাইগ্রেট্ করে মাকে নিয়ে চলে যাব।

আমার পুত্রের ব্যাপার। ডিরেক্টার অফ হেলথ সার্ভিস আমাকে বলেছিলেন—টাকা তো অনেক রোজগার করেছিলেন, ষ্টেটের কাজে ছেড়ে দিন; আমি চেষ্টা করছি যাতে ষ্টেটে নিযুক্ত হয়। তাঁর কাছে নিয়ে গেলে এপয়েণ্টমেণ্টও দিয়েছিলেন। তা তিনি রাখলেন না। ইণ্টারভিউ-র চিঠি পাঠালেন, তাতে যত সর্ত্ত ছিল বাংলা দেশের যে কোন জায়গায় যেতে রাজী কি না? সে বলেছিল আমি সার্জ্জারী করতে পারবোনা। এতে বলা হলো তার এটিচুড্ খারাপ, ফরচুনেটলি তার বাবা আছে, খেতে পরতে পাবে। এই হলো তাদের চালাবার নিয়ম। আমার সময় কম, বেশী বলতে পারলাম না। এর দৃষ্টান্ত আমি ভুরি ভুরি বলতে পারি। আনন্দি লাল পোদ্দার, বিজয় সিং নাহার প্রভৃতি এরা বলছেন আমারা কুরুড ক্রিটিসিজম্ করছি। এটা আনপার্লামেণ্টারী কিনা জানিনা। এই অনিয়মের বার বার ক্রিটিসিজম্ আমরা করেছি। এরা ইনকরিজিবল বলে কিছুই হয় নাই। দ্বিজেন্দ্রলালের কথায় বলি—"এরা আসলে ভয় পাইনা, কিন্তু হাসলে ভয় পাই।" যাদের নাম করলাম তারা নিজেদের বিক্রী করে দিয়েছেন। এই যে অন্যায় অনিয়ম তারা করে চলেছেন—এটা আমি তাঁদের স্মরণ করিয়ে দিচ্ছি—

"অন্যায় যে করে, আর অন্যায় যে সহে
তব ঘৃনা তারে যেন তৃণ সম দহে।"

এখনো সময় আছে। তারা ইচ্ছা করলে দেশকে এখনো সর্বনাশের হাত থেকে বাঁচাতে পারেন।

Dr. Pabitra Mohan Roy.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারের চিকিৎসা এবং জনস্বাস্থ্যের খাতে, মুখে আগেই বলতে চাই, ১৯৬০-৬১ সালে চিকিৎসার জন্য ৬ কোটি ৬০ লক্ষ ৬২ হাজার টাকা, এবং জনস্বাস্থ্যের

খাতে ৩ কোটি ৭৬ লক্ষ ১২ হাজার টাকা ; মোট ১০ কোটি ৩৬ লক্ষ ৭৪ হাজার টাকা আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় দাবী করেছেন। আমি এ পর্য্যন্ত যে সমস্ত একচুয়াল খরচ হয়েছে তাতে দেখতে পাচ্ছি ১৯৫৮-৫৯ সালে, সেখানে যে বাজেট ছিল, সেই রিভাইজড বাজেট-এ দেখছি মেডিকেল এ ৫ কোটি ১৩ লক্ষ ৯২ হাজার টাকা, কিন্তু খরচ হয়েছে ৫ কোটি ৯ লক্ষ ৫১, হাজার টাকা। বাকি যেটা খরচ হলনা তার পরিমান হচ্ছে ৪ লক্ষ ৪১ হাজার টাকা। আর পাবলিক হেলথ, জনস্বাস্থ্য খাতে, রিভাইজড্ বাজেট এ ঐ বৎসরে ধরা হয়েছিল ২ কোটি ৪ লক্ষ ৫৮ হাজার টাকা। খরচ একচুয়ালি হয়েছে ১ কোটি ৪ লক্ষ ৩৯ হাজার টাকা। বাকি থাকে ৯০ লক্ষ১৯ হাজার টাকা। দুইটি মিলিয়ে ৯৪ লক্ষ ৬০ হাজার টাকা ১৯৫৮-৫৯ সালে আমাদের জনস্বাস্থ্য মন্ত্রী খরচ করতে পারেননি বা করেননি। সে বৎসর খরচ হয়েছিল ৭ কোটি ৩ লক্ষ ৯০ হাজার টাকা আর এবার ধরা হচ্ছে ১০ কোটি ৩৬ লক্ষ ৭৪ হাজার টাকা। এখানে বাজেট ইনফ্লাটেড করে রাখা হচ্ছে এবং এই ইন্‌ফ্লাটেড্ বাজেট দেখলে মনে হবে যে বাংলা দেশের জনস্বাস্থ্য,বাংলা দেশের চিকিৎসার জন্য পশ্চিমবঙ্গ সরকার যা করেছেন, সারা ভারতবর্ষের মধ্যে এত সুন্দর আর কেউ করেনি। অথচ সে বৎসর প্রায় ১ কোটি টাকা ব্যয় করতে পারেননি, বা করেননি, বা করার চেষ্টাও করেননি। দুই বৎসরে প্রায় দুই কোটি টাকা এইভাবে খরচ করতে পারেননি। অথচ আমাদের যা বিশেষ করা দরকার, শহরে শহরে, পল্লীতে পল্লীতে, সাবডিভিসান এ, ছোট ছোট শহরে বিভিন্ন থানায় হাসপাতাল করা, তা একটিও হয়নি। স্যার, আমি যে এলাকায় বাস করি সে এলাকায় প্রায় দুই লক্ষর উপর লোকের বাস। দম্‌দম্, সেখানে একটা ২০০ বেড এর হাসপাতাল হতে পারে। কলিকাতার পর বারাসত ও রাজার হাটের মধ্যের অংশে এটা হতে পারে। কিন্তু বল্‌লেই বলা হয় যে টাকা নেই করতে পারবনা। অথচ গত বৎসর দেখছি যে ৯৪ লক্ষ টাকা ফেরৎ দিয়াছেন, খরচ করতে পারেননি বা করেননি। অথচ এই হাউস থেকে যে টাকা আমরা স্যাংশান করলাম দেশের ভবিষ্যতের দিকে লক্ষ্য করে শিক্ষা এবং জনস্বাস্থ্যে, জনসাধারণের প্রতিনিধি হিসাবে, সে টাকা মন্ত্রী মহাশয় বা তার ডিপার্টমেণ্ট এর নিষ্ক্রিয় তার জন্য বা তাদের চক্রান্তের জন্য বা মন্ত্রী মহাশয় তার ডিপার্টমেণ্ট এর লোকদের কণ্ট্রোল এ আনতে পারেন না বলে, এই টাকা খরচ করা হয় না।

[3-50—4-0 p.m.]

এই ১০টা ২০০ শত বেডেড হসপিটাল করতে পারতেন। এই বই এ দেখা যাবে ফার্ষ্ট ফাইভ ইয়ার প্ল্যান এ টালিগঞ্জে ৯ লক্ষ টাকায় একটা হসপিটাল চলতো ; ৯৪ লক্ষ টাকায় একবছরে ১০টি ২০০ শত বেডেড হসপিটাল করতে পারা যেত, কিন্তু সেই চেষ্টা করা হয়নি। লাল বইএ আরও দেখতে পাওয়া যায়

Establishment of T. B. Sanitarium, Digri and T. B. Hospital at Kanchrapara.

সেজন্য ২৪ লক্ষ টাকা। তাহলে দেখা গেল ১০টা ২০০ শত বেডেড হসপিটাল করতে পারতেন, কিন্তু সেই চেষ্টা আপনারা করেননি। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি টি. বি. রুগীদের জন্য কি করেছেন ? আজ যক্ষারোগ যে ভাবে বিস্তার লাভ করছে তাতে কিছুই করতে পারিনি এসব কথা বলে এড়িয়ে গেলে চলবেনা। কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্যমন্ত্রী শ্রীকার্মারকার গত ৯।৬।৫৯ তারিখে কমেণ্ট করেছেন,

About 5 million people in the Country was suffering from this pulmonary tuberculosis.

এর চেয়ে লজ্জাকর আর কি হতে পারে ? বাংলাদেশে কাগজপত্রে দেখা যায় ৮ লক্ষের উপর টি. বি, রুগী আছে, হয়তো আরো বেশী হতে পারে। কত বেড আছে ? সরকারী এবং বেসরকারী মিলিয়ে ৩ হাজার। অথচ টাকা ফিরে যাচ্ছে কেননা আমাদের স্বাস্থ্য মন্ত্রী বা তার ডিপার্টমেণ্ট খরচ করতে পারছেন না বা খরচ করছেন না। জয়েণ্ট বেঙ্গল এর ⅓ মাত্র আমাদের এখানে রয়েছে, ⅔ পূর্বপাকিস্তানে চলে গিয়েছে। আগে যে কয়জন অফিসার ছিল এখন তার চেয়ে অনেক বেশী অফিসার হয়েছে—

Director of Health services, Joint Director of Health Services, Directors, Assistant Directors, Additional Assistant Directors.

আমি স্বীকার করে নিলাম হয়তো নানা রকম ডেভেলপমেণ্টল্ ওয়ার্কস এবজন্য এতসব অফিসার দরকার হতে পারে, কিন্তু শুধু রাইটার্স বিল্ডিংস অথবা নিজেদের বাড়ীতে বসে থাকলে এই সমস্ত অফিসার দিয়ে ও কোন কাজ হবে না। জয়েণ্ট ডিরেক্টার খুব বেশী দিন অ্যাপয়েণ্টেড্ হননি, তাঁকে এ্যাড্‌মিনিষ্ট্রেটিভ্ সাইড এ কাজ করতে দেওয়া হয়েছিল, কিন্তু আমরা শুনে অবাক হলাম যে, ডিরেক্টার সাহেব তাঁকে কাজ দিচ্ছেন না। আমরা মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই একথা সত্য কিনা। দমদম রাজারহাটে একটি এ, জি, হসপিটাল ছিল, কিন্তু সেই হাসপাতালটি তুলে দেওয়া হয়েছে। সেই জায়গার কাছে স্থানীয় লোক জমি দিতে প্রস্তুত থাকা সত্বেও তার কোন ব্যবস্থা হলনা। মাত্র একটি বাস সার্ভিস আছে কলকাতার সংঙ্গে যোগাযোগ রক্ষার জন্য, তাও আবার বেশী রাত্রে পাওয়া যায় না এবং বাসে সবসময় রুগী নিয়ে আসা সম্ভব হয়না। কণ্টাইতে মাত্র একটি সাবডিভিশন্যাল হসপিটাল আছে ৪০।৫০ বেডের ; অনেক-গুলি তো ১২০ বেডেড হসপিটাল করলেন, কিন্তু কণ্টাইতে একটাও হলনা কেন ? তার কারণ সেখানে নানারকম রাজনীতি চলছে। আমাদের কংগ্রেসী বন্ধুদের ইচ্ছার বিরুদ্ধে তো আর হতে পারেনা। ওখানে এক বিরাট চক্রান্ত চলছে কোথায় সেই হাসপাতাল হবে তা নিয়ে। যাইহোক, এবার আমি কলকাতার হাসপাতালগুলি সম্পর্কে বলব। আমি দমদমের প্রতিনিধি দমদমে ২ লক্ষ লোকের বাস, সেখানে হাসপাতালের বিশেষ দরকার। মন্ত্রী মহাশয় বরাবর বলেছেন দমদম তো কলকাতার পাশেই, কলকাতায় এতগুলি হাসপাতাল রয়েছে। যাইহোক, এবার আমি কলকাতার হাসপাতালগুলির অবস্থা মন্ত্রী মহাশয়কে জানিয়ে দিচ্ছি। লেডি ডাফরিন হসপিটাল—শয্যাসংখ্যা ৩০০, আউটডোর পেশাণ্ট রোজ ৩০০।৪০০ এর উপর হয়। এসবের জন্য ডাক্তার ১২জন—আউটডোর ইমারজেন্সিতে ৫ জন, ইনডোর এ ৭ জন। এখন এদের রেমুনারেশান এর নমুনা দিচ্ছি—আউটডোর এ ৫ জনের মধ্যে ২ জন অবৈতনিক। তারা নামমাত্র ৩০ টাকা নিয়ে অবৈতনিক ডাক্তার বলে সই করেন। বাকী ৩ জন মাসিক ১০০ টাকা বেতন বলে নেন। তারপর আউডোর ডিউটী আওয়ার্স ৮—১২টা পর্য্যন্ত। দুদিন নাইট ডিউটী দিতে হয়। যে দিন নাইট ডিউটী থাকে, তার পরের দিন সকালে ৮টায় ডিউটী দিতে হয়। কোন স্পেশালিষ্ট নাই সেখানে। বর্ত্তমানে যে সুপারিণ্টেণ্ডেণ্ট আছেন তাঁর ব্যবহারের জন্য সেখানে কেউ থাকতে চাচ্ছেনা।

4-0—4-10 p.m.]

ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্ট হেলথ ডিপার্টমেণ্ট র অধীনে লেডি ডাফরিন। এই লেডি ডাফরিন পুরানো নামেই বিকিয়ে যাচ্ছে। কোলকাতার অন্য হাঁসপাতাল বা মেডিকেল কলেজ হাঁসপাতাল সম্বন্ধে অনেক আলোচনা করেছি বলে আর বেশী বলতে চাইনা। কিন্তু এই সব জায়গায় লোকসংখ্যা এত বেশী যে লোকের সেখানে জায়গা হয়না। সবচেয়ে মজারকথা হল এই যে মেডিকেল কলেজ হাঁসপাতালে একজনের উপর সব ভার ন্যস্ত। আমরা দেখেছি যে এঁরা বেছে বেছে এমন একজনকে ঠিক করে নেবেন যে যার দ্বিতীয় আর ভারতবর্ষে নেই। অর্থাৎ সেখানে যেমন ডাঃ সুধীর বোস তিনি

Principal, Superintedent, Professor of Midwifery, Director Professor of Medicine.

আর বাকীগুলি

Director of Eye, Opthalmology, Medicine and Surgery.

স্যার, বাংলাদেশে বা কলিকাতা শহরে কি ডাক্তারের অভাব আছে। আমি জানি যে বিদেশ থেকে শিক্ষিত হ'য়ে ট্রেনিং নিয়ে বহু ইয়ংমেন যারা এসেছে তারা এখানে কোন স্থান না পেয়ে ইউরোপে চলে যাচ্ছে, লণ্ডন শহরে গিয়ে প্র্যাকটিস করার সুযোগ পাচ্ছে। আমি জানি আমার বহু ডাক্তার বন্ধু মালয়, বার্মা, ঘানায় গিয়ে ডাক্তারি করছে। অথচ তাঁদের আমাদের এখানে রাখার কোন চেষ্টা এ সরকার করছেন না। এ না করার কারণ হচ্ছে যে এর মধ্যেও ওদের রাজনীতি আছে। এবার আমি আমার বাড়ীর কাছে অবস্থিত আর, জি, কর হাঁসপাতালের কথা বলব। আমার নিজের সামান্য অসুখ হলেই আমাকে আর, জি, কর হাঁসপাতালে নিয়ে আসবে। আমাদের মিউনিসিপ্যালিটির যে এম্বুলেন্স আছে তাকে বলাই আছে যে নিকটে যে হাঁসপাতাল আছে সেখানেই নিয়ে যাবে। এই আর, জি, কর হাঁসপাতাল সম্বন্ধে বহু অভিযোগ এই হাউস থেকে এবং বাহিরের থেকে করার পর আমাদের মুখ্যমন্ত্রী এবং নিশ্চয় স্বাস্থ্যমন্ত্রী এটাকে নিজেদের হাতে নিয়ে নেবার জন্য ব্যবস্থা করলেন। সে জন্য ১৯৫৮ সালে আমাদের কাছে এই উপলক্ষে আর, জি, কর হসপিটাল বিল এল এবং শেষ পর্য্যন্ত বহু বাগ-বিতণ্ডা করার পর আর, জি, কর এ্যাক্ট পাশ হল। সেই আর, জি, কর এ্যাক্টের সেকসন ৫ এ আছে

The State Government shall by notification in the Official Gazette appoint a Committee to be called the R. G. Kar Medical College Hospital Committee for the management of the institution in accordance with the provisions of this Act and rules made thereunder

স্যার, ১৯৫৯ সালে জানুয়ারীতে একটা কমিটি ফরম্‌ড হয়েছিল। গতকাল যুগান্তর কাগজ আর, জি, কর হাঁসপাতাল সম্বন্ধে বহু চিত্র বেশ ভালভাবেই তুলে ধরেছেন। এ সম্বন্ধে আমিও কিছু বলব। ১৯৫৯ সালের জানুয়ারী মাসে যে কমিটি গঠন করা হল সেই কমিটি গঠন করার পর কি কাজ করতে পারছে সেটাই আমি মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই। এটা এই হাউসের ডিমাণ্ড। আমারা যে এ্যাক্ট করে দিয়েছি সেই এ্যাক্টের প্রভিশান অনুযায়ী কাজ হচ্ছে কিনা এটা আমরা ডিমাণ্ড করতে পারি এবং এটা হাউসের প্রিভিলেজ বলে আমি মনে করি। অর্থাৎ মন্ত্রী মহাশয় বা তাঁর ডিপার্টমেণ্ট

কতটুকু সেই আইন মান্য করছেন সেটাই জানতে চাই। আজ আমরা শুনছি যে একজন লোক সেই ডিরেক্টার অফ হেলথ সার্ভিসেস তিনি সেই কমিটিকে কাজ করতে দিচ্ছেন না।

স্যার, এই কমিটি যেভাবে ফরম্ হওয়ার কথা ছিল তাতে সেখানে যারা যেতেন তাঁরা খুব সাধারণ লোক নন। সেখানে যাওয়ার কথা ছিল—

Director of the Institute of Post Graduate Medical Education and Research, Director of the Sechool of Trσpical Medicine, one member of the Faculty of Medicine of the Calcutta Univercity, one member tc be nominated by the Calcutta Corporation, 2 persons appointed by the State Government from among the senior members of the staff and 4 persons interested in Medical Education.

স্যার, যারা সেখানে এ্যাপয়েন্টেড্ হয়েছেন তার মধ্যে রয়েছেন—

Dr. R. N. Chowdhury, Dr. Amiya Sen, Dr. Subodh Mitra, Dr. Amiya Chakravarty, Dr. Rajat Sen, Dr. B. P. Tribedi, Dr. Ranjit Mitra, Dr. Bibek Sen Gupta.

এই নামগুলির সঙ্গে আমরা খুবই পরিচিত এবং এও জানি যে তাঁরা চিকিৎসা এবং চিকিৎসা শিক্ষাক্ষেত্রে খুবই যোগ্য এবং এদের অনেষ্টি সম্বন্ধে কোন কিছু প্রশ্ন করার নেই। অথচ দেখছি যে সেই কমিটিকে কোন কাজ করতে দেওয়া হচ্ছেনা—যেমন মেডিকেল কমিটি ছিল ভর্ত্তির ব্যাপারে সংশ্লিষ্ট, কিন্তু দেখা যাচ্ছে যে ভর্ত্তির সময় তাঁদের কাজ করতে না দিয়ে সরাসরি লাল দীঘির দপ্তর থেকে চিঠি পাঠিয়ে ভর্ত্তি করান হচ্ছে। সিলেকশন কমিটিতেও ঐ একই ব্যাপার চলছে, অর্থাৎ সেখানেও এ্যাপয়েণ্টমেণ্ট এর ব্যাপারে এঁদের কাজ করতে দিচ্ছে না। যদিও এরকম বহু ঘটনা আছে তাহলেও সে বিষয়ে এখন আর কিছু বলতে চাইনা। বর্ত্তমানে কি রকম কাজকর্ম্ম হচ্ছে সে কথা বলে আমি এই হাঁসপাতালের কথা শেষ করব। আমাদের হাঁসপাতাল পরিচালনার আভ্যন্তরীণ গোলযোগেব মূলে রয়েছে দুর্নীতি এবং চক্রান্ত এবং তার ফলে রোগীদের যে কি অবস্থা হয় তার একটা দৃষ্টান্ত আমি এখানে দিচ্ছি। গত ১৫-৫-৫৯ তারিখে রাত্রি বেলায় নন্দন বিশ্বাস বলে একটি ছেলের মোটর অ্যাক্সিডেণ্ট হয়। সে হাঁসপাতালে যাওযাব পর ইমারজেন্সি মেডিকেল অফিসাব তাকে পরীক্ষা করে মনে করেন যে এর ইনডোর এ ভর্ত্তি হওয়া দরকার। কিন্তু রেসিডেণ্ট মেডিকেল অফিসার ছেলেটিকে না দেখে নিজের কোয়ার্টার থেকে ফতোয়া পাঠিয়ে দিলেন যে সিট নেই। পরে অবশ্য ডাঃ রায়ের এক চিঠিতে জানলাম যে, সে ৪৫ মিনিট পরে অ্যাটেণ্ড করেছিল। কিন্তু আমার পরিষ্কার জানা আছে যে, সে ১ ঘণ্টার মধ্যে যাননি এবং বলেছিলেন যে ফ্রি বেড নেই। আমার হাতে প্রমাণ আছে যে এই দিন সার্জ্জিক্যাল ওর্য়াড এ ১০টা খালি ফ্রি বেড ছিল। আপনারা হয়ত নিজেদের ডিফেন্স এর জন্য বলবেন যে ফ্রি বেড ছিল না বলেই ছেলেটিকে হাসপাতালে ভর্ত্তি না করে ইমারজেন্সি ওর্য়াড এ রাখা হয়েছিল। কিন্তু সবচেয়ে দুঃখের বিষয় যে সেই ছেলেটি ১১ টার সময় মারা যায়। সেই ছেলেটির বাবা খুব গরীব মানুষ, সে বলেছিল এখন আমার কাছে টাকা নেই কালকে ১০ টার মধ্যে এনে দেব। কিন্তু যেহেতু তৎক্ষণাৎ সে টাকা দিতে পারলনা সেই হেতু তার ছেলেকেও ভর্ত্তি করা হোলনা। আমি বলতে চাই যে, এই সমস্ত হাসপাতালের জন্য এই হাউস থেকে টাকা স্যাংশান করা হয় কিনা এবং সে টাকা জনসাধারণের কিনা? যদি তাই হয়ে থাকে তাহলে

এই রেসিডেন্ট সার্জেন এর কি অধিকার আছে যে এরকম একটি রোগী যার অ্যাক্সিডেন্ট হওয়ার ফলে ব্রেইন ফ্রাক্চার হয়ে গেছে অর্থাৎ যে মরতে বসেছে তাকে প্রপার হসপিটাল ট্রিটম্যান্ট না দিয়ে সরিয়ে দেন? এই যদি অবস্থা হয় তাহলে এই হাসপাতালের জন্য আপনাদের স্বাস্থ্যমন্ত্রীর হাতে এত টাকা স্যাংশান দেবার কি প্রয়োজন আছে।

[4-10—4-20 p.m.]

এ সম্বন্ধে ডাঃ রায়কে চিঠি দেওয়া হয়েছে। তার উত্তরে ডাঃ রায় চিঠি দিয়েছেন, তার এক জায়গায় তিনি বলেছেন—

The Resident Medical Officer's strict observance of rules regarding insistence on advance for paying patients has been an unhappy decision and on grounds of sentiment the party may have reasons to be aggrieved

স্যার, অন্ গ্রাউণ্ডস্ অব সেন্টিমেণ্ট—যার ছেলে মারা গেছে তার পক্ষে এটা সেন্টিমেণ্ট কিনা সেটা ভেবে দেখুন।

The Resident Medical officer is being warned to be more careful in future regarding the admission of patients.

ডাঃ রায় আমাদের বলেছিলেন যে ছাত্রদের শিক্ষার জন্য ২৩০ টাকা ব্যয় হয়, তার বদলে হাজার টাকা করবেন—তার কি করতে পেরেছেন? ৪ টাকা ৬ আনা করে পার বেড খরচ হয়—অন্য জায়গার মত ৮ টাকা না বাড়িয়ে ৬ টাকা করবেন বলে বলেছিলেন—তার কি করতে পেরেছেন? এই তো অবস্থা। স্যার, আমি আয়ুর্বেদ সম্বন্ধে একটা কথা বলতে চাই। বাংলাদেশে আয়ুর্বেদের স্থান বিশেষ হচ্ছেনা যদিও আমরা দেখতে পাই যে বহু প্রদেশে রাজ্য সরকার কর্তৃক আয়ুর্বেদ কলেজ ও হাসপাতাল স্থাপিত হয়েছে এবং জনগণের চিকিৎসার জন্য সেইসব প্রদেশ আয়ুর্বেদের জন্য অনেক কিছু করছে। আয়ুর্বেদ ভারতবর্ষের অরিজিনেটেড জিনিষ, এটাকে সায়েন্টিফিক বেসিসে নিয়ে আপনারা এটার উন্নতির জন্য চেষ্টা করবেন এই আমার বক্তব্য।

Shri Hemanta Kumar Basu :

মিঃ স্পীকার, স্যার, স্বাস্থ্য বিভাগের ব্যয় বরাদ্দ দিনের পর দিন বেড়ে যাচ্ছে। সরকার অজস্র টাকা যখন খরচ করছেন তখন কিছু কাজ যে হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। কাজেই কিছু কাজ হচ্ছে। কিন্তু অপব্যয়ের মাত্রা যথেষ্ট রয়েছে, দুর্নীতি, করাপসান যথেষ্ট রয়েছে। দুধ চুরি, মাছ চুরি, ষ্টোর্স চুরি, ঔষধ চুরি এবং ব্ল্যাকমার্কেটের অন্ত নেই। সেদিক দিয়ে বিরোধী পক্ষের বহু সদস্য আলোচনা করেছেন, আমি আর সে বিষয়ে বিশেষ আলোচনা করতে চাই না। ডিরেক্টারদের মধ্যে অন্তর্বিরোধের ফলে যে স্বাস্থ্য বিভাগের কাজের বিশেষ ক্ষতি হচ্ছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। টি, বি রোগ গ্রামে বেড়ে চলেছে—যে হারে টি, বি, রোগ বাড়ছে সেই অনুপাতে হাসপাতালে বেডের সংখ্যা বাড়ছে না। টি, বি, রোগী হাসপাতাল থেকে বেরিয়ে কোথায় যাবে? অনেক সময় গরীব আত্মীয়-স্বজন নিতে পারেনা পাছে তার যক্ষা রোগ হয়। সেজন্য আফ্টার কেয়ার কলোনী করবার কথা এবং দেখলাম এবিষয়ে ১লক্ষ টাকা স্যাংশান্ করা হয়েছে কিন্তু মন্ত্রীমহাশয় এবিষয়ে কিছু বললেন না। আফ্টার কেয়ার কলোনী যদি খুব বেশী ডেভেলপ্ করে তবেই হাসপাতালের বেড্ খালি হবে এবং তারা

নিরাপত্তা বোধ করবে যে আমরা আফ্‌টার কেয়ার কলোনীতে গিয়ে বাস করতে পারব। তারপর আয়ুর্বেদ সম্বন্ধে দু'একটা কথা বলতে চাই। এ বিষয়ে একটা বিল আনা হচ্ছে না। একটা ফ্যাকাল্টি অফ্‌ আয়ুর্বেদিক কাউন্সিল ছিল কিন্তু সেটা ভেঙ্গে দিয়ে একটা এ্যাড হক্‌ কাউন্সিল করে দেওয়া হয়েছে। আজ ৩ বছর হল এ ব্যাপারে সরকার কিছুই করছেন না এবং যেহেতু ডাঃ রায় এবং অনাথ বন্ধু রায় এ্যালোপাথিক চিকিৎসক সেহেতু আয়ুর্বেদের উপর তাঁদের দৃষ্টি নেই। আপনারা জানেন যে উড়িষ্যাতে ১৯৫৩-৫৪ সালে ২ লক্ষ ৯৭ হাজার ৫ শত ৪৩ টাকা এবং ১৯৫৪-৫৫ সালে ৫ লক্ষ ৫৭ হাজার ৬৫ টাকা সেখানে ধরা হয়েছিল। ইউ, পি, তে প্রায় ১১।১২ লক্ষ টাকা, মাদ্রাজে প্রায় ১০।১১লক্ষ টাকা, বোম্বেতে প্রায় ১৫।১৬ লক্ষ টাকা ধরা হয়েছিল। সেখানে ওয়েষ্ট বেঙ্গলে মাত্র ৫০ হাজার টাকা ধরা হয়েছিল, আর এবার দেখলাম মাত্র ১ লক্ষ টাকা। আয়ুর্বেদ সম্বন্ধে একটা ষ্টেট ফ্যাকাল্টি তৈরী করে দেওয়া দরকার। গান্ধীজি, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস তাঁরা সকলেই এটাকে সমর্থন করেছিলেন কিন্তু এই সরকার কিছুই করছেন না। তারপর ভেটারিনারী কলেজ থেকে যারা গ্রাজুয়েট হয়ে বেরোয় তাদের কোন রেসিডেন্টের ব্যবস্থা নেই, প্র্যাক্‌টিসের কোন ব্যবস্থা নেই। তারপর একটা কাউন্সিল এবং ইন্‌ষ্টিটিউশনের ব্যবস্থা করা বিশেষ দরকার। নন্‌ রেজিষ্টার্ড মেডিকেল প্র্যাক্‌টিশনারদের সম্বন্ধে আমি যখন :ডাঃ রায়কে ১৯৫২ সালে বলেছিলাম তখন ডাঃ রায় একথা লিখেছিলেন।

It has been the definite policy of the Government that in the interest of the safety of the life of the people certain amount of training is essential for medical trainees before they can be entrusted with the lives of citizens.

সেজন্য সেভাবে রিফ্রেসার কোর্সে তাঁরা একটা ট্রেনিং নিচ্ছে এবং বড় বড় ডাক্তার তাদের সেখানে ট্রেনিং দিচ্ছেন, ডাঃ ডি, আর, ধর, ডাঃ জে, সি, চ্যাটার্জী, ডাঃ এ,কে, ঘোষ প্রভৃতি বড় বড় ডাক্তাররা তাদের ট্রেনিং দিচ্ছেন। এদের আবার স্বাস্থ্য বিভাগ থেকে ভয় দেখানো হয় যে তোমরা যদি শেখাও তাহলে তোমাদের বিরুদ্ধে ষ্টেপ নেওয়া হবে। অথচ এই সমস্ত নন-রেজিষ্টার্ড প্র্যাকটিশনার্স তারা প্রস্তাব করছে যে কোন এ্যালোপাথিক স্কুল থেকে বা রিফ্রেসার্‌ ট্রেনিং স্কুল থেকে যদি কোন সার্টিফিকেট থাকে তাহলে কোন হাসপাতালে ৬ মাস ট্রেনিং দিয়ে তাদের রিকগ্‌নাইজ করে নেওয়া হোক্‌। কিন্তু এসম্পর্কে কোন ব্যবস্থা সরকার করছেন না অথচ ডাঃ রায় যে চিঠি দিয়াছেন সেই পত্রমত তারা রিফ্রেসার কোর্সে ট্রেনিং নিচ্ছে। কাজেই আমি বলবো যে এসম্বন্ধে যথাশীঘ্র সম্ভব ব্যবস্থা করা দরকার। তারপরে আমি হাসপাতালে যে সব কর্মচারী আছে ক্লাশ ফোর ষ্টাফ্‌ এবং অন্যান্য ষ্টাফের সম্বন্ধে বলবো। গত বছর থেকে তাদের মধ্যে নিউ পে স্কেল ইন্‌ট্রোডিউসের ব্যাপারে একটা বিরাট অসন্তোষ হয়। তাদের হাউস এ্যালাউয়েন্স কমে যায়। তাদের মাইনে কমে যায়। তারপর তারা ৬ ঘণ্টা ষ্ট্রাইক করে ডিমনষ্ট্রেন নিয়ে এসে ডাঃ রায়ের কাছে হাজির হয়—ডাঃ রায় এখানে এসেম্বলীতে দাঁড়িয়ে একথা বলেন যে ৩১শে মার্চের মধ্যে এসেম্বলী শেষ হলে তারা যদি ষ্ট্রাইক না করে তাহলে নিশ্চয়ই তাদের দাবীদাওয়া নিয়া আমি আলোচনা করবো। এ বিষয়ে একদিন নয়, দুদিন নয়, তিন দিনও যদি বসতে হয় তাহলে আমি তা বসবো। কিন্তু দুঃখের বিষয় এক বছর কেটে গেল তাদের দাবীদাওয়া নিয়ে কোন রকম আলাপ আলোচনা হল না। তাদের যে সমস্ত ডিমাণ্ড রয়েছে সে সম্বন্ধে আমি ডাঃ রায়ের কাছে চিঠি দিয়ে জানিয়েছি—এবং এই

জানিয়েছি যে আজকে হাজার হাজার হাসপাতাল কর্মচারী এখানে এসে উপস্থিত হবে। ডাঃ রায় বলেছিলেন যে তাদের এ্যাড্ ইণ্টারিম্ ইন্‌ক্রিমেণ্টের ব্যবস্থা করবেন কিন্তু কি করেছেন তা হাসপাতাল কর্মচারীরা কিছুই বুঝতে পারছে না। সুতরাং তাদের জন্য কি করেছেন সে বিষয়ে ভালকরে তাদের কাছে গিয়ে বুঝান্ যে তোমাদের এইভাবে বেতন বাড়িয়েছি, এ্যালাউয়েন্স বাড়িয়েছি কারণ তারা এ সম্বন্ধে কিছুই অনুভব করছে না। এ বিষয়ে যুগান্তর কাগজের এডিটোরিয়ালে যথেষ্ট লেখা হচ্ছে। আগামী ২২শে তারিখে তারা টোকেন ষ্ট্রাইক করবে এবং তাতেও যদি তাদের কোনব্যবস্থা না হয় তাহলে ২৮শে মার্চ থেকে তারা ষ্ট্রাইক করতে বাধ্য হবে। যুগান্তর কাগজ পরিষ্কার করে লিখেছেন যে এই ধর্মঘট করলে পর বাস্তবিকই জনস্বাস্থ্য বিপন্ন হয়ে পড়বে কিন্তু এই সমস্ত দুস্থ দরিদ্র কর্মচারীদের দিকেও সরকারের দৃষ্টি দেওয়া উচিত।

[4-20—4-30 p.m.]

Shri Chaitan Majhi

মাননীয় অধ্যক্ষ মহোদয়, পুরুলিয়া জেলায় জনস্বাস্থ্য বিভাগের বহু কাজ রয়েছে। ভারতের মধ্যে এই জেলায় কুষ্ঠ সমস্যা বেশী। কিন্তু প্রতিকারের সরকারী চেষ্টা নাই। উপযুক্ত পরিকল্পনা নাই। অন্নহীন, অর্থহীন, অনুন্নত জেলায় যক্ষা দ্রুত বেড়ে যাচ্ছে। তারও প্রতিকারের বা চিকিৎসার কোন ব্যবস্থা নাই। পুরুলিয়া হাসপাতালে মাত্র গুটি কয়েক সিট আছে। রোগীর সংখ্যা বহু। স্বাস্থ্য কেন্দ্র যেগুলি করবার কথা হচ্ছে সেগুলি কোথায় করা হবে সে বিষয়ে অনেক রাজনীতি চলেছে। মাঝিহিড়া গ্রাম তার একটি উদাহরণ। অফিসাররা স্থির করেন মাঝিহিড়া উপযুক্ত ক্ষেত্র। অফিসারেরা অনুমোদন ও করেন কিন্তু ওখানে যাতে না হয় এখন সে বিষয়ে বহু চক্রান্ত চলেছে। তার প্রমান আছে। কারণ উপরের কর্তাদের এখন খেয়াল আছে যে ঐ গ্রামে লোকসেবক সঙ্গের প্রভাব। এই ষড়যন্ত্রের বিরুদ্ধে স্বাস্থ্যদপ্তরে প্রতিবাদ করা হয়েছে। কোন জবাব নাই। এই রকম সব অন্যায় ষড়যন্ত্র চলতে থাকলে ভাল কাজ হবে কি করে? পুরুলিয়া জেলায় মাত্র শহরে একটি হাসপাতাল আছে। চারিদিকে রোগ যথেষ্ট আছে কিন্তু সে তুলনায় হাঁসপাতালে সিট খুব কম। আবার সেখানে ও যদি কোন রকম করে রোগী ভর্ত্তি করা যায় তাহলে সেখানে ও ঔষধ পাওয়া যায়না। এই অবস্থায় মন্ত্রীমহাশয় বলছেন খুব ভাল কাজ করেছ। আজকে সব বিভাগেই কাজ এবকমভাবে চলছে, অথচ বলা হচ্ছে রাম রাজ্যের কথা। এই সমস্ত কারণে আমি বাজেটের ব্যয় বরাদ্দ সমর্থন করতে পারিনা।

Shri Nepal Ray :

স্যার, আমি হাঁসপাতালের কথা বলতে গিয়ে প্রথমে ডিরেক্টোরেট এর মধ্যে যে দুটি দল আছে, যে সম্বন্ধে আমাদের বিরোধী দলের বন্ধুরা বলেছেন—আমি ও উল্লেখ করতে চাই। এই দল যদি থাকে তাহলে কোন ডিপার্টমেণ্ট সুষ্ঠুভাবে চলতে পারেনা। জ্ঞান বাবু যে কথা বলেছেন ডিরেক্টার যে অর্ডার দেন জয়েণ্ট ডিরেক্টার তা ক্যানসেল করে দেন। এই অবস্থা যদি হেলথ ডিরেক্টোরেট এ চলে তাহলে হয় ডিরেক্টার সাহেব রিজাইন করুন আর না হয় হেলথ মিনিষ্টার রিজাইন করুন, না হয় জয়েণ্ট ডিরেক্টার রিজাইন করুন এ যদি না হয় তাহলে বাংলাদেশের হাঁসপাতালগুলি চলবেনা এবং আমরা যারা হাঁসপাতাল কর্মচারী কাজ করি, আমরা এই জুলুম বরদাস্ত করবোনা। আমি সেজন্য অল্প সময়ের মধ্যে দুএকটি কথা রাখতে

চাই আপনার মাধ্যমে। মেডিকেল কলেজ শুধু বাংলাদেশের বিখ্যাত নয় সারা ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ হাঁসপাতাল বললেও অত্যুক্তি হবেনা। আমি ডাক্তার ভাইদের কথা বলবোনা কারণ যেখানে ৭০০ বেডে রোগী থাকবার কথা সেখানে মেডিকেল হাঁসপাতালে১৫।১৬ শত রোগীকে তাদের অ্যাটেণ্ড করতে হয়। জ্ঞানবাবু যে মন্ত্রী পুত্রের কথা বললেন আমি সেঘটনা জানি। হয়ত সকলে সমান দায়ত্বশীল নয় কিন্তু যদি হাঁসপাতাল রাখতে হয়, তাহলে আরও টাকা দিতে হবে, আরও ডাক্তার বাড়াতে হবে। মানুষের উপর বাস্তবিক অত্যাচার করা উচিত নয় এবং কর্ম্মচারীদের ও সে অধিকার দেওয়া উচিত নয়।

আমার দ্বিতীয় কথা হল আর, জি, কর মেডিকেল কলেজ সম্বন্ধে। কারণ সেটা কয়েক দিন আগে আমাদের সরকারের অধীনে এসেছে। সেখানে এমন কাজ যে সুপারয়্যানুয়েটেড অফিসাররা আছেন। কিন্তু সুপারয়্যানুয়েসান এর একটা সীমা আছে। ৫৫ বছর থেকে ৬০ বছর, এবং তারপর হয়ত মেরেকেটে আরও দু বছর হতে পারে। কিন্তু এখানে ৬৭ বছর বয়স হয়ে গিয়েছে, তবু তারা রয়েছে। এরা যাবেন না স্যার, যতদিন না এরা নিমতলায় যান, ততদিন এরা সেখান থেকে যাবেন না। কেন এই রকম ব্যবস্থা রাখা হয়েছে? নুতন ডাক্তারদের চান্স দিতে হবে। যে কৌশল চলেছে তাতে দেশের ভবিষ্যৎ গঠণ করবার জন্য এরা কোন দিন কখনও চান্স পাবে না। দিনের পর দিন এরা ব্লক করে রেখেছেন। এই কথাগুলি আমি আর, জি, কর মেডিকেল কলেজ সম্বন্ধে বললাম। এবার আমি স্যার, এম, আর বাঙ্গুর হসপিটাল সম্বন্ধে বলছি। সেখানে সন্ধ্যার পরে গেলে দেখতে পাবেন যারা ঘুরে বেড়াচ্ছে, সেখানকার কর্ম্মচারী মদ খেয়ে মাতাল অবস্থায়। এমন অবস্থা সেখানে যে মদ চোলাই পর্য্যন্ত হাসপাতালের মধ্যে হচ্ছে; কিছু বললেও কোন ব্যবস্থা হয় না। লিখিতভাবে দরখাস্ত করেছি, কোন ষ্টেপ নেওয়া হয়নি, কোন পানিসমেণ্ট আজ পর্য্যন্ত দেওয়া হয়নি। সেখানে একজন ষ্টুয়ার্ট, কে, কে, রায়, তিনি লিখিতভাবে চুরি করেছেন। তাঁর বিরুদ্ধে জানান হয়েছে; কোন ষ্টেপ নেওয়া হয়নি। রোগী ভর্ত্তি করান হয়েছে তার কাছ থেকে টাকা নিয়ে, কিন্তু খাতায় সেটা এন্ট্রি করা হয়নি। তারপর রোগীদের পথ্য মাছ, মাংস, ডিম, দুধ সব কিছু সেখান থেকে পাচার হয়ে চলে যাচ্ছে। বললেও কোন ব্যবস্থা হয়না। কাউকে ধরবার উপায় নেই, সব চোরে চোরে মাসতুত্ ভাই। হয় তাঁরা ডিরেক্টর বা বড় বড় কর্মচারীদের জামাই, না হয় ভগ্নীপতি। তাই এঁরা এদের সরাচ্ছেন না। বাঙ্গুড় হাসপাতালে আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে সঙ্গে করে নিয়ে গিয়েছিলাম, সেখানে কি রকম চুরি হয় তা তিনি দেখে এসেছেন। কিন্তু আজ পর্য্যন্ত তার কোন প্রতিকার হল না। ডিরেক্টোরেট এর সেই লোক, সেখান থেকে ট্রান্সফার করা হল না, এবং সেখান থেকে তিনি ট্রান্সফার হবেন বলে মনে হয় না। আমি আজ কংগ্রেস বেঞ্চে দাঁড়িয়ে একথা বলতে বাধ্য হচ্ছি, তার কারণ লক্ষ লক্ষ মানুষের জীবন নিয়ে তাঁরা ছিনিমিনি খেলছেন। এই হেলথ ডিরেক্টোরেট এর লোকগুলি এতই অকর্ম্মণ্য যে তাদের কোন যোগ্যতা নেই যে, তারা এই ডিরেক্টোরেটকে চালাতে পারে। সেই জন্য আমি প্রপোজাল দিচ্ছি যদি অপোজিশান পার্টির লোক কে নিয়ে অসুবিধা হয়, তাহলে আমাদের গর্ভর্ণমেণ্ট সাইডের সদস্যদের নিয়ে একটা অ্যান্টিকরাপশান কমিটি গঠণ করে ঐ সমস্ত লোকদের যাতে সায়াস্তা করা যেতে পারে তার জন্য অবিলম্বে ব্যবস্থা করা হোক। আমি আবার জোর দিয়ে বলছি কমিউনিষ্ট মেম্বার এবং আমাদের নিয়ে একটা কমিটি করে অ্যান্টিকরাপশান

ডিপার্টমেণ্ট খোলা উচিত। মিঃ স্পীকার স্যার, আমি এখানে কণ্ট্রাক্টরদের সম্বন্ধে কতকগুলি এক্সজামপল দিতে চাই। আমাদের স্বাস্থ্য খাতে প্রায় প্রতিবৎসর দশ, এগার কোটি টাকার মত অর্থ বরাদ্দ হয়। কিন্তু মজা হচ্ছে—হাসপাতালের ঔষধ, রোগাদের পথ্য, জামা, কাপড় ইত্যাদি বিভিন্ন জিনিষের জন্য যে কয়েক কোটি টাকা খরচ করা হয়, সেখানে ভীষণ চুরি হয়। শুধু চুরি হয় বললে ভুল করা হবে। সেখানে পুকুর চুরি হয় বললেও ভুল করা হবে; সারা হাসপাতালের ইটগুলি পর্য্যন্ত খুলে চুরি করে নিয়ে যাওয়া হচ্ছে। স্যার, আমি আর একটা এক্সজামপল দিচ্ছি। এখানকার যে সমস্ত বড় বড় কোম্পানী আছে, তারা সাধারণত অর্ডার পান না, বিলাতি কোম্পানী, যারা ঘুষদেন, তারাই অর্ডার পেয়ে থাকেন। আমাদের বাংলাদেশের জনসাধারণের টাকা এই ভাবে বাজেটে বরাদ্দ করে বিলাতি কোম্পানীকে কণ্ট্রাক্ট দেওয়া হয়। আমি বলবো তাদের এই ভাবে একটি পয়সাও দেওয়া উচিত নয়। বাংলাদেশের মানুষ, যাঁরা ভাল কণ্ট্রাক্টর এবং বাংলাদেশে যে সমস্ত ভাল ভাল মেডিকেল ফার্ম আছে, তারাই এই কণ্ট্রাক্ট এর মাল সাপ্লাই করতে পারেন। সুতরাং তাঁরা যাতে এই টাকার বেনিফিট পেতে পারে তার ব্যবস্থা করা উচিত। কিন্তু তা না করে বাইরে থেকে বিলাতি কোম্পানীকে ডেকে এনে এই সমস্ত কণ্ট্রাক্ট দেওয়া হচ্ছে, এবং তার ফলে ফরেন এক্সচেঞ্জ থেকে টাকা চলে যাচ্ছে। এইত আমাদের অবস্থা। তারপর স্যার, আরও মজা দেখুন—একজন ফার্ণিচার সাপ্লায়ার, ঘোষ এণ্ড কোম্পানী, তাকে গ্লুকোস সাপ্লাই করবার জন্য ২ লক্ষ টাকার অর্ডার দেওয়া হয়েছে। স্যার, চিন্তা করতে পারেন একজন ফার্ণিচার মেকার গভর্ণমেণ্টকে মেডিশিন সাপ্লাই করবেন। কেন বাংলাদেশে বড় বড় কোম্পানী যারা মেডিসিন তৈরী করে তাদের কি এই অর্ডার দেওয়া যেতে পারত না? বেঙ্গল ফার্মেটিক্যাল কোম্পানী যারা গ্লুকোস তৈরী করে তাদের কি এই অর্ডার দেওয়া যেতে পারত না?

[4-30—4-40 p.m.]

পয়সার বিনিময়ে এই সমস্ত হচ্ছে, এরজন্য দায়ী কে? যে দায়ী, আমি বলবো, তার বিচার চাই। মন্ত্রী মহোদয়কে আমি জানি অত্যন্ত অনেষ্ট কিন্তু তাঁর হাতে তামাক খেয়ে যায় অন্যে, তিনি টের পান না। তারই জন্য আমি তাঁকে দোষারোপ করছি।

আর একটা কথা, স্যার, চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সম্বন্ধে রাখতে চাই। মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় ও মন্ত্রী ডাঃ অনাথবন্ধু রায় আমাদের কাছে প্রতিজ্ঞাবদ্ধ হয়েছিলেন যে ম্যালেরিয়া কর্মচারীর শতকরা ৫০ জনকে হাসপাতালে চতুর্থ শ্রেণীর কর্মচারী হিসেবে রাখা হবে এবং আর ৫০ জন যারা হাসপাতালের মধ্যে বদলী কাজ করে তাদের থেকে রাখা হবে। আমি চেলেঞ্জ করে বলছি, মন্ত্রীমহাশয়কে অনেকবার লিখিতভাবে দিয়েছি, মুখেও বলেছি এবং আজও ফ্লোর এ দাড়িয়ে বলছি গত কয়েক মাসের মধ্যে দু-শো লোককে নেওয়া হয়েছে, যারা কোনদিন ম্যালেরিয়া কর্মচারী ছিলেন না বা হাসপাতালে ও কাজ করেননি। প্রত্যেকটি চাকরীর বিনিময়ে দু-শো টাকা করে নিয়ে এই চাকরী দেওয়া হয়েছে হেলথ ডিরেক্টোরেট থেকে। মজা হচ্ছে ফোর্জড অ্যাপয়েণ্টমেণ্ট লেটার দেওয়া হয়েছে—এবং এই জালকরা অ্যাপয়েণ্টমেণ্ট লেটার এর বলে তারা চাকরী করছে।

আমি জয়েণ্ট ডিরেক্টার এর সঙ্গে এ নিয়ে দেখা করতে গিয়েছিলাম জানুয়ারী মাসের ১৫।১৬ তারিখে হবে; তিনি বলেছিলেন ফেব্রুয়ারী মাসের প্রথম সপ্তাহে এসে জেনে যেয়ো—কবে তাঁর

দেখা করার সময় হবে। বা-রে বড় মেকদারের লোক হয়েছেন তিনি, একটা আর্জেণ্ট পাবলিক ইমপর্টেন্স, একমাস পরে জানতে যাব কবে তার সঙ্গে দেখা হবে। যেখানে সব চোর, জোচ্চোর লোক কাজ করে, জাল অর্ডার নিয়ে এসে যেখানে কাজ করে সেই হেলথ ডিপার্টমেণ্টকে একটা পয়সাও দেওয়া উচিত নয়, সমূলে বিনাশ করে দেওয়া উচিত। ডাঃ বিধান চন্দ্র রায় তাঁর নিজের হাতে এই হেলথ ডিপার্টমেণ্ট রাখা উচিত। তিনি যদি রাখেন তাহলে আমার বিশ্বাস এ রকম অভিযোগ আমরা কখনো শুনবো না।

দুধ, মাছের কথা একটু বলি। দুধের কথা, মাছের কথা—যা-ই বলুন না কেন, মন্ত্রীমহাশয় ও জানেন, দু-মণ মাছের অর্ডার হলে, সাপ্লাই হবে একমণ। রুইমাছ বললে–বোয়াল মাছ দেবে, ভেট্‌কী মাছ বললে সমুদ্রের বাজে মাছ দেবে। সাপ্লায়াব একমণ দিয়ে দু-মণের বিল করছে। তার আবার আধমণ বাবুরা বখরা করে নিয়ে যাচ্ছেন। রোগীরা কি পাচ্ছে? আজ যেখানে মধ্যবিত্ত ঘরের মানুষ এর চেয়ে বেশী খায় না। কিন্তু সেটাকে ভালভাবে দিতে হবে। তা যদি না দিতে পারেন, তাহলে এই তিনজন ডিরেক্টার, জয়েণ্ট ডিরেক্টার এবং হেলথ মিনিষ্টার—ওখান থেকে বিদায় নিন্ এবং বিদায় নিয়ে আমাদের বাঁচান এবং বাংলাদেশকে ও বাঁচান। আমি জানি হেলথ মিনিষ্টার খুব ভাল লোক, সৎ লোক। বাট্ অনেষ্টি উইল নট পে। এক একটা করে লোম বাছলে কম্বলের আর কিছু থাকবে না। এখানে ও সব চোরের আড্ডা। তাদের করাপসান এর বিরুদ্ধে আমাদের অভিযোগ। আমাদের এধারের ওধারের এম, এল, এ, দেব নিয়ে একটি কমিটি করুন এই ব্যাপার তদন্ত করবার জন্য। দেশের রোগীরা দাপাতে দাপাতে মরে যায়। তাদের মুখে এক ফোটা জল দেবার ব্যবস্থা নাই। তার জন্য সকলেব চিন্তা করা উচিত। আমাদের এই হাউসে একটি মানুষ ও নাই যিনি এ বিষয়ে দ্বিমত হবেন। সকলেই একমত হবেন এ সম্বন্ধে। এই করাপসানকে নির্মূল করতে হবে। এব জন্য যারা দায়ী, আমি তাদেব অপসাবণ চাই। এই হচ্ছে আমার বক্তব্য। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bindabon Behari Basu :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেডিকেল ও পাবলিক হেলথ্ খাতে যে ব্যয় বরাদ্দ হয়েছে, তার আলোচনাকালে পূর্ববর্তী বক্তারা আলোচনা করে গেলেন। আমি আব তার মধ্যে যেতে চাই না। আমি পল্লী অঞ্চলে পাবলিক হেল্‌থ ও মেডিকেলেব যে সমস্ত কাজ কর্ম চলছে—ইউনিয়ন হেল্‌থ সেণ্টার থেকে আবম্ভ করে জেলা হাসপাতাল পর্য্যন্ত, তার কিছু বিবরণ এখানে রাখবো।

প্রথম বলবো হেলথ সেণ্টারের কথাটা যেটা—ইউনিয়ন হেলথ সেণ্টার বলা হয়। ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র বর্তমানে যে ভাবে কাজ করছে, তা খুব বীভৎস ব্যাপার।

সেখানে প্রেস্‌ক্রিপশান পিছু মাত্র ৬ পয়সা থেকে দুই আনার ওযুধ দেওয়া হয় যার ফলে সাধারণ মানুষের এই হেলথ্ সেণ্টারের উপর কোন আস্থা নেই। স্যার, রাজ্যপালিকার বক্তৃতায় দেখলাম, তিনি বলেছেন, আজ পর্য্যন্ত পশ্চিমবঙ্গে ৫০০ পল্লী স্বাস্থ্যকেন্দ্র গঠন করা হয়েছে। এই স্বাস্থ্যকেন্দ্রগুলির চেহারা কিরূপ? কোন সময় সেখানে চিকিৎসক থাকে না, কিম্বা চিকিৎসক থাকলে কম্পাউণ্ডার থাকেনা, কিম্বা চিকিৎসক, কম্পাউণ্ডার থাকেনা, ওষুধ থাকে না। ডিরেক্টার অফ্ পাবলিক হেল্‌থকে বহুবার অভিযোগ করা হয়েছে যে সময়মত ওষুধ সরবরাহ করা হয় না যার ফলে হাসপাতালের দৈনন্দিন কাজ ব্যাহত হচ্ছে এবং কোন কোন

সময় ডেডলক হয়ে যায়। পল্লীস্বাস্থ্যকেন্দ্র গঠণ করার যে নীতি আছে জমিও স্থানীয় কিছু কন্ট্রিবিউশান দেবার, সে নীতি অনেক সময় কিছু সংশোধন করা হয়, কোথাও কন্ট্রিবিউশান না পেলেও জমি পাওয়া গেলে হাসপাতাল করা হয়। কিন্তু আমি জানি আমার ইউনিয়নে ৬ বিঘা জমি ও সামান্য কিছু কম কন্ট্রিবিউশান দেওয়া হলেও সেখানে হাসপাতাল গঠন করা হয়নি। এই রকম বহু জায়গায় জমি দান করার পরেও হাসপাতাল না হওয়ায় তারা বিরক্ত হয়ে জমি উইথ্‌ড্র করে নিচ্ছে। স্যার, পল্লী স্বাস্থ্যকেন্দ্র সম্বন্ধে এই রকম বহু উদাহরণ আছে সেখানে স্থানীয় কন্ট্রিবিউশান পুরোপুরি না দিতে পারায় সেখানে স্বাস্থ্যকেন্দ্র গঠন করা হয়নি। এবং এর ফলে ডেভেলপমেণ্ট এর কাজ পুরোপুরি ব্যাহত হচ্ছে। উলুবেড়িয়া সাবডিভিশন হস্‌পিটাল এর জন্য সেখানে ৮ একর জমি ১৯৫৬ সালে অ্যাকোয়ার করা হয়েছিল, টাকা বরাদ্দ করা হয়েছিল এবং টেণ্ডার কল করা সত্ত্বেও, সরকার ওপিনিয়ন দিয়েছেন যে সেই জমি হাসপাতাল করার মত উপযুক্ত নয়! কাজেই সেখানে হাসপাতাল গঠণ করার কাজ পরিত্যক্ত হয়েছে। এই পল্লীর দিকে সরকারেব দৃষ্টি যে কতটা উন্নতমুলক তার প্রমাণ এ থেকেই পাওয়া যায়। হাওড়া জেনারেল হস্‌পিটাল, সদর হস্‌পিটাল, যার সম্বন্ধে এই হাউস এ বহু আলোচনা হয়েছে। হাওডা সদরে মাত্র একটি হাসপাতাল, এ এলাকায় প্রায় ৩ লক্ষ শ্রমিক বাস করে। সেখানে টি, বি, আউট ডোর এ প্রতিদিন প্রায় ২০০ রোগীব অ্যাটেন্‌ডেন্স হয়, সেই আউট্‌ডোর-এর ঘরগুলি পায়রার খোপের মত। ১৯৩০ সালে যখন এই হাসপাতাল সংস্কার করা হয় তখন এই ঘরগুলিতে দারোয়ানরা থাকতো, এগুলি মিনিয়ালস্‌ কোয়াটার্স ছিল। আজকে নানাপ্রকার সরকারী ডেভেলপমেণ্ট হওয়া সত্বেও এই আউটডোর এর দিকে দৃষ্টি দেওয়া হয়নি। এবং এখানে প্রতিদিন প্রায় শতাধিক রোগী রাস্তায় আশ্রয় গ্রহণ করতে বাধ্য হয়। ইনসোলেণ্টস্‌ টি, বি, আউটডোর এ দেওয়া হত কিন্তু কয়েক বৎসর হল তা দেওয়া বন্ধ করা হয়েছে এবং যে সব অ্যান্টি-বায়োটিকস্‌ সরবরাহ করা হোত তাও গত দুই বৎসর হল দেওয়া বন্ধ করা হয়েছে। সরকারের তরফ থেকে ঘোষণা করা হয়েছিল যে পল্লী অঞ্চলে টি, বি, রোগীদের জন্য ডোমিসিলিয়ারী ট্রিটমেণ্ট করা হবে কিন্তু আজ পর্য্যন্ত তার ব্যবস্থা করা হয়নি। স্যার, কলিকাতা শহরে বহু বেসরকারী হাসপাতাল আছে, সেগুলির আরম্ভ থেকে বহু খ্যাতনামা চিকিৎসক তাদের জীবনের মূল্যবান সময় দিয়ে, সামান্য বেতন নিয়ে এই হাসপাতাল গঠণ করেছেন, সেই সমস্ত চিকিৎসকরা রিটায়ার হবার পর তাদের সিকিউরিটির জন্য কোন পেনসান্‌ দেওয়া হয় না, আমি সরকারকে এদিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি যে তারা রিটায়ার করার পর তাদের গ্রাচুইটি দেওয়ার ব্যবস্থা করা হোক। তারপর ফার্মাসিষ্টসদের গত বৎসর একটা সুযোগ দেওয়া হয়েছিল তাদের রিকগ্‌নিশান দেবার। কিন্তু পল্লীগ্রামের বহু ফার্ম্মেসী সরকারের কোন সর্ট কোর্স না থাকায় তারা অত্যন্ত অসুবিধার মধ্যে পড়েছে। তাঁদের রিকগ্‌নিশান দেবার জন্য একটা সর্ট কোর্স এ পরীক্ষার ব্যবস্থা করতে পারতেন। স্যার, আজকে পল্লীঅঞ্চলে অজ্ঞতা ও নানারকম কুসংস্কারের জন্য গর্ভবতী স্ত্রীলোক ও শিশুকে হাজারে হাজারে প্রাণ বিসর্জ্জণ দিতে হয়। সে জন্য আমি বলতে পারি ডেভেলপমেণ্ট স্কীমস্‌গুলি চালু হতে সময় লাগবে, ইতিমধ্যে যদি অধিক সংখ্যক মিড ওয়াইফারী ও নার্সের ট্রেনিং দেবার ব্যবস্থা করা যায় তাহলে বহু স্ত্রীলোক ও শিশু অকাল মৃত্যুর হাত থেকে বাঁচতে পারে।

[4-40—4-50 p.m.]

Dr. Ranjit Kumar Ghosh Chaudhury :

মাননীয় স্পীকার মহাশয়, মেডিকেল এ্যাণ্ড পাব্লিক হেল্থ খাতে এবার দেখছি ২।০ কোটি টাকা বেশী ধার্য্য করা হয়েছে এবং সমগ্র বাজেটের ১৪'৫ পার্সেণ্ট—এটা ইণ্ডিয়ার মধ্যে সেকেণ্ড হাইয়েষ্ট। গত বৎসর ভীষণ বন্যা হয়ে গেল, কিন্তু খুবই সুখের বিষয়, কোথাও এপিডেমিক হয়নি।' টি, বি, সম্বন্ধে বিরোধীপক্ষের বন্ধুরা অনেকেই সমালোচনা করেছেন। টি, বি, এর জন্য শুধু বেড এর সংখ্যা বাড়ালেই হবেনা, টি, বি, রোগ কণ্ট্রোল করতে হলে ডোমিসিলিয়ারী ট্রিট্মেণ্ট এর ব্যবস্থা করতে হবে। ডোমিসিলিয়ারী ট্রিট্মেণ্ট কোন অংশে ইনষ্টিটিউশানাল ট্রিট্মেণ্ট এর চেয়ে ইনফিরিয়র নয়। আজকাল গ্রামাঞ্চলের রোগীদের এক্স-রে ইত্যাদির জন্য শহরে ছুটাছুটি করতে হয়। প্রথমবার এক্স-রে করার পর আরো কয়েকবার চেক্ আপ করার জন্য এক্স-রে করতে হয়। আজকাল টি,বি, রোগ চিকিৎসার জন্য ঔষধপত্রের অভাব নাই।

there is an abundance of drugs for treatment of T. B.

এবং বর্ত্তমানে আমাদের দেশে স্পেশিয়ালিষ্টও অনেক আছেন। সুতরাং ডোমিসিলিয়ারী টিট্মেণ্ট এর জন্য একটা ইন্টিগ্রেটেড প্ল্যান গ্রহণ করার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, এখানে আর, জি, কর মেডিকেল কলেজ অ্যাডমিনিষ্ট্রেশান এবং ম্যানেজিং কমিটি সম্পর্কে এবং হেল্থ ডিরেক্টোরেট এর সংগে তাদের কি সম্পর্ক সে সম্বন্ধে মন্ত্রী মহাশয় যেন একটা ক্যাটিগরিক্যাল ষ্টেটমেণ্ট দেন। আমি জানি এমন অনেক ঘটণা আছে যে, ৬।৭ বৎসর সার্ভিস করেছেন, অথচ সরকারের হাতে যাবার পরও তাঁরা পার্মানেণ্ট হলেননা। তাঁদের ভবিষ্যৎ কি হবে বুঝতে পারছিনা। ষ্টাডি লিভ নিয়ে বাইরে যেতে পারেন না। একটা পোষ্টএর জন্য ১৯৫৮ সালের অক্টোবর মাসে এ্যাডভারটাইজ করা হয়েছিল, কিন্তু আমি যতদুর জানি এই মার্চ পর্য্যন্ত দুবৎসর চলে যাবার পরও এই ভেকেন্সী ফিলআপ করা হয়নি। দুই বৎসর ধরে একটা লোক সার্ভিস দিয়ে যাওয়া সত্বেও গভর্ণমেণ্ট থেকে কোন সুযোগ সুবিধা পাচ্ছেন না। মুখ্যমন্ত্রী মহাশয় একবার বলেছিলেন আর, জি, কর নেওয়ার জন্য ১৪ লক্ষ টাকা বেশী খরচ হবে।

and this will includes. Salaries of professors, teachers and Other Staff.

দুঃখের বিষয়, হাউস ষ্টাফ যারা ষ্ট্রাইক করেছিলেন তারা তাদের পাওনা আদায় করেছেন, যারা ষ্ট্রাইক করতে পারেনি তাদের বেলায় কোন সুবিধাই হল না। সরকারের হাতে যাবার পর কিছু কিছু উন্নতি নিশ্চয়ই হয়েছে, রুগীদের পথ্যাদের উন্নতি হয়েছে, হাসপাতালের চেহারারও পরিবর্ত্তন হয়েছে। ক্লাশফোর কর্মচারীদের কথা নেপালবাবু বলেছেন; সরকার থেকে এসম্পর্কে প্রতিশ্রুতিও দিয়েছিলেন, কিন্তু আইন হলেই হবেনা, সেগুলি ইমপ্লিমেণ্ট করা দরকার। শুধু রেজোলিউশান নিলেই হবেনা, সেগুলি এক্সিকিউট করা দরকার। তারপর বাংলা দেশের কোয়াকস্‌দের সম্বন্ধে দু একটি কথা বলতে চাই। পরিসংখ্যান নিলে দেখা যাবে যে, বাংলাদেশে এমন জায়গা আছে এখনো যেখানে নাকি মাত্র ৩.৮ পার্সেণ্ট লোক পাশ করা ডাক্তারের কাছে রোগের চিকিৎসার জন্য যায়। ড্রাগ রুলস্ ইম্লিমেণ্ট না করে পাশ করা ডাক্তারদের ভাগ্য নিয়ে এভাবে ছিনিমিনি খেলা অবিলম্বে বন্ধ করার জন্য আমি সরকারের কাছে আবেদন জানাচ্ছি। ড্রাগ রুলস্ ইম্লিমেণ্ট

না করার জন্য আজকে গ্রামাঞ্চলে কোয়াকস্‌দের ছড়াছড়ি। যাতে গরীব লোকেরা শহরে না এসে এক্স-রে ক্লিনিসিয়ান এবং লেবরেটরীর হেলপ পেতে পারে, তার জন্য নিউ ব্লক এ একটা পরিকল্পনা অনুসারে প্রাইমারি হেলথ এবং থানা হেলথ সেণ্টার গঠণ করা উচিত। তার জন্য আমি প্রস্তাব করি যে, হেলথ সেণ্টার গঠণে জনসাধারণের কন্ট্রিবিউশান হিসাবে টাকাও জমির দেওয়ার ব্যাপারে যে নিয়ম কানুন আছে তা যেন কড়াকড়িভাবে প্রয়োগ না করা হয়, প্রয়োজন অনুসারে এই ব্যাপারটা ডিল করা উচিত। তা না হলে শুধু টাকা বরাদ্দ করলে লোকের স্বাস্থ্যর উন্নতি হবে না। যেখানে যেখানে থানা হেলথ সেণ্টার রয়েছে সেই সব সেণ্টার এ কলেরা এবং স্মল পক্স এর চিকিৎসার ব্যবস্থা করা উচিত। তারপর সেলেক্‌শান গ্রেড এর ব্যাপারে আমার কাছে এমন খবর আছে যে, ১২ বৎসরের সার্ভিস যার হয়েছে তাঁর পরিবর্ত্তে মাত্র ৮ বৎসর যার চাকরী হয়েছে তিনি সেলেক্‌শান গ্রেড পেয়ে গেলেন।

[4-50—5-0 p.m]

Shri Siddhartha Shankar Ray: Sir, it seems the fashion of the members of the Benches opposite to criticise at random the Central Government to cast off the West Bengal Government's responsibility in respect of a particular matter. Sir, as far as the Opposition is concerned they feel that this is really a distinction without a difference. It is the old case of tweedledum and tweedledee. It is difficult to find as to how, if the Central Government is responsible for some mistake or some folly, the West Bengal Government can be declared blameless in respect of that matter. Therefore, before the Congress members criticise the Central Government I would respectfully repuest them to consider whether the Government they support in this State is worthy of the place which it is occupying. This has a particular reference to the Health Ministry which is now adorned by a well know doctor from Bankura D. A. B. Ray Unfortunately, in spite of his capabilities as a doctor his Department is perhaps the worst administered in that great citadel of superannuated officers, the Writers' Buildings. I think in so far as the superannuated officers are concerned the Health Department can take the pride of place. Sir, in the Directorate of the Health Department the Director is superannuated, the Joint Director is superannuated, the Deputy Director, Administration, is superannuated, the Deputy Director, Public Health is superannuted, the Assistant Director, Tuberculosis, is superannuated, the Assistant Director, Leprosy, the Assistant Dircetor Audit and Accounts, Special Officer cum-Evaluation Officer, the Drug Licensing Officer, all the nine most important Officers in the Directorate are superannuated officers. In the Secretariat of this Department the Secretary is superannuated, the Joint Secretary is superannuated, the Special Officer-cum-Deputy Secretary and the Assistant Secretary-cum-Special Officer are superannuated. I have not yet given you the whole list because it will take a long time. I have only taken out the most important officers from this Department and shown you how this Department is being run. A superannuated man cannot possibly have that independence that drive, that honesty, which is required of a forthright officer, which is

required of an officer having idealism, which is required of an officer having a sense of planning, which is required of an officer having that drive which is necessaary to make a department successful. And what is the result? Sir, last year the Health Minister denied certain charges I had made. He almost called me a lier. I had made specific charges against the Stores Department and he got up and repudiated the charges. Sir, I stand vindicated today What I had said one year ago has now come to pass and the Health Minister has to say that he and his Department has either been guilty of a gross mistake or had deliberately misled this House. The Central Stores Department has been managed in such a manner as to create the gravest suspicion amongst the people of the State. What are you going to do now in respect of this corruption in the Central Stores Department? Who are the officers? Are you going to haul them up? I will ask the Hon'ble Minister to answer these questions.

It is, therefore, in this state of affairs not surprising that there is no planning, no foresight, no idealism, no drive. I have very little time, Therefore, I connot analyse in the manner in which I would have liked to. Take for example the Chief Medical Officers and the District Medical Officers Some of them are allowed to practise and some of the Chief Medical Officers are not allowed to practise. Those who have joined the scheme are not allowed to practise. Those who were there previously and did not want to go into the scheme were allowed to practise. As a result of which we find that the Chief Medical Officer of the Darjeeling district has no right to practise. Similarly, the Chief Medical Officer of the Jalpaiguri district has no right to practise. The affairs have come to such a pass that if there is a serious illness in family and it is desirable to get the Chief Medical Officer's attendance, one has to go through files and papers and gazettes in order to find out which Chief Medical Officer is allowed to practise and which Chief Medical Officer is not allowed to practise, Sir, in the Birbhum Hospital there is no Eye-Surgeon. The Chief Medical Officer, Dr. Akshoy Roy, is a well-known Eye-Specialist. But he has become the Chief Medical Officer Therefore, the district of Birbhum goes without an Eye-Surgeon. Similarly ir. the case of Murshidabad, the Chief Medical Officer is a well known Eye-Surgeon. But then he is the Chief Medical, Officer. He is supposed to do only-desk work and sign files. Therefore, whatever may happen to the state of eyes in the district of Murshidabad, the Chief Medical Officer's attendance cannot be called for. But you cannot have the services of any otherEye-Surgeon because there is none. Similarly, in the district of Cooch Behar, there is a very brilliant Surgeon named Dr. Das Gupta. He has earned his reputation as a Surgeon but as soon as he became the Cheif Medical Officer, he has stopped doing any surgical Work or doing, in fact, any work at all. He has only to attend to files. I can go on repeating these instances adnauseum, but that will take a lot of time.

Sir, what has happaned in the Calcutta Hospitals? Three classes of people *have emerged-(1) whole-time* non-practsing doctors belonging to the New Cadre; (2) Honorary Surgeons and Physicians who have a right to and (3) persons who have not joined the new Cadre and as such, entitled to practise. Sir, this discrimination, this sort of difference has created all kinds of difficulties. As a result of this so much frustration is prevailing in the profession. Why don't you see it? Don't you hear the murmurs outside? Don't you see what you have done to the medical profession of which you are supposed to be a member?

Sir. in the R. G. Kar Medical College Hospital, a committee has been appointed consiting of—if I may say so—the cream of Physicians and Surgeons in Calcutra. There are some very well-known names in that committee—Dr. Amiya Sen, Dr. Subodh Mitra, Dr. B. P. Trivadi and so on and so forth. Sir, this committee has been appointed, but the Heath Department has super-imposed its decisions upon this Committee as as a result of which—may I ask the Health Minister if it is not a fact that—this Committee has not met for nearly eight months. What right have you—who has given you the right-to treat responsible people, the leaders of a noble profession in this manner, Who is this Director of yours? I found from the records that he is an M.B.B.S. of the Lucknow University.

Mr. Speaker: Please do not address the Minister. Please address him through me.

Shri Siddhartha Shankar Ray: Sir, do you know that they have appointed a ection Committee in the R. G. Kar Medical College Hospital? We were surprised to find advertisements in papers asking for applications for admission to the College. The Committee knew nothing about it. The Committee had nothing whatsoever to say with regard to the appointment of the Selection Committee to select students for admission to the College. Sir, I hope that the Health Minister will agree that this Committee consises of such members who are far superior to those who are serving him in his department. But still this Committee is not taken into confidence.

[5—5-20 p.m.]

This Committee is not working for eight months. I thought they would come out with a statement but they have not. I suppose they still exist; that Dr. Roy will somehow manage things and listen to them. We shall see whether the Chief Minister listens to vasious members of the profession in the State.

Take the planning with regard to specialists—surgical specialists have been sent only to two districts, viz., Birbhum and Berhampore. The Surgeon goes to Bribhum and finds that there is no anaesthetist there. He has to carry out the work of a Surgeon without anybody to help him as anaesthetist. He gets hold of a compounder and makes him work as an anaesthetist. Then the Government try to snatch away the compounder and give him extra training, The same thing

has happened in Berhanpore. Latest apparatus has been sent with regard to anaesthesis but that apparatus cannot be used because there is no qualifed person,

I would like to know from the Health Minister why the trained House Surgeon in the Suri Hospital who was suddenly transferred to the Leprosy Department has resigned. A person who is qualified in children's diseases has been appointed as Superintendent of Infectious Diseases. A plastic Surgeon, Miss Mukherji, has been appointed in the Children's Surgical Department There is no planning. There is on attempt no take advantage of the resources available to the state.

My time is up. I will end with paying compliment to the Department. I am deeply obliged to the authorities for having at least done this—for having declared that they are going to open a Dr. B. C. Roy Casualty Block. I am not congratulating the authorities for opening the Casualty Block but I am congratulating the authorities for associating the havc of Dr. B. C. Roy with the Casualty Block, for after all is there any other man who has succeeded in creating so many casualties—and the most important of these casualties in this State is unfortunately upon truth, honesty and efficiency. That is the Department that he stands for—the Minister sitting there.

[At this stage the House was adjourned for fifteen minutes]

[After Adjournment]

[5-20—5-30 p.m.]

Shri Renupada Halder :

মিঃ স্পীকার স্যার, জনস্বাস্থ্য ও চিকিৎসা খাতে ব্যয় বরাদ্দ সম্পর্কে যে আলোচনা চলছে সেসম্পর্কে মাননীয় সদস্যরা বিভিন্ন অভিযোগের কথা তুলেছেন। আমি আর সে প্রশ্নে যাবো না। আমি শুধু বলতে চাই যে আজকের দিনে এটা সরকারপক্ষ এবং বিরোধীপক্ষ সকলেই স্বীকার কবেন যে টি, বি, বোগ বাংলাদেশের মধ্যে ক্রমশঃ বেড়ে যাচ্ছে এবং টি বি রোগ সম্পর্কে সরকারের তরফ থেকে যে ব্যবস্থা অবলম্বণ করা হয়েছে তাতে রোগ দুর হওয়ার থেকে রোগ বেড়ে যাওয়ার সম্ভাবনাই বেশী। আমি দেখেছি যে টি, বি, রোগীরা বহুদিন ধরে বহু আবেদন করছে ভর্তি হবার জন্য কিন্তু তারা বেড পায় না। আমি দেখেছি তিন বছর আগে থেকে যারা চেষ্টা করছে তাদের চেষ্টা আজও পর্য্যন্ত সফল হয় নাই। এর থেকেই আমরা বুঝতে পারি যে তাদের রোগের চিকিৎসা করার থেকে তাদের মৃত্যুর দিকেই বেশি এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। অথচ সরকারের সেদিকে কোন দৃষ্টি নেই। আমি বলতে চাই যে টি, বি, রোগ নিবারণের চেষ্টার থেকে টি, বি, যাতে ছড়িয়ে না পড়তে পারে তার জন্য বিশেষ ব্যবস্থা অবলম্বণ করা দরকার। টি, বি, রোগে ভুগছেন এরকম অনেক মাষ্টার মহাশয় আছেন যে সমস্ত স্কুলে এরকম ধরণের টিচাররা কাজ করেন এবং ছাত্রদের পড়াশুনা করান, নিশ্চয়ই সেই সমস্ত স্কুলে ছাত্রদের মধ্যে এই রোগ হওয়া খুবই স্বাভাবিক। স্কুলবোর্ডের অধীনে যে সমস্ত স্কুল আছে তার মধ্যে অনেক স্কুলে আমি দেখেছি এরকম মাষ্টার মহাশয় আছেন। কাজেই তাদের চিকিৎসার ব্যবস্থা করা দরকার এবং কোথায় ও কলোনীর মধ্যে রেখে যাতে তাঁদের চিকিৎসার

ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করা দরকার। তা না হলে এই রোগ ছাত্রদের মধ্যে এবং ছাত্রদের মধ্যে থেকে তাদের অভিভাবকদের মধ্যে এবং সমস্ত বাড়ীর মধ্যে গিয়ে প্রবেশ করবে এবং তাতে রোগার সংখ্যা দিনের পর দিন বেড়ে যাবে। কাজেই এ বিষয়ে বিশেষ ব্যবস্থা অবলম্বণ করা দরকার যাতে এই রোগ প্রসার লাভ না করতে পারে। দ্বিতীয়তঃ আমরা দেখেছি বাংলাদেশের মধ্যে কুষ্ঠরোগী অনেক ডিষ্ট্রীক্টে খুব বেশা প্রসার লাভ করেছে, অথচ এর চিকিৎসার কোন ব্যবস্থা নাই। সরকারের তরফ থেকে একবার একটা হিসাব দেওয়া হয়েছিল যে বাংলাদেশের মধ্যে প্রায় ৩ লক্ষের মত এই কুষ্ঠরোগা আছে এবং মন্ত্রীমহাশয় নিজেও স্বীকার করবেন যে এই কুষ্ঠ রোগ শতকরা ২৫ ভাগই সংক্রামক। এই রোগটাকে দুর করবার জন্য কোন সুষ্ঠু ব্যবস্থা আজ পর্য্যন্ত সরকারের তরফ থেকে করা হয়নি। আমি বীরভুম গিয়েছিলাম, সেখানে ঘুরে দেখেছি যে এই রোগ কিভাবে বিস্তার লাভ করছে। এ ছাড়া বাঁকুড়াতে এই রোগ খুব বেশী বিস্তার লাভ করেছে। কাজেই এদিকে বিশেষ করে নজর রাখা দরকার। এ ছাড়া সরকারের তরফ থেকে বার বার ঘোষণা করা হয় যে কলেরা, বসন্ত, রোগ অনেক কমেছে। এবছর আমরা দেখছি গ্রামের পর গ্রাম কলেরা, বসন্ত রোগে ভুগছে, বহু লোক এই রোগে মারা গেছে এরকম দৃষ্টান্ত প্রচুর রয়েছে। গ্রামে গ্রামে গিয়ে সময় মত কলেরা ইনজেক্‌সান দেওয়া হয়না—হয়ত যে-দিন রোগ আক্রমণ করল তার অনেক দিন পরে কিছু লোক মরে গেলে তবে গভর্ণমেণ্টের দৃষ্টি আকৃষ্ট হয়। প্রথম দিকে কোন ব্যবস্থা হয় না বলে বহু লোক এই রোগে ভুগে। আমি বিশেষ করে বলব যে এই সমস্ত রোগ দুর হতে পারে যদি গ্রামে টিউবওয়েল দেওয়া যায়। সরকারের তরফ থেকে যে টিউবওয়েল দেওয়ার ব্যবস্থা আছে তাতে আমরা দেখেছি যে যেখানে ৪।৫ হাজার লোক রয়েছে সেখানে একটাও টিউবওয়েল নেই। প্রায় ২।৩ মাইল দুর পর্যন্ত একটা টিউবওয়েল নেই। এই রকম ধরণের ব্যবস্থা সুন্দরবনের বহু ক্ষেত্রে রয়েছে—সেগুলি দুর হওয়া দরকার। সরকারের তরফ থেকে বলা হয়েছিল যে ৪ শত লোককে একটা করে টিউবওয়েল দেওয়া হবে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে টার্গেট ঠিক করা হয়েছিল তার মধ্যে প্রথম দ্বিতীয় এবং তৃতীয় বছরে যা খরচ করা হয়েছে এবং চতুর্থ ও পঞ্চম বছরে যা খরচ করা হবে তা দেখলে বুঝতে পারা যায় যে এ সম্পর্কে সরকার কতখানি জনসাধারণের জন্য খরচ করেছন, কতখানি জনসাধারণের জলকষ্ঠ দূর করতে পেরেছে,ন জন-স্বাস্থ্য রক্ষা করবার জন্য কতখানি চেষ্টা করেছেন। আমরা বাজেটে দেখি যে দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় সরকারের টার্গেট ছিল ২ কোটি ৮১ লক্ষ ৩০ হাজার টাকা, তার মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বছরে খরচ হয়েছে ৭৮ লক্ষ ৪৭ হাজার টাকা; চতুর্থ ও পঞ্চম বছরে যা খরচ করা হবে বলে ধরা হয়েছে তা যদি প্রকৃত খরচ করা হয় তাহলে মোট খরচ হবে ২ কোটি ৪৩ লক্ষ ৪৭ হাজাব টাকা। এর থেকে আমরা বুঝতে পারি যে সরকার এই ৫ বছরে যা খরচ করার টার্গেট ছিল সেই টার্গেট অনুসারে কাজ করতে পারেননি।

৩৭ লক্ষ ৮০ হাজার টাকা খরচ করতে পারেন না। এর মধ্যে থেকে এটাই বুঝতে পারা যায় কিরকম কাজ হচ্ছে। সাথে সাথে একথা বলা দরকার যে রুরাল ওয়াটার সাপ্লাই এ্যাণ্ড স্যানিটেশান স্কীম যে টাকা বরাদ করা হয় তাতে শুধু টিউবওয়েল এরই ব্যবস্থা হয়, স্যানিটেশান এর কোন ব্যবস্থা হয় না। বাংলাদেশে টিউবওয়েল এর ব্যাপারে মিটিং হয়, অল্প কিছু টিউবওয়েল এর ব্যবস্থা হয় কিন্তু স্যানিটেশান এর কোন ব্যবস্থা নাই অথচ

বরাদ্দের মধ্যে এই খাতে টাকা খরচ হওয়া প্রয়োজন ছিল কিন্তু তা হচ্ছে না। আমরা দেখেছি বহু জায়গায় টিউবওয়েল বসানোর ব্যাপারে আনসাক্‌শেসফুল হয়েছে বলে ঘোষণা করা হয়েছে, সে জায়গায় বসাবার কোন ব্যবস্থা হর্চ্ছেনা। অথচ যে জায়গায় আনসাক্‌শেসফুল হয়েছে বলছেন সেখানে যদি ডিপ টিউবওয়েল বসানো যায় তাহলে নিশ্চয়ই জল পাওয়া যায়, এ দৃষ্টান্ত রয়েছে। অথচ সরকার পক্ষ থেকে সে মতে কাজ হচ্ছেনা। আমরা দেখছি যেসমস্ত জায়গায় হেলথ সেণ্টার দেওয়ার কথা ছিল সেখানে টাকা দেওয়া হয়েছে। লোল্যাণ্ড যা ছিল সেটা উঁচু করার জন্য টাকাও খরচ করা হয়েছে অথচ সেখানে হেলথ সেণ্টার করার জন্য সরকার তরফ থেকে কোন ব্যবস্থা হয়নি। সরকার তরফ থেকে প্রস্তাব ছিল যে ইউনিয়ন হেলথ এবং থানা হেলথ সেণ্টার করা হবে কিন্তু সেক্ষেত্রে আমরা দেখছি জয়নগর থানার মধ্যে একটা থানা হেলথ সেণ্টার এবং আর একটা ইউনিয়ন হেলথ সেণ্টার করা হয়েছে অথচ সেখানে ২½ লক্ষ লোকের অধিক বাস করে। এত যেখানে লোক সেখানে যদি একটি মাত্র ইউনিয়ন হেলথ সেণ্টার এবং একটি থানা হেলথ সেণ্টার করেন তাহলে জনস্বাস্থ্যের দিক থেকে চিকিৎসার কতটা সুব্যবস্থা হবে তা নিশ্চয়ই বুঝতে পারছেন। সে জন্য এদিকে সরকারের দৃষ্টি আকৃষ্ট হওয়া উচিত। এখানে সে টাকা গুলি অহেতুক বরাদ্দ করা হয় কাবণ আপনারা ঠিক মত খরচ করতে পারেন না অথচ জন সাধারণের এদিক দিয়ে যথেষ্ট চাহিদা রয়েছে। তাই এধরণের যদি কাজ চলে তাহলে জনসাধারণকে মৃত্যুর মুখে থেকে বাঁচান যাবেনা। সেজন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে একথাই বলতে চাই তারা যেন জনসাধাণের স্বাস্থ্য রক্ষার দিকে প্রকৃতই নজর রাখেন।

[5-30—5-40 p.m.]

Dr. Beni Chandra Dutt : Mr. Speaker, Sir, much has been said against the Health Department that there is corruption and there is indiscipline. That may or may not be so, but the proof of the pudding is in its eating. From the working of this Department one cannot accuse the Health Directorate and the Department as well. I can show from figures how the Department have improved from day to day. In the revised Budget estimate for 1959-60 there was a provision of 91.47 as against 31.76 in 1948-49. In our Budget Heads of Medical and Public Health the provision has steadily gone up to 9,70,88,000. This increased allocation has helped the Department not only to increase the number of hospitals in the State but also to provide more beds in the existing hospitals, to take preventive measures against diseases like malaria, tuberculosis, leprosy, etc. Maternity and child welfare scheme has also reeived its due share. The nett result has been that the incidence of death has been appreciably reduced in our State. The death rate was 18.1 in 1948-49 which has come down to 8.4 Percent The infant mortality has gone down to 59.7 Percent from 156.7 in 1948-49. Now, Sir, this incidence of decrease inthe death rate has increased the population and it has created some problem. Our Food Minister in the course of his debate on Food had expressed his views that he was unable to meet the demands of the people because of the increase in population. The Chief Minister had also expressed his: oncern as he was failing to give employment to every youth in our country for this spect of the situation. Sir, whether the population increases

or not it is the duty of a welfare State to see that the incidencc of death is reduced, child mortality reduced, no matter what repercussion it has on the State. In this connection, the opinion of Sir Alexander Flemming, the inventor of penicillin is worth quoting. While being felicitated for his wonderful discovery he expressed the view that he was doubtful whether by inventing this medicine he has done good to humanity. As the population was increasing by leaps and bounds the death rate has considerably fallen with it the birtkrate has increased. This problem should be looked after by the different heads of departments. But so far as this Health Directorate is concerned, they should go on with their duties and see that incidence of disease is still more reduced. For this commendable result of course certain other extraneous factors are responsible such as the work of the World Health Organisation who have been sparing no pains and have been spending lavishiy for the control of diseases—malaria, tuberculosis or leprosy. To add to this, the invention of drugs like penicillin and other anti-biotics have helped considerably to reduce the incidence of death. The Ministry in the Health Directorate have been harnessing all these factors successfully to keep down the incidence of diseases and for this proud achievement of this Health Section the State of West Bengal may be congratulated.

Now, Sir, I shall say a few words about the medical profession. Sir, although no clear cut policy has been laid down a small beginning seems to have been made by the introduction of the State Insurance scheme by which the labourers working in Howrah and Calcutta will have the privilege of being treated freely. For this a small amount will be contributed by the employees and the resto by the Centre. It is expected that the scheme should be extended to the families of these labourers. Side by side we find that the whole medical profession is going to be reorganised. Three scales have been fixed. A basic scale running from Rs. 250-650. In this category will come all the graduates of our university' Not only the graduates of our University but also the post-graduate diploma holders and even the foreign-trained youths, the F.R,C.S., M.R.C.P, and all those who want to enter the service shall have to come through this grade. This is something peculiar. Like the Bengali proverb 'Muri Michri Ak Kaura Holo' there will be no difference between these grades of medical men. The result will be that our youths will lose their incentive for higher study and even if they go in for it, they will try to seek employment elsewhere. I hope our Minister and the members of the Cabinet will see that clear distinction is made between those having higher qualifications and those with moderate qualifications. Otherwise the whole profession will suffer badly, graduates will lose their incentive and the standard of education in West Bengal will deteriorate. I hope our Minister will kindly take note of this.

Shri Jamadar Majhi :

মাননীয় স্পীকার মহাশয়, বর্দ্ধমান জেলায় কালনা থানায়, যদিও এরিয়া খুব বড় হাসপাতালে মোটে ১৯ টির বেশী সিট্ নাই। যখন রোগী আসে, রোগীকে জায়গা দিতে

পারে না। সেই হাসপাতালে যে বিজলী বাতি দেবার কথা ছিল, তা আজ ও হয় নাই। মেমারী থানার হাসপাতালটা খুব বড়। সেখানে দুটো মাত্র ডাক্তার আছে—তার মধ্যে একজন বড় ডাক্তার, আর একজন আধা ডাক্তার। সেই বড় ডাক্তার ৬ মাসের জন্য কোথায় যেন চলে গিয়েছিল। এই রকম অবস্থা। সেখানে রোগীর ভাল চিকিৎসা হয় না। সেই হাসপাতালের ঘরে টিনের ছাউনী, সেই ঘরে রোগীরা থাকতে পারে না। শীতের সময় খুব ঠাণ্ডা, আর গরমের সময় খুব গরম। এই রকম অবস্থায় মেমারী হাসপাতাল চলছে। কালনা, কাটোয়া, বর্দ্ধমান, মেমারী টাউনে কিছু কিছু টিউবওয়েলের ব্যবস্থা আছে। কিন্তু পল্লীগ্রামে পানীয় জলের কোন ব্যবস্থা নাই, জলের খুব অভাব। বাবুদের মত গরীবরা টাকা কড়ি দিতে পারে না। তাই গরীব আদিবাসী মেয়েরা কলে জল আনতে গেলে অন্য মেয়েদের সঙ্গে ঝগড়া হয়ে যায়। এই রকম করে দেশ চলছে। সরকার যদি আদিবাসী গরীব লোকদের জন্য টিউবওয়েল করে দেন, তাহলে খুব ভাল হয়, দেশবাসীরও অশেষ উপকার হয়।

[5-40—5-50 p. m.]

Shri Rabindra Nath Roy :

মাননীয় সভাপাল মহাশয়, স্বাস্থ্যমন্ত্রী চিকিৎসা ও জনস্বাস্থ্য খাতে যে ব্যয় বরাদ্দ উপস্থাপন করেছেন, সেই ব্যয় বরাদ্দের মধ্যে সামগ্রিকভাবে সকল স্তরের মানুষের সামগ্রিকভাবে অকাল মৃত্যুর ও অপমৃত্যুর হাত থেকে নিষ্কৃতি পাওয়ার কোন আশ্বাস নাই। এ ছাড়া ও দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার যে উদ্দেশ্য—

To promote National Health at all its lavels and to bring it within the reach of all the people.

এই ধরণের কোন কম্প্রিহেন্সিভ প্ল্যান এর মধ্যে নেই। এই জন্য নেই যে, টাকার ব্যয় বরাদ্দ, হাসপাতালের সংখ্যা, এবং ডাক্তারের সংখ্যা বাড়ান হচ্ছে এবং তার সাথে সাথে মৃত্যুর হার কমে গিয়েছে, শিশু মৃত্যুর হার কমে গিয়েছে, এইভাবে বিভিন্ন উক্তির মধ্যে দিয়ে যদিও দেখান হচ্ছে স্বাস্থ্যের উন্নতি হয়েছে কিন্তু বাস্তবক্ষেত্রে দেখা যাচ্ছে তা হয়নি। কেন? স্বাধীনতার আগে যেরকম বিভিন্ন হাসপাতালে রোগীর ভীড় হোত এখন তার একশগুণ ভীড় বেড়ে গিয়েছে। এই জন্যই প্রশ্ন উঠে, বিভিন্ন ইন্ফেক্শানস্ হসপিটাল এর সংখ্যা বাড়ছে, ডাক্তারের সংখ্যা বাড়ছে যেহেতু বিভিন্ন রকমের রোগীর সংখ্যা বাড়ছে যেহেতু বিভিন্ন ডাক্তারের সংখ্যা বাড়ছে, সেহেতু স্বভাবতই পশ্চিমবঙ্গের জনসাধারণের স্বাস্থ্যের মান নিম্নগামী হচ্ছে বলা যায়। এবার প্রশ্ন হচ্ছে নিম্নগামী হবার সাথে সাথে যে পরিকল্পনাগুলি নেওয়া হচ্ছে, তাতে কি ক্রমোন্নতি হবে। দেখা যাচ্ছে যে সব পরিকল্পনা দেওয়া হচ্ছে তা সব মামুলি ধরণের। এখানে কয়েকটি ইনফেক্শানস্ হসপিটাল এর কথা বলছি যার পিছনে আপনারা কয়েক লক্ষ টাকা খরচ করেছেন এবং যে সব হেলথ ক্লিনিক করেছেন ও লেপ্রোসি হসপিটাল করেছেন তার দ্বারা এটা বন্ধ করতে পারবেন না। বিভিন্ন জেলায় কি ধরণের রোগ হচ্ছে সেটা দেখে সেইভাবে মেডিকেল ইউনিট গড়ে তোলা হয়নি, বা সেই রকমভাবে চিকিৎসা করার ব্যবস্থা হয়নি। এই হল সাধারণ কথা। তারপর হস্পিটাল আপলিফ্ট সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। এখানে একটা উদাহরণ দিচ্ছি। এখানে বলা হয়েছে যে শিশুমৃত্যুর হার খুব কমে গিয়েছে। বাংলা দেশের

একটা শ্রেষ্ঠ হাসপাতাল এশিয়ার মধ্যে, যেখানে পোষ্ট গ্রাজুয়েট ট্রেনিং দেওয়া হয় সেখানে বহু ডিপার্টমেন্ট আছে। এই পি, জি, হসপিটাল এ ডিসেম্বর মাসে ও সেখানে প্রসূতি সদনে, মেটারনিটি এ্যাণ্ড চাইল্ড ওয়েলফেয়ার সদনে ৫-৭ টা শিশু ২।৩ দিনের মধ্যে মারা গিয়েছে। সেখানে সংবাদ নিয়ে জানা গেল ইন্‌ফেকশান অফ্ দি মাউথ থেকে মারা গিয়েছে। অর্থাৎ ফিডিং বট্‌ল থেকে ইন্‌ফেক্‌শান হয়েছে। এইত হল আপলিফট এর অবস্থা। এবং পি, জি, হসপিটাল এর মত হাসপাতালের এই অবস্থা। ওখানে ডিরেক্টোরেট এর অনেক ব্যক্তি বসে মাথা নাড়ছেন, ভাবছেন যে এটা সত্য নয়। কিন্তু আমারই এক আত্মীয় ঐ হাসপাতালে বণ্ড সই করে ডিসচার্জ নিয়ে এই অকালমৃত্যুর হাত থেকে রক্ষা পায়। মেডিকেল কলেজ এরও এইরকম একটা মামুলি উদাহরণ দিচ্ছি। আমি সেখানে একটা পেসাণ্ট পাঠিয়েছিলাম নবেম্বর মাসে। তার টাং আলসার হয়েছিল। সেখান থেকে তিনমাস পরে তাকে জানান হল—

Arrangement for treatment will be made as soon as possible and the information will be given to you as soon as possible by the above Department.

এর মধ্যে তার মৃত্যু হল। এই হল আপলিফট অফ্ দি হসপিটাল এর নমুনা। তারপর আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেছেন—

Prevention is better than the cure,

এবং আরো বহু বড় বড় কথা বক্তৃতায় বললেন। কিন্তু প্রিভেনশান কিভাবে করবে। টি, বি, রোগ আজকে কেন বাড়ছে সে কথা ডিরেক্টার জানে, মন্ত্রী মহাশয় ও জানেন। সকলেই জানেন যে নিউট্রিশান এর অভাবে এই রোগ বেড়ে যাচ্ছে। সেই নিউট্রিশান দেখার কি ব্যবস্থা করেছেন। মাত্র কয়েকটি হেলথ্ ক্লিনিক করে, বি, সি, জি, ইন্‌জেকসান দিয়ে, টিউবার-কুটিন টেষ্ট করে টি, বি, ঠেকান যায় না। তারপর রুরাল হেলথ সম্বন্ধে ও ২।১ টি কথা বলি। সেখানেও আউটডোর পেসাণ্ট এর ভীড় দুইগুণ বেশী হয়ে গিয়েছে এবং সেখানে ইনডোর পেসাণ্টদের ১ টাকা করে পথ্য দেবার ব্যবস্থা আছে। কিন্তু যারা সেটা সাপ্লাই দেবার কণ্টাক্ট নেয় সেই কণ্টাক্টাররাই সব মেরে দেয়, তাদের পকেটেই ১২ আনা চলে যায়। বড় জোর চার আনা রোগীর জন্য খরচ হয়। এই হল পল্লীর স্বাস্থ্যকেন্দ্রের রোগীদের অবস্থা। যারা সেখানে থাকে, যারা না খেতে পেয়ে ম্যালনিউট্রি-শান এ ভুগছে, আর কয়েকটি সিভার অ্যানিমিয়া রোগী সেখানে ভর্তি হয়।

কোন অরগ্যাণিক ডিসিজ হলে তার ট্রিট্‌মেণ্ট এর ব্যবস্থা নাই, টাইফয়েড হলে কোলোমাইছিটিন এর ব্যবস্থা নাই, প্লুরিসি হলে ষ্ট্রেপটোমাইসিন্ সাপ্লাই করতে পারে না অথচ যখন পরিকল্পনা নেওয়া হয়েছিল তখন বলা হয়েছিল যে, সাধারণ মানুষকে তাদের ক্ষমতার মধ্যে বিজ্ঞানোচিত চিকিৎসার সুযোগ দেওয়া হবে। এখন শুধু দেখছি, বড় বড় প্রাসাদ হচ্ছে ার ডিপার্টমেণ্টের পর ডিপার্টমেন্ট বেড়ে যাচ্ছে। আপনারা যদি সাবডিভিশন্যাল সপাতালগুলিতে আই স্পেশালিষ্ট, অর্থোপেডিক স্পেশালিষ্ট, পেডিয়েটিক স্পেশালিষ্ট দিতে ারেন বেটার পে দিয়ে তবে দেখবেন যে, কলিকাতার হাসপাতালগুলিতে এত ভীড় হবে না। যাটারেষ্ট কাটাতে তখন লোকে কলকাতায় আসবেনা, ডেন্টাল স্কেলিং এ্যাণ্ড ফিলিং এর জন্য, াড এর কোয়াগুলেশানটিভ পরীক্ষার জন্য কলকাতার হাসপাতালগুলিতে এত লোকের ীড় হবে না। কিন্তু এর কোন ব্যবস্থা নাই। এক্স-রে অপারেটাস এর অভাবে কত

লোককে যে হয়রানি ভোগ করতে হয় তা বলে শেষ করা যায় না। তারপর, যেখানে এক্স-রে অপারেটাস আছে, সেখানে একজন লোক দিয়ে বোণ এক্স-রে, চেষ্ট এক্স-রে সবকিছু কাজ করান হয়, এদিকে সরকারের কোন দৃষ্টি নাই, অথচ ডিপার্টমেণ্টেএ ডিরেক্টার, ডেপুটী-ডিরেক্টার, এসিষ্টেন্ট ডিরেক্টার এসব অফিসারের সংখ্যা ক্রমাগত বেড়ে যাচ্ছে। মন্ত্রী মহাশয় এখানে একটা কথা বলেছেন যে, পশ্চিমবাংলার মানুষেরজীবন শক্তি আগের চেয়ে বেড়ে গিয়েছে, কিন্তু এতে আপনাদের কোন কৃতিত্ব নাই। সাধারণ মানুষের স্বাস্থ্য সম্পর্কে চেতনা এসেছে, মন্ত্রী মহাশয় বলেছেন ইনফেন্ট মিউটালিটি রেট কমে গিয়েছে, এখানে ও সেই একই কথা। শেষ করার আগে আমি শুধু একথাই বলব যে, এসব বড় বড় কথা বলে আগামীদিনের পশ্চিমবংগের মানুষকে স্বাস্থ্যের দিক থেকে সম্পদশালী করতে পারা যাবেনা।

[5-50—6-0 p.m.]

Shri Satyendra Prasanna Chattopadhyay :

মাননীয় স্পীকার মহাশয়, স্বাস্থ্য দপ্তরের ব্যয় বরাদ্দ সমর্থন করতে উঠে আমি দুই একটি কথা বলব এই হাউসের সামনে। ভোর কমিটি রিকমেণ্ডেশান করেছিলেন দশ বৎসরের মধ্যে ১.৮৭ পারকেপিটা খরচ করতে হবে, আজকে সেই জায়গায় ৩০৯৫ খরচ হচ্ছে, প্রায় ৪।৫ গুণ বেশী। সেদিক থেকে ওয়েষ্ট অকুপাইস্ সেকেণ্ড প্লেস ইন ইণ্ডিয়া। আজ বাংলাদেশের থেকে ম্যালেরিয়া দুরীভুত হয়েছে। আগে গ্রামে হাসপাতাল ছিল না, এখন গ্রামেও হাসপাতাল হওয়ার ফলে গ্রামের লোকের খুব উপকার হচ্ছে। মেটারনিটি বেডগুলি সব সময় ভর্তি থাকে, চাইল্ড ডেথ বাংলাদেশে অনেক কমে গিয়েছে। এখন গ্রামের লোক হসপিটাল মাইণ্ডেড্ হয়েছে। আগে আগে হাসপাতালে লোক পাওয়া যেতনা, এখন এক্সট্রা বেড করেও জায়গা দেওয়া সম্ভব হয়না। মৃত্যুর হার কমে যাচ্ছে, অথচ জন্মের হার ক্রমশই বেড়ে যাওয়ার দরুণ ফেমিলি প্ল্যানিং প্রোগ্রাম এ মোবাই ইউনিট মারফৎ গ্রামে গ্রামে ফেমিলি প্ল্যানিং এ ট্রেনিং দেওয়া হচ্ছে। এ সম্পর্কে আমি একটা কথা বলতে চাই যে, এ স্কীম অনুযায়ী গ্রামের লোকের মধ্যে কণ্ট্রাসেপটিভ গুডস বিনামূল্যে বা কম মূল্যে বিতরণের ব্যবস্থা করা উচিত। আজ কিউরেটিভ এন্ড ওয়েল এন্ড প্রিভেনটিভ মেজারস্ও সরকার থেকে ভালভাবে করা হচ্ছে। টি. বি, রোগের চিকিৎসার জন্য প্রত্যেক থানায় স্পেশালিষ্ট থাকা দরকার, যেখানে যেখানে ইলেকট্রিসিটি আছে, সে সব জায়গায় এক্স-রে প্লাণ্ট ডিসট্রিবিউট করে টি, বি, রোগের স্পেশালাইস্ড ট্রিটমেণ্ট এর ব্যবস্থা করা দরকার। ফিলারিয়া আগের চেয়ে অনেক বেড়ে গিয়েছে। এ সম্বন্ধে কিছু দিন আগে একটা ইনভেষ্টিগেশান আরম্ভ হয়েছিল, গ্রামে গ্রামে ঘুরে ঘুরে ব্লাড নেওয়া হচ্ছিল, একটা রং প্রসিডারএ ব্লাড নিয়ে কাজ সেরে দিয়ে রিপোর্ট দেওয়া হচ্ছে ফিলারিয়া নাই—এসম্পর্কে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণে বাধ্য। তারপর, মেডিকেল অফিসারদের অ্যাপয়েণ্টমেণ্ট সম্বন্ধে দুএকটা কথা বলতে চাই।

এই অ্যাপয়েণ্টমেণ্ট এত দেরী হচ্ছে কেন সেটা বুঝতে পারছি না। সে জন্য সেখানে হাসপাতালে ডাক্তার অনেক সময় থাকে না। প্রাইভেট প্র্যাকটিশনার যারা প্র্যাকটিস করে তারা বুঝতে পারছেনা যে কোন দিন সরকারী ডাক্তার পেঁ ছিবে এবং তাদের আর প্র্যাকটিস হবে না। এর ফলে অনেক জায়গায় চিকিৎসার অভাবে রুগী মারা যাচ্ছে। আমরা মফঃস্বলে দেখছি যে ভাল ডাক্তার নেই। হাসপাতালে ইউদ আউট ট্রিটমেণ্ট অনেক রুগী কষ্ট পাচ্ছে। সে জন্য আমি অনুরোধ করছি যাতে তাড়াতাড়ি এই অ্যাপয়েণ্টমেণ্টগুলো

হয়। আমাদের নর্থ বেঙ্গলে দেখেছি যে ডাক্তাররা অর্ডার পেলেও তারা সেখানে গিয়ে জয়েন করে না। কারণ হিসাবে অনেক সময় দেখছি যে ডিরেক্টোরেট থেকে অর্ডার বেরুল কিন্তু যাদের সেখানে যাবার জন্য বলা হচ্ছে তাদের কেরাণী মহল থেকে না যাবার ডিসকারেজ করা হয়। এগুলি দেখার জন্য আমি অনুরোধ করছি। আমি আর একটা অনুরোধ করছি যে নর্থবেঙ্গলে যেসব ডাক্তাররা যাবেন—ক্যালকাটা এ্যালাউন্স বলে এটা এ্যালাউন্স আছে—তাদের যেন ক্যালকাটা এ্যালাউন্স দেওয়া হয়। অর্থাৎ নর্থ বেঙ্গল এ্যালাউন্স দিলে ডাক্তাররা অ্যাট্রাকটেড হবেন এবং পোষ্টেড হতে রাজী হবেন। ক্যালকাটা ছাড়া কেউ বাইরে যেতে চাননা বলে এই ব্যবস্থা করা দরকার। নর্থ বেঙ্গলে কষ্ট্ অফ্ লিভিং বেশী বলে তাদের এ ভাতা দেওয়া দরকার। এবার আমি পোষ্ট গ্রাজুয়েট ট্রেনিং সম্বন্ধে কিছু বলব। পোষ্ট গ্রাজুয়েট ট্রেনিং বিষয়ে আমাদের ষ্টেট অনেকের চেয়ে পিছিয়ে যাচ্ছে। এতদিন যেখানে সারা ভারতে মেডিক্যাল ট্রিটমেণ্টে আমরা এগিয়ে ছিলাম, সেখানে পোষ্ট গ্রাজুয়েট ট্রেনিং এ আমরা পিছিয়ে থাকব কেন? সেজন্য আমি বলছি যে পোষ্ট গ্রাজুয়েট ট্রেনিং ফেসিলিটির বন্দোবস্ত যেন করা হয়।

[6—6-10 p.m.]

Dr. Radhanath Chattoraj :

মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রী মহাশয়ের বক্তৃতা শুনলাম কিন্তু দুঃখের বিষয় আয়ুর্বেদ সম্পর্কে তিনি কোন কথা বললেন না, আমাদের ধারনা ছিল যে দেশ-স্বাধীন হবার পর আমাদের আয়ুর্বেদ সম্পর্কে নানারকম গবেষণা হবে এবং উন্নত ধরণের চিকিৎসার বন্দোবস্ত হবে। কিন্তু মন্ত্রী মহাশয়ের বক্তৃতা থেকে যা বুঝলাম তাতে মনে হচ্ছে সেসব বোধ হয় হবেনা। বর্ত্তমানে আমাদের দেশে পাশ্চাত্যের পদ্ধতি অনুযায়ী মেডিকেল শিক্ষা দেওয়া এবং যার মধ্যে আয়ুর্বেদের কোন স্থান নেই। কিন্তু আমার মনে হয় এই আয়ুর্বেদ সম্পর্কে আমাদের একটা ফাণ্ডামেণ্টাল নলেজ থাকা উচিত। বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় বিল যখন বিধান সভায় পাশ হয় তখন অনেক সদস্যই বর্দ্ধমানে একটি মেডিকেল কলেজ স্থাপনের প্রস্তাব দিয়েছিলেন। কিন্তু সরকার এবিষয়ে সম্পূর্ণ উদাসীন। সেখানে একটা স্কুল ছিল। কিন্তু সেটাও তুলে দেবার ফলে হাসপাতালের যা অবস্থা হয়েছে তা অত্যন্ত শোচনীয়, সেই হাসপাতালে বীরভুম, বর্দ্ধমান, এবং মুর্শিদাবাদ প্রভৃতি স্থান থেকে বহু লোক চিকিৎসা করাতে আসে বর্ত্তমানে যে অবস্থা হয়েছে তাতে সেখানে কেউ আর চিকিৎসা করাতে আসতে চায়না। কাজেই এই হাসপাতালের উন্নতির জন্য এবং একটি মেডিকেল কলেজ স্থাপনের জন্য আমি অনুরোধ করছি, ইতিপুর্বে মাননীয় সদস্য সিদ্ধার্থশঙ্কর মহাশয় বীরভুমের কথা বলেছেন যে সেখানে কোন অ্যানেস্থেটিষ্ট নেই। আমি সেখানে গিয়ে দেখেছি যে যিনি ওখানকার চীফ্ মেডিকেল অফিসার তিনি যদিও একজন ভাল চক্ষু চিকিৎসক কিন্তু ঐ হাসপাতালে চক্ষু চিকিৎসার ভাল সাজ সরঞ্জাম নেই। কাজেই সেখানে যাতে উপযুক্ত পরিমানে এবং ভাল চক্ষু চিকিৎসার সাজসরঞ্জাম নিয়ে চক্ষু চিকিৎসার ব্যবস্থা হতে পারে তার প্রতি স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পল্লী অঞ্চলে যে সমস্ত স্বাস্থ্য কেন্দ্র রয়েছে সেখানে মাত্র ১৲ টাকার ডায়েট দেওয়া হয় এবং তাও আবার কনট্রাক্টরের মাধ্যমে। এতেই অনুমান করা যায় যে ঐসব স্বাস্থ্যকেন্দ্রে কিরকম ধরণের ডায়েট দেওয়া হয়। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যাতে ভাল ডায়েট দেওয়া হয় তার ব্যবস্থা করুন। বীরভুম জেলায়

বক্রেশ্বরে একটা উষ্ণ প্রস্রবন আছে সেখানে নানারকম রোগী অর্থাৎ পেটের অসুখ গ্যাসট্রিক আলসার, ডিউডিনাল আলসার এবং বিভিন্ন রকমের চর্মরোগের জন্য বহু লোক স্নান করতে আসে, কেননা সেখানে স্নান করলে এই সব রোগ ভাল হয় বলে শোনা যায়। বাংলা সরকারের তরফ থেকেও সেই জল পরীক্ষা করবার জন্য নিয়েছিল। কাজেই সেখানে যখন এধরণের বহু লোক সমাগম হচ্ছে তখন একটি স্বাস্থ্য নিবাস সেখানে একান্তই প্রয়োজন। নানুর থানা এম, আর, এস, ব্লক এর অন্তর্ভুক্ত এবং সেখানে প্রায় ১লক্ষ লোকের বাস থাকা সত্বেও কোন স্বাস্থ্যকেন্দ্র নেই। এ ব্যাপারে সেখানে এনকোয়ারী হয়ে গেছে, কিন্তু আজ পর্য্যন্ত কিছুই হয়নি। গ্রামে গ্রামে যেসমস্ত স্যানিটারী অ্যাসিষ্টাণ্টস্‌রা ঘোরাফেরা করেন তাঁদের কাছে ঔষধ থাকেনা। যাতে তাঁরা ওয়েল ইকুইপিড হয় এবং তাঁদের কাছে ভাল ঔষধ পত্র থাকে তার ব্যবস্থা করতে মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। তারপর আমি বলতে চাই যে খাদ্যের ভেজাল সম্পর্কে একটা কঠোর ব্যবস্থা অবলম্বন করা দরকার কেননা এর দ্বারা বহু ব্যাধির সৃষ্টি হয়। এটা যদি বন্ধ করতে না পারেন তাহলে দেশের অবস্থা সঙ্গীন হবে। লাভপুর থানায় একটি স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের কথা আছে। কাজেই সেটা যাতে এবৎসরই আরম্ভ হয় সেজন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। লাভপুর থানায় মহোদরী চৌহাট্টা অঞ্চলে পুর্বেকার মহোদরী ইউনিয়নটি এবং আরও প্রায় ১৫।১৬টি গ্রাম কোপাই ও বক্রেশ্বর নদী দিয়ে ঘেরা। সেখানে কোন রেজিষ্টার্ড ডাক্তার না থাকার ফলে জন-সাধারণের যথেষ্ঠ কষ্ট হচ্ছে। লাভপুর, বিপ্রটিকুরী এবং আমেদপুর প্রভৃতি স্থানে যে সমস্ত স্বাস্থ্য কেন্দ্র আছে তার সুযোগ তাঁরা গ্রহণ করতে পারেনা, কেননা আমেদপুর মহোদরী লাভপুর মহোদরী এবং বিপ্রটিকুরী মহোদরী প্রভৃতি সমস্তই দুরধিগম্য এবং তা ছাড়া নদীতে কোন শাঁকো নেই। কাজেই সেখানে একটি স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করা একান্তই প্রয়োজন। তবে তা যদি না পারেন তাহলে অন্ততঃ একটি মোবাইল মেডিকেল ইউনিট সেখানে পাঠান উচিত। নানুর থানায়ও একটি স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করা প্রয়োজন। বীরভূমে কুষ্ঠরোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে কিন্তু চিকিৎসার কোন ব্যবস্থা নেই। সেখানে একটি লেপ্রোসি হাসপাতাল স্থাপন করা প্রয়োজন এবং এই রোগের কারণ সম্বন্ধেও রিসার্চ হওয়া প্রয়োজন। বীরভূম জেলার লাভপুর, বোলপুর প্রভৃতি স্থানে যে সমস্ত হাসপাতাল আছে সেখানে কোন ইলেকট্রি-সিটির ব্যবস্থা নেই। যাতে সেই সমস্ত হাসপাতালে ইলেট্রিক আলো এবং পাখার ব্যবস্থা হয় তার জন্য স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি। মোবাইল ইউনিটের ডাক্তারদের মাইনে এবং ঔষধ-পত্র যাতে সরকারী তত্বাবধানে পাঠান হয় তার ব্যবস্থা করুন। ডাক্তারদের কোয়ার্টার্সগুলি যেখানে করা হয়েছে তা অত্যন্ত খারাপ জায়গা অর্থাৎ সেখানে প্রায়ই ডাকাতি হয়। তাঁদের এই অসহায় অবস্থা থেকে রক্ষা করবার জন্য সেখানে পাহারাদারের ব্যবস্থা করা উচিত। দার্জ্জিলিং হাসপাতালে ভীষণ দুর্নীতি চলছে, কাজেই সেখানে যাতে একটা ডিপার্টমেণ্টল তদন্তের ব্যবস্থা হয় তার প্রতি আমি স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Ledu Majhi :

পুরুলিয়া জেলায় চিকিৎসার সুযোগ সুবিধা বাড়বার কথা দুরে থাক যাও সামান্য সুযোগ আছে তার মধ্যে ও বহু অব্যবস্থা ও দুর্নীতি চলছে। চিকিৎসালয়গুলিতে ওষুধের উপযুক্ত ব্যবস্থা নেই। গরীব জনসাধারণকে সাধারণ ওষুধও কিনে নিতে হয়। প্রত্যেক জেলায় ওষুধের ষ্টক আছে—আমাদের জেলায় নেই। পুরুলিয়া হাঁসপাতালে রোগী সংখ্যার উপযোগী

আদৌ নার্স নেই, কম্পপাউণ্ডার নেই। হাঁসপাতালের সঙ্গে সংশ্লিষ্ট ডাক্তররা অনেকেই নিজেদের ব্যক্তিগত ব্যবসার জন্যে কাজের প্রতি অমনোযোগিতা করছেন। এর জন্যে বহু অবাঞ্ছিত অপকৌশল ও করা হচ্ছে। চিকিৎসা বিষয়ে বহু অব্যবস্থা ও দুর্নীতিও চলেছে।

Shri Monoranjan Misra :

মিঃ স্পীকার, স্যার, আজকে এ পক্ষের বক্তাদের বক্তৃতা শুনে খুব আশ্চর্য্য হয়েছি বিশেষতঃ আমাদের নেপাল রায়ের বক্তৃতা শুনে আমি কিভাবে যে বক্তৃতা দেব তা ঠিক বুঝে উঠতে পারছিনা। কাজেই স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার অনুরোধ যে তিনি সচেতন হন এবং সত্যসত্যই তাঁর বিভাগে এত দুর্নীতি আছে কিনা এটার প্রমাণ হওয়া উচিত। আজকে আমি বিশেষ কিছু বলবনা তবে স্বাস্থ্যনীতি সম্পর্কে সামান্য একটু আলোচনা করব। এটা ঠিক যে বর্ত্তমান সরকারের হাতে রাষ্ট্রের শাসনভার আসার পর থেকে অসংখ্য হেল্‌থ সেণ্টার স্থাপন করা হয়েছে, বহু জায়গায় হাসপাতাল স্থাপিত হয়েছে এবং যেখানে পানীয় জলের অভাব ছিল সেখানে বহু টাকা খরচ করে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু এটাও আজকে আমাদের মনে রাখতে হবে যে আমাদের সরকারের স্বাস্থ্য দপ্তর প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন। প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন এই জন্য যে সরকার দেশবাসীকে শুনিয়েছিলেন যে প্রত্যেক ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হবে, কিন্তু আজকে আমরা বেশ দেখতে পাচ্ছি অনেক জায়গায় জমি রেজিষ্ট্রি করে দেওয়া হয়েছে, টাকা জমা দেওয়া হয়েছে অথচ আজ পর্য্যন্ত সেই সমস্ত জায়গায় হাসপাতাল স্থাপিত হয়নি। এখানে আমি কতকগুলি নাম করতে চাই—মালদহ জেলায় মথুরাপুর ইউনিয়ন, মালিয়াচক থানার অন্তর্গত মালিয়াচক, ইংরাজনন্দা থানার কাজিগ্রাম ইউনিয়ন, মোহদীপুর ইউনিয়ন, কালিয়াচক থানার অন্তর্গত পঞ্চানন্দপুর, পরাণপুর এই সমস্ত জায়গায় ৪ বছর হল জমি রেজিষ্ট্রি করে দেওয়া হয়েছে, টাকা জমা দেওয়া হয়েছে কিন্তু আজ পর্য্যন্ত অমীমাংসিত অবস্থায় তার প্রোপোজাল পড়ে আছে। আজ পর্য্যন্ত সেখানে কোন হেল্‌থ সেণ্টার স্থাপনের ব্যবস্থা করা হয়নি। কাজেই যেসমস্ত জায়গায় সরকার টাকা নিয়েছেন, জমি নিয়েছেন, প্রতিশ্রুতি দিয়েছেন, সেই সমস্ত জায়গায় অনতিবিলম্বে স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করা উচিত। আর একটা প্রশ্ন হচ্ছে ইনক্রিজ অফ পে। আজকে আমাদের সরকারকে দেখতে হবে যেসমস্ত হেলথ সেণ্টারে রোগীর সংখ্যা অত্যধিক হচ্ছে সেখানে ১০টা বেড করে নিশ্চিন্ত থাকা উচিত নয়। সেজন্য একটা রিভিউ কমিটি স্থাপন করা দরকার। এই রিভিউ কমিটি প্রত্যেক হেলথ সেণ্টারে খোঁজ নিয়ে দেখবেন কোন্ হেলথ সেণ্টারে অত্যধিক চাপ পড়ছে, সেখানে সেইভাবে বেড ইনক্রিজ করা প্রয়োজন। সেজন্য আমি প্রস্তাব করছি যে সরকার একটা রিভিউ কমিটি তৈরী করুন এবং সেই রিভিউ কমিটির রিপোর্ট অনুযায়ী কোন্ কোন্ হেলথ সেণ্টারে বেড বাড়ান দরকার সেখানে তা বাড়ান। আমরা কিছুদিন আগে মুখ্যমন্ত্রীর বক্তৃতায় শুনতে পেয়েছিলাম যে প্রত্যেক স্বাস্থ্যকেন্দ্রের সঙ্গে নিকটস্থ ডিষ্ট্রিক্ট মেজর রোড থেকে যোগাযোগের রাস্তা থাকবে। আজকে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হতে চলেছে অথচ স্বাস্থ্যকেন্দ্রের সঙ্গে নিকটস্থ পাকা রাস্তা থেকে যোগাযোগের রাস্তা নির্ম্মিত হয়নি। আমি একটা প্রশ্ন এইসঙ্গে করে রাখতে চাই যে আমার যেখানে বাড়ী সেখানে একটা স্বাস্থ্যকেন্দ্র আছে তার নাম হচ্ছে বাঙালীটোলা স্বাস্থ্য কেন্দ্র। সেখান থেকে মাত্র ৫ মাইল দূরে ডিষ্ট্রিক্ট মেজর রোড আছে কিন্তু সেখানে পাকা রাস্তা হচ্ছেনা। অথচ এই ৪।৫ মাইল রাস্তা পাকা করে দিলে স্বাস্থ্যকেন্দ্রের যোগাযোগের রাস্তা হতে পারে। রাস্তা করবার

যখন প্ল্যান আছে তখন আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে তিনি ঐ রাস্তাকে পাকা করবার জন্য যেন তাঁর ডিপার্টমেন্টের মাধ্যমে একটা স্কীম দাখিল করেন। আর একটা জিনিষ হচ্ছে—আমাদের সরকারের স্বাস্থ্য বিভাগের নীতি হচ্ছে প্রিভেনশান ইজ বেটার দ্যান কিউর–আজকে রোগীর উপর বেশী ঝোঁক না দিয়ে যাতে রোগ না হতে পারে সেইরকম ব্যবস্থা করা হয়েছে। তারপর, পানীয় জলের ব্যবস্থা করা হচ্ছে এটা ঠিক কিন্তু এমন বহু জায়গা আছে যেখানে পানীয় জলের চাহিদা আছে অথচ সেখানে টিউবওয়েল বসান হচ্ছে না।

[6-10—6-20 p.m.]

অনেক টিউবওয়েল বসানো হয়েছে এটা ঠিক কিন্তু বহু জায়গায় হয়নি। এ সম্বন্ধে একটা বিবেচ্য জিনিষ হচ্ছে এই যে এই টিউবওয়েল বসানোর পদ্ধতিটা নৈরাশ্যজনক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। সামান্য একটা টিউবওয়েল বসাতে গেলে কোলকাতার একজিকিউটিভ ইঞ্জিনীয়ার অফ পাবলিক হেলথের মাধ্যমে তার ব্যবস্থা করতে হবে। কাজেই এই জিনিষটাকে এ্যাভয়েড করতে হবে, ডিষ্ট্রিক্টে যে সাপ্লাই ডিপার্টমেণ্ট আছে সেই ডিষ্ট্রিক্ট অথোরিটির হাতে এই টিউবওয়েল বসানোর ভার দেয়া দরকার। আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি যে কোলকাতায় একজিকিউটিভ ইঞ্জিনীয়ারের কাছ থেকে পাশ হতে একবছর সময় লাগে একটা টিউবওয়েল বসানোর ব্যাপারে। কাজেই এই বিলম্বিত নীতি পরিহার করার প্রয়োজন আছে। ডিষ্ট্রিক্ট অথোরিটিকে টিউবওয়েল বসানোর সমস্ত ক্ষমতা দেয়া প্রয়োজন। আমার—

next point—T.B. T.B, is an epidemic like malaria.

এটা ফ্যাক্ট যে সরকার ম্যালেরিয়া কণ্ট্রোল করে দেশের অসংখ্য জনসাধারণের প্রাণ বাঁচাতে সক্ষম হয়েছেন। সেজন্য আমি সরকারকে ধন্যবাদ জানাই কিন্তু তার বিনিময়ে আজ কি এসেছে? সেই ম্যালেরিয়ার জায়গায় ধ্বংসমূর্ত্তি নিয়ে টি, বি, সারা বাংলাদেশকে গ্রাস করে ফেলছে। টি, বি,-র বিরুদ্ধে সরকারের তীব্র অভিযান আমরা নিজেদের চোখের সামনে দেখতে পাচ্ছি। যতগুলি টি, বি, হাসপাতাল হয়েছে সমগ্র উত্তরবঙ্গকে বাদ দিয়ে সেইসমস্তগুলি কার্য্যকরী হয়েছে। আমি প্রস্তাব করছি যেমন কাঁচরাপাড়া হাসপাতাল আছে, যাদবপুর হাসপাতাল আছে ঠিক সেই ধরণের পরিকল্পনা উত্তরবঙ্গের দিকে নেয়া দরকার। আমি আমার অভিজ্ঞতা থেকে জানি যে টি, বি, ব্যারাম মালদয়ে সর্বত্র গ্রামে গ্রামে ছড়িয়ে পড়ছে। •আজকে যদি মানুষকে টি, বি, ব্যারাম থেকে বাঁচানো না যায় তাহলে তাতে সরকারের অকর্মন্যতা এবং অপদার্থতাই প্রমাণিত হবে। আমি প্রস্তাব করছি যেরকম উদ্যম নিয়ে ম্যালেরিয়া কণ্টোল করা হয়েছে ঠিক সেইরকম উদ্যম নিয়ে আঞ্চলিক ভাবে জেলা বেসিসে হাসপাতাল করা হোক্ এবং প্রত্যেক হাসপাতালে টি, বি, ব্যারামের জন্য ৩।৪ শো বেডের ব্যবস্থা অনিতিবিলম্বে করা প্রয়োজন, শুধু প্রয়োজনীয় করতে হবে এই আমার আবেদন। আমার নেক্‌ষ্ট পয়েণ্ট হচ্ছে ডায়েট সম্বন্ধে আমি বিভিন্ন হাসপাতালে ঘুরে দেখেছি, আমি মাঝে মাঝে কাঁচরাপাড়া হাসপাতালে যাই এবং অন্যান্য হাসপাতালে যাবার সুযোগ ও আমার হয়, সেখানে দেখেছি—

diet-system decentralisation of power.

সরকার থেকে যে ২৷৷০ টাকা করে টি, বি, রোগীদের ডায়েটের জন্য দেয়া হয় সেই টাকা সত্য সত্য খরচ হয় না–১৷৷০ টাকার বেশি সেখানে খরচ হয় না। তারপরে আমি ডিসেণ্ট্রালাইজেশন

অফ পাওয়ার এর প্রস্তাব করছি—সমস্ত ক্ষমতাকে রাইটার্স বিল্ডিংস এ কেন্দ্রীভূত না করে সমস্ত ডিষ্ট্রিক্টে ব্যাপকভাবে স্বাস্থ্য বিভাগের ক্ষমতা বিতরণ করা হোক। আমার মনে হয় প্রত্যেক ডিষ্ট্রিক্টে যে সি, এম, ও, রাখা হয়েছে সেই সি, এম, ও, কে প্রয়োজনীয় ক্ষমতা দিতে হবে। আর ডি, এম, ও, নন প্রাকটিসিং এ্যালাউয়েন্স পাবে সি, এম, ও, পাবে না এই বিভেদ থাকা উচিত নয়। নন প্রাকটিসিং এ্যালাউয়েন্স প্রত্যেককেই দেয়া উচিত। আর সি, এম, ও, এবং ডি, এম, ও,-র পাওয়ার এবং এ্যাকটিভিটি ক্লিয়ারলি ডিফাইন করা উচিত এবং সি, এম, ও, এবং ডি, এম, ও,-র মধ্যে যে গোলমাল সেটাও দুর করা দরকার এই আমার আবেদন।,

Shri Hemanta Kumar Basu :

মাননীয় স্পাকার মহাশয়, আমি একটা বিশেষ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। প্রায় এক সহস্র হাঁসপাতালের ক্লাস ফোর কর্মী এসেছে এসেম্বলীতে সরকারের কাছে তাদের দাবীদাওয়া পেশ করতে, তাদের দাবীদাওয়া জানাবার জন্য। আমি ইতি-পুর্ব্বেই ডাঃ রায়ের কাছে এ সম্বন্ধে পত্র দিয়েছি। আশা করি সরকার তাদের দাবীদাওয়া সহানুভুতির সঙ্গে বিবেচনা করবেন যাতে তারা বাধ্য না হয় টুয়েন্টিয়্যাইটথ টোকেন ষ্ট্রাইক করতে এবং পরে জেনারেল ষ্ট্রাইক করতে।

Shri Tarapada Dey :

মাননীয় স্পীকার মহাশয়, গ্রামাঞ্চলে স্বাস্থ্য বিষয়ে যে সমস্ত বড় বড় সমস্যা আছে মন্ত্রী মহাশয় তার একটা সমস্যা পুরণ করতে ব্যর্থ হয়েছেন। সবচেয়ে বড় সমস্যা আজকে পানীয় জলের সমস্যা। পশ্চিমবঙ্গ সরকার যেভাবে আজকে গ্রামাঞ্চলে টিউবওয়েল করছেন সেভাবে যদি করতে থাকেন তাহলে কোনদিন পানীয় জলেব সমস্যার সমাধান হবেনা বরং অতি অল্পদিন মধ্যে গ্রামাঞ্চলে আর ও টিউবওয়েল থাকবেনা। আমার এলেকা বালী ও ডোমজুড়ে খুব জলকষ্ট। গ্রীষ্মকালে কোন জল পাওয়া যায় না। সমস্ত মানুষকে এই টিউবওয়েল এর জলের উপর নির্ভর করেই চলতে হয়। অথচ ডোমজুড় থানায় টিউবওয়েল আছে ৮৪টি এবং বালীতে ১৭টি। এগুলি বাদে আরও প্রয়োজন কমপক্ষে ডোমজুড়ে ৫০টি এবং বালীতে ১৫টি করতে হবে এবং এ করলে জনসাধারণের জল সরবরাহের ব্যবস্থা হতে পারে। আমি রুরাল ওয়েলফেয়ার এর জন্য যে কমিটি আছে তাদের কাছে ৫০টি টিউবওয়েল চেয়েছিলাম তারা মঞ্জুর করেছে মাত্র ১৭টি দুই থানায়। এটা দেখা যায় প্রতি ইউনিয়ন এ গড়ে ২।৩ বছর পর ২।৩টি করে টিউবওয়েল খারাপ হয়ে যায়। কাজেই এইভাবে যদি টিউবওয়েল দিতে থাকেন তাহলে কোনদিন গ্রামে পানীয় জলের সমস্যার সমাধান হবেনা। যে ডিপার্টমেণ্ট থেকে করছেন তাদের একটি সেট্ মাত্র ইনষ্ট্রুমেণ্ট ফলে গ্রামাঞ্চলে অনেক জায়গায় লোকেই অর্থব্যয় করতে চান কিন্তু আপনারা এই পুরাণো টিউবওয়েলগুলি সারাচ্ছেন না। সরকার এই ডিষ্ট্রিক্ট টিউবওয়েলগুলি সারাবার ভার না নিলে কোনদিন জল সরবরাহের ব্যবস্থা হবেনা। তাছাড়া টিউবওয়েল শ্যাংসান করার পদ্ধতি—১০০ টাকা করে লোকাল কণ্ট্রিবিশান এবং ডিপ টিউবওয়েল হলে ২৫০ টাকা দিতে হবে। এই যে ব্যবস্থা এটাও ঠিক নয়। গ্রামে যে দুঃস্থ এলেকা আছে বিশেষ করে সেডিউলড কাষ্ট এলেকা সেসব জায়গায় লোক টাকা দিতে পারেনা কাজেই সেখানে টিউবওয়েল হয়না। অথচ অবস্থাপন্ন জায়গায় পাশাপাশি টিউবওয়েল আছে। এমন জায়গা আছে যেখানে ১২০০ লোক সংখ্যা—দুঃস্থ

এলেকা, লোক টাকা দিতে পারেনা, বাণীপাড়া গ্রামের কথা বলতে পারি কোন টিউবওয়েল নাই। রাজাপুর মহিষকোটে ৩ হাজারের উপর লোক ৩টি মাত্র টিউবওয়েল। এক হাজার লোক একটি টিউবওয়েলএর উপর নির্ভরশীল। এমতাবস্থায় জলকষ্ট এত বেশী যে লোককে জলের জন্য লাইন দিয়ে দাঁড়াতে হয় এবং অনেক সময় মারামারি করতে হয়। যেভাবে টিউবওয়েল দিচ্ছেন তাতে সমস্যার সমাধান হবেনা। তাই ডেরিলিক্ট টিউবওয়েল যেগুলি আছে সেগুলি সরকারী খরচে সারাবার ব্যবস্থা করুন। এবং দুঃস্থ এলেকায় বিশেষ করে বন্যার ফলে যেসমস্ত টিউবওয়েল নষ্ট হয়েছে সেখানে বিনামূল্যে দেবার ব্যবস্থা করুন। জনস্বাস্থ্য বিভাগ এ ব্যাপারে এত অবজ্ঞা করেন যে কোন কাজ হয় না। বালী থানায় মানুষের কি কষ্ট দেখুন স্যার। চাঁদমারী নামক জায়গায় ময়লা জল এসে পড়ায় সেখানকার অবস্থা খুব অস্বস্থিকর। সেখানে কয়েকশ গজ দুরে একটা উদ্বাস্তু কলোণী করা হয়েছে, যখন উদ্বাস্তুরা আসে তখন তারা আপত্তি করেছিল তখন বলা হয়েছিল এই ট্রেন্‌চিং গ্রাউণ্ড বৈজ্ঞানিক উপায়ে ব্যবস্থা করা হবে অন্ততঃ সরিয়ে দেওয়া হবে।

[6-20—6-30 p.m.]

আজ ঐসকল ময়লা দুর্গন্ধময় ট্রেনচিং গ্রাউণ্ড থাকায়, সেখানে লোক বাস করতে পারছেনা। যদি কোন ভদ্রলোক সেখানে যান বুঝতে পারবেন কি অবস্থা সেখানকার। সেখানে যেসমস্ত ছিন্নমূল লোকেরা এসেছে, তারা এই অবস্থার বিরুদ্ধে বরাবর প্রতিবাদ করে আসছে, কিন্তু, তার কোন ব্যবস্থা এ পর্য্যন্ত করা হয়নি। তাদের এই রকম অবস্থায় সেখানে থাকতে বাধ্য করা হচ্ছে, এ কোন নীতি তা আমি বুঝতে পারি না। তারা আপনাদের ডিপার্টমেণ্টে বহুবার দরখাস্ত করেছে, তার কোন উত্তর দেওয়া হয়নি, তারা দেখা করতে এসেছে, দেখা পায়নি। যেখানে শত শত লোকের স্বাস্থ্যহানি হচ্ছে, তাদের দেখা কি আপনি প্রয়োজন বোধ করেন না? আমি আশা করি মন্ত্রীমহাশয় এদিকে বিশেষ দৃষ্টি দেবেন, এবং সেখানকার পাবলিক হেলথ সম্বন্ধে এনকোয়ারী করে, প্রকৃত ব্যবস্থা অবলম্বন করবেন। তারপর আমি হাওড়া ড্রেনেজ সম্বন্ধে বলবো। হাওড়া মিউনিসিপ্যালিটির মধ্যে ৫২ বর্গ মাইল একটি বেসিন আছে। এই ৫২ বর্গ মাইল জমির মধ্যে ৩৫ বর্গ মাইল জমিতে প্রচুর ফসল হত। কিন্তু হাওড়া ড্রেনেজের সমস্ত ময়লা জল ঐ স্থানে ফেলা হচ্ছে, ফলে বালী, জগদীশপুর, বাঁচড়া, নার্ণা, জগদা প্রভৃতি ইউনিয়নের স্বাস্থ্য সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছে যে শস্যহানি হয়েছে, এবং সেখানে জলটা একেবারে পোচে, ঘোলাটে হয়ে থাকায়, সেখান কার আশেপাশের মানুষের বাস করা অসম্ভব হয়ে পড়েছে। আপনার কাছে দরখাস্ত করা হয়েছে, স্বাস্থ্য বিভাগকে জানান হয়েছে, এমন কি প্রধানমন্ত্রীর কাছে ও দরখাস্ত করা হয়েছে, কিন্তু কোন উত্তর এ পর্য্যন্ত পাওয়া যায়নি। সেখানে ময়লা জল ফেলার ব্যবস্থা রাখায়, সহস্র সহস্র লোকের জীবন বিপন্ন, বহু লোক রোগে ভুগছে। এ সমস্ত জানান সত্বেও, আপনি কোন ষ্টেপ নেননি, একটা চিঠির উত্তর দেননি, এবং একটা এনকোয়ারী পর্য্যন্ত করেননি। সরকারের স্বাস্থ্য বিভাগ যদি এত অকর্ম্মন্য হয়, তাহলে তার চেয়ে পরিতাপের বিষয় আর কি হতে পারে। এই ভাবে যে আপনারা জনসাধারণের স্বাস্থের দিকে দেখেন তার থেকে স্পষ্ট বোঝা যায় তাদের প্রতি সরকার কতটা দরদী।

তারপর আমি সরকারের চেষ্ট ক্লিনিক সম্বন্ধে বলতে চাই। আজ দেখা যাচ্ছে টি. বি. রোগ সর্ব্বত্র ছড়িয়ে পড়েছে, বিশেষ করে গ্রামাঞ্চলে এই রোগের প্রাদুর্ভাব সবচেয়ে বেশী।

ডোমজুড় থানায় প্রায় দু-শো জন টি. বি. রোগী আছে, আর হেলথ সেণ্টারে ৬৭ জন এবং হাওড়া জেনারেল হস্‌পিটালে ৪০ জন আছে আর বাকী রোগী যারা তাঁরা অন্য জায়গায় গিয়ে চিকিৎসা করান। ডাঃ সাহা ডোমজুড় থানা ডেঞ্জার জোন বলে মন্তব্য করেন। এবং সেখানকার রোগীদের অ্যাডভাইস করেন হেলথ সেণ্টার মারফৎ চিকিৎসা করানর জন্য। তাছাড়া ডাক্তাররা বলেন যে টি, বি, রোগ ডিটেক্ট হওয়ার সঙ্গে সঙ্গে ষ্ট্রেপটোমাইসিন, ক্যালসিয়াম এবং ভিটামিন এ এ্যাণ্ড বি ইনজেকশান দেওয়া দরকার। কিন্তু আপনারা তা দেন না। আমি এখানে আর একটা কথা উল্লেখ করতে চাই—এই সমস্ত রোগীরা সাধারণত দুঃস্থ, তাদের পক্ষে দু-তিন বার করে হাওড়ায় এসে এক্স-রে করান খুব অসুবিধায় পড়তে হয়। ডাক্তারের মতে তাদের প্রচুর দুধ, ও ভিটামিনযুক্ত খাদ্য খাওয়া দরকার, কিন্তু তাদের ক্ষমতা নেই এই সমস্ত কিনে খাবার। সুতরাং হাওড়া হেল্‌থ সেণ্টার মারফৎ টি, বি. রোগীদের দুধ, পথ্য দেবার ব্যবস্থা করা উচিত। আমি কয়েক বছর আগে দেখেছি কয়েকজন টি. বি. রোগীকে পথ্যের অভাবে, না খেতে পেয়ে নিজেদের ঘরে পড়ে মৃত্যুর দিকে তিল, তিল করে এগিয়ে যেতে। ঝাঁপুবাগ ও গোবর্দ্ধন পাত্রের এই ভাবে মৃত্যু ঘটেছে। টি, বি ইনভেলিড রোগীদের জন্য আলাদা স্থান নেই, সাধারণ রোগীদের সঙ্গে, এক স্থানেই রেখে তাদের চিকিৎসা করা হয়, ফলে অনেক রোগী মারা যাচ্ছে। এই সমস্ত ইনভেলিড পেসাণ্টদের জন্য সেপারেট ক্লিনিক এর ব্যবস্থা রাখা দরকার।

তারপর আপনাদের মেটারনিটী সম্বন্ধেও বহু অব্যবস্থা রয়েছে। মেটারনিটী এ্যাণ্ড চাইল্ড ওয়েলফেয়ার ক্লিনিকগুলিতে প্রয়োজনীয় ঔষধ অ্যান্‌টি অ্যানিমিক ইনজেকশান অর লিভার এক্সট্রাক্ট থাকেনা। রোগী এলে তারপর ইনজেকশান এর বন্দোবস্ত করা হয়। দুঃস্থ এলাকার রোগী সাধারণত রক্তহীন হয়ে যায়, তারা ক্লিনিক এ চিকিৎসার জন্য আসবামাত্র ইনজেকশান দেওয়া উচিত। দেরীতে ইনজেকশান দেওয়ার ফলে অনেকের মৃত্যু ঘটেছে। এইভাবে তারাবালা সর্দ্দারের মৃত্যু ঘটেছে। ডোমজুড় হেলথ সেণ্টারে বহু রক্তহীনতা, ক্রোনিক অ্যানিমিয়া কেস আসে। তাদের যদি সময়মত আগে থেকে এই সমস্ত ঔষধের ইনজেকশান দেবার ব্যবস্থা করা যায় তাহলে তাদের বাঁচান। যায় আমি যে সমস্ত অসুবিধা ও অব্যবস্থার কথা বললাম, আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় তার প্রতিকারের জন্য যে সকল ব্যবস্থা অবলম্বন করা দরকার তা করবেন।

Shri Benoy Kumar Chatterjee :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিরোধীদলের পক্ষ থেকে পশ্চিম বাংলার স্বাস্থ্য সম্বন্ধে নানারকম কথা শুনলাম। আমি খুব গভীর মনোযোগ সহকারে তাঁদের বক্তব্য বিষয়গুলি শুনেছি। বিভিন্ন বক্তা তাঁদের নিজেদের এলাকার মধ্যে কোথায় হেল্‌থ সেণ্টার হয়নি, কোথায় জলের অভাব আছে এবং নানারকম অভাব অভিযোগের কথা বলেছেন। তাঁরা আরও বলেছেন কোন কোন হাসপাতালের ষ্টাফদের ত্রুটী বিচ্যুতি সম্বন্ধে। আমি স্যার, আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে অভাব অভিযোগ কিছু থাকতে পারে, কিন্তু তার মধ্যেও অনেক ভাল কাজ হয়েছে। আমরা যদি গত বছরের ষ্ট্যাটিস্‌টিক দেখি তাহলে বুঝতে পারবো আমাদের হেল্‌থ ডিপার্টমেণ্ট কিরকমভাবে জনসাধারণের স্বাস্থ্য উন্নতির কাজের দিকে এগিয়ে চলেছে। তারপর ডেথ্‌ রেট-এর পারসেণ্টেজ কমে গেছে—৫৮ পারসেণ্ট। যে ষ্ট্যাটিস্‌টিক্স পাচ্ছি তাতে দেখা যাচ্ছে—আমাদের মৃত্যুর হার ৫৮ পারসেণ্ট কমে গেছে। কলেরা সম্বন্ধে

ষ্ট্যাটিস্‌টিকস যা পাচ্ছি, তাতে দেখছি—৯২ পারসেন্ট কলেরা রোগ কমে গেছে। আর স্মল পক্স কমে গেছে—৭৫ পারসেন্ট, ম্যালেরিয়া কমে গেছে—৯৪ পারসেন্ট, টি, বি, ৫০।৬০ পারসেন্ট কমে গেছে, ভি, ডি, কমে গেছে—৫৮ পারসেন্ট, আর...........৫৬পারসেন্ট বেড়ে গেছে। এই ষ্টাটিস্‌টিকস থেকে আপনি বুঝতে পারছেন যে আমাদের হেল্‌থ ডিপার্টমেন্ট কিরকম আস্তে আস্তে এগিয়ে চলেছে।

আজ যদি ভোর কমিটির রিপোর্ট সম্বন্ধে আলোচনা করে দেখি তাহলে, দেখব—পারকেপিটা এক্সপেন্‌ডিচার সেখানে যা আছে, তার চেয়ে বেশী আমাদের সরকার দিয়েছেন। ডাক্তার মেডিকেল পারসোন্যাল সম্বন্ধে আলোচনা করলে দেখা যায়—ভোর কমিটি যে রিকমেণ্ডেশন করেছিলেন—দু-হাজার পপুলেশন-এর উপর এক-একজন করে ডাক্তার। আমরা সেই রিকমেণ্ডেশন থেকে অনেক বেশী এগিয়ে গিয়েছি। সেদিক থেকে আমরা স্বয়ং সম্পূর্ণ হয়েছি।

আর একটি কথা আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীকে জানাতে চাই যে বিভিন্ন যেসমস্ত নন্‌-গভর্ণমেন্টাল ইন্‌ষ্টিটিউশন গড়ে উঠেছে, সেই সমস্ত ইন্‌ষ্টিটিউশন বজায় থাকার প্রয়োজন অছে। কারণ আমরা বেডের সংখ্যা বেশী বাড়াতে পারি নাই। সেইজন্য এই নন্‌-গভর্ণমেন্ট ইন্‌ষ্টিটিউশন-গুলি থাকা উচিত। তাদের বাঁচাতে হলে, প্রচুর অর্থ সাহায্যের দরকার। তার দিকে আপনার নজর দেওয়া উচিত। নন্‌-গভর্ণমেণ্ট ইন্‌ষ্টিটিউশন-এর মেডিকেল অফিসাররা অল্প পয়সা নিয়ে কাজ করেন। আপনাবা যেমন স্কুল টিচারদের এ্যালাউন্স দেন, তাদেরও তেমনি একটা এ্যালাউন্স দেবার ব্যবস্থা করা উচিত।

Shri Saroj Roy :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পাবলিক হেল্‌থ সম্বন্ধে যা আলোচনা হলো, তাতে আপনি এই বিভাগের অপদার্থতা, অকর্মণ্যতা ও করাপশান সম্বন্ধে শুনতে পেলেন। আর একটা রয়েছে জনস্বাস্থ্য বিভাগ নিয়ে যদি রাজনৈতিক ব্লাফ্‌ চলে, তাহলে জিজ্ঞাসা করতে হয়—সেই সম্পর্কে যদি ব্যবস্থা করতে হয়—তাহলে শুধু ঐ ডিপার্টমেন্টের বড় কয়েকজনকে সরিয়ে দিতে হবে—তা নয়, সমস্ত কংগ্রেস মন্ত্রীসভাকে সরিয়ে দেওয়া দরকার। আমি উদাহরণ দিতে পারি গত ইলেকশনের সময় খড়গপুর কংগ্রেস সেক্রেটারীকে একখানা চিঠি দেন আমাদের চীফ্‌ মিনিষ্টার ডাঃ বি,সি,রায়। তার নম্বর—ডি, ও, নং ১১০, ডেটেড্‌ দি ২৭-২-৫৭।

Dear Shri Gyan Singh,

In reply to your letter, dated 26-2-57, I may inform you that arrangements for opening an outdoor dispensary at Khargpur are being made. You may show this latter to anyone enquiring about it.

অর্থাৎ ২৬ তারিখে চিঠি লিখলেন, ২৭ তারিখে তার জবাব এলো। তারপর ইলেকশান-এ তিনি হেরে গেলেন। তারপুর আজ পর্য্যন্ত সেটা আর হয় নাই। এখন যদি এই জিনিষ নিয়ে পলিটিকেল ব্লাফ্‌ চলে, তাহলে বাংলাদেশের কর্ত্তব্য তাদের সরিয়ে দেওয়া। টি, বি, সম্পর্কে নানারকম প্রশ্ন উঠেছে উভয়পক্ষ থেকে—টি, বি,-তে দেশ ছেয়ে গেছে সত্যি কথা। আমি একটা স্পেসিফিক্‌ ঘটনা রাখতে চাই। ১৯৫৫ সালে মেদিনীপুর ডিষ্ট্রিক্টে এ সম্পর্কে কয়েকটী ডাক্তার দিয়ে রিভিও করেছিলাম—৬।৭টি গ্রাম।

[6-30—6-40 p.m.]

কয়েকটি গ্রামে ধরা হল, ৬টা গ্রামে দেখা গেল। ১৯৫৫ এর আগে একটা টি, বি, কেস ছিল গড়বেতা থানার ২৭নং ইউনিয়ন খড়াহারএ, ১৯৫৫এ দেখা গেল সেটা বেড়ে গিয়েছে, এবং বর্ত্তমানে ৩টা টি, বি, কেস আছে। আর্থৎ এইগুলি ডিটেক্টেড কেস। কিন্তু বাকী গ্রাম যদি এক্স-রে করা যায় তাহলে আরো কেস পওয়া যাবে। মফরশাল গ্রামে ২০ ঘর লোকের বাস, সেখানে এক্স-রে করে পওয়া গেল ৯টি টি, বি, কেস। এই টি, বি, রোগীদের কোন রকম বিলি ব্যবস্থা করা হয় নি। আবার যদি বা ডিটেক্টেড কেস হয় তাহলে তাকে যেভাবে চিকিৎসা করা দরকার তা করা হয় না। গ্রামঞ্চলে এইসব টি, বি, রোগীকে সেগ্রিগেট না করে রাখার জন্য টি, বি, আরো স্প্রেড করে যাচ্ছে। এখানে সেগ্রিগেট করার কোন ব্যবস্থা নেই। টি, বি, যদি হয় এবং তা যদি তাড়াতাড়ি ডিটেক্টেড হয় তাহলে তার একটা ট্রিটমেণ্ট এর ব্যবস্থা করার ব্যবস্থা করা যায়। কিন্তু তার ব্যবস্থা না থাকায় টি, বি, আরো বেশী সেখানে স্প্রেড করে যাচ্ছে। মেদিনীপুব ডিষ্ট্রিক্টে ডিগবি টি, বি, স্যানেটোরিয়াম আছে। সেখানে একটা আউটডোর খোলা হোক এই দাবী করা হয়েছিল, সে সম্পর্কে প্রতিশ্রুতি ও পাওয়া গিয়েছিল কিন্তু আজ পর্য্যন্ত কিছু হয়নি। লাষ্ট ডিসেম্বর-এ আফ্‌টার কেয়ার কলোনী করার জন্য মিঃ চক্রবর্ত্তী ওখানে ছিলেন, সেখানে আমরা তাকে এ বিষয় জিজ্ঞাসাও করে-ছিলাম এবং তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন একমাসের মধ্যে সেখানে আউটডোর খোলা হয় এবং বলেছিলেন সে তার দরকারও আছে। কিন্তু আজ পর্য্যন্ত তার কিছু হয়নি। সেখানে যদি আউটডোর খোলা হয় এবং গ্রামের লোকদের যদি এক্স-রে করার ব্যবস্থা করে দেওয়া হয় তাহলে অন্ততঃ যেভাবে এই রোগ স্প্রেড করছে সেটা চেক করা যাবে। তারপর যে থানা হেলথ্ সেণ্টারগুলি খোলা হচ্ছে এই হেলথ সেণ্টার-এর ডাক্তারদের যদি ২।৩ মাসের জন্য একটা এই রোগ সম্বন্ধে ট্রেনিং দিয়ে দেন তাহলেও টু সাম এক্সটেণ্ট এটার প্রকৃত চিকিৎসা হবে এবং যেভাবে এই রোগ স্প্রেড করছে তা বন্ধ করা যাবে। কিন্তু তার কোন প্রকার বিলিব্যবস্থা করা হয়নি। ডিগবি আফ্‌টার কেয়ার কলোনী, সেখানে টি, বি, রোগ ভাল হয়ে গেলেও সেখানে থেকে লোকে কাজকর্ম করতে পারে কিন্তু সেখানে ভর্ত্তি হতে গেলে ৪০৲ টাকা করে দিতে হয়। ফলে সেখানে একমাত্র বড় লোকরাই থাকতে পারে। কিন্তু যারা দরিদ্র কৃষক, যাদের এই:রোগ সবচেয়ে বেশী হচ্ছে গ্রামাঞ্চলে, তারা এর সুযোগ নিতে পারেনা।

স্যার, আর একটা কথা, মিদনাপুর ডিষ্ট্রিক্ট-এ ফিলারিয়া কিভাবে হচ্ছে। বাঁকুড়ায় একটা কুষ্ঠাশ্রম আছে কিন্তু এখানে আজ পর্য্যন্ত কিছু করেননি। এখানে একজন লোক বিননদায় একটা কুষ্ঠাশ্রম করেছিল জনসাধারণের টাকা দিয়ে, দীর্ঘদিন ধরে সরকারকে বলা সত্বেও সরকার সেদিকে দৃষ্টি দিলেন না যার জন্য সেটা বন্ধ হয়ে গেল। আশা করি সরকার ওখান-কার ফিলারিয়া এবং কুষ্ঠ বন্ধ করার জন্য একটা বিলিব্যবস্থা করবেন।

Dr. Hirendra Kumar Chattopadhyay :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি প্রথমেই বলতে গিয়ে একটা কথা বলবো আমার নিজের বক্তব্য বলবার আগে যে, বৎসর দুই আগে আমার সঙ্গে মন্ত্রীমহাশয়ের কথা

হয়েছিল তাঁর ঘরে বসে। তখন তাঁর ঘরে দেখি হোমিওপ্যাথিক ঔষধ এবং তিনি বললেন যে তিনি অনেক সময় হোমিওপ্যাথিক ঔষধ খান। তিনি আমাদের তখন জানিয়েছিলেন যে হোমিওপ্যাথি বিল দুই মাসের মধ্যেই আসছে এবং কবিরাজী সম্বন্ধে ও একটা বিল তিনি আনবেন। কিন্তু এতদিন এত বিল এই এসেম্বলী হাউসএ কিলবিল করতে দেখলাম কিন্তু এই বিলগুলির আজ পর্য্যন্ত দেখা পেলাম না। স্যার, আমাদের যে স্বাস্থ্য মন্ত্রী তিনি হচ্ছেন একটা ইন্‌টিগ্রেটেড স্বাস্থ্যমন্ত্রী। কারণ তিনি যে বংশে জন্মেছেন তা বৈদ্য বংশ অর্থাৎ আর্য়ুবেদ, তিনি খান হোমিওপ্যাথি কিন্তু পাশ করেছেন এলোপ্যাথি, এ তিনটা ত আছেই এবং আমার মনে হয় একটু দাড়ি রাখতে পারলে হেকীম আজমলও হয়ে যেতে পারতেন। এই জন্যই বলছি যে তিনি ইন্‌টিগ্রেটেড মন্ত্রী।

[6-40—6-50 p.m.]

আমি একটা কথা আপনাকে জানাতে চাই মেডিকেল শিক্ষার অ্যানাটমির ব্যাপারে মড়া নিয়ে শিক্ষার্থীদের ঘাঁটাঘাঁটি করতে হয়। কিন্তু আমাদের পশ্চিম বাংলায় মড়া পাওয়া দুষ্কর ছাত্রদের শিক্ষার জন্য। পশ্চিমবঙ্গে আজকাল অনেক প্রকার চুরি চামারির কথা সকলেই জানেন, কিন্তু মড়া চুরির কথা অনেকেই জানেন না হয়তো। ভেগ্রেন্সি হস্‌পিটাল থেকে মড়া পাঠান হয়, সেই মড়া ৩ দিনের মধ্যে মেডিকেল কলেজ এ এলনা। সেই গাড়ীর ড্রাইভার বল্ল মড়াটা পচে গিয়েছে, ডিসিকশন এর কাজে লাগবেনা বলে ফিরিয়ে নেওয়া হয়েছে। কিন্তু মড়া কোথায় গেল তার হদিশ পাওয়া গেল না। কিন্তু আমরা জানি সেই মড়া কোথায় যায়। এক ভদ্রলোক একজন—জার্মান সাহেব কলকাতার ডালহৌসি স্কোরারে মড়ার ব্যবসা করতেন, তিনি যখন চলে যান তখন সেই ভদ্রলোক তাঁর ব্যবসা চালান। আমরা আশ্চর্য্য হয়ে যাই কাষ্টম্‌স ডিপার্টমেণ্টে ডিক্লারেশান দিতে হয়—কত মাল যাচ্ছে, কি মাল যাচ্ছে। আমাদের কালিপদ বাবুর ডিপার্টমেণ্ট কেন এই বিষয়ে এনকোয়ারী করেন না? এই মড়ার হাড় বিদেশে চলে যায়। যারা চালান দেয় তাদের টেনটাকলস প্রত্যেক মেডিকেল কলেজ, বার্ণিং ঘাট, ব্যারিয়াল গ্রাউণ্ড এবং শশ্মানে ছড়িয়ে আছে মড়ার হাড় সংগ্রহ করার জন্য। অথচ আমাদের এখানে ইউনিভার্সিটিতে একটা রেজোলিউশান ইউনেনিমাসলি পাসড হয়েছিল আমাদের দেশে অন্যান্য ষ্টেট অ্যানাটমি অ্যাক্ট হয়ে গিয়েছে। আমাদের এই রাজ্যে আমাদের মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সব মন্ত্রীরা অগ্রগতির কথা বলেন। আমি জিজ্ঞাসা করি এই অগ্রগতি কি যমের দুয়ারের দিকে—১৯৫৮ সালের জুলাই মাসে ২৬ শে তারিখে ইউনিভার্সিটি ইউনেনিমাসলি রেজোলিশান পাস করেছিল এবং ডিরেক্টার অব হেলথ সার্ভিসেসকে পাঠান হয়েছিল এই বলে যে আমাদের ষ্টেট এ অ্যানাটমি অ্যাক্ট হওয়া উচিত সায়েন্টিফিক পারপাস এ এবং ডিসিকশন শিক্ষার জন্য। আপনারা তো আমাদের এই রাজ্যের উন্নতি ও অগ্রগতির জন্য নানাপ্রকার স্কীম টীম করছেন, আপনাদের তো অনেক রকম অ্যাকটিভিটি দেখতে পাওয়া যায়, কিন্তু আজ পর্য্যন্ত অ্যানাটমি অ্যাক্ট করার জন্য কোন প্রকার চেষ্টা দেখতে পেলাম না। অথচ আমরা জানি এখানে মড়ার হাড় নিয়ে রীতিমত ব্যবসা হচ্ছে, এবং আমি শুনেছি যিনি এই ব্যবসায়ে লিপ্ত আছেন তিনি মণ্ডল কংগ্রেসের একজন প্রতিষ্ঠাবান ব্যক্তি, তাঁর গায়ে হাত দেওয়া চলবে না। আজকে রাইটার্স বিল্ডিংস এ যারা ডিরেক্টার হয়ে বসেছেন, সেক্রেটারী হয়ে বসে

আছেন—আমাদের দেশের সত্যেন বসু, মেঘনাদ সাহা, এরা ১৪।১৫ শ' বেশী পাননা, কিন্তু রাইটার্স বিল্ডিংস এ তো আমি এমন লোক দেখিনা

There are people who cannot open the latches of their shoes,

এরা ২৭৫০৲ টাকা পর্য্যন্ত মাইনে নিচ্ছেন, তার উপর আবার অ্যালাউয়েন্সেস্ রাইটার্স বিল্ডিংস্-এ যাঁরা বসে এই বিভাগ পরিচালনা করেন তাঁরা সকলেই পদার্থবান ব্যক্তি নয়, তাঁদের মধ্যেও বহু অপদার্থ আছেন। বাইরে এমন বহু ব্রিলিয়াণ্ট ম্যান আছেন, তাঁদের মাইনে সুপার সিলেক্‌শান গ্রেড পর্য্যন্ত পৌঁছায় না, তাঁদের যা গ্রেড দেওয়া হয় সেটা হচ্ছে, ২৫০—৬৫০৲ এবং এই হচ্ছে ৯০ পারসেণ্ট ; তারপর ৬৫০-১২০০৲ এটা ৪ পারসেণ্ট ; তারপর, সুপার সিলেক্‌শান ১২০০-১৬০০৲ পর্য্যন্ত, এটা ২ পারসেণ্ট। এরা লেখাপড়া করবেন, না হাসপাতালে চিকিৎসা করবেন? রাইটার্স বিল্ডিংস্ এ বসে যাঁরা ফাইল টানাপোড়েন করেন তাদের জন্যই সুপারসিলেক্‌শান গ্রেড ৬০ পারসেণ্ট, আর যাঁরা রুগীর চিকিৎসা করেন ছাত্রদের লেখাপড়া শিখাবেন, তাঁদের জন্য বাকী ৪০ পারসেণ্ট, তাও আবার এঁদের অনুগ্রহ-ভাজন হতে হবে। ১২ বৎসর চাকরী না হলে সুপারসিলেক্‌শান গ্রেড পাবেন না এই রুল থাকায় অনেকেই অ্যাপ্লিকেশান করেননি, কিন্তু তলে তলে চেষ্টা চরিত্র করে ৮ বৎসর যাদের চাকরী হয়েছে তাঁরা মাঝখানে থেকে পেয়ে গেল। তারপর শিক্ষার ব্যাপার—কলিকাতার কোন একজন শিক্ষক দেখা করতে গেলে পর ডিরেক্টার অফ্ হেলথ সার্ভিসেস তাঁকে বলেছিলেন মেডিকেল এডুকেশান কোন স্পেশিয়ালিটি নয়। আজকে যিনি কলেরার চিকিৎসা করছেন কালকে তিনি অ্যানাটমির মাষ্টার হয়ে যেতে পারেন। জে,সি,এস যুগে ডিরেক্টার অফ ফিসারিস থেকে আরম্ভ করে চিফ জাষ্টিস অফ হাইকোর্ট হতে পারতেন—এও যেমন ঠিক তাই। মেডিকেল এডুকেশান সম্বন্ধে এই যদি ধারণা হয় তাহলে সেটা অত্যন্ত পুওর ধারণা একথা আমি বলব। দু তিন বৎসর আগে সেকেণ্ড ফাইভ ইয়ারস্ প্ল্যান এ মেডিকেল এডুকেশান এ অগ্রগতি সম্পর্কে একটা রিপোর্ট-এ বলা হয়েছে,

Page 537, Article 11, medical colleges in India are now staffed by teachers who are permitted private practice. This Concession is an important reason for low Standard of teaching.

তাই তাঁরা বলেছেন ভারতবর্ষের ৩৫টি মেডিকেল কলেজ এ প্রত্যেক বৎসর ২ লক্ষ টাকা করে দেওয়া হবে, যাতে হোলটাইম্ ইউনিট করতে পারা যায়। আমাদের পশ্চিমবাংলায় এজন্য একটা পয়সাও খরচ করা হয়নি, কিন্তু কেন হয়নি? মেডিকেল এডুকেশান এর উন্নতির জন্য সেণ্টার থেকে টাকা দিচ্ছে সেই টাকাও দেবার ক্ষমতা এদের নেই।

Bankura Medical College, R. G. kar Medical College, National Medical College, Calcutta,

অন্যান্য প্রাইভেট মেডিকেল কলেজ এ মাইনে দিতে পারছেনা টাকার অভাবে। আমি মনে করি মন্ত্রীমহাশয় এবং তাঁর ডিরেক্টোরেট থেকে ১০ লক্ষ টাকা আদায় করা হোক এভাবে মেডিকেল এডুকেশান নেগলেক্ট করার জন্য। তারপর, মেডিকেল এডুকেশান সম্বন্ধে ডাঃ নারায়ণ রায়ের এক প্রশ্নের উত্তরে মন্ত্রীমহাশয় বলেছিলেন সেণ্টার থেকে পোষ্টগ্রাজুয়েট মেডিকেল এডুকেশান এর জন্য ক্যালকাটা ইউনিভার্সিটিকে, ইউনিভার্সিটি রেজুলেশন চ্যাপটার ১১, এ ২০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল, এই টাকা মাঝপথে উধাও হয়ে গেল—ডাঃ নারায়ণ

রায়ের প্রশ্নের উত্তরে তিনি বলেছিলেন এটা কার্পাণীতে দেওয়া হয়েছে। এনিয়ে লোকসভায় ও প্রশ্ন উত্থাপিত হয়েছে এবং এই টাকাটা এখনো উদ্ধার হতে পারে যদি মন্ত্রীমহাশয় চেষ্টা করেন। তারপর, হাসপাতালের কর্মচারীদের সম্পর্কে এপক্ষ ওপক্ষ উভয়পক্ষ থেকে আগে অনেক কথা বলা হয়েছে—শুধু ডাক্তারে রুগী বাঁচেনা, বড় বড় ডিরেক্টাররা রুগী বাঁচান না লোয়ার সাবর্ডিনেট ষ্টাফ যারা রুগীদের সেবাযত্ন করে, বেড প্যানদের, দ্বিতীয়তঃ হচ্ছে নার্স, তারপর, ডাক্তার।

হাঁসপাতালের কর্মচারীদের প্রতি লক্ষ্য করে একদিন মুখ্যমন্ত্রী বলেছিলেন যে তোমরা যদি ষ্ট্রাইক কর তাহলে ইসেনসিয়াল সার্ভিস হিসাবে আইন এনে একে বন্ধ করে দেব। হাঁসপাতালে ধর্মঘট হয় এটা আমরা চাই না কারণ তাতে জনসাধারণের কষ্ট হয়। কিন্তু যে জনসাধারণের এক অংশ হাঁসপাতালে সেবা করে তাদের প্রতি কি কর্ত্তব্য কিছু নেই? একটা মোকদ্দমায় সুপ্রীমকোর্ট রায় দিয়াছেন হসপিটাল এমপ্লয়ীজ, দে কাম উইথইন ট্রেড ইউনিয়ন। সেজন্য বলছি যে ইসেনসিয়াল সার্ভিস আইন করলে সুপ্রীমকোর্টের গাঁটা মাথায় এসে পড়বে। কিন্তু আমি জানতে চাই যে হাঁসপাতালের কর্ম্মচারী যাদের দিনরাত খেটে সেবা করতে হয় তারা বেশী কাজ করেন না ডিরেক্টার্স, এ্যাসিষ্টেণ্ট ডিরেক্টার্স, ডেপুটী ডিরেক্টার্স—যাঁরা ওয়েষ্ট বেঙ্গল গর্ভমেণ্টের মোটরগাড়ী করে ঘোরেন—তাঁরা সেবা দিয়ে রোগী বাঁচাচ্ছেন? সেজন্য বলব যে হাঁসপাতাল কর্ম্মচারী যারা আছে তাদের প্রতি যদি মানবতা সুলভ ব্যবহার না করা হয় তাহলে সেখানে স্বাস্থ্যের উন্নতির কথা বলা মানে প্রহসণ ছাড়া আর কিছু নয়। এবার আমি কোলকাতার একটা হসপিটালের কথা বলব। অর্থাৎ ইসলামিয়া হসপিটালের কথা বলব। (শ্রীযুক্ত নেপাল রায়:—প্রাইভেট হাঁসপাতাল) প্রাইভেট হাঁসপাতাল হলেও স্বাস্থ্যের কথায় এটা বলতে হবে। আর, জি, কর মেডিক্যাল কলেজ হাঁসপাতাল প্রাইভেট হলেও এর অব্যবস্থার কথা বলে একে নিয়ে নেওয়া হয়েছে। এই আর, জি, কর মেডিক্যাল কলেজ হাঁসপাতালকে যখন নেওয়া হয় সেই সময় আমরা ইসলামিয়া হসপিটালকে নেবার কথা বলেছিলাম। এর প্রথম কারণ হচ্ছে এর কনষ্টিউটিশান। এই ইসলামিয়া হসপিটালের মেম্বার নেওয়ার যে পদ্ধতি তাতে

That constitution is aganist in the constitution of India—any adult Muslim is qualified to be member of the society.

সেখানে তা যদি হয় তাহলে গর্ভর্ণমেণ্ট তহবিল থেকে প্রত্যেক বছর ৭৫ হাজার টাকা রেকারিং গ্রাণ্ট, ক্যাপিট্যাল গ্রাণ্ট বা ক্যাজুয়াল এণ্ড হক গ্রাণ্ট নেবার কি প্রয়োজন আছে। কারণ এটা একটা কমুণাল হসপিটাল এবং এর ম্যানেজমেণ্টের মধ্যে

any adult Muslim is qualified to be a member of the society.

অর্থাৎ সবায়ের স্থান সেখানে নেই। এই হাঁসপাতালের পুর্বতন সুপারিনটেণ্ডেণ্ট যিনি ছিলেন সেই সময় সারা বাংলাদেশে একটা ষ্ট্রাইকের কথা হয় এবং ৮ ঘণ্টার জন্য একটা ষ্ট্রাইকও হয়েছিল। সেখানকার সেক্রেটারী যিনি তিনি তদানীন্তন অথারিটিজ সুপারিটেণ্ডেণ্ট এল, এস, ষ্ট্রাইক করে পেনালাইজ করেন। এর ফলে এমন অবস্থা হয় যে তাঁকে পদত্যাগ পর্য্যন্ত করতে হয়, কারণ তাঁকে হয়রানী করা হয়েছিল। তারপর সেই সেক্রেটারী করলেন কিনা সেখানে যে ইউনিয়ন ছিল সেই ইউনিয়নের মধ্যে বিবাদ যাতে হয় তার জন্য সেই

ইউনিয়নের মধ্যে কতকগুলি লোককে বেছে বেছে নিয়ে এসে তাদের মাইনে বাড়াতে আরম্ভ করছেন। এর ফলে তাদের মধ্যে ঝগড়া লাগতে লাগল। এছাড়া সেই সেক্রেটারী ছুটো দারোয়ান রাখলেন যাদের মধ্যে একজন সেখানকার লোকাল গুণ্ডা। এ বিষয়ে যুগান্তর কাগজেও লিখেছিল। তিনি সেখানে একজনকে ছুরিকাঘাত করেন। বহু-বাজার থানায় এই খবর দেওয়াতে তারা কোন ষ্টেপ নেননা। তারপর যখন ২ মাস পরে লালবাজার থানায় মুভ করা হল তখন শুনেছি যে সম্প্রতি তাঁকে এরেষ্ট করা হয়েছে। এটা সাব জুডিস কেস বলে বেশি কিছু বলবনা। আমরা জানি যে বহুবাজার থানার যিনি ও, সি, তাঁকে সেই হাঁসপাতালের ৩নং কেবিনে ভর্ত্তি করা হয়। এই কেবিনের ফি দৈনিক ৮ টাকা করে। তিনি এখানে ১২ দিন ছিলেন, কিন্তু সেই সেক্রোটরী তাঁর কাছ থেকে একটা পয়সাও নিলেন না। সেই ও, সি, ভদ্রলোক কৃতজ্ঞ লোক বলে সেই ইনষ্টিটিউশনের সেক্রেটারীর উপর হাত দিলেন না। এমন কি তাঁর আত্মীয় স্বজনকেও সেখানে তিনি ভর্ত্তি করাচ্ছেন। তিনি কোন তারিখে ভর্ত্তি হয়েছিলেন এবং কোন নং কেবিনে ছিলেন সে সব বলতে পারি। এখানে গোড়ার যারা কর্মী আছে তাদের ওর প্রতি সহানুভুতি আছে বলে এঁকে বিতারণের চেষ্টা চলছে। যাইহোক এখানে সাম্প্রদায়িক সমস্ত ব্যাপার চলছে। নেপালবাবু এনকোয়ারীর কথা বলেছেন, আমরাও চাই যে এনকোয়ারী হোক। কারণ সেখানে যখন গভর্ণমেণ্ট টাকা দেন তখন গভর্ণমেণ্টএরও নিশ্চয় দায়িত্ব আছে সেখানে কি হচ্ছে না হচ্ছে সে সম্বন্ধে এন-কোয়ারী করা। অতএব আর, জি, করকে যেমন আপনারা নিয়েছেন সেরকম একেও আপনারা নিয়ে নিন। সেখানে ছোরা মারামারির জন্য আউটডোর পেসেণ্টের নাম্বার কমে গেছে। আগে সেখানে যে পরিমাণ লোক হত এখন আর তত লোক আউটডোরে যেতে চায় না। কারণ তারা জানেন সেখানে ছোরা মারামারি হয় এবং এই ভয়েতে তারা সেখানে যেতে চায়না। আমি বলব এখানকার একাউণ্টস চেক হোক, অডিট হোক। গভর্ণমেণ্ট সেখানে টাকা দিচ্ছেন বলেও এই সব করা দরকার। আর, জি, কর-এর একাউণ্টস চেক করার সময় সেখানে বাঙলিং বেরিয়েছিল এবং কর্পোরেশন কংগ্রেস কাউন্সিলারের ৩৬ হাজার টাকা তাহার কথাও সেখানে বেরিয়েছিল। আমি তাই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে এবং তাঁর ডিরেক্টোরেটকে বলব যে কোলকাতার বুকে বসে এইরকম একটা ইম্পর্টেণ্ট হসপিটালে যে অনাচার চলছে তার অনুসন্ধান করা হোক এবং প্রয়োজন হলে আর, জি, কর-এর মতন এই হাঁসপাতালকে সরকার নিয়ে নিন। এই কথা বলার সঙ্গে সঙ্গে আমি স্বাস্থ্য-মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে তিনি সমস্ত বিষয়ে একটু সচেষ্ট হন। তাঁর সঙ্গে আমার যে সম্পর্ক সেটা এই এসেম্বলীতে নয় এর বাহিরেও আছে। সেজন্য বলব যে তিনি যেন তাঁর মত একটু এক্‌জার্ট করেন এবং দোলের মঠ হয়ে যেন বসে না থাকেন। অর্থাৎ তিনি যেন তাঁর মত এক্‌জার্ট করেন যাতে দেশের লোক বোঝে যে একজন স্বাস্থ্যমন্ত্রী আছেন এবং তিনি জীবিতই আছেন।

[6-50—7 p.m.]

Dr. Maitrayee Bose :

মাননীয় স্পীকার মহাশয়, ইসলামিয়া হাঁসপাতাল সম্বন্ধে যা বলা হয়েছে তা যদি ঠিকই হয় যে মুসলমান ছাড়া আর কাউকে সেখানে ভর্ত্তি করা হবেনা তাহলে তা ভারতীয় কনষ্টিটিউ-শনের বিরোধী। তবে এরকম আরও দু-একটি কনষ্টিটিউশন যা আছে তাদের দেখা হোক।

যেমন বেথুন কলেজিয়েট স্কুলে কোন মুসলমান মেয়েকে ভর্তি করা হয়না বা হিন্দু স্কুলের নাম এখনও কেন হিন্দু স্কুল থাকবে।

Shri Siddhartha Shankar Ray :

I do not think it is at all unconstitutional for any section of the community to have an institution for themselves. Muslims are perfectly justified in having a hospital for themselves.

Shri Deben Sen :

মাননীয় স্পীকার মহাশয়, সম্প্রতি আর, জি, কর হাঁসপাতালে ট্রাইবুনালের যা এ্যাওয়ার্ড হয়েছে সে সম্পর্কে দু-একটা কথা জানবার জন্য আমি দাঁড়িয়েছি। আমার কাছে গুজব এসেছে যে সেই এ্যাওয়ার্ডকে বাতিল অথবা পরিবর্ত্তন করবার জন্য গভর্ণমেণ্টের তরফ থেকে চেষ্টা চলছে। এসম্বন্ধে গভর্ণমেণ্টের যে দু-টি ডিপার্টমেণ্ট আছে অর্থাৎ লেবার এবং মেডিকেল এ্যাণ্ড পাবলিক হেলথ তাদের মধ্যে লেবার ডিপার্টমেণ্টের কাছে আমি জানতে চাই যে, তারা কি সত্যিই এই এ্যাওয়ার্ডকে বাতিল অথবা পরিবর্ত্তন করবার জন্য চিন্তা করছেন? তারপর আমি মেণ্টাল কেসেস সম্বন্ধে দেখলাম যে তাদের জন্য স্পেশাল বেডস বাড়েনি। হুগলীতে যে বেড়েছে তার অন্যান্য কারণ থাকতে পারে। কোলকাতার রাস্তায় রাস্তায় আমরা যেসব মেয়ে পাগল দেখি তাদের সম্বন্ধে কোন ব্যবস্থাই দেখছিনা। পুরুষ পাগলদের প্রতি মানুষের সহানুভুতি আছে। কিন্তু মেয়ে পাগলের বিরুদ্ধে সকলেই এবং তাদের সংখ্যা প্রায় ৫০।১০০ জনের মত হবে। তাদের কি কোথায়ও রাখা যায়না বা খাওয়াবার ব্যবস্থা করা যায়না? আমি বলতে চাই যে এইসব মেয়ে পাগলদের রাস্তায় ছেড়ে না দিয়ে কোথাও রাখার ব্যবস্থা হোক। আমার নেক্সট পয়েণ্ট হচ্ছে, সম্প্রতি ২ মাস হল আর, জি, করে একটা ছেলে মারা গেছে। ১ মাস আউটডোরে তার ট্রিটমেণ্ট হচ্ছিল—ইয়ার, নোজ, এণ্ড থ্রোট তাতে কিছু ভাল হলনা। হঠাৎ সে অজ্ঞান হয়ে পড়ায় তাকে আর, জি, করে ভর্তি করা হয় এবং ১২।১টার সময় পরিবারবর্গকে বলে দেওয়া হল যে আপনারা চলে যান, ছেলে ভাল আছে। তারা ১ ঘণ্টা পরে এসে দেখল যে ছেলেটি মারা গেছে এবং ইতিমধ্যে একটা পেনিসিলিন্ তাকে দেওয়া হয়েছে। আমি এন্‌কোয়ারী করতে বলি যে যে ছেলেটি মারা গেল তার কি ডিসিজ হয়েছিল? ডায়াগ্‌নসিস হয়েছিল কিনা? পেনিসিলিন্ ইনজেক্সানএর ইমিডিয়েট কাজ কিনা? সেই পেনিসিলিন কোথা থেকে আসে? যেটা আছে তার এ্যাডমিনিষ্ট্রেশানে ভুল হয়েছিল? বিশেষ করে পার্লামেণ্টে এইরকম ঘটনা ঘটেছে একজন এম, পির, উপর। আমি সেজন্য আপনাদের অনুরোধ করছি যে আপানারা এই বিষয়ে এনকোয়ারী করুন। নেক্সট পয়েণ্ট হচ্ছে তার পোষ্টমর্টেম হলনা কেন? আমরা জানতে পারলাম না কি অসুখে সে মারা গেল। সুতরাং এটা আপনাদের এনকোয়ারী করা খুবই দরকার। এই সুত্রে আপনাকে বলতে চাই যে আমি ট্রেনে আসতে আসতে রিডার্স ডাইজেষ্ট পড়ছিলাম, তাতে দেখেছি আমেরিকা একটা ড্রাগ বের করেছে—ওয়াণ্ডারফুল ড্রাগ—পাগলের মহৌষধ এবং এটা আমাদের আয়ুর্বেদ থেকে নিয়েছে। সেজন্য আমরা অনুরোধ করব যে এ বিষয়ে আপনারা দৃষ্টি দিন। আয়ুর্বেদের ভেতরে যেসমস্ত অগাধ অমূল্য সম্পদ রয়েছে তাকে এইভাবে ইগ্‌নোর করা উচিত নয়। সেই রিডার ডাইজেষ্টে প্রকাশিত ঔষধটা ব্যবহার করার জন্য আমি অনুরোধ করছি। আমি আর একটা কথা বলতে চাই যে হাসপাতালে

ায়ই দেখতে পাওয়া যায় ছেলে বদল হয়ে যায়, ছেলে চুরি হয়ে যায় এটা কি টপ্ করা য় না? অনেক মেয়ে হাসপাতালে আজকাল যেতে চায় না কেননা তারা বলে যে মাদের ছেলে চুরি হয়ে যায় কিংবা বদল হয়ে যায়। আমি আপনাকে এ সম্বন্ধে নকোয়ারী করতে অনুরোধ করছি। তাছাড়া, ম্যালেরিয়া কমেছে কিন্তু কলকাতায় ত মশা বেড়েছে যে এক জায়গায় বসে পড়াশুনা করা যায় না। এ সম্বন্ধে আমি আপনাদের নুরোধ করব যে আপনারা দেখুন এটা কেন হয়েছে। আমি একথা বলতে চাই যে কতক- লি আন লাইসেন্সড্ আনরেজিষ্টার্ড মেডিকেল প্রাক্টিশনার্স আছেন প্রায় ২ হাজার রা কিছু কিছু করে খায়, গভর্ণমেণ্টের কাছে আসে না তাদের ভরণপোষনের জন্য। ন্তু তাদের লাইসেন্স দেওয়া হচ্ছেনা। ৪।৫ বছর আগে একবার তাদের মধ্যে বাছাই রে ক'জনকে লাইসেন্স দেওয়া হয়েছিল। এদের মধ্যে যারা সক্ষম, যাদের ক্যাপাসিটি াছে তাদের যদি আমরা লাইসেন্স দিই তাহলে আমাদের ক্ষতি কিছু নেই, লাভ হবেনা -এই বলে আমি শেষ করছি।

Shri Md. Zia-ul Huque :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রায় ৪ ঘণ্টা ধরে আমি সমস্ত বক্তৃতা শুনলাম সরকারপক্ষ এবং রোধীপক্ষের বন্ধুদের। আপনারা অনেকেই জানেন যে এই কয়েক বছরের মধ্যে মাদের পল্লীগ্রামে স্বাস্থ্যকেন্দ্রের অনেক উন্নতি হয়েছে। আমি নিজে অনেক জায়গা জিট করে দেখেছি যে প্রায় কোন স্বাস্থ্যকেন্দ্রেই জায়গা পাওয়া যায় না। এতেই াণিত হচ্ছে যে আমাদের স্বাস্থ্যকেন্দ্রের অনেক উন্নতি হয়েছে এবং স্বাস্থ্যকেন্দ্রের ার জনসাধারণের আস্থা বেড়েছে। কোলকাতার হাসপাতালগুলিতেও দেখেছেন যে খানে রোগীরা জায়গা পায় না, আগের চেয়ে লোকে অনেক হসপিটাল মাইণ্ডেড হয়ে চ্ছেন। আজকে প্রত্যেকেই প্রায় হাসপাতালে আসতে পারছেন এবং এটাও ঠিক যে নকেই হাসপাতালে জায়গা পাচ্ছেন না। আমাদের কাছে অনেক লোক এসে লন যে আমরা হাসপাতালে জায়গা পাচ্ছি না। আমাদের ভর্ত্তি করে দিতে হবে, মরা যতটা পারি তাঁদের সাহায্য করি। এমনকি অনেক জায়গায় এক্সট্রা বেড দিয়েও মরা দেশের লোকদের সাহায্য করছি। রোগীর সংখ্যা বেড়েছে তার কারণ জনসংখ্যাও ড়ছে। আমাদের হাসপাতালগুলিতেও অনেক বেড বাড়ানো হয়েছে এবং হচ্ছে। পনারা দেখেছেন বোধ হয় শেঠ সুখলাল কর্ণাণী হাসপাতালে এবং অন্যান্য হাসপাতালেও ন নূতন বাড়ী করা হচ্ছে। হেলথ সেণ্টার বৃটিশ গভর্ণমেণ্ট যে তিনটে রেখে গিয়েছিল টা ৪ শোতে পরিণত হতে যাচ্ছে। আমাদের স্বাস্থ্যমন্ত্রীর উপর ও লোকের ভরসা নেক বেড়েছে। যে সমস্ত অভিযোগ এখানে উত্থাপন করা হয়েছে সে সম্বন্ধে মন্ত্রীমহাশয় ত্তর দেবেন। আমি কেবল এখানে একটা কথা বলতে চাই আমার এক বন্ধু বলেছেন ঔষধপত্র নাকি কোন ফার্নিচারওয়ালা দিয়ে থাকে। এটা মোটেই ঠিক নয়। মাদের ঔষধপত্র যা সিলেকশন হয় সেটা একটা কমিটির দ্বারা হয়। সে কমিটির ধ্য অনেক বিশেষজ্ঞরা থাকেন এবং ডাক্তাররাও থাকেন বিশেষ করে লাইফ সেভিং গ বা অন্যান্য ঔষধের বিষয়ে। সেখানে এক্সপার্টরা এবং বড় বড় বিচক্ষণ ডাক্তার রা আছেন তারা পরামর্শ দিলে তবেই টেণ্ডার সিলেকশন কমিটি তা নির্বাচন করেন ং সেই অনুযায়ী আমরা কাজ করি। আমি সেই কমিটির চেয়ারম্যান। কাজেই

যদি কাঠওয়ালারা ঔষধ সাপ্লাই করেন তবে তারা তা করতে পারেন কারণ তাঁদের ড্রাগের লাইসেন্স আছে। তাদের অনেকগুলি বিভাগ আছে, যেমন বিড়লাকোম্পানী মোটর গাড়ীও তৈরী করেন, আবার জুট কার্পেট ও তৈরী করেন। এখন যদি বলেন যে তারা মোটর গাড়ী তৈরী করে আবার জুট কার্পেটও তৈরী করে এটা কি করে হয় তাহলে আর কি বলবো ? কাজেই এসব কথা ভালভাবে চিন্তা করে ও বুঝে বলা দরকার। এটা একটা বাঙ্গালী কনসার্ণ তাঁদের একটা বিভাগ আছে যারা কাঠ সাপ্লাই করেন, একটা বিভাগ আছে যারা ঔষধ সাপ্লাই করেন। এরকম অনেক জিনিষ তাঁরা সাপ্লাই করেন এবং গত ছ'বছর ধরে তাঁরা এইসব সাপ্লাই করছেন। আর ভাল ভাল ঔষধ যেটা বল্লেন সেটি ভাল ভাল স্থানীয় বাঙ্গালী ফার্মের কাছ থেকেই নেওয়া হয়, যেমন ক্যালকাটা কেমিক্যাল, বেঙ্গল কেমিক্যাল, ইষ্ট ইণ্ডিয়া ফার্মাসিউটিক্যাল অর্গানাইজেশন, ব্রতচারী রিসার্চ ইনষ্টিটিউট, দেজ মেডিকেল প্রভৃতির কাছ থেকে নেয়া হয়। কাজেই সব বিদেশী কোম্পানীর কাছ থেকে নেয়া হয় বলে যেটা বল্লেন সেটা সত্য নয়, তবে কিছুটা সত্য আছে, কয়েক ক্ষেত্রে। স্বাধীনতার পরে আমাদের দেশে অনেক ঔষধ তৈরী হচ্ছে, প্রায় ৯০ পার্সেণ্ট ঔষধই তৈরী হচ্ছে, আর বাকী ১০ পার্সেণ্ট বিদেশী কোম্পানীর কাছ থেকে আমরা নিতে বাধ্য হই, রোগীদের সেবার কাজ ত্বরাণ্বিত করবার জন্য। আমি আর বেশী বলতে চাই না, কারণ এর পরে আমাদের স্বাস্থ্য মন্ত্রীমহাশয় বলবেন। কাজেই এখানেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[7—7-10 p.m.]

Mr. Speaker : Let Dr. Roy reply now. Before he begins I would request honourable members not to disturb him while he would be speaking.

Shri Bankim Mukherjee : What is the time allotted to him ?

Mr. Speaker : About 25 minutes ; but certainly you want that all the points be answered.

The Hon'ble Dr. Anath Bandhu Ray : Mr. Speaker, Sir, I have been listening to the speeches with rapt attention for the last few hours. One of the honourable members wanted to prescribe for me only a few minutes but how can I do justice to all the comments, criticisms and venoms which have been levelled against me in such a short time. [Noise and interruptions] I have got enough patience. As I told you on an earlier occasion, doctors excel all others in their patience and perseverance.

I have received cut motions, viz., motions for reduction of grants the number being 300.

Sir, I have received the cut motions, viz. motions for reduction of grants, their number being 300. That shows the interest the honourable members are taking on this portfolio. Sir, in the motions which have been circulated in printed form previously I have seen that some of the questions have been answered during my answer to questions also and I shall have also the opportunity to answer them in a more elaborate way. If any of the honourable members would like to be elucidated about any of the confusion

or any information that might be required, I am always ready to be at his service. Sir, the only thing that I have to say is the policy, which is common and very important. So I would only like to say within this short space of time just a statement of the policy on this floor of the House. The intention of the Government is to improve the health of the people by expansion of facilities of medical relief, both prevention and curative by expansion of the scope for medical anciliary institutions and also education, research and training. So this is the purport of the policy.

Then I come to Government policy with regard to health. [Noise and interruptions] You might get yourself corroborated with the records if you so like. You promised not to disturb but you are the persons who are the first to disturb me. So I congratulate you on your sense of keeping your words. Sir, I do not like to be disturbed by the members. Last time they created a scene and that was scandalous in a House like this and that was ventilated in the paper. I appeal to you, Sir, that I do not like to be disturbed in such a way. [A Voice : Speak in Bengali.]. It is just a subject in which there are certain technicalities which are very difficult to be expressed in our own language. So, that is the reason why I have been speaking in English. Sir, actually an impression is going to be created by the honourable members. They, first of all, tried to bring to the notice of the House that there is a disruption between the different officers and Ministers also. Sir, it reminds me of a story. The story is this : A thief who used to earn his livelihood by thieving took to religion in his later life and tried to adopt religious practice. So he went out for begging and coming to the door of a household, he stopped there and he did not find any members there. Then he found that the rice and pulses were lying spread out separately. So what he did was this. Due to his criminal mentality he wanted to make a confusion. He mixed them-both rice and the *dal* together i, e., *dalay chalay ekk koray deelow.*

[7-10—7-20 p.m.]

Sir, some of the members are trying to produce chaos and confusion, and one of the members went so far as to say that I should just now vacate my seat. He ought to know that before displacing me let him see for himself, examine for himself whether he has got earth under his own feet. Sir, I have heard Dr. Majumdar. Unfortunately, he is away from us not for ever. Sir, the confusion has been created intentionally, and an artificial situation has been created saying that my Directors—Director and the Joint Director disagree with each other, that there is difference of opinion—one goes one way and another the other way; so the work of the Department is hampered. I can tell you Sir, that I have had no experience of both of them disagreeing in any respect. General Chakravarty, my Director and Secretary—he is both Director and Secretary—has got the widest experience wider than any of the medical man in the State of West Bengal. [A voice : Even more than the Chief Minister.] Yes; the Chief Minister also has not had that experience of abroad and that in the military life.

In the administration you must have discipline. We do not know what discipline is. We do not put any stress and importance on discipline. He is so accommodating that he looks upon Col. Chatterjee [A voice : As brother] yes, as brothere—xactly, not only as brother in the profession but as brother officer also. Every brother officer has got to have the same treatment from his superior brother officer. His treatment with Col. Chatterjee is cordial, congenial and friendly. Moreover, whatever is done is not done alone. Both of them take the full responsibility of the consequences. So there is hardly any scope for making all these insinuations. Sir, Dr. Majumdar has pointed out the question of overcrowding in hospitals. [Noise and interruptions]

Shri Siddhartha Sankar Ray : Mr. Speaker, Sir, as a lawyer wouldn't you love to have him in the witness box ? [Noise and interruptions]

The Hon'ble Dr. Anath Bandhu Ray : Sir, he is the person who has broken his oath. He does not abide by any rules or ethics of law. He took oath and he has broken it. He has left an instance for the history of Bengal—that is Siddhartha Sankar Ray. He has broken his oath and he is rejoicing on the credit he has attained thereby. [Noise and interruptions]

Sir, regarding overcrowding in the hospitals, we are of course trying to increase the number of beds. As regards the question of selection of specialists, we have had recently recruitment of a large number of specialists through the Public Service Commission—about 225—who will be distributed in different posts either in district hospitals, subdivisional hospitals or in the teaching institutions. He has also depicted certain plight of certain applicants and I think, if he enquires, he can be satisfied regarding those applicants and their conditions.

Shri Siddhartha Sankar Ray : What about the Central Stores ?

The Hon'b e Dr. Anath Bandhu Ray : If he had any sense of self-respect, he would have listened to me. The cudgel is with me and the cudgel will be used properly. [Noise and interruptions]

Mr. Speaker : Order, order, he is trying to meet the charges against the department.

The Hon'ble Dr. Anath Bandhu Ray : Now, Sir, he has mentioned about the post-graduate education. It is known to all members of the medical profession—not lawyers' profession—that the postgraduate education and the arrangements that we have got in West Bengal compare favourably with any other country abroad and the standard that is maintained of the qualifications in this University is really a high water mark of university qualification which can be attained by any person and so in order to enquire into that a Commission has been appointed of which Dr. B. C. Roy is the Chairman. [A voice from the Opposition Benches : Where are you ?] Nowhere. [Noise and interruptions]

I am nowhere before your eyes and before your intelligence. [Noise and interruptions]

Sir, we are talking of Shishu Shiksha that

"যাহা বোকা হয় তারা আগে হাসে। আমি শিশুশিক্ষায় পড়েছিলাম—মানুষ যারা বোকা হয়, তারা আগেই হাসে। তাঁরা আমার এইসব কথাগুলি শুনে হাসতেন তো ভাল হত। সমাজে যাঁদের বুদ্ধি আছে তাঁরা বুঝে শুনে হাসেন।"

[7-20—7-30 P.m.]

Sir, another thing which is very funny and amusing too and that is what Dr. Jnanendra Nath Majumdar has said. He has said that 19 percent is spent over the administration. If you look at the figures, Sir, you will find that the expenditure is only 3. 8 percent on that account. And I would think that Dr. Majumdar is having signs oJ sclerosis around his head. I am afraid, he might develop intracranial sclerosis of his organs.

(**Shri Siddhartha Shankar Ray :** I will ask him to consult you.)

Sir, now comes the turn of Shri Siddhartha Shankar Ray. He is oft-repeated and a reputed man. Of all things, first of all, he has mentioned that the Directorate is full of superannuated men. Sir, as a medical man I have always suspected that he has got undue allergy or intolerance of the old men . Whenever he finds an old man sitting he has no respect for him. He points his fingers at him. He has got a puerile habit which he is exhibiting for the time being--if it is unparliamentary, Sir, I beg your pardon—I do not like to have quarrel with anybody. But Shri Ray forgets that in the Derectorate today we have got the most experienced people. They are rare samples. I have had opportunities of seeing how they work, I have had experience of their work and I have also the records with me to show that the work they are doing cannot really be done by youngsters. So, I think that in all fitness of things it is quite proper to give them just a few years extension or re-employment, to people who are so experienced and who proved to be so useful for the Department.

That is why I say, 'puerile' Now, I know it is not unparliamentary. So, I am happy. Sir, a man's efficiency and usefulness increases with his age.

Then, Sir, Shri Siddhartha Shankar Ray referred to the Committee of the R. G. Kar Medical College Hospital. Sir, this Committee was formed by a Government order which was issued on the recommendation of the Legal Department. Now, the matter is under the consideration of the Law Department which is drafting rules under which this Committee will function. [Noise and interruptions]

Then, Sir, about the R. G. Kar Medical College, many grievances have been levelled. Sir, if you go to that institution, which I have done on many occasions in connection with ceremonial function and also in connections with sports and other things, you will find that that Medical College is not the Medical College which existed on the 12th May, 1958. It saphearance is completely changed. (Noise and interruptions)

My friend Dr. Hirendra Kumar Chatterji has made certain spectacular revelaations and glven some startling news to others so that he might get a position in his circle. He has spoken about the non-improvement of the institution.

Dr. Hirendra Kumar Chattopadyay: I never said that improvements have not been made. I only said about the lot of the teachers and nothing else.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Might be, but there were others also who have come forward with various allegations like that.

Sir, various improvements have been made in that institution, but various other improvements have also to be made.

Sir, it has been said by Dr. Mazumdar probably that provision in the budget for this department is not up to the mark. Sir, the Chief Minister promised that only 14 lakhs would be provided, bud, Sir, we have provided Rs. 24 and and Rs. 2 lakhs more is also going to be Provided because of the increment to you again of the staff which might be necessary. So, I willl have to come for that purpose.

Sir, I have not much time left. I find signs of impatience with the honourable members. But I cannot resist the temptation of referring to one matter. Sir, my friend Shri Nepal Roy has come forward with various allegations. Sir, I would like to say one word only that the sense of propriety, decency and decorum should have refrained my friend from coming and exposing himself with various untruths or perversions of truth. So, it is a pity that I have to answer my friend.

[7-30—7-41 p.m.]

There are many things but time will not allow me to deal with them in detail. I find it would satisfy my friends if I finish now. However, before I finish I would say one word (noise and interruption.)

Since independence we started with 3 health centres in the mofussil. We had no arrangement for Post-Graduate educatien. We had 12 beds in the rural areas—12 beds in 1948. Since independence there has been appreciable improvement in the field of health services and Rs-a-vis in the condition of health of the people of West Bengal.

With these words, I commend my motion for the acceptance of the House and I oppose all the out motions.

Mr. Speaker: In Grant No. 21 there are 151 cut motions. Division is wanted on cut motions Nos.- 9, 15, 46 and 80. I put all the cut motions except Nos. 9, 15, 46, and 80.

The motion of **Shri Ajit Kumar Ganguly** that the demand of Rs. 6, 60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100. was then put and lost.

The motion of **Shri Subodh Banerjee** that the demand of Rs. 6,60,62,000 or expenditureunder Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100. was then put and lost.

The motion of Shri Mangru Bhagat that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bhupal Chandra Panda that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Satyendra Narayan Mazumdar that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Jatindra Chandra Chakravorty that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Rabindra Nath Mukhopadhyay that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Jagat Bose that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gobinda Charan Maji that the demand of Rs. 6,60,62,000 for expenditure under Grant No. 21, Major Head "38-Medical" be reduced by Rs. 100, was then put and lost.

এই রাজ্যে বৃহৎ পরিকল্পনার মধ্যে বৃহত্তম হল—দামোদর ভ্যালি পরিকল্পনা। এই ব্যাপারে পশ্চিমবঙ্গে বন্যা নিয়ন্ত্রনের খরচ বাদে শুধু সেচের জন্য ১৯৬০-৬১ পর্য্যন্ত খরচ হবে ৪১ কোটি ৬১ লক্ষ টাকা,, যার ফলে এ' সালে খরিফ চাষে সেচের এলাকা পুরান দামোদর ও ইডেন ক্যানেলের এলাকা বাদে ৪ লক্ষ ৫০ হাজার সেচ প্রাপ্ত দাঁড়াবে বলে আশা করা যায়। দ্বিতীয় বৃহৎ পরিকল্পনা হল কংসাবতী জলাধার এর কাজ চলছে। শেষ হতে এখনও কয়েক বছর দেরী আছে। আশানুরূপ টাকা পেলে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাঝামাঝি এর কাজ সম্পূর্ণ হবে। তার পুর্বেই কিছু কিছু এলাকায় সেচ দেওয়া যাবে, শেষ পর্য্যন্ত বাঁকুড়া জেলায় ৩,৫৮,৪৮১ একরে, মেদিনীপুর জেলায় ৪,০৮,৯২৯ একরে এবং হুগলী জেলায় ৩২,৫৯০ একারে মোট ৮ লক্ষ একর জমিতে খরিফ চাষের জল দেওয়া যাবে এবং মোট ১ লক্ষ ৫০ হাজার একর জমিতে রবিচাষে জল দেওয়া যাবে বলে আশাকরা যায়। কংসাবতী পরিকল্পনায় শেষ পর্য্যন্ত ২৫,২৫,৮৯,৭২৪ টাকা খরচ হবে বলে অনুমান করা হয়েছে। আজ পর্য্যন্ত কংসাবতী পরিকল্পনা কেন্দ্রীয় প্ল্যানিং কমিশনের মঞ্জুরী পায়নি, যদি ও পাবার আশায় এই কাজে ১৯৬০-৬১ সাল পর্য্যন্ত পৌনে পাঁচ কোটি টাকা খরচ করা হচ্ছে। তৃতীয় পরিকল্পনা হল ময়ুরাক্ষী জলাধার। এর কাজ এক রকম শেষ হয়ে গেছে। এতে ১৯৬০-৬১ সাল পর্য্যন্ত বিদ্যুৎ উৎপাদন বাদে ১৬ কোটি ৭৫ লক্ষ টাকা খরচ হবে এবং আগামী বছরে ৪, ৭৫, ০০০ একর জমিতে খরিফ চাষে সেচের জল দেওয়া যাবে আশা করা যায়। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আরও প্রায় ১ কোটি টাকা খরচ করলে আরও প্রায় ৫০, ০০০ একর নূতন এলাকায় সেচ দেওয়া যাবে বলে আশা করা যায়। ডি, ভি, সি ও ময়ুরাক্ষীর সেচ এলাকায় নানা কারণে আশানুরূপ রবিচাষ হচ্ছে না। যাতে হয় তার জন্য চেষ্টা চলছে। এই হিসাব গুলিতে শুধু সেচ বিভাগের কাজে খরর দেওয়া হয়েছে, কৃষি বিভাগ সেচ ও জল নিকাশের যে ব্যবস্থা করছে তার হিসাব এর মধ্যে নেই।

কৃষি ও সেচ বিভাগের সরকারী প্রচেষ্টায় এবং বে-সরকারী চেষ্টায় পশ্চিমবঙ্গে আবাদী জমির শতকরা কত হারে সেচ দেওয়া হয়েছে ও হবে তার হিসাব ধরলে বলা যায় স্বাধীনতা লাভের বছর ১৯৪৭-৪৮ সালে এ' হার ছিল ১৮'১২। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে ১৯৫৫-৫৬ সালে দাঁড়িয়েছিল ২২'৩৮, দ্বিতীয় পঞ্চবার্ষিকীর শেষে সেচের যোগ্য এলাকা দাঁড়াতে পারে ৩০'২৬ এ। বে-সরকারী সেচ ব্যবস্থা, সরকারী কৃষি বিভাগের ক্ষুদ্র সেচ ব্যবস্থা, এমন কি সেচ বিভাগের ছোট সেচ ব্যবস্থা প্রায় ষোলআনা নির্ভর করে আকাশের বৃষ্টির উপর।

[9-10—9-20 a.m.]

যথাসময়ে যথেষ্ট পরিমান বৃষ্টি না হলে বা অনাবৃষ্টি হলে এইরূপ সেচ ব্যবস্থাগুলি কাজে লাগে না। এই জন্য এমনও দেখা যায় যে, কোন বছর সকল প্রকারের মোট সেচ এলাকা পুর্বের বছরের এলাকার চেয়ে কমে গেছে। তবে ডি, ভি, সির ও সেচ বিভাগের কাজের ফলে এই রাজ্যের সেচ এলাকা ক্রমশঃ বেড়েই চলেছে। কোন বছরই পুর্বের বছরের চেয়ে কম হয় না। নীচে একটি একরে হিসাব দেওয়া হল।

আনা মাসিক

	১৯৪৭-৪৮	১৯৫৫-৫৬	১৯৫৬-৫৭	১৯৫৭-৫৮	১৯৫৮-৫৯	১৯৫৯-৬০	১৯৬০-৬১
ডি, ভি, সি, নূতন এলাকা			১১,২৭১	৭৬,০৯০	২,১৬,৭৬৩	৩,০১,১৬৬	৪,৫০,০০০
ময়ূরাক্ষী	২,০৯,৯৩৪	২,৪৫,২৬৮	৩,৪২,১১৩	৩,৬২,৭৪৩	৪,৩৮,২১৪	৪,৭৫,০০	১০,০০০
কংসাবতী							
অন্যান্য স্কীম	৩,৫৪,৩৯৭	৪,০৯,১৮৫	৪,২১,৫৬৩	৪,২৪,১২৩	৪,২৪,১১৩	৪,২৪,১২৩	৪,২৬,৪২৩
মোট	৩,৫৪,৩৯৭	৬,১৯,১১৯	৬,৭৮,১০২	৮,৪২,৩২৬	১০,০৩,৬২৯	১১,৬৩,৫০৩	১৩,৬১,৪২৩

এই হিসাব মত আবাদী জমির মোট সেচের শতকরা হার দাঁড়ায় ১৯৪৭-৪৮ সালে ৩'১২, ১৯৫৫-৫৬ সালে ৫'০২ এবং ১৯৬০-৬১ আনুমানিক ১১'৩৪

১০। এই সব এলাকায় প্রতি একরে খরিফ চাষে বাৎসরিক জলকর নিম্ন হিসাবে ধার্য্য করা হয়েছে এবং হবে :—

	১৯৫৪-৫৫	১৯৫৫-৫৬	১৯৫৬-৫৭	১৯৫৭-৫৮	১৯৫৮-৫৯	১৯৫৯-৬০
ডি, ভি, সি এলাকায়		৭.৭৫ টাকা	৯ টাকা	বিনাকর	৭.৫০ টাকা	৯ টাকা
ময়ূরাক্ষী এলাকায়	৬.৫০ টাকা	৭.৭৫ টাকা	৯ টাকা	১০ টাকা	১০ টাকা	১০ টাকা

সেচ বিভাগের অন্যান্য সেচ এলাকায় প্রতি একরে খরিফ চাষে বাৎসরিক ২ টাকা থেকে ৬॥ টাকা পর্য্যন্ত জলকর ধার্য্য আছে। রবিচাষের জলকর ২॥ টাকা থেকে ৬॥ টাকা একর প্রতি কোন কোন ছোট সেচের জন্য কোন করই আদায় করা হয় না। এই সব এলাকায় রবিচাষের জন্য কোন কর ধার্য্য নেই এবং সাধারণতঃ এই সব এলাকায় রবিচাষের জল দেওয়া যায় না। বৃহত্তম দুটি পরিকল্পনায় রবিচাষের জলকর প্রতি একরে নিম্নরূপ ধার্য্য আছে এবং হতে পারে :—

	১৯৫৪-৫৫,	১৯৫৫-৫৬	১৯৫৬-৫৭	১৯৫৭-৫৮	১৯৫৮-৫৯
ডি, ভি, সি এলাকায় :—	এখনও জলকর ধার্য্য হয় নাই। ১৪ টাকা একর প্রতি ধার্য্য করার জন্য ডি, ভি, সি বলিতেছেন।				
ময়ূরাক্ষী এলাকায়	১৫ টাকা	×	×	৭.৫০ টাকা	৭.৫০ টাকা

১১। পশ্চিমবঙ্গে জলকরের হার অত্যধিক বলে আপত্তি তোলা হয়, এমন কি রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য কোথাও কোথাও এই করের বিরুদ্ধে আন্দোলন করা হয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পূর্বে প্রতি মণ ধানের দাম ছিল ১.৫০ থেকে ২.৫০ টাকা। সাম্প্রতিক কএক বছর এ' দাম হয়েছে ১২.০০ থেকে ১৮.০০ টাকা। এই হিসাবেজলকরকে অত্যধিক বলা চলে না। ভারতের অন্যান্য কএকটি রাজ্যে পশ্চিমবঙ্গের অনুরূপ পরিমান জলকর ধার্য্য আছে এবং ক্যাপিট্যাল লেভির আইনও আছে, পশ্চিমবঙ্গে অনুরূপ আইন এখনও হয় নি।

১২। ময়ূরাক্ষী এলাকায় প্রথমে বেঙ্গল ইরিগেশন এ্যাক্ট প্রযুক্ত হয়েছিল। কিন্তু সেচ এলাকার আশানুরূপ বৃদ্ধি না হওয়ায় ক্রমশঃ বৃহত্তর এলাকায় বেঙ্গল ডেভলপমেণ্ট এ্যাক্ট

প্রয়োগ করা হয়েছে। শেষ পর্য্যন্ত সমস্ত এলাকাকে এই ডেভলপমেণ্ট এ্যাক্টর আওতায় আনা হবে। এই ডেভলপমেণ্ট এ্যাক্ট অনুসারে জলকর ধার্য্য করতে গেলে কএক বছর ফসলের ফলন ও মূল্য দেখতে হয়। এই জন্য কর ধার্য্য না হওয়ায় কএক বছর আদায়ও হয় নি। অবশেষে ১৯৫৮ সালে ডেভলপমেণ্ট এ্যাক্ট সংশোধিত করা হয়। ফলে চুড়ান্তভাবে জলকর ধার্য্য হওয়ার আগে অন্তর্বর্তী ব্যবস্থা হিসাবে প্রতি একরে প্রতি বছর অনধিক ১০ টাকা হারে জলকর আদায়ের ব্যবস্থা হয়েছে। জলকর আদায়ের ভার সেচ বিভাগের হাত থেকে ভূমি রাজস্ব বিভাগের হাতে যাওয়ায়, এ' কাজের জন্য এ' বিভাগকে দ্রুত সম্প্রসারিত করার প্রয়োজন হওয়ায় এবং আরও কএকটি কারণে ১৯৫৪ সাল থেকে ১৯৫৮ সালের জলকর আদায়ের ব্যবস্থা করতে দেরী হয়েছে। এ' কর অন্তর্বর্তী ব্যবস্থা হিসাবে ১৯৫৪ সাল থেকে পুর্বোক্ত হারে ধার্য্য করা হয়েছে। এই জলকর আদায়ের যে ব্যবস্থা হযেছে তাতে দুবছারর বকেয়া অথবা এক বছরের হাল ও এক বছরের বকেয়া কর আদায় করা হবে। এই ভাবে যতদিন না সমস্ত বকেয়া বছরের আদায় শেষ হয় ততদিন দুই বছরের জলকর এক সংগে প্রতি বৎসরে আদায় হবে। বকেয়া আদায় শোধ হলে তখন শুধু হাল সনের আদায় চলতে থাকবে। ময়ুরাক্ষী পরিকল্পনার যে অঞ্চল বেঙ্গল ইরিগেশন এ্যাক্ট প্রযুক্ত আছে সেখানে এই হিসাবে ৬.৫০ থেকে ক্রমশঃ বাড়িয়ে ১০.০০ টাকা জলকর ধার্য্য আছে ও বছর বছর আদায় হচ্ছে। যেমন দাবীর পর অনাদায়ী করের উপর বছরে শতকরা ৬.২৫ টাকা হিসাবে সুদ আদায়ের ব্যবস্থা আছে তেমনই যথা সময়ে আদায় দিলে ময়ূরাক্ষীতে শতকরা ৩ টাকা ১২ নয়া পয়সা ডি, ভি, সিতে শতকরা ৫ টাকা ছাড় বা রিবেট দেওয়ার ব্যবস্থাও আছে। যে বছর কোন সালের জন্য জলকর প্রথম দাবী করা হবে সে বছর পর্য্যন্ত এ' বকেয়া টাকার কোন সুদ লাগবে না। অনাবৃষ্টি, অতিবৃষ্টি, বন্যা, ফসলের রোগ প্রভৃতি কোন কারণে সেচ এলাকায় পুর্ণ বা, আংশিক ফসল হানি হলে মকুবের বা আনুপাতিক জলকর হ্রাসের ব্যবস্থা ও আছে। সম্প্রতি সরকার নির্দেশ দিয়েছেন যে সেচ এলাকা যে সব অঞ্চলে ১৯৫৯ সালের বন্যার জন্য খরিফ চাষ নষ্ট হয়ে গেছে সেখানে এ' সালের জলকর তো রেহাই দেওয়া হবেই এমন কি বকেয়া সনের করের জন্য ও বিশেষ চাপ দেওয়া হবে না, শুধু তামাদি রক্ষার জন্য সার্টিফিকেট জারি করা হবে। কিন্তু এ বছর এ' সার্টিফিকেটের বলে কোন মাল ক্রোক করা হবে না। কোন অঞ্চলে এই শেষোক্ত ব্যবস্থা হবে তা স্থির করার ভারও আছে জেলার কালেকটরের উপর। ডি, ভি, সি এলাকায় কেন্দ্রীয় ডি, ভি, সি এ্যাক্ট অনুযায়ী জলকর আদায়ের খুবই অসুবিধা ছিল তাই ১৯৫৮ সালে পশ্চিম-বঙ্গের আইন সভায় ওয়েষ্ট বেঙ্গল ইরিগেশন (ইমপোজিসন অফ ওয়াটার রেট ফর ডি, ভি,সি ওয়াটার) এ্যাক্ট, ১৯৫৯ নামে আইন পাশ করা হয়েছে এবং পুর্বোক্ত হিসাব মত ১৯৫৮ সাল থেকে জলকর ধার্য্য করা হচ্ছে। ডি, ভি, সি এলাকাতে জমির মালিকরা লিফট ইরিগেশন করে নিলে এ' জমির জলকরের হার অর্দ্ধেক কমিয়ে দেওয়ার ব্যবস্থা আছে।

১৯৫২ ও ১৯৫৪ সালে উত্তর বঙ্গে ভীষণ বন্যা হওয়ার পর পশ্চিমবঙ্গ সরকার বন্যা নিয়ন্ত্রণ, ভূমিক্ষয় নিবারণ ও নদীর ভাঙ্গন নিরোধের জন্য বিশেষ ব্যবস্থা করে আসছেন। চলতি বছর, অর্থাৎ ১৯৫৯-৬০ সাল পর্য্যন্ত এই রাজ্যে এইরূপ ৬৫টি কাজে ৩ কোটি ৪৬ লক্ষ ১৩ হাজার টাকা খরচ করা হচ্ছে, তাতে অনেক সহর ও গ্রাম অঞ্চল উপকৃত হয়েছে ও হবে। আগামী ১৯৬০-৬১ সালে এইরূপ কাজে আরও ৮০ লক্ষ টাকা খরচ করতে হবে। এই রাজ্যের জন্য ডি, ভি, সি প্রথম থেকে ১৯৬০-৬১ সাল পর্য্যন্ত ১২,৩০,৯০,৮১০ টাকা বন্যার খাতে খরচ

করবেন। যদিও উত্তরবঙ্গে প্রতি বছরই বন্যা হয়ে থাকে, সৌভাগ্যক্রমে গত ৫ বৎসর বন্যার ব্যাপকতা ও প্রখরতা পুর্ব্বাপেক্ষা কম হচ্ছে। উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণের কাজ চলে আসছে এবং ১৯৫৯-৬০ সাল পর্য্যন্ত ৩ কোটি ১৭ লক্ষ ৩৫ হাজার টাকা খরচ হচ্ছে। পশ্চিমবঙ্গে ছোট ছোট স্থানীয় এলাকায় প্রায়ই বন্যা হয়ে থাকে।

১৯৫৬ সালে দক্ষিণবঙ্গে ব্যাপক এলাকায় যে ভীষণ বন্যা হয়েছিল তার পুর্ব্বে ৫০ বছরেও এরূপ বন্যা হয়নি। এ' বন্যার কারণ নির্ণয় ও প্রতিকারের ব্যবস্থা সুপারিশ করার জন্য এই রাজ্য সরকার একটি অনুসন্ধান কমিটি বসিয়েছিলেন। এ' কমিটির সুপারিশ মত কিছু কিছু স্বল্প মেয়াদী কাজ করা হচ্ছিল এবং দীর্ঘ মেয়াদী কাজের জন্য তথ্যানুসন্ধান চলছিল। ইতিমধ্যে গত বছর, ১৯৫৯ সালে দক্ষিণবঙ্গে সেপ্টেম্বর ও অক্টোবর মাসে পর পর দুটি কোথাও বা তিনটি বন্যা হয়ে গেছে। এই এলাকায় গত ১০০ বছরের মধ্যে উপর ও নিম্ন অঞ্চলে এমন প্রবল বারিপাত এবং এত ব্যাপক এলাকায় এরূপ বিধ্বংসী বন্যা হয় নি। তারও আগে কখনও হয়েছিল কিনা তার কোন ইতিহাস নেই। গত বছরের বন্যার প্লাবিত অঞ্চলের পরিমাপ, মৃত্যু ও ক্ষতির হিসাব এবং সরকারী সাহায্যের প্রকার ও পরিমাণ ইতঃপুর্বে আইন সভায় বন্যা সম্বন্ধে আলোচনাকালে জানান হয়েছে। নানা প্রকারের সাহায্য দান এখনও চলছে। পশ্চিমবঙ্গ সরকার আবার একটি বন্যা তদন্ত কমিটি নিযুক্ত করেছেন। এই কমিটি বন্যার কারণ নিরুপণ এবং প্রতিকার সম্বন্ধে সাধারণভাবে সুপারিশ করা ছাড়াও বিভিন্ন অঞ্চলের জন্য বন্যা নিরোধের এক একটি সুস্পষ্ট পরিকল্পনা তৈরী করবেন এবং এ'গুলিকে অগ্রাধিকারক্রমে সাজিয়ে দিবেন। সরকারও তাঁদের এ' সুপারিশকে পর পর রূপ দেবার চেষ্টা করবেন। অবশ্য এই ব্যাপারে কি পরিমাণ টাকা পাওয়া যাবে তার উপর কাজগুলির রূপায়ন নির্ভর করবে। এই কমিটির চেয়ারম্যান হলেন কেন্দ্রীয় সরকারের একজন প্রবীণ, সুদক্ষ, অভিজ্ঞ ও অবসরপ্রাপ্ত সেচ সম্পর্কিত চীফ ইঞ্জিনীয়ার। প্রথমে এই কমিটির সম্পাদক যাকে করা হয় তিনি ছিলেন পুর্বে পশ্চিমবঙ্গের সেচ বিভাগের চীফ ইঞ্জিনীয়ার এবং পরে বন্যা উপ-বিভাগের চীফ ইঞ্জিনীয়ার। কমিটির কাজের চাপ খুব বেড়ে যাওয়ায় এবং একই ব্যক্তির পক্ষে এই রাজ্যের বন্যা নিয়ন্ত্রণের কাজ এবং এ' তদন্ত কমিটির সম্পাদকের কাজ চালান সম্ভব না হওয়ায় বন্যা উপ-বিভাগের চীফ ইঞ্জিনীয়ারকে এই কমিটির শুধু সদস্য রাখা হয়েছে এবং সেচ বিভাগের অপর একজন প্রবীণ ও অবসরপ্রাপ্ত সুদক্ষ ইঞ্জিনীয়ারকে চীফ ইঞ্জিনীয়ারের মর্য্যাদা দিয়ে এই কমিটির সর্বক্ষণের সম্পাদক নিযুক্ত করা হয়েছে। আপাততঃ ৪ মাস এই ব্যবস্থা চলবে; এই কমিটির অন্যান্য সদস্য যথা:

১। সেণ্ট্রাল ওয়াটার এণ্ড পাওয়ার কমিশনের চীফ ইঞ্জিনীয়ার, ফ্লাড
২। ইষ্টার্ণ রেলের চীফ ইঞ্জিনীয়ার
৩। সাউথ ইষ্টার্ণ রেলের চীফ ইঞ্জিনীয়ার
৪। ভারত সরকারের মিটিরিওলজিক্যাল ডিপার্টমেণ্টের কলিকাতার রিজিওন্যাল ডিরেক্টর
৫। বিহার সরকারের সেচ বিভাগের উত্তর বিহারের চীফ ইঞ্জিনীয়ার
৬। দক্ষিণ বিহারের চীফ ইঞ্জিনীয়ার
৭। বিহারের কোশী পরিকল্পনার চীফ ইঞ্জিনীয়ার
৮। দামোদর ভ্যালি কর্পোরেশনের সিভিল চীফ ইঞ্জিনীয়ার
৯। কলিকাতা কর্পোরেশনের চীফ ইঞ্জিনীয়ার

১০। পশ্চিমবঙ্গের উন্নয়ন বিভাগের রাস্তা তৈরীর চীফ ইঞ্জিনীয়ার

১১। পশ্চিমবঙ্গের পূর্ত বিভাগের চীফ ইঞ্জিনীয়ার

১২। পশ্চিমবঙ্গের বন বিভাগের কনজারভেটার জেনারেল

১৩। পশ্চিমবঙ্গের সেচ বিভাগের চীফ ইঞ্জিনীয়ার

১৪। পশ্চিমবঙ্গের সেচ বিভাগের রিভার রিসার্চ ইন্‌ষ্টিটিউটের ডিরেক্টর এবং

১৫। এই বিভাগের ভূতপূর্ব ডিরেক্টর ও বর্তমান সেচ বিভাগের স্পেশাল অফিসার। সভাপতি ও সম্পাদক নিয়ে মোট ১৮ জন।

১৯৫৬ সালে বন্যার পর ডি, ভি, সি ও ময়ূরাক্ষী পরিকল্পনার ঘাড়ে বন্যার প্রকোপ বাড়াবার কিছুটা দায়িত্ব চাপান হয়েছিল। তদন্ত কমিটির রিপোর্টে এই অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন বলে প্রমাণিত হয়েছে, বরং এই দুটি পরিকল্পনা বন্যার প্রকোপকে সামান্য হলেও কিছুটা কমিয়ে দিয়েছিল এই কথাই এ' রিপোর্টে সুস্পষ্টভাবে বলা হয়েছে। ১৯৫৯ এর বন্যায়ও এ' দুটি পরিকল্পনার উপর পুনরায় অনুরূপ দায়িত্ব চাপান হচ্ছে। নূতন তদন্ত কমিটি এ সম্বন্ধে তাঁদের নিরপেক্ষ মতামত জানাবেন। তাই এখন আমি এ সম্বন্ধে কিছু বলতে চাই না।

[9-20—9-30 a.m.]

সুন্দরবন সম্বন্ধে গত কএক বছরের বাজেট আলোচনায় অনেক কথা বলেছি। সেইগুলির পুনরাবৃত্তি করতে চাই না। এইটুকু বললেই হবে যে সুন্দরবনের বাঁধ পূর্বের চেয়ে ক্রমশঃ শক্ত করে তোলা হচ্ছে যার ফলে বাঁধের ভাঙ্গনও ক্রমশঃ কমে আসছে। অনেকগুলি পুরাতন স্লুইস গেট মেরামত ও নূতন স্লুইস গেট নির্মাণ করা হয়েছে ও হচ্ছে। কতকগুলি খালের ও ছোট নদীর মুখ বেঁধে দিয়ে সুন্দরবনের বাঁধের মোট দৈর্ঘ্য কমিয়ে দিয়ে তাকে আরও শক্ত এবং আরও নিরাপদ করবার জন্য প্রাথমিক তথ্যানুসন্ধান চলেছে। এই ব্যাপারে যারা বিশ্বে সর্বাপেক্ষা অগ্রসর দেশ নেদারল্যাণ্ড থেকে বিশেষজ্ঞের পরামর্শ নেওয়া হচ্ছে। আলোচ্য বৎসরে তাঁদের সহযোগে একটি তথ্যানুসন্ধান কার্য প্রায় ৯ লক্ষ টাকা ব্যয়ে আরম্ভ করা হবে।

সেচ বিভাগ এই রাজ্যের বিভিন্ন অঞ্চলে নানাপ্রকারের তথ্যানুসন্ধান চালিয়ে চলেছে। এই বিভাগের নদী বিজ্ঞান গবেষণা মন্দিরের কাজ ক্রমশঃ বেড়ে চলেছে। বর্তমানে ক একটি বিষয়ে গবেষণা চলেছে যেমন : ১। নদীর গতিপথ আঁকাবাঁকা হওয়ার জন্য যে সমস্ত সমস্যা সৃষ্টি হয় ২। যে সব নদীতে জোয়ার ভাঁটা খেলে তাদের ক্রমশঃ যে অবনতি হয়, নদীতে এবং অপ্রাকৃতিক আধারে (রিজারভর) যে পলি বসে তার সমাধানের উপায় উদ্ভাবন, নদীর তীরকে সুরক্ষিত করবার জন্য পাথরের বদলে আরও সস্তায় মাটির সঙ্গে সিমেণ্ট মিশিয়ে শক্ত ব্লক তৈরী করা প্রভৃতি ; ভারতের আরও কয়েকটি নদী বিজ্ঞান গবেষণাগারে এই রকম পরীক্ষা ও নিরীক্ষা চলছে। সবগুলির ফলাফল একত্রিত করে ভাল সমাধান পাওয়ার আশা রাখা যায়। এ ছাড়া আমাদের এই নদী বিজ্ঞান মন্দিরে গঙ্গা ব্যারাজ, কংসাবতী জলাধার পরিকল্পনা, উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রভৃতির জন্য নানা গবেষণা চলেছে। এখানে নদী বিজ্ঞান সম্বন্ধে বিশেষজ্ঞদের নিয়ে মাঝে মাঝে আলোচনা সভা হয়। পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের সেচ বিভাগের কাজ ছাড়াও প্রতিবাসী রাজ্যগুলির, কলিকাতা পোর্ট কমিশনার্সদের এবং দুর্গাপুর প্রোজেক্টের কিছু কিছু সমস্যা সমাধানের কাজও এখানে করা হয়। এই নদী বিজ্ঞান মন্দিরে গবেষণা করে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ডক্টরেট উপাধির জন্য থিসিস দেওয়া যায়।

গঙ্গা ব্যারাজ সম্বন্ধে আইন সভায় বহুবার আলোচনা করা হয়েছে। এই কাজের ভ কেন্দ্রীয় সরকার নিয়েছেন।

এই সেচ বিভাগ প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রায় ১৫ কোটি টাকা খরচ করেছে দ্বিতীয় পঞ্চবার্ষিকীতে ডি, ভি, সি ইরিগেশন ও সেচ বিভাগের ফ্লাড কন্ট্রোলসহ প্রায় ২১কো ৮২ লক্ষ টাকা ধার্য্য আছে। আলোচ্য বর্ষের পরেই, অর্থাৎ ১৯৬১-৬২ সাল থেকে তৃতী পঞ্চবার্ষিকী পরিকল্পনা সুরু হবে। সেচ বিভাগ তার তৃতীয় পরিকল্পনার প্রাথমিক খস তৈরী করেছে। তার আনুমাণিক খরচের পরিমান দাঁড়াতে পারে...ডি, ভি, সি বাদে প্রা ৪৩ কোটি টাকায়। এ ছাড়া ৪০ ও ৪২ নং গ্রাণ্টে কিঞ্চিত অধিক ১০ কোটি টাকা তৃতী পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেচ বিভাগের হাত দিয়ে খরচ হতে পারে। ভারতের ও পশ্চি বঙ্গের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সম্ভাব্য খরচের যে আনুমানিক হিসাব পাওয়া যাচে তার পরিপ্রেক্ষিতে এই সেচ বিভাগ তার প্রস্তুত তৃতীয় পরিকল্পনার জন্য প্রয়োজনীয় সম্পূ অর্থ পাবে কিনা সন্দেহ আছে। ঘনবসতির হিসাবে ভারতের মধ্যে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থা অধিকার করে। বর্তমানে এই রাজ্যে প্রতি বর্গমাইলে ৮৫০ জন মানুষের বাস। স্বাস্থ বিভাগের চেষ্টায় এই রাজ্যে মৃত্যুর হার কমে গিয়ে বিশে দ্বিতীয় স্থান নিয়েছে এবং মানুষে গড় পরমায়ু পুর্বের চেয়ে অনেক বেড়ে গেছে। এদিকে এই রাজ্যে জন্মের হার বেড়ে চলে এইভাবে জনসংখ্যার চাপ অত্যধিক বাড়ছে। আবাদযোগ্য অনাবাদী জমি নেই বললেই হয় একমাত্র আবাদী জমির ফলন বাড়িয়ে খাদ্যশস্যের পরিমাণ বাড়াতে হবে এই অবস্থাতেও কৃ ও সেচ বিভাগ যে তৃতীয় পরিকল্পনা তৈরী করেছে তাকে সম্পূর্ণ রূপায়িত করতে পারে তৃতীয় পরিকল্পনার শেষে ঘন বসতিপুর্ণ দ্রুত জনসংখ্যা বৃদ্ধির দেশ—এই পশ্চিমবঙ্গ প্রধা খাদ্যশস্যে আত্মনির্ভরশীল হতে পারবে বলে আশা করা যায়।

পশ্চিমবঙ্গের সেচ বিভাগ কি করেছে, কি করছে ও কি করতে চায় এবং কি করত পারেনি তাও সংক্ষেপে জানান হল। আশা করি মাননীয় সদস্যগণ এই ব্যয়বরাদ্দ মঞ্জু করবেন।

স্পীকার মহাশয়, দামোদর ভ্যালি কর্পোরেশনের ১১ বছর কেটে গেছে দ্বাদশ বর্ষে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করা হয়েছে। এই ১৯৬০-৬১ সাল হল ভারতের দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার পঞ্চম বা শেষ বর্ষ। ডি, ভি, সির দ্বিতীয় পরিকল্পনায় আনুমাণিক নীট ব্য ৬৭ কোটি ৮০ লক্ষ টাকা ধরা হয়েছে তার মধ্যে ১ম পঞ্চবার্ষিকীর চলতি কাজগুলির জ ২৬ কোটি ৬৪ লক্ষ টাকা প্রয়োজন। নুতন ও অন্যান্য উন্নয়ন কাজের জন্য ধরা আ ২৪ কোটি ২৭ লক্ষ টাকা; তন্মধ্যে দুর্গাপুরে একটি নূতন তাপ বিদ্যুতের কারখানার জ ১২ কোটি ১৭লক্ষ টাকা, বোকারোতে চতুর্থতাপ বিদ্যুৎ উৎপাদন যন্ত্রের জন্য ৪ কোটি ১০ ল টাকা, চন্দ্রপুরায় আর একটি নুতন বিদ্যুৎ কারখানার জন্য ২ কোটি ৫৮ লক্ষ টাকা, বিদ্যু পরিবহন প্রসারের জন্য ৫ কোটি ২৭ লক্ষ টাকা এবং আর কয়েকে কাজের জন্য বাকী টাকা এ ছাড়া সুদের জন্য ধরা আছে ২৬ কোটি ৫৫ লক্ষ টাকা আর পরিচালনা ও কার্য্য নির্বাহ ব্যয় খাতে বরাদ্দ হয়েছে মোট ১৩ কোটি ৮৬ লক্ষ টাকা। অর্থাৎ মোট খরচ দাঁড়া ৯১ কোটি ৩২ লক্ষ এই ব্যয়ের পরিমাণ লাঘব হবে ২৩ কোটি ৫২ লক্ষ টাকা আয়ের দ্বারা এ ভাবে মোট নীট খরচ হবে ৬৭ কোটি ৮০ লক্ষ বা মোটামুটি ৬৮ কোটি টাকা।

চন্দ্রপুরায় নূতন কারখানা ও আনুমানিক পরিবহনের জন্য যে ৪ কোটি ৭৩ লক্ষ টাকা দ্বিতায় পঞ্চবার্ষিকী পরিকল্পনার ব্যয়ে ধরা হয়েছে তা পরিকল্পনা কমিশনের পূর্ব ব্যয় বরাদ্দেধরা ছিল না।

আলোচ্য বর্ষের জন্য ১১ কোটি ১৯ লক্ষ টাকা ধরা হয়েছে তা হতে ৪২,১৯,০০০ টাকা কমে ১০,৭৬,৮৪,০০০ টাকা হবে। তার মধ্যে বিদ্যুৎ শক্তির জন্য ৬ কোটি ৩১ লক্ষ টাকা এবং জল সেচের জন্য ২ কোটি ৮০ লক্ষ টাকা থেকে ৪২,১০,০০০ টাকা বাদ যাবে, বন্যা নিয়ন্ত্রণের জন্য ৮৮ লক্ষ টাকা এবং উন্নয়ন কার্য্যাদির জন্য ১ কোটি ২০ লক্ষ টাকা। এই টাকার ভাগ দেবেন ভারত সরকার ২ কোটি ৫০ লক্ষ টাকা, বিহার সরকার ২ কোটি ৫১ লক্ষ টাকা, পশ্চিমবঙ্গ সরকার ৫ কোটি ৭৬ লক্ষ টাকা। মোট বরাদ্দের মধ্যে কেন্দ্রীয় সরকারের অংশ পড়েছে শতকরা ২৩'২৩ ভাগ, বিহার সরকারের অংশে ২৩'৩২ ভাগ এবং পশ্চিমবঙ্গের অংশে ৫৩.৪৫ ভাগ। প্রথম থেকে ১৯৬০—৬১ সাল পর্য্যন্ত ডি, ভি, ,সব খরচ ও বরাদ্দের মোট হিসাব দাঁড়ায় ১৫৩ কোটি ৯৫ লক্ষ ৬৩ হাজার ৭৭৭ টাকা। তারমধ্যে ভারত সরকারের ভাগে পড়ে ৩৭ কোটি ৮৯ লক্ষ ৯৬ হাজার ৩৯ টাকা, বিহার সরকারের ভাগে পড়ে ৩১ কোটি ২৩ লক্ষ ৮০ হাজার ৬২৬ টাকা এবং পশ্চিমবঙ্গের ভাগে ৮৪ কোটি ৮১ লক্ষ ৮৭ হাজার ১১২ টাকা। এই টাকা শতকরা হারে ভারত সরকারের অংশে পড়ে ২৪.৫৬ ভাগ, বিহার সরকারের অংশে ২০.৩৫ ভাগ এবং পশ্চিমবঙ্গের অংশে ৫৫.০৯ ভাগ। দামোদর ভ্যালি কর্পোরেশনের জলাধারগুলির খরচের মধ্যে সেচ, বন্যা নিয়ন্ত্রণ ও ,বিদ্যুৎ উৎপাদনের খরচের অনুপাত সম্বন্ধে পুনর্বিবেচনা হবে এর ফলে হয়তো উপরোক্ত টাকার পরিমাণেরও শতকরা হারের কিছু পরিবর্তন হবে।

ডি, ভি, সির প্রধান ৩টি কাজ হলো জলসেচ, বিদ্যুৎ উৎপাদন ও বন্যা নিয়ন্ত্রণ। জল-সেচের খরচে ভারত সরকারের কোন ভাগ নেই। পশ্চিমবঙ্গ ও বিহারের যে পরিমাণ জমি উপকৃত হবে সেই অনুপাতে এ' দুই রাজ্যকে টাকা দিতে হবে। ১৯৬০—৬১ সাল পর্য্যন্ত সেচের মোট ৪১ কোটি ৯৪ লক্ষ ৮৬ হাজার ৮৫০ টাকার মধ্যে পশ্চিমবঙ্গের অংশে ৪১ কোটি ৬১ লক্ষ ১ হাজার ২৬৩ টাকা অর্থাৎ শতকরা ৯৯.২ আর বিহারের অংশে মাত্র ৩৩ লক্ষ ৮৫ হাজার ৫ শত ৮৭ টাকা অর্থাৎ শতকরা ০.৮ ভাগ মাত্র। বন্যা নিয়ন্ত্রণের খরচের কোন ভাগ বিহারকে দিতে হয় না। এই বাবদে ভারত সরকার ৭ কোটি টাকা পর্য্যন্ত দেবেন। বাকী সবই এই রাজ্য সরকারের দেয়। প্রথম থেকে ১৯৬০-৬১ সাল পর্য্যন্ত বন্যা নিয়ন্ত্রণের মোট ১৯ কোটি ৩০ লক্ষ ৯০ হাজার ৮১০ টাকা অর্থাৎ শতকরা ৩৬.২৫ ভাগ, বাকী ১২ কোটি ৩০ লক্ষ ৯০ হাজার ৮১০ টাকা অর্থাৎ শতকরা ৬৩.৭৫ ভাগ হলো পশ্চিমবঙ্গের অংশে। বিদ্যুৎ শক্তির জন্য মোট যে ৮৪ কোটি ৫৮ লক্ষ ১৯ হাজার ৪০৮ টাকা ধরা আছে, সেটি তিন সরকারের প্রত্যেকে শতকরা ৩৩.৩৩ ভাগ। এতদ্ব্যতীত নাব্য ও অন্যান্য অমুখ্য উন্নয়ন কাজের জন্য ১৯৬০-৬১ সাল পর্য্যন্ত মোট ৮ কোটি ১১ লক্ষ ৬৬ হাজার ৭০৯ টাকা ধরা হয়েছে। এই খরচ তিন সরকারের মধ্যে সমভাবে ভাগ করা হয়েছে।

ডি, ভি, সির জলে পশ্চিম বাংলার ৯ লক্ষ ৭৩ হাজার একর খরিফ চাষের জমিতে সেচ দেওয়া যাবে, আর বিহারে ১৫ হাজার ৫০০ একরে খরিফের জল দেওয়ার প্রস্তাব বিবেচনাধীন আছে। ১৯৫৬ সালে পশ্চিমবঙ্গে ডি,ভি, সি, এলাকায় ১১২৭১ একর জমিতে সেচের জল দেওয়া হয়েছিল। তারপরেই অভুতপূর্ব প্রবল বন্যায় অন্যান্য অঞ্চলসহ এ' এলাকা বিধ্বস্ত হয়ে যায়, যদিও সে বন্যা দামোদর বাঁধ ভেঙ্গে হয় নি। এই বন্যায় ডি, ভি, সি'র নূতন কাটা খালগুলিরও বিশেষ ক্ষতি হয়েছিল। সেগুলি মেরামত করা হচ্ছে। ১৯৫৭ সালে

পশ্চিমবঙ্গ সরকার স্থির করেন যে ডি, ভি, সির ক্যানেলগুলিতে জল ছেড়ে দিয়ে পরীক্ষামূলক-ভাবে দেখবেন কোন কোন অঞ্চল পর্য্যন্ত জল দেওয়া যাবে। এবং কোথায় কি অসুবিধা ও বাধার সৃষ্টি হতে পারে। এ' জল যাতে কৃষকরা নিজেদের চাষের ক্ষেতে লাগাতে পারেন তার জন্য এই সব নূতন এলাকায় এ' বছর কোন জলকর নেওয়া হয়নি। এ' সালে ডি, ভি, সি'র ব্যারেজ থেকে মোট ১৪৬.০০৮ একর জমিতে জল দেওয়া হয়েছিল, তন্মধ্যে৬৯,৯১৮ একর জমি পুরাতন জামোদর ক্যানেলের অন্তভুক্ত। ১৯৫৮ দালে নূতন ও পুরাতন এলাকা মিলে ৪ লক্ষ ৪৬ হাজার ৭৬০ একর জমিতে জল দেওয়া হয়েছে। তন্মধ্যে ২ লক্ষ ২০ হাজার একর পুরাতন দামোদর ও ইডেন ক্যানেলের অন্তভুক্ত। কয়েকটি ছোট পুল, কালভার্ট রেগুলেটার প্রভৃতি বাদে াড, ভি, সির ক্যানেল কাটার অন্যান্য কাজ শেষ হয়েছে এবং গত খরিফ মরসুমে আনুমানিক ৫ লক্ষ ২১ হাজার জমিতে (এর মধ্যে পুরান ইডেন ক্যানেলের সেচ এলাকাও আছে) সেচের জল সরবরাহের ব্যবস্থা সম্ভব হয়েছে। তবে ঠিক কত একর জমিতে সেচ দেওয়া হয়েছে তা এখনও চুড়ান্তভাবে জানা যায়নি।

মাইথন ও পাঞ্চেটে যে দুটি জলাধার আছে সেখান থেকে দুর্গাপুর ব্যারেজের মারফতে কয়েক শত মাইল ক্যানেলের ভিতর দিয়ে পশ্চিমবঙ্গে আবাদের জন্য জল সেচের ব্যবস্থা হয়েছে। এইগুলি তৈরী করেছেন াড, ভি, সি এবং এদের রক্ষণাবেক্ষণের দায়িত্বও তাঁদেরই। পশ্চিমবঙ্গ সরকারের যে পুরাতন দামোদর ও ইডেন ক্যানেল আছে যার সাহায্যে নূতন ডি, ভি, সি সিষ্টেমের সঙ্গে যুক্ত করে দেওয়া হয়েছে কিন্তু তার রক্ষণাবেক্ষণের ভার পশ্চিমবঙ্গ সরকারেরই থেকে গেছে। ডি, ভি, সি দুর্গাপুর ব্যারেজ থেকে জল ছেড়ে দেন, পশ্চিমবঙ্গ সরকারের সেচ বিভাগ সেই জল মাঠে মাঠে পৌঁছে দিবার ব্যবস্থা করেন। এই সব কাজের জন্য াড, ভি, সির ছোট বড় একদল কর্মচারী আছেন, আবার পশ্চিমবঙ্গ সরকারেরও সম-পর্য্যায়ের আর একদল কর্মচারী আছেন। এ যাবৎ পশ্চিমবঙ্গ সরকারকে তাঁদের নিজের খরচ বহন করতে হচ্ছে। পশ্চিমবঙ্গের সেচের জন্য ডি, ভি, সি মূলধন হিসাবে এবং বছরে বছরে পৌনিক হিসাবে যে টাকা খরচ করেছেন ও করছেন তার সমস্ত দায়িত্ব শেষ পর্য্যন্ত এই সরকারেরই।

[9-30—9-40 a.m.]

যদিও াড, ভি, সির এবং এই সেচ বিভাগের কতৃপক্ষ ও কর্মচারীগণ পুর্ণ সহযোগীতায় কাজ চালাবার চেষ্টা করেন, তবুও:দ্বৈত নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য বাস্তব কার্য্যক্ষেত্রে নানা অসুবিধা এসে পড়ে তাতে দেরী হয়, ক্ষতি হয় এবং দুইটি প্রতিষ্ঠানে সমশ্রেণীর দুইদল কর্মচারী থাকার জন্য শেষ পর্য্যন্ত বার্ষিক ব্যয়ও বেশী হয়। াড, ভি, সি ও পশ্চিমবঙ্গ সরকার দুই পক্ষই এইগুলি অনুভব করেছেন। এই দ্বৈত নিয়ন্ত্রণের অবসানের জন্য স্থির করা হয়েছে যে ডি, ভি, সির সমস্ত সেচ খাল ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করবেন। কোন সঠিক তারিখ এখনও নির্ধারিত হয়নি। বহু কোটি টাকা ব্যয়ে সেচের ব্যবস্থা হয়েছে তারপুর্ণ সদ্ব্যবহার করার পক্ষে াড, ভি, সি এ্যাক্টে যথেষ্ট ব্যবস্থা নেই তাই পশ্চিমবঙ্গ সরকারকে এই সম্বন্ধে একটি পৃথক আইন করতে হবে। বহু ব্যক্তি এবং কোন কোন প্রতিষ্ঠান, বিশেষ করে জেলা ও শাখা কংগ্রেস কমিটিগুলি সেচের ব্যাপারে সরকারকে সাধ্যমত সাহায্য করছেন। কিন্তু দুঃখের কথা, অনেক ব্যক্তি ও প্রতিষ্ঠান এই আইনের অপব্যাখ্যা করে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টাও করছেন। এমন কি যদিও আইনে সুস্পষ্টভাবে উল্লেখ আছে যে খরিফ ও রবি চাষের জল-করের সর্বাধিক পরিমাণ বেঁধে দেওয়া হয়েছে মাত্র এবং আইন প্রণয়নের সময় সরকার থেকে

একথা বলা হয়েছিল যে প্রথম থেকেই এই সর্ব্বোচ্চ হার ধার্য্য হবে না। গত দুই বর্ষায় এবং আগামী বর্ষায় সরকার কত টাকা হিসাবে জলকর ধরবেন তা এখনও চূড়ান্তভাবে ধার্য্য করেননি। তবুও ইতিমধ্যে প্রতি একরে ১২॥ টাকা খরিফে এবং ১৫ টাকা রবি চাষের জন্য জলকর ধার্য্য হয়ে গেছে বলে প্রচার করে জনগণকে বিভ্রান্ত ও উত্তেজিত করা হচ্ছে। বলা বাহুল্য এ রকম চেষ্টা দেশের ও জাতির পক্ষে মঙ্গলজনক নয়।

গত খরিফ মরসুমে যথেষ্ট সময় হাতে রেখে সেচের জল খালসমূহে ছাড়া সুরু করা হয় যাতে ১লা জুলাই খালের শেষ প্রান্তে জল পৌঁছুতে পারে। কারণ এ' তারিখেই চাষীরা সাধারণতঃ খরিফের সেচ আরম্ভ করে। তবে খালসমূহের উপর দিকে কিছু কিছু চাষী উপযুক্ত সময়ের আগেই নিজেদের জমিতে জল নেওয়ার জন্য কয়েকটি জায়গায় চুপি চুপি বাঁধ কাটে। এর ফলে নিম্নাংশেরচাষীদের জমিতে জল পৌঁছাতে দেরী হয় এবং তাঁদের এলাকায় জল যেতে না যেতেই তারা অবৈর্ধ্যভাবে চোরাই খাল কেটে বা সেচ খালের উপর বাঁধ বাঁধে।

বর্ষার শুরুতেই কয়েকটি এলাকায় প্রচুর বৃষ্টিপাত হয় এবং ইতিমধ্যেই জমি ভিজে থাকায় জমিতে জল জমে থাকার আশঙ্কায় জনসাধারণ জমির জল খালে নামিয়ে দেবার জন্য খালগুলির পাড় কাটতে আরম্ভ করেন। এখানে একথা উল্লেখ করা অপ্রাসঙ্গিক হবে না যে বিশেষ পরিমাণ জল টানবার উপযুক্ত করে খালগুলি কাটা হয়েছে, তার চেয়ে বেশী জল খালে এলে পাড়ের বাঁধ ভাঙ্গে নয়তো বাঁধ ছাপিয়ে দুপাশের জমি ডুবিয়ে দেয়। তার উপর বর্ষার শেষ দিকে অস্বাভাবিক রকমের বৃষ্টিপাত হয়। ৮ই থেকে ১২ই সেপ্টেম্বর গোপাল নগরে ১৭.৮৮ ইঞ্চি বৃষ্টিপাত হয়—এটা এ' এলাকার বার্ষিক গড় বৃষ্টিপাতের এক তৃতীয়াংশের সামান্যর কিছু বেশী। এই হিসাব থেকে অতিবৃষ্টির পরিমাণ সম্বন্ধে মোটামুটি একটা ধারণা করা সম্ভব হবে। উক্ত অতিবৃষ্টির ফলে ব্যাপক বন্যা হয় এবং তাতে ডি, ভি, সির ক্যানেলসমূহ বিপুলভাবে ক্ষতি-গ্রস্ত হয়। পুল কালভার্ট সমেত ক্যানেল ও ডিষ্ট্রিবিউটরীসমূহে মেরামতযোগ্য ক্ষয়-ক্ষতির সংখ্যা প্রায় ৫০০। অবশ্য দ্রুত মরসুমে সেচ ব্যবস্থা বাধা না পায়।

এই প্রকার অস্বাভাবিক বৃষ্টিপাতের ফলে যে সব ক্ষয়ক্ষতি স্বাভাবিক তা ছাড়াও প্রসঙ্গক্রমে বলা চলে যে সাধারণ অবস্থাতেও সেচের নূতন ক্যানেলে এইরূপ ভাঙ্গন অভুতপুর্ব কিছু একটা নয়। কারণ জল সরবরাহের প্রথম দিকের কয়েক বৎসর না গেলে নূতন তোলা মাটি ভাল-ভাবে জমে শক্ত হয়ে বসতে পারে না।

অভিযোগ করা হয়েছে যে ডি, ভি, সি তাদের অতিরিক্ত জল খালসমূহে ছেড়ে নিম্নাংশে বন্যার সৃষ্টি করেছে। এ অভিযোগ সঠিক নয়। এই সরকারের সঙ্গে পরামর্শ করে ডি, ভি, সি প্রবল বৃষ্টিপাতের সুরুতেই দুর্গাপুরের প্রধান রেগুলেটারটি বন্ধ করে দেন এবং খালের জল এসকেপ দিয়ে বার করবার চেষ্টা হয়। অতিরিক্ত জল নিম্নাংশে কিছু পরিমাণ দাঁড়িয়ে যায়। কিন্তু পশ্চিমবঙ্গের ডি, ভি, সি এলাকায় জল দাঁড়াবার প্রধান কারণ উক্ত অঞ্চলে অস্বাভাবিক বৃষ্টিপাত। ডি, ভি, সি'র দুর্গাপুর ব্যারেজ থেকে জল ছাড়বার জন্য জল জমেনি।

ডি, ভি, সির নূতন কাটা বা সংস্কার করা ইলসুরা ঘিয়া প্রভৃতি চ্যানেল দিয়ে ঘিয়ার মোহনায় অতিরিক্ত বৃষ্টির জল জমা হয়। ডি, ভি, সি কুন্তী হতে একটা খাল কাটছেন যাতে এই সব নিকাশী খালসমূহের জলের একাংশ হুগলী নদীতে বইয়ে দেওয়া যায়। একটা রেলওয়ে পুলের সংস্কার ব্যতীত এই খালের কাজ মোটামুটি শেষ হয়েছে। সংস্কারের কাজও এগিয়ে

চলেছে। কিন্তু রেলকর্তৃপক্ষ এটা যথাসময়ে সম্পূর্ণ করতে না পারায় এই খাল পথের নিকাশী ব্যবস্থা বন্ধ রাখতে হয়েছিল। এই খালের উপর বাঘডাঙ্গায় একটা হেড রেগুলেটার তৈরী করা হয়েছে। খেয়ার জলে তাদের জমি ডুবে যেতে পারে এই ভয়ে বাঘডাঙ্গার উপরাংশের অধিবাসীরা রেগুলেটারটিকে যথেচ্ছরূপে ব্যবহার করেন। এ' কাটা খালেরই বাম তীরের বাঁধে আর একটি ভাঙ্গন দেখা দেয়। স্থানীয় জনসাধারণ নিজেদের ক্ষেতে জল নেবার উদ্দেশ্যে এই বাঁধটিতে অননুমোদিতভাবে জলপথ কেটে নেন। কাটা অংশ তারা ঠিকভাবে ভরাট না করায় এ' অংশে আর একটি ভাঙ্গন দেখা দেয়।

ঘিয়ার মোহনায় যথোপযুক্তরূপে জল নিকাশ না হওয়ায় কুন্তী খালের নিম্নাংশে যে বন্যা হয় তাতে প্রায় ৩০০০ হাজার একর জমি সাময়িকভাবে ডুবে যায়। উক্ত কথাগুলি মনে রাখলে এ কথা সহজেই বোঝা যাবে যে কুন্তী খাল কাটা না হলেও এই পরিস্থিতির উদ্ভব হতো। কারণ একটা অতিরিক্ত নিকাশী ব্যবস্থা হিসাবে এই খালটা কাটা হচ্ছে যে পরিমাণ জল এ পথে নেমে গেছে এই খালটা না থাকলে ঠিক সেই পরিমাণেই বন্যার প্রকোপ বৃদ্ধি পেত।

বন্যা বিধ্বস্ত এলাকায় খরিফ ফসল নষ্ট হওয়ায় বোরো ধানের চাষ দ্বারা একটা বাড়তি ফসল তোলবার চেষ্টা করা হয়। বোরোর জন্য এপ্রিলের শেষ পর্য্যন্ত সেচ জলের প্রয়োজন হয়। কিন্তু যাতে আগামী খরিফ মরসুমে সেচ কোন রকমেই বাধা না পায় এজন্য ক্ষয়ক্ষতি গুলি দ্রুত মেরামত করা প্রয়োজন, এইজন্য ১৯৬০ এর ফেব্রুয়ারীর পর আর খাল গুলি সেচের জন্য খোলা রাখা যায় নি। কাজেই ব্যাপক ভাবে বোরো চাষের জন্য উৎসাহ দেওয়ার ইচ্ছা আমাদের ছিল ততখানি উৎসাহ আমরা দিতে পারি নি। অবশ্য চিরাচরিত রবি শস্যের জল সরবরাহ করা হয়েছে। ঠিক কতখানি এলাকায় বোরো ও রবি শস্যের চাষ হয়েছে সেটা এখনও জানা যায় নাই।

তিলাইয়া ও মাইথনের জল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র গুলি ঠিকমত চলেছে। এই বছর পাঞ্চেতের জলবিদ্যুৎ যন্ত্র চালু হয়েছে। বোকারোতে ১,৫০,০০০ কিলোওয়াট তাপ বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা আছে। সেখানে আরও নূতন ৭৫,০০০ কিলোওয়াট বাড়ান হচ্ছে। দুর্গাপুরের নূতন ১,৫০,০০০ কিলোওয়াট তাপ বিদ্যুতের কারখানা তৈরীর কাজ এগিয়ে চলেছে। বোকারোর নূতন বিদ্যুৎ যন্ত্র এবং দুর্গাপুর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র আগামী বছরে চালু হবে। এইসব কাজ শেষ হলে ডি, ভি, সি মোট ৩,৫২,০০০ কিলোওয়াট শক্তি যোগাতে পারবে। সব কেন্দ্রগুলিকে পুরাদমে চালিয়েও চাহিদা মেটানো যাচ্ছে না, খরিদ্দারের বরাদ্দ যোগান কমাতে হচ্ছে। নূতন যে উৎপাদনের আয়োজন হয়েছে ইতিমধ্যে নূতন চাহিদা তাকেও ছাড়িয়ে গেছে।

এই বছর (১৯৫৯-৬০) ডি, ভি, সি বিহারের চন্দ্রপুরায় একটি ২,৫০,০০০ কিলোওয়াট তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের অনুমতি পেয়েছেন। এ ছাড়া ক্রমবর্ধমান চাহিদা মেটাবার জন্য তাঁরা আরও বিদ্যুৎ যন্ত্র স্থাপনের প্রস্তাব করেছেন। চন্দ্রপুরায় বিদ্যুৎ কেন্দ্র ১৯৬৩-৬৪ সালে চালু হবে বলে আশা করা যায়। চন্দ্রপুরায় বিদ্যুৎ কেন্দ্র চালু হলে ডি, ভি, সি ৫,৩৪,০০০ কিলোওয়াট শক্তি যোগাতে পারবে। ভারত সরকার ও ডি, ভি, সির হিসাব মতে এ' সময় খরিদ্দারের চাহিদা এই উৎপাদনকেও অনেকখানি ছাড়িয়ে যাবে। আর একটি উল্লেখযোগ্য ঘটনা হচ্ছে যে, এ বছর ডি, ভি, সি এর দুর্গাপুর তাপ বিদ্যুৎ কেন্দ্রের সংগে পশ্চিমবঙ্গ

সরকারের দুর্গাপুর তাপ বিদ্যুৎ কেন্দ্রের সংযোগ স্থাপিত হচ্ছে এবং ডি, ভি, সি পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ কেন্দ্রকে বছরে ৩ মাস (যখন তাদের ৩০,০০০ কিলোওয়াট বিদ্যুৎ যন্ত্র গুলি মেরামত ও পরীক্ষার জন্য বন্ধ থাকবে) ৩০,০০০ কিলোওয়াটে বিদ্যুৎ শক্তি সরবরাহ করতে স্বীকৃত হয়েছেন। এর ফলে, পশ্চিম বঙ্গ সরকারের কেন্দ্র থেকে বিভিন্ন শিল্পপ্রতিষ্ঠানকে বিদ্যুৎ শক্তি সরবরাহের অনেক সুবিধা হবে।

ডি, ভি, সি এর বিদ্যুৎ শক্তি ব্যবহার করছে বড় বড় লৌহ ইস্পাতের কারখানা, কয়লা, তামা ও অভ্রের খনি, রেলের ইনজিন তৈরী ও টেলিফোনের কেবল তৈরীর কারখানা প্রভৃতিতে। আবার এই শক্তি কিনছেন পশ্চিম বঙ্গ সরকার, বিহার সরকার, ভারতীয় রেলওয়েজ, কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন প্রভৃতি। এই শক্তির সাহায্যে চলছে ছোট বড় বহু সংখ্যক কুটির ও ক্ষুদ্র শিল্প। বাংলা ও বিহারে বহুস্থানে এই বিদ্যুৎ শক্তিকে জমিতে সেচের কাজেও লাগান হচ্ছে। এই শক্তি বিক্রয় করে ডি, ভি, সি ১৯৫৮-৫৯ সালে প্রায় ৪ কোটি ৭৭ লক্ষ টাকা আয় করেছেন। চলতি বছরে ১৯৫৯-৬০ সালে এ' আয় ৫ কোটি ৪৭ লক্ষ টাকা ধরা হয়েছে। ১৯৬০-৬১ সালে ৭ কোটি টাকা আয় হবে অনুমান করা হয়েছে। আশা করা যায় এই দুই বৎসরএ আয় কিছু বৃদ্ধি হতে পারে। ১৯৬১-৬২ সালের শেষে বার্ষিক আয় ৯ কোটি টাকায় দাঁড়াতে পারে।

গত বন্যার সময় পাল্লা রোডের নিকট, চেন ২৮০৬, ডি, ভি, সির নাব্য খালের একটি রেগুলেটর ভেঙ্গে পড়ে। এটা বড ধরণের ইমারতী কাজ বলে এটা তৈরী করতে প্রায় ২ বৎসর লাগবে অর্থাৎ ২ টি ওয়ার্কিং সিজেনের দরকার। কাজেই পূর্ব পরিকল্পনা অনুযায়ী নৌ চলাচলের জন্য আগামী ১লা জুলাই খালটি উন্মুক্ত করা যাবে না। অদৃষ্টপূর্ব আর কোন বাধা দেখা না দিলে, আশা করা যায় নাব্য খালটি আগামী বৎসরের মাঝামাঝি নৌ চলাচলের জন্য উন্মুক্ত করা যাবে।

ডি, ভি, সি থেকে বন্যা নিয়ন্ত্রন, বিদ্যুৎ উৎপাদন ও জলসেচ ব্যতীত ভূমি ক্ষয় নিবারণ, বন সৃজন, মাছের চাষ, মাঝারি শিল্প প্রতিষ্ঠান প্রভৃতি বহু প্রকারের যে সব কাজ হচ্ছে ও হবে তার বিশদ বিবরণ গত বৎসরের বাজেট আলোচনায় বলেছি, তাহার পুনরাবৃত্তি করতে চাই না। বিদেশী বিশেষজ্ঞগন এক বাক্যে বলেছেন যে দামোদর উপত্যকার উন্নয়নের যে সম্ভাব্যতা আছে তাতে এ অঞ্চল একদিন ভারতের রূঢ়ে পরিণত হতে পারবে। সেই কল্পনাকে সার্থক করে তোলার দায়িত্ব নিয়েছেন ডি, ভি, সি। পশ্চিম বাংলার মধ্যে দুর্গাপুর অঞ্চলের জঙ্গল এলাকা অদূর ভবিষ্যতে শব্দ-মুখর কর্ম-চঞ্চল বিরাট এক শিল্প অঞ্চলে পরিণত হতে চলেছে।

কতকগুলি প্রকল্পের কাজ সম্পূর্ণ হওয়ার ক্রম বর্ধমান সংখ্যায় শ্রমিক কর্মচারীদের ছাঁটাই বা কর্মচ্যুত করার প্রয়োজন হয়। অংশীদার সরকার এর ও অন্যান্য প্রতিষ্ঠানের সহায়তায় কর্মচ্যুত অধিকাংশ কর্মচারীর কর্ম সংস্থান করা সম্ভব হয়েছে। ১৯৫৯ এর ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত ৫৮০৬ জন কর্মচ্যুত কর্মচারীর মধ্যে মাত্র ৮৫৪ কর্ম সংস্থান করার কাজ বাকী ছিল, ২৫।২।৬০ তারিখে এই সংখ্যা কমে ৭৭১ এ দাঁড়িয়েছে।

আমি আশা করি এই বিধান সভা ডি, ভি, সির এই ব্যয় বরাদ্দ অনুমোদন করবেন।

Shri Ajit Kumar Ganguli: Sir, I beg to move that the demand of Rs. 6.96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Experses—18—Other Revenue expenditure financed

from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Sudhir Kumar Pandey: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Shyama Prasanna Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100

Shri Jagat Bose: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure Connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Mihirlal Chatterjee *: Sir, I beg to move that the demand* of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure Connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Dr. Pabitra Mohan Roy : Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11. Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure Connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial) —80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Bhuban Chandra Kar Mahapatra : Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure Connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial) —80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Bhupal Chandra Panda : Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure Connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Jatindra Chandra Chakravorty : Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure Connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigntion, Embankment and Drainage Works (Commercial)

—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Phakir Chandra Ray: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure Connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Pramatha Nath Dhibar: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure Connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Gobinda Charan Maji: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure Connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigatian, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial) —80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure Connected wtih Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial) —80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Elias Razi: S'r, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigarion—

Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Basanta Lal Chatterjee : Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Basu : Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial) —80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account'', be reduced by Rs. 100.

Dr. Kanailal Bhattacharjee : Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation. Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Sitaram Gupta : Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Mukhopadhyay: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works-(Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Haran Chandra Mondal: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Ramanuj Halder: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-perpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Renupada Halder: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Sisir Kumar Das: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation,

Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Dr. Jnanendra Nath Majumdar : Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18 -Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Constrction of Irrigation, Navigation. Embankment and Drainage Works (Non-Commercial) —80 A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Ghosal : Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial) —80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Gobardhan Das : Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No.11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Coustruction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Jyoti Basu : Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation —Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial) —80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Gangadhar Naskar: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue—51B—Other Revenue expenditure Connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Somnath Lahiri: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenue.. 51B.. Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation Navigation, Embankment and Drainage Works (Commercial)...68A . Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)...80A...Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Syed Badrudduja: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII...Irrigation Working Expenses...18...Other Revenue expenditure financed from Ordinary Revenue...51B.. Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes...68...Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)...68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)...80A...Capital Outlay on Multi purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII...Irrigation...Working Expenses...18...Other Revenue expenditure financed from Ordinary Revenue...51B...Other Revenne expenditure connected with Multi-purpose River Schemes...68...Constiuction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)...68A...Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)...80A...Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII...Irrigation...Working Expenses...18...Other Revenue expenditure

financed from Ordinary Revenue...51B...Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes...68...Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)...68A Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)...80A...Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII...Irrigation...Working Expenses...18...Other Revenue expenditure financed from Ordinary Revenue...51B...Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes...68.. Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)...68A...Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)...80A.. Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII... Irrigation...Working Expenses...18...Other Revenue expenditure financed from Ordinary Revenue...51B...Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes...68...Construction of Irrigation Navigation, Embankment and Drainage Works (Commercial)...68A... Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Work (Non-Commercial).. 80A...Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 6,96,14,000 for expenditure under Grant No. 11, Major Heads "XVII...Irrigation...Working Expenses...18...Other Revenue expenditure-financed from Ordinary Revenue...51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)—80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account", be reduced by Rs. 100.

বিশেষজ্ঞতার এই বুদ্ধি বিভ্রান্তির জন্যও বহু সেচ-পরিকল্পনা ব্যর্থতার স্তূপে পরিণত হয়ে গেছে। আমাদের জেলার এর অজস্র উজ্জ্বল দৃষ্টান্তের আজ কোন অভাব নেই। বিরাট জাতীয় অগ্রগতির জন্য যে জনসংযোগ আজ অপরিহার্য্য বিশেষজ্ঞতার আত্মাভিমান ও দুর্নীতির সুযোগের ক্ষেত্রের জন্য আজ সেই জন-সংযোগের কাম্য অবারিত পথকে রুদ্ধ করে রাখা হচ্ছে এই ব্যর্থতার মূল কারণ উপযুক্ত পরিকল্পনার অভাব ও সুযোগ্য পরিচালনার দৈন্য। দেশের বিরাট এই সেচ ব্যবস্থাকে সমর্থক করতে হলে, বিকেন্দ্রিত কর্ম্মধারাতেই তা রূপায়িত করতে হবে। কাজের উপযোগিতার দিক থেকেও যেমন এর চাহিদা রয়েছে, তেমনি প্রতিকারহীন সরকারী অযোগ্যতার হাত থেকে সেচ ব্যবস্থাকে জনশক্তির হাতে প্রসারিত করে দেবার প্রয়োজনেও আজ এই বিকেন্দ্রিত কর্ম্মধারার দাবী রয়েছে। সবচেয়ে আজ বড়ো কথা এই যে, জাতীয় জীবনের সবচেয়ে এই জরুরী কর্ম্মব্যবস্থার প্রতিই যদি এহেন সরকারী ঔদাসীন্য ও বিভ্রান্তি হয় তবে আমাদের জন্য এই সরকার শাসন পরিচালনার কোন যোগ্যতা দেখাতে পারবেন শুনে আজ সকলকেই আশ্চর্য্যান্বিত হতে হবে যে, বঙ্গভুক্তির পর থেকে আমাদের জেলায় দীর্ঘ এই তিন বছরে আমাদের দিক থেকে বহু কার্য্যকরী বিশেষ স্বাভাবিক সম্ভাবনাপুর্ণ ক্ষুদ্র সেচ ব্যবস্থার বহু পরিকল্পনা দেওয়া হয়েছে। কিন্তু সে সবের বিষয়ে আজও পর্য্যন্ত একটা তদন্তের ব্যবস্থাও হয় নি। অথচ এ সকল সেচ পরিকল্পনাগুলি জেলার ব্যাপক গণদাবীর ওপরই প্রতিষ্ঠিত। সেচের নৈসর্গিক সম্ভাবনাপুর্ণ স্বাভাবিক উৎসগুলিকে কার্য্যকরী করার কোন পরিকল্পনা সরকার নিজে থেকেও গ্রহণ করেন নি। পুষ্করিনী প্রভৃতির গতানুগতিক পরিকল্পনা যা গৃহীত হয়েছে তার প্রায় সবই যেমন অসম্পূর্ণ হয়েছে তেমনি তা যথার্থ সেচ পরিকল্পনারও অযোগ্য হয়েছে। জলাধার যদি উপযুক্তও হোত তবু কাজ সম্পূর্ণ হোত না। ভূমির গঠন প্রকৃতি অনুসারে উপযুক্ত ব্যবস্থায় তাকে কৃষিক্ষেত্রে পৌঁছে দেবার, ছড়িয়ে দেবার, তাকে স্থায়িত্ব দান করবার পরিকল্পনাই সেচ পরিকল্পনার পুর্ণাঙ্গ পরিণতি। তাই, সমস্ত দায়িত্বে এবং বিষয়ের গুরুত্বে এই প্রশ্নকে না গ্রহণ করলে যে ব্যর্থতা অবশ্যম্ভাবী—আজ তাই হচ্ছে।

[6-10—6-20 p.m.]

Shri Provakar Pal :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা একটা গুরুত্বপুর্ণ জিনিষের আলোচনা শুরু করছি। পশ্চিমবংগের মত কৃষি প্রধান দেশে যে দেশেতে এখন পর্য্যন্ত খাদ্যের প্রচুর অভাব রয়েছে সেই দেশের সেচ বিভাগের যে একটা গুরুত্বপুর্ণ ভূমিকা অবলম্বন করার রয়েছে সে সম্পর্কে কোন সন্দেহ নেই। আমাদের দেশ কৃষি প্রধান হওয়া সত্বেও এবং আমাদের ১২ বছর স্বাধীনতা ভোগকরা সত্বেও আজকে আমাদের কৃষি অনেক পিছনে পড়ে রয়েছে। কৃষি সমস্যা সমাধানের জন্য পশ্চিমবংগের কৃষি বিভাগ বিভিন্ন মাল্টিপার্পাস রিভার ভ্যালির মাধ্যমে, ছোট ছোট সেচ পরিকল্পনার মাধ্যমে বাংলাদেশের গ্রামে গ্রামে জল দেবার জন্য যে পরিকল্পনা বাস্তবে রূপায়িত করেছেন সেই জন্য আমি বাংলাদেশের সেচ মন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। তবে একটা কথা আমি এই প্রসঙ্গে বলতে চাই যে পরিকল্পনার মধ্যে ত্রুটি থাকায় জল নিষ্কাশন ব্যবস্থা ব্যর্থ হয়েছে। ১৯৫৬ এবং ১৯৫৯ সালে পশ্চিমবংগের বুকের উপর যে বন্যা হয়েছে এই পরিকল্পনা তার জন্য অনেকাংশে দায়ী। সেচ পরিকল্পনায় যদি জল সেচনের সংগে সংগে জল নিষ্কাশনের উপযুক্ত ব্যবস্থা থাকত তাহলে ১৯৫৬ এবং ১৯৫৯ সালের বন্যা পশ্চিমবংগের

বুকে আসত না। এ সম্পর্কে পশ্চিমবংগ সরকার যে ফ্লাড এনকোয়ারী কমিটি বসিয়েছেন এই কমিটি যদি ১৯৫৬ সালের বন্যার পর বসিয়ে তার তদন্ত করে পশ্চিমবংগে যাতে আর বন্যা না হয় তার উপযুক্ত ব্যবস্থা করতেন তাহলে ১৯৫৯ সালে যে বিধ্বংসী বন্যা হয়ে গেল তা সামগ্রিক-ভাবে না হলেও আংশিক ভাবে রোধ করা যেত। এ সম্পর্কে আমি যে জেলা থেকে এসেছি সেই জেলার কয়েকটি পরিকল্পনা সম্বন্ধে কয়েকটি প্রস্তাব দেব এবং তার সমাধানের কথা বলব। বর্ধমান বিভাগের অন্যান্য জেলাগুলির ন্যায় হুগলী জেলার মধ্য দিয়া প্রবাহিত ভাগীরথী, দামোদর, দ্বারকেশ্বর, রূপনারায়ণ ও দামোদরের শাখা বলিয়া পরিচিত মুণ্ডেশ্বরী প্রভৃতি নদ ও নদীগুলি উত্তর হইতে দক্ষিণে প্রাকৃতিক নিয়মে প্রবাহিত হইয়া চলিয়াছে। ইহা ব্যতীত এই জেলার অন্যান্য শাখানদী, খাল বিলের জলধারার গতিপথ সাধারণতঃ উত্তর হইতে দক্ষিণে এবং স্থানে স্থানে তাহা পশ্চিম হইতে পুর্বে বিস্তৃত হইয়াছে। এই জেলার সমস্ত নদ-নদী ও খাল-বিলের জল প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জেলার পুর্ব প্রাপ্ত ও হাওড়া জেলা দিয়া প্রবাহিত ভাগীরথীতে গিয়া পড়িয়াছে ও পড়িতেছে। এক কথায় হুগলী জেলার সমস্ত জল নিকাশনের গতিপথ ভাগীরথীমুখীন বলা চলে।

ভাগীরথী যাহা হুগলী জেলার সঞ্চিত জলরাশি ও নদীগুলির জলধারার মূল গতিপথ—সেই ভাগীরথীর ধীরে ধীরে নাব্যতা হ্রাস পাইয়াছে। ভাগীরথীর সঞ্চিত পলিমাটি উক্ত নদীগর্ভকে উচ্চতর করিতেছে অর্থাৎ গুরুত্বপুর্ণ নদীটি মজিয়া যাইতেছে। ইহার ফলে জেলার জলরাশিকে ভাগীরথী পুর্বের ন্যায় গ্রহণ করিতে পারিতেছে না; অপর দিকে জেলার অন্যান্য নদ-নদী ও খাল-বিলগুলি স্থানে স্থানে মজিয়া যাওয়ায় সেগুলিরও প্রবাহিত জলধারা বর্তমানে ব্যাহত হইয়াছে ও হইতেছে। এই সকল কারণে এই জেলায় বর্তমানে অতিবৃষ্টি ও বন্যার সময় প্রয়োজন অনুসারে বিভিন্ন অঞ্চলে জলধারা নিষ্কাশিত হয় না ও হইতে পারে না, তার উপর সেই সময় ভাগীরথীর জলের চাপও বৃদ্ধি পায়। যাহার ফলে এই জেলার জনসাধারণ অসীম দুর্গতি ভোগ করিতেছে, শস্য উৎপাদন ব্যাহত হইতেছে ও শস্য হানি ঘটিতেছে। সেই জন্য এই সমস্যার মূল কারণ যাহা তাহার সমাধানকল্পে ভাগীরথীর নাব্যতা বজায় রাখিতে এবং তাহা প্রবাহমান রাখিতে ফরাক্কায় গঙ্গাবাঁধ নির্মান একান্ত প্রয়োজন। গঙ্গাবাঁধ পরিকল্পনা কার্যকরী না হওয়া পর্যন্ত এই মূল সমস্যার সমাধান হওয়া একপ্রকার অসম্ভব হইবে বলিয়া মনে হয়।

এই অবস্থার উপর হুগলী জেলার দুই-তৃতীয়াংশ এলাকা যাহা দামোদর পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে, সেই সব অঞ্চলে নুতন সেচখাল ও জল নিকাশনী খাল খনন করা হইয়াছে। বন্যা ও বর্ষার সময় সেগুলিতেও জল নিয়ম অনুসারে সরবরাহ করা হয় না ও নিষ্কাশিত হয় না। সেই জন্য অনিষ্কাশিত জলের চাপ জেলার বহুস্থানে বৃদ্ধি পায় এবং জেলা-বাসীগণের অবর্ননীয় দুর্গতির কারণ হইয়া উঠে। উপরোক্ত অবস্থা সমূহই হুগলী জেলার বিস্তৃত অঞ্চলে বিধ্বংসী বন্যা ও তাহার তাণ্ডবলীলার কারণ বলিয়া আমরা মনে করি। জেলার মধ্য দিয়া প্রবাহিত নদীগুলির কোন কোন নদীর কোন কোন স্থানে মজিয়া জমিতে পরিণত হইয়াছে বা স্বতন্ত্র পুষ্করিনীরূপে ব্যবহৃত হইতেছে; সেই সকল স্থান খনন পুর্বক নদীর অন্তর্ভুক্ত করিয়া সেই সকল নদীকে স্বাভাবিক ধারায় প্রবাহমান করিতে হইবে।

এই জেলার আরামবাগ মহকুমা অঞ্চলের সমস্যা ভিন্নধরনের। সেই সম্পর্কে কিছু উল্লেখ করা প্রয়োজন। আরামবাগ মহকুমার গ্রামাঞ্চল দামোদর পরিকল্পনার সেচ বহির্ভুত এলাকা হওয়ায় সেখানকার অবস্থা আরও সংকটজনক। দামোদর ও রূপনারায়ন নদ আরামবাগ

মহকুমার মধ্যে দিয়াই প্রবাহিত। মূল দামোদর পূর্বাপেক্ষা মজিয়া যাওয়ায় ইহার অধিকাংশ বন্যার জল প্রবলবেগে ইহারই শাখা নদী মুণ্ডেশ্বরী দিয়া বহিয়া যায়। বর্ষার সময় ও বন্যার সময় পরিকল্পনার এই সেচ বহির্ভূত এলাকা এই মহকুমা দিয়া দামোদরের বন্যার জল বন্যার বিধ্বংসী তাণ্ডব অবস্থার সৃষ্টি করে। দামোদর পরিকল্পনার পরে এখনও এই মহকুমার বন্যার গতিবেগও তাহার ফলে ক্ষতি ও জনসাধারণের আতংক ও দুর্ভোগ দেখিয়া মনে হয় বর্তমান দামোদর পরিকল্পনা এই অঞ্চলের বিধ্বংসী বন্যা প্রতিহত করিতে সক্ষম হয় নাই। সেই জন্য দামোদর পরিকল্পনায় যে কয়টি বাঁধ বা ব্যারেজ নির্মিত হইয়াছে তাহা পরিকল্পনার কল্যান-রূপদানে সমর্থন বা উপযুক্ত নয়। দামোদরের উপর নূন্যপক্ষে মূল পরিকল্পনা অনুযায়ী আরও দুইটি বাঁধ নির্মান প্রয়োজন।

উল্লিখিত অবস্থা সমূহের পরিপ্রেক্ষিত, আমরা নিম্নরূপ পরিকল্পনা সমূহ রূপায়নের জন্য সুপারিশ করিতেছি। আমরা মনে করি এই পরিকল্পনা সমূহ রূপায়িত হইলে তাহা জেলার জল নিকাশন ও বন্যা প্রতিরোধে বিশেষ সহায়ক হইবে। ইহার ফলে একদিকে তাহা জেলাবাসীর দুর্গতি মোচনে, অন্যদিকে সেচের সহায়ক হইবে বলিয়া তাহা শস্য উৎপাদনেও সাহায্য করিবে।

বর্ধমান জেলাব প্রান্তদেশ হইতে আসিয়া হুগলী জেলার সদর মহকুমার ধনিয়াখালি ও পোলতা থানা, এবং চন্দননগব মহকুমাব হরিপাল সিঙ্গুর ও ভদ্রেশ্বর থানার মধ্য দিয়া প্রবাহিত হইয়াছে। এই নদীর পরিসর, গভীরতা বৃদ্ধি করিতে হইবে এবং উভয় দিকের বাঁধের উচ্চতা বৃদ্ধি করিতে হইবে।

এই জেলাব সদর মহকুমার ধনিয়াখালি থানার পশ্চিম উত্তর প্রান্ত হইতে বহির্গত হইয়া পোলতা থানাব পশ্চিম প্রান্ত এবং চন্দননগব মহকুমাব হবিপাল, সিঙ্গুব থানাগুলির মধ্য দিয়া প্রবাহিত হইয়া ঘীয়া নদীতে মিশিয়াছে। এই নদীব গভীরতা বৃদ্ধি কবিতে হইবে এবং দুই দিকের বাঁধেব উচ্চতা বৃদ্ধি করিতে হইবে।

Shri Provash Chandra Roy :

মাননীয় সভাপাল মহাশয়, ইতিপুর্বে মাননীয় সদস্য বিনয় চৌধুরী মহাশয় দামোদর এবং ময়ুরাক্ষী পরিকল্পনা সম্পর্কে বিশেষ ভাবে আলোচনা করেছেন, আমি এখানে ক্ষুদ্র সেচ পরিকল্পনা এবং জল নিকাশী ব্যবস্থাকে অবহেলা করবার ফলে পশ্চিমবাংলায় বিশেষ করে ২৪পরগণা জেলায় যে দুরবস্থা ঘটেছে সে সম্পর্কে কিছু আলোচনা করতে চাই। আমি মনে করি বাংলাদেশের মত একটা ঘাটতি প্রদেশ যতদিন না পর্য্যন্ত আমরা ক্ষুদ্র সেচ পরিকল্পনা এবং জল নিকাশী ব্যবস্থার উপব নজর দিচ্ছি ততদিন পশ্চিমবাংলায় খাদ্য সংকটের সমাধান হতে পারে না। আমরা বহু বৎসর ধরে দেখে আসছি যে এই সেচ খালগুলি এবং জলনিকাশী খাল-গুলি মজে যাওয়ায় ফলে প্রতি বৎসরই লক্ষ লক্ষ বিঘা জমিতে ধানের চাষ নষ্ট হচ্ছে। আমরা জানি প্রতি বৎসর বাংলাদেশে খাদ্য ঘাটতি বেড়ে চলেছে এবং যতদিন পর্য্যন্ত না এই ক্ষুদ্র সেচ পরিকল্পনাগুলি ঠিকভাবে করা হয় এবং জলনিকাশী ব্যবস্থার সমাধান হয় ততদিন পর্য্যন্ত এই খাদ্য সংকটথেকে বাংলাদেশ বাঁচতে পারে না। মাননীয় সভাপাল মহাশয়, আমাদের ২৪পরগণা জেলায় কোলকাতা শহরের দক্ষিণ পাশ্ববর্তী বেহলা, টালীগঞ্জ, বিষ্ণুপুর, মহেশতলা, বজবজ, সোনারপুর প্রভৃতি থানা বহু বৎসর ধরে ভেসে যাচ্ছে। শুধু তাই নয়, ডায়মণ্ডহারবার মহকুমায় ফলতা, মগরাহাট থানা, এবং সমগ্র ব্যারাকপুর মহকুমায় গ্রামাঞ্চলে ভেসে যাচ্ছে,

থেকে মনে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ও এ বিষয় চুপচাপ বসে আছেন, তাই তার ও বক্তৃতার মধ্যে থেকে মনে হল তিনিও এ বিষয়ের প্রতি সচেষ্ট দৃষ্টি দিয়েছেন, এটাই তিনি তাঁর প্রারম্ভিক বক্তৃতায় আমাদের সামনে রেখেছেন।

আমার কথা হচ্ছে আজকে আমাদের দেশের প্রত্যেকটি চিন্তাশীল ব্যক্তি, শুধু চিন্তাশীল ব্যক্তি নন, এ সম্বন্ধে যাঁদের অভিজ্ঞতা আছে, জ্ঞান আছে, তাঁরা সকলেই চিন্তা করছেন এই রকম বিরাট বন্যা পশ্চিম বাংলার উপর দিয়ে কেন হল, তার কারণ কি ? হয়ত সোজা কথায় বলে দেওয়া যেতে পারে এই রকম ধরণের বৃষ্টি গত দু বছরের মধ্যে হয়নি। তাই এই রকম বন্যা বিগত কয়েক বছরের মধ্যে সম্ভব হয় নি। কিন্তু সেটাই একমাত্র কারণ নয়, এর আর একটা কারণ আছে। প্রাগ বৃটিশ যুগে আমাদের বাংলাদেশে নদীর বহতা যে রকম ছিল, আমাদের পশ্চিম বাংলায় ড্রেইনেজ এবং ইরিগেশন সিষ্টেম যে রকম ছিল, অর্থাৎ বৃটিশ আসবার দু হাজার বৎসর আগে যে সিষ্টেম চালু ছিল, তার দ্বারা আমরা দেখেছি বাংলাদেশে বন্যা এসেছে এবং সঙ্গে সঙ্গে বন্যা জলনিকাশী ব্যবস্থা ছিল বলে নেমে গিয়েছে, পলি পড়েছে, চাষের জমি উর্বর হয়েছে ; যে সমস্ত নদী বা বিল জমিতে জল সরবরাহ করে, সেগুলি বন্যার জলে পরিপুর্ণ হয়ে জল সরবরাহ করতে সক্ষম হচ্ছে। শুধু তাই নয় ট্যাঙ্ক, খাল, পুকুরগুলিকে জলপ্লাবিত করে পরিষ্কার করে দিচ্ছে এবং আমাদেব দেশের শস্য,স ম্পদকে বাড়াচ্ছে। কিন্তু বৃটিশ আসার পর আমরা একটা জিনিষ দেখতে পাই—আমাদের দেশের ড্রেইনেজ এবং ইরিগেশন সম্বন্ধে তাঁদের জ্ঞানের অভাবেই হোক বা তাঁদের সাম্রাজ্যবাদী মনোভাবের জন্যই তাঁরা এটা সম্পূর্ণরূপে উপেক্ষা করতে সুরু করলেন, শুধু তাই নয়, এদিকে দৃষ্টি না দিয়ে তাঁরা রেলপথ, রাস্তা, বাঁধ ইত্যাদি তৈরী করতে সুরু করলেন তাঁদের নিজেদের ব্যবসা বাণিজ্যের সুবিধার জন্য। আমাদের দেশের ড্রেইনেজ তাতে ক্ষতিগ্রস্ত হতে পারে কিনা, আমাদের দেশের ইরিগেশন তার দ্বারা বাঞ্চাল হতে পারে কিনা, সে দিকে কিছুই নজর দেন নি। তাঁরা কলকাতার পোর্ট তৈরী করেছেন বটে, কিন্তু তা শুধু নিজেদের জাহাজ চলাচলের সুবিধার জন্য, যেটুকু দরকার সেই অনুযায়ী ব্যবস্থা করেছিলেন। কিন্তু আমাদের হুগলী নদীর জল যদি কমে যায় তাহলে তার জন্য কি ব্যবস্থা অবলম্বন করতে হবে, সেদিকে তাঁরা নজব দেননি। আর একটা জিনিষ হচ্ছে বৃটিশ চলে যাবার পর কংগ্রেসী সরকার সে দিকে নজর দেননি। বৃটিশ যেভাবে ইরিগেশন করার বন্দোবস্ত করে গিয়েছিলেন, ঠিক সেই পন্থা অনুসরণ করেই তাঁরা কাজ করে চলেছেন। সেই জন্য আমরা দেখছি গত ১২ বছরের মধ্যে আমাদের দেশে ইরিগেশন এবং ড্রেইনেজ সিষ্টেম এর কোন ইন্‌টিগ্রেটেড প্লেন সরকারের পক্ষ থেকে তৈরী হয়নি।

[11—11-10 a.m]

গত ১২ বছরের মধ্যে আমাদের দেশে ইরিগেশন সিষ্টেম ও ড্রেইনেজ সিষ্টেম এর কোন ইনটিগ্রেটেড প্ল্যান সরকার পক্ষ থেকে তৈরী করা হয় নাই। দামোদর ভ্যালী কর্পোরেশন করলেন কি জন্য ? না, বন্যা নিরোধ করা হবে, সেচের বন্দোবস্ত করা হবে এবং বিদ্যুৎ সরবরাহ করা হবে। তার কি হয়েছে ? সমস্ত বাংলা দেশটাকে ঠিকমত একটা পরিকল্পনার মধ্যে আনলে আজকে বলতে হত না আমাদের এই দামোদর ভ্যালী পরিকল্পনা ব্যর্থ হতে চলেছে। দামোদর ভ্যালী বন্যা নিরোধ করতে পারেনি অক্ষম হয়েছে। যদি আমরা দেখতাম যে আমাদের সরকার আমাদের দেশে নদীগুলির জলনিকাশী ক্ষমতা অর্থাৎ ড্রেইনেজ

করবার ক্ষমতা আছে কিনা, সেদিকে দৃষ্টি দিয়ে তাঁরা যদি একটি ইন্‌টিগ্রেটেড প্ল্যান তৈরী করতেন তাহলে আজ আর আমাদের এই ব্যর্থতার সম্মুখীন হতে হতো না। তাই আজ আমি সরকারের কাছে একটা কথা রাখতে চাই। আপনারা যে মেট্রোপলিটন ওয়াটার বোর্ড করেছেন, সিউয়েজ ডিসপোজাল করার জন্য গ্রেটার ক্যালকাটা ড্রেইনেজ সিষ্টেম করছেন, তৃতীয় পরিকল্পনায় ফরাক্কা বাঁধ নির্ম্মাণ করবার প্রয়োজনীয়তা আছে, আপনারা কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছেন কলিকাতা বন্দরকে বাঁচাবার জন্য। আমি মনে করি নিশ্চয়ই এগুলির প্রয়োজন আছে। আজকে কলকাতার জল সাপ্লাই এর জন্য মেট্রোপলিটান ওয়াটার বোর্ড হবার প্রয়োজন আছে। এই সিউয়েজ ড্রেইনেজ স্কীম করা দরকার কলকাতা ও সহরতলীর ময়লাজল নিষ্কাশনের জন্য। একথা কেউ অস্বীকার করবে না। ফরক্কা বাঁধেরও দরকার। ডি-ভি-সি'র যে ভাবে পরিকল্পনা করেছেন ; তা আরো সুষ্ঠু ও সম্পূর্ণ করা দরকার একথা কেউ অস্বীকার করবে না। আমি মন্ত্রী মহাশয়কে বলতে চাই—আপনি ইরিগেশন ডিপার্টমেণ্টএর ভেতর দিয়ে পরিকল্পনা করেছেন করুন। তার ও প্রয়োজন আছে। একটু শুধু দৃষ্টি রাখুন সমস্ত পশ্চিম বাংলার মধ্যে জল নিষ্কাশনী পরিকল্পনার সঙ্গে সঙ্গে আর একটা পরিকল্পনা করতে হবে—তা হচ্ছে সেচের পরিকল্পনা। তার জন্য এই সব পরিকল্পনা—কলিকাতা ও সহরতলীর ময়লাজল নিষ্কাশন, ফরাক্কা বাঁধ, তার সঙ্গে ডি, ভি, সি সমস্ত কিছু এক সঙ্গে—সমগ্র বাংলা দেশে একটা মাষ্টার প্ল্যান তৈরী করবার প্রচেষ্টা না করে—আপনারা যদি ভাগে ভাগে এই ধরণের পরিকল্পনা করতে চান, তাহলে প্রতি বছর এই রকম করে প্রচণ্ড বন্যা এসে বাংলা দেশর সর্ব্বনাশ করবে। সেই জন্য আপনার কাছে একটা সাজেসান রাখতে চাই। আজকে দামোদর ভ্যালী কর্পোরেশনকে একটা স্বয়ং শাসিত সংস্থা বলে অমরা মনে করি। দামোদব ভ্যালী পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকারের সেচ বিভাগের অন্তর্গত হওয়া উচিত ছিল। তা সত্ত্বেও তাঁরা আজ সেচের বন্দোবস্ত কবেছেন। পশ্চিমবঙ্গ সরকারও আজ সেচের বন্দোবস্ত করছেন। তাব সঙ্গে সঙ্গতি রাখার যদি প্রয়োজন হয এবং সে প্রয়োজন হয়েছে, তাহলে এই দুটো একই ডিপার্টমেণ্টের অধীন হওয়া দরকার। আলাদা আলাদা ডিপার্টমেণ্ট হলে এ ওর উপর দোষারোপ করবে, একে অন্যকে দোষ দেবে। তার ফলে পশ্চিমবঙ্গের জনসাধারণ সাফার করবে। তার জন্য আমার প্রস্তাব পশ্চিমবঙ্গের জন্য একটা সুসংবদ্ধ মাষ্টার প্ল্যান তৈরী করে পশ্চিম বঙ্গের জল নিষ্কাশনের বন্দোবস্ত করুন। এই হচ্ছে আমার কথা।

Shri Haran Chnndra Mondal:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে সেচ ও জল নিকাশী, বাঁধবন্দী খাতে যে বাজেট উপস্থিত করেছেন মন্ত্রী মহাশয়, আমি সেম্পর্কে একটা কথা বলতে চাই। আমাদের ২৪ পরগণা জেলায় যে সুন্দরবন অঞ্চল, সেই অঞ্চলে সেচের কোন বালাই নাই। আছে জল নিকাশী বাঁধ সেই বাঁধের যা অবস্থা জমিদারী চলে যাবার পরে পশ্চিমবঙ্গ সরকারের হাতে বাঁধের দায়িত্ব আসার পর যে ভাবে তারা বাঁধবন্দী করেছেন, তার কথা আপনারা শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন।

আজকে এখানে মাননীয় সেচমন্ত্রী মহাশয় বলেছেন, সুন্দরবনের কথা আর কি বলবো সুন্দরবনে বাঁধ বন্দী হয়েছে, ড্রেইন করা হয়েছে, খালের মুখ বন্ধ করে দেওয়া হয়েছে। কিন্তু তিনি এই জিনিষটার গুরুত্ব দিতে চান নি। এবং অবহেলিত সুন্দরবনের প্রতি পশ্চিমবঙ্গ সরকারের নজর নেই বলেই মনে করি। বর্ত্তমান বৎসরের জন্য ৭ কোটি ৮২ লক্ষ ৭৫ হাজার

টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে। তার মধ্যে প্রথম কথা হচ্ছে বাঁধ। বাঁধ বন্দী করার যে গলদ আছে তার প্রধান কারণগুলি আপনার মাধ্যমে জানাতে চাই। এই বাঁধের দায়িত্ব আছে ৪টি ডিপার্টমেন্টের উপর। একটা হল ইরিগেশন ডিপার্টমেন্ট, একটা হল ফুড ডিপার্টমেণ্ট, একটা হল ভূমিরাজস্ব বিভাগ, আর একটা হল এগ্রিকালচার বিভাগ। এই চারিটি বিভাগের উপর দায়িত্ব দেবার ফলে এই অবস্থা হয়েছে যে কার কাজ কে করে? কোন কাজ নিয়ে যদি ইরিগেশন ডিপার্টমেন্টের কাছে যাওয়া যায় তাহলে ইরিগেশন ডিপার্টমেণ্ট বলে যে ভূমিরাজস্ব বিভাগ করবে, আর ভূমিরাজস্ব বিভাগের কাছে গেলে বলে যে ইরিগেশান ডিপার্টমেণ্ট করছে। পরস্পরের মধ্যে এই দ্বন্দ্ব হবার ফলে কোন কিছুর মীমাংসা হয় না। আমি মনে করি এখানে সকলে এক সঙ্গে বসে পরামর্শ করে একটু সুষ্ঠু পরিকল্পনা নেন তাহলে বাঁধের কাজ ভালভাবে হতে পারে। কারণ এখানে একটা স্কীম নিলে তা ইরিগেশন ডিপার্টমেণ্ট সই করতে চায় না। আবার ভূমিরাজস্ব বিভাগের কাছে গেলে তারাও সই করতে চায় না। এইভাবে লোককে দিনের পর দিন হয়রাণ হতে হয়। একটা মজার কথা, আমাদের ওখানে একটা স্কীম তৈরী হয়েছিল ১০ লক্ষ মাটি কাটার জন্য। এই ১০ লক্ষ মাটির কাজ যখন শেষ হল তখন দেখা গেল যে ৫ লক্ষ মাটি পড়েছে আর ৫ লক্ষ উড়ে গিয়েছে। হয়ত বলতে পারেন যে ১০ লক্ষ মাটি কাটা হয়েছে তার মেজারমেণ্ট আছে? তবে চুরি হল কি করে। কিন্তু আমরা বলতে পারি সুন্দরবন অঞ্চলে যে সমস্ত কাজ হয়, টেষ্ট রিলিফ এর কাজ বলুন, কনট্রাক্টরদের দিয়ে কাজ করান বলুন, সেই সমস্ত কাজ কোন দিন কোন ওভারসিয়ার স্পটএ গিয়ে দেখেন না। পকেটে পকেটেই তারা মেজারমেণ্ট নিয়েছেন যার জন্য এই মাটি চুরি যায়। আর একটা মজার কথা, সুন্দরবনে ভোগের মধ্য দিয়ে জল ঢুকে হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়ে গিয়েছে। মজুনগর গ্রামে প্রায় ২।৩ হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়ে গিয়েছে, এবং আরো অনেক জায়গায় এইভাবে বহু জমির ফসল নষ্ট হয়ে গিয়েছে। জমিদরী আমলে আমরা দেখেছি প্রতি ৩ মাইলে একজন করে বেলদার, তার উপর একজন চাপড়াসী এবং তার উপর একজন করে ওভারসিয়ার থাকতো। আজকাল তিন মাইল অন্তর একজন বেলদার রাখা হয়েছে এবং তার কাজ শুধু সংবাদ দেওয়া। তার উপর যে সব ওভারসিয়ার আছে তাদের আড্ডা হল চায়ের দোকানে। আমাদের ওখানে গোসভা বন্দরে আমি দেখেছি যে তারা চায়ের দোকানে বসে আড্ডামারে, বাঁধের কোন খবরই রাখেনা। আর একটা আশ্চর্য্যের কথা শুনলাম, কেন্দ্রীয় সরকার, সরকারী বিশেষজ্ঞদের নিয়ে দিল্লীতে যখন পরিকল্পনা নিয়ে আলোচনা করছিলেন তখন এই বিশেষজ্ঞরা প্রশ্ন করেছিলেন হোয়াট ইজ ভোগ? তারা ভোগ মানে একরকমের পোকা ভেবেছিলেন। এবং সেই পোকা মারার সুন্দর উপায় বের করে ডি, ডি, টি ইত্যাদি দেবার ব্যবস্থা করলেন। কিন্তু ভোগের মধ্যে দিয়ে যেখানে জল চলাচল করছে সেখানে মাটি না দিয়ে, ডি, ডি, টি দিয়ে তা বন্ধ করবেন কি করে। এই ভাবে তারা ভোগ মারছেন বলে সেখানে এই অবস্থার সৃষ্টি হয়েছে। আরো আশ্চর্য্যের কথা সেখানে যে টাকা দেওয়া হচ্ছে, সে সমস্ত টাকাই অপচয় হচ্ছে এবং তা কোন সৎকাজে লাগছে না।

[11-10—11-20 a.m.]

সাধারণ মানুষের উপকারার্থে টাকা ব্যয় হচ্ছে না—সরকারী পেটেয়া লোকেরাই আজকাল সুযোগ-সুবিধা পাচ্ছে। আমি আমার বাস্তব অভিজ্ঞতা থেকে বলতে পারি, সুন্দরবনে আগে বাঁধগুলিতে লোহা কাটের বাক্স ছিল, বর্ত্তমানে দেবদারু কাঠের বাক্স দেওয়া হচ্ছে,

ফলে লোহার বাক্সগুলি এক একটা ৬।৭ বৎসর চলতো, দেবদারু কাঠের বাক্স একটা ৬ মাসও চলে না। এবং এগুলি তাঁরা দিচ্ছেন ভাদ্রমাসে আসলে যেখানে দেওয়া দরকার আষাঢ় মাসে। কয়েক বৎসর আগে সুন্দরবনে যে সম্মেলন হয়েছিল তাতে প্রখ্যাত সাংবাদিক বিবেকানন্দ মুখোপাধ্যায় উপস্থিত ছিলেন, তিনি আমাদের বলেছিলেন যে, সুন্দরবনের উন্নতির জন্য একটা বাঁধ কমিটি করা দরকার এবং তাতে জনসাধারণের প্রকৃত প্রতিনিধি নিতে হবে কারণ জনসাধারণের সহযোগিতা ভিন্ন কোন কাজ হতে পারে না।

Shri Renupada Halder :

মাননীয় ডেপুটি স্পাকার মহাশয়, গত বৎসর ফ্লাডের জন্য বাংলাদেশের সাংঘাতিক ক্ষতি হয়েছে, অথচ সেই ফ্লাডের কারণ অনুসন্ধানের জন্য, প্রতিকারের জন্য সরকার কোন চেষ্টা করছেন বলে মনে হয় না। তারপর বহু জায়গায় জলনিকাশের সুষ্ঠু ব্যবস্থা না থাকায় ধানের ফসলও সম্পূর্ণ নষ্ট হয়েছে। একটা সুনির্দ্দিষ্ট পরিকল্পনা অনুসারে স্লুইস গেট করার ব্যবস্থা না থাকায় সুন্দরবন অঞ্চলে বিরাট ক্ষতি হয়েছে। জল নিকাশের ভাল ব্যবস্থার অভাবে প্রায় ২৫ হাজার বিঘার চাষ নষ্ট হয়েছে এবং এভাবে লক্ষ লক্ষ টাকার ফসল নষ্ট হয়েছে। এই অব্যবস্থার জন্য আজকে সুন্দরবনেও খাদ্যাভাব দেখা দিয়েছে। কিছু কিছু হিউম পাইপ সরকার থেকে দেবার ব্যবস্থা হয়েছিল কোন কোন জায়গায় কিন্তু সেই পাইপগুলি এক বৎসরের মধ্যে অকেজো হয়ে গিয়েছে। সেজন্য আমি সরকারকে. অনুরোধ করব এ সম্পর্কে একটা ভাল পরিকল্পনা গ্রহণ করার জন্য। বাঁধের বাউণ্ডারী সম্পর্কে যে কথা বলা হয়েছে সে সম্বন্ধে আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি যে, যে সমস্ত বাউণ্ডারী টেষ্ট রিলিফ-এর মাধ্যমে করা হয়েছে সেগুলি এক বৎসরও চলে নি, কারণ দায়িত্ব নিয়ে কাজ করা হয় না। যে সমস্ত বাউণ্ডারী কনট্রাক্টর দিয়ে করান হয় সেগুলি ভালভাবে চলে, অথচ টেষ্ট রিলিফের মাধ্যমে করান হলে উপরে উপরে যা-তা করে কাজ সারা হয় যার ফলে প্রকৃতপক্ষে কোন উপকার না হোক্ বরং অর্থ নষ্ট হয়। সেজন্য আমি পুনরায় সরকারকে অনুরোধ জানাব যে, যেন একটা সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করে কাজে অগ্রসর হন, নতুবা বাংলাদেশকে খাদ্য ঘাটতির হাত থেকে রক্ষা করা যাবে না।

[11-20—11-30 a.m.]

Shri Bhupal Chandra Panda :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৯ লক্ষ একর জমিতে জল সেচের ব্যবস্থা করার কথা ঘোষিত হয়েছিল; কিন্তু প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে মাত্র ৪॥ লক্ষ একর জমিতে সেচ ব্যবস্থা হয়েছিল, কিন্তু প্রকৃতপক্ষে সেচ দেওয়া হয়েছে মাত্র ২। লক্ষ একরে অর্থাৎ ৫০ পারসেণ্ট কাজ হয়েছে। এখন দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজও শেষ হতে চলেছে, এই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৫॥ কোটি টাকা খরচ করে ৫॥ লক্ষ একরে সেচের ব্যবস্থা হয়েছে, কিন্তু কাজ যে রকম মন্থরগতিতে চলেছে তাতে আশার কোন লক্ষণ দেখতে পাওয়া যাচ্ছে না। সেচ পরিকল্পনার ব্যাপারে যে সব বিশেষজ্ঞ কমিটি বসান হয়েছিল তারা এই কথা বলেছেন যে, প্রথম কয়েক বৎসর কৃষকদের ট্যাক্স বাতিল করতে হবে, তারপর উন্নতির অনুপাতে কিছু কিছু বাড়ান যেতে পারে। বিশেষজ্ঞ কমিটির কথা এঁরা কিভাবে রেখেছেন দেখুন, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়।

আমি ময়ূরাক্ষীর কথা বলছি। গত বৎসর এই ময়ূরাক্ষীর জন্য একটা বিল নিয়ে এসে বললেন যে আমাদের সার্ভে করে রিপোর্ট পেতে দেরী হবে কাজেই একটা ইণ্টারিম ট্যাক্স ধার্য্য করা হোক। আমরা ভাবলাম যে ডিপার্টমেণ্টের কাজে যখন দেরী হচ্ছে তখন যদি এই দামোদর এবং ইডেন ক্যানেলের মত কিছু অল্পস্বল্প ট্যাক্স ধার্য্য হয় হোক্। কিন্তু আশ্চর্য্যের বিষয় যে সেই আইন পাশ করিয়ে নিয়ে রেট্রোসপেকটিভ এফেক্ট দিয়ে চালু করলেন এবং সেটা উনিও জানেন। মাননীয় স্পীকার মহাশয়, ৪ বৎসরের আগের ট্যাক্স কৃষকরা আটকে রাখেনি। কিন্তু এখন যদি এভাবে ৪ বৎসরের ট্যাক্স আদায় করতে আরম্ভ করেন তাহলে সেচের জল নেবার ব্যাপারে কৃষককে কখনও উৎসাহিত করতে পারবেন না। কাজেই এ বিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে বিশেষভাবে অনুরোধ করি। আজ বীরভূমে যে অবস্থার স্বষ্টি করেছেন তা দেখে মেদিনীপুর, হুগলী এবং পুরুলিয়া জেলাবাসী আমরা সকলেই এই কংশাবতী পরিকল্পনার জন্য আতঙ্কিত হয়ে উঠেছি। কারণ এই যদি নীতি হয় এবং সুরুতেই যে অবস্থার স্বষ্টি করেছেন তাতে ভবিষ্যতে যে কোন জায়গা কি অবস্থায় এসে দাঁড়াবে তা' বিচার বিবেচনা করা উচিত। কংশাবতী পরিকল্পনা সম্বন্ধে এঁরা অনেক ভাল ভাল ব্যাপার হবে বলেছেন ; কিন্তু সুরুতেই যে চাপ দিয়েছেন তা' এক অভিনব ব্যাপার। সেটা হোল যে, আমাদের মুখ্যমন্ত্রী গিয়ে কংশাবতী পরিকল্পনা উদ্বোধন করলেন এবং গত ২৪-১-৫৯ তারিখে তার ভিত্তিপ্রস্তর স্থাপিত হোল। সেই সময় গ্রামবাসীরা এসে আমাদের বললেন যে আমাদের কি অবস্থা হবে, আমরা তখন মন্ত্রীমহাশয়কে অনুরোধ করাতে তিনি আশ্বাস দিলেন যে এঁদের ক্ষতিপূরণ এবং পুনর্বসতির ব্যবস্থা হবে। তারা বারবার লিখেছে যে যখন গ্রাম ছেড়ে যেতে হবে, তখন কোথায় এবং কি ভাবে পুনর্বসতি হবে তা জানান হোক। কিন্তু এই দীর্ঘ আবেদনেও যখন কিছু হোলনা তখন প্রতিবাদ মিটিং, ডি, এম-এর কাছে ডেপুটেশন এবং প্রজেক্ট অফিসারের কাছে বারবার যাওয়ার পর তাঁরা বললেন যে আমরা কিছুই জানিনা ! তারপর যখন সেচমন্ত্রী মহাশয় উপস্থিত হলেন তখন তিনি আশ্বাস দিলেন যে এই সমস্ত উদ্বাস্তুদের পুনর্বাসনের এবং ক্ষতিপূরণের ব্যবস্থা আমরা করছি। তবে কি পরিমাণ ক্ষতিপূরণ পাবে সেটা পনে এ, ডি, এম ঠিক করবেন। তিনি যদিও এই সব কথা বলে এলেন কিন্তু ইতিমধ্যে সেখানে যে ঘটনা ঘটেছে তা' এক আশ্চর্য্য ব্যাপার এবং সেটা হোল যে, কংশাবতীর পশ্চিম অর্থাৎ বাম পাশে যেখানে বাঁধ নির্ম্মাণ আরম্ভ হয়েছে সেখানে এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার গ্রামের লোককে কিছু না জানিয়ে ইতিমধ্যেই সেখানে মাঠের মধ্যে ট্রাক্টর চালিয়ে দিলেন। মাঠ সমান করার কাজ সুরু হয়ে গেল, কিন্তু সেখানকার লোক কোথায় যাবে বা কিভাবে তাদের পুনর্বসতি হবে তার কোন ব্যবস্থাই দেখছি না। তা' ছাড়া শোনা যাচ্ছে যে, ১৯৬১ সালের মধ্যে আমাদের সেখানে যে বাঁধ তৈরী হবে তার ফলে ঐ অঞ্চলের ২৪ থেকে ৪২টি গ্রাম ডুবে যাবে। অথচ তারই বা কি ব্যবস্থা হবে তা'ও এখন পর্য্যন্ত কিছু বোঝা গেল না। কাজেই আমি সেচমন্ত্রীকে অনুরোধ করব যে, এ রকম হৃদয়হীন আচরণ করবেন না, কেননা এতে দেশের মঙ্গল হবেনা। মাননীয় স্পীকার মহাশয়, উত্তরবঙ্গে যেখানে সেচ ব্যবস্থা হতে পারত, সেখানে এর কিছুই হয় নি এবং বৃষ্টির সময় সেখানে যে ধ্বস নামে তারও কোন ব্যবস্থা হয়নি। তা' ছাড়া দক্ষিণবঙ্গে লোনা জলের সমস্যা রয়েছে এবং এবারে এটাও প্রমাণিত হয়েছে যে, নীচের লোনা জলে বন্যা হয়। কাজেই এই নীচের লোনা জলকে ঠেকানোর জন্য হুগলী এবং রূপনারায়ণ নদীর পরিকল্পনা সুষ্ঠুভাবে গ্রহণ করা দরকার। এই নদীকে নেগলেক্ট করার জন্যই আজ কোলকাতা বন্দর এত দুরবস্থার মধ্যে এসে পড়েছে। এই অবস্থার জন্য আজ

আপনাদের একটা সাবসিডিয়ারী পোর্ট তৈরী করতে হচ্ছে। কিন্তু এই অবস্থায় যদি আপনাদের চৈতন্য উদয় না হয় তাহলে সেটা কি করে হবে জানি না। তারপর সারা দক্ষিণবঙ্গে খাল নালা প্রভৃতির মাধ্যমে লোনা জল ঢুকে দেশের ভাল জমি সব নষ্ট করে দিচ্ছে। আমরা এই অবস্থার জন্য সেচ মন্ত্রীর কাছে আবেদন করছিলাম যে, স্লুইস গেট করে বন্ধ করার চেষ্টা করুন। কিন্তু সে ব্যবস্থা তাঁরা করবেন না, কারণ তাঁদের ইঞ্জিনীয়াররা নাকি বলেছেন যে, স্লুইস গেট যদি করা হয় তাহলে নদীতে সিল্ট পড়ে অসুবিধা হবে। এর ফলে সেখানকার ড্রেইনেজ অবস্থা অত্যন্ত খারাপ—এই সমস্ত ওয়াটার লগড এরিয়ায় পরিণত হয়েছে। সেখানে ড্রেইনেজ স্কীমে জল যাচ্ছে না। এজন্য আমাদের হলদী নদীতে জল নিকাশ বন্ধ হয়ে গেছে এবং বর্ষার সময় আর জল ছাড়া যায় না। কিন্তু এই সমস্ত ওয়াটার লগড এরিয়া সম্বন্ধে কোন সুষ্ঠু পরিকল্পনা নেই। আপনাদের বিশেষজ্ঞরা যেমন বৃহৎ পরিকল্পনার কথা বলেছেন, তেমনি আমি বলব যে আপনারা ক্ষুদ্র সেচ পরিকল্পনাগুলিকে নেগলেক্ট করবেন না। বীরভূম এবং উত্তর মেদিনীপুরে যে সমস্ত ছোট ছোট সেচ পরিকল্পনা আছে তাকে যেভাবে চেপে দেওয়া হচ্ছেবং ত্রিশ লাবতী সঙ্গে এসবগুলিকে যুক্ত করার কথা ছিল তাও যে করা হচ্ছে না, কিন্তু তার ফলে সেখানে অবস্থা যে কি হবে সেসব কি চিন্তা করেছেন? সেজন্য সেচমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন যে, আপনারা ব্যাপকভাবে ভাল ভাল পরিকল্পনা নিন এবং পরিকল্পনার মাধ্যমে আপনারা অবস্থার পরিবর্ত্তন আনুন। এসব যদি না করেন তাহলে গত বন্যায় যেখানে ৮ লক্ষ একর এবং অন্যান্য অবশিষ্ট ৬ লক্ষ যে বিধ্বস্ত হয়েছে এবারে আবার তাই হবে।

Shri Parbati Hazra :

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আজকে সেচখাতে আমাদের মাননীয় সেচমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ দাবী উপস্থাপিত করেছে। তাকে সমর্থন করতে উঠে আমি ২।১ টা কথা বলব। আমাদের এই দেশ কৃষি প্রধান দেশ। সুতরাং আমাদের দেশের অর্থনৈতিক উন্নতি বিধান করতে হলে কৃষির উন্নতিকে অগ্রাধিকার দেওয়া দরকার। এই কৃষির উন্নতির মূল হচ্ছে সুষ্ঠু সেচ ব্যবস্থা। আমরা যতই উন্নত ধরণের সার, বীজ ব্যবহার করিনা কেন তার দ্বারা কোন ফলই হবে না, যদি না আমরা উপযুক্ত পরিমানে সেচের জল যোগাতে পারি। সেজন্য আমাদের সরকার এই সেচ ব্যবস্থার বিভিন্ন উপায় গ্রহণ করেছেন এবং তারবহুমুখী পরিকল্পনার মাধ্যমে কার্য্যকরী করে বিভিন্ন এলাকায় সেচের জল সরবরাহ করে যাচ্ছেন। এর ফলে আমরা জানি যে বহু জায়গায় চাষের সুযোগ সুবিধা হচ্ছে। কিন্তু তবুও আমি একটা কথা বলব। সরকার সেচের জন্য জল সরবরাহের ব্যবস্থা করে বহু জায়গায় চাষের সুবিধা করে দিয়েছেন। কিন্তু অতি বৃষ্টির সময় যখন বিভিন্ন জায়গায় জলের অত্যধিক চাপ হয় তখন সেই জল নিকাশের জন্য কোন সুষ্ঠু ব্যবস্থা আজ পর্য্যন্ত করা হয় নি। আমরা জানি গত বর্ষার সময় অতি বৃষ্টির ফলে এবং তার সঙ্গে বিভিন্ন জায়গায় ডি, ভি, সি এর জল যোগ দেওয়ায় যখন বন্যা দেখা দিয়েছিল তখন জল নিকাশের সুষ্ঠু ব্যবস্থা না থাকায় বহু জায়গায় ঘর বাড়ী এবং ফসলের বহুল পরিমান ক্ষতিসাধন করেছে। সেই সময় দেখা গেছে যে বর্দ্ধমানের জল চাপ গিয়ে পড়েছে হুগলী জেলার উপর এবং হুগলীর জলের চাপ গিয়ে পড়ে হাওড়া জেলার উপর। অর্থাৎ উপর থেকে যেমন সেচের জল সরবরাহ হচ্ছে তেমনি যদি নীচের দিক থেকে সুষ্ঠু জল নিকাশের ব্যবস্থা করতে পারা যায় তাহলে এই বন্যার হাত থেকে রক্ষা পাওয়া যায়।

[11-30—11-40 a.m.]

এর সাথে নিম্ন দামোদরের অবস্থা আরও শোচনীয় হয়ে উঠত। অতিবৃষ্টির সময় দেখা গেছে যে দামোদরের উভয় পার্শ্বে যে সমস্ত খাল-বিল আছে তার জল দামোদরের উপর পড়ে, কিন্তু দামোদরের এমন শক্তি নেই যে সেই জল বহন করতে পারে। সেজন্য নিম্ন দামোদর সংস্কার করা একান্ত প্রয়োজন। শুধু দামোদর নয় তার সাথে হুগলী নদীর মোহনা এবং রূপনারায়ণের মোহনার সংস্কার হওয়া দরকার। এর সঙ্গে ফরাক্কা বাঁধের কথা এসে যাচ্ছে। যদি আমরা ফরাক্কা বাঁধ তৈরী করতে না পারি তাহলে যতই চেষ্টা করি না কেন জল নিকাশের সুষ্ঠু ব্যবস্থা হবে না। সেজন্য দরকার এই ফরাক্কা বাঁধ তেরী করা। এই ফরাক্কা ব্যারেজ যাতে তাড়াতাড়ি তৈরী হয় সেজন্য মন্ত্রীমহাশয়কে চেষ্টা করবার জন্য অনুরোধ জানাচ্ছি। আর একটা কথা এই প্রসঙ্গে আমি বলতে চাই যে আমাদের দামোদর নদ হুগলী নদীতে গিয়ে যেখানে মিশেছে নিম্ন দামোদর মজে যাওয়ার ফলেতে সেখানটা ক্রমশ: ক্রমশ: সিলটেড আপ হয়ে যাচ্ছে। দামোদরে যে জল প্রবাহিত হত বন্যার সময় সেই জলের প্রবাহে হুগলী নদীর মুখে সেই সিল্টগুলি পরিষ্কার হয়ে যেত কিন্তু দামোদর ক্রমশ: মজে যাওয়ার ফলে আস্তে আস্তে সেই হুগলী নদীর মুখ বন্ধ হয়ে এসেছে। সেজন্য হুগলী নদীর মুখ এবং দামোদরের নীচের দিকটা সংস্কার করে যদি দামোদরের মুখে স্লুইস গেট করা যায় তাহলে অনেক খানি সুফল পাওয়া যেতে পারে। আর একটা কথা এই প্রসঙ্গে আমি বলতে চাই সেটা হচ্ছে আমাদের আরামবাগ মহকুমার কথা। এই অঞ্চলের অধিবাসিগণ পুর্বে বন্যাকে কখনও কখনও আশীর্বাদ বলে গ্রহণ করত বা কখনও অভিশাপ বলে মনে করত। যে সময় এই বন্যার প্রকোপ খুব অল্প থাকত সে সময় সেই অঞ্চলে প্রচুর ফসল উৎপন্ন হত আর তারা বন্যাকে আশীর্বাদ বলে মনে করত। বন্যা প্রবল হলে সেখানে বহুল পরিমানে ক্ষতি হত, তখন এই বন্যা তাদের কাছে অভিশাপ রূপে দেখা দিত। কিন্তু দামোদর পরিকল্পনা কার্য্যকরী হওয়ার ফলে ঐ সব অঞ্চলের চাষীরা অনাবৃষ্টির সময় একদিনও জল পায় না এবং অতিবৃষ্টির সময় দেখা গেছে যখন জলের প্রয়োজন থাকে না তখন ক্যানেল অঞ্চল বাঁচাবার জন্য ডি, ভি, সি,র অতিরিক্ত জল ঐ অঞ্চলের উপর চালিয়ে দিয়ে বন্যার সৃষ্টি করা হচ্ছে। আমরা গত বছর বর্ষাতে দেখেছি আমাদের অঞ্চলে সুষ্ঠুভাবে আবাদ হয়েছিল, বৃষ্টির জলে যে প্রথম বন্যা হয়েছিল তাতে ফসলের কিছু ক্ষতি হয়নি, তারপর ক্রমাগত ডি, ভি, সি,র জল ছাড়ার ফলে মুণ্ডেশ্বরীর ভিতর দিয়ে ঐ জল এসে ঐ অঞ্চলের উপর চেপে থাকার ফলে ঐ অঞ্চলের ফসল সম্পূর্ণরূপে নষ্ট হয়ে গেছে। সে দিকে দৃষ্টি দেবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। আর একটা কথা বর্ষার মরশুমে মুণ্ডেশ্বরীতে ২১ দিন অন্তর অল্প পরিমাণ জল ছাড়া হয়। কিন্তু তাতে কোন ফল হয় না—সেই জলটা নদী পথে বেরিয়ে যায়, তার দ্বারা কোন উপকার হয় না। আমার বক্তব্য হচ্ছে ঐ জল বর্ষার মরশুমে যেভাবে ছাড়া হয় সেটা অল্প অল্প না ছেড়ে এক কালে অতিরিক্ত মাত্রায় যদি ছাড়া যায় তাহলে তার পাশে যে সমস্ত ছোট ছোট খাল বিল আছে সেগুলিতে জল প্রবেশ করে মাঠগুলিকে প্লাবিত করতে পারে, তাতে চাষের সুষ্ঠু ব্যবস্থা হতে পারে। এ বিষয়ে কার্যকরী করবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

Shri Panchu Gopal Bhaduri :

মাননীয় সভাপাল মহাশয়, আমি দুটো স্থানীয় দাবী এবং একটা সরকারী ব্যাধি সম্পর্কে কিছু বলবো। প্রথমত: আমাদের যে শহর এলাকা তার পশ্চিম দিকে দানকুনি বেসিন—প্রায় ৫০।৬০ বর্গ মাইল এলেকা, সেটা ডি-ভি-সি সিষ্টেমে কোন সেচের জল পায় না, তার কোন উপকার পায়

না কিন্তু ডি-ভি-সি সিষ্টেমকে বাঁচাবার জন্য সেই দানকুলি এলেকায় জীবন বিপর্য্যস্ত হয়ে গেছে, ৫০।৬০ বর্গ মাইল এলেকায় সমস্ত ধান নষ্ট হয়ে গেছে। সেজন্য ঐ এলেকার লোকের পক্ষ থেকে আমি দাবী করি যে এর উত্তরাঞ্চলে ডি-ভি-সি খালের যে বাঁধ আছে সেটাকে পাকা বাঁধ করা হোক যাতে ডি-ভি-সির জল এই ৫০।৬০ বর্গ মাইল জায়গায় ধান নষ্ট না করতে পারে এবং সেখানকার জীবন বিপর্য্যস্ত না করতে পারে। দ্বিতীয় কথা হচ্ছে হুগলী নদীতে হুগলী ব্রীজ থেকে বালী ব্রীজ পর্য্যন্ত নদীর দুই পাড় যে খেয়ে যাচ্ছে সে সম্পর্কে কোন আশু ব্যবস্থা করা দরকার। এ বিষয়ে ফরাক্কা ব্যারেজ কবে হবে, তারপরে এটা হবে এরকম মনে করার কোন প্রয়োজন নেই। আমরা দেখতে পাচ্ছি যে ১৯৫৭ সাল থেকে নদীর পাড় ভাঙ্গতে আরম্ভ করেছে এবং শ্রীরামপুর শহরের একটা এরিয়া চাতরা ভেঙ্গে লোপ পেয়ে যাচ্ছে, ঘাট, শ্মশান ঘাট সমস্ত নষ্ট হয়ে যাচ্ছে এবং ঐতিহাসিক শ্রীরামপুর কলেজের বাস্তব পাড় পর্য্যন্ত ভাগীরথীতে খেয়ে গেছে। কাজেই এর একটা আশু প্রতিকার করা দরকার। কারণ এটা কোন্নগরের ধারে গ্রাণ্ড ট্রাঙ্ক রোড এসে পৌঁচেছে এবং চন্দননগর, চুঁচুড়ার এই সমস্ত রাস্তা খেয়ে নদীগর্ভে চলে যাচ্ছে। সেজন্য নদীর পাড়ে কংক্রীট দিয়ে পাথর দিয়ে বাঁধার ব্যবস্থা করা দরকার। এই প্রসঙ্গে আমি সরকারী ব্যাধির কথাটা বলতে চাই এবং সেদিক দিয়ে আমি আপনার মারফৎ মাননীয় মন্ত্রী অজয় মুখার্জী মহাশয়কে আমার গভীর এবং আন্তরিক ধন্যবাদ জানাতে চাই কারণ তিনি সেটা আমাদের জানিয়ে দিয়েছেন। ১৯৫৭, ১৯৫৮, ১৯৫৯ সাল থেকে ভাগীরথীর ধারের লোকেরা চেষ্টা করে আসছে কি করে নদীর পাড়ের অঞ্চলগুলিকে রক্ষা করা যাবে এবং কোন কোন লোক প্রার্থনা করেছে ডেপুটেশনে গেছে যে এর একটা আশু প্রতিকার কিছু হোক্ কিন্তু অজয় বাবু জানিয়ে দিয়েছেন যে আমাদের গভর্ণমেণ্ট কোন আশু প্রতিকার করবার কথা ভাবে না, বা করতে .পারে না। কেন তিনি বলেছেন আপনি যে লিখেছেন অবিলম্বে ব্যবস্থা করার জন্য সেটা সম্ভব হবে না। কেন সম্ভব হবে না, সরকারী কার্য্য পদ্ধতির যে ব্যাধি তার জন্য এবং সেই ব্যাধিটাকে—প্রথমে আমাদের স্থানীয় ইঞ্জিনীয়াররা একটা পরিকল্পনা তৈরী করেন, সেটা বরাবর উপরে চীফ্ ইঞ্জিনীয়ার পর্য্যন্ত আসে, তিনি তখন ওটা ফ্লাড কন্ট্রোলের বিশেষ ইঞ্জিনীয়ারের কাছে পাঠিয়ে দেন, সেখান থেকে পরিকল্পনাকে চূড়ান্ত রূপ দিয়ে ষ্টেট টেকনিক্যাল কমিটির অনু-মোদনের জন্য পাঠানো হয়; সেই অনুমোদন পেলে পরিকল্পনাটা ষ্টেট ফ্লাড কন্ট্রোল বোর্ডের কাছে পাঠিয়ে দেয়া হয়, সেখান থেকে পরিকল্পনা অনুমোদিত হলে সেন্ট্রাল ফ্লাড কন্ট্রোল বোর্ডের কাছে পাঠানো হয়, তারা পরিকল্পনা অনুমোদন করলে টাকা মঞ্জুর হয়, টাকা মঞ্জুরী আদেশ পেলে আমাদের ইঞ্জিনীয়াররা টেণ্ডার কল করেন, তারপর কন্ট্রাক্ট বিলি হয় এবং কাজ সুরু হয়। অজয়বাবু তো কাটা-কাটা উত্তর দিলেন, হবে না, তা হবেনা, তারা আন্দোলন করতে পারবে না, আমি সব ঠিক করে দেবো—আমি অজয়বাবুকে বলবো এইভাবে না করে অন্ততঃপক্ষে এটা করুন না—আপনার ডিপার্টমেণ্টের হাজারব য়-নাক্কার মধ্য দিয়ে না গিয়ে যেগুলি সংস্কার করা দরকার সেগুলি সরাসরি তাড়াতাড়ি ক'রে করে দিন না। সুতরাং এই ব্যাধি সম্বন্ধে আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[11-40—11-50 a.m.]

Shri Chaitan Majhi :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, পুরুলিয়া জেলার উন্নতির জন্য কাঁসাই পরিকল্পনা করা হচ্ছে। বহুলোকের উন্নতি হবে তার জন্য জনকতক লোক উদ্বাস্তু হবে বলা হচ্ছে। জনকতকের

ক্ষতি হয়েও যদি লক্ষ লক্ষ লোকের কল্যাণ হয় তাহলে আমরা সমর্থন করব কিন্তু সরকারের বড় বড় পরিকল্পনার ব্যাপারে আমরা জানি। হয়ত কিছু লোকের ঘরও যাবে আর লক্ষ লক্ষ লোকেরও উপকার হবে না—লোকে এই আশঙ্কা করছে। পুরুলিয়া জেলার ভূমি গঠন অন্য জেলার মত নয়। এখানে খুব বড় জলাধার ও ক্যানেল কার্য্যকরী হবে না এই আমাদের ধারণা। ঐ খরচে বিকেন্দ্রিত ভাবে বহু ক্ষুদ্র ক্ষুদ্র সেচ ব্যবস্থা করলে ফল আরও অনেক ভাল হবে বলে আমাদের ধারণা। এ বিষয়ে কাজ আরম্ভ করার আগে জনমত ও জনগণের অভিজ্ঞতা বুঝে নেবার জন্য সরকারে প্রতি আমরা দাবী জানাই। বলা হচ্ছে কাঁসাই বাধ হলে খুব সুবিধা হবে। কিছু কিছু লোকের হয়ত সুবিধা হতে পারে, ৫।১০ মাইল এলাকার সুবিধা হতে পারে কিন্তু অনেকের আবার অসুবিধা হবে। খুব যে একটা উন্নতি হবে বা কৃষির উৎপাদন বাড়বে তা হবে না—কারণ পুরুলিয়ার বহুলোক উদ্বাস্তু হয়ে যাবে এই যদি হয় তাহলে এসব কি রকম উন্নতি। ভারতবর্ষ স্বাধীন হলে লক্ষ লক্ষ মানুষ উদ্বাস্তু হয়েছে সরকার তো সেটারই সুষ্ঠু ব্যবস্থা করতে পারেন নি। আপনারা যে পরিকল্পনা করছেন তাতে যদি সাধারণ মানুষকে যাযাবরের মত ঘুরে বেড়াতে হয় তাহলে এ কি পরিকল্পনা? এদিকে বলছেন দেশে কৃষির উৎপাদন বাড়ছে বলে সেচের ব্যবস্থা করছেন আসলে কিছু কোথাও হচ্ছে না ধ্বংসলীলা সৃষ্টি করছেন। এত যদি ভাল কাজ হচ্ছে তাহলে শিশু অনাহারে মরছে, লোক না খেয়ে থাকছে কেন? কাজেই কোথাও কিছু হচ্ছে না, যে টাকা বরাদ্দ করা হয় তার ২৫ ভাগ দিয়ে কাজ হচ্ছে আর বাকী ৭৫ ভাগ টাকা নিজেদের পকেটে দিচ্ছেন।

Shri Dhirendra Nath Dhar :

মাননীয় স্পীকার মহাশয়, দামোদর বন্যার পরেতে আমরা দেখেছি ভাগীরথীর পুর্ব্ব দিকে কি ভয়াবহ অবস্থা চলেছে। অন্ততঃপক্ষে দামোদর বন্যা এ বিষয় খুব সাকসেসফুল—সকলকে ভাল করে বুঝিয়ে দিয়েছে যে ভাগীরথীর পুর্ব্ব দিকে যে বিরাট অঞ্চল সেটা দিনের পর দিন ধ্বংসপ্রাপ্ত হচ্ছে।

আমি এখানে ইরিগেশন ডিপার্টমেণ্ট সম্বন্ধে কিছু বলতে চাই। আমাদের যতখানি জানা আছে বৃটিশ গভর্ণমেণ্টের আমলেও এই ওল্ডেষ্ট ডিপার্টমেণ্ট অফ দি গভর্ণমেণ্ট খুব এফিসিয়েন্সীর সঙ্গে করে গিয়েছেন। আমি বলবো সবচেয়ে এফিসিয়েণ্ট সার্ভিস তাঁরা সেই আমলে দিয়েছেন। কিন্তু বর্ত্তমান সময়ে আমাদের ইরিগেশন ডিপার্টমেণ্টের কি রকম অবস্থা তা সকলে জানেন। এই ইরিগেশন ডিপার্টমেণ্টের মধ্যে এমন সব সৎ পুরুষ সমবেত হয়েছেন যে তাঁদের কার্য্যকলাপের ফলে শুধু যে ইরিগেশনই বন্ধ হয়ে যাচ্ছে তা নয়, তার সঙ্গে চাষাবাদ মানুষের স্বাস্থ্য, শহর, সব কিছু নষ্ট হতে আরম্ভ করেছে। এই যে দীর্ঘ দিনের অবহেলা, তার কারণ কি? আমি তাঁদেরই কয়েকটা রিপোর্ট, যা গত তিন চার বছরের মধ্যে বেরিয়েছে, তাথেকে দেখতে পাচ্ছি তাঁরা সব সময়ই বলছেন যে ৭টা স্কীম তাঁরা করেছেন। তার মধ্যে দুটা স্কীম বাগজোলা থেকে আরম্ভ করে টালিগঞ্জ পর্য্যন্ত এবং টালিগঞ্জ থেকে পঞ্চানন গ্রাম পর্য্যন্ত আর একটা স্কীম করা হয়েছে। কিন্তু কোন স্কীমের কাজে কি এ পর্য্যন্ত তাঁরা হাত দিয়েছেন? এবং যদি কোনটায় হাত দিয়েও থাকেন, সেটা কি সম্পূর্ণ করা হয়েছে? আচ্ছা, এখন দেখা যাক গভর্ণমেণ্টের নিজেদের ডিপার্টমেণ্টের মধ্যে কোন কনফিডেন্স আছে কি না? একটা বিভাগ ধরুন—রেভিনিউ ডিপার্টমেণ্ট আর ইরিগেশন্ ডিপার্টমেণ্ট, এই দুটা ডিপার্টমেণ্ট মিলে একত্রে কি কোন কাজ করেন? একটু আগে আমার বন্ধু হারান মণ্ডোল মহাশয় বলে

গেলেন যে ইরিগেশন ডিপার্টমেন্টে কতিপয় দুর্নীতিপরায়ণ পুরুষ আছেন, যাঁরা কণ্ট্রাক্ট সম্বন্ধে খুবই উৎসাহী। তেমনি রেভিনিউ ডিপার্টমেন্টের মধ্যেও ঐ ধরণের কতগুলি লোক আছেন; যাঁদের বিরোধের ফলেতে ঐ স্থানের অধিবাসীদের কি হতভাগ্য জীবন জানিনা, তাদের দিনের পর দিন নানা রকম দুর্ভোগ ভোগ করতে হচ্ছে।

তারপর দেখা যাচ্ছে, সুন্দরবন এলাকায় যে কয়টি বাঁধ নির্ম্মাণ করা হয়েছে, সেগুলি কি ঠিক মত রক্ষণাবেক্ষণ করা হচ্ছে? তা নিয়ে ত সর্ব্বদা ভীষণ বিরোধ লেগেই আছে। এ নিয়ে দুটা বিভাগে বিরোধ, দুটা দলে বিরোধ এবং তার সঙ্গে সঙ্গে সমস্ত সুযোগ সুবিধাগুলি ভোগ করছেন ঐ মুনভাখোর গুলি, যারা সেখানে মাছের চাষ করছেন। তাদের দিকে সরকার বিশেষ তাকাচ্ছেন বলে মনে হচ্ছে না। সুতরাং যারা ভুক্ত ভোগা, তারা চিরকাল ভুক্তভোগী হয়েই থেকে যাচ্ছেন। ২৪পরগণা জেলায় যারা ভুক্তভোগী তাঁরা যারা যাবার উপক্রম হচ্ছেন, তাঁদের দিকে সরকারের বিশেষ দৃষ্টি নেই। মুনার্ফাখোরদের সরকার বন্ধু বলে ধরে নিচ্ছেন।

২৪পরগণা জেলায় যে কয়টি নদী আছে, তাদের সম্বন্ধে সরকারের বিশেষ ভাবে জানা উচিত। অবশ্য সরকার একটা বিরাট ডিপার্টমেণ্ট খুলেছেন সেখানে ইনভেষ্টিগেশন করার জন্য গত কয়েক বছরে হাজার হাজার টাকাও খরচ করেছেন। হাইড্রলিক অবজার্ভেশন, আণ্ডার গ্রাউণ্ড ইনভেষ্টিগেশন প্রভৃতি নানারকম লংটার্ম ইনভেষ্টিগেশন তাঁবা করে যাচ্ছেন। কিন্তু তার রেজাল্ট কি হচ্ছে—তা আমবা জানি না। এটা জানবার জন্য আমরা খুবই ইণ্টারেষ্টেড। ইনভেষ্টিগেশন যদি হয়, এবং তা যদি আমরা জানতে পারি, তাহলে দেশেব লোক বুঝতে পারে যে হ্যাঁ, সত্যই সরকার একটা নানা ধরণের ব্যবস্থা কবছেন, যাব ফলেতে আমাদের এতদিনের প্রবলেম সেটা সল্‌ভ হতে পাবে। কিন্তু তা আমরা দেখতে পাচ্ছি না। উপরন্তু গ্লোবাল টেণ্ডার কল কবে নর্দার্ন এরিয়াতে তাঁবা হাউজিং করছেন। কিন্তু কি করে তা করবেন, যদি সেখানে ইবিগেশন ড্রেনেজ এব ঠিক ভাবে ব্যবস্থা কবা না হয়?

তাবপর আমি কলকাতাব জলের শোচনীয় অবস্থার দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কলকাতার শুধু যে পানীয় জলের অভাব তা নয়, ময়লা জল পাস করানোর ব্যাপারও অত্যন্ত খারাপ। এ সম্বন্ধে মেট্রোপলিটান ওযাটাব বোর্ড ও ডিষ্ট্রিক্ট বোর্ডের সঙ্গে যখন আলাপ আলোচনা চলছিল তখন ভেবে ছিলাম যে একটা জিনিষ অন্ততঃ আমাদের কাছে উপস্থিত করেছেন সেটা হচ্ছে বাংলা দেশের লোকের স্বাস্থ্যেব কিছুটা উন্নতি হতে পারে। কিন্তু তা সম্ভব হয় নি। ১৮শো স্কোয়ার মাইল জায়গা কভার করে যে বোর্ড করা হয়েছে, সেই বোর্ডের জল কুলটী নদী দিয়ে যাচ্ছে। সেই কুলটী নদী, যাকে টিডাল রিভার বলতে বোঝা যায়, সেখানে তার জোয়ার-ভাটা হয়। এবং এই জোয়াব-ভাটার দরুণ ১২ ঘণ্টা জল যায়, আর ১২ ঘণ্টা জল বন্ধ হয়ে থাকে। সকলেই জানেন টিডাল এর জন্য টিডাল বিভার দিয়ে কিছু যায় না এবং ১২ ঘণ্টার মধ্যে এতবড় একটা বিরাট এলাকার জল সে টানছে এবং তার আশে-পাশের জমিগুলি একেবারে ময়লা জলে ভর্ত্তি হয়ে যায়। তার ফলে সেটা একটা অত্যন্ত অস্বাস্থ্যকর স্থান হয়ে রয়েছে এবং সেখানকার চাষাবাদ যোগ্য জমিতে নষ্ট হয়ে যাচ্ছে। তাহলে এর উপায় কি হল? বৃষ্টির সময় বলবেন অতি বৃষ্টি হয়েছে তার জন্য জল দাঁড়িয়ে গিয়েছে। কিন্তু একি কেউ এক্সপ্লেন করতে পারবে—যে কলকাতার পূর্বভাগে জল আটকে থাকলো না, কিন্তু তার দক্ষিণ ভাগে—দিনের পর দিন জল আটকে থাকলো? এমন কি ব্যাপার ঘটল যে জল আটকে রইল? জল বেরিয়ে যাবার মুখ যদি খোদাই থাকে, যদি দক্ষিণ-মুখী জল যায়, তাহলে সেখানে জল আটকে থাকলো কেন?

[11-50—12 noon]

এই যে যারা চাষের জমি নষ্ট করবার অধিকার পাচ্ছে যে সব মাছের ভেরীর মালিক, তাদের নাম সকলে জানেন। তার মধ্যে এমন ও ব্যক্তি থাকতে পারে, যিনি হয়ত সরকারের বিশেষ বিভাগের একজন প্রধান কর্মচারী। তাঁর ও সেখানে ভেরী আছে। সরকার সেদিকে তাকাবেন, না, এদিককার যারা দেশের ধান্য ফসল উৎপাদনে সাহায্য করেন, তাদের দিকে তাকাবেন।

সরকারের বহুদিনকার একটা ব্যবস্থা আছে। সেটা হচ্ছে ১৮৭২ সালের ব্যবস্থা। তখন ব্যবস্থা ছিল মাত্র ৯ লক্ষ লোকের ; যে জল তাঁরা ব্যবহার করতেন—তার ব্যবস্থা ছিল। তার দ্বারা আজ তাঁরা সহরের ৪০ লক্ষ লোকের ব্যবস্থা করছেন। এটাও দেখা যাচ্ছে সহর যে জল যাচ্ছে, তার সঙ্গে প্রচুর পরিমানে সিল্ট ও যাচ্ছে। ১৯৪২ সালে যুদ্ধের আগে এই সিল্ট পরিষ্কার করা হ'ত। কিন্তু যুদ্ধ আরম্ভ হবার পর এই সিল্ট তুলে নেওয়া বন্ধ হল। সরকার মনে করলেন পৌরসভাকে হাতে নিয়ে নিলে সব ব্যবস্থা হয়ে যাবে। ১৯৪৮ সাল থেকে ১৯৫২ সাল পর্য্যন্ত সরকার হাতে নিয়ে চালালেন। সিল্ট ক্লিয়ারেন্স না হবার ফলে—সেই সিল্ট জমা হচ্ছে কুলটীর মুখ থেকে কলিকাতার মুখ পর্য্যন্ত। সহজে সেই সিল্টএর পাহাড় নড়বে না। ছাই, কয়লা ও কলকাতার খাটাল—এই সবের মিলিত একটা অদ্ভুত পরিস্থিতি —সেখানে তৈরী হয়েছে। জলের ভেলোসিটি তেমন না থাকায় কুলটীর ওখানে টিডাল কোকেজ এর দরুণ ড্রেইনেজ একেবারে অচল হয়ে পড়েছে। সরকার বলছেন যে বানতলা থেকে আরম্ভ করে কুলটী পর্য্যন্ত পরিষ্কার করে নেবো। আজ পর্য্যন্ত তা টেক আপ করলেন না। নিগোসিয়েশন করছেন, অফিসিয়ালী কবে নেবেন জানি না। কিছু কিছু কাজ তাঁরা নিচ্ছেন।

আর একটা কথা বলছি—সেটার প্রতি সরকারের গুরুত্ব দেওয়া উচিত ছিল। তা হচ্ছে যেমন ড্রেইনেজ সম্পর্কে তাঁবা খেয়াল রাখবেন, তেমনি এই ড্রেইনেজ কি করে শুধু একট' পথে না নিয়ে অন্য পথে পরিবর্ত্তন করা যায়—যেমন দক্ষিণ দিকে ডায়মণ্ডহারবারের দিকে নেওয়া যায় কিনা—সেটা ভাবা উচিত। এই বৈজ্ঞানিক জগতে এই ময়লা জলের ট্রিটমেণ্ট সম্বন্ধে বলবো সমস্ত সভ্য জগতে সিউয়েজ ওয়াটার ট্রিট্ করা হয়। সেটার দ্বারা শুধু গ্যাস বা সার তৈরী হয় না। এই জল ট্রিট্ করে নদীতে ও ফেলা যায়। যেখানে নদীর জল সভ্য জগতের কাজে লাগে। উদাহরণ স্বরূপ আমি বলতে পারি—দিল্লী কর্পোরেশন যমুনা নদীতে পর্য্যন্ত তাদের সমস্ত সিউয়েজ ওয়াটার ফেলে। সেই জল ড্রিঙ্কিং পার্পাসএ ও ব্যবহার হয়। কাজেই এই ময়লা জল পরিষ্কার কয়বার জন্য ট্রিটমেণ্ট প্লাণ্ট এব ব্যবস্থা করুন। এবং লার্জ নাম্বার অফ ট্রিটমেণ্ট প্লাণ্টস বসিয়ে, যে সর্বানাশ হচ্ছে, তা থেকে দেশের স্বাস্থ্য ও দেশবাসীকে বাঁচাতে পারবেন।

Dr. Radhanath Chattoraj :

মাননীয় স্পীকার মহাশয়, ময়ুরাক্ষী এলাকার জল সেচের জন্য একর প্রতি ১০৲ টাকা পশ্চিমবঙ্গ সরকার ট্যাক্স ধার্য্য করেছেন। বীরভুমের ১২টা থানা এবং কান্দী মহকুমায় ৩টা এবং কাটোয়ার কেতুগ্রাম থানার জনসাধারণের মত একটা ব্যাপক বিক্ষোভ সৃষ্টি হচ্ছে। তারা প্রথম কর দিতে আরম্ভ করলো, পরীক্ষা মুলক ভাবে জল দিলে—, তখন সাড়ে ছয় টাকা কর

দিত একর প্রতি। পরে ১৯৫৫-৫৬, ১৯৫৬-৫৭ ও ১৯৫৭-৫৮—এই তিন বছর—পরপর একর প্রতি ৭৸০, ৯৲ টাকা একর ১০৲ টাকা হারে কর আদায়ের নোটীশ দিতে সরকার আরম্ভ করলেন।

কোন কোন ক্ষেত্রে ৩ বৎসর করেছেন। এই যে কর চাপান হয়েছে, কিসের ভিত্তিতে তা করা হয়েছে সেটা আপনার কাছ থেকে জানতে চাই। ময়ূরাক্ষীর দ্বারা কতটুকু ফসল বৃদ্ধি হয়েছে সেই অঞ্চলে? এখানকার ক্রপ কাটিং এর যে রিপোর্ট সে রিপোর্ট এখনও হাউসএ উপস্থিত করেন নি। উপস্থিত করলে দেখতে পতেন যে সেখানে ফসল বৃদ্ধি হয় নি। তাই তাড়াতাড়ি করে বি. টি. এ্যাক্ট সংশোধন করে নিয়ে ১০৲ টাকা করে কর ধার্য্য করে দিলেন। এই ১০৲ টাকা করে কর ধার্য্য করা অনুচিত হয়েছে। আপনারা বলেছিলেন যে ৬ লক্ষ একর জমিতে জল দেবেন, কিন্তু আপনারা ৪ লক্ষ ৭৫ হাজার একরের বেশী জল দিতে পারেন নি। সেই জন্য উন্নয়নের নাম করে সেখানে বিরাট ধ্বংস মূলক ব্যবস্থা করা হচ্ছে। বীরভূম জেলার ই. আই. রেলওয়ে লাইনএর পূর্ব্ব অঞ্চল হতে ভাগীরথীর পশ্চিম তীর পর্য্যন্ত হাজার হাজার লোক গৃহ হারা হয়েছে এবং বহু জমি বালি চাপা পড়ে গিয়েছে। উন্নয়নের নামে কি অবস্থার আপনারা সৃষ্টি করেছেন। সেটা যদি দয়া করে দেখেন তাহলে দেশের লোকের উপকার হবে। আজকে আপনারা ফ্লডপ্রেনস এনকোয়ারী কমিটি ও ক্যানেল ওয়াটার ইনভেষ্টিগেশন কমিটি যা কেন্দ্রীয় সরকার বসিয়েছিল তারা পর্য্যন্ত বলেছেন যে জলের দাম ও ক্যানেলের জলের নাম মাত্র মূল্য যা কর নেবার ব্যবস্থা করতে হবে। এবং কৃষকদের প্রলুব্ধ করতে হবে যাতে তারা অধিক খাদ্য উৎপাদনের চেষ্টা করতে পারে। কিন্তু সেদিকে আপনারা লক্ষ্য করেন নি। আজকে যদি আপনারা কৃষকের পকেটে ২৫৲ টাকা দিতে পারতেন তাহলে তারা আপনাদের ১০৲ টাকা দিতে কার্পণ্য করতো না। এছাড়া বর্ত্তমানে লোকের নিত্য প্রয়োজনীয় দ্রব্য মূল্যেরও দাম বেড়েছে। তারপর এই ক্যানেলের যে ব্লু প্রিণ্ট ছিল সেই ব্লু প্রিণ্ট সার্ভে করলেই ধরা যাবে যে ব্লু প্রিণ্টে যে সব জায়গায় ক্যানেল কাটার কথা ছিল তার বহু জায়গায় ক্যানেল কাটা হয় নি। যেখানে জমিদারদের জমি পড়েছে সেই জমি বাদ দিয়ে অন্য জায়গায় ক্যানেল সরিয়ে নেওয়া হয়েছে। তার ফলে এক জায়গায় প্রচুর জল পাচ্ছে, আর এক জায়গায় একেবারেই পাচ্ছে না এবং শাখা ক্যানেল গুলির অবস্থাও তাই। এই কর বৃদ্ধি তাই না করে ১৯৫৮ সাল পর্য্যন্ত যে জল আপনারা পরীক্ষামূলক ভাবে দিয়েছেন, এখন বর্ত্তমান অবস্থা বিবেচনা করে সেই বকেয়া কর মকুব করা দরকার। এবং জলকর ৫-৫½ টাকা বেশী করা উচিত নয়। তারপর আজ পর্যন্ত দুই ফসলা করতে পারেন নি। আপনার বিশেষজ্ঞরা বলছেন যে দু, ফসল সম্ভব নয়। এবং ৬ লক্ষ একর জমিতেও আপনারা জল দিতে পারেন নি। সেই জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো কৃষকরা যাতে অধিক খাদ্য উৎপাদন করতে পারে সে জন্য যেন তারা উৎসাহ দেবার ব্যবস্থা করেন। পৃথিবীর কোন দেশের ক্যানেলের জলের উপর ট্যাক্স দিতে হয় না। রাশিয়া ও চীনের কথা ছেড়েই দিলাম, ধনতান্ত্রিক দেশ জাপান ও আমেরিকায় জলের উপর ট্যাক্স নেই। তাদের মনে কৃষকদের অবস্থার উন্নতি হলে দেশে যে সমস্ত জিনিষ উৎপাদন হবে এবং তা বিক্রয় করে তা থেকে যে সেলস ট্যাক্স পাওয়া যাবে সেই সেলস ট্যাক্স দিয়েই রাজস্ব পুর্ণ হবে। অথচ আপনারা এখানে কৃষকদের কাছ থেকে যেভাবে ট্যাক্স আদায় করছেন তা পর্য্যবেক্ষণ করলেই বোঝা যাবে। দেশ প্রেম আপনাদের এক চেটিয়া নয়। এখানে এর জন্য লোক বিক্ষুব্ধ হচ্ছে তবুও আপনারা জোর করে এই ক্যানেল কর চাপিয়ে দিচ্ছেন। তাছাড়া এই ডামএর জল ছাড়ার যে নীতি

আপনারা নিয়েছেন, জনসাধারণের সুবিধার সময় জল ছাড়বেন না, আর অসুবিধার সময় জ ছাড়বেন এর ফলে বর্ত্তমানে বীরভূমের একটা বিরাট অঞ্চল ধ্বংস হয়ে গিয়েছে।

কিন্তু তৎসত্বেও এখনো পর্য্যন্ত আপনারা তৎপর হচ্ছেন না। আপনারা যেভাবে কাবে অগ্রসর হচ্ছেন তাতে আবার ফ্লাড হবে, আবার ধ্বংস হবে। আমি অনুরোধ করছি, তিলপাড় থেকে ভাগীরথী পর্য্যন্ত ময়ূরাক্ষী আরো গভীর করার ব্যবস্থা করুন, এবং দুইধারে বাঁধদেবা ব্যবস্থা করুন। কোয়া নদীর গতিপথ অন্যদিকে প্রবাহিত করুন। সর্বশেষে আমার বক্তব্য হচ্ছে ৫॥০ টাকা ক্যানেল কর বন্ধ করুন, তা' না হ'লে বীরভুম, মুর্শিদাবাদ জেলায় বিক্ষো সৃষ্টি হবে।

[12—12-10 p.m.]

Shri Tarapada Dey :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সেচমন্ত্রী মহাশয় হাওড়া জেলার সেচকার্য্যের ব্যাপারে চরম অবহেলা প্রকাশ করে হাওড়া জেলাকে দুভিক্ষের দ্বারে এনে হাজির করেছেন। সেচে ব্যাপারে সমগ্র হাওড়া জেলা উপেক্ষিত হয়েছে, যাও সেচ ব্যবস্থা হয়েছে তা আংশিক খণ্ডিত। কেঁদুয়া পরিকল্পনার জন্য প্রতি বৎসর আমরা আন্দোলন করছি, এই কেঁদুয়া পরি কল্পনা গৃহীত না হলে মূল সমস্যার সমাধান হবে না। ডি, ভি, সি হওয়ার পর আমরা ভেবেছিলাম আমাদের আশা-আকাঙ্খা পুরণ হবে, কিন্তু দুঃখের বিষয় আমাদের সেই ধারণ সমূলে বিনষ্ট হয়েছে। ডি, ভি, সি পরিকল্পনার পর আমরা বরং দেখছি হাওড়া জেলার উপর নেমে এসেছে অভিশাপ, গ্রামে গ্রামে কৃষকের আর্ত্তনাদ। দামোদর পরিকল্পনার সংগে সংগে নিম্ন দামোদর পরিকল্পনা করা উচিত ও প্রয়োজন ছিল, তা করা হয়নি। জানি না ফ্লাড এন্‌কোয়ারী কমিশন নিম্ন দামোদর পরিকল্পনা গ্রহণ করার জন্য সুপারিশ করবেন কিনা, যদি না করেন তাহলে অচিরে হাওড়া জেলা এক বিরাট শ্মশানে পরিণত হবে। হাওড়ায় কয়েকটি ড্রেইনেজ অপরিহার্য্য হয়ে উঠেছে—হাওড়া ড্রেইনেজ প্রায় ৫২ বর্গমাইল—এতে হাওড়া মিউ নিসিপ্যালিটির জল ফেলবার ব্যবস্থা থাকায় পলি পড়ে উঁচু হয়ে গিয়েছে এবং যার ফলে ৬৫ বর্গমাইল জুড়ে ফসল হয় না। তারপর রাজপুর ড্রেইনেজ স্কীম, এর নিজস্ব জলছাড়া বাড়তি জল গ্রহণের ক্ষমতা নাই, কিন্তু তৎসত্বেও ডি, ভি, সির কিছু অংশের জল অনন্তপুর খাল দিয়ে রাজপুর ড্রেইনেজ-এ ফেলবার ব্যবস্থা হয়েছে। তবে রাজপুর ড্রেইনেজ-এ যে চাপ সৃষ্টি হয়েছে তাতে এই ড্রেনেজই শুধু নয়, সরস্বতী এবং বরজোলা ড্রেইনেজ নষ্ট হবার আশংকা দেখা দিয়েছে। হাওড়া জেলাকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্য সরকারের কাছে কয়েকটি দাবী রাখতে চাই। প্রথম দাবী, নিম্ন দামোদর পরিকল্পনা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা অবশ্যই গ্রহণ করতে হবে। দ্বিতীয়টি হচ্ছে, কেঁদুয়া পরিকল্পনা আমরা বার বার মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানিয়েছি গঙ্গার মুখে স্লুইস গেট করার জন্য, তা নাহলে এই পরিকল্পনা খণ্ডিত অবস্থায় থাকবে এবং মূল সমস্যার সমাধান হবে না। আমার তৃতীয় দাবী হচ্ছে, রাজপুর ড্রেইনেজ থেকে কাণাদামোদর বিচ্ছিন্ন করে অন্য জায়গায় ফেলবার ব্যবস্থা করুন এবং এখন যে মুখ আছে তা অন্তত: ১০ ফুট চওড়া করতে হবে। রাজপুর ড্রেইনেজ-এর সংগে সংগে আমি সরস্বতী পরিকল্পনার দাবীও রাখি, কারণ সরস্বতী দিয়ে হুগলীর বিরাট জলরাশি রাজপুর ড্রেইনেজে পড়ে। পঞ্চমত:, মিউনিসিপ্যালিটির জল হাওড়া ড্রেইনেজে ফেলা বন্ধ করতে হবে তারপর হাওড়া-আমতা রেল লাইনে যে সব কালভার্ট আছে সেগুলির সংস্কার করতে হবে

বহু খালে আন-অথোরাইজড বাঁধ আছে, এগুলিতে যদি স্লুইস গেট না করা হয়, তাহলে হাওড়া জেলার কৃষককুল একেবারে ধ্বংস হয়ে যাবে।

[12-10—12-20 p.m.]

Shri Bijoy Krishna Modak :

মাননীয় স্পীকার মহাশয়, সেচমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তা আমি মোটেই সমর্থন করতে পাচ্ছি না। এর প্রধান কারণ হচ্ছে যে, আপনি একটা আংশিক অঞ্চলের মন্ত্রী অর্থাৎ বাংলাদেশের বৃহৎ পরিকল্পনার বাহিরে যে বৃহৎ অঞ্চল পড়ে আছে তার ব্যয় বরাদ্দ অতি সামান্য। আপনার হিসেবের মধ্যে দেখা যাচ্ছে যে ৭ কোটি টাকার মধ্যে মাত্র ২১ লক্ষ টাকা মাইনর ইরিগেশান এবং ফুড প্রোডাকশান খাতে ধরা হয়েছে। সবচেয়ে আশ্চর্য্যের কথা হচ্ছে যে গত বছরের বাজেটে যেখানে ২৫ লক্ষ টাকা খরচ হয়েছিল সেখানে বর্ত্তমান বছরে ২৪ টাকা দেওয়া হয়েছে। এ ছাড়া গত বারে ২৪ টাকা মাইনর ইরিগেশান খাতে যেটা ধরা হয়েছিল, সেখানে রিভাইজড এষ্টিমেটে দেখতে পাচ্ছি যে ১৯ লক্ষ টাকা খরচ হয়েছে। তাই দেখা যাচ্ছে যে সরকারের বৃহৎ পরিকল্পনার দিকে প্রধান নজর রয়েছে এর ক্ষুদ্র সেচ পরিকল্পনার দিকে কোন নজর নেই। দ্বিতীয় পরিকল্পনায় ক্ষুদ্র সেচ পরিকল্পনায় যেখানে ৭৬ লক্ষ টাকা বরাদ্দ হল সেখানে মাত্র ৬২ লক্ষ টাকা খরচ করার জন্য এষ্টিমেট করা হয়েছে। অর্থাৎ এই এমন একটা ডিপার্টমেণ্ট যেখানে ক্ষুদ্র পরিকল্পনার জন্য যত টাকা বরাদ্দ করা আছে তার সম্পূর্ণ টাকা সমগ্র পরিকল্পনায় খরচ করার যোগ্যতা নেই। সরকার কৃষি বিভাগে গত বারে ক্ষুদ্র সেচ খাতে ৪৮ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন, কিন্তু এবারে কৃষিখাতে ব্যয় বরাদ্দের মধ্যে লিফট ইরিগেশন ২ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ কমে গেছে। স্মল ইরিগেশন ২ লক্ষ টাকা কমে গেছে এবং ডিপ টিউবওয়েলে ২ লক্ষ টাকা কমে গেছে। অর্থাৎ সরকারের শুধু সেচ দপ্তরই নয় কৃষি দপ্তরেও যে ব্যয় বরাদ্দ রয়েছে সেখানে দেখা যাচ্ছে যে মূলতঃ ক্ষুদ্র সেচ পরিকল্পনার উপর জোর কম হচ্ছে। এটা দেখা গেছে যে গত বারে কৃষিখাতে ক্ষুদ্র সেচ পরিকল্পনার জন্য যে ৪৮ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল সেটাও তাঁরা পুরো খরচ করতে পারেন নি—অর্থাৎ মাত্র ৪৫ লক্ষ টাকা খরচ করতে পেরেছেন। বাজেট অধিবেশনে এপক্ষ এবং ওপক্ষের বক্তা বলেছেন যে ক্ষুদ্র সেচ পরিকল্পনার উপর জোর দেওয়া দরকার। শুধু এই এসেম্বলী হাউসেই নয়, আগের বছরে যখন সারা ভারতবর্ষে দুর্ভিক্ষ দেখা দিয়েছিল তখন প্রধান মন্ত্রী পণ্ডিত নেহেরু বলেছিলেন যে ক্ষুদ্র সেচ পরিকল্পনার উপর জোর দেওয়া হবে। কিন্তু দেখছি যে ক্ষুদ্র পরিকল্পনার উপর জোর দেওয়া হচ্ছে না। আমাদের সেচমন্ত্রী মহাশয় ক্ষুদ্র সেচ পরিকল্পনা করে যেখানে দেশের প্রভুত উপকার করতে পারতেন সেখানে বৃহৎ পরিকল্পনায় জোর দেবার ফলে আমরা দেখতে পাচ্ছি বস্তুতঃ বর্ত্তমান বাজেট যেটা তিনি উপস্থিত করেছেন সেটাতে একজন জলকর আদায়ের দারোগা হিসাবে তিনি উপস্থিত হয়েছেন। বর্ত্তমান বছরে দেখতে পাচ্ছি দামোদর পরিকল্পনায় ৪০ লক্ষ টাকা এবং ময়ূরাক্ষী পরিকল্পনায় ২৮ লক্ষ টাকা জলকর আদায়ের ফিরিস্তি তিনি দিয়েছেন। অর্থাৎ গতবছরে তিনি যে টাকা আদায় করতে পারেন নি এবারে সেটাকা আদায়ের ব্যবস্থা করছেন। এরফলে পুলিশী খাতে সব টাকা খরচ করে এই টাকা আদায়ের ব্যবস্থা তিনি করছেন। আমরা দেখতে পাচ্ছি বর্ত্তমান বছরে ময়ূরাক্ষীতে জলকর আদায়ের নোটিশ দিয়েছেন। আমাদের জেলাতে ১০ই ডিসেম্বর তারিখে সেখানে প্রথম জল ব্যবস্থা হয়েছিল

সেখানে গতবছর বাজেটে প্রকাশিত করা হয়েছিল যে জলকর এখন থেকেই আদায় করা হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভুমিসংস্কারের ২টি মূল উদ্দেশ্য আমাদের সামনে আছে, সেই মূল উদ্দেশ্য দু'টি গত কয়েক বছরে কতখানি কার্য্যকরী হয়েছে সেটা আপনার মাধ্যমে আমি সরকারের কাছে তুলে ধরতে চাই। প্রথমে আমি বর্গাচাষীদের সম্পর্কেই বলছি। রাজস্ব মন্ত্রী তার ভাষণে বলেছেন যে প্রায় ৭ হাজার বর্গাচাষীকে উচ্ছেদ করবার জন্য মামলা দায়ের করা হয়েছে। আমরা তাঁর এই বক্তব্য থেকে আরও দেখেছি যে বর্গাচাষীদের উচ্ছেদ করার ব্যাপারে যতখানি বক্তব্য আমরা সরকারের বিরুদ্ধে সমালোচনার দৃষ্টিভঙ্গী নিয়ে রাখি সরকার মনে করেন যে ততপরিমাণ জমি থেকে বর্গাচাষী উচ্ছেদ হয় নি। আজ থেকে ২০ বছর আগে ফ্লাউড কমিশনের রিপোর্ট থেকে আমরা দেখছি যে, প্রায় ৫ ভাগের এক ভাগ জমি এই বর্গাদার চাষ করত। কিন্তু আজ ক্রমাগত কমার্শিয়ালাইজেশন অফ ল্যাণ্ড আস্তে আস্তে আমাদের গ্রামীণ অর্থনীতির ক্ষেত্রে প্রবেশ করেছে এবং অকৃষিজীবীদের জমি নিয়ে ভাগচাষী বা বর্গাদারদের দিয়ে এবং তার পরিবর্ত্তে মজুর দিয়ে চাষ করার প্রথা আজকে বিভিন্ন গ্রামাঞ্চলে আমরা দেখতে পাই। ১৯৪০ সালে আমাদের দেশে শতকরা ২২·৬ ভাগ জমি বর্গাদাররা চাষ করত এবং ১৯৫১ সালে সেই জমির পরিমাণ কমে গিয়ে ২০·৩ ভাগে দাঁড়িয়েছে। এর ফলে গত ১০ বছরে ভাগচাষীদের নিজেদের আয়ত্বাধীনে যে জমি ছিল তার পরিমাণ আরও কমে যাচ্ছে। অবশ্য রাজস্বমন্ত্রী মহাশয় একথা বলেছেন যে, গত সেন্সাসের সময় ৭ লক্ষ বর্গাচাষী পরিবার আমরা দেখতে পাই, এবারের সেটেলমেণ্ট অপারেশন-এ প্রায় সমসংখ্যক বর্গাচাষী দেখতে পাচ্ছি। অর্থাৎ তিনি বলতে চেয়েছেন যে বর্গাচাষী উচ্ছেদ হয় নি। রাজস্বমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে চাই যে, আমাদের সেন্সাস রিপোর্ট অনুযায়ী যে ভাগচাষের উপর প্রধানতঃ জীবিকানির্বাহ করত তারা ভাগচাষী হিসেবেই তাদের নাম রেকর্ড করিয়েছিল। কিন্তু যাদেয় ২।১ টা মালিকানা স্বত্ব আছে তাদের সেখানে ভাগ-চাষী হিসেবে নাম রেকর্ড করা হয়নি। কাজেই সেন্সাস রিপোর্টে প্রকৃত তথ্য প্রকাশিত হয় নি। আজকে সেটেলমেণ্ট অপারেশন-এর যে ফিগার দিচ্ছেন তা' ভাগচাষী এবং যারা ছোট ছোট মালিক যারা ভাগচাষ করেন তাদের উপরেই এটা রিফ্লেক্টেড হয়। কাজেই প্রকৃত ভাগচাষীর ছবি তিনি এখানে দিতে পারেন নি। যে সমস্ত জমির মালিক মজুর নিয়ে চাষ করে তাদের সংখ্যা দিনের পর দিন বেড়ে চলেছে এবং তাদের সংখ্যা হচ্ছে প্রায় শতকরা ৮০ ভাগ। এটা রোধ করার জন্য মাননীয় ভুমিরাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এ্যাবসেন্টি

ল্যাণ্ডলর্ডিজম অর্থাৎ যে সমস্ত মালিকরা গ্রামে বাস করেন না তারা যাতে চাষের জমি না রাখতে পারে তার ব্যবস্থা করা দরকার এবং সেই সঙ্গে সঙ্গে অ-কৃষিজীবী যারা, যারা নিজের হাতে কাজ করেন না তাদের হাতে যাতে জমি হস্তান্তরিত না হয়ে যায় তার ব্যবস্থা করা দরকার। এ্যাবসেন্টি ল্যাণ্ডলর্ডিজম অর্থাৎ যারা ক্রমাগত নিজেদের জমি কুক্ষিগত করে নিজেদের চাকর বা মজুর দিয়ে চাষ করাবার বন্দোবস্ত করেন সেটা রোধ করা দরকার। আমাদের যে দুটো আইন পাশ হয়েছে জমিদারী দখল আইন এবং ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট তাতে এটা রোধ করবার জন্য যেহেতু এমন কোন ব্যবস্থা অবলম্বন করেন নি সেহেতু অ-কৃষি মালিকরা এতে উৎসাহ এবং প্রেরনা পাচ্ছে। ল্যাণ্ড রিফর্মস এ্যাক্টে ভাগচাষীদের সম্পর্কে যে আইন লিপিবদ্ধ করা হয়েছে তাতে যারা জমির মালিক যারা চাকর দিয়ে, মজুর দিয়ে চাষ করে তাদেরই সুযোগ দেওয়া হয়েছে। কাজেই অ-কৃষি মালিকের হাতে যাতে জমি হস্তান্তরিত না হয় আইনের মাধ্যমে তার ব্যবস্থা করা দরকার। অবশ্য আর একটা কথা বলা দরকার যে আমাদের এষ্টেটস এ্যাকুইজিশান এ্যাক্ট এর মধ্য দিয়ে যে পরিমাণ জমি আমরা চাষীদের কাছে রাখবার অধিকার দিয়েছি সে পরিমাণ জমি কমিয়ে ফেলা দরকার। আন ইকনমিক হোল্ডিংসের উপর থেকে কোন রকম রেণ্ট বা ল্যাণ্ড রেভেনিউ আদায় করা উচিৎ নয়। একটু আগে মাননীয় সদস্য শঙ্করদাস বন্দোপাধ্যায় মহাশয় জোরাল ভাষায় বলেছেন যে ল্যাণ্ড রেভেনিউ আমাদের আদায় করা উচিৎ নয়। আমি এখানে অন্ততঃপক্ষে এটুকু বলতে চাই আনইকনমিক হোল্ডিংসের যারা মালিক তাদের কাছ থেকে এক পয়সাও আদায় করা উচিৎ নয়। এবারকার ফ্লাডের জন্য ননইরিগেটেড এলাকায় সরকার ২ একর জমির মালিকের কাছ থেকে খাজনা আদায় করা বন্ধ রেখেছেন একথা সত্য কিন্তু একথা আমরা বলতে চাই যে যারা আনইকনমিক্ হোল্ডিং জমির মালিক—৫ একর পর্য্যন্ত আনইকনমিক্ হোল্ডিং যদি ধরেণ তার নীচে অংশ যাদের আছে তাদের খাজনা আদায় করা উচিৎ নয়। কারণ যে পরিমাণ জমি আন-ইকনমিক্ হোল্ডিং তার মধ্য দিয়ে তাদের সংসার চলতে পারে না। সুতরাং তাদের কাছ থেকে খাজনা আদায় করা ক্রুয়েলটি ছাড়া আর কিছু নয়। তার উপরে যাদের জমি আছে তাদের কাছ থেকে রেণ্ট আদায় করুন। আমাদের এখানে বর্তমানে যে সিলিং রয়েছে সেই সিলিং এর আমরা বিরুদ্ধে। কারণ এত অধিক পরিমাণ জমি—৭৫ বিঘা জমি, কোন ব্যক্তি বিশেষের পক্ষে বা কোন পরিবারের পক্ষে চাষ করা সম্ভব নয়। তাদের চাকর বা মজুর রেখে চাষ করাতে হবে। কাজেই এটা পরিবার যতখানি পরিমাণ জমি চাষ করতে পারে অন্ততঃপক্ষে ডাবল দি এ্যামাউণ্ট অফ ইকনমিক হোল্ডিং তার বেশী জমি কোন ওনারকে রাখতে দেওয়া উচিৎ নয়। কাজেই পশ্চিমবংগে মুখ্যতঃ ভুমি সংস্কার করতে হলে অ-চাষীদের হাতে যাতে জমির মালিকানা স্বত্ব না যায় সর্বাগ্রে তার ব্যবস্থা করা দরকার। অবশ্য পেমেণ্ট অফ কমপেনসেশান সম্পর্কে শঙ্করদাস ব্যানার্জি মহাশয় একটা কথা উল্লেখ করেছেন, আমিও এ সম্পর্কে একটা কথা বলতে চাই যে গত ৪ বছরে আমাদের এখানে মোট ৪ কোটি ১৮ লক্ষ টাকা কম্‌পেনসেশান দেওয়া হয়েছে এবং ৪৭ লক্ষ টাকা এ্যানুইটি হিসাবে আমরা দিয়েছি। সরকার মনে করছেন আরও প্রায় ৭০ কোটি টাকার উপর কম্‌পেনসেশান দিতে হবে।

[5-10—5-20 p.m.]

যে ভাবে কম্‌পেনসেশান আজকে পে করা হচ্ছে তাতে আগামী ৫০ বছরের মধ্যে কমপেনসেশন কোনমতে আমরা শোধ দিয়ে উঠতে পারবো না। কাজেই এই গরীব কৃষক মজুরের উপর মধ্যবিত্ত মানুষের উপর যে কর ভার চাপিয়ে দেওয়া হচ্ছে এটা আমার মনে হয় রোধ করা

উচিত এবং কমপেনসেশান দেওয়া উচিত শুধু যারা পুওর এবং মিডল ক্লাস ইন্টারমিডিয়ারীজ তাদের। এই পুউর এবং মিডল ক্লাস ইন্টারমিডিয়ারীজদের উপরের স্তরের লোকদের কমপেন-সেশান দেয়ার পক্ষপাতী আমরা নই এবং তাদের কমপেনসেশান না দিয়ে যে উদ্বৃত্ত অর্থ থাকে সেটা কৃষির ক্ষেত্রে ব্যয় করা উচিত। আর রেভেনিউ শুধু ইকনমিক হোল্ডিং এর যারা মালিক তাদের কাছ থেকে আদায় করা উচিৎ। তারপরে এই জমি এ্যাকুয়ার করা সম্পর্কে আমি বিশেষ করে একটা দৃষ্টান্ত উল্লেখ করবো। হাওড়ার জগাছা থানায় কয়েক বছরের মধ্যে যে ২১শো একর জমি আপনারা দখল করেছেন তার মধ্যে ২শো একর বাদে ১৯শো একর জমি চাষীদের। সেই জমি চাষ করে তারা জীবিকা নির্ব্বাহ করতো—তাদের কাছ থেকে সেই জমি আপনারা ছিনিয়ে নিচ্ছেন, আমি এবিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মোটামুটি ভাবে আমি একথা উল্লেখ করবো ভুমি সংস্কার করে যদি সত্যিকারে চাষীর উন্নতি করতে চান তাহলে ভুমিসংস্কারের মধ্যে বর্গাদারদের যে টেনালাটী রাইট সেই রাইটকে আপনারা স্বীকার করে নিন, অচাষী মালিককে আপনারা সরিয়ে নিন। এ্যাবসেন্টি ল্যাণ্ডলডিজম আপনারা অস্বীকার করুন, ইকনমিক হোল্ডিং-এর নীচে যারা তাদের ক্ষেত্রে খাজনা মুকুব করুন, এবং ডাবল দি ইকনমিক হোল্ডিং তার উপরে যারা মালিক তাদের সিলিং করে তাদের সরিয়ে জমি নিজেদের করায়ত্ব করুন এবং শুধুমাত্র পুওর এবং মিডল ক্লাস ইন্টারমিডিয়ারীজদের কমপেন-সেশান দেবার ব্যবস্থা করুন—এই সকল ব্যবস্থা গ্রহণ করে আপনারা কৃষি ব্যবস্থাকে ভালভাবে চালাবার চেষ্টা করুন এই আমার বক্তব্য।

Shri Renupada Halder :

মিষ্টার ডেপুটী স্পাকার স্যার, ভুমিরাজস্ব বিভাগের ব্যয় বরাদ্দ সম্পর্কে বলতে গেলে এই কথাই বলতে হয় যে এই বিভাগে যে কটা আইন তৈরী হয়েছে কোনটাই কার্য্যকরী করতে আমাদের মন্ত্রী মহাশয় সক্ষম হন নাই—সেটা বিভিন্ন আইন পর্য্যালোচনা করলে আমরা বুঝতে পারবো প্রথম হচ্ছে আমাদের ভুমিসংস্কার ও মধ্যস্বত্ব বিলোপ আইনের মূল লক্ষ্য ছিল চাষার হাতে জমি দেয়া কিন্তু দীর্ঘদিন হয়ে গেল আজও পর্য্যন্ত চাষীর হাতে জমি দিতে সরকার সক্ষম হচ্ছেন না। আমরা দেখেছি বেনামী ধরা সম্পর্কে সরকার যে আইন করেছেন তার ধারা এক কাঠা জমিও বেনামী বলে ধরতে পারেন নি। জমিদার জোৎদারেরা যে প্রচুর জমি বেনামী করে রেখেছেন সেটা সরকার এবং এখানকার সকল সদস্যই অবগত আছেন। সরকারের তরফ থেকে বেনামী ধরার যে চেষ্টা করা হয়েছে তার দ্বারা যে বেনামী ধরা যাবে না একথা অনেক সদস্যই বলেছেন। তাই মোটামুটিভাবে এসম্পর্কে আমরা দেখেছি যে কটা আইন প্রণয়ন করেছেন একটাও সুষ্ঠুভাবে কার্য্যকরী করতে তারা সক্ষম হন নি। যে সমস্ত জমি বেনামী করে রাখা হয়েছে সেগুলি সম্বন্ধে আমরা এই আইন সভায় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি বহুবার আকর্ষণ করেছি—কিন্তু সেগুল ধরার কোন ব্যবস্থা আজও পর্য্যন্ত করা হয় নি। কাজেই এই দুটো আইনের যে মুল লক্ষ্য ছিল সেই লক্ষ্যে পৌছানো সম্ভব হয় নি একথা পরিষ্কার। এছাড়াও আমরা দেখেছি মেছোভেড়ী উচ্ছেদ করা সম্পর্কে সরকারের তরফ থেকে একটা বিল পাশ করা হয়েছিল, বিশেষ করে সুন্দরবন এলাকায় যে সমস্ত মেছোভেড়ী তুলে দিয়ে চাষীদের হাতে জমি দেয়াই যে উদ্দেশ্য আইনে ছিল দেখা যাচ্ছে সেই সমস্ত মেছোভেড়ী তুলে দিতে সরকার সক্ষম হন নি।

আজ পর্য্যন্ত মেছোভেড়ী যেসমস্ত ছিল সেগুলি তেমনি ভাবেই রয়েছে, মাছ চাষ হচ্ছে এবং পার্শ্ববর্তী জমিগুলিতে লোনা জল ঢুকে অন্যান্য চাষীদের ক্ষতিগ্রস্ত করেছে। সরকারের সেদিকে দৃষ্টি নাই। আমাদের সরকার থেকে ঘোষণা করা হয়েছিল যে যে-সমস্ত জমিতে চাষ সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হয়েছে সেসমস্ত জমির খাজনা তারা নেবেন না। গত বছর অনাবাদী যে সমস্ত জমি ছিল, ফসল আদৌ জন্মেনি সেগুলির খাজনার সুদ নেবেন না—একথা সরকার থেকে স্বীকার করা হয়েছিল। কিন্তু শেষ পর্য্যন্ত আমরা দেখলাম পূর্ব্বে জমিদার জোৎদাররা যেভাবে সুদ আদায় করতেন সেই প্রথাকেও এরা ছাড়িয়ে গেলেন। কারণ আমরা দেখছি ২।৩ বছরের সুদ একসঙ্গে আদায় করা হচ্ছে। টাকা এক আনা করে সুদ হিসাবে তিন আনা হিসাবে সুদ আদায় করা হচ্ছে। এভাবে যেসমস্ত সদুদ্দেশ্যের কথা সরকার তরফ থেকে বিশেষ করে মাননীয় মন্ত্রীমহাশয় মাঝে মাঝে প্রকাশ করেন তা কার্য্যকরী করতে তিনি সক্ষম হচ্ছেন না। এভাবে ভুমিরাজস্ব বিভাগের আইনগুলি কার্য্যকরী না করার ফলে সাধারণ চাষীদের যে অবস্থা ছিল সেই অবস্থা থেকে আরও খারাপ হচ্ছে। ল্যাণ্ড রিফর্মস এ্যাক্টের চাপ্টার থ্রিতে ভাগচাষীদের সম্পর্কে যে অধিকার দেওয়া হয়েছিল সেটাকে কার্য্যকরী না করার ফলে চাষীদের অবস্থা খারাপ হচ্ছে। আমি বহু জায়গায় ঘুরে দেখেছি যে—ভাগচাষীরা এই আইনটাকে জানেন,—আইনের কোন সুযোগ সুবিধা কাজেই তারা পায়না কিন্তু সরকার তরফ থেকে সেদিকে কোনও ব্যবস্থা ও হয় না। সরকার তরফ থেকে ঘোষণা করা হয়েছিল যেসমস্ত জমি ভেসে গিয়েছে, চাষাবাদ আদৌ হয়নি সেই সমস্ত জমির পরিমাণ দু-একর হলে খাজনা মুকুব করা হবে। কিন্তু আমরা দেখছি আমাদের অঞ্চলে এবং অন্যান্য এইরকম ক্ষতিগ্রস্ত চাষীর খাজনা মুকুব করাব কোন ব্যবস্থা নাই। তার উপর স্থানীয় তহশীলদাররা খাজনা আদায় করার চেষ্টা করছে এবং জোর জবরদস্তি করে কোথাও কোথাও সার্টিফিকেট জারী করছে। সুতরাং সরকার তরফ থেকে যে মনোভাব প্রকাশ পাচ্ছে তাতে এটাও প্রকাশ পাচ্ছে যে যতই তারা ভাল উদ্দেশ্য প্রচার করুন যে সমস্ত আইন সাধারণ চাষীদের উপকারে আসতে পারে তা সঠিকভাবে কার্য্যকরী করার কোন ব্যবস্থা হচ্ছে না। আমরা দেখছি সেটেলমেণ্ট ব্যাপারে সরকার তরফ থেকে বলা হচ্ছে যে সেটেলমেণ্ট অপারেশন খুব ভাল হচ্ছে, কয়েকটি ধারার কথাও তিনি উল্লেখ করলেন। আমরা দেখছি যে সেটেলমেণ্টএ এতদিন ধরে চেষ্টা করা সত্ত্বেও অন্ততঃ ৯০ ভাগ ভাগচাষী রেকর্ড করাতে সক্ষম হননি। ৯০ ভাগ চাষী রেকর্ডভুক্ত করতে পারেনি, বহুদিন ধরে চাষাবাদ করা সত্ত্বেও জমির উপর আজ পর্য্যন্ত ভাগ-চাষী হিসাবে স্বীকৃত হতে পারেনি। সেজন্য আমার মনে হয় সদিচ্ছা থাকলেই হবে না। যথার্থভাবে কাজে রূপায়িত করবার জন্য সরকারী প্রচেষ্টায় যে ত্রুটি রয়েছে সে ত্রুটি দুর করতে না পারলে ভাগচাষীদের ভাল করার কথা বললেই এটা দুর হতে পারে না। কারণ দুটো ভাল আইন করলেই, আইনে দুটো ভাল কথা থাকলেই চাষীদের ভাল হতে পারে না। তাই আমি বলবো যেসমস্ত আইন সরকার তরফ থেকে নিয়ে এসেছেন, পাশ করেছেন সে আইনগুলি যাতে যথার্থ কার্য্যকরী হয় সেটা মন্ত্রী মহাশয়ের দেখা দরকার। কোঅপারেশনএর কথা—আজ কদিন ধরে অনেক মন্ত্রীমহাশয় বলছেন। আমরা কোঅপারেশনএর ক্ষেত্রে চেষ্টা করে দেখছি ভাগচাষীদের উপরে যাতে সেই আইনগুলি কার্য্যকরী হয় তাদের যাতে উন্নতি হয়। কিন্তু আমরা দেখছি যখনি ভাগচাষীরা নিজেদের দাবী দাওয়া নিয়ে এগিয়ে এসেছে বা ভাগচাষী কোর্ট এ যায় তখনি তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করে অন্যায়ভাবে তাদের হয়রানি করার চেষ্টা করা হয়। যেসমস্ত মোছাভেরীর লোনা

জল ঢুকে চাষাবাদের যেসমস্ত ক্ষতি করে তাদের সম্পর্কে কোন চিন্তা করা হচ্ছে না। এই সম্পর্কে দেখা দরকার। সেজন্য আমি বলবো যেসমস্ত আইনগুলি কার্য্যকরী করলে দেশের সাধারণ মানুষদের, গরীব মানুষদের, ভূমিহীন সাধারণ লোকদের সুবিধা হবে সেগুলি যাতে কার্য্যে রূপায়িত হয় তার চেষ্টা করুন।

তা নাহলে কোন দিন কতকগুলি ভাল কথা বলে চাষীদের উন্নতি হতে পারে না, এটা মাননীয় মন্ত্রীমহাশয় যেন মনে রাখেন। মন্ত্রীমহাশয় যদি কাজে এগুণ, তাহলে ভূমি সংক্রান্ত ব্যাপারে আমাদের যেসমস্ত আইন আছে সেগুলি যদি কার্য্যকরী না হয়, তাহলে তাঁর উদ্দেশ্য যে ভাল এ কথা আমরা কোনদিনই বলতে পারবো না।

[5-20—5-30 p.m.]

Shri Mangru Bhagat :

माननीय स्पीकर महोदय,

जलपाईगुड़ी जिले के जो भाग चासी किसान हैं, मैं उनकी तरफ से दो एक बात इस हाउस के अन्दर बोलना चाहता हूँ। पहली बात यह है कि भूमि संस्कार आइन को सरकार ने जो पास किया है, वह सिर्फ सुनने को ही मिलता है। उससे किसान लोगों को खेत मजदूरों को जमीन पाने का कोई बन्दोबस्त नहीं किया गया है, सरकार कहती है कि भूमि संस्कार आइन पास किया गया है मगर किसानों को कोई फायदा नहीं होता है। जलपाईगुड़ी जिला के अन्दर किसानों को जमीन पाना बहुत बड़ी बात है। आज देखा गया है कि बर्गादार आइन के अनुसार भागचासी को ४०, ६० भाग धान देना पड़ेगा मगर जलपाईगुड़ी जिला में भागचासी को भाग पाना बड़ा मुश्किल हो गया है। भाग लाने के वक्त जमीन का मालिक सब धान उठा ले जाता है और किसानों के खाने के लिए भी कुछ नहीं छोड़ता। उसके परिवार के लिए कोई बन्दोबस्त नहीं करता। जलपाईगुड़ी जिला के अन्दर जोतदार भाग होने के टाइम ४०, ६० का भाग नहीं करता। उस टाइम में दौड़ा.दौड़ा वह थाने गया और पुलिस को नालिस करके बुला लाया। पुलिस लाकर समूचा धान जोर करके अपने घर में जमा कर लिया। मैं मंत्रीमण्डल के सामने अनुरोध करूंगा कि इन भाग चासियों को इतनी कमाई का भाग आपलोग दिलाए। आज देखा जाता है कि भागचासी को धान बन्द करके कांग्रेसी पुलिस का सहारा लेकर किसानों-खेत मजूरों को लूटपाट करके सारा धान जोतदार जमा कर लेते हैं। इसके मंत्री महोदय को रोकना चाहिए। इसके लिए मैं कई जगहों का उदाहरण दे सकता हूँ।

नागाराकाटा थाने के सुलका पाड़ा थाने के अन्दर भोला के पास पचास बीघा जमीन है। उसको किसान जोतते हैं। जब किसान धान का भाग करने गया तो जोतदार थाने में जाकर नालिस किया। किसान के खिलाफ दायरी कराया और थाने से पुलिस को ला करके सारा धान हड़प लिया। सारा धान लेकर ४०, ६० का भाग नहीं दिया। किसान और खेत मजदूर के खाने का कोई बन्दोबस्त नहीं किया चासी का समूचा धान लूट करके अपने घर में जया कर लिया।

भूमि संस्कार आइन में आज देखा जाता है कि इस माफिक और-और जगहों में घटना घटती है। जैसे—अलीपुर द्वार में कुमार थाना है। वहाँ के किसान सिर्फ यही जानते हैं कि सरकार की तरफ से आइन बना हुआ है, ४०, ६० भाग धान देने के लिए, मगर वैसा होता नहीं है। सरकार की ओर से भी कोई सुनवाई नहीं होती है। सरकार जोतदारों के खिलाफ कुछ भी सुनना

नहीं चाहती है। उस थाने के अन्दर जमींदार जो जमीन के मालिक हैं, किसान को मारपीट कर थाने में सजा दिला दिया। चुन्नी सिंह को मारा-पीटा गया और थाने में पकड़ कर बन्द कर दिया गया। भूमि संस्कार आइन किसानों की उन्नति के लिए बना है। मगर उससे किसानों की उन्नति नहीं होती है। इसलिए मेरा कहना है कि लैण्डेडमन्य मिनिस्टर इधर ध्यान दें।

अब मैं चाय बगान के बारे में कुछ कहना चाहता हूँ। इसी हाउस के अन्दर में बार-बार बोला हूँ कि चाय बगान में एक-एक जगह हजार-हजार बीघा जमीन खाली पड़ी हुई है। मगर उस जमीन को भागचासी किसानों को और खेत मजूरों को खेती करने के लिए नहीं दी जाती है। किसान उस जमीन पर चास करना चाहते हैं, मगर चाय बगान के मालिक जमीन नहीं देते हैं। जब वे चास करने जाते हैं तो चाय बगान के मालिक उन्हें भगा देते हैं। उस जमीन के लिए किसान धान का भाग भी देना चाहते हैं और खजाना भी देने के लिए तैयार है। भाग चासियों का कहना है कि हम सब देना चाहते हैं। हमें जमीन चास करने के लिए देना होगा। मगर चाय बगान के मालिक कहते हैं कि अगर चास करोगे ता हमलोग तुम्हें जेल भेजवा देंगे। मालिक लोग मार-पीट का भय दिखलाते हैं। इसलिए अभी तक बहुत-सी जमीनें परती पड़ी हुई है। इसलिए मेरा सरकार से अनुरोध है कि लैण्डरेभन्यू डिपार्टमेंट भूमि संस्कार आइन के मुताबिक किसानों को जमीन चास करने के लिए दें। उन जमीन पर हजारों मन धान पैदा हो सकता है। भागचासियों के हाथ में उस परती जमीन को देने से वहाँ के रहने वालों का बड़ा कल्याण होगा। माननीय मंत्री जी को इस जमीन को बन्दोबस्त करना चाहिए।

दूसरी बात यह है कि जब चास करने का दिन आता है तो किसानों के पास खाने के लिए कुछ भी नहीं होता है। सरकार की जो पञ्चायत और यूनियन बोर्ड है वह कुछ भी काम किसानों के लिए नहीं करती हैं। किसानों के खाने के लिए और कृषि ऋण की अगर व्यवस्था की जाय तो बहुत ही अच्छा होगा। आज देखा जाता है कि जिस किसान के पास १०, १२ बीघा जमीन है, वही किसान ऋण पाता है। उसी किसान को बीज का धान मिलता है। किन्तु, गरीब भाग चासी किसान को कृषि लोन नहीं मिलता है। उनके खाने का कोई बन्दोबस्त नहीं होता है। मैं कांग्रेसी सरकार के मंत्रीमण्डल से अनुरोध करूंगा कि वे गरीब-भागचासी के सुख-सुबिधा का बन्दोबस्त करें।

माननीय स्पीकर महोदय,

Shri Ramanuj Haldar :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে ভূমিসমস্যা তথা রাজস্ব সমস্যা এক জটিলতর সমস্যা। কৃষক সম্প্রদায়ের অন্তরে যে দুঃখ পুঞ্জীভূত হয়ে রয়েছে, যে ভূমি সমস্যার মধ্যে সে জড়িয়ে আছে, যে দৈন্যের মধ্যে তার দিন চলছে, তা অন্তরের সহিত উপলব্ধি করতে না পারলে এবং তার এই অন্তহীন সমস্যার পরিপ্রেক্ষিতে আইন প্রবর্তন করতে না পারলে কোন সমস্যার সমাধান হবে না। এবং আমি এই প্রসঙ্গে কতিপয় বিষয়ের অবতারনা করতে চাই।

অন্যান্য বিষয় মাননীয় বসন্ত বাবু, শঙ্করদাস বাবু এরা উল্লেখ করেছেন। কৃষক সমাজের এক বৃহৎ অংশে—শিক্ষা এবং একতাবদ্ধতার অভাব আছে এবং তাদের মধ্যে আন্দোলন মুখীনতার অভাব ও রয়েছে।

আজ পর্য্যন্ত যে আন্দোলন করা হয়েছে, তাতে তার মূল সমস্যার সমাধানের জন্য বা কৃষকের কল্যাণের জন্য যে বিশেষ কিছু করা হয়ছে একথা আমি মনে করি না। আর্থিক বৈষম্য

বিদূরণের ভিত্তিতে জমি বণ্টন হওয়া প্রয়োজন। এই বৈষম্য বিদূরণ সর্ব্বক্ষেত্রেই প্রয়োজন, শুধু জমির উপর নয়। এই বৈষম সর্ব্বক্ষেত্রে বিদূরণ করার আন্তরিক চেষ্টা সরকারের নেই। মধ্যস্বত্বাধিকারীদের বিলোপ সাধন করে জমি বণ্টনের জন্য যে সেটেলমেণ্ট এর কার্য্য পরিচালনা করা হচ্ছে এবং সুন্দর বনের বাঁধ সংরক্ষণের যে সমস্যা, তাতে সরকার যে ব্যবস্থা করেছেন তা বিশেষভাবে লক্ষণীয়। আমি এটা বলতে বাধ্য হচ্ছি যে, যে পরিমান টাকা ব্যয় করা হয় তা অর্দ্ধ ব্যয়ের তুলনায় নিতান্তই নগণ্য। শুধু তাই নয় কৃষকও অন্তহীন হয়রানীর মধ্যে পড়ে। অনেকক্ষেত্রে দেখে শুনে প্রহসণ বলে মনে হয়। অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে পারি কি, এই জমিদারী প্রথা উচ্ছেদ করে, মধ্যস্বত্ব বিলোপ সাধন করে সাধারণ কৃষকদের কি কল্যাণ হয়েছে? এবং কতটুকু উদ্বৃত্ত জমির কতখানি কৃষকদের হাতে গিয়েছে, কি পরিমান জমি তার হাতে পৌচেছে? সুন্দরবনের বাঁধ সংস্কারের ব্যাপরে আমি একটা বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি ইতিপুর্ব্বেও তা আলোচনা করেছি। এই বাঁধগুলি সংস্কার করার জন্য সার্ভেয়ার, সুপারভাইজার জে. এল. আর. এস. ডি. এল. আর. ও. এস. ডি. ও. এমন কি এ. ডি. এম. ডি. এম. প্রভৃতির তত্ত্বাবধানে রেখে নানা বন্ধ আটুনি দেওয়া হচ্ছে যাতে করে কাজ ভাল হয় কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় সুন্দরবন অঞ্চলে এই বাঁধগুলি সংস্কার করার জন্য যে টাকা ব্যয় করা হয় তার প্রভুত পরিমান টাকাই অপচয় হয়। এমন কি কণ্ট্রাক্টর দের সঙ্গে যোগসাজসে এই সব টাকা অপচয় হচ্ছে। কাজ না করে বিল দাখিল করা হয়েছে এমন অভিযোগ প্রকাশ পেয়েছে। এবং মন্ত্রীমহাশয় এই জন্য অনেকের বিল যা দাখিল করা হয়েছে তাদের টাকা আটকে রেখেছেন। কিন্তু আমার ব্যক্তব্য হচ্ছে, এইসব অভিযোগ যদি প্রমাণিত হয় তাহালে তাদের নিশ্চয়ই সাজা দিতে হবে। কিন্তু সেই সঙ্গে আমি জানতে চাই যেসমস্ত কর্মচারীরা এর সঙ্গে লিপ্ত আছেন—তাঁরা এখন পর্য্যন্ত বহাল তবিয়তে চাকরী করে যাচ্ছেন—তাদের সাস্‌পেণ্ড করা হয় নাই কেন? আশা করি মন্ত্রী মহাশয় এর উত্তর দেবেন। তহশিলদার, সেটেলমেণ্ট কর্মচারীদের মধ্যে দুর্নীতি থাকার জন্য কৃষকরা নানাভাবে উৎপাড়িত হচ্ছে। এর প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করেছি এবং তা সমাধানের জন্য মাননীয় মন্ত্রীমহাশয় কি ব্যবস্থা অবলম্বন করেছেন জানতে চাই। উত্তর আসবে হয়ত যে, উপযুক্ত প্রমাণ অভাবে এই সমস্যা সমাধান করা যায় না। কিন্তু জানতে পারি কি যে, মন্ত্রী মহাশয় গুপ্তচর রেখে, সরকারপক্ষ থেকে এই সব দুর্নীতিপরায়ণ কর্মচারীদের দমন করার চেষ্টা করতে পারেন না কি? তারপর উদ্বৃত্ত জমি ২৫-৩০ হাজার একরের মত সংগ্রহ করা হয়েছে। যে দেশে শতকরা ২২ ভাগ লোক এখন পর্য্যন্ত ভুমিহীন, এবং যেখানে বর্ত্তমান অবস্থায় শতকরা ১৪ ভাগ ভুমি উদ্বৃত্ত হতে পারে সেখানে এই উদ্বৃত্ত জমি কি পরিমাণে বণ্টন করলে জনসাধারণের দুরবস্থার অবসান হবে তা আমি বুঝতে পারি না। সুতরাং ভুমি বণ্টনই একমাত্র কৃষকের সমস্যার সমাধান নয়। তবে পশ্চিম বাংলায় যেসমস্ত কৃষকদের ভুমি প্রয়োজনের তুলনায় কম আছে সেই সংখ্যকে মানুষের মধ্যে জমি বণ্টন করলে তাদের জীবন ধারণের মান উন্নত করা সম্ভব হতে পারে এবং সেদিক থেকে বিচার করলে ভুমি বণ্টন করার প্রয়োজন আছে।

[5-40—5-50 P.m.]

জমিদারী প্রথার উচ্ছেদ করা হয়েছে একথা বলা হয়, কিন্তু বিনোবাভাবেজীর কথায় বলতে হয়

जमीन्दारी प्रथा का उच्छेद तो हो गया किन्तु भूमिहीनों को अभी तक भूमि नहीं मिल सकी।
আজকে আমরা মাননীয় সদস্য শঙ্করদাস মহাশয়ের কাছে শুনলাম যে এই ভূমি যারা বেনাম করে রেখেছে তাঁদের কাছ থেকে ফিরিয়ে নেওয়ার কোন সম্ভাবনা নাই, এই ভূমি তাঁদের হাত থেকে যাবে। এই যদি অবস্থা হয় তাহলে পশ্চিম বাংলার ভূমিহীন কৃষক এবং পূর্ব্ববংগের ছিন্নমূল উদ্বাস্তু যারা বর্ত্তমানে বিভিন্ন অঞ্চলে যাযাবরের মতো ঘুরে ঘুরে দিনপাত করছে তাদের জন্য সরকার কি ব্যবস্থা করবেন আমরা সেই কথা জানতে চাই। এটি আমাদের জানার প্রয়োজন আছে। মাননীয় সদস্য বসন্ত পাণ্ডা মহাশয় বলেছেন কলকাতার মধ্যস্বত্বাধিকারীদের বিলোপ সাধন চাই। আমি মনে করি শুধু কলকাতা শহরে নয়, সর্বত্র মধ্যস্বত্বাধিকারীদের অবিলম্বে বিলোপসাধন প্রয়োজন এবং গ্রামে ও শহরের মধ্যে বৈষম্য বিদূরীত করে একটি পূর্ণাঙ্গ নীতি না গ্রহণ করতে পারলে বাংলাদেশের কল্যাণ হবে না। তারপর দেবত্তর সম্পত্তির ক্ষতিপূরনের জন্য যে ধরনের খোলানীতিতে মূল্য নির্ধারণ করা হয়েছে সেটা নিতান্ত অসঙ্গত মূল মূল্যের তুলনায়। খেয়া ঘাটের বিলির মাধ্যমে সরকার প্রভুত অর্থার্জন করে থাকেন, কিন্তু আশ্চর্য্যের কথা, এইসব খেয়া ঘাটে শিশু, নারী ও বিশেষ করে রুগীদের জন্য জেঠির ব্যবস্থা থাকে না, আশ্রয়স্থল তো দুরের কথা। আজকে সরকারী গাফিলতীর জন্য, প্রশাসনিক অযোগ্যতার ফলে, অদুরদর্শিতা ও দুর্নীতিপরায়ণতার ফলে জনসাধারনকে চরম দুর্ভোগ ভুগতে হয়। খাজনা মার্জনার কথা এখান থেকে বহুবার বলা হয়েছে ; আমি মনে করি চাষীদের উপর কোনপ্রকার খাজনা থাকা উচিত নয়, যদি একান্তই খাজনা ধার্য্য করতে হয় তাহালে পক্ষপাত হীন নীতিতে আয় অনুপাতে করা যেতে পারে। তারপর আমি আরেকটি বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই—গ্রামাঞ্চলের হাট বাজারগুলির উপর থেকে মধ্যস্বত্বাধিকার সম্পূর্ণরূপে তুলে দিয়ে হাট বাজার গুলির উন্নতি করা প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, উদ্বৃত্ত ভূমি বণ্টনের ব্যাপারে আজ চরম দুর্নীতি বিরাজ করছেন—এই সম্পর্কে আমি একটা সাজেশান রাখতে চাই যে, এই ব্যাপারে দুর্নীতি দমন বিভাগের সাহায্য নেওয়া হোক। বর্ত্তমান খাজনা সম্পূর্ণ বন্ধ রাখা হোক, হাট বাজার ও অন্যান্য মধ্যস্বত্বাধিকার, যেমন চা বাগান মেছোভেড়ী ইত্যাদি এবং কলকাতার সর্বপ্রকার মধ্যস্বত্বাধিকার যতদিন না বিলোপ হয় ততদিন ৫ একর ভূমির খাজনা রদ করা হোক। তারপর আমি আরেকটি প্রসঙ্গ উত্থাপন করতে চাই বর্গাদারদের ব্যাপারে—বর্গাদারের ডেফিনিশান ঠিক করে দেওয়া হোক, এবং একটা সুনির্দিষ্ট নীতি নির্ধারণ করা হোক। সর্বশেষে আমি বলতে চাই, ২৫ হাজার টাকা পর্য্যন্ত যাদের ক্ষতি পুরণ তাদের সর্বাগ্রে প্রদারক করা হোক, ২৫ হাজার টাকার উর্দ্ধে কোন ক্ষতিপুরণ দেবার প্রয়োজন আছে বলে আমি মনে করি না।

[5-50—6 p.m.]

Shri Haran Chandra Mondal :

মাননীয় ডেপুটি স্পাকার মহাশয়, স্বামী বিবেকানন্দ যখন চিকাগো ধর্ম্মসভায় বক্তৃতা করতে গিয়েছিলেন তখন তাঁকে মাত্র ৩ মিনিট সময় দেওয়া হয়েছিল। কিন্তু তার বক্তৃতা এতই ভাল হয়েছিল যে পরে তাকে ঘণ্টার পর ঘণ্টা সময় দেওয়া হয়েছিল। তবে বামন হয়ে চাঁদে হাত দেওয়ার সখ যদিও আমার নেই তাহলেও আপনাকে অনুরোধ করব যে, যে কনষ্টিটিউয়েন্সি থেকে আমি এসেছি সেটা একটা সিঙ্গল কনষ্টিটিউয়েন্সি এবং সেখানকার অবহেলিত চাষীদের আমি অবহেলিত প্রতিনিধি এবং বছরে যখন মাত্র ৩।৪ দিনই বলবার সুযোগ পাই তখন

আমাকে একটু বেশী সময় দেবেন। যা'হোক, প্রথম কথা হোল যে, ভূমিরাজস্ব বিভাগের গলদ ও ত্রুটির কথা যা বছরের পর বছর ধরে শুনে আসছি তাতে মনে হয় যে একবিন্দু জলকে ভাগ করতে করতে যেমন তা অণুতে পরিণত হয় ঠিক তেমনি ভূমিসংস্কার হতে হতে চাষীকুল ধ্বংস হয়ে যাবে। বেনামী সম্পত্তি ধরার জন্য সরকারের বহু আড়ম্বর দেখছি, আইন সভায়ও শুনছি এবং মন্ত্রী মহাশয়ের কাছে গেলেও নানা রকম কথা শুনছি। কিন্তু বাস্তবক্ষেত্রে আমরা তার কোন ফলই দেখছি না। এই ভূমিসংস্কার আইনে যে সমস্ত বেনামী সম্পত্তি ধরার কথা ছিল এবং সরকারের যেসমস্ত নির্দ্দেশ ছিল সেই অনুসারে সেটেলমেণ্ট অফিসার অথবা এস. ডি. ও. এবং ভাগচাষী অফিসাররা কাজ করেন নি। এ ব্যাপারে আমি কয়েকটি বিষয় আপনার সামনে তুলে ধরছি। মনি নিন্দা নামে একটি লোক ৩ শত বিঘা জমি তার জামাই পরেশ ঘরুইর নামে বেনামী করে। সেই সম্পত্তি ধরবার জন্য চাষীরা সেটেলমেণ্ট ডিপার্টমেণ্টে দরখাস্ত করে। কিন্তু এদিকে সেই বেনামদার একটি মিথ্যা মামলা দায়ের করে ১৪৪ ধারা জারী করবার জন্য আবেদন করে যে এরা শান্তি ভঙ্গ করবে। সেই ১৪৪ ধারার জন্য দরখাস্ত করার পর পুলিশের মিথ্যা রিপোর্টে তাদের দিনের পর দিন হয়রানি হতে হচ্ছে এবং তাদের মধ্যে কার্ত্তিক গায়েন দিগর ১৮ জন বর্গাদার আছে। ফাল্গুনমাসের শেষে এরা কাটা ধান বিল থেকে খামারে তুলেছে এবং ৩।৪ বছর ধরে আইন অনুযায়ী লড়াই করেছে—এঁরা কোন দিন শান্তিভঙ্গ বা আইন অমান্য করে নি। অথচ তাদের বিরুদ্ধে এরকম বিচার করা হোল। এ ছাড়া বঙ্কিম গাইন ও নীলকণ্ঠ জানা প্রভৃতি জোৎদাররা চাষীদের উপর অত্যাচার করছে। গত ১৪. ২. ৫৯. তারিখে এস. ডি. ও-র উপরে সরকারের একটা নির্দ্দেশ ছিল যে, যদি কোন জমির বিরুদ্ধে ৫ (ক) ধারায় মামলা হয় তাহলে সেই জমির ধান মাবাই করবার পর তার ৬০ অংশ চাষী পাবে এবং বাকী ৪০ অংশে গভর্ণমেণ্ট কাষ্টডিতে জমা রাখতে হবে। কিন্তু আজ পর্য্যন্ত সন্দেশখালি থানায় কোথাও দেখলাম না যে গভর্ণমেণ্ট কাষ্টডিতে ধান জমা দেওয়া হয়েছে এবং তা' ছাড়া ভাগচাষী বোর্ড যা' বিচার করছে তাতে ঐ বেনামদারকেই মালিক সাব্যস্ত করা হচ্ছে। রাধানগর মৌজায় নটবর বিশ্বাস তার ৭॥ শত বিঘা জমি তার কয়েক ছেলের নামে বেনাম করেছে কিন্তু এগুলি ধরবার কোন উপায় নেই। ভাগচাষ অফিসার এসব লক্ষ্য করছেন এবং সাবডিভিসনাল ম্যাজিষ্ট্রেটের কাছেও মিথ্যা মামলা দায়ের করা হয়েছে। কিন্তু এর প্রতিকারের কোন চিন্তাই তাঁরা করছেন না। বেনামদারের ক্ষেত্রে এসব হচ্ছে। স্যার ডেনিয়াল হ্যামিলটন এষ্টেটএ প্রচুর খাস জমি আছে। তাঁরা সেগুলো বেনাম করবার সুযোগ পায়নি এবং করেনি। সরকারের হাতে সেই জমিগুলো ছিল এবং সরকার যখন সেই জমিগুলো খাস দখল করলেন তখন বিমলবাবু এই হাউসে বলেছিলেন যে স্যার ডেনিয়াল হ্যামিলটন এষ্টেটএ কোন গণ্ডগোল নেই। কিন্তু সেই জমি এখনও বিলি করা হয়নি, তবে শুনছি আগামী বছর বিলি করবার ব্যবস্থা হবে। অথচ আশ্চর্য্যের বিষয় যে, তহশীলদার এবং জি. এল. আর. সেগুলো সাজা আইনে বিলিবন্দোবস্ত করছে এবং বহু টাকা ঘুষ আদায় করছে। অর্থাৎ প্রকৃত অবস্থা হচ্ছে যে, যারা প্রকৃত ভূমিহীণ তাদের সেই জমি বিলি না করে যাদের ১০০।১৫০ বিঘা জমি আছে তাদের বিলি করা হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, এই যে আমি বললাম যে তাঁরা ঘুষ নিয়ে জমি বিলি করছে এতে আপনি হয়ত বলবেন যে আপনি কি ঘুষ নিতে দেখেছেন? কিন্তু এটা বিচার্য্য বিষয় যে, যেখানে পাশাপাশি ২।৩ জন লোক জবর দখল করেছে এবং জবর দখল কেস-ও হচ্ছে সেখানে যদি দেখা যায় যে ২ জনের বিরুদ্ধে কেস হচ্ছে

কিন্তু আর একজনের বিরুদ্ধে হচ্ছে না, তা'হলে সেখানে যে কোন কারচুপি আছে এটা মনে হওয়া স্বাভাবিক। কেননা আমরা দেখেছি যাদের জমি আছে তাদেরই দেওয়া হচ্ছে অথচ যাদের জমি নেই তাদের দেওয়া হচ্ছে না। সেটেলমেণ্ট ডিপার্টমেণ্টর গজদের জন্য ঐ হ্যামিলটন এষ্টেটএ আগুণ জ্বলছে এবং পুলিশের তাণ্ডব ও মিথ্যা মামলায় চাষীদের হয়রানি হচ্ছে। তার কারণ হচ্ছে যে, একটা হোল্ডিং ৩ জনের নামে রেকর্ড করা হয়েছে, আবার একটা হোল্ডিং চাষী নামে রেকর্ড না করিয়ে জি. এল. আর. অন্য নামে অ্যালট করেছে। কিন্তু এদিকে সেই রেকর্ড সংশোধন করার যে ব্যবস্থা করা হয়েছে তার সুযোগ সাধারণ নিরক্ষর চাষী নিতে পারে না। আমাদের মতে লোককে যে সব অফিসার এবং মহাজনরা পাত্তা দেন না তাঁরা ঐ সব চাষীদের সঙ্গে যে কি রকম ব্যবহার করছে তা' সহজেই বুঝতে পারেন এবং যার ফলে ঐ সব রেকর্ড সংশোধন হয়নি। এসম্বন্ধে তহশীলদার এবং জি. এল. আর. বলছেন যে. যেসব জমি রেকর্ড হয়নি সেগুলো আমরা পরে করে দেব। কিন্তু ভূমিহীণ দরিদ্র চাষী যারা দীর্ঘ দিন ধরে ঐ সব জমি চাষ করে আসছে তাদের মধ্যে হয়ত কারুর নামে ৩।৪ বিঘা রেকর্ড হয়েছে আর বাকীটা অন্য নামে বিলি হয়েছে এবং তারফলে যে চাষীর হাতে এতদিন ধরে ঐসমস্ত জমি ছিল সে বলছে যে আমি এতকাল ধরে চাষ করে আসছি এখন এগুলো কেন আমার থাকবে না এবং অন্য দিকে নূতন যে পেয়েছে সে বলছে আমি কেন ছেড়ে দেব। এই নিয়ে সেখানে দাঙ্গা হাঙ্গামা হচ্ছে এবং নূতন যার নামে হয়েছে সে কোর্টে গিয়ে কেস করছে। পুলিশ এ ব্যাপারে দেখাশুনা না করে মিথ্যা রিপোর্ট দিচ্ছে এবং তার ফলেও নানা রকম গণ্ডগোলের সৃষ্টি হচ্ছে। স্পীকার মহাশয়, এই ধরণের অন্যায় অত্যাচারের একটি উদাহরণ আমি দিচ্ছি। হরিপদ বর্ম্মণ নামে একজন বর্গাদার দীর্ঘদিন ধরে ২০ বিঘা জমি চাষ করত। কিন্তু এবারে কয়েকজন লোকের ষড়যন্ত্রে কোলকাতার জ্যোতিষ মজুমদার নামে এক ভদ্রলোক তাব নামে নাকি একটি প্লট এ্যালটেড হয়েছে এই অজুহাতে সে কয়েকজন লেঠেল নিয়ে এবং নিজে বল্লম হাতে মাঠে দাঁড়িয়ে থেকে ২০ বিঘা জমির ধান তুলে নিয়ে গিয়ে চাষীর সর্বনাশ করেছে। কাজেই আমি বলতে চাই যে, এই ভাবে আইন প্রণয়ণ করে বা আইন প্রণয়ণ করতে গড়িমসি করে এই যে হাজার হাজার চাষীর সর্বনাশ করছেন এটা ভাল হচ্ছে না। সেদিন আমাদের এখানকার মাননীয় সদস্য মিহিরবাবু বলেছিলেন যে, বেঁচে থাকুন ফজলুল হক্ সাহেব, কেননা তিনিই ডি. এস. বোর্ড আইন করেছিলেন। আমি বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি যে সুন্দরবন অঞ্চলের বহু চাষী এই আইনের দ্বারা উপকৃত হয়ে এখনও তাকে আশীর্বাদ করে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে আপনিও বাংলাদেশের কৃষকের জন্য একটা কিছু করুন তা' না হলে তাদের গালাগালির হাত থেকে রেহাই পাবেন না।

Shri Hansadhwaj Dhara :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ভূমি ব্যবস্থা ও কৃষি ব্যবস্থা এই দুটোকে এক করে দেখে আমরা ভূমি ব্যবস্থার সংস্কার সাধন করে কৃষকের মঙ্গলের কথা চিন্তা করতাম এবং সেজন্য যে একটা আইন পাশ হয়েছিল সেই আইনের গলদগুলি নিয়ে আমি কিছুদিন চিন্তা করেছিলাম যে কিভাবে আইনের গলদগুলি দূর করে কৃষকের হাতে জমি দিয়ে তাদের মঙ্গল এবং সঙ্গে সঙ্গে কৃষিব্যবস্থার উন্নতি করা যায়। আজকে এই সভায় এপক্ষের শ্রীশঙ্করদাস বন্দোপাধ্যায় মহাশয় একটা নূতন প্রস্তাব আমাদের সামনে রেখেছেন। তবে এত কম সময়ে

এ প্রস্তাব সম্পর্কে কিছু বলা আমার পক্ষে সম্ভব নয় এবং যেটা তিনি তুলেছেন তাতে আমার মনে একটা সংশয় উপস্থিত হয়েছে। তিনি পশ্চিম বাংলার সমস্ত জমিকে নিস্কর করতে চেয়েছেন এবং অন্যদিকে আবার সংশয় প্রকাশ করেছেন যে, ৭৬ কোটি টাকা এই সরকারকে খাস্বত্বাধিকারীদের দিতে হবে সে টাকাটা কোথা থেকে পাওয়া যাবে। তিনি নিস্কর করার কথা বলে যেসমস্ত কারণ দেখিয়েছেন তাতে আমরা চিন্তা করতে পারতাম কিন্তু সঙ্গে সঙ্গে ঐ ৭৬ কোটি টাকা কমপেন্‌সেশানএর কথা তোলায় আমার মনে একটা সংশয় ও চিন্তা জেগেছে যে জিনিষটা ভাল করে বোঝা দরকার। কাজেই আমি এই হাউসের উভয় পক্ষের সদস্যদেরই চিন্তা করতে বলব যে এতে তিনি কার মঙ্গলের কথা বলছেন। আমরা কৃষকদের মঙ্গল করতেই চাই এবং এসম্পর্কে ১৯৪৭ সালে ইউ. এন. ও. থেকে যে সার্ভে করেছিল তা'তে তাঁরা একান্তভাবেই রায় দিয়েছিল যে আনডার ডেভলপড কাণ্ট্রির ইকনমিতে উন্নতি আনাতে হলে ভুমিসংস্কার আইন প্রয়োজন।

[6—6-10 p.m.]

১৯৪৮ সালে ইউ. এন. ও. ইকনমিক কাউন্সিল যে ডেফিনিট রিপোর্ট চেয়েছিলেন এবং আমাদের সরকার যে রিপোর্ট পাঠিয়েছেন তাও আমি দেখেছি। আমরা যারা বাংলাদেশের কথা বলি, যারা গ্রামে ঘুরি—কৃষক এবং কৃষি কার্য সম্বন্ধে চিন্তা করি, যারা শঙ্করদাস ব্যানার্জির মত পণ্ডিত এবং ল-ইয়ার নই, তারা গ্রামে গিয়ে যেটুকু দেখি তাতে জানা যায় যে জমি বিভিন্ন ক্ষেত্রে বাঁধা পড়ে আছে। কৃষকের হাতে জমি নেই, যারা কৃষক তা জমির মালিক নয়, জমিকে মুক্ত করে তাদের হাতে দিতে হবে। অন্যদিকে আমরা চিন্তা করেছিলাম যে এই জমি কাদের হাতে দেওয়া হবে। এই দুটো বিষয় চোখের সামনে রেখে যাতে জমি মুক্ত হয়ে কৃষকদের হাতে আসে এবং যারা সত্যিকারে চাষ করে তাদের হাতে দেওয়া যায় সেইজন্য আইন প্রণয়ণ করা হোক এবং কতটা করে জমি এক একটা পরিবারে পেলে তাদের মঙ্গল হবে এ কথা চিন্তা করাবার জন্য আমরা বার বার বলেছি। তারপর দেখলাম যে আইনের সুযোগ সুবিধা নিয়ে জমি বেনামী হয়েছে, জমি কৃষকদের হাতে দেওয়া যাচ্ছে না, নানারকম সমস্যা সেখানে। সেজন্য আইনের সংস্কার, তার সংস্কারের সংস্কার করবার ইত্যাদি নানাভাবে আমরা চিন্তা করছি ও চেষ্টা করছি, পথ আছে কিনা খুঁজে বের করবার চেষ্টাও করেছি। শঙ্করদাস বাবু বললেন পশ্চিমবংগের কৃষকদের মঙ্গল করতে হলে ভুমি নিষ্কর করে দেওয়া হোক? কারণ তিনি দেখলেন কতক জমার দিক থেকে, কতক খরচের দিক থেকে। যদি প্রথমে আমরা খরচের দিক থেকে দেখি তাহলে দেখব যে যা আদায় হয় তা যদি খরচ হয়ে যায় তবে ঐ খাজনা আদায়ের দিকে নাই বা গেলাম। খাজনার বিষয়ে দেখিয়েছেন—অনাদায়ী পড়ে আছে কারণ হাইকোর্টে ইনজাংক্‌শান। বন বিভাগের কাছ থেকে টাকা পাওয়া যাচ্ছে না। আমি বলি যে চিরকাল তা থাকবে না। অন্যদিকে তিনি বলেছেন হাইকোর্টে ইনজাংকশান এ কি রায় হবে জানা নাই এবং বনবিভাগ ছাড়া আয়ের দিকে কিছু আর আসছে না। খরচের দিক দিয়ে সেটেলমেন্ট এবং প্রিপারেশান অফ রেকর্ডস এর যা খরচ যোগ করে তিনি বলেছেন যে যত আয় যদি প্রতি বছর এই বাবদ সব খরচ হয়ে যায় তাহলে এই খাজনা নিয়ে এই খরচের ব্যবস্থা করার কোন প্রয়োজন নেই। আমি বুঝতে পারলাম না যে ভুমি সংস্কার আইন চালু করতে হলে যে পদ্ধতিতে ল্যাণ্ড এ্যাকুইজিশান এ্যাক্ট করা হয়েছে তাতে জমি জরিপ করা দরকার। জমির সমস্ত হিসাব-নিকাশ প্রস্তুত করা দরকার। সেজন্য সেটেলমেন্ট করা প্রয়োজন, কিন্তু প্রতি বছর হবেনা

নিশ্চয়ই। সেটেলমেন্টের খরচ ক্রমে ক্রমে কমে যাবে। প্রিপারেশান অফ রোলস, প্রিন্টিং এবং টাফেন্সর জন্য যে খরচ হয় সেই খরচ প্রতি বছর থাকবে না। অতএব এর সাবস্টান-শিয়াল এমাউন্ট মাষ্ট্ বি ডিক্রিসড ফর দি কামিং ইয়ার্স। অতএব শুধু খরচের কথা চিন্তা করে আয় যখন বেশী থাকছেন তখন নিষ্কর করে দেওয়া হোক এই যুক্তি আমরা ভালকরে বুঝে উঠতে পারলাম না—বুঝে উঠতে পারলাম না এইজন্য নয় যে কৃষকের জমি নিষ্কর হয়ে যাবে সেজন্য আমাদের যত ভয় ও আক্ষেপ। কৃষকরা নিষ্কর হয়ে গেলে আমরা সবাই আনন্দিত হব। কিন্তু শ্রী ব্যানার্জি সঙ্গে সঙ্গে বলেছেন যে ৭৬ কোটি টাকা কমপেন্‌সেশান দেবেন কি করে? আমার ভয় হয়েছে তাহলে বোধ হয় কমপেন্‌সেশান দিতে পারব না—এইটাই কি উনি চাচ্ছেন? শ্রী ব্যানার্জি বল্‌ছেন যে আইন যা করেছেন তা হাইকোর্টে টিকছে না, ফিরে আসছে সব, অতএব ল্যাণ্ড রিফর্মস করবার দরকার নেই, জমি আর কৃষকদের হাতে দিতে হবে না? যখন ক্ষতিপূরণ দিতে পারবে না তখন লাটদার, জমিদারদের হাতে যে জমি ছিল তা থেকে যাক—এ কথা কি তিনি বল্‌তে চাইছেন? শঙ্করদাস বাবুর এটুকু অন্তত: বোঝা উচিৎ ছিল যে এই যুক্তি যদি তাঁর মনের মধ্যে থাকে তাহলে ১৯৫৯-৬০ সালে বাংলা দেশের কংগ্রেস দল এবং এমন কি ওপক্ষেও যাঁরা আছেন কেহই সহ্য করবে না। ৭ কোটি টাকার খাজনা বাদ দিয়েও পশ্চিম বাংলা চলতে পাবে। কিন্তু আজকে এই বিষয়টার তাৎপর্য্য কি তা ভাল করে চিন্তা করা দরকার। বিশেষ করে শঙ্করদাস বাবুর মত পণ্ডিত, বিচক্ষণ মানুষ যখন এই কথা বলেছেন। আমরা খাজনা মুকুব করে দেবার জন্য বলছি—চাষীদের খাজনা দিতে হবে না, সেটি বাদে নিজেরা নিজের জমি চাষ করাব কিন্তু জমির মালিক কে, কে চাষ করবে? সমস্ত ডিপার্টমেণ্ট তো তুলে দিতে চাচ্ছেন। জমি মাপ হবে না, বিতরণ হবে না, গরীবদের হাতে জমি আসবে না—এই অবস্থায় টেনে নিয়ে যাওয়া হবে কিনা সে সম্বন্ধে আমাদের চিন্তা করতে হবে। তিনি অবশ্য একজন ইমপরটেণ্ট মেম্বার। কিন্তু মন্ত্রী মহাশয়কে বলবো তিনি এই হাউসে জিনিষটা আলোচনা করুন এবং তাঁর পলিসি এবং প্রেন্সিপিলের পেছনে কি যুক্তি আছে সেটা বলুন। দ্বিতীয়ত: আমি যে কথাটা বলতে চাচ্ছিলাম। যে কথা ওপাশের বন্ধুরাও বলেছেন—ভয় হচ্ছে শংকরবাবু বলেছেন এবং আমি নিজে কয়েকদিন ধরে চিন্তা করছিলাম—যেমন আমরা মোটামুটি অধিকাংশ সদস্য সিলেক্ট কমিটিতে একমত হয়েছি বহু জিনিষে। আজকে ১৭৫ টা ছাঁটাই প্রস্তাব যদি আমরা এক করে দেখি তাহলে দেখবো যে বেনামী জমির হদিশ করা গেল কি গেল না তার জন্য কি করা যাবে সেটা আমরা চিন্তা করবার চেষ্টা সকলেই করেছি। আমরা সকলেই বলছি গরীব মধ্যবিত্তদের কত তাড়াতাড়ি কমপেনসেশান আপনারা দিতে পারেন এবং তার জন্য কি ব্যবস্থা করছেন। আর একটা বড় সমস্যা সাজা মালিক, অন্যদিকে জোৎদার অথবা মধ্যবিত্ত মালিক তাদের কথা আমরা চিন্তা করি না। বাঁকুড়া জেলায় যারা সাজা মালিক ছিলেন তারা সকলেই আমাদের সুন্দরবনের মাঝামাঝি নিম্নমধ্যবিত্ত শ্রেণীর লোকের পর্য্যায়ে পড়েছেন। তাঁরা আজকে যে দুরবস্থায় পড়েছেন সে কথা চিন্তা করবার জন্য পশ্চিমবাংলার সদস্যরা সকলেই সিলেক্ট কমিটিতে সচেষ্ট হয়েছিলেন, তারপরে ছোটখাট বাঁধবন্দি অমুক তমুক একথা ছিল এবং সেখানে বেনামী জমি ধরবার কথা ছিল—সে কথা শংকরবাবু এখানে বলেছেন আইনে এক মিনিটও টিকবে না, হাই কোর্ট ফেলে দেবে, আমরা জানি তবুও আমরা চেষ্টা করেছিলাম এদিকে না হয় অন্য পথ ঠিক করার যাতে করে গরীব লোকের হাতে জমি দেওয়া যায় এবং বড় জমিদারের জায়গা কি করে বের করতে পারি তার জন্যে উই এক্সপ্রেসড

আওয়ার মাইণ্ড। জমি নিতে পারি না—যদি আইনে তা না থাকে তাহলে উপযুক্ত ব্যবস্থা করা হোক পেনাল মেজার উইথ রেট্রসপ্রেকটিভ এফেক্ট। আমরা যখন একটা সুযোগ পেয়েছি, জমিদার, জোৎদার, লাটদার তারা জমি বেনামী করতে সমর্থ হয়েছে—অতএব সেটা যদি আইনে না টেকে তাহলে অন্য কোন আইন করা হোক যে আইনের মাধ্যমে তা নেয়া যায় এবং তা করার জন্য আমাদের আলোচনা করা দরকার। সুবোধ বাবু যে কথা বলেছেন তার মধ্যে পারা যাবে না—১৯৪৭ থেকে ১৯৫৩ সাল পর্য্যন্ত যত আনরেজিষ্টার্ড ডিড্‌স ট্রান্সফার হয়েছে তা সব বাতিল করে দেয়া হোক্ এবং ১৯৪৭ সাল থেকে ১৯৫৩ সাল পর্য্যন্ত যত রেজিষ্টার্ড ডিডস ট্রান্সফার হয়েছে তা বাতিল করতে বলেছেন। ১৯৪৭ সাল থেকে আজ পর্য্যন্ত আনরেজিষ্টার্ড সিডস, ১৯৪৭ সাল থেকে ১৯৫৩ সাল পর্য্যন্ত রেজিষ্টার্ড ডিডস তার আগে যত সব ট্রান্সফার হয়েছে সব—তা ধরতে গেলে অনেক পাব্লিক ইনষ্টিটিউশান, ট্রাষ্ট, অনেক হাসপাতাল তুলে ফেলে দিতে হবে। অনেক স্কুল তুলে ফেলে দিতে হবে। যেসব ট্রান্সফার হয়েছে সব তুলে দিতে হবে। আমার কথা তা নয়, ৫ এ এবং ৬ সংশোধন করে আজকের দিনে যে আইন আছে—আমি নিজে আইনজ্ঞ নয় কিন্তু আমি আলোচনা করে দেখেছি।

এই যে প্রজা পত্তনি, তা আমলানামা দিয়ে করা যায় ১৯৬০ সালেও। দাখিলা রান্নাঘরে ঝুলিয়ে রেখে পরে তাতে ১৯৪৭ সালের তারিখ যদি বসিয়ে দেওয়া যায় তাহলে এটাকে আজকের দিনে বে-আইনীও বলা যায় না। এই সমস্ত সমস্যার সমাধান করতে হবে যদি মঙ্গল চাই। তারপর যে কথা ওতরফ থেকেও বলা হয়েছিল বেনামদারীর নিকট হতে জমি সংগ্রহ ব্যাপারে, আমি হয়ত আমার নামে জমি রাখলাম ৭৫ বিঘা আমার ছেলের নামেও ৭৫ বিঘা। এখন পার ক্যাপিটা সিলিং যদি কমিয়ে দেওয়া যায় তাহলে একটা ব্যবস্থা হতে পারে কারণ বেনামী করলেও লোকের নামেইতো করেছে। আমি সেজন্য গতবারের বিধান সভায়ও বলেছিলাম যে এই সিলিং ৭৫ থেকে ৪০ বিঘা করা হোক্। আজকে আমি চিন্তা করে দেখলাম যদি ভাল কৃষি ব্যবস্থা হয় তাহলে নন-ইরিগেটেড এরিয়ায় গড়পড়তা মাথাপিছু ৪ বিঘা আর ইরিগেটেড হলে ৩ বিঘা এর বেশী জমি রাখার প্রয়োজন নাই।

সঙ্গে সঙ্গে কমপেনসেশান সম্পর্কে বলবো যে কমপেনসেশান যত তাড়াতাডি দিতে পারা যায় তার ব্যবস্থা করতে হবে। এ সম্বন্ধে পুর্ব্বেও আলোচনা হয়েছিল জানিনা কেন সে বিল আসেনি। একটা নুতন পদ্ধতি নিয়ে যাতে গরীব মানুষকে তাড়াতাড়ি কমপেনসেশান দেওয়া যায় সেজন্য ভুমিরাজস্ব বিভাগের কর্ত্তৃপক্ষের কাছে একটা পদ্ধতি চেয়েছিলাম। এমন একটা ভাল প্রসেস ঠিক করে দিন যাতে কোন একটা অঞ্চলে ধরুন বর্দ্ধমানের মহারাজার ৫০টি স্থানে জমি আছে, রাজার সঙ্গে কোন একস্থানে ১০০ জন গরীব লোকেরও জমি আছে এখন বর্দ্ধমানের রাজার জমি পড়ে থাক, গরীবদের কমপেনসেশান স্যাংকশন করা হউক এরকম পদ্ধতি নিতে চাই। যাতে বর্দ্ধমানের রাজার অনেকস্থানের বিষয় নিষ্পত্তি পর্য্যন্ত গরীবদের না দেরী করতে হয়। স্যাংকশন দরকার, আইন আনতে যদি অসুবিধা থাকে বা দেরী হয় অর্ডিন্যান্স এর মাধ্যমে সুযোগ নেওয়া যেতে পারে যাতে আগামী বছরে মধ্যে বেশী সংখ্যক গরীব লোক টাকা পেয়ে যায়। সাজা ব্যবস্থার কথা বার বার করে আলোচনা করেছি যে কিছু কিছু টাকা না দিলে কেউ বাঁচবে না, মরে যাবে। সে জন্য বার বার বলেছি, সকলেই বলেছিলেন যে অন্তত: ২৫ পারসেন্ট টাকা নগদ দিয়ে দেওয়া হোক্। বাকী টাকার জন্য বণ্ডএর ব্যবস্থা করা হোক। সেই বণ্ড লোককে দেখিয়ে ছোট কুটির শিল্প প্রভৃতির জন্য ঋণ করার যাতে

ব্যবস্থা হয় তাও ব্যবস্থা হওয়া প্রয়োজন। মন্ত্রী মহাশয় তাতে আপত্তি জানাননি এর সেই ব্যবস্থা এখন মন্ত্রী মহাশয়ের তাড়াতাড়ি করা দরকার।

তারপর এই বিভাগে আজকে যতটা খাজনা আদায় হয় তাতে জমির বাঁধ রক্ষা স্লুইস গেট ইত্যাদি ভাল করে হচ্ছে না। আমি ঘুরে ঘুরে নিজে দেখেছি এক্সপার্ট ওপিনিয়ন দেবে ইরিগেশন ডিপার্টমেন্ট টাকা দেবে ও ব্যবস্থা করবে কালেক্টর এ অবস্থায় ভাল কাজ হয় না। কখনো ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে কাজ আরম্ভ হল মাটি কাটা ২০ টাকা করে, টেষ্ট রিলিফ থেকে দিল ১০ টাকা করে, ফলে হয় কি সেখানে কাজ হয় না মাটিই পড়ে না। সাগরদ্বীপে কাকদ্বীপে এ অবস্থা হয়েছে। আমি তাই বলি এই ডিপার্টমেন্টএর ইঞ্জিনীয়ার, ওভারসিয়ার থাকার দরকার। সুন্দরবন রক্ষা করতে হলে আপনি জানেন সেখানে যদি ক্রস বাঁধ না দেওয়া যায় তাহলে কোন বাঁধেরই মূল্য থাকবে না। টেষ্ট রিলিফএর ব্যবস্থা করেই হোক যে কোন রকমে ব্যবস্থা করেই হোক্ সুন্দরবনের ব্যবস্থা করুন।

আমি আর একটা বিষয় মন্ত্রী মহাশয়ের প্রারম্ভিক বক্তৃতা থেকে পরিষ্কার বুঝতে পারিনি। এই ৬ বিঘার যারা মালিক তাদের খাজনা মুকুবের কি ব্যবস্থা করবেন। এটা ক্যাটেগরিকালি বলে দিন এদের সম্বন্ধে কি ব্যবস্থা হবে। সাগরদ্বীপে গরীব মানুষের বেশী ভাগই ও অল্প পরিমাণ জমির বহু মালিকের (যাদের জমি ওয়াসড এ্যাওয়ে হয়ে গেছে সেরকম) খাজনা আদায় করা হয়ে গিয়েছে তাদের সেই খাজনা ফেরৎ দেবার ব্যবস্থা করে দিন। আর যে কথা হেমন্ত ঘোষাল মহাশয় বলেছেন ১ বিঘা বাস্তুভিটা যাদের তাদের খাজনা মুকুব তাড়াতাড়ি করে দিন। আর শেষ বক্তব্য হচ্ছে বর্গাদার এ্যাক্ট সম্বন্ধে গণ্ডগোল কমে যাবে যদি হায়ার্ড লেবার এর যে সংজ্ঞা আছে তার বদল করার ব্যবস্থা অবলম্বন করেন।

[6-10—6-20 p.m.]

Shri Gangadhar Naskar :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে আমাদের আইন সভার মধ্যে একটা উল্টা ব্যাপার দেখছি। মাননীয় সদস্য শ্রী শঙ্করদাস ব্যানার্জী মহাশয় খুব উচ্ছ্বাসিত হয়ে বলেছেন যে কৃষককে খাজনার হাত থেকে রেহাই দিয়ে, তার জমি নিষ্কর করা উচিত. আবার শ্রীহংসধ্বজ ধারা মহাশয় বলেছেন প্রকৃত কৃষকের হাতে জমি দেওয়া দরকার। এটা আজ হল কি। আমি কিছুই বুঝতে পারলাম না। এঁরা এদিকে বলছেন কৃষকের হাতে জমি দেওয়া উচিত, আর ওদিকে দু-দুটো পরিকল্পনা শেষ হয়ে গেল কৃষকরা এক ছটাকও জমি পেল না। বলা হচ্ছে কৃষককে জমি দেওয়া হোক, কৃষককে জমির মালিক করা হোক, অথচ দেখা যাচ্ছে জমিদাররাই জমির মালিক হয়ে রয়েছে। ভূমিরাজস্ব আইন এমন ধারায় পাশ হয়েছে যে কৃষকদের হাতে জমি না দিয়ে জমিদারদের হাতে জমি দেওয়ার ব্যবস্থা হয়েছে। আইনগুলি এমনভাবে করা হয়েছে যে জমিগুলি জমিদাররা যাতে রাখতে পারে তার সুবিধা দেওয়া হচ্ছে। কারণ সুন্দর বনের বিভিন্ন অঞ্চলে দেখেছি ৭৫ বিঘা করে জমির যে সিলিং বেঁধে দেওয়া হল, সেই সিলিং এর বাইরে বহু লোক জমি রেখে দিচ্ছে। যখন ভূমিরাজস্ব আইন পাশ হল, সেই সময় ভূমি রাজস্ব আইনকে ফাঁকি দেবার জন্য জমিদাররা বেনামদারের নামে জমি লুকিয়ে রেখেছেন, এমনকি ছেলে জন্ম গ্রহণ করেনি, অথচ তার নামে জমি রেখে দেওয়া হয়েছে।

সমস্ত খাস জমি আত্মসাৎ করবার মতলবে কি ভাবে ভুয়া দাখিলা তৈরী করে মালিক সাজা হয় তার আমি একটা দৃষ্টান্ত দিচ্ছি। মাননীয় মন্ত্রী শ্রীহেমচন্দ্র নস্করের ভাইপো শ্রীশৈলেন্দ্র নাথ নস্কর—যাঁর ঠিকানা হচ্ছে ২৪পরগণা জেলায়, ভাঙ্গড় থানা, দুর্গাপুর আবাদ। তাঁর আত্মীয়রা ভুমিরাজস্ব আইনকে ফাঁকি দেবার উদ্দেশ্যে একটা ভুয়া দখিলা তৈরী করে বহু জমি রেখে দিয়েছেন। বেনামদার অমিয় নস্কর, শৈলেন্দ্র নাথ নস্করের ভাগিনেয়, তার জমি খতিয়ান দাগ নম্বর হচ্ছে ৫৩৩। মানস নস্কর, শৈলেনবাবুর ভাগিনেয় তার জমির খতিয়ান নম্বর হচ্ছে ৫৩৪। গনেশ নস্কর, ইনিও শৈলেনবাবুর ভাগিনেয়, তার জমির খতিয়ান নম্বর হচ্ছে ৫৩৫। মাধব দাস, শৈলেনবাবুর ভাগিনেয়, তাঁর জমি খতিয়ান নম্বর হচ্ছে ৫৪২। জগবন্ধু দাস, শৈলেন বাবুর ভাগিনেয় জমির দাগ নম্বর হচ্ছে ৫৪৭। বীণা রাণী দাসী শৈলেন বাবুর ভাগ্নি, তাঁর জমির দাগ নম্বর হচ্ছে ৫৪৬। রাণী বালা দাসী, ইনিও শৈলেন বাবুর ভাগ্নি; তাঁর জমির দাগ নম্বর হচ্ছে ৫৪৪। হেমাঙ্গিনী দাসী, শৈলেন বাবুর মাতা, তাঁর জমির দাগ নম্বর হচ্ছে ৫৪৫। সন্ধ্যারাণী বসু, শৈলেন বাবুর কর্ম্মচারীর এক স্ত্রী—তার জমির দাগ নম্বর হচ্ছে ৫৪৮। সুরেন হালদার, শৈলেন বাবুর কর্ম্মচারী, তাঁর জমির দাগ নম্বর হচ্ছে—৫৪০ এবং মানিক মণ্ডল, ইনিও শৈলেন বাবুর একজন কর্ম্মচারী, এর জমির দাগ নম্বর হচ্ছে—৫৪১। এমনিভাবে বেনামদারদের নামে বহু জমি আত্মসাৎ করা হয়েছে। জমিদারী প্রথা উচ্ছেদ হলেও এবং জমি সংস্কার আইন হলেও জমিদাররা এই পন্থা অবলম্বন করে বহু জমি রাখবার সুযোগ নিচ্ছে। সুন্দরবন অঞ্চলে ভেস্টেড ল্যাণ্ড অর্থাৎ যে জমি ভেস্টেড হয়েছে তার পরিমান হচ্ছে ৮ হাজার ৩৬ একর। আমি বিমলবাবুকে বলেছিলাম এই জমিগুলি কৃষকদের মধ্যে বণ্টন করে দেবার জন্য, প্রত্যেকে যাতে অন্তত ১০ বিঘা করে পায় তার ব্যবস্থা করা হোক। তাঁকে বিশেষ করে অনুরোধ করে বলা সত্ত্বেও তিনি এ সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করেন নি। সেখানকার চাষীরা সেইসমস্ত জমিতে চাষ করে প্রচুর ধান উৎপন্ন করেছে এবং সেই ধান তারা পঞ্চায়েৎ এর খামারে কিম্বা জমিদারের খামারে তুলেছে। তারা দরখাস্ত করে জানিয়েছে যে ঐ সমস্ত জমি, বেনামদারদের জমি।

এই জমির ধান ৪০ ভাগ মালিককে দেওয়া এবং ৬০ ভাগ কৃষককে দেওয়া হোক্। যে পর্য্যন্ত বে-নামদারকে ধরা না যাচ্ছে, ধান সেপর্য্যন্ত সরকারের কাছে থাকবে। কিন্তু সরকার এই প্রস্তাব অগ্রাহ্য করেছেন। এখন আপনারা সেই বেনামদার ধরা যায় না। কমুনিষ্টপার্টির তরফ থেকে এই কথা হয়েছে যে বেনামদার ধরা বলা যায়। তার জন্য এই প্রস্তাব আমরা করেছিলাম যে গ্রাম্য কৃষককমিটীর মারফৎ এই বেনামদারকে ধরা যাক। কিন্তু আপনারা সে কথা অগ্রাহ্য করেছেন; আপনারা বেনামদারকে ধরতে চাননা। এই বেনাম-দার মালিক কৃষকের উপর গুলি চালাতে পারে, জমি থেকে তাদের উচ্ছেদ করতে পারে। আমি সাগর থানার কথা বলছি। বিপিন পাত্র, সুন্দর নারায়ণ মণ্ডল, জমিদারের জমিতে বহু দিনযাবৎ সাড়ে আট বিঘা জমি ভাগচাষ করে আসছে। এই জমিদার এই ভাগচাষীকে উচ্ছেদ করবার জন্য এবং তার ধান লুঠ করবার জন্য যাতে ভাগচাষী ধান না পায় তারজন্য ষড়যন্ত্র করেছিলেন। এই বিপিন পাত্র ম্যাজিষ্ট্রেটের কাছে দরখাস্ত করেন। তারপর ম্যাজিষ্ট্রেট—সেটা পুলিশের হেপাজত করেন ২৭।১১।৫৯ তারিখে। কিন্তু ১৩।১২।৫৯ তারিখে মালিক পুলিশ পাহারায় বিপিন পাত্রের জমি থেকে ধান লুঠ করে নিতে যায়। তখন বিপিনের ১১ বছরের কন্যা নর্ম্মদা ক্লাস-ফোরে পড়ে

এবং তার ছেলে শম্ভু—ধান আটক করতে যায়। তখন কন্যা ১১ বছরের নর্মদা মুগুরের আঘাতে মারা যায়। এই হচ্ছে অবস্থা—যাতে ভাগচাষী ধান না পায়, তার জন্য জমিদার জোৎদার ধান লুঠ করে নিয়ে যাচ্ছে সরকারের পুলিশের সহায়তায়। আমরা বেনামদারদের জমি ধরবার জন্য ভাগচাষ বোর্ডে দরখাস্ত করেছিলাম, তা বাতিল করে দেওয়া হয়েছে। ভাগচাষ বোর্ড থেকে বেনামদার মালিককে ধান দেওয়া হচ্ছে। সন্দেশখালি থানার বিভিন্ন এলাকায় খামারে বর্ষার জলে ধান পচে যাচ্ছে, অথচ চাষীরা অনাহারে মরছে। ভাগচাষীরা যাতে ধান না পায় তার জন্য সেই থানার পুলিশ পাহারা দিচ্ছে। আর মালিক যাতে ধান পায় তার ব্যবস্থা করছে এই সরকার শত শত চাষীকে ধরে এনে বেঁধে জেল খানায় পুরে রেখেছে। ভাগচাষীর স্বার্থ রক্ষা করবার জন্য আমাদের নেতা রাসবিহারী ঘোষ আন্দোলন পরিচালনা করলে তাকে সিকুয়রিটি এ্যাক্ট এ জেলে রাখা হয়েছে। গুনধর মাইতিকেও জেলে রাখা হয়েছে। যতীন মাইতির নামে গ্রেপ্তারী পরোয়ানা বের হয়েছে। অথচ সরকারপক্ষ থেকে বলা হয়েছে প্রকৃত ভাগচাষীকে জমি দেওয়া হোক। এ যেন ভুতের মুখে রাম নাম। আমরা জানি কংগ্রেস সরকার কৃষকের হাতে জমি দেবে না। সেজন্য আমি সরকারকে হুঁসিয়ার করে দিতে চাই—আর কতদিন এইভাবে তারা কৃষকের উপর অত্যাচার চালাবেন এবং কৃষককে মৃত্যুর কবলে ফেলে দেবেন? তাদের হুঁসিয়ার করে দিচ্ছি যে সুন্দরবনের চাষী সেই জমি তারা নিজেরা দখল করবে।

[6-20—6-40 a.m.]

The Hon'ble Hem Chandra Naskar: On a point of personal explanation, Sir.

হতে পারে সে আমার ভাইপো—বহুদিন আগে সে ভিন্ন হয়ে গেছে। তার সঙ্গে আমার কোন সম্পর্ক নাই। সুতরাং তার নামের সঙ্গে আমার নাম উল্লেখ করা মাননীয় সদস্যের মোটেই উচিত হয় নাই। আর আলাদা হয়ে গিয়ে একই বাসস্থানে থেকে দু'বার করে টি-এ নেওয়া কি মাননীয় সদস্যের সততার পরিচয়? একথা তাকে জিজ্ঞাসা করি।

Shri Phakir Chrndra Ray:

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় সদস্য শ্রীশংকরদাশ ব্যানার্জ্জী ভূমিসংস্কার করার প্রস্তাব এখানে উপস্থিত করে গিয়েছেন। জমি সংস্কার হবে কি না হবে, মাননীয় মন্ত্রীমহাশয় সেই রকম প্রস্তাব আনবেন, কি না আনবেন, সে কথা আলাদা। সেপ্রস্তাব না আসা পর্য্যন্ত, যতদিন এই রাজস্ব আদায় হবে এবং রাজস্ব যারা আদায় করে সেই তশিলদারদের দুরবস্থার, কথা আমি বলতে চাই। তসীলদাররা মাইনে পায় না, পায় ভাতা এবং যে টাকা আদায় করে তার শত করা একটা কমিশন। এ ছাড়া তারা যে টাকা পাঠায় তার জন্য মনিঅর্ডার খরচ পায়, যাতায়াতের জন্য টি. এ. পায়। ভাতা যা পায় সেটা সামান্য। ২৭৲ টাকায় আজকের দিনে একটা লোকের সংসার চলতে পারে না। মনিঅর্ডার ফি. ও টি. এ. যা পায় তাও বৎসরে খুব বেশী হয় না। তহশীলদারদের উপর যে কাজ দেওয়া হয়েছে সেই কাজের ঝুকির অনুপাতে যে টাকা দেওয়া হয় তা অত্যন্ত নগণ্য। এই অবস্থা যদি চলতে দেওয়া হয় তাহলে এদের মধ্যেও দুর্নীতির প্রশ্রয় পাবে।

স্পীকার মহোদয়, আপনার কাছে অনুরোধ করছি, আপনি মন্ত্রী মহাশয়কে একটু অনুরোধ করবেন তিনি যে এই সব তহশীলদারদের দুরবস্থার কথা একটু সহানুভূতির সঙ্গে বিবেচনা করেন। আর যারা মাঝারী এবং গরীব মধ্যবিত্ত তারা যে হিসাবে ক্ষতিপুরণ পায়, ক্ষতিপুরণ

দেওয়া হচ্ছে কিছু কিছু তা ঠিক, কিন্তু দেওয়া হচ্ছে পাওনা যে সংখ্যা তার তুলনায় খুবই কম। এবং এইভাবে কম্পেনসেশান দিলে শতাব্দীকাল লাগবে এবং তাতে কমপেনসেশান দেওয়া হল বলে সরকারের হয়ত মনঃতুষ্টি হতে পারে কিন্তু যে উদ্দেশ্যে কমপেনসেশান দিতে যাওয়া হচ্ছে সে উদ্দেশ্য সিদ্ধ হবে না। এবং এই কমপেনসেশান দেবার সময় যারা এই কমপেনসেশান নিতে যায় তাদের যে হয়রানী ভোগ করতে হয়, সেই হয়রানী যাতে কম হয় তার ব্যবস্থা করবেন। তাদের অন্ততঃ ২০ জায়গায় হিসাব দিতে হয় এবং ১০০৲ টাকা কমপেনসেশান এর জন্য ৫০৲টাকা যাতায়াত রাহাখরচ হয়ে যায়, এটা যাতে তাদের না করতে হয় তার জন্য ব্যবস্থা করবেন। কমপেনসেশান যারা নিতে যাবে, এক জায়গায় গিয়ে হয়ত ডিষ্ট্রিক্ট হেডকোয়ার্টার্সএ তাদের যাতে হয়রানী কম হয় তার ব্যবস্থা করা দরকার। অনেক জমির মালিক হয়ত রিটার্ণ সময় মত জমা দিতে পারল না এবং অনেক সময় তা দিলেও সে রিটার্ণ অফিস এ জমা হয় না। এর ফলে রিটার্ণ দেবার পর দেখা গেল সরকার সেটা খাস বলে ঘোষণা করেছেন এবং চেক্ এ প্রজা বলে লেখা হয়েছে। এর ফলে অনেক নাবালক, বিধবা যারা লেখাপড়া জানে না তারা যথেষ্ট ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাদের কথা বিবেচনা করে সেটেলমেন্ট অপারেশন শেষ হবার আগেই তাদের প্রতি যেন সুবিচার হয় সেদিকে দৃষ্টি দেবার জন্য, মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি।

[6-30—6-40p.m.]

Dr. Golam Yazdani :

মিঃ স্পাকার, স্যার, জমিদারী প্রথার বিলোপের আসল উদ্দেশ্য হল কৃষকও ক্ষেতমজুরদের জমি দেওয়া যাতে তারা চাষবাস করে খাদ্যশস্য বেশী উৎপাদন করতে পারে। জমিদারী প্রথা উঠে গিয়েছে বটে, কিন্তু চাষীর হাতে কোন জমি এল না। আইনকে ফাঁকি দিয়ে জোতদার ও জমিদারগণ উদ্বৃত্ত জমি বেশীরভাগ বেনামী করে ফেলেছে। বেনামী ধরার জন্যে সরকার প্রায়ই ৫ (এ) ধারা প্রয়োগ করেন না, যদিও মাঝে মাঝে করেন বেনামী ধরতে কৃতকার্য্য হন না। মালদহের কয়েকটা জায়গায় ৫ (এ) তে কোর্টে কেস করা হয়েছিল, স্থানীয় জমিদার ও জোতদারদের নামে, যেমন হাধবপুরের অনিল রায়, হরিশ্চন্দ্রপুরে রামেশ্বর রায়, ব্রজেন্দ্র নারায়ণ রায়। কোর্টের রায় পরে আমরা শুনলাম ডিষ্ট্রিক্ট জাজ স্টে অর্ডার দিয়েছিলেন, কিন্তু সেই বেনামী জমির কোন সন্ধান পাওয়া গেল না। কিছু কিছু উদ্বৃত্ত জমি যা পাওয়া গিয়েছিল, তা লাইসেন্স ফি নিয়ে কৃষকদের বন্দোবস্ত দেওয়া গেল, কিন্তু তখন দেখা গেল মস্তবড় বিপদ, কেননা জোতদারগণ কনষ্টিট্যুশনের ৮০ ধারামতে কেস করলেন, এবং ইনজাংকশন জারী করে দেওয়া হল, লাইসেন্স ফি দেওয়া সত্ত্বেও তা জানাহল না, এবং কৃষকদের ধরে নিয়ে গেল। জোতদাররা বল্লেন ১০(২) ধারামতে আমাদের নোটিশ দেওয়া হয়নি, সুতরাং আমরা কেন জমির বন্দোবস্তি মেনে নেব। এভাবে জোতদারগণ আইনের মারপ্যাঁচ কষে সরকারকে ফাঁকি দিচ্ছে যার ফলে চাষীরা ক্ষতিগ্রস্থ হচ্ছে। এরকম অনেক কেস জোতদাররা জুডিসিয়াল কোর্টএ দরিদ্র কৃষকদের নামে ফাইল করেছে। কিন্তু চাষীদের পক্ষে মামলা চালাবে কে, তাঁরা অযথা হয়রানি হচ্ছে। বামনগোলা, হাধবপুর অঞ্চলে বহু ভেষ্টেড ল্যাণ্ড পড়ে আছে, অথচ লাইসেন্স দিয়ে বন্দোবস্ত দেওয়ার ব্যবস্থা হচ্ছে না। তারপর জমি থেকে উচ্ছেদ করায় যেন একটা হিড়িক পড়ে গিয়েছে। জোতদার জমিদাগণ পুলিশের সহায়তায় গরীব চাষীদের উপর নানাভাবে জুলুম করে, আমার কাছে এরকম বহু ঘটনার নজীর আছে, কিন্তু সময়াভাবে

আমি এখানে সবকথা বল্‌তে পারলাম না। গরীব চাষীর মাঠের ধান কেটে নিয়ে যাওয়ার ঘটনাতো প্রায়ই লেগে থাকে, এবং এনিয়ে অনেক সময় হাঙ্গামা সৃষ্টি হয় যার জন্য শেষ পর্য্যন্ত পুলিশ ইণ্টারভেনশন দরকার হয়। এসব যদি বন্ধ করতে না পারা যায় তাহলে চাষীরা অত্যন্ত দুরবস্থায় পড়বে সন্দেহ নাই। তারপর খাজনা মুকুবের জন্য যে নির্দেশ আছে সেই নির্দেশমতো কাজ হচ্ছে না। তারপর, আরেকটা কথা বলব, জোতদারদের কমপেনসেশান টাকা একসংগে দেওয়া দরকার, বারেবারে সামান্য সামান্য করে দিলে তাতে তাদের কোন লাভ হয় না। আরেকটা কথা বলেই শেষ করছি, যেসমস্ত জমি ষ্টেটে ভেষ্ট করেছে তার একটা হিসাব আমাদের কাছে দেওয়া দরকার। কিন্তু সেটেলমেণ্ট অফিস থেকে সেগুলি আমাদের না দেওয়ার ফলে আমাদের নানা রকম অসুবিধা হয়।

Shri Shyama Prasanna Bhattacharjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কমপেনসেশানের কথা উনি বলেছেন, কিন্তু সেটা হল না এবং এষ্টেট একুইজিশন এ্যাক্টের য়্যামেণ্ডমেণ্ড যা সিলেক্ট কমিটী থেকে করলেন সেটা মোটেই কম্প্রিহেন-সিভ নয় এবং তা বানচাল হবার দিকে যাচ্ছে বলে মনে হচ্ছে। ভেষ্টেটেড ল্যাণ্ডের ব্যাপারে কিম্বা বেনামী হস্তান্তরের ব্যাপারে মন্ত্রীমহাশয় তার বক্তব্য কিছুই রাখেন নি। অর্থাৎ এসম্বন্ধে তিনি কি ব্যবস্থা করছেন সেসব কিছুই বললেন না। এভিকস্যান সম্বন্ধে যে রিপোর্ট দিলেন সেটা ভাগ-চাষ কোর্টের রিপোর্ট এবং তার বাহিরে যে হাজার হাজার এভিকস্যান হচ্ছে সে কথা তিনি বলেন নি। কিন্তু সেটাই হচ্ছে ব্যাপক। সুতরাং বেনামী হস্তান্তর বন্ধ করার ব্যাপারে কিম্বা যেসমস্ত দুর্নীতি চললে তা বন্ধ করার ব্যাপারে সরকারকে খুব কি মনে হচ্ছে না। এই রকম কয়েকটা ঘটনা আমি আপনার সামনে রাখছি। ২৪পরগণার পাথর প্রতিমা যেতে বগ্নাদাপুর মৌজার দেবেন ভুঁইয়া ১৯৪১ সালের সেটেলমেণ্ট অনুযায়ী সে জমির মালিক ছিল এবং এখন সে ৪৪ (২) (ক) ধারাতে জমি বেনাম করার জন্য ব্যবস্থা করেন। এই বেনামীর দুটো খতিয়ান ছিল। একটা খতিয়ান কেসে সরকার হাজির হয়ে বেনাম ঠেকাতে পারলেন এবং জমি সরকারের হাতে এল। কিন্তু আর একটা খতিয়ান কেসে সরকার হাজির হলেন না বলে বেনাম বন্ধ করতে পারলেন না। এটা কিসের লক্ষণ সেটা আপনারা বুঝুন। আর একটা হচ্ছে যে বাঁকুড়ায় সোনামুখী এলাকায় স্পেশাল অফিসার রিপোর্ট দিচ্ছেন তাঁর জাজমেণ্টে যে

Records were tempered after completion of the period of final publication. এই রকম ভাবে ফাইন্যাল পাবলিকেশানের ব্যাপারে রেকর্ড ট্যাম্পার হচ্ছে, কিন্তু তার কোন ব্যবস্থা করা হচ্ছে না। এই অফিসারের নাম হচ্ছে বি. বি. নাথ।

The Hon'ble Bimal Chandra Sinha : Action is proceeding against the person concerned.

Shri Shyama Prasanna Bhattacharjee :

তারপর জলপাইগুড়ি জেলায় ৩ তলা বাড়ীতে ইসমাইল জোর্ড দীর্ঘদিন ভাগচাষী মালিকের সঙ্গে লড়াই করে উচ্ছেদ বন্ধ রেখেছিল এবং তাতে যে ৩৭৫ বিঘা জমি সরকারের হাতে এসেছিল সেই জমি ভাগচাষীরা চেয়েছিল, কিন্তু সরকার সেই জমি তাদের না দিয়ে বাস্তুহারাদের নিয়ে নন—এগ্রিকালচারাল ক্যাম্প করার জন্য সেই জমি চাইছেন। সেখানে যে ৬০।৭০ ঘর বাস্তু-হারা আছে তাদের জন্য ১০।১২ একরের বেশী জমির দরকার হয় না। কিন্তু সরকার সেখানে

১০০ একর চাইছেন এবং বাহিরে থেকেও অনেক বাস্তহারা আনা হচ্ছে। সেখানে আরও যে জমি রয়েছে তা কিন্তু বাস্তহারাদের সরকার দিচ্ছেন না। আমাদের যতদূর খবর আছে তাতে জানি যে এর পেছনে আমাদের মন্ত্রীমহাশয় খগেন বাবু রয়েছেন। তাদের উচ্ছেদ করার অর্থ হচ্ছে যে যেহেতু তারা কৃষক: সমিতির লোক এবং—তাঁরা জোতদারদের বিরুদ্ধে লড়াই করে সেহেতু তাদের জমি না দিয়ে বাস্তহারাদের সেখানে বসান হচ্ছে। সেজন্য তাঁকে অনুরোধ করছি যে ৬০।৭০ ঘর যে বাস্তহারা রয়েছে তাদের জন্য যে পরিমান বাস্তু দরকার তা রেখে বাকী জমি সব ভাগচাষীদের মধ্যে দিন। আশা করি এবিষয়ে রাজস্ব মন্ত্রীমহাশয় কিছু বলবেন। কংগ্রেস পক্ষ থেকে অনেকে চাষীদের পক্ষ হয়ে অনেক কথা বলেছেন কিন্তু কথা বললে হবেনা একটু কাজ দেখান। চাষীদের বিরুদ্ধে যে অন্যায় হচ্ছে তার বিরুদ্ধে ভোট দেবার সময় দাঁড়ান। বক্তৃতা দেবার সময় চাষীদের পক্ষে কথা বলবেন আর কাজের সময় অন্য করবেন তাতে দুর্নীতেকেই প্রশ্রয় দেওয়া হয়। সুতরাং আপনারা ভেতর থেকে চেষ্টা করে দুর্নীতি বন্ধ করুন। আশা করি আমি যে সব বললাম সে সবের উত্তর রাজস্ব মন্ত্রীমহাশয় দেবেন।

[6-40—6-50]

Shri Bhadra Bahadur Hamal :

माननीय स्पीकर महोदय,

এই নোটিফিকেশনের পরে আমি বলবো যে অল্মোষ্ট সবাইকে ইনক্রিমেণ্ট দেওয়া হয়নি। ১৯৫৮ সালের এই নোটিফিকেশনের পরে কিছু কিছু লোককে হয়ত ইনক্রিমেণ্ট দেওয়া হয়েছে, কিন্তু ইনক্রিমেণ্ট যেটা প্রমিজ করছেন সেটা দেওয়া হয়নি এটা আমি জোর করে বলতে পারি। তারপরে ড্রাইভার কণ্ডাক্টার তাদের একটা টিপ দেওয়া হয় কিন্তু সেই অনুযায়ী তাদের ভাতা দেওয়া হয় না। এক্ষেত্রে আর একটা কথা বলবো ডাঃ রায় বলেছেন ট্রেনিং-এর ষ্ট্যারেঞ্জমেণ্ট আমরা করেছি—খুব ভাল করেছেন। ১০০ নয় ১১৭ জন ট্রেনির কথা বলেছেন, এবং ৩ বছর ট্রেণ্ড হয়েছে এদের নেওয়া হয়েছে এডুকেশন ডিপার্টমেণ্ট থেকে টেকনিক্যাল ট্রেনিং কোর্স অনুসারে। এই ট্রেনিদের শিক্ষার পর কি ব্যবস্থা ডিরেক্টরেট করেছেন জানেন? তাদের ট্রেনিং পিরিয়াডে ১'৪০ নয়া পয়সা দেওয়া হত, সেকেণ্ড ইয়ারে ২'৫০ নয়া পয়সা ডাঃ রায় যেটা বলেছেন কিন্তু তাদের ট্রেনিং পিরিয়াড শেষ হয়ে যাবার পরে তাদের চাকরী অফার করেছেন ২০ থেকে ২৫ টাকা বেতনের এবং নেট ৩০ টু ৩৫ টাকা বেতনের। এদের ট্রেনিং দেওয়া হল ৩ বছর ধরে, ট্রেনিং পিরিয়াডে এরা যা পেত তাও কমিয়ে দিয়ে বল্লেন যে এই মাইনেতে তোমরা সার্ভিস গ্রহণ করতে পার। সুতরাং আমি একটা কথা বলবো যে আজকের দিনে যদি ট্রান্সপোর্ট সার্ভিসকে ভাল করতে হয় তাহলে শ্রমিকদের অসুবিধা বুঝতে হবে তাদের ব্যাথা বুঝতে হবে এবং তাদের দরদ দিয়ে দেখতে হবে—যদি তাদের সুখী করা যায় এবং শান্ত রাখা যায় তাহলে ষ্টেট-ট্রান্সপোর্ট সার্ভিস ভাল ভাবে চলতে পারে, এদিকে আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তারপরে আমি ওভার ক্রাউডিং সম্বন্ধে বলবো—যে কথা ডাঃ রায় বল্লেন এবং তার যা সলিউসন তিনি দিলেন আমি সেটা মেনে নিতে পারছি না। তার কারণ হচ্ছে এই ষ্ট্যাসেম্বলী হাউসের ভেতর দু'বছর আগে মাননীয় তরুণ কান্তি ঘোষ মহাশয় জবাব দিয়েছিলেন যে আমরা এক-একটা রুটে বাসের সংখ্যা বাড়াবো, ৬নং, ৫নং; বল্লেন যদি রাস্তা সারানো হয় এমন ভাবে বাড়াবো যাতে লোকের না অসুবিধা হয়।

[4—4-10 p. m.]

রাস্তা সারান হয়েছে কিন্তু ৬নং route-এ always peak hours, ৬ নম্বর, ৩৫ নম্বর এরকম অনেকগুলি route আছে সেগুলি always peak hours, এই ৬ নম্বরের কথা নিজে জানি বেলা দু'টোর যে অবস্থা, ৪টারও তাই, রাত্রি ৯টায়ও তাই। এই যে বাস বাড়াচ্ছেন একটা দুটো করে এতে সমস্যার সমাধান হবে না। আমি বলবো যে এই ব্যাপারে ডাঃ রায়ের argument চলে না। আরও নূতন বাস দিতে হবে, জনসাধারণের অসুবিধা বুঝতে হবে, কষ্ট বুঝতে হবে এবং দরদ দিয়ে যাতে তাদের কষ্ট কমান যায় তার প্রচেষ্টা করতে হবে, তা যদি

না করেন তাহলে এই যে উজ্জ্বল চিত্র আঁকছেন তার কোন মানে হয় না। সর্বশেষে আমি বলবো এই ভাড়া বাড়ান হয়েছে, এতে কোন সুষ্ঠু নিয়ম নাই, তারা অদ্ভুতভাবে ভাড়া বাড়িয়েছেন; দুই একটি example দেব। যেখানে ট্রাম চলে না অর্থাৎ লোককে আসতেই হবে, দূরত্ব কম হোক বেশী হোক ট্রামডিপো পর্যন্ত যে জায়গা সেখান পর্যন্ত ভাড়া বেশী বাড়িয়েছেন, অন্য জায়গায় এত বাড়েনি, কারণ সেখানে লোককে বাধ্য হয়ে আসতে হবে, জনসাধারণের দুঃখ কষ্ট বুঝেন না।

শেষকথা হল ৪নং route সম্বন্ধে যা নিয়ে গোলমাল হয়েছে। তালুকদার মশায়ও জানেন ৪নং route-এ তিনি ভাড়া বাড়িয়েছেন ৪ নয়া পয়সা। চণ্ডীতলা থেকে কুঁদঘাট পর্যন্ত এই route-এর লোকেরা কিছুদিন আগে মি: তালুকদারের বিরুদ্ধে আন্দোলন করেছিল তাই তাদের শিক্ষা দিবার জন্যই বোধ হয় এই রকম প্রতিশোধমূলক ব্যবস্থা হিসাবে ভাড়া এত চড়িয়ে দিয়েছেন। এই কথা বলে—এই মন্তব্য করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Shri Gobinda Charan Maji: স্যার, নিরঞ্জনবাবু এই মাত্র যা বললেন যে সমস্ত কর্মচারীদের মাইনে কমাতে আরম্ভ করেছেন এবং ভাড়া বৃদ্ধি হচ্ছে এছাড়াও আমি আর একটা বিষয় আপনার দৃষ্টি আকর্ষণ করছি। Demand place করার আগে বিগত কয়েক বৎসর ডা: রায় কিছু তথ্য পরিবেশন করেছিলেন। তিনি ১৯৫৩ সালে বলেছিলেন—

The Transport service of Calcutta was not set up with any private motive. One of the objects was to solve the unemployment problem. তিনি ১৯৫৪ সালে বলেছিলেন—

If there be any balance real balance—in any particular year, I would recommend to the Government that the balance should be utilised not to earn profit but to lower the farces of the passengers, on the hand, or to increase the wages of workers, on the other. This would be the real approach of a Welfare State to a problem of this character.'

তিনি বলেছিলেন যে, এই যে Profit এর টাকা নিয়ে যাত্রী-সাধারণের ভাড়া কমাবেন এবং কর্মচারীদের মাইনে বৃদ্ধি করা হবে। তিনি ভাড়া বাড়িয়েছেন ১৯৬০-৬১ সালের যে বাজেট—আমাদের সামনে রেখেছেন তাতে দেখতে পাচ্ছি ভাড়া বৃদ্ধি করার পর টিকিট বিক্রী করে তিনি যে টাকা পাবেন সেটা হল ৩ কোটি ৬৫ লক্ষ ৪১ হাজার টাকা। ১৯৫৯-৬০ সালের Revised বাজেট থেকে আমরা দেখতে পাচ্ছি টিকিট বিক্রী করে টাকা পাওয়া গিয়াছে ৩ কোটি ১১ লক্ষ ৬০ হাজার—এ দুটির difference হল ৫৩ লক্ষ ৭২ হাজার বেশী আমরা পাচ্ছি। ডা: রায় বাজেট অধিবেশনের সময় আমাদের বলেছিলেন এবং আজও বললেন diesel oil, tyres lubricating oil এই সব মিলিয়ে দাম বাড়ার জন্য ভাড়া বাড়ানোর প্রয়োজন রয়েছে। আমরা দেখছি ১৯৫৯-৬০ সালে diesel oil কেনা হয়েছে ৬১ লক্ষ ৫৯ হাজার টাকা এবং বিভিন্ন Lubricating oil এই সমস্ত মিলিয়ে কেনা হয়েছে ১ কোটি ৫৪ লক্ষ ৬৪ হাজার এবং এবছর যে বাজেট উপস্থিত করা হয়েছে তাতে এ জিনিস কিনতে লাগবে ১ কোটি ৫৪ লক্ষ ৫৯ হাজার, মোট এই সমস্ত খাতে খরচ বেশী হবে ৯ লক্ষ ৮৫ হাজার টাকা। এবং অন্যান্য খাতে কর্মচারীদের মাইনে ইত্যাদিতে দেখা যায় pay of officiers ৩১ হাজার ৫শো টাকা। Establishment-এ পড়েছে ৬৩ হাজার টাকা, Allowance বাবদ ৩৫ হাজার টাকা এবং Contingency বাবদ ১০ হাজার ৫শো টাকা

এই সমস্ত খাতে যা টাকা বৃদ্ধি হয়েছে তার sum total, এবৎসর টিকিট বিক্রয় করে যে বেশী টাকা পাচ্ছি তার অর্দ্ধেকও নয়। টিকিট বিক্রয় করে বেশী পেয়েছেন ৫৩ লক্ষ ৭২ হাজার টাকা, এই অঙ্ক যদি ঠিক হয় এবং আমরা যদি তা ঠিক পড়ে থাকি, তাহলে এই হচ্ছে তাঁর হিসাব যে ১৯৫৮-৫৯ সালে ১ লক্ষ ৪৫ হাজার টাকা লাভ হয়েছে। কিন্তু স্যার, আমাদের সামনে যে তথ্য আছে, সেই তথ্য থেকে যা পাচ্ছি এবং Profit and loss account যা আমাদের সামনে পরিবেশণ করা হয়; তা'থেকে বেশ বোঝা যাচ্ছে ১৫ লক্ষ টাকারও বেশী লাভ হতে পারে। এটা শুধু Dey Commission's Recommendation তাদের কাছে ভাড়া বৃদ্ধি দেখাবার জন্য সরকার আমাদের সামনে এই Profit andloss account টা পরিবেশন করেছেন না,এবং এইটাই আমার ধারণা যদি তা হত তাহলে নিশ্চই ১৯৫৯-৬০ সালের Profit and loss account পরিবেশন করতেন। কারণ আমাদের কাছে যে তথ্য আছে তা থেকে আমরা জানতে পারছি ১৯৫৯-৬০ সালের Profit and loss account যদি পরিবেশন করেন তাহলে দেখতে পাবো ১৫ লক্ষ টাকা ঐ বৎসর (১৯৫৮-৫৯ সালে) সরকারের লাভ হয়েছে। আর ১৯৫৯-৬০ সালে ৭৯ খানি নূতন বাস কিনবেন বলে সরকার পরিকল্পনা করেছিলেন। কিন্তু এখন যা মুখ্যমন্ত্রীর কাছ থেকে বিবৃতি পেলাম তাতে এক খানাও নূতন বাস কিনেছেন কিনা বুঝতে পারলাম না। তারপর তিনি আরও বলেছেন যে ১৯৬০-৬১ সালে ১০০ খানা chasis এবং ৮০ খানা ডিজেল কিনবেন। তাছাড়া তিনি বলেছেন development-এর খাতে Shifting of tram tracks from the east, north and west of Dalhousie Square and construction of a car-park and State bus stand. এই car-park Dalhousie Square-এ কোথায় হবে, তা আমরা কল্পনা করতে পারি না। Dalhousie Square-এ কোথায় এমন জায়গা আছে? যেখানে car-park করতে যাবেন এবং এর জন্য দু'লাখ টাকা ধরেছেন? আমরা দেখতে পাই Construction of a sub way at Chowringhee তারজন্য ১ লক্ষ টাকা ধরা হয়েছে। এই sub-way-এর অর্থটা কি বুঝতে পারি না। তিনি তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন bus station at Belgharia হচ্ছে, তার জন্য ১লক্ষ ৭৫ হাজার টাকা ধরেছেন। এই ভাবে তিনি development দেখিয়েছেন, তিনি বলেছেন কলকাতায় এবং সহরতলীর যাত্রীদের সুবিধার জন্য State bus-এর সংখ্যা বাড়ান হয়েছে। কিন্তু আমরা দেখছি কলকাতায় এবং সহরতলীর বহু লোক, বহু কষ্ট সহ্য করে যাতায়াত করছে। আমরা দেখতে পাই তিনি একটাও নূতন রুট খুলছেন না। হাওড়া থেকে আমতা, সেই রাস্তায় একটি মাত্র রেলপথ আছে, সেখানে লোক গাড়িতে বাদুড়ের মত ঝুলতে ঝুলতে যায়। এ তথ্য সরকার জানেন, এবং বহুবার আমরা বলেছি এখানে ব্যবস্থা করবার জন্য। কিন্তু এই রকম ধরনের কোন পরিকল্পনা সরকার নিয়েছেন বলে আমরা দেখতে পেলাম না। বহুদিন আগে আমরা শুনেছিলাম সরকারের ষ্টেট বাসগুলি পুরুলীয়া এবং আরও নানা জায়গায় চালাবেন। তাঁদের সেই পরিকল্পনা কোথায় গেল? যাত্রিদের সুবিধার জন্য ব্যবস্থা করা হচ্ছে—এই সব বড় বড় কথা তাঁরা বক্তৃতা দিয়ে বলছেন। কিন্তু কোথায় সেই সুবিধা? ওঁরা বলেছেন ২০শে জানুয়ারী থেকে বাসের ভাড়া বেড়েছে। কিন্তু আমরা দেখতে পাই ২০শে জানুয়ারীর আগেও ভাড়া বেড়েছে। আমি রিপোর্টে দেখতে পাই ৩৪ নং, ১৫ নং, ৭নং, ৩৮ নং এবং ৪ নং প্রভৃতি রুটের ২০শে জানুয়ারীর আগেই ভাড়া বেড়েছে, এবং ২০শে জানুয়ারীর পরে আবার ঐ সমস্ত রুটে ভাড়া বৃদ্ধি করা হয়েছে। তাছাড়া তাঁরা কয়েকটা রুট সংকোচিত করেছেন। সেগুলি হল ১২নং, ৩৫নং ও ৪নং রুট। এই ৪নং রুট সম্বন্ধে নিরঞ্জনবাবু বলেছেন যেখানে একটা বিশেষ ব্যাপার আছে। এই রুট নিয়ে সত্যাগ্রহ আন্দোলন হয়েছিল, তার ফলে কয়েকজন লোক জেলে গিয়েছিলেন। সেখানকার স্থানীয় বাসিন্দা। বিধান সভার সদস্য শ্রীহরিদাস সিং মহাশয় এ বিষয় নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলেন এবং চিঠি লিখেছিলেন। এই ব্যাপারটা হচ্ছে—কলকাতায় যখন খাদ্য

আন্দোলন সুরু হয় তখন সেই রুট হঠাৎ বন্ধ করে দেন। তারপর অনেক তদ্বির করার পর, মুখ্যমন্ত্রীকে বলবার পর, ডিরেক্টরেটকে বলবার পর ওঁরা বললেন রাস্তাটা খারাপ।

[4-10—4-20 p. m.]

রাস্তা খারাপ, কর্পোরেশনকে দিয়ে রাস্তা মেরামৎ করিয়ে দেবার পর বাস চালান আরম্ভ হল। কিন্তু হঠাৎ দেখা গেল Esplanade পর্যন্ত ভাড়া ১৬ নয়া পয়সার জায়গায় ২০ নয়া পয়সা হয়ে গেল। আমরা দেখতে পাচ্ছি মুখ্যমন্ত্রী যে তথ্য পরিবেশন করলেন প্রতি ২০ নয়া পয়সায় এক নয়া পয়সা যা ভাড়া বাড়াবেন। আমরা দেখছি ১৬ নয়া পয়সার জায়গায় ২০ নয়া পয়সা বেড়ে গেল। আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় এর জবাব দেবেন।

আরো কয়েকটি রুটে লাভ হয়নি বলে তা প্রাইভেট মালিকদের হাতে তুলে দিলেন—সেগুলি হচ্ছে 3B, 30A & 30C। ভাড়া বাড়াবার পর যদি রুটগুলি প্রাইভেট মালিকদের হাতে তুলে দিতে হয়, তাহলে এটা nationalise করে লাভ কি? ট্রামের নিয়তলা সেকশনে লাভ হচ্ছিল না বলে সেই Section তুলে দেবেন বলেছিলেন। কিন্তু ভাড়া বাড়িয়ে তারা সেটা রেখে দিয়েছেন। আর আমাদের সরকার ভাড়া বৃদ্ধির পরে কোন সেকশনে লাভ হচ্ছে না বলে, সেটা প্রাইভেট মালিকদের হাতে তুলে দিলেন। এই 30C রুটটি তারা প্রাইভেট মালিকের হাতে দেবার পরে সেখানে নানারকম গণ্ডগোল ও সত্যাগ্রহ আরম্ভ হয়েছে; এখনো নানারকম গণ্ডগোল চলছে। রেল উঠে যাবার পর সরকার বাধ্য হয়েছেন এই 30C রুট গ্রহণ করতে। সেখানে বহু টাকা খরচ করে সরকার রাস্তা তৈরী করেছেন। এই টাকা খরচ করার পরে, সরকার সেই রুটটি প্রাইভেট মালিকের হাতে তুলে দিয়ে বাস চালাবার অধিকার দিয়েছেন। এর চেয়ে লজ্জার কথা আর কি থাকতে পারে?

শ্রমিকদের আরো নানা অভিযোগ আছে। শ্রমিক-কল্যাণের জন্য ডাঃ রায় যে ডিপার্টমেণ্ট তৈরী করেছিলেন, যে সম্বন্ধে তার প্রারম্ভিক ভাষণে অনেক তথ্য আমাদের শুনিয়েছিলেন। তার বহু নমুনা আমাদের নিরঞ্জনবাবু এবং অনেকেই দিয়েছেন। আমার কাছে যে তথ্য আছে—তাতে দেখতে পাচ্ছি Director General তালুকদার সাহেব সাধারণ শ্রমিকদের সঙ্গে খুব ভাল ব্যবহার করেন না। Director General কর্তা হয়েও যদি সকল শ্রমিকদের সঙ্গে ভাল ব্যবহার করতে না পারেন, তাহলে কি করে তাঁর উপর শ্রমিকদের শ্রদ্ধা থাকবে এবং কি করেই বা ভাল কাজ হতে পারে।

আমার কাছে তথ্য আছে ঐ Transport Directorate-এর। শতকরা ৯০ জন কর্মচারীর তালুকদার সাহেবের উপর কোন আস্থা নাই। তার কারণ কিছুদিন আগে হাওড়া স্টেশনে একটা দুর্ঘটনা ঘটেছিল। সেইজন্য এই দুর্ঘটনার পরে তালুকদার সাহেব কয়েকজন লোককে বরখাস্ত করেছিলেন। আবার তাদের মধ্যে কয়েকজনকে তিনি চাকরীতে গ্রহণ করেছেন এবং কয়েকজনকে Suspend করে রেখেছেন। যদি চাকরীতে গ্রহণ করা সমীচীন মনে করেছিলেন—হাওড়া দুর্ঘটনার ব্যাপারে, তাহলে সকলকে চাকরীতে নিতে আপত্তি কি ছিল? সকলকেই তিনি নিতে পারতেন এবং তাদের বলে দিতে পারতেন—ভবিষ্যতে যেন এসম্বন্ধে সাবধান হয়ে থাকে। দেখা গেল লোকের চাপে কয়েকজনকে গ্রহণ করা হল। কিন্তু কয়েকজন কর্মচারী জননেতা হেমন্তবাবুকে নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছিলেন বলে সেই অপরাধে অপর কয়েক-জন লোককে Suspend করেছেন। কর্মচারীদের Service Conduct Rules-এ এরকম বিধি থাকলেও থাকতে পারে। কিন্তু একজন শ্রদ্ধেয় জননেতাকে নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের অজুহাতে যদি তাদের বিরুদ্ধে চার্জসীট দেওয়া হয়, তাহলে অভাব-অভিযোগের প্রতিকারের

জন্য কার কাছে তাঁরা আবেদন জানাতে পারবেন? শ্রদ্ধেয় বয়োবৃদ্ধ জননেতাকে সঙ্গে নিয়ে সাক্ষাতের অজুহাতে চার্জশীট হওয়ার ফলে যদি এতদিনেও তাদের চাকরীতে নিয়োগ করা সম্ভব না হয়, তবে এর চেয়ে দুঃখের কথা আর কিছু থাকতে পারে না।

Top heavy administration সম্বন্ধে অনেক কথা বলা হয়। আমি জানি বিগত কয়েক বছর ধরে কয়েকজন ভদ্রলোক সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে তাঁরা হচ্ছেন—R. Bose, S. N. Halder, K. C. Bhattacharyya, B. C. Bose, এই সমস্ত Super annuated লোকদের সম্বন্ধে বহুবার বলা হয়েছে এই হাউস থেকে। অথচ ডাঃ রায় তাদের সম্বন্ধে কোন রিপোর্ট বা তথ্য পরিবেশন করলেন না।

এই সমস্ত Super annuated লোক, অকর্মণ্য লোক, তাদের dirtctorate-এর মধ্যে বড় বড় post দিয়ে রেখেছেন। এইজন্য এই directorate-এর কোন দিন কোন উন্নতি হবে না। একটা লোকের কথা এখানে বিশেষ করে বলতে চাই, তিনি হচ্ছেন R. K. Dhar, এই ভদ্রলোক একজন retired Police officer, এখন এখানে traffic officer হয়ে আছেন। তাঁর কোন কাজ নেই কেবলমাত্র মাইনে draw করা ছাড়া, এই সংবাদ আমাদের কাছে আছে। তারপর Recruitment—No definite rule for recruitment. শুধু এই recruitment-এর জন্য একটা কমিটি আছে। সেই কমিটিতে আছেন, Chief Accounts Officer, Chief Administrative Officer, Deputy Minister, এবং বোমকেশ মজুমদার, M L. A.। এখানে আমাদের একটা কথা বলার আছে recruitment-এর জন্য এই ভদ্রলোকেরা ছাড়া এই House-এর সমস্ত সদস্যরাই জানেন যে লোকে চাকরীর জন্য আমাদের কাছে বহুভাবে দরখাস্ত recommendation করে নিয়ে যায়। কিন্তু আমি জানিনা যে আমাদের recommendation-এ কোনদিন কারো চাকরী হয়েছে কিনা। আমরা শুনেছি যে Deputy Minister এবং বোমকেশ মজুমদার ছাড়া আর কারো recommendation-এ চাকরী হয় না। তাই যদি হয় তাহলে আমাদের এই recommendation করার প্রয়োজন কি? এদের application form-এ লেখা আছে যে দুইজন M.L.A-এর recommendation দরকার।৷ আমাদের কাছে বহু লোক recommendation-এর জন্য আসে তাদের আমরা বলি যে ভাই আমাদের recommendation-এ তোমাদের চাকরী হবে না, কংগ্রেস সদস্যদের recommendation নিলে হয়ত তোমাদের চাকরী হতে পারে। তবুও আমাদের মাঝে মাঝে দিতে হয়। যদিও জানি যে তা দেবার কোন মানে হয় না। ডাঃ রায় নিয়ম করলেন যে M. L A.-দের recommendation নিতে হবে। কিন্তু আমি বহু লোককে দিয়েছি তাদের একজনেরও চাকরী হয়নি। আমি আমার বন্ধুবরদের জিজ্ঞাসা করেছি, অবশ্য এই side-এর তাদের recommendation-এ চাকরী হয়েছে কিনা, তারাও বলেছেন যে তাদের recommendation-এ কারো চাকরী হয়নি। অথচ তাতে একটা provision আছে যে M. L. A-দের recommendation চাই। এই কথা আমি আপনাকে বলতে পারি যে, বোমকেশ মজুমদার এবং Deputy Minister-এর মনোনীত লোক ছাড়া বিরোধী দলের সদস্যদের মনোনীত লোকরা চাকরী পায়না। আর এখানে চাকরীরই বা কি আছে, ডাঃ রায় বলেছেন যে ৮½ হাজার লোক চাকরী করে, অথচ directorate-এর এই রকম ঝুড়ি ঝুড়ি application Director-এর নেবার অর্থ কি আছে। প্রত্যেক দিন—আমাদের সংবাদ আছে, বর্তমানে লোকের প্রয়োজন নেই—লোকে form নিচ্ছে line দিয়ে এবং এক একটা form এর জন্য ২।৪ আনা পয়সা দিতে হয়। কেন এইভাবে সাধারণ গরীব মানুষের অর্থের অপচয় করা হচ্ছে। Directorate-এ যখন চাকরী নাই তখন কেন Application নিচ্ছেন?

Application form তারা নিয়ে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে দুইজন M. L. A-এর সই নিতে এবং Councillor-এর সই নিতে। এই হচ্ছে recruitment-এর ইতিহাস।

তারপর এদের একটা Purchase Bureau আছে, আমরা শুনতে পাই এদের যে purchase rule আছে। Government সেই সব purchase rule বা তার policy তারা follow করেন না। এই বিষয় নিয়ে একটা panel of suppliers আছে কিন্তু কোন যন্ত্রপাতি কিনতে হলে তারা এই panel of suppliers-দের দিকে লক্ষ্য করেন না ; তাদের কতকগুলি favourite suppliers আছে তাদের দিয়ে চিরকাল মালপত্র কেনেন। আমার কাছে কতকগুলি অভিযোগ আছে, একটা electroplating plant কেনা হয়েছে—ডাঃ রায়ও বললেন যে একটা electroplating plant কেনা হয়েছে ৫০ হাজার টাকা দিয়ে—B. D. Gupta কিনেছেন, কিন্তু সেখানে কোন tender call করা হয়নি। এবং যেসব iron and alluminium scrap বিক্রয় করা হয়েছে ভগবানদাস বলে এক ভদ্রলোককে কয়েক হাজার টাকায় iron and alluminium বিক্রয় করেছেন তার জন্য বাইরে থেকে কোন tender call করা হয়নি। এইভাবে state-এর পয়সার অপচয় করে যাচ্ছেন। তারপর একটা room cooler কেনা হয়েছে তারও tender call করা হয়নি।

অশোক দত্ত নামে একজন clerk, তার বিরুদ্ধে charge-sheet হল, found talking with colleagues। Assembly House-এ বসে আমরা প্রায়ই পাশের লোকের সঙ্গে কথা বলি—এই কারণে charge-sheet দেওয়া যেতে পারে কিনা আপনি বিচার করবেন। বিভিন্ন লোকের বিরুদ্ধে এই একরকম charge যে found talking with colleagues। আরেক ভদ্রলোক medical certificate-এ মাত্র ২ দিন absent ছিলেন, তাতে তাঁর চাকরী খতম করা হয়েছে। এই বিষয়ে প্রতিকারের জন্য আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[4-20—4-30 p. m.]

Shri Hemanta Kumar Basu : মিঃ স্পীকার, স্যার, State Transport-এ আমরা দেখতে পাচ্ছি জনসাধারণের অসুবিধা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। লাভের কথা অন্যান্য সদস্যরা বলেছেন, আমি সে সম্পর্কে আর বিশেষ কিছু বলতে চাই না, তবে এটুকু না বলে পারি না যে, বেসরকারী বাসে লাভ হয় অথচ আমাদের সরকারী বাসে লাভ হয় না। কুচবিহারে লাভ হচ্ছে অথচ কলিকাতা State Bus-এ লাভ হয় না। বেলঘরিয়া Central workshop-এ মূলধন হচ্ছে ৩৮ লক্ষ ৫৬ হাজার টাকা, কিন্তু সেখানে লাভ হয়েছে মাত্র ৩২ হাজার টাকা। Conductor-দের আজ পর্যন্ত casual service, এখনো তারা permanent হল না, কবে যে permanent হবে তারও স্থিরতা নাই। বদলী conductor রা দিনের পর দিন attendance দিয়েছে, কিন্তু কবে তারা স্থায়ী হবে তার কোন ব্যবস্থা হচ্ছে না। যারা casual service করে তারা কোন relief পায়না, তারা কাজ না করলে মাইনে পাবে না, ছুটি পাবে না। যদি কোন accident হয় তাহলে সেই casual conductor-রা কোন সাহায্য পাবে না। সে জন্য আমি বলছি যারা casual conductor হিসাবে কাজ করছে তাদের বলে দেওয়া উচিৎ যে, এই সময়ের পরে তারা স্থায়ী কাজ পাবে। বহু আন্দোলন করার পর বদলী conductor-দের সাপ্তাহিক ছুটি মঞ্জুর করা হয়েছিল, কিন্তু এখন দেখতে পাচ্ছি সেটা বন্ধ করে দেওয়া হয়েছে। এই কারনে অত্যধিক পরিশ্রমের ফলে State Bus conductor-দের মধ্যে যক্ষা রোগের প্রকোপ ক্রমশঃই বেড়ে যাচ্ছে। গোবিন্দবাবু হাওড়া accident-এর কথা বলেছেন, আমি খবর পেয়ে তাড়াতাড়ি একটা মিটমাট করে দিলাম, ভাবলাম যে Goverment নিশ্চয়ই এ ব্যাপারে vindictive হবেন না। কিন্তু পরে দেখতে পেলাম,

যে, ১১ জনের বিরুদ্ধে police case করা হয়েছে, ৮ জনকে discharge করা হয়েছে। আমি এ ব্যাপার নিয়ে ডাঃ রায়ের কাছে গেলাম, ডাঃ রায় আমাকে বল্লেন, জনসাধারণকে তোমরা খুব অসুবিধায় ফেলেছ, তোমরা যদি এজন্য দুঃখ প্রকাশ কর তাহলে আমি নিশ্চয়ই বিবেচনা করব। আমি তাড়াতাড়ি করে শ্রমিক ও conductorদের পক্ষ থেকে দুঃখ প্রকাশ করে একটা চিঠি ডাঃ রায়ের কাছে পাঠিয়ে দিলাম। কিন্তু কোন ফল হল না। এরকম যদি বিচারের নমুনা হয় তাহলে এটা ভয়ঙ্কর কথা। একজন starter,—ইন্দ্রনাথ চৌধুরী তার নাম, তার ১৫ মিনিট দেরী হওয়ার জন্য তাকে discharge করা হয়, যদিও High Court-এ appeal করার পর সে reinstated হয়, তবু তাকে demote করে দিয়ে conductor করা হয়। এবারে মুখ্যমন্ত্রী যে Corporation-এর হাতে এই State Transport তুলে দেওয়া হবে তার কোন কথা বলেননি; কত দিনে এই Corporation গঠিত হবে আমরা জানতে পারলাম না। তখন আমরা বলেছিলাম যে, গরীব driver, conductorদের যেন continuity of service থাকে Corporation-এর হাতে যাবার পরেও। কারণ, তাদের যদি নতুন করে কাজে বহাল হতে হয় তাহলে তাদের অনেক privilege কাটা যাবে। ডাঃ রায় বল্লেন লোকসংখ্যা বৃদ্ধির জন্য peakhours-এ congestion হয়; এজন্য যদি যাত্রীসাধারণের অসুবিধা ভোগ করতে হয় তাহলে এত টাকা খরচ করে কি লাভ হল, এত বড় বড় কর্মচারী রাখারই বা কি দরকার। যখন private ছিল তখন লোকের মুখে এত অভিযোগ শুনা যেত না। এখন সে দিক থেকে বাসের সংখ্যা বাড়ান উচিৎ। আমার বাড়ীর কাছে ৯ নম্বর রুট। এই ৯নং রুটে যে ভীড় হয় তাতে পিক্ আওয়ার্স-এ ওঠা যায় না এবং এক-একটি বাস ৮।১০ মিনিট পর পর আসে। অর্থাৎ টাইমের কোন স্থিরতা নেই। রাত্রি ৯টার পর ৯ নম্বর রুটের এক একটা বাস ২০।২২ মিনিট অন্তর আসে অথচ প্রাইভেট বাস যখন ছিল তখন ১০।১৫ মিনিট অন্তর আসত। কাজেই এদিক থেকে নজর দেওয়া দরকার। আমরা চাই ষ্টেট বাস জাতীয়করণ হোক, শ্রমিক কর্মচারীদের সঙ্গে মানুষের মতন ব্যবহার করা হোক, তাদের উপর যেন অযথা জুলুম না করা হয় এবং সামান্য কারনে এদের যেন শাস্তি না দেওয়া হয়। এসব দিকে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

[4-30—4-40 p. m.]

Shri Jagat Bose : অধ্যক্ষ মহাশয়, যাত্রীসাধারণের অসুবিধার বিষয় আমি বিশেষভাবে আলোচনা করতে চাই। সম্প্রতি ৩৮ নং বাস রুট ষ্টেট ট্রান্সপোর্ট কর্তৃপক্ষ গ্রহণ করেছেন। প্রাইভেট মালিকদের হাতে যখন এই রুট ছিল তখন ১১ খানা বাস চলত এবং গড়ে ২ খানা বাস ব্রেকডাউন থাকত। কিন্তু এখন সরকারী কর্তৃত্বে আসার পর ৮ খানা বাস এই রুটে চলছে এবং ২ খানা গড়ে ব্রেকডাউন হয়ে আছে। এই রুটে যাত্রীসাধারণের ভীড় প্রাইভেট বাস যখন ছিল তখন অত্যন্ত বেশী ছিল। কিন্তু এখন সরকারী কর্তৃত্বে আসার পর বাস এই রুটে কমে গেল—প্রায় অর্ধেক হয়ে গেল। অর্থাৎ স্পীকার মহাশয় এই অবস্থায় ব্রেকডাউন ২ খানা বাদ দিলে মোটামুটি ৬ খানা বাস এই রুটে রাণ করছে। আগে যেখানে ৪।৫ মিনিট অন্তর সার্ভিস ছিল এখন ৩৮ নং রুটে ১০।১২ মিনিট অন্তর বাস চলে। সুতরাং বুঝতে পারছেন যে এই রুটে যারা চলাচল করছে তাদের কিরকম দুরবস্থার মধ্যে পড়তে হচ্ছে। শুধু তাই নয় বাসের সংখ্যা কমিয়ে দেওয়া হয়েছে কিন্তু ভাড়া বাড়িয়ে দেওয়া হয়েছে। সুতরাং সব দিক দিয়ে জনসাধারণের স্বার্থ ডিপার্টমেন্ট থেকে দেখা হয়নি সম্পূর্ণ ভাবে সাধারণ মানুষের স্বার্থ তাচ্ছিল্য করা হচ্ছে। এই রুট শিয়ালদহ পুলিশ কোর্ট থেকে পটারী পর্যন্ত চলে। ২১ নং বাস রুট এদিক দিয়ে যাচ্ছে —সেটা খুব ভাল ব্যাপার সন্দেহ নেই। কিন্তু এই ২৪ নং বাস রুট অত্যন্ত অনিয়মিতভাবে চলে অর্থাৎ ১৫।২০ মিনিট পর পর এই রুটে বাস চলে। কাজেই ৩৮ নং বাস রুটে যাত্রীর প্রেসার

২৪ নং-এ কম হবার সম্ভাবনা থাকলেও যে অনিয়মিত ভাবে এই রুটে বাস চলে তাতে ২৪ নং রুটের যাত্রীদের কোন সুবিধাই হয় না। এই রুটের জনসাধারণ আবেদন করেছে—এই ২৪ নং রুটকে তপসিয়া গেট পর্যন্ত নিয়ে যাবার জন্য। সেজন্য বলব যে এই রুটকে পটারী থেকে তপসিয়া-গেট পর্যন্ত বাড়িয়ে দিলে কোন ক্ষতি হয় না এবং ৩৮ নং বাস রুটের উপর যে চাপ সেটা অনেক পরিমাণে কমে যায়। আমি অনুরোধ করি যে ২৪ নং বাস রুটটা তপসিয়া গেট পর্যন্ত বাড়ান হোক এবং ৩৮ নং রুটের বাসসংখ্যা ১১ খানা করা হোক। অপর দিকে ৩৫ নং এবং ৩৫-এ নং বাস রুটকে সি. আই. টি. বিল্ডিং পর্যন্ত দেবার কথায় গত এ্যাসেম্বলী সেসনে ডাঃ রায় বলেছিলেন যে দেওয়া হবে। এখানে ভাড়া বৃদ্ধির কথা হয়েছে, কিন্তু সি. আই. টি. পর্যন্ত ৩৫ নং বাস যাওয়া বন্ধ করে দেওয়া হয়েছে। সি. আই. টি. পর্যন্ত এই বাস দেবার জন্য ঐঅঞ্চলের সাধারণ বাসিন্দারা আবেদন নিবেদন করায় সি. আই. টি পর্যন্ত ঐ বাস দেওয়া স্থির হয়। কিন্তু সম্প্রতি এটা বন্ধ করে দেওয়া হয়েছে। বাসের ভাড়া যখন বৃদ্ধি করা হোল তখন ৩৫-এ বাস C. I. T. পর্যন্ত দিলে ক্ষতি কি? সুতরাং সাধারণ মানুষের স্বার্থ বিবেচনা করে ঐ ৩৫-এ বাসটি C. I. T. পর্যন্ত দেওয়ার ব্যবস্থা হোক, আর তা ছাড়া ১ ফার্লং মাত্র যখন দূরত্ব এবং ভাড়াও বাড়িয়েছেন তখন এতে অসুবিধার কোন প্রশ্নই নেই। তারপর ৩৫নং আর একটা নূতন সারভিস চালু করে দেন শিয়ালদহ পুলিশ কোর্ট থেকে খালপুল পর্যন্ত। এতে যাত্রী-সাধারণ বা সাধারণ মানুষের অসুবিধা দূর হবে। ৩৭ নং বাসটি খালপুল থেকে শিয়ালদহ পর্যন্ত এখন চলে, এটা যদি ডালহৌসী স্কোয়ার পর্যন্ত এগিয়ে দেওয়া যায় তাহলে সাধারণ মানুষের খুব উপকার হয়। তারপর ৩৬ নং বাস রুট অত্যন্ত খারাপ এবং বাসের সংখ্যাও কম। এই বাসটি কিছু দিন আগে পর্যন্ত হাওড়া অবধি চলত কিন্তু সম্প্রতি তা বন্ধ হয়ে গেছে। আশা করি ঐ ৩৬ নং বাস যেটা হাওড়া অবধি চলার ফলে ঐ অঞ্চলের বাসিন্দাদের ডালহৌসী স্কোয়ার পর্যন্ত যাতায়াতের সুবিধা হোত সেটা পুনরায় চালু করা হবে তা ছাড়া ঐ ৩৬ নং বাসের উপরের চাপের কথা চিন্তা করে ঐ অঞ্চলের বাসিন্দারা ঐ রুটে বাসের সংখ্যা বৃদ্ধি করবার জন্য বারেবারে অনুরোধ জানিয়েছে, আমি অনুরোধ করব যে ঐ অঞ্চলের সাধারণ মানুষের দুর্ভোগের কথা বিবেচনা করে সেখানে বাসের সংখ্যা বৃদ্ধি করা হোক। মাননীয় স্পীকার মহাশয়, ৩৩নং বাস সম্বন্ধে এই এ্যাসেম্বলী হাউসে বারবার অভিযোগ করা সত্ত্বেও তার কোন প্রতিকার হয়নি। আমার কথা হোল যে, ওয়েল ফেয়ার ষ্টেটের কথা মনে রেখে এবং সাধারণ মানুষের সুখসুবিধার প্রতি লক্ষ্য রেখে যেন এর প্রতি বিবেচনা করা হয়। তারপর ৩৬ নং এবং ১০ নং যে বাস চলছে তার প্রতি লক্ষ্য করলে দেখা যাবে যে সেখানে সাধারণ মানুষের স্বার্থ সম্পূর্ণভাবে তাচ্ছিল্য করা হচ্ছে এবং বাসের সংখ্যাও কমান হচ্ছে। প্রাইভেট সেক্টরে যখন প্রাইভেট বাসগুলি চলত তার চেয়ে এখন বাসের সংখ্যা কমিয়ে দেওয়া হয়েছে এবং ভাড়াও বৃদ্ধি করা হয়েছে। ৩৮ নং বাস ষ্টেট বাসের আওতায় আসার পর যে ভাড়া বৃদ্ধি হোল সেটা আপনাদের বিবেচনা করা উচিত এবং শিয়ালদহ পুলিশ কোর্ট থেকে যেটা ১৪ নয়া পয়সা আছে সেটা ১২ নয়া পয়সা করা উচিত। আর তা ছাড়া পূর্ব থেকেই যেখানে ভাড়া বৃদ্ধি রয়েছে সেটা কমিয়ে দেবার জন্য অনুরোধ করছি।

[4-40—4-50 p. m.]

শ্রমিক এবং কর্মচারীদের সম্বন্ধে পূর্ববর্তী বক্তাগণ বলে গেছেন, সে সম্বন্ধে আমি বিশেষ কিছু বলতে চাই না। হেমন্তবাবু কিছুক্ষণ আগে বললেন যে, কুচবিহারে এই ডিপার্টমেন্টের লাভ হয় কিন্তু কলকাতা ইত্যাদি স্থানে হয় না। আরও অনেক অভিযোগ এখানে উত্থাপিত হয়েছে, অনেক অভিযোগের কথা এখানে না হলেও শোনা যাচ্ছে। এখন ব্যবস্থা হয়েছে যে এই ডিপার্টমেন্ট একটা প্রাইভেট কর্পোরেশনকে দিয়ে দেওয়া হবে। কিন্তু তার পূর্বে আমি অনুরোধ করছি যে এই ডিপার্টমেন্টের যে সমস্ত দুর্নীতি এবং নানা প্রকার অভিযোগের কথা হয়েছে সে

সম্বন্ধে একটা তদন্ত করা হোক এবং তদন্ত করার পর এই ডিপার্টমেন্টকে ঐ কর্পোরেশনের হাতে তুলে দেওয়া হোক এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sitaram Gupta:

मिस्टर स्पीकर सर, मैं इस सिलसिले म आपका ध्यान ८५ न रूट का ओर दिलाना चाहता हूँ। आप जानते हैं कि 85 नं० रूट बैरकपुर कोर्ट से कचरापाड़ा तक गई है। इसका बहुत बड़ा हिस्सा मिलों, मजदूर बस्तियों और बाजारों के बीज से होकर गया है। वहाँ का रास्ता बहुत छोटा है। वहाँ की सड़कें बहुत सकरी हैं। इससे प्राय: इस रूट पर ऐक्सीडेंट हुआ करते हैं। और इन दुर्घटनाओं के कारण बहुत से लोग मर चुके हैं। गत 28 फरवरी को शाम नगर पिन कल के बीच में 1183 नं० बस से एक साइकिल सवार कुचल गया और वह मर गया। वह बस वहीं पर बन्द कर दी गई। हम खुद घटनास्थल पर गये। और पुलिस आफिस के साथ बस का मुवायना किया। वहाँ पर पुलिस का मोटर मेकेनिक (motor mechanic) भी गया था और उसने बस की जाँच किया जो सील मोटर व्हीकिल्स डिपार्टमेन्ट से स्पीड को कन्ट्रोल करने के लिए लगाया हुआ था वह स्पीड गवर्नर (speed governor) खोल दिया था। उस बस का सील खुला हुआ पाया गया। इस तरह से और भी बहुत सी दुर्घटनायें होती रहती हैं। बस के मालिक लोग कन्ट्रोल सील को तोड़ देते हैं।

दूसरी बात यह है कि उन रास्तों के किनारे और बीच में बहुत से गड्ढे पड़ गये हैं। उनको पक्का करने के लिए कोई इन्तजाम नहीं किया जा रहा है। दुर्घटनाओं (accident) के और भी बहुत से कारण हैं। जैसे स्कूलों और अस्पतालों के सामने तथा चौरास्तों पर जो सावधान का नोटिस बोर्ड लगा रहता है उसे हटा दिया जाता है। बल्कि कहीं तो बिल्कुल होता ही नहीं है। इसके सिवाय उस इलाके के पुलिसके बड़े अधिकारी बस मालिकों से घूस लेकर इन तमाम गल्त कार्यावाइयों को गैर कानूनी करने के लिए बराबर प्रोत्साहन देते हैं। उस अंचल में जो लारी माल ढोने के लिए चलती हैं उनके उपर तक्त खूब ऊँचा करके पाट की गांटें लादी जाती हैं। और इससे जनता को हमेशा खतरा बना रहता है। एक बार ऐसा हुआ कि पाटसे भरीं हुई लारी शामनगर में उलट गई और इससे एक आदमी मारागया। भाटपाड़ा में भी इसी तरह सेएक आदमी दब कर मर गया और इसी प्रकार नईहट्टी में भी पाटकी गाँठ से भरी हुई लारी के माल गिरने से एक आदमी मर गया। मैं समझता हूँ कि इसप्रकार और किसी जगह भी दुर्घटाना नहीं होती जैसी कि ८५नं रूट में होती हैं। मेरा सरकार से अनुरोध है कि वह इसकी जाँच करे और सारी खराबियों को दूर करने की चेष्टा करे।

इसके सिवाय मैं Belgharia Central Workshop में जो ट्रेनिंग की अवस्था है, उसके बारे में दो चार बातें कहना चाहता हूँ। दो शाल आगे ट्रान्सपोर्ट विभाग की ओर से टेक्निकल एजूकेशन देने के लिए दो सो व्यक्तियों कोढ़ाई रूपये प्रतिदिन पर भेजा गयाथा। इसके बाद उनमें सेढेट सौ व्यक्ति शिक्षा प्राप्त कर चुके उन्होंने टेक्निकल स्कूलमें डिपार्टमेंटल नल परीक्षायें पास करलीं परन्तु अभी तक उनको सीखे हुए काम के मुताबिक कोई काम नहीं दिया गया। उनको दबाव दिया जाता है कि अनस्कील्ड काम स्वीकार करलो। उन से कहा जाताहै कि इतने दिनों तक ट्रेनिंग में दिये गये रुपये को लोटादो। नहीं तो तीन साल के लिए अनस्कील्ड काम स्वीकार करलो। किन्तु जो लोग काम सीख चुके हैं वे लोग चाहते हैं कि सरकार यातो उनको कोई उचित काम दे या छोड़ दे। सरकार उनको कोई उपयुक्त काममी नहीं देती है और न उनको बाहर ही काम करने देती है। स्पीकर महोदय, मैं आपकी मार्फत सरकार से अनुरोध करूंगा कि वह उनके काम का इन्तजाम जल्द से जल्द करे।

Dr. Golam Yazdani: মিঃ স্পীকার, স্যার, মাননীয় নিরঞ্জন সেন মহাশয় কলকাতার স্টেট বাসের কর্মচারী ও শ্রমিকদের চাকুরির সম্বন্ধে যে সমস্ত কথা বলেছেন সেই সমস্ত কথা কুচবিহারের কর্মচারীদের সম্বন্ধে খাটে। সুতরাং আমি আর আলাদা করে সেই সমস্ত কথা বলতে চাইনা। একটা কথা আমি বলবো যে মালদহ জেলাতে স্টেট ট্রান্সপোর্টের ভাড়া অত্যন্ত বেশী—প্রতি মাইলের জন্য ১ আনা। অন্য জায়গায় আমরা দেখেছি এই সমস্ত ভাড়া কম। মালদহ জেলাতে স্টেট ট্রান্সপোর্টের ভাড়া কম হওয়া উচিৎ। আর একটা কথা, রায়গঞ্জ থেকে মাণিকচক মোট ৪৬ মাইল রাস্তা, সেখানে সর্ট রুটের প্যাসেঞ্জার নেওয়া উচিৎ নয়, কারণ বহুদূর যাদের যেতে হয় তাদের বহু কষ্ট হয়। আমি আর একটা বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হল এই যে ১৯৫৯ সালের ২রা এপ্রিল হাওড়াতে যে একটা অবাঞ্ছিত ঘটনার জন্য গণ্ডগোল হয়েছিল তার জন্য স্টেট বাসে ৪ ঘণ্টা ষ্ট্রাইক হয়েছিল। তারপর স্টেট ট্রান্সপোর্ট থেকে ডিরেক্টর জেনারাল শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করার চেষ্টা করেছিলেন। তখন ওয়ার্কারস ইউনিয়নের প্রেসিডেন্ট মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেন তাতে মুখ্যমন্ত্রী বললেন যে শ্রমিকরা যদি এই ঘটনার জন্য দুঃখ প্রকাশ করে তাহলে তিনি তাদের সঙ্গে দেখা করতে পারেন। তখন শ্রমিকরা একটা বিবৃতি দিয়ে দুঃখ প্রকাশ করে। তারপর মাননীয় হেমন্ত বোস মহাশয়ের সঙ্গে মুখ্যমন্ত্রীর সাথে সেই ইউনিয়নের সেক্রেটারী শ্রীঅশোক দত্ত এবং আরো তিনজন কর্মচারী দেখা করতে যান এবং বলেন যে এটার একটা মীমাংসা হোক্। তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এর মীমাংসা হয়ে যাবে কিন্তু দেখা গেল যে এর ভার দিয়েছেন সেই বিভাগের ডিরেক্টর জেনারেল শ্রীজে. এন. তালুকদারের উপর। শ্রীতালুকদার তখন একটা তদন্ত আরম্ভ করেন এবং সেই তদন্তে উপস্থিত ছিলেন মাননীয় হেমন্ত বোস এবং মাননীয় জ্ঞান মজুমদার মহাশয় এম. এল. এ.। আমি জ্ঞান মজুমদার মহাশয়ের কাছে শুনেছি যে সেই ইনকোয়ারীতে দেখা গেল মাত্র ৩।৪ জনের বিরুদ্ধে কিছু কেস পাওয়া যায় কিন্তু বাকীগুলির বিরুদ্ধে কোন দোষ পাওয়া যায় না অথচ শ্রীতালুকদার যে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করলেন সেটা অত্যন্ত ভয়াবহ প্রায় ৮৩ জন লোকের বিরুদ্ধে পুলিশ কেস করা হল এবং ১২ জনকে ছাঁটাই করা হল এবং তার মধ্যে ৪ জনের কাছ থেকে বণ্ড লিখিয়ে নিয়ে তাদের চাকরীতে বহাল করা হল। তারপর শ্রীতালুকদার সেই ইউনিয়নের সেক্রেটারী এবং অন্যান্য জনপ্রিয় নেতাদের উপর শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করার জন্য উঠেপড়ে লাগলেন। ফলে দেখা গেল এমপ্লয়ীজ ইউনিয়নের জয়েন্ট সেক্রেটারী শ্রীঅশোক দত্তকে একটা চার্জ-সীট দেওয়া হল, অত্যন্ত বাজে চার্জ-সীট। মাননীয় সদস্যদের কাছ থেকে আমি শুনেছি যে চার্জ-সীটে আছে তুমি অমুক অমুক সহকর্মীদের সঙ্গে কথাবার্তা বলছিলে কেন ইত্যাদি। এই চার্জ-সীট শ্রীতালুকদার দিলেন বটে কিন্তু তিনি সেটা পেলেন সেখানকার সিকিউরিটি অফিসারের কাছ থেকে। সিকিউরিটি অফিসারের কাজ হল স্টোরসে কোন চুরি হচ্ছে কিনা তা দেখা। শ্রীঅশোক দত্ত স্টোরে কাজ করতেন এবং তাঁর ৮ বছরের সার্ভিস। সেই সিকিউরিটি অফিসার শ্রীঅশোক দত্তের নামে রিপোর্ট দিলেন যে তিনি কর্মরত অবস্থায় সহকর্মীদের সঙ্গে কথা বলছিলেন। সেজন্য চার্জ-সীট দেওয়া হল ২৩শে জুলাই এবং তাঁকে সাসপেণ্ড করা হল—আট মাস ধরে বিচারের প্রহসন হল এবং ৮ মাস পর দেখা গেল গত ১৯শে ফেব্রুয়ারী তারিখে তাঁকে বরখাস্ত করা হয়েছে এই তো হল অবস্থা।

[4-50—5-15 p. m.]

এই রকমভাবে কর্মচারী এবং শ্রমিকদের প্রতি ব্যবহার করা হচ্ছে। আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো মিঃ অশোক দত্তের ব্যাপারে বিশেষ করে অনুসন্ধান করে দেখুন। শুধু এটা নয় আমরা আরও জানি যে State Transport-এর কর্মচারীদের ছাঁটাই করা হয় এবং হচ্ছে

কোন জায়গায় Service Conduct Rules-এর অজুহাতে, কোন জায়গায় অত্যন্ত তুচ্ছ অজুহাতে। এইরকমভাবে রমেশ মুখার্জী, রমাপ্রসাদ বাগচী ইত্যাদি কয়েকজনকে ছাঁটাই করা হয়েছে। একজন starter-কে ১৫ মিনিট দেরীতে আসার অপরাধে—মাত্র ১৫ মিনিট late হওয়ার জন্য ছাঁটাই করা হয়েছিল, High Court-এ case করা হল, High Court থেকে সেই dismiss order cancel হয়ে গেল। এরকমভাবে measure নেওয়া হচ্ছে। তাই আমার আবেদন এই অনাচার অবিচারগুলি যেন State Transport-এ না হয়। সেখানে যারা চাকুরী করে তারা সরকারের কাছ থেকে এই ব্যবহার আশা করে না এবং এইভাবে যদি তারা ব্যবহার পেতে থাকে তাহলে তাদের মনোবল Public Service করার যে মনোবল তা দূর হয়ে যাবে। এই প্রসঙ্গে আমি আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হল কাকদ্বীপে পৌষ মাসে একটা মেলা হয় তিন দিন যাবৎ। আমি জেনেছি যে ১৯৫৮ সালের জানুয়ারী মাসে পৌষ মাসের সেই মেলাতে State Transport-এর ২৫০ খানা বাস দেওয়া হয়েছিল কিন্তু সরকারী হিসাব হচ্ছে ২০০ খানা তাহলে এই যে ৫০ খানা বাসের হিসাব দেখান হল না তার ভাড়া কোথায় গেল? এটা অনুসন্ধান হওয়া প্রয়োজন, এ বিষয়ে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর কলকাতায় যে সমস্ত State Bus নিয়ত দেখি তাতে দেখি খুব ভীড়। কোন কোন সদস্য এক একটা route-এর কথা বলেছেন আমি কোন বিশেষ route-এর কথা না বলেই বলছি, যে-কোন route-এই যান না কেন সব সময়ই ভীড়, peak hour-এর কথা খাটে না—যে-কোন সময়েই যান না কেন এই ভীড়ের মধ্য দিয়েই যেতে হবে। কাজেই বলি আরও গাড়ী State Transport-এ বাড়ান উচিত কিংবা এমন ব্যবস্থা করা উচিত যাতে যাত্রীসাধারণের অসুবিধা না হয়। আমি পরিশেষে ভাড়াবৃদ্ধির বিরুদ্ধে প্রতিবাদ করছি কেননা এই সমস্ত ভাড়া বাড়ার কোন প্রয়োজন ছিল না।

Shri Rabindranath Mukhopadhyay : স্পীকার মহোদয়, কালকে এখানে সোমনাথ লাহিড়ী মহাশয় প্রবঞ্চনার কথা উল্লেখ করার জন্য ডাঃ রায় ক্রুদ্ধ বা ক্ষুব্ধ হয়েছিলেন। বেহালায় ভাড়া বৃদ্ধি সংক্রান্ত ব্যাপারে আমি বলতে চাই যে, বেহালার অধিবাসীরা মনে করে যে তারা প্রতারিত হয়েছে। তার কারণটা হচ্ছে এই—সম্ভবতঃ ডাঃ রায়ও জানেন যে এইবার ভাড়া বৃদ্ধির মাত্র ৬ মাস পূর্বে এখানে ভাড়া বৃদ্ধি করা করা হয়, এই নিয়ে বিতর্ক চলে এবং কিছু পরিমাণ আন্দোলনের সৃষ্টি হয়। আমরা Representation দিই এই Representation দেবার ফলে যে মিটিং হয় মিষ্টার তালুকদারের সঙ্গে তাতে একটা চুক্তি হয়েছিল এবং সেই চুক্তিতে সেখানকার বিশিষ্ট অধিবাসীরা সই করেছিলেন কিন্তু সেই চুক্তির কোন মর্যদা রাখা হয়নি। কোন Department-এর Head-এর সঙ্গে যদি এরকম ঘটনা ঘটে এবং সেখানে বিতর্কের পরে একটা মীমাংসায় উপনীত হওয়া যায় তারপরেও আবার নূতন করে যদি ভাড়া বৃদ্ধি করা হয় তাহলে স্বভাবতঃই তাঁর সম্মান থাকে বলে আমি মনে করিনা।

ঠিক এইভাবে দেখা গিয়েছে অনেক জায়গায় ছয় মাস আগে ভাড়া বৃদ্ধি করা হয়েছে, তারপর আবার ভাড়া বৃদ্ধি করা হয়েছে, এবং এমন কি এক-একটা জায়গায় দুবার করেও ভাড়া বৃদ্ধি করা হয়েছে। এখন আবার দু-নয়া পয়সা করে ভাড়া বৃদ্ধি করা হল। আমি বলছি এই ব্যাপারটা একটু ভাল করে তদন্ত করা হোক। আপনার যদি নজর এড়িয়ে গিয়ে থাকে তাহলে এখন অন্তত তার প্রতিকার করুন। আমি আর একটা বিষয় উল্লেখ করতে চাই—যখন আমাদের চুক্তিপত্র ইত্যাদি রচিত হয় তখন মিষ্টার তালুকদার আমাদের কয়েকটি প্রতিশ্রুতি দিয়েছিলেন, আমি আপনার মাধ্যমে সেটা উল্লেখ করতে চাই। পূর্বে যেখানে বাস চলাচল

করত, সেখানে আবার বাসের রুট ঘুরিয়ে নিয়ে যাবার কথা হয়, কিন্তু আজ পর্যন্ত সে সম্বন্ধে কোন ব্যবস্থা করা হয়নি। আমি এবং চেয়ারম্যান উভয়ে মিলে মিঃ তালুকদারের ঘরে বসে এ সম্বন্ধে আলোচনা করি এবং চুক্তিপত্রে সই করি। তখন যে ভাড়া বৃদ্ধি করা হয় আমরা শেষ পর্যন্ত তা মেনে নিই। কিন্তু এখন আবার নূতন করে কেন ভাড়া বৃদ্ধি করা হল, এ প্রশ্নের কোন মীমাংসা নেই। আমি মিঃ তালুকদারের সঙ্গে দেখা করবার জন্য তাঁর ডিপার্টমেন্টে যাই, কিন্তু দুর্ভাগ্যবশতঃ তিনি উপস্থিত ছিলেন না; তাঁর অ্যাসিস্টেন্ট সেক্রেটারী সঙ্গে আমার কথাবার্তা হয় এবং তিনি আমাকে আশ্বাস দিয়ে বলেন যেহেতু কয়েকদিন পূর্বে ঐ অঞ্চলে ভাড়া বৃদ্ধি হয়েছে আর এখন ভাড়া বাড়বে না। তাঁর কাছ থেকে এই কথা শুনে আমি নিশ্চিত ছিলাম। কিন্তু এখন আমি এই কথা বলতে বাধ্য হচ্ছি যে সেখানকার অধিবাসীরা মনে করে যে এই রকমভাবে প্রতারণা করা হয়েছে। একবার চুক্তিপত্রে সই করে নিয়ে আবার ভাড়া বাড়ান হয়েছে। এ রকম ব্যবহার একটা departmental head-এর কাছ থেকে আশা করা যায় না। 12C এবং 3A বাসগুলি রাস্তা থেকে passenger তুলতে তুলতে হাওড়ায় এবং শিয়ালদা ষ্টেসনের দিকে যায়, কিন্তু যারা একটা ছোট সুটকেস কিম্বা একটা বেডিং নিয়ে যায়, তারা ঐ বাসে করে রেলওয়ে ষ্টেসনে যেতে পারে না, তাকে ট্যাক্সি কিংবা অন্য গাড়ির বন্দোবস্ত করতে হয়। স্যার, একবার চিন্তা করে দেখুন যদি কোন লোক একটা সুটকেস কিম্বা বেডিং সঙ্গে নিয়ে যান তাহলে তাঁর ট্যাক্সি করে যাওয়া ছাড়া আর কোন উপায় নেই। অর্থাৎ বেহালা থেকে যদি কেউ সুটকেশ বা বেডিং সঙ্গে নিয়ে চন্দননগর যেতে চান তাহলে তার দশ টাকা ট্যাক্সি ভাড়া লেগে যাবে। সুতরাং এক্ষেত্রে আমার দাবী হচ্ছে পূর্বে প্রাইভেট বাসে যে সকল সুযোগ-সুবিধা পাওয়া যেত সেগুলি বজায় রাখা হোক। অর্থাৎ তখন চার আনা পয়সা ভাড়া দিলেই সুটকেস্, বেডিং বাসে করে নিয়ে যাওয়া যেত। কিন্তু এখন সেখানে পাঁচ টাকা ট্যাক্সি ভাড়া না করলে উপায় নেই।

আমি আর একটি কথা আপনার কাছে উপস্থিত করতে চাই। ষ্টেট বাসের ভাড়া বৃদ্ধির সুযোগ নিয়ে সেখানকার স্থানীয় R. T. A. তারাও বাসের ভাড়া বৃদ্ধি করেছে। মোমিনপুর থেকে ঠাকুর পুকুর পর্যন্ত বাসের ভাড়া ছিল ১৮ নয়া পয়সা, সেটা বাড়িয়ে এখন তারা ২০ নয়া পয়সা করেছে। তাছাড়া আরও কতকগুলি রুটের ভাড়া বৃদ্ধি করা হয়েছে। যেমন মোমিনপুর থেকে পইলা পর্যন্ত ভাড়া ছিল ২২ নয়া পয়সা, সেটা বাড়িয়ে এখন করা হয়েছে ২৬ নয়া পয়সা। মোমিনপুর থেকে ভাসা ২৮ নয়া পয়সা ছিল, সেটা বাড়িয়ে করা হয়েছে ৩৩ নয়া পয়সা। অর্থাৎ পাঁচ নয়া পয়সা ভাড়া বাড়ান হয়েছে। মোমিনপুর থেকে বিষ্ণুপুর ভাড়া ছিল ৩৪ নয়া পয়সা, সেটা এখন বাড়িয়ে করা হয়েছে ৩৯ নয়া পয়সা। বেহালা থেকে ভাসার বাস ভাড়া ৫ নয়া পয়সা বাড়ান হয়েছে। বেহালা থেকে কৈলাশ-এর বাসভাড়া ৫ নয়া পয়সা বৃদ্ধি করা হয়েছে। গভর্ণমেন্ট বাসের ভাড়া বৃদ্ধি করেছে, তার সুযোগ নিয়ে আর, টি, এ, যে অঞ্চলে থাকে, সেখানেও চার-পাঁচ নয়া পয়সা করে প্রতিটি রুটের ভাড়া বাড়িয়েছে। এ সম্বন্ধে বিশেষ ভাবে অনুসন্ধান করবার জন্য আমি আপনার মাধ্যমে ডাঃ রায়কে অনুরোধ করছি।

(At this stage the House was adjourned for 15 minutes.)

[After Adjournment]

[5-15—5-25 p. m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Mr. Speaker, Sir, I have listened to the arguments that have been put forward with regard to the demend that I have made for the Transport Department. One argument that Mr. Niranjan Sen Gupta has put forward is that there is no record as to the assets created by the funds that have been given by the Government to the Transport Department.

Sir, my friend I think, does deal with the Finance Appropriation Accounts Committee report of the Accountant General because he read it out. If he had only taken care to see that report and had seen the balance sheet of the Transport Department year to year—I have got a copy of it in my hand—it would have satisfied him that of the total amount that has been invested how much has been invested for transport vehicles, how much for land, how much for building and so on and so forth. He need not have been inquisitive without being satisfied as regards the enquiry that he wants to make. Besides that in this statement which shows the financial results of important schemes of Government involving transactions of commercial or semicommercial nature, at pages 1 and 2 you will get the transaction such as take place from year to year. It gives you the amount of money that is spent for the vehicle, the amount of money that is spent for pay, allowances, contingencies, petrol, diesel, tyres, tubes and so on—of course, this is for one year. But if you want to have a complete picture of the amount spent and the amount invested from year to year for several years, all you need to do is to refer to the report of the Accountant General. Sir, having talked about the Accountant General's report, I may tell him that he has picked out a report of transaction which took place sometime back—sale of 17 Studebaker buses. This matter was thoroughly investigated by the Public Accounts Committee and it was found then that the Accountant General was wrong in his suggestion that 31,000 was spent for making the vehicles road-worthy and therefore, that the party, Mr. Mitter, having paid 36,000, only 17 buses were sold for Rs. 5,000 If he had only looked into the discussion he would have found out that it was ultimately discovered that the only amount that the Department had spent was a little over Rs. 6,000, so that of the Rs. 37,000 which was paid only Rs. 6,000 was spent for the repairs which had to be done because certain parts had been taken away from the old bus. As a matter of fact. on subsequent enquiry it was found that other old studebaker buses that had to be sold by public auction did not fetch us more than Rs. 1,000 to Rs. 2,000 each. Sir, these are little things and one can pick up any amount of mud in order to throw at one's adversary, but that does not help very long because mud gets washed and the man comes out clean.

Another point has been raised which I may refer in passing. It is true whatever organisation you may have you cannot probably satisfy everybody. It has been said that if a man is recommended by a Congress member he gets the appointment, but if he is recommended by other members he does not get the appointment. I cannot help it. It is happening everywhere in the world. But that does not mean that there is always nepotism and corruption because my man is not given the appointment, that is no proof at all. Sir, a question has been raised about the appointment of Mr. Dhar. I may say that ordinarily officers are appointed, particularly in the upper grade selection is made by the Public Service Commission. The other staff are appointed by Special Selection Board. Mr. Dhar was not put before the Public Service Commission because he was an Assistant Commissioner of Police where he was appointed by the Public Service Commission. He was appointed in this Department as I suggested that in view of the large of accidents that have taken place a retired Police officer should be appointed in order that he might properly investigate into every case of accident that happens.

Sir, It is all very well to fling cheap gibes at the man who works. Shri Talukdar, I must lay my complement to him because for the last 7 or 8 years he has worked like a trojan in order develop this institution. Sir, people who never had anything to do with industrial concern never realise what it is to develop a new industry in any particular sphere. I happened to have some experience having myself been connected with some industries before I came in as Chief Minister. I know what anxiety, what risk, what danger, what amount of effort is necessary in order to stabilise any industry, and transport industry is not one of the very easy industries in this country. It is easy to say that we

have not got enough buses to carry all the passengers that want to be carried. We have got a bottleneck. It is that we have not got foreign exchange. We would have 100 to 200 buses if I could have not foreign exchange. I have tried my level best. I have seen even the Prime Minister in order to get foreign exchange necessary to buy these buses but as you know, foreign exchange position is very difficult, and therefore, however much we may desire we cannot increase the number of buses, Apart from the difficulty of the narrowness of the roads that is there, the difficulty is that we cannot put in buses simply because we wish to do it.

[5-25—5-35 p. m.]

It is said that the old private bus owners used to make a lot of profit. Why can't we ? Don't you see that the difference is a very great one. An ordinary bus-owner never has any workshop. He never has any particular place where proper maintenance work can be done. He has not got any particular scale of salary for his employees. The total number of people whom he appoints for one bus is not more than four whereas we have to appoint about twelve people, of course taking everything into consideration. Therefore, it is easy to compare between the bus of the private owner and the buso f the State Transport and disparagingly talk about the latter. Sir, I am quoting the example of one of the biggest industrial concerns today, viz. the Indian Iron and Steel Co. which for 18 years could not give any dividend, but today it is the index of industrial development in this country. Sir, it takes a little time before an organisation can stabilies.

Sir, as regards the increase in fares to which some people have objected, my contention is that if it had been a private concern or if the money which is realised out of the increased fares, taken from the people, were utilised for some other purpose, it would have been a different matter, but here the inereased fares are intended for the purpose of meeting the emergencies, such as, increased tax on diesel oil, increased tax on aluminium sheets, increased tax on engines and engine parts and so on which have been imposed by the Central Government Probably my friends do not realise that if you want to go through the Five Year Plan, it is essential that you have got to tax more—you cannot avoid it. Now, if you do want to tax more, it is not possible for everybody to escape the taxation and if you have got to pay taxation, that taxation must be, for a concern like the State Transport Corporation, evenly distributed among a large number of people. If I could carry people free in the State Transport vehicles, probably that would have been the best thing, but you cannot do it—It is not possible. Therefore, what we are trying to do is to stabilise things, otherwise what will happen ? If you increase the number of buses, if you increase the amenities to the workers, if you give them higher wages and so on, you have got to find money from somewhere, but who is going to pay you the money ? You will have to find more money. The result would be that it is possible that the man who never uses a bus but pays a tax elsewhere will have to contribute towards the upkeep of the Transport Department. But that is not a fair proposition. It is always best to put the burden on those who are benefited by the operation of a particular concern.

Sir, there are several other small things that have been mentioned here. I may tell Mr. Hemanta Basu, since he brought the man from Howrah to see me, that no employee was punished or charge-seeted simply because he accompanied Hemanta Babu to come and see me. Sir, there were 70 persons who were charge-sheeted but of these, after making enquiries only 7 persons were discharged. I told Hemanta Babu at that time that if there is any charge against any particular individual that he indulged in violends or encouraged violence or tried to promote violence, then there is no truck with such people. I understand that when the enquiries were made, Hemanta Babu was present and, I think, Dr. Majumdar was also present on certain occasions. I think they would probably agree that the enquiry was made satisfactorily and those who were punished were punished rightly.

Sir, it is true that everybody is not satisfied with the present routes of the buses. There are people who would like to have bus No. 28 going in one direction, again there are people who would like to have bus No. 36 going in another direction and so on, but what is really worrying me, as I have said before, is the question of evercrowding that takes place during the peak-hours and I confess I have not able to find a solution to the problem. You will recall that five or six years ago I asked a French company to come here and give us a plan for an underground railway in Calcutta. They gave me a plan which would cost us for 32 miles of underground railway about Rs. 33 crores. Our difficulty was that the Finance Ministry of the Central Government refused to give us permission becouse they could not agree to the foreign exchange component of that particular scheme. The scheme is still there, and I feel still that if we can have an underground railway it will probably solve the problem. Men while increased number of buses may be of some use in certain quarters. They have given me some figures of the total number of buses increased in certain areas. But route No. 4—26 increased to 30 ; bus route No. 5—30 increased to 33 ; bus route No. 6—27 increased to 31 ; bus route No. 7—10 increased to 14 : and bus route No. 8B—30 increased to 31. I admit that this number may not be sufficient. My friend Shri Hemanta Basu said that after 8.30 or 9 o'clock at night people have to wait for 20 or 25 minutes for a bus. Of course, this is not desirable. We have got to consider how to get more foreign exchange to get a few more buses.

So far as the non-peak period is concered it is possible to increase the number of buses to relieve the congestion and the difficulties of the people. I can assure you that it has been my desire or ambition to see that the people Calcutta do get a certain amount of facility so far as transport is concerned.

Somebody asked me about a circular railway—I forget who it was. We did press the Government of India to have a circular railway round about Calcutta, although I admit that a circular railway will not solve the heart of the problem. Calcutta is a peculiar city where most of the big offices are concentrated round about Dalhousie Square. Everybody has to come to Dalhousie Square. The circular railway may land a person somewhere near Dalhousie Square but still he has to go a mile or half a mile reach his office. Therefore, although a circular railway may create some amount of convenience, it would not solve the real problem. The Railway people said that they are prepared to consider this question when the electric railway between Howrah and Burdwan, and Sealdah and Ranaghat is completed. I do not know when it will be done ; probably it will be done in three years' time.

I have nothing more to add. The only thing I would say is that we are doing our best. I want co-operation and help from every part of the House in order to develop this particular service, so that our people may get facilities of moving about Calcutta as easily as possible.

I cammend my motion for the acceptance of the House, and I oppose all the cut motions.

Mr. Speaker : I put all the cut motions except Nos. 8, 26 and 31 on which division has been claimed and those which I have declared to be out of order.

The motion of Shri Subodh Banerjee that the demand of Rs. 4,36,77,000 for expenditure under Grant No. 47, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses and 82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Jagat Bose that the demand of Rs. 4,36,77,000 for expenditure under Grant No. 47, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses and 82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Amarendra Nath Basu that the demand of Rs. 4,36,77,000

for expenditure under Grant No. 47, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses and 82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 4,36,77,000 for expenditure under Grant No. 47, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses and 82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Ganesh Ghosh that the demand of Rs. 4,36,77,000 for expenditure under Grant No. 47, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses and 82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 4,36,77,000 for expenditure under Grant No. 47, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses and 82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sitaram Gupta that the demand of Rs. 4,36,77,000 for expenditure under Grant No. 47, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses and 82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost

The motion of Shri Sudhir Mullick Chowdhury that the demand of Rs. 4,36,77,000 for expenditure under Grant No. 47, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses and 82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Rama Shankar Prasad that the demand of Rs. 4,36,77,000 for expenditure under Grant No. 47, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses and 82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Bhandari that the demand of Rs. 4,36,77,000 for expenditure under Grant No. 47, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses and 82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" be reduced by Rs. 100, was then out and lost.

The motion of Shri Monoranjan Hazra that the demand of Rs. 4,36,77,000 for expenditure under Grant No. 47, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses and 82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

Tarkatirtha, Shri Bimalananda
Thakur, Shri Pramatha Ranjan
Tudu, Shrimati Tusar
Yeakub Hossain, Shri Mohammad
Ziaul-Huque, Shri Md.

AYES 54

Abdulla Farooquie, Shri Shaikh
Banerjee, Shri Dhirendra Nath
Basu, Shri Hemanta Kumar
Bera, Shri Sasabindu
Bhaduri, Shri Panchugopal
Bhagat, Shri Mangru
Bhattacharjee, Shri Shyama Prasanna
Chatterjee, Shri Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Shri Mihirlal
Chattoraj, Dr. Radhanath
Chobey, Shri Narayan
Das, Shri Shisir Kumar
Das, Shri Sunil
Dey, Shri Tarapada
Elias Razi, Shri
Ganguli, Shri Ajit Kumar
Ghosal, Shri Hemanta Kumar
Ghosh, Dr. Prafulla Chandra
Ghosh, Shri Ganesh
Golam Yazdani, Dr.
Halder, Shri Ramanuj
Halder, Shri Renupada
Hamal, Shri Bhadra Bahadur
Jha, Shri Benarashi Prosad
Kar Mahapatra, Shri Bhuban Chandra
Konar, Shri Hare Krishna
Lahiri, Shri Somnath
Majhi, Shri Jamadar
Majhi, Shri Ledu
Maji, Shri Gobinda Charan
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Bijoy Bhusan
Mazumdar, Shri Satyendra Narayan
Mitra, Shri Haridas
Modak, Shri Bijoy Krishna
Mondal, Shri Haran Chandra
Mukherji, Shri Bankim
Mukhopadhyay, Shri Samar
Naskar, Shri Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Shri Gobardhan
Panda, Shri Basanta Kumar
Panda, Shri Bhupal Chandra
Pandey, Shri Sudhir Kumar
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Jagadananda
Roy, Dr. Pabitra Mohan
Roy, Shri Provash Chandra
Roy, Shri Rabindra Nath
Roy Choudhury, Shri Khagendra Kumar
Sen, Shri Deben
Tah, Shri Dasarathi
Taher Hossain, Shri

The Ayes being 54 and the Noes 125, the motion was lost.

The motion of the Hon'ble Dr. Rafiuddin Ahmed that a sum of Rs. 4,74,86,000 be granted for expenditure under Grant No. 42, Major Heads "63B—Community Development Projects—National Extension Service and Local Development Works—82—Capital Account of other State Works outside the Revenue Account—Community Development Projects—Loans and Advances by State Government—Loans and Advances under Community Development Projects", was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-10 p. m. till 3 p. m. on Wednesday, the 16th March, 1960, at the Assembly House, Calcutta.

Vol. XXV—No. 2

Assembly Proceedings

Official Report

West Bengal Legislative Assembly

[illegible]-fifth Session

February-April, 1960

(From 7th March to [illegible] March [illegible])

Part 9

(16th March, 1960)

Published by authority of the Assembly under Rule 134 of the West Bengal Legislative Assembly Procedure Rules

Price—Indian, Rs. 1·50 nP.; English, 2s. 3d.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 16th March, 1960, at 3 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble BANKIM CHANDRA KAR) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 211 Members.

[3—3-10 p.m.]

Laying of ad-hoc Public Service Commission (Consultation by Governor) Regulation

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I beg to lay before the Assembly an ad-hoc Public Service Commission (Consultation by Governor) Regulation.

DEMAND FOR GRANT No. 50

Major Head : Loans and Advances by State Government.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8 52,47,000 be granted for expenditure under Grant No. 50, Major Head : "Loans and Advances by State Government—Loans and Advances by State Government".

Sir, this amount is required for payment of Loans to the Calcutta Corporation, to the various Municipalities and District Boards, to the cultivators, to educational institutions, to the State Electricity Board, to the Co-operative Banks and Societies, to the Government servents, etc. The full details of the Loans along with the purpose for which they will be made have been given at pages 209-215 of the Red Book. The Loans bear different rates of interest charges and there terms of repayment also vary according to individual needs.

Sir, with these words I commend my motion for the acceptance of the House.

Mr. Speaker : There are 18 cut motions. Of these, I find there are some which deal with election matters and some about supersession of local bodies. These matters cannot be allowed to be raised under this Grant. The honourable members may, however, raise these matters when Grant No. 39 is moved by the Hon'ble Mr. Jalan after disposal of this Grant. Accordingly, the following cut motions or parts thereof may be treated as out of order : Part of cut motion No. 3, and cut motions Nos. 6, 11 and 12 and the rest of the cut motions are taken as moved.

Shri Jatindra Chandra Chakravorty : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No. 50, Major Head : "Loans and Advances by State Goverument—Loans and Advances by State Government" be reduced by Rs. 100.

Shri Sitaram Gupta : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No. 50, Mojor Head : "Loans and Advances by State Government—Loans and Advances by State Government" be reduced by Rs. 100.

Shri Provash Chandra Roy : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No. 50, Major Head : "Loans and Advances by State Government—Loans and Advances by State Government" be reduced by Rs. 100

Shri Haridas Mitra : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No. 50, Major Head : "Loans and Advacces by State Government—Loans and Advances by State Government" be reduced by Rs. 100.

Shri Gopal Basu : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No. 50, Major Head : Loans and Advances by State Government—Loans and Advances by State Government" be reduced by Rs. 100.

Shri Somnath Lahiri : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No. 50, Major Head : "Loans and Advances by State Government—Loans and Advances by State Government" be reduced by Rs. 100.

Shri Gangadhar Naskar : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No. 50, Major Head : "Loans and Advances by State Government—Loans and Advances by State Government" be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No, 50, Major Head : "Loans and Advances by State Government—Loans and Advances by State Government" be reduced by Rs. 100.

Shri Suhrid Mullick Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No. 50, Major Head : "Loans and Advances by State Government—Loans and Advances by State Government" be reduced by Rs. 100.

Shri Niranjan Sengupta : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47, 000 for expenditure under Grant No. 50, Major Head : "Loans and Advances by State Government—Loans and Advances by State Government" be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No. 50, Major Head : "Loans and Advances by State Government—Loans and Advances by State Government" be reduced by Rs. 100.

Shri Chaitan Majhi : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No. 50, Major Head : "Loans and Advances by State Government—Loans and Advances by State Government" be reduced by Rs. 100.

Shri Bejoy Krishna Modak : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No. 50, Major Head : "Loans and Advances by State Government—Loans and Advances by State Government" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani : Sir, I beg to move that the demand of Rs. 8,52,47,000 for expenditure under Grant No. 50, Major Head : "Loans and Advances by State Government—Loans and Advances by State Goverument" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hajra :

মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রধানত: আমার আলোচনা ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড সম্পর্কে সীমাবদ্ধ রাখব। গত বছর এই ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড সম্পর্কে কতকগুলি গুরুতর অভিযোগ করেছিলাম সেগুলি পুনরুক্তি না করে তারপর কি ব্যবস্থা অবলম্বিত হয়েছে এবং বর্ত্তমানে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড কোন অবস্থায় আছে সে সম্পর্কে বলব। প্রথম কথা গতবছর আমি বলেছিলাম এই বোর্ডের চেয়ারম্যান যিনি আছেন তাঁকে এমন কতক-গুলি কাজ করতে হয় যাতে তিনি সম্পূর্ণ সময় দিতে পারেন না এবং যদিও তিনি সময় না দিতে পারলেও তাঁর সততা সম্পর্কে আমার কিছু বলার নেই—তিনি মন দিতে পারলে ভাল অবস্থার সৃষ্টি হত। কিন্তু তাঁর সময় না দিতে পারার সুযোগ নিয়ে সেখানে বহু রকমের দুর্নীতি, স্বজন পোষণ অবস্থা ইত্যাদি চলেছে। সবচেয়ে বড়কথা হচ্ছে যে আজকের দিনে যেখানে পাবলিক সেকটারকে ডেভালপ করা দরকার সেখানে সেগুলিকে ল্যাবোটেজ করে আজ প্রাইভেট সেকটারকে অধিকভাবে গড়ে তোলার চক্রান্ত চলছে। তিনি সময় দিতে পারেন না বলে তাঁর কাজ যাতে চলে তার জন্য একজন এ্যাডমিনিষ্ট্রেটারকে নিয়োগ করা হয়েছে এবং তাঁকে একাউণ্টস বিভাগ থেকে আনা হয়েছে। কিন্তু এটা যেটা ইলেকট্রিসি এ্যাক্টের অত্যন্ত বিরোধী এবং এখানে যেসব নিয়মাবলী আছে সেই অনুযায়ী নিযুক্তথাকি। ঠিক এই সঙ্গে সঙ্গে বেইমানী করে একজনকে সেক্রেটারী নিয়োগ করা হয়েছে। এই সেক্রেটারীকে একটা স্পেশ্যাল অফিস দেওয়া হয়েছে এবং স্পেশ্যাল অফিস টাকে বোর্ড তাঁর প্রস্তাব অনুযায়ী তুলে দেবার কথা বলেছিলেন এবং ঐ সেক্রেটারীকে তাঁর নিজস্ব বিভাগে ফিরে যাবার কথাও বলেছিলেন। কিন্তু আশ্চর্য্য বিষয় যে তিনি এমন চতুর ব্যক্তি যে বোর্ডের প্রস্তাব দুটি নাকচ করে দিয়ে সেখানে রইলেন। এই এ্যাডমিনিষ্ট্রেটার ভদ্রলোক যাঁর মাইনে ছিল ৭ হাজার টাকা তা ছাড়া তাঁকে সেসনে ২৫ হাজার টাকা বছরে দিয়ে নিয়োগ করা হল। এই ভাবে আমরা দেখতে পাচ্ছি যে ষ্টাম্প ছেড়িকরার

জন্য যতরকম চক্রান্ত তা করা হচ্ছে। এফ. এ. হিসাবে একজন সুপারয়্যানুয়েটেড লোককে নিয়োগ করা হল সিলেকশান কমিটিতে যে দুইজনকে নেওয়া হল তাঁরা দুজনেই সুপারয্যানুয়েটেড এবং তার মধ্যে একজন ডাঃ রায়ের অত্যন্ত প্রিয়পাত্র—অর্থাৎ শ্রী এম, এল, বোস এইভাবে আমরা দেখতে পাচ্ছি ৭০ লক্ষ টাকার যেখানে রাজস্ব সেখানে এ্যাডমিনিষ্ট্রেটার, সেক্রেটারী এফ. এ, সিলেকসান কমিটির মেম্বার ইত্যাদিকে অতিরিক্ত বেতন দিয়ে নেওয়া হচ্ছে।

তা' ছাড়া যারা তাঁর খুসীমত কাজ করবেন এরকম আরও ৬ জন লোক নেওয়া হয়েছে এবং তার মধ্যে ৩ জন হচ্ছে তাঁর বসংবদ কংগ্রেস দলভুক্ত আর বাকী ৩ জন হচ্ছে আই. সি. এস. গোষ্ঠির লোক। এখানে কোন নীতির বালাই আমরা দেখছি না এবং তাঁর ফলে আমরা দেখছি যে সমস্ত ফাইনান্সিয়াল রুলস আছে তা' মানা হয় না। যেমন একজন রিটায়ার্ড লোক যখন প্রথম টার্মে আসে তখন তার মাইনে ছিল ১৫০০৲ টাকা বেসিক স্যালারী হিসেবে। কিন্তু রিটায়ার করার পর যখন তাকে আবার আনা হোল তখন তিনি বললেন যে আমাকে ২ হাজার টাকা দিতে হবে। এই ভাবে দেখছি সেখানে কোন ফাইনানসিয়াল রুলস্ মানা হয় না। আর এক ভদ্রালাকের নামে এই হাউসেই গুরুতর অভিযোগ করেছিলাম। এই ভদ্রলোক খুব কৌশলে কথাবার্ত্তা বলেন যে সোভিয়েট রাশিয়ার ইলেকট্রিকাল মেসিনারী অত্যন্ত ইনফিরিয়ার বরং এর চেয়ে বৃটিশ কোম্পানীর জিনিষপত্তর ভাল ইত্যাদি ইত্যাদি, এবং এই-ভাবে বৃটিশ কোম্পানীর ঘাড়ে চড়ে তিনি সারা পৃথিবী টুর করেন। তিনি তাঁর ছেলেকে সি. ই. এস. সি-তে চাকুরী করে দিয়েছেন এবং শুধু তাই নয় যে সমস্ত প্রমিসিং ইঞ্জিনীয়ার আছেন তাঁদের চেপে রেখে আজ নূতন পোষ্ট তৈরী করছেন আবার কালকেই সেটা তুলে দিচ্ছেন। কিন্তু ঐ যারা প্রমিসিং ইঞ্জিনীয়ার যাদের সত্যিকার গুণাবলী আছে তাদের যদি এরকম অবস্থা করে রাখা হয় তাহলে জোশেফ ট্রেজেডি নিত্যনূতন ঘটবে। এ ছাড়া আমরা দেখছি যে চিফ ইঞ্জিনীয়ার বোর্ড এবং গভর্ণমেণ্ট চিফ ইঞ্জিনীয়ার যারা ঐ বোর্ডের সদস্য তাদের ২ জনের মধ্যে মনের মিল না থাকায় অগ্রগতি হ্যাম্পার করছে। তারপর রেলওয়ে ইলেকট্রিফিকেশনের কথা বলছি যে তা' করবার জন্য ৩ কোটি টাকা এই বোর্ডকে দেওয়া হোল এবং এই বোর্ড এমন লোককে ভার দিলেন যার বাইরে অর্থাৎ হাওড়ায় একটি কারখানা আছে। এই ভদ্রলোক সেখানে অর্ডার সাপ্লাইর ব্যাপারে একেবার মনোপলি করে রেখেছেন এবং তাঁর বিরুদ্ধে গতবারও অভিযোগ করেছিলোম কিন্তু কোন ব্যবস্থাই হয়নি। এই ভদ্রলোক হচ্ছেন স্বনামধন্য বি. এন. দত্ত এবং তাহলেই বুঝুন যে এর উপর যদি রেলওয়ে ইলেকট্রি-ফিকেসনের ভার দেওয়া হয় তা হলে কি অবস্থা হবে। তারপর ইলেক্ট্রীসিটি বোর্ডএর জল-ঢাকা প্রজেক্টকে আমি অত্যন্ত গৌরবজনক বলে মনে করি।

[3-10—3-20 p.m.]

এবং ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড একথা বলেছিলেন। কিন্তু সেখানে যেভাবে কাজ চলেছে সেভাবে না চালিয়ে যদি সুষ্ঠুভাবে কাজগুলি করা যেতে পারত তাহলে আজকে নর্থ বেঙ্গলে যেমস্ত টি-গার্ডেনগুলি আছে সেখানে ইলেকট্রিফিকেশনে দ্বারা বহু টাকা আদায় হতে পারত। সেগুলি করা হচ্ছে না, উপরন্তু দেখছি আজকে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড ভাবছেন কোন প্রাইভেট পার্টিকে এই সমস্ত কাজগুলি দেওয়া যায় কিনা। এই কি নমুনা যে একটা পাবলিক কর্পোরেশন প্রাইভেট পার্টিকে দিয়ে কাজ করাবে? এই কর্পোরেশনের প্রয়োজন কি

ছিল ? ইলেক্ট্রিসিটি বোর্ডের প্রয়োজন কি ছিল ? সেখানে দেখতে পাচ্ছি ইতিমধ্যে সিভিল ওয়ার্কস ডিপার্টমেন্টের অনেক কাজ বিড়লার হিন্দ কনস্ট্রাকশানকে দেওয়া হয়েছে। এই যদি অবস্থা হয় তাহলে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের প্রয়োজন কি ছিল ? ষ্টেট ইলেকট্রি-সিটি বোর্ড অটোনোমাস বডি, পাবলিক সেক্টারকে ডেভেলপ করাই যেখানে তার কাজ সেখানে পাবলিক সেক্টারকে ডেভলপ না করে পাবলিক সেক্টারের কাজ স্যাবোটেজ করার যে চক্রান্ত তারা করছে আমি ডাঃ রায়কে জিজ্ঞাসা করি সে সম্বন্ধে তিনি কি ব্যবস্থা করেছেন ? এইভাবে ইংরাজ কোম্পানীগুলিকে দালাল ধরে বার বার ধ্বংসাত্মক কাজ করে যাবে আর দিনের পর দিন তা আমাদের সইতে হবে ? আমি এর সহজ জবাব চাই। তারপর ইঞ্জিনীয়ারদের কথা বলি। আজকে জলঢাকা প্রোজেক্টের জন্য একজন ইঞ্জিনীয়ার আনা হল—সি. ডব্লু. পি. সি, অর্থাৎ আমাদের এই ষ্টেটে ভাল ইঞ্জিনীয়ার নেই এই হচ্ছে তাদের কথা। তাকে মোটা মাইনে দিয়ে আনা হল। তিনি আসবার পর তাঁর দল আমদানি করবার চেষ্টা করছেন, বাংলাদেশে অভিজ্ঞ ইঞ্জিনীয়াব নেই। বাংলাদেশের কল্পনা শক্তি আছে, তার যে স্বদেশ প্রেম আছে তা দিয়ে সে এগিয়ে নিয়ে যেতে পারে। আজকে এইভাবে বাইরে থেকে ইঞ্জিনীয়ার ধার করে আনতে হবে এবং তিনি এসে এখানে তাঁর গোষ্ঠী তৈরী করবেন এসব কেন ? এর জবাব চাই। আজকে ৫ বছর হল এই বোর্ডের জীবন হয়েছে, এই ৫ বছরের মধ্যে আজও এ্যাকাউন্ট অডিটেড হয়নি, আজও ১৯৫৬-৫৭ সালের এ্যাকাউন্ট অডিটেড্ হয়নি, এ্যাকাউন্ট হ্যাফাজার্ডভাবে রাখা হয়, সে কথার উত্তর দিতে পারবেন না এবং এমন দিন যায় না যেদিন পার্টিরা টপ অফিসারের কাছে কম্‌প্লেণ্ট করে না। কনট্রাক্ট ইত্যাদি নিতে গেলে পর ঘুষ না দিয়ে তারা পান না। সেখানে এ্যাকাউন্‌টেণ্ট যিনি আছেন তিনি সব বোঝেন—রাজনীতি বোঝেন, বিধানবাবু বোঝেন, প্রফুল্লবাবু বোঝেন, কেবল বোঝেন না এ্যাকাউণ্ট—এই হচ্ছে অভিযোগ। সার, এবারে স্টোর এণ্ড পার্চেজের ব্যাপারে একটু বলি। ষ্টোরে যে সমস্ত স্পেয়ার পার্টস এবং ভ্যালুয়েবল পার্টস আছে সেগুলি প্রায়ই চুরি যায়। দেখা যাক্ কিভাবে চুরি হয়। ষ্টোর প্রথমতঃ যখন অডিট্ করা হয় তখন দেখা যায় ষ্টক টেকিং কমিয়ে মাল দেখান হয় এবং বেশী মালটা চেপে দেওয়া হয় এবং সেই মালটা পরে বিক্রী হয়—এইভাবে টাকা চুরি হয়। আমি গুরুতর অভিযোগ করছি যে মাকড়দহ সাবষ্টেশন এবং ডানকুনি সাব ষ্টেশনএ সম্প্রতি দুটো চুরি হয়ে গেছে। ডানকুনিতে মাস ছয়েক আগে এবং মাকড়দহে সম্প্রতি একটা ডাকাতি হয়ে গেছে। সেই সাব ষ্টেশন থেকে অধিক মূল্যবান জিনিষ লরি করে চলে যাবার পর সেখানে কর্মরত ৩জন লোককে গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হল এবং ষ্টাফের লোক গিয়ে বেল দিয়ে তাঁদের নিয়ে এল। টপ অফিসারের এমন সাহস সেই যে চুরির অপরাধে তাদের সাসপেণ্ড করেন, কারণ নীচের র‍্যাংকের অফিসার থেকে টপ অফিসার পর্যন্ত সেইভাবে চুরি করে। টপ অফিসার লরি নিয়ে গেলেন, সমস্ত সাবষ্টেশন থেকে মাল চুরি হয়ে গেল এবং তারপর বিক্রী হয়ে গেল—এই হচ্ছে আমার অভিযোগ। ডাঃ রায় এগুলি তদন্ত করলে দেখতে পাবেন, এনফোর্সমেণ্ট পর্যন্ত এই ঘটনা জানে। তারপর কনজিউমারের প্রতি যে সার্ভিস সেটা দেখা যাক। হাজার হাজার লোক এ্যাপ্লিকেশান করেছে ইলেকট্রিকের জন্য কিন্তু তাদের সেই সমস্ত দরখাস্ত বিবেচনা করা হয় না। কেউ গিয়ে কিছু টাকা দিলে কানেক্‌সান পেয়ে যায়, এই হচ্ছে অবস্থা। এক্সট্রিম এণ্ড পর্যন্ত আলো যা জ্বলে সেখানে যখন পিক্‌টাইম সেই সময় দেখতে পাওয়া যায় আলোর পাওয়ার কমে যায়, সেখানে কমপ্লেণ্ট করলে কোন সুরাহা হয়

না। এর কারণ হচ্ছে যেসমস্ত ইঞ্জিনীয়ার সুপারভাইজ করেন তাঁরা মিথ্যা টি. এ. বিল করার জন্য, চক্রান্ত করে চোরাই মাল বিক্রী করার জন্য এইভাবে কর্মরত থাকার জন্য অফিসে বসে থাকেন, বাইরে যেতে পারেন না এবং কোন রকম কাজ কর্ম করতে পারেন না। তারপরে কোন সার্ভিস রেগুলেশন নেই। ষ্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডে পুরাণো আইনানুযায়ী সার্ভিস চলে, তাদের কোন সার্ভিস রুলস নেই এগুলি আমরা দেখতে পাচ্ছি। সঙ্গে সঙ্গে অন্যদিকে দেখতে পাই যে গাড়ীগুলি আছে সেগুলি কয়েকজন অফিসার নিজেদের প্রাইভেট ইউজের জন্য ব্যবহার করেন এবং এর ফলে মোটা টাকা খরচ হয় তার পরে আবার মিথ্যা টি· এ. বিল করা হয় যা আমাদের কল্পনাতীত। সেজন্য আমার কথা হচ্ছে সি. এস. সি. একটা বৃটিশ কনসার্ন—তাদের যে টার্ম আছে সেইটাম যখন একসপায়ার করবে তখন তাদের নিয়ে যেতে হবে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সাথে কিন্তু সেই রকম উপযোগী হয় এটা গড়ে উঠতে পেরেছে কিনা সেদিকে লক্ষ্য রাখা দরকার। আজকে এই সমস্ত বৃটিশ কোম্পানীগুলিকে পূর্ব স্বাধীনতা দেওয়া হবে এবং ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড তারা সেখান থেকে ঠুঁটো জগন্নাথের মত বসে কোন রকম কাজ কর্ম করতে পারবে না, তারফলে বৃটিশ কোম্পানীগুলি এই ভাবে করে চলবে। যেখানে এই ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড একটা পাব্লিক কর্পোরেশন হিসাবে গড়ে উঠেছে সেখানে পাব্লিক সেক্টারকে ডেভেলপ করার জন্য তার চেষ্টা করা উচিত এবং সেই ভাবে তাদের দক্ষ হওয়া উচিত কিন্তু আমরা তার কিছুই দেখতে পাচ্ছি না। মাননীয় স্পীকার মহাশয়, সেজন্য আমি বলতে চাই যে একে ঢেলে সাজতে হবে তানাহলে কিছুই হবে না। এখানে আমাদের মাননীয় মন্ত্রী তরুণকান্তি ঘোষ মহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা বড় গলায় বলেন যে আজকে আমরা এগ্রিকালচার, ফুড, সেচ প্রভৃতির উন্নতি করছি, দেশের মধ্যে খাদ্যফসল ফলাবার জন্য। আমি বলতে চাই যে পশ্চিমবাংলার এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্য্যন্ত গ্রামে ঘরে আমরা দেখছি কেবল ইলেকট্রিক তারের খেলা। আমি কয়েকদিন আগে দক্ষিণ ভারতে মাদ্রাস ঐ অঞ্চলে গিয়েছিলাম—সেখানে দেখে এসেছি ইলেকট্রিসিটি গ্রামের মধ্যে গেছে এবং গ্রামের মধ্যে ইলেকট্রিসিটি গিয়ে সেখানেকৃষির কি শ্রীবৃদ্ধি সাধন করেছে। কৃষকের একটা জমিতে ধান কাটা হচ্ছে, আর একটা জমিতে সবুজ ধান হাসছে, আর একটা জমিতে ধান রোয়া হচ্ছে এবং সেখানে ৯০ দিনে একটা ফসল হয়—সেখানে ইলেক্ট্রিসিটি তারা করতে পেরেছে। আজকে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড বাংলাদেশে যে তারের খেলা দেখাচ্ছে সেই তারের খেলাকে বাস্তবে রূপায়িত করতে হবে এবং এখানে যে বাবুই পাখীর বাসা বাঁধা হয়েছে, ডাঃ রায়ের যে চক্র আছে সেটাকে ভাঙ্গতে না পারলে কিছুই হবে না। এটা যদি সত্যই কল্যাণ রাষ্ট্র হয়ে থাকে তাহলে যারা এই সমস্ত অসৎ কার্য্যে লিপ্ত আছে তাদের দেশদ্রোহিতার অপরাধে আজ ফাঁসিকাষ্ঠে লটকানো উচিত--এই কথা বলেই আমি আমার বক্তৃতা শেষ করছি।

Shri Haridas Mitra :

মাননীয় স্পীকার স্যার, আমরা গত কয়েক বছর ধরে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড সম্বন্ধে সমালোচনা করেছি। দুর্নীতিতে স্বজনপোষণ এবং যে সমস্ত অব্যবস্থা এবং কুব্যবস্থা আছে তা আমার এখানে উল্লেখ করেছি। আমরা আশা করেছিলাম যে আমাদের মুখ্যমন্ত্রী ডাঃ রায় নিশ্চয়ই কিছু কিছু তার ব্যবস্থা করবেন। একটা কথা আমাকে নিশ্চয়ই বলতে হবে যে আমাদের এখানকার কিছু কিছু সাজেসশন বোর্ড গ্রহণ করেছেন যার জন্য কিছু সৎকাজ নিশ্চয়ই

হয়েছে। যেমন আমি বলবো আমাদের ১৯৫৭ এবং ১৯৫৮ সালে এখানে বক্তৃতার ভার এ্যাপয়েন্টমেন্ট এবং প্রমোশন ব্যাপারে যে সিলেকশন কমিটি হয়েছে—তাতে এমপ্লয়ীজদের নিশ্চয়ই কিছু কিছু সুখ সুবিধা দেওয়া হয়েছে। প্রভিডেন্ট ফাণ্ড ছিল না, সেটা তারা করেছেন। আমি বিরোধীপক্ষ থেকে মনে করি যে তারা যা ভাল কাজ করেছেন সেটা নির্ভয়ে ভাল করে আমাদের বলা দরকার যাতে কিছু দোষ থাকলে সেটা সংশোধন হতে পারে। কিন্তু তবুও বলবো এখানে স্বাস্থ্যকর পরিবেশ যেটা সৃষ্টি হওয়া উচিত ছিল, আমরা যা আশা করেছিলাম তা আজও হয় নি। বোর্ড কাজের দিক দিয়ে যথেষ্ট এগিয়ে গেছেন।

[3-20—3-30 p.m.]

১৯৫৬ সালে যেখানে ১০২ টি সহরে এবং গ্রামাঞ্চলে ইলেকট্রিসিটি বোর্ড ছিল আজকে সেখানে ৪১৪ টি জায়গায় হয়েছে। কন্‌জিউমার যেখানে ছিল ১১৭৪২টি আজকে সেখানে ৩২১৫৮টি হয়েছে, নিশ্চয়ই বোর্ড এইসব দিকে এগিয়েছে এবিষয়ে কোন সন্দেহ নাই, আমি তার জন্য আনন্দিত। কিন্তু অন্য দিকে চেয়ে দেখুন, যেখানে ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ করে বোর্ড কোথায় গিয়ে হাজির হয়েছে। এই পশ্চিমবঙ্গ সরকার ধার করে নিয়ে এসে বোর্ডকে টাকা ধার দিচ্ছে—১৯৫৮ সালে ৪০ লক্ষ, ১৯৬০ সালে ৬০ লক্ষ টাকা—এবার রেলওয়ে ইলেকট্রিফিকেশান স্কীম এবং বোর্ড এ দুটো মিলিবয় ৩ কোটি ৪১ লক্ষ ৫২ হাজার টাকা ধার দিচ্ছেন। এই টাকা ধার নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে কি কাজ হচ্ছে। এই রেলওয়ে ইলেকট্রিক স্কীম সম্বন্ধে মনোরঞ্জনবাবুও বলেছেন আমি আবার বলছি যে এই স্কীম এ ১ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা লোন বাজেট দেখান হয়েছে কিন্তু আশ্চর্য্য ব্যাপার ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড নিজেরা এই স্কীম কার্যকারী করলেন না, তাদের হাতে রেলওয়ে ইলেকসিটি বোর্ড দিয়ে দিলেন, কিন্তু কেন কার্যকরী করলেন না? করলেত লাভটা তারা পেত, বাংলাদেশের ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড এর হাতেই প্রফিট আসত। তা তারা করলেন না—প্রাইভেট সেক্টার এর হাতে তুলে দিলেন। তারা ই. এম. সি কোম্পানীকে ৮০ লক্ষ টাকার মত কণ্ট্রাক্ট দিলেন আর কামানী কোংকে ২০ লক্ষ টাকার মত কন্‌ট্রাক্ট দিলেন। এই স্কীম যদি ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কার্য্যকরী করত তাহলে বাংলাদেশের ৯০ লক্ষ টাকার মত লোকসান হতনা, এখানে ৭ কোটি টাকা ৩ বছরে খরচ করলে আমি বিশ্বাস করি ৩ হাজার লোকেব কর্মসংস্থান হত এবং বাঙ্গালীরাই সে কাজ পেত আজকে এই বেকার সমস্যার দিনে বাংলার পক্ষে সুবিধাই হত। তাই আমি ডাঃ রায়কে বলবো যে এবিষয়ে ষ্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ডকে গভর্নমেন্টের তরফ থেকে চাপ দেওয়া দরকার ছিল। এই যে বোর্ড আজকে নিজেরা করলেন না, প্রাইভেট সেক্টারকে দিয়ে দিলেন—এ বিষয়ে গোড়া থেকে যদি বোর্ডের উপর চাপ দেওয়া হত তাহলে এই কাজ নিজেরাই করবার ব্যবস্থা করতে পারত। নিজেরা ওয়ার্কআউট করলেন না তার কারণ হল চীফ ইঞ্জিনীয়ার শ্রী এন. দত্তের অপদার্থতা—এই আমার বিশ্বাস, এই দত্ত এই কাজের ঝুঁকি নিতে সাহস করলেন না, রেসপনসিবিলিটি নিলেন না তাই এটা হল না। স্যার, আমি এসম্বন্ধে পরিষ্কার করে বলতে চাই যে এই ভদ্রলোক চীফ ইঞ্জিনীয়ারের ইলেক্‌ট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং সম্বন্ধে রিকুইজিট একাডেমিকে কোয়ালিফিকেশানের অভাব আছে। এত বড় একটা দায়িত্বশীল প্রতিষ্ঠান যেখানে ৮ কোটি টাকা খরচের ব্যবস্থা হচ্ছে সেখানে চীফ ইঞ্জিনীয়ার সাহস করলেন না কেন? রেলওয়ে যদিও তাদের হাতে কাজটা ছেড়ে দিলেন তবু তারা সাহস করলেন না এ কাজটা করতে। এই ডাঃ

দত্তকে সুপারএন্যুয়েশনের পরে এ্যাট এ টাইম ৩ বছর এক্সটেনশন দিয়ে রাখা হল তিনি যা মাইনে পেতেন রিটায়ারমেণ্টের সময় তার উপরে আরও ২০০ টাকা বাড়িয়ে দিয়ে দু-হাজার টাকা মাইনে দিয়ে। তিনি কোন কাজ করতে পারেন না তাই নূতন একজন ডিপুটী চীফ ইঞ্জিনীয়ার রাখতে হয়েছে। এখন আমি এখানে রেলওয়ে ইলেক্ট্রিসিটির বোর্ডের একটা রহস্য এখানে রাখতে চাই। টেণ্ডার নোটিশ বেরুবার পূর্ব্বে চীফ ইঞ্জিনীয়ার এবং প্লেনিং ইঞ্জিনীয়ার বি. এন. দত্ত তারা কলকাতার বিখ্যাত হোটেলে চোরঙ্গীর গ্রাণ্ড হোটেলে বসে কামানী কোং এর পরামর্শে টেণ্ডার এর ওভারহেড পোরশান এর স্পেসিফিকেশন তৈরী করলেন, এই খবর আমার আছে যে এই দুই দত্ত এর মধ্যে ছিলেন। ডাঃ রায় বেশ জানেন যে এই যে চীফ ইঞ্জিনীয়ার, তাঁর ছেলেকে বাইরে, বিদেশে পাঠানর ব্যবস্থা হয়েছিল এবং ওখানকার স্কীমে যারা কাজ পেয়েছে তাঁদের এখানকার অফিসে একটা পার্মানেণ্ট চাকরীর ব্যবস্থা করা হয়েছিল। তাঁর দুটো বেনামদার কোম্পানী আছে—একটা হল ওরিয়েণ্ট ইঞ্জিনীয়ারিং হাউস, আর একটা হল ইণ্ডিয়া ম্যানুফেকচারিং করর্পোরেশন। এই দুই দত্ত যুগোলে বেনামদারী ব্যবসা চালান হয়েছে এবং তাদের অনেক কিছু বিজনেস এ্যাসিউরড করা হয়েছিল। তারপর দেখা যায় রেলওয়ে ইলেকট্রিফিকেশন স্কীমের ব্যাপারে ৭ কোটি টাকা খরচ হয়। সেই কাজটা যদি আজকে এঁরা নিজেদের হাতে নিতেন তাহলে ১২ পারসেণ্ট প্রফিট ধরে ৮০।৯০ লক্ষ টাকা লাভ হত, এবং সেই লাভটা বাংলাদেশের সরকারের বোর্ডের হাতে থাকত। এবং তার দ্বারা বাংলাদেশের মানুষ উপকৃত হত। কিন্তু এই দুই দত্তের জন্য তা হল না। ডাঃ রায়ের নিশ্চয়ই মনে আছে—আমি পূর্বে একটা এনকোয়ারী কমিটিএর কথা বলেছিলাম। একটা এনকোয়ারী করে দেখুন আমাদের কাছে যে সমস্ত খবর আসছে সেগুলি সত্য কি না। এটা অত্যন্ত গুরুতর কথা যে বাংলাদেশের মানুষের ৮০।৯০ লক্ষ টাকা লোকসান হয়ে যাচ্ছে, যেটা বিদেশী কোম্পানীরা নিয়ে যাচ্ছে। বহু বিঘোষিত জলঢাকা স্কীমের কথা উনি বলেছেন। এ সম্বন্ধে সংবাদপত্রে প্রকাশিত হয়েছে এবং আমরা এই জলঢাকা স্কীম এর ব্যাপার নিয়ে অনেক আলোচনা এখানে করেছি। চার কোটী টাকার এই প্রজেক্ট সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যানে শেষ হবার কথা ছিল। আজকে এই সেকেণ্ড ফাইভ ইয়ার প্যান প্রায় শেষ হতে চলেছে, আজকে সেখানে কি কাজ হয়েছে? কতকগুলি রাস্তা তৈরী হয়েছে, যেটা ওয়েষ্টবেঙ্গল গভর্ণমেণ্টের সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেণ্টের ইঞ্জিনীয়াররা আরও ভালভাবে করতে পারতেন। ডাঃ দত্তের হাতে সেটা থাকায় হিউজ ওয়েষ্ট হচ্ছে এবং মিসহেণ্ডলিং অফ দি হোল সিচুয়েসন ও কতকগুলি আননেসেসারী কন্‌ষ্ট্রাকশন হয়েছে। তারপর দেখা যায় শিলিগুড়ি থেকে ৭০ মাইল দূরে জল ঢাকার সেখানে কতকগুলি বাড়ী তৈরী হয়েছে—জলঢাকার কর্ম্মচারীদের জন্য, কিন্তু ওখানকার কাজত দু-তিন বছরের মধ্যে শেষ হয়ে যাবে, তখন সেই বাড়ীগুলি কোন কাজেই লাগবে না। রেলওয়ে সাইডিংএর কাছাকাছি চাল্‌সা রেলওয়ে সাইডিং বলে একটা জায়গা আছে, সেইখানে যদি এই বাড়ীগুলি হত তাহলে তার একটা ইউটিলিটি থাকত এবং সেখানকার কর্মচারীদের জিপে করে দৌড়াদৌড়ি না করে, সেখানে তাদের থাকবার একটা স্থান হত। আমরা দেখছি এই জলঢাকা স্কীমের টাকা নিয়ে ছিনিমিনি খেলার ব্যবস্থা হচ্ছে। জলঢাকা ব্যাপারে টেণ্ডার সাবমিট করবার পর এষ্টিমেট ২০ পারসেণ্ট বেড়ে গেল। টেণ্ডার প্রথমে হিন্দ্ কন্‌ষ্ট্রাকশন কোম্পানী সাবমিট করেন। তারপর তার

উপরে ৫০ পারসেণ্ট বাড়িয়ে টেণ্ডার ধরা হল। তারপর প্লেনিং এষ্টিমেট যাঁরা করেন,

either they are inefficient or they are corrupt,

এছাড়া আর কোন কথা বলতে পারি না। জলঢাকা স্কীমের ব্যাপারে আমাদের এখানে অনেক আলোচনা হবার পর এখন শোনা যাচ্ছে ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট একটা কমিশন নিয়োগ করেছেন। এনকোয়ারীর জন্য, তার রিপোর্ট যদি সত্যই হয়ে থাকে, তাহলে সেই কমিশন রিপোর্টটা আমরা দেখতে চাই। আমি আপনার মাধ্যমে ডা: রায়কে অনুরোধ করি যদি সেই রিপোর্টটা তৈরী হয়ে থাকে তাহলে সেটা আমাদের বিধান সভার সামনে রাখুন। স্যার, এই বোর্ডের কর্মচারীদের সংখ্যা প্রায় সাড়ে চার হাজার; তার মধ্যে ক্লাশ ফোর ষ্টাফের কথা আগেই উল্লেখ করেছি। তাদের মাইনে হচ্ছে অর্থাৎ বেসিক পে ২০ টাকা, আর প্রতি চার বছর অন্তর ১ টাকা করে বেড়ে ২৫ টাকায় শেষ হবে। অবশ্য কিছু ডি. এ, দেওয়া হয়। অর্থাৎ সমস্ত মিলে সবসুদ্ধ ক্লাশ ফোর কর্মচারী পাবেন ৫৭ টাকা। মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করি ৫৭ টাকা মাইনেতে কোন মানুষ, তার পরিবার পরিজন নিয়ে বাঁচতে পারে? ডা: রায় হয়ত এটা বুঝতে পারবেন না, কিন্তু বহু সদস্য আছেন তাঁরা নিশ্চয়ই এটা উপলব্ধি করতে পারবেন। তাদের মাইনে বাড়ান একান্ত আবশ্যক। চীফ ইঞ্জিনীয়ার দু-হাজার টাকা মাইনে পাবেন আর সেখানে একজন ক্লাশ ফোর কর্মচারী ডি. এ. প্রভৃতি নিয়ে মাত্র ৫২ টাকা পাবেন। তাছাড়া দেখা যায় সেখানে দু-জন সুপারিণ্টেণ্ডিং ইঞ্জিনীয়ার প্রত্যেকে ১৩শো থেকে ১৫শো টাকা মাইনে পান। এই ধরণের টপ হেভি এডমিনিষ্ট্রেশন রাখার কোন প্রয়োজন নেই। সেখানে সাধারণ কর্মচারীদের জন্য ব্যয় হয় ৫ লাখ ২৮ হাজার টাকা, সেখানে দুইজন ডিরেক্টোরেটএর অফিসারকে পুষতে খরচ হচ্ছে ২ লাখ ৯২ হাজার টাকা। এতবড় মাথাভারী এডমিনিষ্ট্রেশন রাখবার কি দরকার?

[3-30—3-40 p.m.]

এল. ডি. ক্লার্ক—ডিষ্ট্রিক্ট এ হলে তাদের মাইনে ৫৫৲ টাকা থেকে ১৩০৲ টাকা, আর যারা ডিরেক্টোরেটে বসে আছে তাদের মাইনে ৭০৲ টাকা থেকে ১৫০৲ টাকা, আমি মনে করি এদের সবারই এক মাইনে হওয়া উচিত। ডিষ্ট্রিক্ট এবং ডিরেক্টোরেটএর এই এল. ডি. ক্লার্কের একই ধরণের মাইনে—৭০৲ টাকা থেকে ১৫০৲ টাকা সকলের এখন হয়ে যাওয়া উচিত।

আগের বার এখানে লোকসান হয়েছিল ৩০ লক্ষ ৮৬ হাজার টাকা; আর আজকে সেখানে লাভ দাড়িয়েছে ৪ লাখ টাকা। এই আয় বাড়বার কতকগুলো কারণ আছে। তার মধ্যে একটা বড় কারণ হচ্ছে সৎ এবং পরিশ্রমী নিম্নপদস্থ কর্মচারীরা গায় খেটে প্রভূত পরিশ্রম করে বোর্ডকে সুষ্ঠুভাবে পরিচালনা ব্যবস্থা করছে। তারফলে আজ এই লাভ হয়েছে। কিন্তু ক্লাশ থ্রি ও ক্লাশ ফোর ষ্টাফ যারা, তাদের মাইনে এক পয়সাও বাড়ছে না। তাদের কি ব্যবস্থা, আর ৯২ জন হায়ার অফিসারের থাকবে কত রকম সুযোগ সুবিধা, বাড়ী গাড়ীর এলাউন্সএর ব্যবস্থা হবে। উনি তো বলে গেছেন সেখানে সুপার এন্যুয়েটেডদের রাজত্ব হয়ে গেছে। অথচ এদের বেলায় কোন কনসিডারেশন কেন হবে না? ট্রাভেলিং এক্স্‌পেনসেস নিম্নপদস্থ কর্মচারী যারা ৭০৲ থেকে ১৩০৲ টাকা মাইনে পায়—তাদের ট্রাভেলিং এক্স্‌পেনসেস পকেট থেকে দিতে হয়, সেই ট্রাভেলিং এক্স্‌পেনসেসনএর বিল

ও গ্রামাঞ্চলে ইলেকট্রিফাইড হয়েছে। টোটাল নাম্বার অফ্ কেপিট্যাল আউটলে যদি আমরা দেখি, তাহলে আমরা দেখবো এখানে আমরা ৮৪০ লক্ষ টাকা এই খাতে খরচ করে আসছি। এবং তার মধ্যে সবচেয়ে বেশী পরিমাণ টাকা গ্রামাঞ্চলের ইলেকট্রিফিকেশনের জন্য ৪৪০ লক্ষ টাকা আমরা খরচ করেছি। যদি আমরা আনুপাতিক হিসাব করি তাহলে দেখবো প্রায় শতকরা ৫৩ ভাগ টাকা এতে ব্যয় হয়েছে। একটা অত্যন্ত গুরুত্বপুর্ণ বিষয়ের প্রতি, স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে পশ্চিমবঙ্গে গ্রামকে বাদ দিয়ে সহরাঞ্চলে ইলেকট্রিফিকেশন করে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড যদি আজ লাভের অঙ্ক মোটা করে দেখাতো সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় বিধান চন্দ্র রায়, তাঁর প্রচেষ্টায়, ১৯৫৫ সালে, ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ১লা যে তারিখে, যখন প্রথম জন্ম হয় তার থেকে ১৯৬০ সালের আজকের দিন পর্য্যন্ত এর কার্য্যকলাপ সম্বন্ধে যদি আমরা অত্যন্ত নিরপেক্ষ দৃষ্টি নিয়ে বিচার করি তাহলে একথা স্বীকার করতে বাধ্য যে অত্যন্ত অল্প টাকা নিয়ে, সমস্ত রকম অসুবিধার মধ্যে দিয়ে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড বাংলাদেশে তাদের কাজকে এগিয়ে নিয়ে চলেছে। এই আলোচনায় প্রথমে যাঁরা অংশ গ্রহণ করেছেন তারা ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের একটা পুর্ণাঙ্গ ছবি তুলে ধরেন নি। এর মধ্যে দোষত্রুটি নেই একথা বলছি না। এই সামগ্রিক ছবিকে জনসাধারণের সামনে তুলে ধরার, বিশেষ করে, সদস্যদের সামনে তুলে ধরে তারপর তার যা কিছু দোষ ত্রুটি আছে তা দেখানর অধিকার নিশ্চয়ই আমাদের আছে। আমি তাই বিরোধী পক্ষের বন্ধুদের দোষরূপ করছি না, কারণ তাঁরা দোষত্রুটি তুলে ধরে একথাই প্রমাণ করতে চান যে এর সমস্তটাই ত্রুটিপুর্ণ। আমি ১৯৫৫ সাল থেকে আজ পর্য্যন্ত তাই একটা ছবি অত্যন্ত অল্প সময়ের মধ্যে আপনার সামনে তুলে ধরতে চাই। ১৯৫৫ সালে ষ্টেইট ইলেকট্রিসিটি বোর্ড যখন গঠিত হয়েছিল তখন টোটাল নাম্বার অফ আণ্ডারটেকিংস যত ছিল তার সংখ্যা দেখলে দেখবো মাত্র ২৩ টি। আর ১৯৫৫ সালে ২৩ টি থেকে ১০২ টি সহরে ও গ্রামাঞ্চলে ইলেকট্রিফিকেশন করার জন্য তারা কাজ সুরু করেছে। আজকে ১৯৬০ সালে, যদি আমরা দেখি তাহলে দেখবো প্রায় ৪১৪ টি সহর তাহলে এই হাউসে অন্ততঃ আমি তাদের দোষারোপ করতাম।

[3-40—3-50 p.m]

কিন্তু যেহেতু তারা ৫৩ ভাগ টাকা খরচ করে গ্রামাঞ্চলে বিদ্যুতের সরবরাহের ব্যবস্থা করে গ্রামীন শিল্পকে, কুটীর শিল্পকে, ছোট ছোট শিল্পকে গড়ে তোলার কাজে সাহায্য করেছেন এবং তাতে তাঁরা যেসব অসুবিধার সম্মুখীন হয়েছেন তার জন্য সহানুভুতির সংগে আমাদের বিচার করার প্রয়োজন আছে। বিদ্যুৎ নিয়ে যাবার জন্য ইন্‌ষ্টালেশন এবং অন্যান্য খরচ হিসাব করে দেখলে দেখা যাবে যে, কোনক্রমেই তা লাভজনক হয়ে উঠতে পারে না। এ সম্পর্কে পার্লামেণ্টে শ্রীগুলজারীলাল নন্দ এপ্রিল, ২রা ১৯৫৬ যে বক্তৃতা করেছেন তা আমি আপনাদের সামনে পড়ে দিতে চাই।

"Provision of power to rural areas in view of small and scattered loads is not a paying proposition. We have had several discussions and seminars where engineers met and considered this problem. It was clear that rural electrification has to be subsidised. Propsals were made and the view was taken that each State much first make its own working self-supporting in the sense that, if it has any profit on urban electrification, it

must divert that to rural electrification before it asks for any help. Figures are being collected. Meanwhile, some advance is being made. Under the First Plan, only interest was to be paid—capital had not to be paid—during the first five years. Now it has been decided that for the first few years no interest will be charged. That is an element of subsidy but the scheme is still under consideration and something more may be done. I will at least try to see that something more is done for rural electrification than has been possible so far.

এর থেকে আমি একথা বলতে চাই যে, গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহের কাজ গ্রহণ করার দরুণ যে রেভিনিউ ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড আন করে তা কখনো লাভ জনক হতে পারে না বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে। ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের আর্থিক অবস্থা নিয়ে আলোচনা করবার আগে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের রেট নিয়ে যে সন্দেহের উদ্রেক হয়েছে সে সম্পর্কে দু-একটা কথা বলব। অনেকে প্রশ্ন করেন ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাইএর তুলনায় ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সেট এত বেশী হয় কেন। এ সম্পর্কে আমি বলবো যে, গ্রামাঞ্চলে ইলেকট্রিফিকেশন এবং ইণ্ডাসট্রিয়াল এরিয়াতে ইলেকট্রিফিকেশন-এর মধ্যে মৌলিক পার্থক্য আছে—প্রথমতঃ একটায় বিরাট এলেকায় কাজ করতে হয়, সেখানে কনসেনট্রেশন অফ টাইম হয় না, শেষোক্তটিতে, যেমন ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন তারা একটা কনসেনট্রেটেড এরিয়াতে সাপ্লাই দিয়ে এসেছে, প্রিওয়ার পিরিয়ড মেসিনারী এবং অন্যান্য প্ল্যাণ্ট বসিয়েছে, তাদের কেপিট্যাল আউটলে কম। অন্যদিকে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড ওয়ার পিরিয়ডএ কাজ আরম্ভ করেছে, সেদিক থেকে তাদের খরচ স্বাভাবিক ভাবেই বেশী হবে। তৃতীয়তঃ, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করর্পোরেশন এবং ডি, ভি, সি থেকে ইলেকট্রিসিটি নিয়ে পরে তারা কন্‌সিউমারদের দিচ্ছে। একটা হাড্রো-ইলেকট্রিসিটি এবং কয়েকটা ডিজেল জেনারেটি পাওয়ার ষ্টেশন থেকে নিয়ে তারা দিচ্ছে। কাজেই সমগ্রভাবে বিচার করলে দেখা যাবে যে, ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড তুলনামূলকভাবে বেশী চার্জ নিচ্ছে না। তাছাড়া, আমাদের যেসমস্ত ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী যারা জেনারেট করে সহরাঞ্চলে দিয়ে থাকে তাদের সংঙ্গে তুলনা করলে দেখা যাবে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড এর দাম তা বেশী নয়। আমি এখানে একটা চার্ট তুলে ধরতে চাই—বাঁকুড়া ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন, বহরমপুর, ভাটপাড়া এবং অন্যান্য যারা প্রাইভেট পার্টিজ ইলেকট্রিসিটি সাপ্লাই করে থাকেন ডোমেষ্টিক পার্পাস যেমন লাইট, ফ্যান—এদের রেট যদি দেখেন তাহলে দেখবেন ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড ৩১-৩৮ নয়া পয়সা, বাঁকুড়া ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন ৩৯ নয়া পয়সা, বহরমপুর ৩৮ নয়া পয়সা; যদি অন্যান্য প্রদেশের সঙ্গে তুলনা করেন তাহলে দেখবেন, বোম্বে, মধ্য প্রদেশ, উত্তর প্রদেশ এ ২৫-৫০ নয়া পয়সা পর্য্যন্ত রেট আছে। এটা হল হাউস্ কনসাম্পশন, লাইট, ফ্যান ইত্যাদি ব্যাপারে—তারপর

Small industry, midium Industry, heating, Cooking and Others,

এসবের চার্জ যদি দেখেন তাহলে দেখবেন ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড যা চার্জ নিচ্ছেন তা অন্যান্য ষ্টেট এর তুলনায় বেশী নয়। মাননীয় সদস্য মনোরঞ্জনবাবু হয়ত জানেন না যে, মাদ্রাজ ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড মাত্র মাদ্রাজ সহর পর্য্যন্ত আছে, গত ত্রিশ বৎসর যাবৎ তারা ইলেকট্রিসিটি জেনারেশান এর যে প্লাণ্ট রেখেছে তাথেকে সাপ্লাই করে আসছে এবং সেখানে কনসেনট্রেটেড এরিয়াতে অনেক বেশী

পরিমাণে ইলেকট্রিসিটি সাপ্লাইড হয় বলে তাদের রেট আমাদের রেট থেকে কম আছে। এখানে একটা গুরুত্বপুর্ণ বিষয়ের আমি উল্লেখ করতে চাই—ফিনানসিয়াল পজিশন ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড এর ফাইনেনসিয়াল পজিশন যদি আপনারা লক্ষ্য করে দেখেন তাহলে দেখতে পাবেন রেভিনিউ রিসিপ্টস্ থেকে ওয়ার্কিং এক্সপেনডিচার অনেক বেশী। ওয়ার্কিং এক্সপেনডিচার এর মধ্যে আমরা ধরব

cost of purchase of electricity from D.V.C. and from Calcutta Electric Supply Corporation.

এগুলি যদি আমরা মিলিয়ে দেখি তাহলে দেখব যে, রেভিনিউ রিসিপ্টস্ থেকে এক্সপেনসেস অনেক বেশী পড়ছে। এই যে লাভের চেয়ে লোকসান হচ্ছে বেশী তার অন্যতম কারণ হচ্ছে, ডিপ্রিসিয়েশন বাদ দিলে আমাদের যে সারপ্লাস থাকে তা থেকে আমাদের ইন্টারেষ্ট পে করতে হয়

on loans advanced by the State Government.

দ্বিতীয়তঃ ঠিক কমার্শিয়াল ফার্ম এর মতো কাজ না করে ৫৩ ভাগ টাকা রুরাল ইলেকট্রিফিকেসন এর জন্য নিয়ে যাচ্ছে। আজ গ্রামাঞ্চলে শিল্প বিস্তারের জন্য, কুটীরশিল্প গড়ে তোলার জন্য, সেচ ব্যবস্থা উন্নতর করবার জন্য রুরাল ইলেকট্রিফিকেশন একান্ত প্রয়োজন।

[3-50—4 p.m.]

আমি তাই বলবো যে আরও কয়েক বছর এই যে ইন্টারেষ্ট ওয়েভ করার কথা উঠেছে এই ইন্টারেষ্ট ওয়েভ করা হোক। কারণ পার্লামেন্টে শ্রীগুলজারীলাল নন্দ যে কথা বলতে চেয়েছেন যে এই ইন্টারেষ্ট ওয়েভ করার কথা তাঁরা ভাবছেন এবং এ যদি ওয়েভ করা হয় তাহলে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের পজিশান আরও বেটার হবে। আমি এক্ষেত্রে বলতে চাই যে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড এই বাঁধার মাধ্যমেও দিন দিন এগিয়ে যাচ্ছে এবং তাদের লোকসানও দিনের পর দিন কমে আসছে। রেলওয়ে ইলেকট্রিফিকেশন, জলঢাকা হাইড্রো-ইলেকট্রিক স্কীম ইত্যাদি স্কীমগুলি যদি ১৯৬৩ সালের মধ্যে কমপ্লিট করা যায় তাহলে আমি বলব যে এদের লাভের অঙ্ক আরও বেড়ে যাবে। আশা করি পশ্চিমবাংলার গ্রামাঞ্চল এই বিদ্যুৎ সরবরাহ পেয়ে তাদের কৃষি শিল্পকে, কুটিরশিল্পকে উন্নতি পথে নিয়ে যাবে।

Shri Dhirendra Nath Banerjee :

মাননীয় স্পীকার মহাশয়, লোনস এ্যাণ্ড এড্ভানসেজ বাই ষ্টেট গভর্ণমেণ্ট এই খাতে যে ৮ কোটি ৫২ লক্ষ ৫৭ হাজার টাকা ধরা হয়েছে তাতে আমি মনে করি এ টাকা যাতে সৎ ব্যয় হয় যদিও এটা ব্যয় হয়, তার ব্যবস্থাও এই সরকার ঠিকমত করতে পারবে না। যেভাবে ভাগ করা হয়েছে তা এ টাকাটাকে তা যদি আমরা ভালকরে দেখি তাহলে দেখব যে কৃষকের সাহায্যেপরিমাণ ব্যয় হচ্ছে তা প্রয়োজনের তুলনায় অতি নগণ্য। এ টাকা নিয়ে সরকার মহাজনী করতে নেমেছেন এবং এ ব্যাপারে কৃষক যে টাকা দিচ্ছেন তা থেকে সুদও আদায় হচ্ছে। কিন্তু সরকার এটা জানা সত্ত্বেও যে, তাদের সামান্য কিছু দিয়ে যদি সন্তুষ্ট করা যায় তাহলে যে সরকারী নেতৃত্ব তাঁরা পেতে চায় সেটা তাঁরা পায় এবং তাদের অর্থাৎ কৃষকদের হাতে রাখতে পারলে রাজ্য পরিচালনা যে খুবই সহজতর হয় এসব বুঝেও তাদের দিকে যথাযথ দৃষ্টি দিচ্ছেন না। বাংলাদেশের শতকরা ৭৫।৮০ ভাগ লোক

এই কৃষির উপর নির্ভরশীল এবং এটা একটা বড় শিল্প, খাদ্যোৎপাদন ও কাঁচা মাল সরবরাহের শিল্প যেখানে সবচেয়ে বেশী লোক খাটে, তা সত্বেও কিন্তু মন্ত্রীমণ্ডলী এঁদের দিকে ভাল ভাবে নজর দিচ্ছেন না বলে আমাদের খাদ্যাভাব দিনের পর দিন বেড়েই চলেছে। এবারের যে ঘাটতি পুরণের জন্য, আমাদের ১৫ লক্ষ টন বারতি খাদ্যের প্রয়োজন যা বাইরে থেকে আমদানী করতে হবে তা বুঝেও যদি এরা বিনা ক্লেশে, কম ঝুকি নিয়ে এই কৃষকের পেছনে অধিক খাদ্য উৎপাদনের সঙ্কল্প নিয়ে প্রয়োজনীয় অর্থ ব্যয় করতে এগিয়ে আসত তাহলে অনেক ভাল ফল পাওয়া যেত। কিন্তু আমরা দেখছি খাদ্যের ব্যাপারে এঁরা সেই কালো-বাজারীদেরই সমর্থন করছেন। যে কৃষক সরকারকে পুষ্ট করছে এবং সর্বরকম সাহায্য করছে তাদের জন্য যদি সরকার উপযুক্ত অর্থ সাহায্য নিয়ে না এগিয়ে আসে তাহলে তাকে সত্যিকারের বান্ধব বলা যায় না। যা' হোক্, এই লোনস এ্যাণ্ড এ্যাডভান্সেস বাই দি ষ্টেট গভর্ণমেণ্ট এই খাতে যে ৮ কোটির উপর টাকা ধরা হয়েছে তার মধ্যে লোনস এ্যাডভানসেস টু কালটিভেটোর্স খাতে মাত্র ৫৯ লক্ষ টাকা, লোনস টু আদার কেজেস ইন ডিষ্ট্রেস খাতে ১ লক্ষ টাকা, জমির ইমপ্রুভমেণ্টের জন্য ১ লক্ষ টাকা এবং কেমিকেল ফারটিলাইজার এর জন্য ৫০ লক্ষ টাকা এ্যাডভান্স করা হবে বলে ধরা হয়েছে। মোটামুটি এই হিসেবের সবগুলি মিলিয়ে যদি দেখি অর্থাৎ যার সঙ্গে কৃষকের যোগ আছে তাহলে দেখব যে এই ৮ কোটি টাকার ১ সিকি ভাগও তাদের পক্ষ ও তাদের হাতে যাবে না। কো-অপারেটিভ ব্যাঙ্ক বা অন্যান্য কো-অপারেটিভের মাধ্যমে কৃষককে স্বাবলম্বী করে খাদ্য ভাব দুর করার যে সমস্ত চেষ্টা করা উচিত ছিল তা' এই সরকার করে দিচ্ছেন না। ডাঃ রায় আমাদের গুরু এবং তার কাছেই শুনেছি যে ব্যাধি নিরাময় করতে হলে উপযুক্ত ভাবে পুরো ডোজে ঔষধ দিতে হবে। কাজেই আমি বলছি যে, এই আধ ডোজ ঔষধ দিলে ঔষধও নষ্ট হয় ব্যাধিও দীর্ঘস্থায়ি হয়। আজ ডাঃ রায়কে জানাতে চাই যে ঐ ব্যাধি অর্থাৎ খাদ্যাভাব ও আন এমপ্লয়মেণ্ট প্রব্লেম যদি দুর করতে হয় তাহলে যে অসংখ্য একর জমি পড়ে আছে তাতে ভালভাবে চাষের ব্যবস্থা করতে হবে। এক ফসলা জমিকে দুফসলা জমিতে পরিণত করতে হবে—কৃষকদের যথেষ্ট অর্থ সাহায্য দিতে হবে। আজ যেখানে শতকরা ৭৫ জন কৃষক, আর গ্রামের আরটিসেন্সদের সংখ্যাও সেখানে ১৫ পারসেণ্ট হবে—এর এবং অন্যান্য গ্রাম্য সহর বিশেষ করে কোলকাতার ব্যবসা বাণিজ্য ও মুখ্যতঃ সম্পূর্ণরূপে পশ্চিম বাংলার কৃষির উপর নির্ভরশীল এবং যেখানে জাতির ৪/৫ অংশ লোক গ্রামে থাকে এবং যাদের উপর মহাজনী করতে সরকার সর্বশক্তি নিয়োগ করছেন সেই কৃষকের প্রয়োজনে যে অর্থ দেওয়া হয় তাও তাদের হাতে গিয়ে ঠিকমত পৌছায় না। জুলাই, আগষ্ট, সেপ্টেম্বর মাসে যখন খাদ্যদ্রব্যের জিনিষ পত্রের ভয়ানক দাম হয় তখন কৃষককে কৃষি ঋণ বা গরু কেনবার জন্য যে টাকা ঋণ দেওয়া হয় তার পরিমান ও এক একটা ইউনিয়নে ১/১॥ হাজারের বেশী নয়। তার ফলে সামান্যতম অভাব ও মেটান সম্ভব হয় না। তাই, গ্রাম্য মহাজনের কবলে পড়তে হয়। বাংলা দেশের ১৪টি জেলায় মোট ২৮ লক্ষ টাকা কৃষিঋণ দেওয়া হচ্ছে অর্থাৎ তাতে এক একটি জেলায় ২ লক্ষের বেশী পড়ে না। এ প্রসঙ্গে আর একটি কথা হোল যে, হালের জন্য যেমন গরু প্রয়োজন ঠিক তেমনি গরুর জন্যও হালের প্রয়োজন। কাজেই চাষীদেরকে তাদের অভাব বুঝে টাকা সেই হিসেব মত দিতে হবে—যার ফলে একটি কৃষক সুকৃষি ব্যবস্থা করতে পারে। সরকারের কাছে এই লোনের জন্য বহু আবেদন আসে এবং এটা অত্যন্ত লাভজনক ব্যবসা হওয়া সত্বেও সরকার সেদিকে গাফিলতি করছেন। আমরা জানি যে যেখানে জুলাই

মাসে টাকা দিয়ে ফেব্রুয়ারী মাসেই সেটা সমুদয় আদায় করা যায় এবং সেখানে লোকসানের সম্ভাবনাও কম সেখানে যদি সরকার টাকার বস্তা নিয়ে এগিয়ে আসেন তাহলে তার ফল খুবই ভাল হয় এবং কৃষকরাও জীবনে সুপ্রতিষ্ঠিত হতে পারে। অধিক খাদ্য ও সরবরাহ করতে পারে। তাদের সাহায্য করলে তারা কাচা মাল ও সরবরাহ করে শিল্প বাণিজ্যের উন্নতি করাতে পারে এবং যার ফলে দেশের লোকের অনেক উপকার হয়। কিন্তু দুঃখের বিষয় যে সরকারের সেই সুস্থ নীতি নেই। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[4—4-10 p.m.]

Shri Provash Chandra Roy :

মাননীয় সভাপাল মহাশয়, কৃষকদের যে লোন দেওয়া হয়ে থাকে সেই লোন দেবার মূল উদ্দেশ্য হচ্ছে যে কৃষকদের যে অর্থনৈতিক অবস্থা ভেঙ্গে পড়ছে তাকে কি করে আবার ভালোর দিকে নিয়ে যাওয়া যায়। আমি মনে করি এই মূল দৃষ্টিভঙ্গী নিয়ে সরকারের লোকের ব্যবস্থা করা দরকার। কিন্তু বাজেটের দিকে তাকালে দেখতে পাই যে যেখানে ৮½ কোটি টাকা বিভিন্ন খাতে লোনের ব্যবস্থা করা হয়েছে সেখানে কৃষকদের কেবলমাত্র গরু কেনার জন্য যে টাকা দেওয়া হচ্ছে তার পরিমাণ মাত্র ৫৯ লক্ষ টাকা। এই টাকা গত বছরের চেয়ে কমান হয়েছে। গত বছর ছিল ৮০ লক্ষ টাকা তাকে কমিয়ে ৫৯ লক্ষ টাকা করা হয়েছে এবং ১৯৫৯-৬০ সালে যদি আমরা লক্ষ্য করি তাহলে দেখতে পাই কৃষকদের ঋণ বাবত মোট ২ কোটি ২৩ লক্ষ ৫০ হাজার টাকা ধরা হয়েছিল কিন্তু এ বছর তা কমিয়ে মাত্র ১ কোটি ১১ লক্ষ ৫০ হাজার টাকা করা হয়েছে। যেখানে আজকে বাংলাদেশের কৃষকদের অবস্থা দ্রুতগতিতে খারাপের দিকে চলেছে, যেখানে বন্যায় জেলার পর জেলা ভেসে যাওয়ায় কৃষকের ঘর-বাড়ী, শস্য, গরু বাছুর ব্যাপকভাবে ধ্বংস হয়েছে এবং তার জন্য গত বছরের চেয়ে অন্তত ৪, ১০ গুণ টাকা যেখানে কৃষকদের জন্য বরাদ্দ করা উচিত ছিল সেখানে আজকে মাননীয় মন্ত্রী মহাশয় কৃষি ঋণ বাবত টাকা কমিয়ে দিয়েছেন। সেজন্য আমি মনে করি বাংলা গভর্ণমেন্ট কৃষকদের উন্নতিকল্পে যে দৃষ্টিভঙ্গী নিয়ে চলেছেন সেই দৃষ্টিভঙ্গী ভুল, সে দৃষ্টিভঙ্গী নিয়ে কৃষকদের অন্ততঃ উন্নতির দিকে নিয়ে যাওয়া যায় না। স্যার, যেখানে হাজার হাজার গরু বিভিন্ন রোগে এবং বন্যায় এ বছর মারা গেছে সেখানে মাত্র ২৮ লক্ষ টাকা গরু কেনার জন্য ধরা হয়েছে অথচ গত বছর ৩০ লক্ষ টাকা এই খাতে ছিল। আজকে যে কৃষি লোন দেওয়া হয় সেখানে আমরা দেখেছি যে সাধারণতঃ প্রতি ইউনিয়নে ৩ হাজার টাকা লোন দেওয়া হয়, অথচ এক একটা ইউনিয়নে সাধারণতঃ ১৫ হাজার লোক অর্থাৎ ৩ হাজার ফ্যামিলি বাস করে। ৩ হাজার পরিবারের জন্য একটা ইউনিয়নে ৩ হাজার টাকাকরে লোন দেওয়া হয় অর্থাৎ প্রতি পরিবার পিছু ১ টাকা করে লোন পড়ে। সরকারের এই নীতির জন্য কৃষকরা আজকে চরম দুরবস্থার মধ্যে পড়েছে। সুতরাং সরকার যদি এইভাবে চলতে থাকেন তাহলে কোন দিনই কৃষকের কল্যাণ করতে পারবেন না। আজকে কৃষকরা যেখানে দুরবস্থার মধ্যে পড়েছে, দিনের পর দিন উপোষ যাচ্ছে, জমি, ঘটি-বাটি সমস্ত বিক্রি করে ফেলছে সেখানে কৃষি ঋণ, গো-ঋণ আদায় করবার জন্য ব্যাপকভাবে তাদের উপর সার্টিফিকেট জারি করা হচ্ছে।

আর একটা জিনিষ হচ্ছে ফার্টিলাইজার লোন। গত বছর এই খাতে ৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল কিন্তু খরচ করা হয়েছিল মাত্র ৪০ লক্ষ টাকা। এবারেও সেই ৫০ লক্ষ

টাকা মাত্র বরাদ্দ করা হয়েছে। বাংলাদেশে যখন প্রতি বছরেই খাদ্য ঘাটতি বেড়ে চলেছে তখন এই সমস্ত লোন বাড়ান দরকার।

আর একটি কথা হচ্ছে গরীব মধ্যবিত্তদের জন্য গৃহ নির্মান বাবত গত বছর যে টাকা ধরা হয়েছিল এ বছরেও তাই রাখা হয়েছে এবং ছোট ছোট কুটীর শিল্পীদের জন্য গত বছর সেখানে ১০ লক্ষ টাকা ধরা হয়েছিল সেখানে এ বছর তাদের জন্য ধরা হয়েছে মাত্র ৬ লক্ষ ৫০ হাজার টাকা। আমরা জানি যে ছোট ছোট মধ্যবিত্তদের অবস্থা অত্যন্ত ভেঙ্গে পড়েছে, তাদের কল্যাণের জন্য যেখানে আরো বেশী টাকা বরাদ্দ করা উচিত ছিল সেখানে বেশী না করে কমিয়ে দেওয়া হয়েছে। সেজন্য আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন করছি যে পরবর্তী বছরে অন্ততঃ রিভাইজড বাজেট করে যেন আরো টাকা বাড়ানো হয় এবং গো-লোণ, কৃষি লোণ, ফার্টিলাইজার লোণ আদায় করবার জন্য সার্টিফিকেট জারি যেন বন্ধ করা হয়—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Hare Krishna Konar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশের ঘনীভূত কৃষি সংকটের অন্যতম প্রধান কারণ কৃষকের ঋণ সমস্যা এবং তার সমাধানের প্রশ্ন এই বরাদ্দ খাতের সংগে জড়িত—আমি প্রধানতঃ এই বিষয়ে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখবো। ভূমি সম্বন্ধে, কৃষি ব্যবস্থা সম্বন্ধে এবং কৃষিঋণ সম্বন্ধে সরকারী নীতি বাংলাদেশের কৃষি ব্যবস্থাকে এমনই এক বিপর্যয়ের মধ্যে নিয়ে এসেছে যে তাতে শুধু কৃষকই নয়, একটা দেশের অর্থনীতিতে টান ধরেছে। এই খাদ্যসংকট সমগ্র দেশকে গ্রাস করেছে এবং দেশের অর্থনীতি ভেঙ্গে পড়েছে এবং এই বিপর্য্যয় এত গভীর হয়েছে যে কোন মানুষের পক্ষে তা আর অস্বীকার করা সম্ভব হচ্ছে না। তাই আমরা দেখছি যে আমাদের দেশের মানুষ যাঁরা সহরে, বাজারে বাস করেন—দেশের গণতান্ত্রিক মানুষ তাদের সকলের দৃষ্টি কৃষি সমস্যার দিকে গেছে। কোলকাতার মানুষ একথা চিন্তা করেন কৃষি ব্যবস্থা পুনর্গঠনের কি হবে এবং একথা যে অস্বীকার করা সম্ভব হচ্ছে না তার প্রমাণ পাচ্ছি যে, সমস্ত কংগ্রেসী সদস্যরা যাঁরা এর আগে পর্য্যন্ত এক তরফা গুণগান গেয়ে গেছেন, আজ তাঁদের মুখ দিয়ে বেসুর কথা বেরুতে আরম্ভ করেছে। এখানে দেখা গেল ২।১ দিন আগে মাননীয় সদস্য হংসরাজ ধারা মহাশয়, অত্যন্ত আবেগের সঙ্গে বল্লেন জমি সব বেনামী হয়ে গেছে, কৃষক মারা যাচ্ছে, ভাগচাষী মারা যাচ্ছে, কিছু ব্যবস্থা করতে হবে। এমন কি তিনি একথা বল্লেন শিলিং প্রশ্ন নূতন করে বিবেচনা করা দরকার। আমরা দেখলাম মাননীয় সদস্য শংকরদাস ব্যানার্জি মহাশয় তিনিও একথা বল্লেন এবং এইভাবে বল্লেন যে অন্ততঃ কৃষকদের খাজনার ভার হতে মুক্তি দেয়া হোক। কাজেই সংকটের গভীরতা সকলেই স্বীকার করছেন—আমি আশ্চর্য্য হয়ে ভাবলাম যে কোথায় বাস করছি, কোথায় আছি? এঁরা তো কংগ্রেসের এম, এল, এ, এঁরা জিনজার গ্রুপের ও মেম্বার নন, এঁরা তো সকলেই সরকারী গ্রুপের ভক্ত। সুতরাং আমি একথা বলবো যে এসবগুলি এখানে না বলে যদি পার্টির মধ্যে আলোচনা করতেন, যদি সরকারের নীতি কিছু পরিবর্তনের চেষ্টা করতেন কৃষি ব্যাপারে কি ভূমি ব্যাপারে কি কৃষি ঋণ ব্যাপারে তাহলে সমাধানের পথে অনেকদুর এগুনো যেত। আমরা দেখে আশ্চর্য্য হলাম শংকর বাবু কৃষকের দুঃখে ভেঙে পড়েছেন অথচ তিনিই বলছেন বেনামী ধরার কোন প্রয়োজন নেই, ওটাকে একেবারে মুছে দেয়া হোক, খাজনা থেকে রেহাই দেয়া হোক শুধু গরীব কৃষকই নয়,

যাদের ৫/৭ বিঘা জমি আছে তাদেরও রেহাই দেয়া হোকও ক্ষতিপুরণের টাকা এখনই এদের দিতে হবে। ভাল কথা শুধু ছোট মালিক, মধ্যস্বত্বাধিকারী নয়, বড় বড় জমিদারকে একসংগে দিতে হবে। টাকা কোথা থেকে আসবে—নূতন করে ট্যাক্স ধার্য্য কর। আমাদের রাজস্বমন্ত্রী বিমলবাবুও কৃষি সংকটের কথা অত্যন্ত জোরের সঙ্গে আবেগের সঙ্গে বল্লেন এবং তিনি একথা বল্লেন খাজনার ব্যাপার তো এমন কিছু নয়, তারচেয়ে ভীষণ এবং বড় জিনিষ হল দাদনের প্রশ্ন ঋণের, প্রশ্ন—আমি সে কথায় পরে আসবো কিন্তু এও দেখা গেল যে শংকরবাবুর কথাগুলির জবাব দিতে গিয়ে তিনি এই কৃষিসংকটের মূল কারণগুলিকে না তুলে মূল সমাধানের প্রশ্নগুলিকে এড়িয়ে গেলেন—কোথা হতে জমি পাওয়া যাবে দুস্থ কৃষকদের কেমন করে জমি দেয়া যাবে, বেনামী ধরবেন কেমন করে সে কথাগুলি বাদ গেল। শুধু দেখলাম ২।৪ জন বড় বড় লোক আছেন যাঁদের ৫।১০ হাজার বিঘা জমি আছে—খাজনা রেহাই দিলে তাঁরা উপকার পাবেন কিন্তু একথা আমরা জানি, ডাঃ রায় ও জানেন, বিমলবাবুও জানেন যে বাংলাদেশে প্রায় ১৬ লক্ষ ফ্যামিলি তাঁদের যে রায়তী স্থিতিবান সম্পত্তি, জমি আছে—তাঁদের মধ্যে প্রায় ১১॥ লক্ষ হল যাঁদের ৫ একরের কম জমি আছে, এঁদের কোন খাজনা থেকে নিস্কৃতি দেখা হবে না।

[4-10—4-20 p.m.]

ছোট ছোট মধ্যস্বত্বাধিকারীর টাকা মিটিয়ে দেবার প্রয়োজন। কেন আজ বড় বড় জমিদারদের টাকা দিতে হবে? অথচ আমি উল্টো দেখছি। ছোট এবং মাঝারী মধ্যস্বত্বাধিকারীদের যাতে নানাভাবে টাকা বেশী দিতে না হয় তার জন্য প্রচেষ্টা চলেছে। জমিদারী সংস্কারের প্রয়োজন আছে কিন্তু তাঁর সকস্ত কথার মধ্যে একটা কথা গুরুত্বপুর্ণ বলে মনে করি, খাজনার ব্যাপারে নিষ্কৃতি সম্বন্ধে তার সঙ্গে আমার মতভেদ আছে, কিন্তু তিনি বলেছেন খাজনার বোঝার চেয়ে আজকে বড় বোঝা যেটা সমগ্র কৃষক সমাজকে চুরমার করে দিয়েছে তা হল ঋণের প্রশ্ন, দাদনের প্রশ্ন; তিনি আবেগের সঙ্গে বলে গেলেন যে পাটের ব্যবসাদার, চাল কলের মালিকরা ধানের ব্যবসাদাররা গ্রামাঞ্চলের মহাজনরা আজকে দাদন দিয়ে সমস্ত কৃষকদের অষ্টোপাকের মত বেঁধে দিচ্ছে, তিনি একথা বললেন—লোক জমি পাচ্ছে না, ঋণ পাচ্ছে না, জমি সাফ কোবলা করে না দিলে। সত্যই আজকে কৃষক সাফ কোবলো না করে ঋণ পাচ্ছে না আমি একটী থানা, পুর্বস্থলী থানার হিসাব দেখছিলাম। হিসাবটা আন্দাজও হতে পারে, তাতে দেখা গেল ১৯৫৬ সালের বন্যার পর এই একটা থানয় প্রায় ২২ হাজার বিঘা জমি এমনি করে সাফ কোবলা করে লোকে ঋণ নিতে বাধ্য হয়েছিল, তার মধ্যে ২।৩ ভাগ জমিও ছাড়াতে পাবেনি। তারপর ১৯৫৯ সালের বন্যায় দেখা যাচ্ছে হাজার ত্রিশ বিঘা জমি, যে জমির দাম ৫০০৲ টাকা করে সেই জমি দিয়ে ২০০।২৫০ টাকা ঋণ পেতে হয়েছে। এ ভাবে যদি কৃষকরা মরে যায় তাহলে বাংলার কৃষকের অবস্থা কোথায় দেখবো। অথচ এখানে বড় বড় বক্তৃতা দেওয়া হচ্ছে, বড় বড় কথা বলা হচ্ছে আর যেগুলি করা দরকার সেগুলি করা হচ্ছে না। আমরা এটা দেখছি বাংলাদেশের গভর্ণমেণ্ট, মন্ত্রীসভা কৃষকদের ঋণের পথ সংকুচিত করে কৃষকদের স্টারভ করিয়ে রেখে শুকিয়ে রেখে তাদের বাধ্য করছে এই মহাজনদের, এই ব্যাপারীদের কাছে যেতে আর তারা বিমলবাবুর কথায় বলছি অষ্টোপাশের মত পিষে ফেলছে। এভাবে তাদের হাতে বাংলাদেশের কৃষককে কৃষি ব্যবস্থাকে ছেড়ে দিতে হচ্ছে। তা যদি

না হয় তাহলে কেন বাংলাদেশের দুকোটি কৃষকদের জন্য যারা ঋণে জর্জরিত তাদের জন্য বরাদ্দ করছেন মাত্র ৬১ লক্ষ টাকা ? অথচ এটা সকলেই জানে রিজার্ভ ব্যাঙ্ক ১৯৫১-৫২ সালে ঋণ সম্বন্ধে যে তদন্ত করেছিলেন তা থেকে মোটামুটি আন্দাজ হিসাব হচ্ছে যে বাংলাদেশের কৃষকের প্রয়োজন ৫০ কোটি টাকা। এবং গত ৫।৭ বছরের মধ্যে যে কোন লোক এটা স্বীকার করবেন যে এই ঋণের প্রয়োজনীয়তা অনেক বেড়েছে, ৫০ কোটির চেয়ে কমেনি বরং ৬০।৭০ কোটি টাকায় উঠে গেছে। রিজার্ভ ব্যাঙ্ক মন্তব্য করেছেন যে সরকার যে ঋণ দেয় তা প্রয়োজনের তুলনায় শতকরা ৩·৪% বেশী নয় এবং কোঅপারেটিভ ব্যাঙ্ক থেকে ঋণ দেওয়া হচ্ছে ৩·১%এই দুটো মিলিয়ে শতকরা ৬·৫%মত হচ্ছে—যা নাকি গভর্ণমেণ্ট কোঅপারেটিভ ব্যাঙ্ক মারফৎ ঋণ দেয় বাকী সমস্ত ঋণের জন্য কৃষকদের নির্ভর করতে হয় ঐ মহাজন, ঐ ব্যাপারী ও মুনাফাখোরদের উপর। এভাবে কৃষকদের জমি যদি হাতছাড়া হলে যায় তা হলে গত ৭।৮ বছরে উন্নতি হয়েছে কোথায় ? গভর্ণমেণ্টএর প্রচেষ্টা কি ? বাংলাদেশের কৃষকের ঋণের ব্যবস্থা কি করেছেন ? কো-অপারেটিভ ব্যাঙ্ক দ্বারাই কি সব হবে ? রাতারাতি কো-অপারেটিভ ব্যাঙ্ক কি গ্রামাঞ্চলে ব্যবস্থা করা সম্ভব হবে ? সরকার থেকে ডিরেক্ট সোজাসুজি ঋণ দেবার প্রয়োজন আছে। এমনকি কৃষ্ণাপ্পা কমিটি যারা গিয়েছিল চীনে কৃষি ব্যবস্থা দেখতে তারা যে রিপোর্ট দিয়েছে সেই সরকারী রিপোর্ট ই বলছে ১৯৫৬ সালে চীন গভর্ণমেণ্ট এগ্রিকালচারাল ল্যাণ্ড, কোঅপারেটিভ ব্যাঙ্ক এগুলি মিলিয়ে ১ বছরে হাজার কোটি টাকার মত ঋণ দিয়েছে কৃষকদের। তারা বলেছেন ভারতবর্ষে ঋণের ব্যাপারে পরিমাণ অনেক বেশী বাড়ান দরকার এবং ঋণ দেবার পদ্ধতিও এমন হওয়া উচিত যাতে এক সপ্তাহে কি দু সপ্তাহে পাওয়া যায় সএবং অফিসারদের উপর বর্গাদারদের নির্ভর করতে না হয়। কিন্তু সেরকম পদ্ধতি আপনাদের নিতে দেখছি না।

আমি রিপোর্ট থেকে দেখতে পাচ্ছি বাংলাদেশে ঋণের যে টাকা বরাদ্দ করেছেন গভর্ণমেণ্ট প্রতি বছর। আমরা দেখছি ১৯৫৭-৫৮ সালে প্রথমে বাজেটে ধরা হয়েছিল ১ কোটী ১২ লক্ষ টাকা কৃষিঋণের জন্য, কার্য্যতঃ রিভাইজড বাজেটে সেটা গিয়ে দাঁড়াল ১ কোটী ৩২ লক্ষ টাকা। তারপর ১৯৫৮-৫৯সালে মাত্র ৬১ লক্ষ টাকা বরাদ্দ করা হল, কিন্তু কার্য্যতঃ সেটা খুব তীব্র আন্দোলনের পর ২ কোটী ৫১ লক্ষ টাকায় গিয়ে দাঁড়াল। ১৯৫৯-৬০ সালে মাত্র ৬১ লক্ষ টাকা বরাদ্দ ছিল, তারপর অনেক ধস্তাধস্তির পর, শেষ পর্য্যন্ত দাঁড়াল ১ কোটী ৮৩ লক্ষ টাকায়। আর এবারে মাত্র ৬১ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। অর্থাৎ দেখা যাছে গত পাঁচ বছরে আমাদের বাংলা সরকার ভদ্র লোকের এক কথার মত ৬১ লক্ষ টাকা ধরেছেন। অর্থাৎ ঋনের বরাদ্দ বাড়ছে, দাদন বাড়ছে সামান্য মুষ্টিমেয়, অথচ আপনারা বলে বেড়াচ্ছেন কৃষির উন্নতি করবেন। এইভাবে কি কৃষির উন্নতি করা সম্ভব, সে কথা আমি মন্ত্রীমহাশয়কে চিন্তা করতে বলি। শুধু তাই নয়, লাল বইতে মন্তব্য করা হয়েছে দেখলাম নরমাল ডিসবার্সমেণ্ট এ কৃষকদের জন্য ৬১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। তিনি দেখাতে চাচ্ছেন যেন একটা খুব ভাল ব্যবস্থা কৃষকদের উন্নতিকল্পে বাজেট করেছেন। অথচ যেখানে বিধ্বংসী বন্যা হয়ে গেল, বাংলার ওয়ান থার্ড অংশ ভেসে গেল, বাংলাদেশের কৃষি ব্যবস্থা ভেঙ্গে গেল, ১৪ লক্ষ টাকার খাদ্যের ঘাটতি যেখানে, সেখানে তারা বলছেন নরমাল ডিসবার্সমেণ্ট এ ৬১ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। যেটা দেখা যায় ১. ৩ টু ৪ পার সেণ্টের চেয়ে ও বেশী হয় না কৃষকদের যা প্রয়োজন। হয়ত শেষে দেখা যাবে চাপে পড়ে,

অনেক ধস্তাধস্তি করে আস্তে আস্তে ঐ ৬১ লক্ষ টাকা থেকে ৮০ লক্ষ বা খুব জোর দেড় কোটী টাকায় গিয়ে উঠবেন। কিন্তু সাধারণত দেখা যায় বাংলাদেশে কৃষকদের ঋণের যা প্রয়োজন, সেক্ষেত্রে গভর্ণমেণ্ট লোন যা দেন তা থ্রি ফোর পারসেণ্ট, এর বেশী কখনও কভার করা যায় না, এবং ভবিষ্যতে কখনও হবে বলেও আশা করা যায় না। শুধু তাই নয়, মাননীয় স্পীকার মহাশয়, যদি এর সঙ্গে ক্যাটল পারচেজ লোন এর হিসাব ধরা যায়, তাহলে দেখা যাবে—ঐ ভদ্রলোকের এক কথার মত, প্রতি বছরে মাত্র ২৮ লক্ষ টাকা বরাদ্দ করা হয়। অবশ্য গত দু-বছরের চাপে পড়ে কিছু সামান্য বেড়েছে। কিন্তু ফার্টিলাইজার এর খাতে লোনের বরাদ্দ দেখলে অবাক হয়ে যেতে হয়। অথচ কৃষির উন্নতি করবেন মাননীয় মন্ত্রী তরুণ কান্তি ঘোষ মহাশয় বলছেন, মাননীয় মন্ত্রী ডাঃ বিধানবাবু বলছেন। সেইজন্যই কি তাঁরা কৃষির ঋণটা কমাতে চেষ্টা করছেন? ফার্টিলাইজার এর খাতে ১৯৫৭-৫৮ সালে ২ কোটী ২৬ লক্ষ ৮৭ হাজার টাকা খরচ করা হয়েছিল আর তার পরের বছর মাত্র ১ কোটী ৩৯ লক্ষ ৮৯ হাজার টাকা। আর এগ্রিকালচার এর খাতে ১৯৫৭-৫৮ সালে যা বরাদ্দ করা হয়েছিল বর্ত্তমান বৎসরে তার চেয়ে কম ধরা হয়েছে। অর্থাৎ এই দুটার বরাদ্দ বর্ত্তমানে অনেক কমিয়ে দেওয়া হয়েছে, অথচ ওঁরা বারবার ঠাট্টা করে বলে থাকেন কৃষির উন্নতি করবেন, বিধ্বস্ত কৃষি ব্যবস্থা বন্ধ করবেন।

মাননীয় স্পীকার মহাশয়, এখানে কো-অপারেটিভ ক্রেডিট এর কথা বলা হয়েছে। কিন্তু আমরা জানি এই কো-পারেটিভকে যদি ভালকরে গড়ে তুলতে হয়, তাহলে তার নিয়ম কানুনগুলি আরও সোজা ও সবল করা দরকার এবং কৃষকরা যাতে সহজে ঋণ পেতে পারে তার ব্যবস্থা করা উচিত। এক একর জমি বেঁধে তবে ২০০।২৫০ টাকা ঋণ পায়, তাছাড়া আরও কত কায়দা কানুন আছে, এবং ২ মাস, ছ-মাস টাইম লেগে যায় ঋণ পেতে। এই সমস্ত অসুবিধাগুলি দূর করা উচিত। শুধু তাই নয়, এঁদের সেই টাকাটা কোথা থেকে আসবে বুঝতে পারলাম না। আমি সমস্ত রিপোর্ট খুঁজে দেখলাম, কিন্তু কোথাও খুঁজে পেলাম না কো-পারেটিভ ব্যাঙ্ক থেকে কত টাকা কৃষকদের ঋণ হিসাবে দেওয়া হয়। তবে আমি গ্রাণ্টস টু কো-অপারেটিভ সোসাইটিস এর বিভিন্ন খাত থেকে মিলিয়ে দেখলাম যেমন

Agriculture Marketing Co-operative Societies Central Co-operative Banks

ইত্যাদি সমস্ত মিলিয়ে ইনভেষ্টমেণ্ট করা হয়েছে ১৯৫৮-৫৯ সালে মাত্র ৮৬ লক্ষ ৫২ হাজার টাকা।

[4-20—4-30 p.m.]

এ্যাডমিনিষ্ট্রেটিভ খরচ দিতেই কুলায় না, ডেভেলপমেণ্ট করবে কি করে। একটা কথা জালান সাহেব বলেছেন যে ৩৫ লক্ষ টাকা মিনিমাম ওয়েজেসের জন্য ষ্টেট এক্সচেকার থেকে মিউনিসিপ্যালিটিগুলিকে গ্রাণ্ট হিসাবে দিচ্ছেন তাছাড়া বাদবাকী লোন হিসাবে দিচ্ছেন। আমার বক্তব্য হচ্ছে আজকে গভর্ণমেণ্ট অন্যান্য ফাইনান্সিয়াল সোর্স মিউনিসিপ্যালিটিকে ট্যাপ করতে না দিয়ে এ জিনিস করতে যাচ্ছেন কিনা এটা জালান সাহেবকে পরিষ্কার জিজ্ঞাসা করছি। আপনারা মিউনিসিপ্যালিটিগুলিকে গভর্ণমেণ্টের মুখাপেক্ষী করে রাখতে চান কিনা? তাঁরা কি চান প্রত্যেকটি ব্যাপারে মিউনিসিপ্যালিটিগুলি এল. এস. জি. ডিপার্টমেণ্টের দুয়ারে হাত পাতুক, তাঁরা যে কথা বলবেন সে কথা শুনতে বাধ্য হোক? আইন বিরুদ্ধ নির্দ্দেশ তাদের মানতে হচ্ছে, যদি তারা না মানে তাহলে টাকা পাবেনা। এইভাবে বে আইনী ভাবে মিউনিসিপ্যালিটিগুলিকে হাতে রেখে দেবার জন্য আমি বলব সেই ডিপার্টমেণ্ট ষড়যন্ত্র করেছে যে মিউনিসিপ্যালিটিগুলিকে কোনরকম ফাইনান্স, এবং আদায় সোর্স দেওয়া হবেনা। আপনি অন্যান্য প্রদেশের মিউনিসিপ্যালিটিগুলির দিকে তাকিয়ে দেখুন সেখানে দেখবেন বহু সোর্স দেওয়া হয়েছে আদায় ইনকামের জন্য।

[5-50—6 p.m.]

আমি আরেকটা কথা বলতে চাই যে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় প্রতি বছরই বলেন যে মিউনিসিপ্যাল এলাকায় প্রাইমারী শিক্ষার দায়িত্ব গভর্ণমেণ্ট নেবেন। ৩বছর আগে আমি কোশ্চেনেয়ার রেখেছিলাম এবং তার জবাবও দেওয়া হয়েছে। কিন্তু তা সত্বেও আজ পর্য্যন্ত আপনারা এক পাও এগুলেন না। তারপর এই প্রাইমারী এডুকেশনের ব্যাপারে হাওড়া মিউনিসিপ্যালিটিকে যে ত্রিশ লক্ষ টাকা খরচ করতে হয় তার অর্দ্ধেক টাকা জালান সাহেবের ডিপার্টমেণ্ট থেকে দেওয়ার কথা। কিন্তু সেখানে ঐ ১॥ লক্ষ টাকার মধ্যে মাত্র ১৬ হাজার টাকা দেওয়া হয়। কাজেই এই যখন অবস্থা তখন আমার বক্তব্য হোল যে প্রাইমারী এডুকেশনের দায়িত্ব আপনারা মিউনিসিপ্যালিটির কাছ থেকে তুলে নিন এবং এটা হলে তাঁদের কিছুটা খরচ্ বেঁচে যাবে। তারপর আমার বক্তব্য হোল যে, হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট গঠিত হয়েছে এবং তাঁরা তাঁদের প্রথম পরিকল্পনা গ্রহণ করেছে। স্পীকার মহাশয়, আপনিও এব্যাপারটা ভালকরে জানেন কেননা একে সেটা আপনারা কনষ্টিটিউয়েন্সি এবং দ্বিতীয়তঃ আপনি সেই ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের একজন সদস্য।

Mr. Speaker :

পুর্ব্বে ছিলাম তবে এখন আর নেই।

Dr. Kanai Lal Bhattacharjee :

সেটাও ছেড়ে দিয়েছেন। যা' হোক্, আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে জানাতে চাই যে তাঁরা কদমতলায় তাঁদের প্রথম পরিকল্পনা গ্রহণ করেছে যে সেখানে সবশুদ্ধ ৩৩ একর জমির উপর যত ঘরবাড়ী ছিল সেইসব চেছেমুছে দিয়ে সেখানে রাস্তা, পার্ক প্রভৃতি তৈরী করবে। হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের এই পরিকল্পনা গ্রহণ করার ফলে সেখানে যে ৬ শত পরিবার ছিল অর্থাৎ যাদের লোক সংখ্যা প্রায় ৮ হাজারের মত তারা আজ উদ্বাস্তু হতে চলেছে এবং যার ফলে হাওড়ার অধিবাসীরা আজ সন্ত্রস্ত। হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট আইনের স্পিরিট ছিল এবং যেটা তাঁদের প্রথম দায়িত্ব ছিল যে তাঁরা সিওয়েজ ডিসপোজাল স্কীম তৈরী করবে। কিন্তু যতদুর জানি সেই সিওয়েজ

ডিসপোজাল স্কীম আজ পর্য্যন্ত তৈরী হয় নি। কিন্তু সে জিনিস করার আগে এই হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট সেখানকার গরীব ও মধ্যবিত্তদের তুলে দিয়ে তাঁদের নিজেদের ইনকাম বাড়াবার জন্য সেইসব জমির কিছুটা ইমপ্রুভমেণ্ট করে দাম বাড়িয়ে সেগুলো আগরওয়ালা, বিড়লা, ও বড়বড় বাড়ীওয়ালা ও পুঁজিপতিদের বাসস্থান করবার চেষ্টা করছেন এবং যার ফলে হাওড়াবাসী আজ নিজভুমে পরবাসী হতে চলেছে, উদ্বাস্তু হতে চলেছে। হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের এই স্কীমের জন্য হাওড়া মিউনিসিপ্যালিটি আনএ্যানিমাস্‌লি একটা প্রস্তাব পাঠিয়ে বলেছে যে তোমরা এই স্কীম এইভাবে গ্রহণ কোরো না অর্থাৎ রাস্তা, পার্ক প্রভৃতি করা রেখে দিয়ে সেখানে যারা আছে তাঁদের থাকতে দাও এবং সিওয়েজ স্কীম যেটা সবচেয়ে প্রয়োজনীয় জিনিস সেটা গ্রহণ কর। হাওড়া মিউনিসিপ্যালিটি এছাড়া আরও বলেছে যে এই এলাকার সত্যিকার ইমপ্রুভমেণ্ট হওয়ার পর যাতে এখানকার লোক তার ফল ভোগ করতে পারে তার ব্যবস্থা কর। কিন্তু আমি শুনেছি যে গত ১১ই মার্চ্চ তারিখে হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের যে অধিবেশন হয়েছে তাতে তাঁরা এটা গ্রহণ না করে তাঁদের আগে যে পরিকল্পনা ছিল অর্থাৎ ঐ অঞ্চলের সেই ৬ শত পরিবার যাদের লোকসংখ্যা প্রায় ৮ হাজারের মত তাঁদের সম্পূর্ণরূপে উৎখাত করার পরিকল্পনাই করেছে। আপনি হয়ত মনে করছেন যে কিছুকিছু এক্‌জেমশন দেওয়া হবে। কিন্তু সে এক্‌জেমশন দেওয়া হবে তাদেরই যাদের দোতালা বাড়ী ও হাজার হাজার টাকা আছে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যাদের একতলা বাড়ী আছে তাঁদের কি এক্‌জেমশন দেওয়া হবে? এক্‌জেমশন কি যদি বেটারমেণ্ট ফির ডবল হয় তা হলে সেখানে কি করে দেবে? হাওড়া মিউনিসিপ্যালিটি এই স্কীমের সঙ্গে ডিফার করেছে এবং তারা তা গ্রহণ করেনি বলে সেই স্কীম এখন ষ্টেট গভর্ণমেণ্টের কাছে এসেছে। কাজেই এমতাবস্থায় মন্ত্রীমহাশয়কে বলতে চাই যে, ষ্টেট গভর্ণমেণ্টের তরফ থেকে সেই স্কীম বিবেচনা করার আগে তাঁরা যেন ওখানকার অধিবাসীদের বক্তব্য এবং হাওড়া মিউনিসিপ্যালিটির তরফ থেকে যা করা হয়েছে তা' ধৈর্য্য ধরে শোনেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Narendra Nath Sen :

মাননীয় স্পীকার মহাশয়, কণ্ট্রিবিউশান খাতে ১ কোটি ৯০ লক্ষ ৬৪ হাজার টাকার ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে, আমি সেই দাবী সমর্থন করতে উঠে কয়েকটি কথা বলতে চাই। গভর্ণমেণ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের কার্য্য পরিচালনার জন্য কিছু কিছু সাহায্য করে থাকেন, তার মধ্যে কলকাতার মহামেডান বারিয়েল বোর্ডকেও কিছু কিছু সাহায্য করে থাকেন। স্যার কলকাতায় মুসলমানদের মৃত দেহ কবর দেবার জন্য বাগমারী, গোবরা, তিলজলা ও খিদিরপুরে কয়েকটি কবরখানা আছে এগুলির পরিচালনার ভার মহামেডান বারিয়েল বোর্ড এ্যাক্ট অনুযায়ী গঠিত মহামেডান বারিয়েল বোর্ড এর উপর ন্যস্ত আছে। স্যার, এই সমস্ত কবর খানার অধিকাংশের অবস্থা অত্যন্ত শোচনীয়। বর্ষাকালে এর অনেকগুলি বিশেষকরে একবালপুরের কবরখানা জলে ভর্ত্তি হয়ে যায় তার ফলে জলকাদার মধ্যে কবর দিতে হয়। গভর্ণমেণ্ট ৫ হাজার টাকা বারিয়েল বোর্ডকে সাহায্য করছেন কিন্তু এই সমস্ত বারিয়েল বোর্ড গুলি উন্নতি করার ব্যবস্থা করা দরকার। তার জন্য আরও অর্থ সাহায্য করা প্রয়োজন। স্যার, কলকাতার দক্ষিণ পশ্চিম অঞ্চলে খিদিরপুর, একবালপুর এ শোল আনা কবর স্থান নামে একটি মাত্র কবর স্থান আছে। হেষ্টিংস ওয়াটগঞ্জ, খিদিরপুর, একবালপুর, মোমিনপুর,

আলিপুর ও গার্ডেনরীচের এই বিরাট এলেকার মুসলমানগণ এ স্থানকে মৃত দেহ সমাধিস্থ করার জন্য ব্যবহার করে থাকে। কিন্তু আজ এইসব অঞ্চলের মুসলমানদের সামনে এক বিরাট সমস্যা দেখা দিয়েছে। মহামেডান বারিয়েল বোর্ড এ্যাক্ট অনুযায়ী নির্দিষ্ট ফি দিলে যে কেউ মেসনরিগ্রেভ করতে পারে, পাকা কবর করতে পারে, তা অন্য কেউ ভবিষ্যতে ব্যবহার করতে পারেনা। তাছাড়া কোন পরিবারের লোক ৬ থেকে ১২টি কবরের উপযুক্ত স্থান কিনে নিতে পারে। এই ব্যবস্থার সুযোগ নিয়ে কলকাতার বিভিন্ন অঞ্চলের ধনী মুসলমানরা পাকা কবর এবং ফেমিলি ব্লাক করে ষোল আনা কবর স্থানের অর্দ্ধেকের ও বেশী স্থান দখল করে নিয়েছে। যদি এই অবস্থা আরও কিছুদিন চলতে থাকে তাহলে এই অঞ্চলের মুসলমান যাদের অধিকাংশ বস্তীর অধিবাসী, তাদের মৃতদেহ কবর দেবার আর জায়গা থাকবেনা। আজকে এ নিয়ে মুসলমানদের মধ্যে সম্প্রতি একটা বিরাট আশঙ্কা এবং বিক্ষোভের সৃষ্টি হয়েছে। ডেপুটী স্পীকার মহোদয়, গত দু-তিন মাসের মধ্যে খিদির-পুরে ৩১৪ টি জনসভায় অধিবেশন হয়েছে এবং সেখানকার মুসলমানরা মেসনরী গ্রেভ, ফেমিলি ব্লক ইত্যাদি বন্ধ করবার জন্য দাবী জানিয়ে কয়েকটি প্রস্তাব পাশ করেছে এবং গভর্ণমেণ্টকেও জানিয়েছে। কিন্তু দুঃখের বিষয় এ প্রথা বন্ধ করবার জন্য আজও কোন ব্যবস্থা করা সম্ভব হয়নি। কলকাতার অন্যান্য অঞ্চলে একাধিক কবরখানা থাকাতে এই ব্যবস্থা চালু থাকতে পারে কিন্তু খিদিরপুরে আর কবরস্থান করার জায়গা নাই। কাজেই এখানে অচিরে যদি এই ব্যবস্থা বন্ধ না হয় তাহলে এই অঞ্চলের মুসলমানদের এক বিরাট সমস্যার সম্মুখীন হতে হবে এবং তার জন্য সেখানকার মুসলমানরা আন্দোলন ও সুরু করতে পারে এবং তার সুচনাও দেখা যাচ্ছে। এ সম্বন্ধে গভর্ণমেণ্টএর অবহিত হওয়ার প্রয়োজন আছে বলে মনে করি। এই কবরখানার সংলগ্ন কিছু জমি একোয়ার করে কবর খানাটি বর্দ্ধিত করার এক প্রস্তাব ও কর্পোরেশান এর মাধ্যমে করা হয়েছে। সে ব্যবস্থা যাতে অচিরে কার্য্যকরী হয় তার জন্য মন্ত্রীমহাশয়কে বিশেষ করে অবহিত হতে অনুরোধ করছি।

স্যার, সম্প্রতি কয়েকটি মিউনিসিপ্যালিটিতে ইলেকটোরাল রোল প্রিপারেশনএর ত্রুটির জন্য ইলেকশান করা সম্ভব হয়নি কোর্টের এর নির্দ্দেশে ইলেকশান বন্ধ হওয়াতে এই সমস্ত মিউনিসিপ্যালিটির আয়ুস্কাল ১ বছর বাড়িয়ে দেওয়া হয়েছে। ইলেকটোরাল রোল সম্বন্ধে এইরূপ অভিযোগ আজ নূতন নহে। ১৫।১৬ বছর আগে একবার ক্যালকাটা কর্পোরেশান এর ফাইনাল রোল ইচ্ছা করেই সময় মত বের না করার জন্য ইলেকশান ১ বছর পিছিয়ে দিতে হয়েছিল।

[6—6-10 p.m.]

কাজেই যতদিন বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট অনুযায়ী বর্ত্তমানে ইলেকটোরাল রোল তৈরীর ব্যবস্থা চলতে থাকবে এবং নির্ব্বাচন পরিচালনার দায়িত্ব যতদিন মিউনিসিপ্যালিটির চেয়ার-ম্যান বা কমিশনারদের হাতে থাকবে, ততদিন তাদের কর্তৃত্ব বজায় রাখার জন্য এই দুর্নীতি থাকার সম্ভাবনা রয়েছে। অতএব আমার মতে মিউনিসিপ্যাল এ্যাক্টের সংশোধন করে, সমস্ত নির্ব্বাচন ব্যবস্থা পরিচালনা করবার দায়িত্ব গভর্ণমেণ্টের গ্রহণ করা উচিত। প্রত্যেক জেলায় ও মহকুমাতে এ্যাসেম্বলী ইলেক্টোরাল রোল তৈরী করবার জন্য গভর্ণমেণ্ট মেসিনারী আছে, সেই মেসিনারী দিয়ে এখানকার ইলেক্টোরাল রোল তৈরী করার দায়িত্ব গ্রহণ করা যেতে পারে।

স্যার, কলকাতার মিউনিসিপ্যাল এ্যাক্ট কিছু কিছু সংশোধন সম্প্রতি করা হয়েছে। কিন্তু এই আইনের সামগ্রিক সংশোধনের দাবী বহু দিন থেকে রয়েছে এবং মাননীয় মন্ত্রীমহাশয় ও নিজে এ কথা স্বীকার করেছেন, এবং এ সম্বন্ধে একটা কম্‌প্রিহেনসিভ এ্যামেণ্ডিং বিল নিয়ে আসবেন অনেকদিন থেকে তিনি বলছেন। যদি সেই বিল আনতে দেরী থাকে তাহলে আমার অনুরোধ যে কলকাতা বস্তিবাসীদের কয়েকটি বিশেষ অসুবিধা দূর করবার জন্য যেন তিনি একটি এ্যামেণ্ডমেণ্ট বিল আবিলম্বে নিয়ে আসেন।

স্যার, বর্ত্তমানে কলকাতার বস্তিগুলিতে—এক একটি বস্তির মধ্যে অনেকগুলি বাড়ী থাকলেও সমগ্র বস্তির জন্য মাত্র একটি এ্যাসেসমেণ্ট হয় বস্তির মালিক বা জমিদারের নামে। জমিদার তাঁর ইচ্ছামত বিভিন্ন প্রজার কাছ থেকে ট্যাক্স আদায় করে নিয়ে থাকেন, এবং সেই ট্যাক্স যদি কর্পোরেশানের অফিসে সময়মত জমা না দেন, তাহলে তার ফলে বাড়ীর মালিক ও প্রত্যেকটি অকুপায়ারের উপর ডিসট্রেস ওয়ারেণ্ট ইস্যু হয়। তাছাড়া দেখা যায় সমগ্র বস্তির ভ্যালুয়েশান এর উপর একটা এ্যাসেসমেণ্ট হওয়াতে হাউসগুলির ট্যাক্স বেশী হয়ে পড়ে এবং হাট ওনাররা রিবেট ও স্ল্যাব সিস্টেমের সুযোগ থেকেও বঞ্চিত হয়। সুতরাং এই ব্যবস্থার পরিবর্ত্তন করে হাটসগুলো সেপারেটলি নাম্বারড্‌ করে পৃথক পৃথক ভাবে এ্যাসেস্‌ড করে প্রত্যেক হাটের আলাদা ট্যাক্স ধার্য্য হওয়া উচিত বলে আমি মনে করি। এটা করলে পরে গরীব বস্তিবাসীরা বিশেষ উপকৃত হবে। তাছাড়া, স্যার, বস্তির হাটগুলোর দেয়াল পাকা করবার অধিকার এবং জল ও ড্রেন কনেকশন নেয়ার অধিকার তাদের অবিলম্বে দেয়ার প্রয়োজন রয়েছে। কারণ বর্ত্তমান আইন অনুযায়ী জমিদারের অনুমতি ছাড়া এই সব কাজ করা বস্তিবাসীদের পক্ষে সম্ভব নয়। এর ফলে দেখা যায় হাট ওনার বা বাড়ীওয়ালার ইচ্ছা থাকলেও বাড়ীতে জল সরবরাহের জন্য জলের কনেক্‌শন বা পাকা পায়খানা বা ভেণ্টিলেটেড রুমস্‌ কনষ্ট্রকশন করে হাটের ইম্‌প্রুভমেণ্ট করতে পারেন না। কাজেই বস্তি সম্বন্ধে এইসব অসুবিধা দূর করার জন্য অবিলম্বে একটি এ্যামেণ্ডিং বিল আনার একান্ত প্রয়োজন আছে বলে আমি মনে করি। মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, পশ্চিমবঙ্গের মিউনিসিপ্যালিটিগুলির আর্থিক অবস্থা যে অত্যন্ত শোচনীয় সে বিষয় কোন সন্দেহ নেই। এই সমস্ত মিউনিসিপ্যালিটিগুলির অর্থাভাবে কোন ইম্‌প্রুভমেণ্ট স্কীম নেওয়া, বা কোন প্রকার উন্নতি মূলক ব্যবস্থা অবলম্বন করা ত দূরের কথা, তাদের যে সমস্ত ডেট আছে তা তারা পরিশোধ করতে পারছেনা এবং নাগরিকদের স্বাভাবিক ও প্রয়োজনীয় সুযোগ সুবিধার দাবীগুলি তারা মেটাতে সমর্থ হয় না। ফলে দেখা যায় অনেক স্থলে এই সব মিউনিসিপ্যালিটিগুলি জনসাধারণের কাছে একটা লায়েবিলিটি হয়ে দাঁড়ায়। সুতরাং কোন নূতন মিউনিসিপ্যালিটি গঠণ করার আগে গভার্ণমেণ্টের বিশেষভাবে চিন্তা করে দেখা উচিত সেই প্রপোসড মিউনিসিপ্যালিটির ফিনানসিয়াল পজিশন্‌ কি রকম, তবে তাকে গঠণ করতে দেওয়া উচিত। এক্‌সিসটিং মিউনিসিপ্যালিটিগুলিকে যথেষ্ট পরিমাণ অর্থ সাহায্য ও অন্যান্য সুযোগ সুবিধা দেওয়া উচিত, যাতে তারা তাদের নরম্যাল ওয়ার্কস সুচারুরূপে সম্পন্ন করতে পারে। এ ছাড়াও, প্রয়োজন হলে কোন বিশেষ বিষয়ে সাহায্য দেওয়া সম্ভব কি না সে সম্বন্ধে চিন্তা করে দেখা উচিত। অনেক সময় কমিশনার বা কাউন্সিলারদের স্বার্থের খাতিরে এ্যাসেসমেণ্টে বিশেষ পক্ষপাতিত্ব দেখা যায়, এবং ট্যাক্স ও অনাদায় হয়ে বছরের পর বছর বাকী পড়ে থাকে। ১৯৪৯ সালে ক্যালকাটা কর্পোরেশানের জন্য গঠিত সি. সি. বিশ্বাস এন্‌কোয়ারী কমিটি এই

রকম অনেকগুলি কেস উল্লেখ করে, কতকগুলি নেসেসারী মেজার নেবার জন্ত সাজেষ্ট করেছিলেন, ঐ গুলি কার্য্যকরী করা হয়েছে কি না জানি না।

স্যার, আমার মনে হয় এই এসেসমেণ্ট এর দায়িত্ব মিউনিসপ্যালিটি বা কর্পোরেশান এর উপর না রেখে গভর্ণমেণ্ট তাঁদের নিজস্ব অফিসার নিয়োগ করে যাঁরা নাকি কমিশনার বা কাউন্সিলার এর ইন্ফ্লুয়েন্স এর বাইরে থাকতে পারে এই রকম লোক দিয়ে এই এসেসমেণ্ট এর দায়িত্ব নেওয়া যায় কি না, কালেকশান গুলি রীতিমত হয় কি না, কালেকশান এরিয়ার যদি থাকে তা সুপারভিশন অর চেক সম্ভব কিনা এ সম্বন্ধে গভর্ণমেণ্ট যদি বিবেচনা করেন তাহলে আনন্দিত হব।

স্যার, কলকাতা কর্পোরেশানের বহু লক্ষ টাকা ট্যাক্স বাকী আছে। কেন বাকী আছে? তার প্রতিকারের জন্য একটা এন্‌কোয়ারী করা প্রয়োজন বলে আমি মনে করি।

তারপর প্রাইমারী এডুকেশান কলকাতা কর্পোবেশানের উপর এই ভার ন্যস্ত আছে। কয়েকটি ওয়ার্ডে বাধ্যতামূলক প্রাইমাবী এডুকেশান প্রবর্ত্তনেব ব্যবস্থা তারা ঠিক করছিলেন। তাছাড়া অন্যান্য এলাকায়—আজও প্রাইমাবী এডুকেশান সম্বন্ধে সুচাক ব্যবস্থা হয় নাই। এ সম্বন্ধে কতটুকু হযেছে—গভর্ণমেণ্টেন অনুসন্ধান কবে তা দেখা উচিত। খিদিরপুর, মোমিনপুরে অনেক উর্দ্দু স্পিকিং মুসলমান আছে, তাদের জন্য উপযুক্ত পবিমাণ প্রাইমারী স্কুল নাই। মুসলমান মেযেদেন জন্যও প্রাইমাবী স্কুলএব ব্যবস্থা নাই। এ সম্বন্ধে গভর্ণমেণ্টের কাছে অনুরোধ কবছি তাঁবা যেন এইবকম প্রাইমাবী এডুকেশান সম্বন্ধে বিশেষভাবে অনুসন্ধান করে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন কবেন।

Shri Siddhartha Shankar Ray : Mr. Deputy Sepeaker, Sir, I want to raise two very important questions in connection with the Local Self-Government that we have in this State. In doing so, Sir, I may exceed the time allotted to me but I have no doubt that you will kindly give me a little more time if I have not been able to make my point clear before my time is up. The first point to which I want to draw the attention of the Minister of the Local Self-Government is this : that electoral rolls prepared in respect of each and every municipality in the State are bad, illegal and coutrary to the Bengal Municipal Act as has been held by the Hon'ble High Court; they do not tantamount to the electoral rolls at all. This is a very important point and in making this point I would request the Hon'ble Minister to forthwith pass orders cancelling all notifications fixing a general election in respect of all the municipalities in West Bengal. Sir, Shri Naren Sen who spoke before me is not correct in saying that electoral rolls have been prepared out of time. That is not the point, the point is that electoral rolls have not been prepared in accordance with the Appendix A of rule 3 of the Electoral Roll Rules in the Bengal Municipal Act (Shri Naren Sen : No, I did not say that) I thought you said that. However, I stand corrected. The first serious difficutly with regard to this electoral roll is this. Under section 23 sub-section (5) of the Bengal Municipal Act every member of a joint family is entitled to vote and be recorded as a voter. The question arises as to what is meant by a joint family. In 1954—to be exact on the 16th February 1954 Mr S.M.Murshed, who was then the Secretary of the

Local Self-Government issued a circular to all authorities concerned showing what a joint family meant.

[6-10—6-20 p.m.]

And according to him joint family did not necessarily refer to a joint family as understood by the Hindu Law but meant persons living together in a joint family. That is, if Mr. Ajoy Mukherji and I or Mr. Kazem Ali Meerza, as Mr. Meerza knows in the Bhatpara Municipal case it was found that Hindus and Muslims were held to be members of a joint family—supposing Mr. Meerza and I reside in one house, according to this ruling or Mr. Moorshed, we would be deemed to be members of a joint family. In the Bhatpara Municipality case Justice Sinha of the Calcutta High Court categorically declared as follows : "In my opinion this interpretation is incorrect. So far as Mr. Moorshed's interpretation is concerned it must be rejected at once and all the parties before me agreed that it would be impossible to accept such an interpretation". That being the position it now appeared, and I had personal knowledge of that because I had the honour to appear in some of these cases, in every Municipality alleged members of a joint family have been included in the electoral roll on the basis of this order by Mr. Moorshed as a result of which every electoral roll is ultra vires void, illegal. Sir, the Naihati Municipal election has been stopped and the electoral rolls of Naihati Municipality have been declared illegal. Even today, Sir, a rule has been issued on the authorities of the Garden Reach Municipality calling upon them to show cause why electoral rolls of that Municipality should not be quashed. The South Dum Dum Municipal election has been stopped. The Dum Dum Municipal election has been stopped. The Bhatpara Municipal election has been stopped. The Basirhat Municipal election has been stopped. The Bally Municipal election has been stopped. And similarly various other elections have been stopped, and I have no doubt whatsoever that in respect of each and every municipality the elections will either be stopped or the elections will be declared bad. The more important point that arises is that even if the electoral rolls are bad and the elections are held what will happen ? In Bhatpara Municipality case Mr. Justice Sinha, holding that the interpretation of joint family was bad, went on to issue a writ for setting aside the election. I understand that in respect of Kotrang Municipality an application has already been made for setting aside the election. If election are held on the basis of such electoral rolls every party will suffer because unnecessary wastage of money will take place, time and energy will be wasted and municipal finance, of course, will be absolutely frittered away. Therefore, I am making this request through you, Sir, to the Hon'ble Minister to cause a notice issued tomorrow. Not one more minute should be allowed to pass because every minute passed means extra time wasted, extra energy wasted, extra moneys wasted, money of poor municipalities squandered. Tomorrow a notice should be issued saying that no election should take place until further orders and thereafter Government should forthwith repeat this order of Mr. Moorshed and pass a new order in accordance with the judg-

ment of Mr. Justice Sinha in several municipal cases and the judgment of Mr. Justice J. R. Mitter that he has delivered today in the Naihati Municipal case. Unless this is done the whole picture will be a picture of frustration, a picture of something being absolutely indefinite a picture of uncertainty. Therefore, I hope that the Hon'ble Minister will accede to this request which I am making not only on behalf of myself but on behalf of all the members of this House.

Because it is to our interest to see that unnecessary time, money and energy are not wasted. Sir, speaking as a lawyer, I would say that the holding of such elections does us very good because the more cases come in for setting aside elections, the better for us. But, speaking as a legislator, I am totally opposed to it and I have no doubt that the Hon'ble Minister, who himself was a distinguished lawyer in his day, will see this point. Sir, I have got a copy of the Bhatpara Municipality judgment which, I think, he has perhaps seen.

Sir, the second point is, apart from the interpretation of joint families, in these electoral rolls, the father's name is often absent, the husband's name is often absent, the period of residence Is unsversalla given as more than one year and the age of the voter is given is above 21 years, as result of which in some cases the electoral rolls have been set aside on this ground. Therefore, I think the time has come for the Government to see to it that all electoral rolls, irrespective of municipalities, should be prepared in accordance with law.

Sir, my next point is the point of taxation with reference particularly to the Calcutta Municipal Act. Sir, time has come when there has to be an amendment of the relevant provisions of the Calcutta Municipal Act with regard to the taxation of premises. Sir, under the provisions of the existing sections, the rate-payers have been thrown over tothe tender mercies of the Executive Officer who has a right to fix such rates and taxes on the basis of what he thinks to be the reasonable letting value of the premises concerned. There is no yardstick laid down as to what this reasonable letting value ought to be, although if a landlord is pestered by a tenant and the tenant takes him to the Rent Controller, then the rent fixed by the Rent Controller becomes the reasonable rent. So, in respect of a landlord who has a quarrelsome tenant, a yardstick has been laid down because the rent will be the rent as fixed by the rent Controller which means as fixed in accordance with the definite principles laid down in the Rent Act of 1956, whereas if a landlord has a quiet and decent tenant like me or the Hon'ble Minister, then the landlord will have to place his case before the Executive Officer who will decide according to this own whim and fancy as to what is going to be the reasonable letting value of a particular premises. I have no doubt that the Hon'ble Minister will also take this matter into his serious consideration.

Sir, I thank you for allowing me the extra time.

[6-20—6-30 p.m.]

Shri Gopal Basu :

মাননীয় স্পীকার মহাশয়, মিউনিসিপ্যালিটি সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন, এবং মাননীয় সিদ্ধার্থশঙ্কর বাবু মিউনিসিপ্যাল ইলেকশন সংক্রান্ত কয়েকটা বিষয় খুব ভালভাবে এখানে তুলেছেন। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জানাতে চাই যে, ভাঁটপাড়া মিউনিসিপ্যালিটির ইলেকশন সেট্ এসাইড হয়ে গিয়েছে। আমরা এখনো জানি না সেই ইলেকশন কবে হবে এবং কিসের ভিত্তিতে হবে। এবং ভোটার- লিষ্ট কিভাবে হবে। অথচ ইতিমধ্যেই সার্কুলার দিয়ে দেওয়া হয়েছে—সুতরাং মন্ত্রীমহাশয় আজকে এখানে ভালকরে বলে দিন ভাটপাড়ার ইলেকটোরাল রোল কিভাবে তৈরী হবে। তানাহলে সেখানে আবার গোলমালএর এবং ইলেকশন আবার সেটএসাইড হয়ে যাবে। যাই হোক, এখানে আমার মূল বক্তব্য হচ্ছে মিউনিসিপ্যালিটিগুলিতে অবিলম্বে প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের নির্বাচন স্বীকার করে নেওয়া হোক। ডাঃ রায়কেও বলি, তিনি যদি জনসাধারণের এই দাবী পালন না করেন তাহলে জনসাধারণ তাঁকে ছাড়বে কেন। আজকে শুধু ভারতেই নয়, সমস্ত পৃথিবীতে এই দাবী স্বীকৃত হয়েছে, তাহলে শুধু পশ্চিমবাংলায় কেন এই দাবী স্বীকৃত হবে না? আজকে বিভিন্ন জায়গা থেকে এজন্য দাবী উঠেছে—আমি প্রস্তাব করি যে বেঙ্গল মিউনিসিপ্যাল আইনের একটা কমপ্রিহেনসিভ এমেণ্ডমেণ্ট আনুন, কারণ বর্ত্তমান বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টে এমন সব বিভিন্ন ধারা আছে সেগুলি আজকালকার চিন্তাধারাতে প্রযোজনের সঙ্গে সামঞ্জস্যহীন এক রিভিশন করার জন্য তাড়াতাড়ি করা হোক। মিউনিসিপ্যালিটিগুলিতে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট ইম্‌প্লিমেনটেড হয়েছে কিন্তু মিউনিসিপ্যালিটিগুলির ফিনানসিয়াল পজিশন এমন দুর্বল যে তারা কোন জনহিতকর কাজ করতে পারছে না। মিনিমাম ওয়েজেস এ্যাক্ট ইম্‌প্লিমেনটেড্ হবার পর সরকার থেকে ½ দেওয়ার কথা, কিন্তু প্রতিমাসেই বিভাগ থেকে ১০ পার্সেণ্ট কেটে রেখে দেন, সব পে করেন না। এইভাবে যদি প্রত্যেক মিউনিসিপ্যালিটির ব্যাপারে হয় তাহলে বছরে ১॥ লক্ষ টাকা পর্য্যন্ত কিম্বা তারো বেশী টাকা বাকী থাকে, তাহলে মিউনিসিপালটির কাজ কিভাবে চলবে? কাজেই এবিষয়ে জালান সাহেবের অবিলম্বে দৃষ্টি দিয়ে এই অব্যবস্থা নিবারণের চেষ্টা করা দরকার। তাছাড়াও সেণ্ট্রাল গভর্ণমেণ্ট মিউনিসিপ্যালিটির জন্য একটা এড-হক গ্রাণ্ট দেন। এরপর সরকার থেকে একটা সার্কুলার দেওয়া হয় যারা ৬২॥০ টাকার থেকে ১০০ টাকার কম পায় তাদের বেলায় যদি মিউনিসিপ্যালিটি অন্তত ২৫৲ টাকা না দেন তাহলে সেই টাকা সরকার থেকে দেওয়া হবে না। এটা যদি হয় তাহলে মেথর, ধাঙ্গর এই ধরণের নিকৃষ্ট কর্মচারীদের উপর অবিচার করা হবে। ½ কন্ট্রিবিউশান কেন সরকার থেকে দেওয়া হবে না এসম্পর্কে জালান সাহেব পরিষ্কার করে বলুন। প্রাইমারী এডুকেশন, পাবলিক হেলথ্ এর ব্যাপারে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট মিউনিসিপ্যালটিগুলির দায়িত্ব আছে বলে চাপ দিচ্ছেন। দার্জিলিংএ একটা পরিকল্পনা দেওয়া হয়েছে মিউনিসিপ্যাল বোর্ড গঠন সম্পর্কে। আমাদের দেশে যেসব বড় বড় রাঘববোয়াল আছে তাদের কাছ থেকে সমস্ত টাকা ধার নিয়ে মিউনিসিপ্যালিটিগুলিকে দেবেন এবং সরকার তার জন্য জামীন থাকবেন। ৬ কোয়ার্টার পার্সেণ্ট বাড়ার চেয়ে বেশী সুদে টাকা ধার নেবেন—তাহলে অবস্থাটা দাঁড়াবে কি।

মিউনিসিপ্যালিটিগুলি কোথা থেকে এই সুদ দেবে, কি করেই বা এই টাকা শোধ করবে ? এঁরা বলছেন, তোমরা মেক্সিমাম রেট ইম্‌পোজ কর। আজকে এটা জানা কথা যে, বাংলাদেশের প্রত্যেক মানুষ ওভারটেন্ড্ এমতাবস্থায় তাঁরা মিউনিসিপ্যালিটির চাপ সাধারণ মানুষের উপর কমাবার ব্যবস্থা তো করলেনই না—

শুধু তাই নয় সেণ্ট্রাল গভর্ণমেণ্টের যে সমস্ত জায়গা আছে সেখানে মিউনিসিপ্যালিব এ্যাসেস করতে পারেনা সুতরাং দয়া করে যদি তাঁরা বছরে একটা লম্বা গ্রাণ্ট দেয় তাহলে মিউনিসিপ্যালিটির ভাল হয়। যেমন কাঁচড়াপাড়া, আসানসোল, নৈহাটি, ভাটপাড়া ইত্যাদি জায়গায় তাঁরা কিছু কিছু লাম্প গ্রাণ্ট পান। কিন্তু খড়গপুরের মতন জায়গায় সেখানে এই মিউনিসিপ্যালিটিকে সরকার থেকে কিছু দেওয়া হয়না। কাজেই এটা নিরসন হওয়া দরকার। অর্থাৎ আমার বক্তব্য যে হচ্ছে মিউনিসিপ্যালিটির আয় বাড়ান এবং তাহার অন্যান্য প্রাপ্য টাকা দেবার ব্যবস্থা করুন। রেরিয়াল ট্যাক্স মিউনিসিপ্যালিটির পাওয়া উচিত এবং মোটর ভেইকল ট্যাক্সের একটা অংশ এদের পাওয়া উচিত। কারণ মফঃস্বল শহরের রাস্তার ধার দিয়ে মোটর যাবার সময় অনেক ড্রেন ধ্বংসে যায় এবং তার খরচ মিউনিসিপ্যালিটিকে বহন করতে হয়। অন্তর ২।৪ বছর পর যদি তাদের মোটর ভেইকল ট্যাক্সের একটা অংশ দেন তাহলে তাদের আর্থিক সুবিধা হয় এবং এগুলো তাড়াতাড়ি সারাতে পারে। তারপর এমিউজমেণ্ট ট্যাক্স, সেলস ট্যাক্স বিভিন্ন লোকাল ট্যাক্স যা আছে তার কিছু অংশ যদি মিউনিসিপ্যালিটিকে দেন তাহলে তারা কিছু ভাল কাজ করতে পারে। গঙ্গার ধারে বারাকপুর, খড়দহ, ভাটপাড়া ইত্যাদি জায়গায় প্রতিবছর ইরোসান হচ্ছে এবং এই ইরোসানের জন্য যেসব ক্ষতি হচ্ছে সেগুলি মেরামত করার টাকা এদের নেই। তাদের টাকা সাহায্য দিয়ে যদি এগুলোকে মেরামত না করা হয় তাহলে সমূহ ক্ষতি হবে। বারাকপুরের বিভিন্ন জায়গায় রিফিউজি কনসেণ্ট্রেশান হয়েছে। এই রিফিউজি কনসেণ্ট্রেশানের জন্য তারা অত্যন্ত নীচু খারাপ জায়গায় বসবাস করছে। কিন্তু টাকার অভাবে সেসব জায়গায় ডেভেলপ করা যাচ্ছে না। সুতরাং এ বিষয় কিছু কিছু সাহায্য করা দরকার। তারপর দার্জিলিং এ জলের একান্ত অভাব। এখানে একটাও রিসারভিস নেই। সেখানে মিউনিসিপ্যালেটি ৩বছর ধরে বলছে, কিন্তু বিজারভার করতে পেরেছে না। এমন কি সহরাঞ্চলে চটকল বা অন্যান্য মিলগুলো যে রিবেট তারা দেয় সেখানে মিউনিসিপ্যালিটিগুলি যদি লোনস বা এ্যাডভান্স নিয়ে কিছু করেন তাহলে তাঁর জলের ব্যবস্থা করতে পারেন। কিন্তু আপনারা তাদের টাকা দিয়ে সাহায্য করবেন না। এক একটা জায়গায় যদি জুনিয়ার ওয়াটার ওয়ার্কস করেন তাহলে এই ব্যবস্থা হতে পারে। এরপর ইলেকশান সম্বন্ধে কিছু বলব। আপনারা কথায় কথায় গণতান্ত্রিক ব্যবস্থার কথা বলেন কিন্তু কামারহাটি মিউনিসিপ্যালিটিতে আজ ৫ বছর ধরে নির্বাচন হয় না—বেলঘরিয়ায় একটা ওয়ার্ডে ৬টা কমিশনারের নির্বাচন এখনও হয় নি। অর্থাৎ জালান সাহেব এবং তার ডিপার্টমেণ্ট সব বিষয়ে শিব হয়ে বসে আছেন এবং কোন দিকে নজর দিচ্ছেন না। আমি শেষে আর একটা কথা বলব যে ডিষ্ট্রিক্ট বোর্ড রাখার কোন দরকার নেই। এরা ডগ ইন দি মেনগার পলিসির মতন ব্যবহার করছে—অর্থাৎ এরা রাস্তাঘাট, টিউবওয়েল ইত্যাদি কিছুই মেরামত করে না।

Shri Rabindra Nath Mukhopadhyay :

মাননীয় স্পীকার মহাশয়, সবাই যা বললেন আমাকে প্রায় সেই একই কথা উচ্চারণ করতে হবে। আমরা এখানে এক লাইনে সবাই বক্তৃতা করে যাব এবং মন্ত্রীমহাশয় পিকিউলিয়ার লাইনে তার জবাব দেবেন। জালান সাহেব দীর্ঘদিন যাবৎ এখানে আইডিয়াল বাজেট তৈরী করছেন। সেজন্য তাঁকে বলব যে বাংলাদেশে যে কোন একটা মিউনিসি-প্যালিটিকে তিনি বেছে নিয়ে একটা বাজেট তৈরী করুন এবং বলুন যে মিউনিসিপ্যালিটিকে জল দিতে হবে, মিউনিসিপ্যালিটিকে কনজারভেন্সির ব্যবস্থা করতে হবে এডুকেশানের ব্যবস্থা করতে হবে অর্থাৎ যা কিছু নাগরিক জীবনের দায়িত্ব আছে তা সব মিউনিসিপ্যালিটিকে করতে হবে—এ ট্যাক্সের ব্যবস্থা করতে হবে। এই একটা অদ্ভুত পরিস্থিতি সম্পর্কে প্রত্যেকটা সদস্য বলে আসছেন, কিন্তু সরকারের তরফ থেকে তার কোন জবাব পাওয়া যাচ্ছে না। আপনি বলুন যে কি পদ্ধতিতে কাজ করলে এইসব কাজ হতে পারে। এ্যাসেসমেণ্ট অফ ট্যাক্স সম্পর্কে আমি পরে বলব। গ্রাণ্টের বেলায় আপনাদের কার্পণ্য করলে হবেনা, গ্রাণ্ট ঢালাও ভাবে দিন। আমার কাছে একটা বাজেট আছে—সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির এষ্টিমেটেড বাজেট এতে কয়েকটা পিকিউলিয়ার ঘটনা আছে। ১১ লক্ষ টাকার মতন একটা ইনফ্লেটেড বাজেট।

[6-30—6-40 p.m.]

শুধু ৬/৬॥ লক্ষের উপর অংশ বেরিয়ে যাচ্ছে। তারপর অন্যান্য এস্ট্যাব্লিসমেণ্ট খরচ ধরলে আর কিছু থাকছে না! ধরুন যে মিউনিসিপ্যালিটিতে ৮০ পার্সেণ্ট ট্যাক্স আদায় হয় সেই মিউনিসিপ্যালিটির বাজেট দেখেছি—আমি চ্যালেঞ্জ করছি নাগরিক জীবনের দায়িত্ব পালনের জন্য আপনারা সেইসবগুলি করেননি, যা দেওয়া হয়েছে তাতে সেগুলি কি করে করবেন। আর একটা কথা এখানে বার বার করে বলা হয়েছে কিন্তু আপনারা কাণে নিচ্ছেন না। প্রাইমারী এডুকেশান করেননি অথচ কয়েক লক্ষ টাকা মিউনিসিপ্যালিটি গুলি এইজন্য ব্যয় করেন। তারপর আমরা দেখছি ৭৫ হাজার টাকা সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটিতে প্রাইমারী এডুকেশানের জন্য ব্যয় হবে বলে রাখা হয়েছে। আপনারা ৬ হাজার ৪ শত টাকা দিচ্ছেন যখন ১২ হাজার টাকা ব্যয় করা হয়েছে আর এখন ৭৫ হাজার টাকা ব্যয় করা হচ্ছে আপনারা সেই ৬ হাজার টাকায় বেঁধে দিয়েছেন। এ কথা কতদিন যাবৎ আপনাদের কাছে বলব? হয় এটা নিয়ে নিন না হয় বলুন আমরা প্রাইমারী এডুকেশান ব্যাপারে কিছু করতে পারবনা কেননা এটা করা কোন মিউনিসিপ্যালিটির পক্ষে সম্ভব নয়। আমি যে মিউনিসিপ্যালিটির তরফ থেকে বলছি তার কতকগুলি গুরুতর সমস্যার কথা আপনাদের কাছে বারবার বলেছি, কিন্তু আপনারা গ্রাণ্ট মারফৎ সেগুলির কোন ব্যবস্থা আজ পর্যন্ত করলেননা। আপনার কাছে নিশ্চয়ই আমরা দাবী করব, আপনি এড়িয়ে না গিয়ে এই প্রশ্নের সোজাসুজি জবাব দেবার চেষ্টা করবেন। হাসপাতালগুলিকে বেশী করে গ্রাণ্ট দিয়ে ভালভাবে করতে হবে। তারপর ডিয়ারনেস সম্বন্ধে জালান সাহেব বলেছেন যে আমরা একটা বিপুল অংশ দিচ্ছি বাকীটা মিউনিসিপ্যালিটিকে বিয়ার করতে হবে। আমি বলছি মিউনিসিপ্যালিটিকে যদি বাস্তবিক সাহায্য করতে চান তাহলে ডিয়ারনেসের সমগ্র অংশটা আপনারা দিন কিন্তু আপনারা যেটুকু মিনিমাম ওয়েজেস এ্যাক্টে বেড়েছে তার ১।০ অংশ দিচ্ছেন কিন্তু মূলতঃ মিউনিসিপ্যালিটির ঘাড়ে তার যে দায়িত্ব সেই

দায়িত্ব বেড়ে গেছে। আপনারা পরিষ্কার করে বলুন টোটাল ডিয়ারনেস এ্যালাউন্সের কত অংশ দিচ্ছেন? বহু মিউনিসিপ্যালিটির তরফ থেকে বলা হয়েছে, আপনাদের যে কনফারেন্স হয়েছিল তাতে রাখা হয়েছে যাতে এর প্রতিকার হয়। আপনারা এর যদি কোন প্রতিকারের ব্যবস্থা না করেন তাহলে কোন মিউনিসিপ্যালিটি এই সমস্যার সমাধান করতে পারবে না। সুতরাং আমি মনে করি সবচেয়ে ভাল উপায় হচ্ছে আপনারা এন্‌টায়ার ডিয়ারনেসের ভার নেন। তারপর প্রাইমারী এডুকেশানের দায়িত্ব থেকে যতদিন পর্য্যন্ত না নতুন আইন হয় ততদিন পর্য্যন্ত মিউনিসিপ্যালিটিগুলি যাতে একটু রিলিফ পেতে পারে তার ব্যবস্থা করুন। আপনারা গ্রাণ্ট দিতে পারেন কিন্তু এতে কারো উপকার করতে পারবেন না।

Shri Dhirendra Nath Dhar :

মাননীয় স্পীকার মহাশয়, কয়েক বৎসর পর আলোচনা করতে উঠে আমি একথাই বলব যে বাংলাদেশের মিউনিসিপ্যালিটিগুলি অর্থাৎ যাদের সংখ্যা হচ্ছে ৮৬টি তাদের যে মিনিমাম অ্যামিনিটিস তা দেওয়া হয়না। আমি বুঝতে পারিনা যে কি অপরাধে তাঁদের এসব দেওয়া হচ্ছে না। কোলকাতা শহরের লোকের চেয়ে বেশী পরিমাণে ট্যাক্স দেওয়া সত্বেও কেন যে তাঁরা সাহায্য পাচ্ছেন না এবং কেনই বা দিনের পর দিন এই অবস্থা চলছে সেটা বুঝে ওঠা দুস্কর। গত বছর ৫।৬ই জুন ডাঃ রায় দার্জিলিং এ একটা কনফারেন্স ডেকে ছিলেন সেখানে মিউনিসিপ্যালিটিগুলোর সম্বন্ধে অনেক আলোচনা হয়েছিল এবং তিনি নিজে স্বীকার করেছিলেন যে প্রত্যেকটী মিউনিসিপ্যালিটীর যে সব সমস্যা আছে তা আর একদিনও চেপে রাখা যায় না। প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে টাকা খরচ করা হয়েছে তার বেশীর ভাগই খরচ হয়েছে ঐ গ্রামের দিকে—শহর বা মিউনিসিপ্যালিটীর দিকে হয়নি। কাজেই তিনি বলেছিলেন যে অনতিবিলম্বেই এর একটা ব্যবস্থা করতে হবে। এ প্রসঙ্গে তিনি আরও নানা পন্থার কথা উল্লেখ করেছেন, অবশ্য তার সঙ্গে যদিও আমরা একমত নই তাহলেও তিনি স্বীকার করেছেন যে আর দেরী না করে অন্তত জল এবং ড্রেনেজের ব্যবস্থা করতেই হবে। কিন্তু আশ্চর্য্যের বিষয় যে সেই জুন মাসের পর এতদিন চলে গেল কিন্তু আজ পর্য্যন্তও সরকারের তরফ থেকে কোন ব্যবস্থা করা হোলনা, মাঝে একটা বন্যার পর ডবলু. এইচ. ও. এর অ্যাডভাইসার এখানে এসে অনেক আলোচনা করলেন, প্রেস কনফারেন্স করলেন এবং তারপর প্রস্তাব হোল যে ৩৩টী মিউনিসিপ্যালিটী নিয়ে তাঁরা একটা বিরাট পরিকল্পনা করছেন এবং যেটা আমরাও সমর্থন করেছিলাম, কিন্তু আশ্চর্য্যের বিষয় যে আজ পর্য্যন্তও তার কিছু হোলনা এবং বাংলাদেশের মিউনিসিপ্যালিটিগুলো এত দুর্ভোগ ভোগ করা সত্বেও গভর্ণমেণ্ট নির্বিকার। এতবড় একটা বিরাট এরিয়া অর্থাৎ যার পরিমাণ প্রায় ৩৬০ বর্গমাইল এবং যেখানে প্রায় ৫০ লক্ষ লোক বাস করে সেখানে ৩।৪টি জায়গা ছাড়া আর কোথাও সিওয়েজ এর ব্যবস্থা নেই। রাস্তার হিসেব ধরলে দেখা যাবে যে ৩০৭২ মাইলের মধ্যে মাত্র ২ শত মাইল পাকা রাস্তা আছে এবং ৭২৪২ মাইলের মধ্যে মাত্র ৮ শত মাইলে ড্রেনেজের ব্যবস্থা আছে। এ ছাড়া যে ৩টী জায়গায় সিওয়েজ কমপ্লিট করা হয়েছে তারও বেশীর ভাগ জায়গায় কনজারভেন্সী নেই। পাইপ ওয়াটার সাপ্লাই এবং পিউরিফাইড ওয়াটার সম্বন্ধে আজ সারা পৃথিবীতে আলোচনা হচ্ছে যে কি ব্যবস্থা করলে পর দেশের প্রত্যেকটি অংশে ড্রিংকিং ওয়াটার দেয়ার ব্যবস্থা করা যায়। কিন্তু এঁরা সে বিষয়ে মিউনিসিপ্যালিটিকে কোন গ্যারাণ্টি দিতে পারছেনা। যা

হোক, এই ইলেকট্রিক লাইট, পিউরিফাইড ওয়াটার প্রভৃতি নিয়ে এখানে অনেক কথাই হয়েছে কাজেই এ বিষয়ে বেশী না বলে আমি শুধু বলব যে এর দায়িত্ব সরকারের নেওয়া উচিত এবং অনতিবিলম্বে মিউনিসিপ্যালিটীর সমস্ত ব্যবস্থা করে দেবেন বলে দার্জিলিং এর কনফারেন্সে যে গ্যারান্টি দিয়েছিলেন অথচ যেটা আজ পর্য্যন্তও পুর্ণ হোলনা সেই গ্যারান্টি পালন করা হোক। আমি নভেম্বর মাসের কোলকাতা গেজেটে দেখলাম যে তাঁরা একটা ডেভেলপমেণ্ট বোর্ড তৈরী করেছে। তারপর কয়েক মাস কেটে গেল কিন্তু কিছুই করা হোলনা দেখে বাংলাদেশের পৌরসভাগুলি জানতে চায় যে তাঁরা কবে এসব করবেন। তারপর মিনিমাম ওয়েজেসের ব্যাপারে অনেক জল ঘোলা ও কাণ্ডকারখানার পর ঠিক হয়েছে যে এই মিনিমাম ওয়েজেসের দায়িত্ব সরকার নেবেন। কিন্তু ঐ ⅔ এবং ⅓ অংশ কখন পেমেণ্ট করা হবে এবং কে পেমেণ্ট করবে তা নিয়ে অনেক গণ্ডগোল চলছে এবং সেখানে শুধু মিউনিসিপ্যালিটীর সঙ্গে স্বায়ত্তশাসন বিভাগেরই গণ্ডগোল নয়—লেবার ডিপার্টমেণ্টের সঙ্গেও এল. এস. জি, এর গণ্ডগোল চলছে। এবং জালান সাহেব বলেছেন যে নানারকম মিসআণ্ডারষ্ট্যাডিং এর জন্যই এই অসুবিধাগুলি হচ্ছে। মিউনিসিপ্যালিটীর বিরুদ্ধে এমপ্লয়িজ ইউনিয়ন যে নোটিশ দিয়েছে তার জন্য মিউনিসিপ্যালিটী দায়ী নয়। জালান সাহেবকে এ ব্যাপারে বলা হয়েছে এবং তিনি বলেওছিলেন যে করবেন কিন্তু এখন পর্য্যন্তও কিছু করেননি। অবশ্য জানিনা এ ব্যাপারে তার কোন হাত আছে কিনা। তারপর বস্তির অ্যাসেসমেণ্ট সম্বন্ধে বলতে গিয়ে বলব যে কোলকাতা শহরের বস্তির অ্যাসেসমেণ্ট সম্পর্কে গতবারের আলোচনার সময় যা বলা হয়েছিল তা সকলেরই বোঝা দরকার এবং সেটা হোল যে বস্তীতে যারা কুড়েঘরে বাস করে তাঁদের ২৩% ট্যাক্স দিতে হয়। এ বিষয়ে নরেনবাবু বলেছেন যে কখনও কখনও হয়ত আরও বেশী ট্যাক্স দিতে হবে। কিন্তু যারা পাকা বাড়ীতে বাস করে তাদের ১৫% ট্যাক্স দিতে হয় অথচ যারা কুড়ে ঘরে আছে তাঁদের সেখানে যে কেন ২৩% ট্যাক্স দিতে হয় তার কোন যুক্তি আমি খুঁজে পাচ্ছিনা বা জালান সাহেবও এ ব্যাপারে কিছু করছেননা। কাগজে কলমে ইনভেষ্টিগেশন হচ্ছে, রিপোর্ট হচ্ছে কিন্তু তাঁদের সত্যি কারের যে ডিফিকাল্টিগুলো রয়েছে সে সম্বন্ধে কোন ব্যবস্থা নেই।

যেভাবে রেকর্ড করা হয় তাতে প্রত্যেকটী বস্তি হাটকে সেপারেটলি এ্যলট করে এ্যাসেস করার কোন ডিফিকাল্টি নাই এবং লোকসানও তাতে নাই। কালেকসানও তাহলে ভাল হতে পারে।

[6-40—6-50 p.m.]

একজন সভ্য এখানে একটা কথা বলেছেন, আমি সেটা উল্লেখ করতে চাই, তিনি বলেছেন আমাদের পৌরসভাগুলিতে, মিউনিসিপ্যালিটীগুলিতে কালেকসান অত্যন্ত পুওর, তিনি বোধ হয় জানেন না যে প্রত্যেক মিউনিসিপ্যালিটীতেই কালেকসান প্রায় ৯০% এমন কি তার চেয়ে বেশী। এ বিষয়ে আমার কথা স্বীকার করতে হবেনা আমাদের মাননীয় মন্ত্রী জালান সাহেবেরও কালেকসান এর দিক থেকে কোন অভিযোগ নাই। প্রত্যেকটী মিউনিসিপ্যালিটী চেষ্টা করছে তার রেটপেয়ার্সদের সাহায্য করার জন্য কিন্তু কোনভাবে সাহায্য করতে পারেনা, তারা মেণ্টেনেন্সএরই কাজ করতে পারেনা, ডেভেলপমেণ্ট এর কাজ কি করে করবে ?

তারপর বস্তিতে ৩ ইঞ্চি টীউবওয়েল সম্পর্কে। সরকার ৩ বছর আগে বলেছেন যে সরকারী টাকা খরচ করে অন্ততঃপক্ষে ৩০০টী টিউবওয়েল করে দেবেন আজ পর্য্যন্ত তার

কোন কিছু হলনা। অনেক করেসপণ্ডেন্স হয়েছে এ জিনিস নিয়ে, এষ্টিমেট নিয়ে প্লান নিয়ে এসব কিছু নিয়ে রাইটার্স বিল্ডিংস থেকে কর্পোরেশন ফাইল দৌড়াদৌড়ি করছে আর এদিকে জলের অভাবে বস্তিবাসীদের কষ্ট ক্রমেই বাড়ছে।

স্যার, আমার শেষ কথা—এই একটা পয়েণ্ট বলেই শেষ করছি। সেটা হচ্ছে ইলেকটোরাল রোল সম্পর্কে। অনেক গণ্ডগোল হচ্ছে, আইনের কথা বাদই কিন্তু আমি বলি ইলেকটোরাল রোল যদি এভাবে করা যায় আমি সাজেসশান দিচ্ছি তাহলে সেটা বিনা খরচে হতে পারে শুধু ছাপ খরচ হলেই হতে পারে। সেটা হল একশিসটিং ইলেকটোরাল রোল যা নাকি এ্যাসেম্বলী ইলেকশানএ ব্যবহার করা হয়, সেটাই যদি ব্যবহার করা হয়। নরেনবাবু অনেকখানি বলে গিয়েছেন কিন্তু আর একটু বলতে গেলেই এডাল্ট ফ্রানচাইজ এর কথায় আসতে হয়, মিউনিসিপ্যালিটির ফিনান্স এর দিক থেকে দেখতে হয়। কাজের সুবিধার দিক থেকে দেখতে হয়, এসব দেখে এডাল্ট ফ্রানচাইজ গ্রহণ করা উচিত।

Shri Ganesh Ghosh:

মিঃ স্পীকার স্যার, কলকাতা মিউনিসিপ্যাল এ্যাক্টএ বস্তি সংক্রান্ত যে ধারাগুলি আছে সে ধারাগুলি বিলে অবিলম্বে সংশোধন করা দরকার, এইটাই আমি দাবী করছি। এবং এই পয়েণ্টে বলবার জন্যই আমি দাঁড়িয়েছি। কলকাতা বস্তির এসেসমেণ্ট সম্বন্ধে নরেনবাবু যা বলেছেন আমি তার পুনাবাবৃত্তি করে বলছি যে বস্তিবা অধিবাসীরা গরীব মানুষ তারা বেশী ভাড়া দিতে পারেনা তাই বস্তিতে বাস করে অথচ বস্তির যে ট্যাক্স এ্যাসেস করা হয় তাতে প্রতিটি হাট এর ইনকাম না ধরে হোল বস্তির জন্য একটা কনসলিডেটেড ভেলুয়েশন ধরে ট্যাক্স এ্যাসেস করা হয় ফলে ট্যাক্স এর পরিমাণ দাঁড়ায় ২৩½% অথচ পাকা দালানের অনেক কম ১৭।১৮।১৮½ পার্সেণ্ট মাত্র। এ সম্বন্ধে দু-বছর আগে কর্পোরেশন এর প্রস্তাব রয়েছে। আমিও মনে করি গরীব মানুষেরা রিলিফ পেতে পারে যদি এ আইন বদল করে ট্যাক্স এ্যাসেসমেণ্ট আলাদা হয়, তাহলে প্রতিটি হাট ওনার কিছুটা রিলিফ পায়, রেট অব ট্যাক্সও কমে যায়, এটা করারও অসুবিধা নাই, যদি অসুবিধা হয় তাহলে কর্পোরেশন এর তার কিছুটা ইনকাম কমে যায় সেটা কমে যাবার জন্য গভর্ণমেণ্ট থেকে সাবসিডি দিতে সেটা ক্ষতিপূরণ করে দেওয়া যেতে পারে—সে সম্পর্কে আমি এখানে বেশী কিছু উল্লেখ করতে চাইনা।

নর্থ ক্যালকাটায় রাজা মনীন্দ্র রোডের প্রজা সঙ্ঘের জয়েণ্ট সেক্রেটারী শ্রীযুক্ত বি, কে, মিত্র একখানা চিঠি লিখেছিলেন লোকাল সেল্‌ফ গভর্ণমেণ্টের মন্ত্রীমহাশয়ের কাছে। তার যে জবাব মন্ত্রীমহাশয় দিয়েছেন, সে জবাবটা বুদ্ধিমানের মত জবাব হয়নি। তিনি এই ভাবে জবাব দিয়েছেন

'I am directed to say that the assessment is made on the basis of rent realised by owners of structures and the tax for each bustee as a whole is realised from the owner of the land. From the administrative point of view, assessment of each hut separately and realisation of rates from individual hut-owners would offer considerable practical difficulties.'

কোন ডিফিকালটিজ নেই। পাকা দালানের এ্যাসেসমেণ্ট এবং হাটস এর এ্যাসেসমেণ্ট যদি সেপারেটলি রিয়ালাইজ করা যায় তাহলে সারা বস্তির রিয়ালিজেশন অব ট্যাক্স এর কোন

অসুবিধা হবেনা। ইলেকট্রিক লাইট যুক্ত ঘরের রেণ্ট যদি আলাদাভাবে নেওয়া যায়, তাহলে নিশ্চয়ই সেখানে কর্পোরেশন আলাদাভাবে কর আদায় করতে পারে এবং বিশেষকরে ক্যালকাটা কর্পোরেশন এর রিয়ালিজেশনএ যখন দেখছি তাদের অসুবিধা নেই। সুতরাং তাদের যদি অসুবিধা না হয়, তাহলে লোক্যাল সেলফ গভর্ণমেণ্ট ডিপার্টমেণ্ট কি করে বলেন

"would offer considerable practical difficulties"

এটা আমি বুঝতে পারছিনা, জালান সাহেব পারেনত আমাকে বুঝিয়ে দেবেন। তারপর তিনি আরও বলেছেন

'Even if a way is found for lowering the rate of tax for a bustee, it is unlikely that the occupiers of huts would get any appreciable benefit by way of reduction of rent.'

যদি রেট অব ট্যাক্স কমে যায় এবং আলাদাভাবে বাড়ী ও আলাদাভাবে হাটের উপর যদি এ্যাসেসমেণ্ট হয়ে ট্যাক্স ফিক্স আপ হয়, তাহলে রেট অব রেণ্ট কখনও রিডিউস বা কম হবে না। বিশেষকরে কর্পোরেশন থেকে একটা প্রস্তাব পাশ করেছে যে তাদের কোন অসুবিধা হবে না। কর্পোরেশনের যদি অসুবিধা না হয় তাহলে লোকাল সেল্ফ গভর্ণমেণ্টের সেক্রেটারী কেন মনে করছেন না, যে তাতে কোন অসুবিধা হবেনা? তিনি আরও বলেছেন

'As the rate of rent of huts is much lower than that of a pucca building, the actual incidence of tax on the owners of land and the owners of structures in a bustee cannot be regarded as unreasonably high.'

এটা একজন গভর্ণমেণ্টের সেক্রেটারীর মত জবাব হয়নি। সাধারণত আমরা দেখছি বস্তির মধ্যে পাকা বড় বাড়ীর পরিমাণ কম হয় এবং ছোট কাঁচা বাড়ীর পরিমাণ বেশী হয়। কিন্তু যে রেট ফিক্স আপ করা হয়েছে তাতে দেখা যাচ্ছে বস্তির হাট ওনারসদের ২৩॥ পার্সেণ্ট করে দিতে হচ্ছে আর পাকা দালানওয়ালা বাড়ীর ওনারসদের ১৮ পার্সেণ্ট করে দিতে হচ্ছে। সুতরাং এখানে রেটটা রিভিসন হওয়া উচিত বলে আমি মনে করি। সুতরাং আমি মনে করি উঁর এই পয়েণ্টে জবাবটা একেবারে নির্ব্বোধের মত হয়েছে। আমি এ সম্পর্কে জালান সাহেবের সঙ্গে দেখা করেছিলাম তিনি আশ্বাস দিয়েছেন, এ বিষয় বিবেচনা করছেন। আমি তাঁকে অনুরোধ করবো এটা একটু তাড়াতাড়ি করে ফেলুন। বর্ত্তমানে ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট যেভাবে জমি বিক্রয় করছে, তাতে মধ্যবিত্তদের পক্ষে জমি কেনা অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। এ বিষয়ে তাঁদের কাছে অভিযোগ করা হয়, তাঁরা বলেছিলেন ভবিষ্যতে দেখবেন যাতে মধ্যবিত্তরা জমি পায়, তার ব্যবস্থা করবেন। কিন্তু এ পর্য্যন্ত আমরা সেদিক দিয়ে কোন কিছুই দেখতে পাচ্ছি না। বেলেঘাটায় ৬ হাজার টাকা এক কাঠা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের জমি অকসানএ ১৪ হাজার টাকায় বিক্রি হয়েছে। তাহলে মধ্যবিত্তরা জমি কিনবে কি করে? শেষকালে মধ্যবিত্তদের কলকাতা ছেড়ে, বাইরে চলে যেতে হবে। গভর্ণমেণ্টের উচিত ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টকে নির্দ্দেশ দেওয়া যে মধ্যবিত্তরা যাতে জমি কিনতে পারে সেই রকমভাবে জমির দাম ফিক্স করুন এবং জমি অকসানএ যেন না দেওয়া হয়। অবশ্য অকসানএ জমি বিক্রয় করলে ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট টাকা বেশী

পাবেন, কিন্তু মধ্যবিত্ত জমি পাবেন না। সুতরাং এ বিষয় যদি মাননীয় মন্ত্রীমহাশয় একটু গভীরভাবে চিন্তা করে দেখেন এবং ইম্প্রুভমেণ্ট ট্রাষ্টের সঙ্গে পরামর্শ করে একটা ব্যবস্থা করেন তাহলে আমি খুব আনন্দিত হবো। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Shri Bankim Mukherji :

সভাপতি মহাশয়, ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট যেভাবে, যে নীতিতে জমি বিক্রয় করছেন তাতে করে বাঙালী মধ্যবিত্ত সমাজকে কলকাতা ছাড়া করবার নীতি তাঁরা অনুসরণ করে চলেছেন। গত বছর আমি যখন এ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি, তখন মন্ত্রী মহাশয় এই বলে আমাদের আশ্বাস দিয়েছিলেন যে এবার থেকে আমরা এসম্পর্কে কিছু কিছু ব্যবস্থা করবার চেষ্টা করবো, বিশেষ করে যাতে মধ্যবিত্তরা জমি পায় তার ব্যবস্থা করবো। কিন্তু এই মাত্র শুনলেন গণেশ ঘোষ মহাশয় বললেন—বেলেঘাটা স্কীমে যেসব জমি বিক্রয় হচ্ছে তার দাম প্রায় ১৪।১৫ হাজার টাকা প্রতি কাঠা। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট যেটা হচ্ছে আধা সরকারী সংস্থা, তাকে ল্যাণ্ড স্পেকুলেশন করবার অধিকার কেন দিচ্ছেন। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি তাঁদের জমি-টমি ঠিক করতে এত খরচ আসে কোথা থেকে ? তাঁরা জমি তৈরী করেন তারপর সেই জমির একটা রিজার্ভ প্রাইস থাকে, একটা হিসেব করে তার দর, প্রাইস ঠিক করা হয়, তার উপরে দেওয়া হয় নীলাম করতে। তার মানে হচ্ছে ল্যাণ্ড স্পেকুলেশন, তাহলে গভর্ণমেণ্ট রেণ্ট কণ্ট্রোল করেন কি করে ?

[6-50—7 p.m.]

সেখানেও বাড়ীওয়ালা হায়েষ্ট বিডারকে টেনেণ্ট দিতে পারেন। রেণ্ট কণ্ট্রোল যে নীতিতে করা হয়, তাতে ভাড়াটের পক্ষে অসম্ভব হয়ে পড়েছে ভাড়া বাড়ীতে বাস করা, যেভাবে ভাড়া বেড়ে চলেছে। কণ্ট্রোল করতে হয় ফুড্ সম্বন্ধে—পারুন আর না পারুন, মাঝে মাঝে চেষ্টা করতে হয়। না পারলে ডেলি রেশান দিতে হয়। ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট একটা মস্ত বড় ব্যাপার। সেখানে দরকার শতকরা ৮০ জন মধ্যবিত্ত বাঙ্গালীর জন্য রিজার্ভ করা। আমি জানি রিজার্ভ করা ব্যাপারে সরকারী ও আধা সরকারী দপ্তরে অনেক প্রকার ঘুষ-ঘাস—নানা রকম নেপোটিজম্ চলবে। সেখানে যদি রোধ করবার ব্যবস্থা হয়, দেখা হয়, তাহলে উপায় আছে, সেখানে আমাদের সহযোগিতা নিতে পারেন—কি করে জমি দিতে পারেন।

গত বছর আচার্য্য সত্যেন বোসকে বিজ্ঞান মন্দিরের জন্য জমি দেওয়ার কথা। আজও তিনি জমি পান নাই। তিনি ঈশ্বর মিল লেন অঞ্চলে থাকেন। সেই অঞ্চলে গার্লস স্কুল এর জমি দেওয়া হয়েছে, বয় স্কাউটএর জন্য তিন চার কাঠা জমি দেওয়া হয়েছে। ভাল কথা—ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টএর জমি দেওয়া ঠিক হয়েছে। কিন্তু আচার্য্য বোসকে কেন জমি দেওয়া হয় নাই ? আজকে বলবো—যে কথা মন্ত্রী মহাশয় বলছেন—আমাদের এত খরচ হয়, তা তুলতে হবে। খরচ হয় কি করে জানেন ? অযথা দাম দিয়ে স্কীম ৪৪এ এবং হেমেন্দ্র প্রসাদ ঘোষ—আরও অন্যান্য লোক মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করেছেন। ল্যাণ্ড রিকুইজিশান থেকে খাটাল, বস্তী প্রভৃতি ছিল—১ লক্ষ ১৮ হাজার টাকা দাম দেওয়া হয়েছে, নীলাম করবার জন্য তার দাম ১০।১৫ হাজার টাকার বেশী হয় নাই। কি হিসেবে হয় ? ওঁরা বলবেন ল্যাণ্ড রেভিনিউ, ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের একটা ঘরে অফিস, সেখান থেকে ইভেলুয়েশন করা হয়।

ল্যাণ্ড এক্যুইজিশান কালেক্টর করেন, পার্টি করেন যদি জিনিষ ঠিক হয়। কেন এইরকম দাম হয়। ট্রাকচারের দাম হয়েছিল, যেখানে বে-আইনী ট্রাকচার করেছিলেন, তার জন্য দাম হয়, জমির জন্য দাম হয়, আর দুধের ব্যবসা উঠে যাচ্ছে, কর্পোরেশন স্যাংশানএর জন্য দাম হয়, গুড উইলএর জন্য দাম হয়—ব্যবসা করবে। এই ট্রাকচার উঠে যাবার পর সেখানে গরু রাখছে, নোংরা করছে। বার বার এবিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা সত্বেও তা রয়েছে। এ জিনিষ কি করে হয়? আপনাদের দপ্তরের কর্মচারীদের ঘুষ দিয়ে,—জানিনা বস্তীর মালিকের প্রভাব আছে কি না, সেখানে কিনবার জন্য উচু দাম হয়। নিজেদের সগোষ্ঠীর দ্বারা খরচের দোহাই দিয়ে দাম বাড়িয়ে দেওয়া হয়। রিজার্ভড প্রাইসএ খুব উচু হলে চার পাঁচ হাজার কাঠা হয় তার উপর যদি নীলামে চড়িয়ে দেন তাহলে কলকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট কিসের জন্য? কলকাতা বাঙ্গালীর শহর, বাঙ্গালীর জন্য সুন্দর শহর ধীরে ধীরে গড়ে উঠেছে। সেই সুন্দর শহর থেকে যদি বাঙ্গালী নির্বাসিত হয়, তাহলে আমাদের এই সুন্দর শহর কলকাতার লাভ কি? সেই দিকে কলকাতা চলেছে। মধ্যবিত্ত বাঙ্গালীর পক্ষে সম্ভব নয়—আর এই কলকাতাতে জমি কিনতে পারেন। সৎ ব্যবসায়ীদের পক্ষেও সম্ভব নয়। একমাত্র তাঁরাই পারেন—১৫ হাজার টাকা কাঠা কিনতে, তাঁদের পক্ষেই কেনা সম্ভব, যাঁরা কালো বাজারে প্রচুর টাকা মুনাফা করেন, ট্যাক্স ফাঁকি দেন, তাঁদের পক্ষেই একমাত্র সম্ভব হতে পারে ১৪।১৫ হাজার টাকা কাঠা—কেনা। তার জন্যই বলছি—সরকার থেকে নির্দেশ দেওয়া হোক, রিজার্ভ করে রাখা হোক—শতকরা ৮০ ভাগ জমি, যাতে করে মধ্যবিত্ত বাঙ্গালী সেটা পায়। তার জন্য প্রয়োজনীয় আইনকানুন করুন। এইরকম ভাবে প্রিসার্ভ না করতে পারলে এই শহরের প্রয়োজন নাই। এই শহর যদি আমাদের হাত থেকে চলে গেল, অন্য লোকে বাস করতে লাগলো, তাহলে পর এই শহরের ইমপ্রুভমেণ্ট হোক বা না হোক্ তাতে আমাদের কিছুই আসে যায় না। এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আশাকরি সরকার এবিষয়ে যথাযথ মনোযোগ দেবেন। আমরা বারবার এ কথা তুলেছি। প্রতি বছর বাজেট আলোচনা প্রসঙ্গে এবিষয়টা বলা সত্বেও, আমার মনে হয়—সরকার এ সম্বন্ধে কোন দৃষ্টি দিচ্ছেন না, তাঁদের কোন চিন্তাই নাই। আমার ধারণা—যতক্ষণ না কোন বিক্ষোভ হয়, ততক্ষণ সরকারের চৈতন্য হয় না।

The Hon'ble Iswar Das Jalan: Sir, I have got very little time at my disposal. I am sorry I will not be able to deal fully with the matters which have been referred to by the honourable members of this House. I will only touch the salient points and give my views thereon. The question of municipalities is really a serious one Costs have increased enormously. The income has not increased in that proportion. That is the main reason why the municipalities have come to grief. There is one more additional reason that, so far as urban areas are concerned, the general policy has been to prefer inprovement of the rural areas first rather than the urban areas. The First Five-Year Plan and the Second Five-Year Plan they have been bestowed more attention to the money being spent in rural areas rather than in urban areas, and rightly so, because we have got a vast rural population whose needs have got to be looked into first and that has to be given priority. The difficulty is this that we want road and in order to repair one mile of road and thorougly repair in the black tops it costs 60 to 70 thousand rupees per mile. Our

resources are limited. The State spent about twenty crores of rupees during the five-years plan on roads Naturally, the major portion—about 17 or 18 crores had to be spent in rural areas and only a crore of rupees was allotted for the improvement of the urban roads. The Government decided for the first time in the Second Five-year plan that, so far as the roads are concerned, the Government will bear two-third and one-third will have to be borne by the municipality. I must confess that the amount which is allotted is not sufficient and there are also other practical difficulties in actually implementing it. Sometimes the one-third money is not deposited in time by the municipality. Sometimes other difficulties arise.

Similarly, with regard to water supply. Naturally, water supply in urban are is a great necessity but the allotment is made by the Central Government. Under the National Water Supply Extension Scheme one cannot make any allotment in the whole of the Second Five-year Plan The total allotment for urban water supply was about two crores of rupees which is not sufficient. Our estimate is that it will require about fifteen crores of rupees to be spent before we can give only the water supply in the urban areas. The Third Fiye-Year Plan is also in the offing. I do not know how much money will the Centre be in a position to allot. Moreover, you see there is also one limitation. All the departments want money to be allotted to the respective department and naturally there is a share only which is available for a particular purpose. So far as water supply is concerned, it is a matter which is dealt with by the Health Department—not by my department. Six crores were wanted for water supply. As a matter of fact, when the Second Five-Year Plan was being considered, our total demand was five crores of rupees but the Centre gave only two crores. Therefore, it is not a question of our demand. It is a question of the Centre's allotting that amount to us.

So far as sewerage and drainage is concerned the Centre's policy is that the Government will glve a loan only for sewerage not for drainage. Now the amount which is required for seweage is about forty crores of rupees and not less than that. That amount is not available.

[7—7-10 p.m.]

We are therefore concentrating upon the question of water-supply first before we take up the drainage question, because water-supply is more urgently neces sary than drainage. These are some of the difficulties with which we are faced We have not got unlimited resources at our disposal though I agree with the members of the Opposition that more money should be allotted for the supply of at least drinking water to the urban areas and for the improvement of roads which are in great need at present. The roads have not been repaired and it is beyond the capacity of the municipality to repair the roads.

So far as the general finance of the municipality is concerned, the difficulty is partially due to the municipal administration itself and partly due to the paucity of funds. I do not for one moment say that if you collect 100 per cent of your tax you will be able to meet the requirements of the urban area. I do not say that, but whatever the amount of tax is there you have got to realise it,

You cannot say 'I cannot realise the money, but still I must get the money'. That is not possible. There are difficulties of assessment, etc., no doubt and there are other administrative difficulties about our municipal bodies which I need not dilate at length at present. Therefore, we have to improve the administration of the municipalities to get the maximum results, and at the same time we have got to strive our best to more funds for those amenities like water-supply, drainage, roads, etc. We are trying our best to get as much money as possible. My friends want that there should be no taxation, but money should come from above. That is a very difficult proposition unless we are going on begging from the whole world. The question is the same whether for those local amenities the whole of West Bengal should contribute or whether the municipalities should also contribute a portion. Take for instance, the Minimum Wages Act. In the Minimum Wages Board there were five representatives of the municipalities and five representatives of labour. They came to an agreed conclusion that this should be the minimum wage. When they calculated the figures it was found that the amount will be about Rs. 50 lakhs per year. It was beyond the capacity of the Municipalities to pay. But they agreed to it and after the agreement it was impossible for the Government to interfere. Government had to accept the position. When it was found that the municipalities which had committed to this amount were not in a position to pay, it was decided that the Municipalities should pay at least one-third, so that they may realise before committing to anything that they are not committing on behalf of the State but on behalf of themselves. Therefore, the question is what should be the judicial distribution between the municipality and the state meaning thereby which portion of the tax will be borne by the local people and which portion will be borne by the whole of the people of West Bengal, because every money that belongs to the Government belongs to the whole people of West Bengal. That is the principle which is involed and as a result the Government has to pay about Rs.32 lakhs per year in order to meet the two-thirds of the Minimum Wages.

Another point has been made with regard to the increased establishment cost. That is perfectly true. I have seen, in the case of the Howrah Municipality, that whenever there has been more collection, it is followed by a Tribunal award.

Shri Jagat Bose : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Basant Lal Chatterjee : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Satyendra Narayan Mazumdar : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Phakir Chandra Roy : Sir, I beg to move that the demand of Rs. 8,0987,000 for expenditure under Grant. No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Jatindra Chandra Chakaverty : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Dr Pabitra Mohan Roy : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Pramatha Nath Dhibar : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Gobinda Charan Maji : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No . 17 , Major Head "29-Police" be reduced Rs. 100.

Shri Panchugopal Bhaduri : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29.Police" be reduced by Rs. 100.

Dr. Kanailal Bhattacharya : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Hemantakumar Basu : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by by Rs. 100.

Dr Ranendra Nath Sen : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Sitaram Gupta : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Rabin Mukherjee : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Haran Chandra Mandal : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Ramanuj Haldar : Sir I beg to move that the demand of Rs. 8,09.87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Sisir Kumar Das : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Dr. Jnanendra Nath Majumdar : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No, 17, Major Head "29-Police" be reduced Rs. 100.

Shri Hemanta Kumar Ghosal : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Bankim Mukherji : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Jyoti Basu : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri S. A. Farooquie : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Somnath Lahiri : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Greant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Syed Badrudduza : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Gopal Basu : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 8,C9,87,(00 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri B. P. Jha: Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Mihir Lal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 8,C9,87,CCC for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Samar Mukherjee: Sir, I beg to move that the demand of Rs. 8,09,87000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Ry. 100.

Shri Bhakta Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 cor expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that the pemand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Dhirendra Nath Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police' be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Basu: Sir, I beg to move that the demand of Rs. 8,09, 87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police be reduced by Rs. 100.

Shri Bhupal Chandra Panda: Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shrimati Labanya Prova Ghosh : Sri, I beg to move that the demand of Rs. 8,09,87, 000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Pravash Roy : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Bejoy Krishna Modak : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Roy : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Dr. Hirendra Kumar Chetterjee : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Dhiren Dhar : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Tarapada Dey : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Bhadra Bahadur Hamal : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced dy Rs. 100.

Shri Taher Hussain : Shir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Saroj Roy : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Sunil Das : Sir, I beg to move ihat the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Rama Shankar Prasad : Sir I beg to move that the demand of Rs. 8, 09, 87, 000 for expenditure under Grant No. 17, Major head "29-Police" be reduced by Rs. 100,

Shai Deo Prakash Rai : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29-Police" be reduced by Rs. 100.

Shri Suhrid Mullick Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Haad "29-police" be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh :

মিষ্টার স্পীকার স্যার, আজ পুলিশ মন্ত্রীর মুখে

elaborate arrangements, Forensic laboratory, Police dogs are rendering valuable assistance, Wireless vans are giving valuable service.

প্রভৃতি অনেক বড় বড় কথা শুনলাম। তাঁর বক্তৃতা শুনে মনে হল যে বাংলাদেশে চুরি ডাকাতি, হত্যা এবং অন্যান্য অপরাধ আর হচ্ছে না—সব ঠাণ্ডা হয়ে গেছে। এ ছাড়াও তিনি কম্পেয়ার করে দেখিয়েছেন যে পুলিশ খাতের ব্যয় বছর বছর এই ১২ থেকে ১১ এবং তারপর ৯ এইরকম করে ক্রমেই কমে আসছে। কিন্তু বাজেট বইতে ডাঃ রায় অর্থাৎ যিনি মেইন হোম মিনিষ্টার তাঁর কাছ থেকে যা পেয়েছি সে সম্পর্কে আপনার কাছে বলতে চাই যে পুলিশ খাতের ব্যয় বেড়েই চলেছে। গত ৫ বছরের অর্থাৎ সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যান এ যদি আমরা হিসেব করি তাহলে দেখব যে পুলিশ মন্ত্রী যা বলেছেন আর বাজেট বইতে যা রয়েছে তার মধ্যে কতটা সত্য আছে। ১৯৫৫ ৫৬ সালে পুলিশের খাতে ব্যয় হয়েছিল ৬ কোটি ৬১ লক্ষটাকা, ১৯৫৬-৫৭ সালে তা বেড়ে হয়েছে ৭ কোটি ১৩ লক্ষ টাকা, ১৯৫৭-৫৮ সালে তা বেড়ে ৭ কোটি ৭৬ লক্ষ টাকা, ১৯৫৮-৫৯ সালে তা বেড়ে ৭ কোটি ৮৪ লক্ষ টাকা, ১৯৫৯-৬০ সালে রিভাইজড বাজেটে ৮ কোটি ৩ লক্ষ টাকা—আমি ভাঙ্গাচোড়া অঙ্কগুলি বলছিনা এবং এ বছর অর্থাৎ ১৯৬০-৬১ সালের বাজেট এষ্টিমেট হচ্ছে ৮ কোটি ৯ লক্ষ টাকা। কিন্তু আগামী বছরের বাজেটে শুধুমাত্র পুলিশ খাতে যে ব্যয় হবে সেটা যোগ দিয়ে বলা হয়েছে ৯ কোটি ২০ লক্ষ টাকা। তারপর বাজেট বুক এ দেখছি এর সাথে পুলিশ খাতের ব্যয় ঢুকিয়ে দেওয়া হয়েছে, যেমন

Grant No. 43-63 Extraordinary charges in India for extra Police force

৩৩ লক্ষ ২৪ হাজার টাকা,

Grant No 37. Miscellaneous—other Expenditure—Expenditure on Miscellaneous force

৩৯ লক্ষ ১০ হাজার টাকা। কাজেই এই সব ধরে পুলিশ খাতে মোট ব্যয় হচ্ছে ৯ কোটি ৯২ লক্ষ অর্থাৎ প্রায় ১০ কোটি টাকা। পশ্চিম বাংলার জনসাধারণের সংখ্যা যদি ২ কোটি ৮০ লক্ষ ধরি তাহলে আমরা দেখব যে মাথাপিছু ৩।/০ আনা এই পুলিশের জন্য ব্যয় হচ্ছে। তারপর ক্রিমিন্যাল ইনভেষ্টিগেশান ডিপার্টমেণ্ট সম্বন্ধে ইলাবরেট এ্যারেঞ্জমেণ্ট অর্থাৎ পুলিশ ভ্যান, পুলিশ ডগস প্রভৃতি নানারকম বড় বড় কথা শুনলাম। কিন্তু এই ক্রিমিন্যাল ইনভেষ্টিগেশান ডিপার্টমেণ্টের ব্যয় কিভাবে বেড়েছে শুনুন। এই সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যান পিরিয়ড এ অর্থাৎ ১৯৫৫-৫৬ সালে ছিল ২৬ লক্ষ ২৬ হাজার, ১৯৫৬-৫৭ সালে ২৭ লক্ষ ২৮ হাজার, ১৯৫৭-৫৮ সালে ২৭ লক্ষ ৯৭ হাজার, ১৯৫৮-৫৯ সালে ২৮ লক্ষ ২৮ হাজার,

১৯৫৯-৬০ সালে রিভাইজড বাজেটে ২৮ লক্ষ ৮৬ হাজার এবং বর্ত্তমান বছরের বাজেট এষ্টিমেট হোল ২৯ লক্ষ ২৭ হাজার। কোলকাতা পুলিশের খাতেও যে ব্যয় বেড়েছে তা আমরা এই সেকেণ্ড প্ল্যান পিরিয়ডে দেখতে পাই। যেমন, ১৯৫৫-৫৬ সালে ছিল ১ কোটি ৭৮ লক্ষ, ১৯৫৬-৫৭ সালে ১ কোটি ৮২ লক্ষ, ১৯৫৭-৫৮ সালে ১ কোটি ৯৩ লক্ষ, ১৯৫৮-৫৯ সালে ১ কোটি ৯৪ লক্ষ ৭৩ হাজার, ১৯৫৯-৬০ সালের রিভাইজড বাজেটে ২ কোটি ২ লক্ষ এবং বর্ত্তমান বছরে অর্থাৎ ১৯৬০-৬১ সালের এষ্টিমেট হচ্ছে ২ কোটি ৩ লক্ষ টাকা।

কোলকাতায় স্থায়ী অধিবাসীর সংখ্যা যদি ৩০লক্ষ ধরি তাহলে এদের প্রতি মাথা-পিছু পুলিশের জন্য ব্যয় হচ্ছে ৬৸০ আনা। এই হিসেব থেকে দেখতে পাই সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যানে ১৯৫৫-৫৬ সালের তুলনায় বর্ত্তমান বছরে পুলিশের খাতে মোট ব্যয় বেড়েছে ৫ কোটি ১ লক্ষ টাকা। এইভাবে ক্যালকাটা পুলিশের জন্য ৮৫ লক্ষ ৯৫ হাজার টাকা এবং ক্রিমিন্যাল ইনভেষ্টিগেশান ডিপার্টমেণ্টের জন্য ১০ লক্ষ ৩৬ হাজার টাকা ব্যয় বেড়েছে। এছাড়া হাতী ঘোড়া অনেক কিছু আছে—অনেকে হয়ত সেকথা জানেন না। অর্থাৎ ফর পারচেজ অফ মটর কারস, বোটস, হরসেস, এলিফেণ্ট ইত্যাদির জন্য ব্যয় অনেক বেড়েছে এই খাতে ব্যয় বাড়ার নমুনা দেখুন ১৯৫৫-৫৬ সালে ২২ লক্ষ ৯২ হাজার টাকা যেটা ছিল সেটা ১৯৫৯-৬০ সালে ৩০ লক্ষ ৩৬ হাজার টাকা হয়। অর্থাৎ এই ৫ বছরে আমরা ১৮ লক্ষ ৩৮ হাজার টাকার হাতী ঘোড়া কিনেছি।

(শ্রীযুক্ত নেপাল রায়: হাতী ঘোড়া কি ?)

সেটা হচ্ছে

For purchase of motor cars, boats, horses, elephants etc.

পশ্চিম বাংলার পুলিশ বাহিনীর লোক সংখ্যা সঠিক আমরা জানিনা। অবশ্য ব্লু বুক থেকে যে ফিগার পেয়েছি তাতে অনেক বাদ দিয়ে সেই ফিগার মোটামুটি দাঁড়াচ্ছে ৪৫ হাজার। পশ্চিম বাংলার মোট আয়তন হচ্ছে ৩০ হাজার ৭৭৫ স্কোয়ার মাইল। সুতরাং গড়ে প্রতি বর্গ মাইলে ১½ জন করে পুলিশ আছে এবং লোক সংখ্যা যদি ২ কোটি ৮০ লক্ষ হয় তাহলে প্রতি ৬২২ জনে একজন করে পুলিশ আছে এবং মাথাপিছু আমরা ট্যাক্স দিচ্ছি ৩৷৴০ আনা। এই তো গেল একদিকের ছবি, এবার আর এক দিককার কথা শুনুন।

Mr. Speaker Sir, elaborate arrangements of Police dogs, Police vans

ইত্যাদি হচ্ছে এবং এই খাতে বছর বছর ব্যয়ও বেড়ে চলেছে কিন্তু ক্রাইম পজিশান কি সেটা দেখলেই সব বোঝা যাবে। ১৯৫৯ সালের যে রিপোর্ট সেই রিপোর্ট থেকেই দেখতে পাচ্ছি

There was more than one murder a day in West Bengal Districts last year the total being 425 in 1959. The rate of dacoity during 1959 was also more than one a day although the total number of robbery was 585. On an average 24 burglaries took place every day.

[3-30—3-40 p.m.]

ইলাবোরেট এ্যারেঞ্জমেণ্ট পুলিশ ডগ্‌স, রেডিও ভ্যান্স ইত্যাদি অনেক কথা শুনলাম এখানে। ১৩ই ফেব্রুয়ারী ষ্টেটম্যান যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্ট থেকে বলছি

Over one murder a day 1959. Statistics

থেকে আমরা জানতে পারলাম কলকাতার অবস্থা আরও খারাপ। কলকাতার খবর হচ্ছে

There were 8316 incidents in Calcutta in 1959 including 34 murders, 4191 thefts, 24 robberies, 768 cases of pickpockets, 908 thefts by servants, 546 motor cycle thefts, 570 cycle thefts, 570 motor car parts. The 1959 Crime figure is 10 p.c. more than that of 1958.

পুলিশ মন্ত্রীর কাছ থেকে প্রায় আধ ঘণ্টা ধরে আর একটা রিপোর্ট আমরা শুনলাম—২৪ পরগণা জেলার খবর মিঃ স্পীকার, স্যার, ঠিক এই রকমই। ষ্টেট্‌স্‌ম্যান বলছে ৯ই ফেব্রুয়ারী পুলিশ রিপোর্ট থেকে—

If Government Statistics are any guide thefts and burglaries have been increasing in numbers in 24 Parganas districts since 1950. Number of dacoities in 1959 was 122, it means about 1 in every 3 days. Number of murders in 1959 was 94, i. e. one in hevery 4 days.

এই হচ্ছে ২৪ পরগণার খবর। এই সব রিপোর্ট থেকে সাধারণ মানুষের এই ধারণা হয় যে পুলিশের অযোগ্যতা ক্রমশঃ বেড়ে চলেছে এবং যে পরিমাণে খরচ বেড়ে চলেছে সেই পরিমাণে পুলিশের অপদার্থতা এবং অযোগ্যতা বেড়ে বেড়ে চলেছে। পুলিশ বিভাগের এই রিপোর্ট আরও বিস্তৃতভাবে আগে গিয়ে পুলিশ মন্ত্রীর কাছে পৌঁছে যায় আর আমরা খবরের কাগজ দেখে এই খবরগুলি জানতে পারি। কিন্তু এসম্পর্কে কালিপদবাবু কোন ব্যবস্থা করেছেন কি? ২৪ পরগণা জেলায় ক্রাইম বেড়েছে, কলকাতায় ক্রাইম বেড়েছে, সারা বাংলাদেশে ক্রাইম এবং মার্ডার বেড়েছে। ২৪-পরগণায় প্রতি ৪ দিনে ১ টা মার্ডার হয়, সেটা বন্ধ করবার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন তা আমাদের কাছে বলবেন কি? পুলিশের অপদার্থতা, পক্ষপাতিত্ব, জনস্বার্থ বিরোধী কার্যকলাপ সম্পর্কে বিরোধীপক্ষ থেকে প্রতি বছর সরকারের কাছে বলা হয়, লেখা হয়। সেগুলি সম্বন্ধে কালিপদবাবু কি ব্যবস্থা করেছেন? কোন অনুসন্ধান করেছেন কি? মিঃ স্পীকার, স্যার, বিচারপতি পুলিশ ম্যাজিষ্ট্রেটরা অনেক সময় পুলিশের বিরুদ্ধে কঠোর মন্তব্য করেন। কয়েকমাস আগেকার একটা কথা আপনার কাছে বলব—

Government Ctores of the State Publicity Department 5 Haji Mohammed Mohsin Square, Calcutta

সেখান থেকে গ্রামোফোন মেসিন চুরি যায়। এই ঘটনাসংক্রান্ত মামলার বিচারের সময় প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট এস. এন. স্যান্যাল মন্তব্য করেছেন—

"I cannot help observing that the investigation in the present case has not been properly made. Proper attempt should have been made to trace the mysterious journey of the gramophone machine from the Govt. Stores to the shop in question."

তিনি আরো বলছেন

"Definite allegations were made against Store Keeper Aurobindu Sen. In a letter of complaint written by Mr. Mathur Director, of Publicity to the investigaing officer. S.I.Chatterjee of the Criminal Intelligence Section, Detective Dept., as also by an employee of the shop at the time of its search. Had

the investigation been directed to its proper course real facts would have been brought to book and person or persons would have been brought to book."

আমি জিজ্ঞাসা করি কালিপদবাবু কি এই রিপোর্ট পড়েছেন ? উনি কি খবরটা জানতেন না ? যদি জানেন তাহলে এস্. আই. চ্যাটার্জি, ডিটেক্টিভ ডিপার্টমেণ্ট তার সম্বন্ধে কি ষ্টেপ নিয়েছেন আমাদের বলুন। আমরা শুনে খুব বাধিত হই এবং ইলাবোরেট এ্যারেঞ্জমেণ্ট সম্বন্ধে খুব খুশী হয়ে যাই। মিঃ স্পীকার, স্যার, আর একটা খবর আপনাকে বলব—চন্দননগরের ঘটনা। কিছুদিন আগেকার কথা—পুলিশদের পৃষ্ঠপোষিত স্থানীয় কুন্ত ঘাটের রেজিসট্যান্স গ্রুপের লোকেরা ব্যক্তিগত আক্রোশে নিরপরাধী ব্যক্তিকে মার-ধোর করে জোর করে থানায় নিয়ে যায়। এই মামলার রায় দান প্রসঙ্গে পুলিশ ম্যাজিষ্ট্রেট মিঃ এম. সিন্হা রায়ে বলেছেন

"The evidence of the Police officer makes strange reading. He interpolated some most important facts in the General Diary, afterwards which he admits and by way of an explanation he says that he made the mistake as he was feeling drowsy. It is time that the country should be ashamed of such officers".

আমি জিজ্ঞাসা করি আমাদের পুলিশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীকে তিনি কি এ খবর জানেন, এই সমস্ত রিপোর্ট জাজমেণ্টগুলি তিনি কি পড়েছেন—যদি পড়ে থাকেন তাহলে যে পুলিশ অফিসার এই রকম ফিলিং ড্রাউজি হয়ে জেনারেল ডায়ারীর মধ্যে কতকগুলি কথা পরে গুঁজে দিতে পারেন তাঁর সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন ? তিনি এখনও পুলিশ বিভাগ শোভা করে আছেন না কি—এটা একটু জানতে চাই। সরকারের ম্যাজিষ্ট্রেট পর্য্যন্ত যে পুলিশ অফিসারের কথা বলতে গিয়ে বলেন যে দেশের কলঙ্ক, লজ্জা হওয়া উচিত তাঁর সম্বন্ধে কি ব্যবস্থা হয়েছে আমরা নিশ্চয়ই একটু তা জানতে চাই। আর একটা ঘটনা আমি উল্লেখ করবো মিঃ স্পীকার স্যার, গতবছর মার্চ মাসে বড বাজারে একজন কর্পোরেশন স্কুল শিক্ষককে ট্যাব করা হয়। এটা বিচারের পর রায়দান প্রসঙ্গে প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মিঃ এম. রায় গত ১লা ডিসেম্বর বলেন

"I have been left wondering as to how the safety of human life and property would be safe at the hands of such an officer who could only be made to act after the complaint reached higher levels".

অর্থাৎ উপরদিকে খোঁচা দেয়ার পরে তারপর পুলিশ অফিসাররা মুভ করতে আরম্ভ করেন। এসম্বন্ধে আরো কতকগুলি কথা আছে, আমার সময় বেশী নেই বলে আমি সেগুলি আর বলবো না কিন্তু আমি জিজ্ঞাসা করি আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রীকে যে তিনি এই রায়টা পড়েছেন কি ? মিঃ স্পীকার স্যার, আমি আর একটা উল্টো ছবি আপনাকে দিচ্ছি এতো শুনলেন উপর দিকে খোঁচা না দিলে নীচের দিকে কিছু হয় না। আমি আর একটা খবর বলি—১৯৫৭ সালের আগষ্ট মাসে কালীঘাট এলাকার একজন শিক্ষিকার বাড়ীতে দিবার বেলায় চুরি হয়, ডেয়ারিং থেফট। ভারপ্রাপ্ত পুলিশ অফিসার ডিটেকটিভ ডিপার্টমেণ্টের মিঃ চ্যাটার্জি—তিনি এসম্বন্ধে অনুসন্ধান করছিলেন। কয়েক মাসের মধ্যে কখন কিছু হলনা তখন সেটা ডাঃ রায়ের নজরে আনা হয়। ডাঃ রায় অবশ্য সংগে সংগে রিপোর্টটি চেয়ে পাঠান কিন্তু এটাই হল কাল। যেই ডাঃ রায় রিপোর্ট চেয়ে পাঠালেন ওমনি সেই ডিটেকটিভ ডিপার্টমেণ্টের ইনসপেক্টর কিম্বা সাব ইনসপেক্টর কোন ইনভেষ্টিগেট

করছিলেন, তিনি এটওয়াজ তাঁর কাজ বন্ধ করে দিলেন। তিনি মনে করলেন ঘোড়া ডিঙ্গিয়ে ঘাস খাওয়া হচ্ছে। ইনভেষ্টিগেশন তিনি আর কন্টিনিউ করলেন না, তিনি মনে করলেন ডাঃ রায়ের কানে যখন আনা হয়েছে তখন বাদবাকী ইনভেষ্টিগেশন ডাঃ রায়ই করবেন—এটা জেনে রাখুন মিঃ স্পীকার, স্যার, এবং আজ পর্য্যন্ত সেই চুরির কোন সুরাহা হল না। সুতরাং আমরা কোন দিকে যাবো উপরদিকে গিয়ে তদ্বির করানো হবে না নীচের দিকে তদ্বির করানো হবে তা আমরা বুঝতে পারছিনা—আমাদের একটা পথ বলে দিন। এই যে বিচার বিভাগ থেকে কঠোর মন্তব্য করা হয়েছে, আমাদের বিশ্বাস এসম্পর্কে পুলিশমন্ত্রী কোন কিছুই করেন নি এবং আমাদের ধারণা পুলিশমন্ত্রী এবং সমগ্র মন্ত্রীসভা এই যেসমস্ত অফিসারের বিরুদ্ধে এই সব মন্তব্য করা হয়েছে, তাঁদের ওঁরা খুব দক্ষ এফিসিয়েন্ট এবং খুব এনার্জেটিক অফিসার বলে বোধ হয় মনে করেন।

[3-40—3-50 p.m]

জনসাধারণের কাছ থেকে পুলিশ বিভাগ বা কোন পুলিশ অফিসারএর বিরুদ্ধে অভিযোগ পেলেও সরকার বা পুলিশমন্ত্রী সে সম্পর্কে কিছুই করে না। প্রতি বছরেই বাজেট আলোচনার সময় কাট মোশান মারফৎ বহু ঘটনার প্রতি পুলিশ মন্ত্রীমহাশয়ের নজর আকর্ষণ করা হয় কিন্তু তার কোনই প্রতিকার, যথার্থই কোন প্রতিকার হয় না। এ থেকে আমাদের বিশ্বাস হয়েছে যে কোন পুলিশ অফিসার সম্পর্কে জনসাধারণের পক্ষ থেকে অভিযোগ দায়ের করলে এই সরকার সেই পুলিশ সম্পর্কে তা ক্রেডিটএর, দক্ষতাই মনে করেন। তাদের ভালই হয় খারাপ কিছু হয় না। দু একটি ঘটনা আমি বলবো।

গত বছর মাননীয় সদস্য শ্রীঅজিত গাঙ্গুলি বনগ্রামের রেল পুলিশ সম্পর্কে ও স্থানীয় ডি. আইন. অফিসার শ্রীপৃথিশ জন্দী সম্পর্কে গুরুতর অভিযোগ করেছিলেন। কাট মোশান এর নম্বর হল ৭।৮।৯—গত বছর বাজেট আলোচনার সময় শ্রীজগৎ বসু ৫৩ নং কাট মোশান মারফৎ বেনিয়াপাড়া থানার অফিসার সম্পর্কে গুরুতর অভিযোগ করেছিলেন। মাননীয় সদস্য শ্রীরামানুজ হালদার গত বছর ১১৯ নম্বর কাটমোশান মারফৎ একটি অভিযোগ করেছিলেন ডায়মণ্ডহারবার থানার পুলিশ অফিসারের বিরুদ্ধে। আমি সেটা পড়ে দিচ্ছি —

ডায়মণ্ডহারবার থানার ৬ নং ইউনিয়ন এর অন্তর্গত হাজরবন্দ নামক দরিদ্র হরিজন পল্লীতে গত ২৪-৯-৫৭ তারিখের মধ্য রাত্রে ডায়মণ্ডহারবার থানার জনৈক পুলিশ মাতাল অবস্থায় সার্চ ওয়ারেণ্ট লইয়া উক্ত গ্রামের জনৈক হরিজন অধিবাসীর শয়ন কক্ষে কতিপয় স্বার্থ সংযুক্ত মাতাল ব্যক্তিসহ প্রবেশ করায় বাড়ীতে চোর প্রবেশ করিয়াছে মনে করিয়া চিৎকার করিলে গ্রামবাসিগণ তাড়া করিয়া উক্ত পুলিশকে ধরিয়া পুলিশ বেশে চোর মনে করিয়া তাহাকে প্রহার করিয়াছে, পরদিন এই সংবাদ প্রাপ্ত হইয়া ডায়মণ্ডহারবার থানা হইতে একদল পুলিশ ঐদিন বেলা ১০ ঘটিকার সময় উক্ত গ্রামে প্রবেশ করিয়া নির্মম নারী নিগ্রহ, রোগাক্রান্ত ব্যক্তিগণের প্রতি দুঃসহ অত্যাচার, ভীত সন্ত্রস্ত বৃদ্ধা মহিলার স্কন্ধদেশে পদাঘাত, শিশুদের খাদ্যপাত্র নিক্ষেপ, যুবতী নারীর বক্ষদেশে ঘুসি বর্ষণ, সদ্যপ্রসূতির পশ্চাদেশে সবল রুলের আঘাত, দেবালয় কলুষিত করণ প্রভৃতি নৃশংস পুলিশি অত্যাচারের অভিযোগের উপযুক্ত তদন্ত করিতে পশ্চিমবঙ্গ সরকারের উদাসীনতা।

এই সম্পর্কে কি পুলিশ অফিসারের পদোন্নতি করা হয়েছে—ইহা কি মিথ্যা? এই গুরুতর অভিযোগ যা করা হয়েছে এর কটি সম্বন্ধে পুলিশ মন্ত্রী নিজে গিয়ে খোঁজ নিয়েছেন, জবাবে আমরা জানতে চাই। দেশপ্রেম আরও বড় বড় কথা বলেন। এই যে সম্ভপ্রসূত নারী, বৃদ্ধা মহিলা এদের উপর রুলের আঘাত, বলি এরা কি এদেশের মানুষ নয় না কি? এরা ওঁদের ভাই বোন নাহতে পাবে কিন্তু আমাদেরই ভাই বোন। যেখানে এখানকার সভ্য এরকম অভিযোগ করেন সেখানে কি উচিত ছিল না মন্ত্রীমহাশয়ের খবর নেওয়া? জানিনা তিনি কি জবাব দেবেন। গত বছর বাজেট আলোচনার সময় অনেকগুলি অভিযোগ করা হয়েছিল। যে বিষয়গুলির প্রতি দৃষ্টি আকর্ষণ করা সেগুলি হল—মিলমালিকের ও জমিদারদের ভাড়াটিয়া হিসাবে পুলিশের কাজ করে, এ সম্বন্ধে ১২টি কাট মোশান ছিল। স্থানীয় কংগ্রেস নেতৃত্বের ভাড়াটিয়া হিসাবে পুলিশের অবৈধ কাজ—এসম্বন্ধে ছিল ৩টি কাট মোশান, ডায়েরী নিতে থানা অফিসারের অস্বীকার এরকম ছিল দুটি; পুলিশের প্রত্যক্ষ বা পরোক্ষ পৃষ্ঠপোষকতা জুয়াখেলা এরকম মোট ৭টি। পুলিশের প্রত্যক্ষ বা পরোক্ষ পৃষ্ঠপোষকতায় যে বেআইনী মদ চোলাই হয় এরকম ৩টি।

এই ৩১টি গুরুতর অভিযোগের মধ্যে পুলিশ মন্ত্রী নিজে কটির সম্পর্কে খোঁজ খবর নিয়েছেন, কটি সম্পর্কে তদন্তের হুকুম দিয়েছেন, আমাদের বলুন। পুলিশ হাজতে অন্যায়ভাবে মারপিট সম্পর্কে বহু কংক্রিট কেস সরকারের কাছে পুলিশমন্ত্রীর কাছে দাখিল করা হয়েছে কিন্তু একটি সম্পর্কেও মন্ত্রীমহাশয় কোন কঠোর ব্যবস্থা করেন নি। পুলিশ হাজতে অন্যায়ভাবে মারপিট সম্পর্কে বহু কংক্রিট কেসের কথা সরকারের কাছে এবং পুলিশমন্ত্রীর কাছে দাখিল করা হয়েছে সেগুলি সম্বন্ধে পুলিশ মন্ত্রী কোন খোঁজ নিয়েছেন, কোন রিপোর্ট পুলিশ কর্ম্মচারীদের কাছ থেকে চেয়ে পাঠিয়েছেন? আমরা কাল সকাল বেলায় রিপোর্টগুলি দেখতে চাই।

এখানে আমি একটি ঘটনার কথা উল্লেখ করা প্রয়োজন বলে মনে করি। গত বছর, ২৯-৯-৫৯ তারিখে সকাল বেলা চিৎপুর থানার অফিসার শ্রীহরিপদ ঘোষ, শ্রীপশুপতি মণ্ডল নামে একটি ছেলেকে বেলগাছিয়া বি, কে, পাল মাছের বাজার থেকে খপ করে ধরে। গ্রেপ্তারের সময় তাকে বাজারের গেটের কাছে প্রহার করে, থানায় নিয়ে যাবার সময় জীপের মধ্যে তাকে ভীষণভাবে প্রহার করে এবং পরে থানায় নিয়ে গিয়ে সেখানে তাকে অমানুষিকভাবে মারা হয়; ফলে ছেলেটি অজ্ঞান হয়ে যায় এবং তার সমস্ত জামা কাপড় রক্তে ভরে যায়। শিয়ালদা কোর্টের পুলিশ ম্যাজিষ্ট্রেট ছেলেটির এই অবস্থা দেখে ছেলেটিকে অবিলম্বে হাসপাতালে পাঠানর জন্য পুলিশকে নির্দ্দেশ দেন। কিন্তু পুলিশ পাঁচ দিন পরে ৩-১০-৫৯ তারিখে ছেলেটিকে মেডিকেল কলেজ বা এন, আর, সরকার হাসপাতালে না পাঠিয়ে তাকে নরদার্ণ সুবার্বণ হসপিটালএ, পাঠান হয়। সেখানে ডাক্তার অমর চ্যাটার্জী ছেলেটিকে পরীক্ষা করে যে রিপোর্ট দেন তাতে পুলিশ ভয় পেয়ে যায় এবং পরে ঐ ছেলেটির কাছে থেকে মেডিকেল রিপোর্টটা ছিনিয়ে কেড়ে নিয়ে ছিড়ে ফেলে দেয়। পরে ছেলেটির মা, শ্রীমতি দুর্গরাণী মণ্ডল তাঁর ছেলের বিষয় প্রতিকার প্রার্থনা করে এক দরখাস্ত করেন

To The Hon'ble Home Minister, Home Department, Writers Buildings and also to The Hon'ble Chief Minister, West Bengal, Writers Buildings

এবং সেই দরখাস্তের একটা কপি এ্যাড্রেসড করা হয়

to the Commissioner of Police, Calcutta on 31st December

নিশ্চয়ই এটা তাঁর চোখে পড়েছে। এ সম্বন্ধে তিনি কি তদন্ত বা অনুসন্ধাণ করেছেন? ডাঃ অমর চাটার্জীর যে রিপোর্ট, সেটা কি তিনি তাঁর কাছ থেকে চেয়ে পাঠিয়েছিলেন? এই গুরুতর অভিযোগ সম্পর্কে তিনি কি ব্যবস্থা অবলম্বণ করেছেন আমরা জানতে চাই।

ঐ চিৎপুর থানার আরও দুটি কেস সম্বন্ধে বলতে চাই। চিৎপুর থানার দারগা শ্রীকরুণা বন্দোপাধ্যায় অবৈধভাবে থানার ভিতর আসামীকে মারপিট করার জন্য তার বিরুদ্ধে অভিযোগ করা হয়েছিল। সেই অভিযোগ সম্পর্কে বিশেষ কোন তদন্তই হয়নি, যেটুকু হয়েছিল সেটা একটা প্রহসণ মাত্র। এই চিৎপুর থানার আর একজন অফিসার, সার্জেণ্ট বিশ্বাস, থানার ভিতর মারপিট করার জন্য তার বিরুদ্ধে পুলিশ কেস করা হল, কিন্তু কিছুই তার শাস্তি হলনা। ভয় এবং প্রচুর লোভ দেখিয়ে শেষে সার্জেণ্ট বিশ্বাস এই কেস কম্‌প্রোমাইজ করে ফেলতে সক্ষম হয়। পুলিশ কমিশনার বা ডেপুটি কমিশনার, কেউ কি এই সার্জেণ্ট বিশ্বাসের বিরুদ্ধে কোন ডিসিপ্লিনারী মেজার নিয়েছিলেন? এই সার্জেণ্ট বিশ্বাস আজও প্রচণ্ড দাপটে কলকাতা পুলিশের শোভা বর্দ্ধণ করছেন। দেখা যায় পুলিশ হেফাজতে মারপিট করা সম্পর্কে, পুলিশ অফিসারদের বিরুদ্ধে জনসাধারণ কেস দিলেও, সরকার কোন ব্যবস্থা করেন না। থানার ভিতরেই শুধু মারপিট নয়, কোমরে দড়ি বেঁধে, হাতকড়া লাগিয়ে রাজপথ দিয়ে হাঁটিয়ে থানায় নিয়ে যাওয়া হয়। এই কি বর্ত্তমান সরকারের নীতি? তাহলে নির্দ্দোষ, নিরপরাধ মানুষকে পুলিশ হেফাজতে অন্যায়ভাবে মারপিট করা হোক, এই কি কংগ্রেসী সরকারের নীতি? পুলিশ অফিসারদের প্রতি সরকারের কি এইভাবে নির্দ্দেশ দেওয়া আছে, এটা আমাদের খুলে বলুন। মিঃ স্পীকার, স্যার, পুলিশ বর্বরতা সম্বন্ধে অনেক কথা বলবার আছে, তাদের সম্বন্ধে অনেক ঘটনা আছে; কিন্তু সময়াভাবে সব বলতে পারলাম না।

গত ৭ই মার্চ্চ বর্দ্ধমান জেলায় গোপালপুর শিবতলা উদ্বাস্তু ক্যাম্পে পুলিশ গিয়ে মেয়েদের উপর নির্মমভাবে অত্যাচার ও লাঠিচার্জ করে, অনেকে আহত হয়, একটি মেয়ে টিটেনাসএ মারা যায়। পুলিশ মন্ত্রী রোজ খবরের কাগজ পড়েন, তিনি রিপোর্ট পান—আমি জিজ্ঞাসা করি উনি কি খবর নিয়েছিলেন মেয়েদের উপর এই রকম ইলাবোরেট লাঠি চার্জ, এতটা নিষ্ঠুর ভাবে অত্যাচার করার প্রয়োজন ছিল কিনা? এই ইলাবোরেট কথা, তাঁদেরই পেটেন্টজ। উনি কি খবর নিয়েছিলেন সেখানকার ম্যাজিষ্ট্রেট বা পুলিশ সুপারিনটেণ্ডেণ্ট এর কাছ থেকে যে এতখানি অমানুষিকতার প্রয়োজন ছিল কিনা? এবং তাঁদের এ বিষয় অনুসন্ধান করবার জন্য মন্ত্রী মহাশয় কি নির্দ্দেশ দিয়েছেন? গত ১৩ই, ১৪ই মার্চ ২৪ পরগণা জেলায় হাড়োয়া থানার বালতিয়া উদ্বাস্তু ক্যাম্পে নারীদের উপর পুলিশ নির্মমভাবে লাঠি চার্জ করে ও টিয়ারগ্যাস ছোড়ে। উনি কি এ সম্বন্ধে খোঁজ নিয়েছেন, খবর নিয়েছেন? মেয়েদের উপর এই যে নৃশংস বর্বর অত্যাচার, তার প্রয়োজন ছিল কিনা? তিনি যদি খবর নিয়ে সেটিস্‌ফাইড হন, যে এটা ঠিক হয়েছিল, তাহলে ওই মাইট ডিফার। উনি খবর নিয়েছিলেন কি, যে গত বৎসর খাদ্য আন্দোলনের সময়—যেখানে ১৪৪ ধারা জারী ছিল, তার বাইরে প্রোসেশানকে ইল্লিগাল ডিক্লেয়ার করা হল এবং কেন লোককে সঙ্গে সঙ্গে মারা হল? জ্যোতি সিনেমা এবং হগ্‌ মার্কেটের সামনে মেয়েদের চুলের মুটি ধরে রাস্তায় ছুড়ে ফেলে দেওয়া হয়েছে, এ খবর কি তিনি নিয়েছেন? আমরা শুনলাম উনি

সেই সময় কণ্ট্রোল রুমএ বসে রসগোল্লা খাচ্ছিলেন। যে সকল পুলিশ অফিসার ক্ষমতার অপব্যবহার করেন তাদের কি সাস্‌পেণ্ড করা হয়েছে? সাস্‌পেন্‌শানএর বদলে তাদের পদোন্নতি হচ্ছে। কম্‌প্লেন করলেও তার কোন প্রতিকার হয় না। পুলিশ কলকারখানার মালিক, চা-বাগানের মালিক, বড় জোতদার ও ধনী মজুতদারদের হুকুমে চলে। পুলিশ তাদের দালাল হিসাবে শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত সাধারণ মানুষের উপর অন্যায়ভাবে জুলুম করে। এ সম্পর্কে প্রত্যেক বছরই অভিযোগ করা হয়, কিন্তু তার কোন প্রতিকার হয় না। আমি এখানে আর একটা উদাহনণ দিতে চাই। গত মাসে ৫ই ফেব্রুয়ারী কুচবিহার জেলার মাথাভাঙ্গা থানার পানিগ্রাম তালুকের ভাগচাষী ছাতুরা বর্ম্মণকে জোতাদর লক্ষপতি বর্ম্মণ উচ্ছেদের উদ্দেশ্যে মারত্মকভাবে আঘাৎ করে, পিটিয়ে প্রায় মেরে ফেলে। ছাতুরা ঐ অবস্থায় থানায় গিয়ে অভিযোগ করে। কিন্তু থানার পুলিশ অফিসার ছাতুরা গরীব ভাগচাষী বলে, তাকে বাঁচাবার জন্য কোন প্রকার চেষ্টা বা সাহায্য করে না, ফলে সে পাঁচ দিন বাদে মারা যায়। পুলিশ লক্ষপতি বর্ম্মণকে আজ ও পর্য্যন্ত গ্রেপ্তার করেনি, এবং যতদিন এই মন্ত্রীমণ্ডলী আছে ততদিন পর্য্যন্ত লক্ষপতি বর্ম্মণ জীবনে গ্রেপ্তার হবে না। ভাগচাষী গরীব মানুষতাকে হাঁসপাতালে ভর্ত্তি কবা হল না, মারা গেল। কিন্তু আসামীকে গ্রেপ্তার পর্য্যন্ত করা হয় নাই। এ জীবনে আর সে গ্রেপ্তার হবে না।

এই সমস্ত দেখেশুনে আমাদের ধারণা হয়েছে—সেটা হচ্ছে এই—যে পুলিশ কমিশনেব কথা উনি বলেছেন তার দ্বারা তাকে হোয়াইট ওয়াশ করা—সে তো পুলিশকে আরো ক্ষমতা দেওয়া। কিন্তু আমরা জানি—এই পুলিশ অত্যাচাবের যন্ত্র, বড়লোকের পক্ষে গরীব লোককে অত্যাচার করার যন্ত্র। যে কথা কার্ল মার্কস একশো বছ্‌ব আগে বলেছেন, আজকে আমরা তা দেখতে পাচ্ছি, শুনতে পাচ্ছি।

[3-50—4-0 p.m.]

Shri Panchanan Bhattacharjee: Mr. Speaker' Sir, appointment of a Police Commission will have on bearing on Police administration unless the very outlook undergoes any change. We know from experience and knowledge that the per capita responsibilityof Police Officers has increased. The number of officers has remained static and a comparison between the compliment and population of Calcutta in 1939 and those in 1959 will prove that the per capita responsibility in Calcutta has increased greatly with no corresponding increase in compliments. The areas of police stations also just follow Victorian traditions and only recently we know, in the district of 24-Parganas some reallocation has been effected. On the one hand, these are the administrative difficulties which tell upon the efficiency of good officers and, on the other hand, there is a sense of frustration among the Polce people. The senior officers are occasionally found to be quarrellIng. There is a sense of rivalry prevalent in [the two sections of Police Officers. That is a known fact. There is a sense of rivalry between Calcutta Police and Bengal Police andt here is little scope for promotion and that is why frustrated officers try to make hay while the sun shines. This is going on for ever, and instances are not wanting where the old tradition is found to be rampant. Even till 1946 the duty of the

Constable was to defend the prestige of the British Empire and that is why he was used to be a *de facto* representative of the British Government. At least that mentality has not left thstough foreign rulers are not to be found. The result is, first of all, we find that the most flourishing cottage industry in our country is illicit distillation of spirit. From my experience since the last three years I have seen that in Villages even school going boys take part in this type of trade and only recently a constructive worker of Maharastra has made it clear how this type of social change is telling upon the future well-being of our country. However, we have got little or no scope with regard to that type of maladministration, viz. the difficulties created by the Excise Department through its inefficiency. But we know that illicit distillation of wine has got a good ring in and around Calcutta and in the villages even.

The Calcutta system which is a monopoly for the urban area is a peculiar one. I remember either in 1958 or in 1959 I asked the Police Minister to see that indiscriminate issue of licence for methylated spirit is stopped. As a matter of fact, there are many photo-frame binders with little or no business who have licence for enough quota of methylated spirit. They are supplied with the formula as to how to transform the methylated spirit into the rectified kind. The result is that even in Calcutta they are selling liquor at a very cheap rate, and if there is a quarrel with regard to profit—if there is some trade rivaly, the result is murder. It will invariably culminate in murder, and the story of the man who was killed just near the Burtala Police Station is the same one. I saw two or three men, because I had some connection with that area through bustee activities. They met me and told me "we know who is the murderer, but it is impossible for us to say anything about it, because the Police will not protect us," Only recently on the day of Holi festival under the jurisdiction of the Police Station of Khardah a man has been murdered in broad day light. He was a non-Bengali. The murderer was a known trader in illicit liquor. After murdering the man he at once left the place and took shelter in a nearby colony. The Police went there. The colony people threw stones on them. They left the place and the murderer made good his escape. Knowing fully well who helped the man, the name of the murderer and his whereabouts, the Police failed to do anything, because people say—and there is a known rumour, of course not with out foundation—that in trades in illicit liquor the Police have got some share in some areas, and the activities of one officer make it possible though others may not be involved in this type of nefarious activities. This is one instance.

Other instances also are not wanting. I know that Police Officers here do not get ample salary. They are also under the difficulties of the present-day unemployment, but some lucrative system of payment of bonus has been introduced for some Police people. I shall request the Hon'ble Home Minister through you, Mr. Speaker, Sir, to see that this type of payment of bonus may come through this House for approval. I am talking of the Tribeni area. Shri Byomkesh Majumdar knows the story. Perhaps Shri Bhupati Majumdar

also knows it. There is a Police Outpost there. A building has the purpose has been erected by a well-known Company. Just before the pujas once I went there and at least more than 125 to 130 men told me—only the day before the Police Officers had received the Puja bonus from the Company openly.

[4—4-10 p.m.]

It is a known fact. There everybody knows it. The shop-keepers know it. The constables employed in the Tribeni outpost have got a customary bonus. Let there be an enquiry as to how the Government Officers are paid Puja bonus by private company. When I talked to one worker a constable came and asked me not to talk like that to any of the man belonging to that particular company of Tribeni. In November, a friend of ours adressed a meeting and since then a case under section 107 I. P. C. has been instituted against him for delivering a speech. This is another type of something happening under the very nose of the Home minister. Sir, I do not know whether this is being encouraged by top officials and people who are settled in power. Sir, once I was coming by the last train from Naihati and I was alone and to men with daggers got into my firstclass com partment.I somehow escaped not being a too weak man. I did not raise any hue and cry and because once I was a wrestler and boxer they could not match me. I did not seek any police help. Such things are happening between Belghoria and Naihati every da y. Their modus operandi is peculiar. Once they approached a bridggroo m in a first clas compartment and that gentleman was robbed of everything except his underwere and undershirt. This appeared in the papers. Sir, only recently i. e., 5 months ago a notorious goonda of that area one day belaboured a senior employee of the Panihati Municipality. Another man was similarly assaulted. He was beaten on the platform of Sodepur Railway Station. The third incident is with regard to an employee of the Panihati Municipality. The fourth incident happened at 8 p. m. in a bus in route No. 78. The Vice-Chairman was seriously assaulted and passengers were threatened with daggers. Of course the Vice-Chairman has written to Kali Babu and Kali Babu has given a nice answer to that latter and same things are happening and we do not know when this will stop. As a matter of fact I have been told by the people there that it is impossible for a gentleman nowadays to move with any belonging of value or to move with a girl, even during day time. That is the position there.

There is another type of inactivity or overactivity. I shall request the Home Minister to go to Siliguri, a border area. My information is, and it was published at least in two newspapers that huge quantities of rice and sugar are finding their place just beyond the border; that is finding their place in Tibet, in order to feed the Border Guards of a different country. They are large in number. This is happening, this happened six months back, this has happened at a time when there was scarcity in West Bengal. Unfortunately. the Police Officers—they are in the know of these things and the rumour is that

they have got a share in the dealings. I do not know what preventive measures have been adopted by our Home Minister or the Home Department.

The system of Police protection is not for the poor. As for example, in the Howrah area, in the month of December, some workmen closely connected with. me, filed two petitions under section 107—one for some alleged threatening under the jurisdiction of the Goalpara Police Station, and another was concerning Malipanchghara Police Station. It was in December. I had telephonic conversation with the Officer in charge at least eight times during these five months The Court ordered that the Police is to submit a report. This was a minor 107 petition. The Police Officer, the O. C., asked me to send my man so that he could have some first-hand information from him. My man went there. The literate constable said, "you will have to pay Rs. 50—Rs, 30 will go to Bara Saheb, Rs. 10 to Chhota Saheb and Rs. 10 for me". And I was bent upon not paying a single furthing. The result is that five days had been fixed one after another by the Trying Magistrate since December—the records are all with me—but the position has remained unaffected. Only this morning I sent men to those two Police Stations and they have been once again told that "now you shall have to pay more than Rs. 50 because it is already too late. If you can pay more come to us, if not don't come". And when I made a telephone call they said "the report has already been submitted. It is perhaps missing," or "the Officer concerned is out. So, kindly wait for a few minutes". However, I mnst utter a few words af praise for the underdogs, i. e. the ordinary Police Constables and Officers. I can say from personal experience that unless their grievances are removed, unless you are alive to the dreary existence of their families, unless you can provide them with the ordinary amenities enjoyed by employees in factories and establishments, you cannot expect full time honest duty from them. So, if you want full exertions from them you shoud also have consideration for these people. That is why I on my part do not say that the budget should be decreased, the grant should be decreased, butit should be well spent.

[4-10—4-20 p. m.]

Shri Sudhir Chandra Ray Choudhuri :

মাননীয় স্পীকার স্যার, মন্ত্রীমহাশয় যদিও বার্দ্ধক্যে উপনীত হয়েছেন এবং গলায় জোর দিয়ে তিনি বক্তৃতা করলেন তাতেও আমরা তার বক্তৃতা শুনতে পারলাম না কারণ একেই তো ইংরেজী লেখা তাও আবার এত তাড়াতাড়ি পড়ে গেলেন যে কিছুই বুঝতে পারলাম না। আমি বল্লাম তাকে যে মাইকে বলুন তা তিনি শুনলেন না। ইংরাজীতে পড়ার তার বিশেষ অভ্যাস নেই বাংলাটাই ভাল বলেন। সেটা বললেই তো পারতেন।

মাননীয় স্পীকার মহাশয়, পুলিশমন্ত্রী মহাশয় বার্দ্ধক্যে উপনীত হয়েও গলার জোর প্রমাণ করতে গিয়ে আমাদের একটু অসুবিধায় ফেলেছেন। একে তো লিখিত বক্তৃতা তার উপরে আবার মাইক ছাড়াই বললেন। আমরা তাকে মাইকে বলতে বলেছিলাম কিন্তু সে সৌজন্যটুকু ও তিনি আমাদের প্রতি দেখালেন না। যা'হোক, আমার সময় খুবই কম কাজেই

২।৪ কথায় আমার বক্তব্য শেষ করব। মন্ত্রীমহাশয়ের কথায় যা' বুঝেছি তাতে আমাদের মনে কোন রেখাপাত করেনি। অবিভক্ত বাংলায় পুলিশখাতে খরচ হোত ৩ কোটি টাকা অথচ সেটা বাড়তে বাড়তে আজ ৯ কোটি ২০ লক্ষের উপর হয়েছে। কিন্তু এত খরচ করেও পুলিশ বিভাগের অব্যবস্থার ফলে আমরা দেখছি যে দিনের বেলায় চুরি-ডাকাতি, খুন, রাহাজানি প্রভৃতি অসৎকার্য অবাধে চলেছে, কোথাও তার ব্যতিক্রম নেই। এছাড়া দেখছি যে নুতন একদল কাঙ্গালী গুণ্ডার আবির্ভাবের ফলে লোকে রাস্তায় হেটে বেড়াতে বা মালপত্র নিয়ে যেতে পারে না। এরা রাস্তায় কাঙ্গালী সেজে বসে থাকে কিন্তু যদি কেউ জিনিষপত্র নিয়ে সেখান দিয়ে যায় তাহলে সঙ্গে সঙ্গে তার উপর লাফিয়ে পড়ে সেই সব জিনিষপত্তর কেড়ে নিয়ে যায়। রাস্তায় সমাজ বিরোধী উপাদান এত বেড়েছে যে কোথাও মেয়েছেলে নিয়ে ঘোরাফেরা করা যায়না। কাজেই এসব ব্যাপারের যখন কোন সুবন্দোবস্ত এঁরা করতে পারছেন না তখন পুলিশ যে আমাদের কি সুবিধা করল তা' আমি বুঝতে পারছিনা। পুলিশের খরচ উনি যতই বাড়িয়ে চলেছেন ততই পুলিশের ব্যবস্থার অবনতি হচ্ছে এবং দুর্নীতিও বেড়ে চলেছে। আমাদের এই সভায় কয়েকদিন আগে বিরোধীপক্ষের অনেক বন্ধুরাই বলেছেন যে বাংলাদেশে অবাঙালীরাই সব গ্রাস করেছে। তবে এবারে কংগ্রেসের ও ২।৪ জন গণ্যমান্য সদস্য বলেছেন যে বাংলাদেশের ব্যবসা বানিজ্য, সম্পত্তি, বাড়ী প্রভৃতি আজ প্রায়ই অবাঙালীরা গ্রাস করে ফেলেছে এবং চাকুরি বাকুরিও বাঙালীরা প্রায়ই পাচ্ছেনা কেননা তাঁরা নিজেদের দেশ থেকে লোক আমদানী করে ঐ সব চাকুরিতে ঢোকাচ্ছেন এবং যেটাকে বলা যায় পরোক্ষ লুন্ঠন। কিন্তু এই পরোক্ষ ছাড়া প্রত্যক্ষ লুন্ঠনও কিছু কিছু আছে এবং যার সম্বন্ধে বলা দরকার। আজকে এই চুরি ডাকাতি এবং বিশেষ করে শিশু ও রমণীদের এক রাজ্য থেকে অন্য রাজ্যে প্রেরণের ব্যাপারে যে এই অবাঙালী ব্যবসায়ীদের হাত রয়েছে পুলিশমন্ত্রী নিশ্চয়ই তা' জানেন। আমরা ছোটখাট পুলিশ অফিসারদের কাছ থেকে খবর পাই যে বিহার ও উত্তর প্রদেশে বড় বড় ডাকাতদের পিছনে পুলিশ খুব উঠেপড়ে লাগার ফলে কিছু কিছু নিহত হয়েছে, কিছু ধরা পড়েছে এবং কিছুটা অংশ কোলকাতা ও হাওড়ায় এসে আশ্রয় নিয়েছে এবং যার ফলে যে একটা অংশ আগে থেকেই এখানে ছিল সেটাই এখন বিরাট আকার ধারণ করেছে। কাজেই দেখা যাচ্ছে যে পরোক্ষ লুন্ঠন আগে থেকেই চলছিল তবে এখন আবার প্রত্যক্ষ লুন্ঠন সুরু হয়েছে এবং এর চাপে নিরীহ বাঙালীরা যে আর কতদিন বাঁচবে তা বোঝা কঠিন। আমি এর পুর্ব্বে যে কাঙ্গালী গুণ্ডাদের কথা বলছিলাম তার একটা উদাহরণ দিচ্ছি। ইষ্টবেঙ্গল সোপ ফ্যাক্টরীর এক ভদ্রলোক আমাকে একখানা চিঠি লিখেছেন। তিনি এই চিঠিতে লিখেছেন যে,

"That on the 3rd day of March at 7-30 a. m. we despatced in a hand-cart drawn by Kalicharan Parsuram two cases of Usha brand washing soap and one case of Lion brand washing soap.

That when the hand-cart was proceeding along the Strand Road near the premises No. 34 Strand Road, some Kangali Goondas attacked at about 8-30 a. m. the said hand-cart and after injuring the cartman aforesaid decamped with two boxes of soap.

That under the aforesaid circumstances, it would be difficult for us to carry on our business. In these circumstances it is prayed that you will kindly bring it to the notice of the Government for prevention of such crimes."

কাজেই কাঙালী গুণ্ডাদের উপদ্রব এই যে দিনের পর দিন বেড়েই চলেছে এ বিষয়ে মন্ত্রীমহাশয় একটু নজর রাখবেন। গত খাদ্য আন্দোলনের পর আমরা শুনেছিলাল যে, যেসব নিরীহ লোককে পুলিশ গুলি করে মেরেছিল সে সম্বন্ধে একটা রিপোর্ট বা কমিশন বা এন-কোয়ারী হবে। কাজেই আজকে অন্তত: আশা করেছিলাম যে এ বিষয়ে তিনি কিছু বলবেন বা কোন রিপোর্ট তৈরী হয়েছে কিনা সেটা আমাদের জানাবেন। কেননা দেশের লোকের যে রক্তে আপনারা হাত রাঙ্গা করেছিলেন তার একটা রিপোর্ট বা কৈফিয়ততো আপনাদের দেওয়া উচিত ছিল। কিন্তু এসব কিছু না দেওয়ার ফলে কত লোক মরল বা এ ব্যাপারে পুলিশের কতখানি ত্রুটি হয়েছিল তা' দেশের লোক কিছুই জানতে পারল না।

এই প্রসঙ্গে আমি একটা কথা বলব। প্রফেসাব চুনীলাল দত্ত তাঁর নাতিকে নিয়ে ম্যাজিক দেখে যখন ফিরছিলেন তাঁকে তখন পুলিশ গুলি করে মারল। তাঁর বিধবা স্ত্রী একটা দরখাস্ত করলেন ফর সন্‌স্ মেনটেনান্স। পুলিশ তাঁকে একটা এক্‌স-প্র্যামিয়া ৫০০ টাকা দেবেন বলে একটা চিঠি লিখেছেন। আমি মনে করি যে তাঁকে মারাটা পুলিশের ঔদ্ধত্য ছাড়া আর কিছু নয়। সুতরাং তাঁর বিধবা স্ত্রী যতদিন বেঁচে থাকবেন ততদিন পর্যন্ত তাঁর জন্য একটা খোরপোষের ব্যবস্থা করা উচিত ছিল। একটা ইনসোলেন লেটার দিয়ে এক্‌স-প্র্যামিয়া পেমেন্টের যে একটা অফার দিলেন সেটাকে আমি নিন্দা করি। পুলিশ অফিসারদের কিরকম বদ অভ্যাস আছে সেটা বলি। এঁরা পাবলিকলি বেশ্যালয়ে যান, পাবলিলিক মদ খান, পাবলিকলি রেস-কোর্সেত্র যান এবং থানায় বসে তিন তাস খেলেন। ইংরেজ আমলেয় সেই পুলিশ এখনও আছে কিন্তু তফাৎ হয়েছে যে এদের যোগ্যতা অনেক কমেছে এবং দুর্নীতি অনেক বেড়ে গেছে। এই বিভাগের ভেতর এপয়েন্টমেণ্ট, এক্সটেনশন, ট্রান্সফার ইত্যাদি নিয়ে একটা অসহ্য অবস্থার সৃষ্টি হয়েছে। সেখানে পুলিশদের মধ্যে দলাদলি রয়েছে এবং পেটোয়া লোক না হলে কিছু হবার উপায় নেই। এ বিষয়ে আমার কাছে প্রকাণ্ড লিষ্ট আছে কিন্তু সময় কম বলে সব বলা যাবেনা। নগেনবোস রিটায়ায় করার পর—যিনি স্পেশাল সুপারিণ্টেণ্ডেণ্ট, এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ ছিলেন—তাকে এখন স্পেশাল অফিসার, এন্টি-করাপসান করা হয়েছে। তিনি নিজে একখানা প্রাসাদোত্তম বাড়ী করেছেন কিন্তু থাকেন গভর্ণমেণ্ট রিকুইজিসানড করা কোয়াটার-এ। ঐ বাড়ীর জন্য অত টাকা তিনি কোথা থেকে পেলেন অনুসন্ধান করা উচিত। হীরেন সরকারের ইনি পেটোয়া লোক বলে যাবার আগে তিনি তাঁর পেটোয়া লোকটিকে আর এক গদীতে বসিয়ে দিয়ে গেছেন। হীরেশ চন্দ্র সেন, সুপারএন্যুয়েটেড, রিটায়ার করেন জুন, ১৯৫৯। কিন্তু তাঁকে অফিস সুপারিণ্টেণ্ডেণ্ট হিসাবে রাখা হয়েছে। অনেক যোগ্য লোক সেই ডিপার্টমেণ্টে ছিলেন। কিন্তু তাঁদের দেওয়া হল না। তারপর আর একটা প্রশ্ন হচ্ছে যে লেডি পুলিশ ইন্সপেক্টোরেট সম্পর্কে। ১৯৪৮ যে পোষ্ট ক্রিয়েট করা হয়েছিল তা এখনও ভর্ত্তি করা হয়নি কেন সেটা জানতে চাই? এই সম্পর্কে ঘটনাটা খুব শ্রুতিমধুর হবে, কিন্তু মেয়েঘটিত ব্যাপার বলে বলাটা খুব শোভনীয় হবে না। এই ভাবে ক্যালকাটা পুলিশে ১২টা লেডি সাব-ইন্সপেক্টরএর মধ্যে ৮জনকে ভর্ত্তি করা হয়েছে ৪ টা পোষ্ট এ ভর্ত্তি করা হচ্ছে না। এরপর ৪০ জন লেডি এ. এস. আই. যাঁদের রিক্রুট করে ট্রেনিং-এ পাঠিয়েছিলেন তাঁদের মধ্যে কিছু কিছু উর্দ্ধতন অফিসারদের আত্মীয়স্বজন ছিলেন, বন্ধুবান্ধবদের কন্যারাও ছিলেন। কিন্তু ঘটনা হল যে তাঁরা রুলস ভায়োলেট করে কোন প্রকার কমপেনসেশান না দিয়ে ফিরে চলে গেলেন। এর জন্য কি ব্যবস্থা হবে সেটা জানতে চাই? সুধীর মজুমদার যিনি এল. সি. ডিটেকটিভ

ডিপার্টমেণ্ট, স্পেশ্যাল ব্রাঞ্চে, ছিলেন তাঁর বেলায় পাবলিক সার্ভিস কমিশন রেকমেণ্ড করেছিলেন যে একে কোলকাতা থেকে বাহিরে পাঠিয়ে দাও। তার বাহিরে পোষ্টিং এর অর্ডার হয়ে গেল কিন্তু তিনি এখনও পর্য্যন্ত যাননি। এ বিষয়ে জানতে চাই। অশোক পানিগ্রাহী যিনি ট্রেনিং থেকে পালিয়ে এসেছিলেন তাঁকে ডাঃ রায় চিঠি লিখে চাকরী করে দিলেন। এইরকম বহু ফ্যাক্ট আমার কাছে রয়েছে যা সময়ের অভাবে বলা যাবে না। আর একটি কথা গণ সংযোগ সম্বন্ধে বলব। এটা পুলিশের মধ্যে আনবার চেষ্টা হয়েছে এবং আমি একে অভিনন্দন জানিয়েছিলাম এই কারণে যে আমি চেয়েছিলাম যে পুলিশের সঙ্গে মানুষের মেশামেশি হোক।

[4-20—4-30 p.m.]

কিন্তু এখন দাঁড়াচ্ছে কি—উল্টে পুলিশ আমাদের ডেকে থানায় নিয়ে আসেন এবং কোন কোন সময়ে যথা—দুর্গাপুজা, লক্ষ্মীপুজা, কালীপুজা, সরস্বতী পুজা, দোল প্রভৃতি উপলক্ষ্যে যখন প্রোসেশন বেরুবে তখন। তাঁরা বলেন প্রোসেশন যাবে—আমরা ঠিক করেছি এই হবে, ঐ হবে ইত্যাদি, এই সব জানাইয়া দিলেন। আমি বলি এসব না করে পুলিশকে বলবেন মাঝে মাঝে পাড়ায় আসতে। আপনাদের অফিসাররা, ইন্সপেক্টাররা এবং কমিশনার না হয় ডেপুটি কমিশনারদের আসতে বলবেন, এসে খবর নেবেন কি উপদ্রব হচ্ছে, কোন্ অসুবিধা হচ্ছে, চুরি ডাকাতি কিছু হচ্ছে কিনা কোন কমপ্লেন আছে কিনা, কতগুলো নুতন ভাটিখানা হল প্রভৃতি এবং কাউকে কোন খবর না দিয়ে আসতে হবে। কারণ খবর দিয়ে এলে তাঁরা কিছুই জানতে পারবেন না, এসে দেখবেন সব পরিষ্কার। এইভাবে যদি তাঁরা ইনস্‌পেকশান করেন তাহালে হয়ত দেশের লোকের কিছু সুবিধা হবে। তারপরে আমার কথা হচ্ছে এই যে নুতন যে পুলিশ কমিশন করেছেন এটা খানিকটা ভাওতার ব্যাপার। আপনি কিছুই বল্লেন না, তবে এটা বুঝি যে হীরেন সরকারকে আপনারা ছেড়ে দিতে চাচ্ছেন না। তিনি সারা জীবন পুলিশে কাটালেন—১০ বছর কি ১১ বছর ইন্সপেক্টর জেনারেল হয়ে রইলেন অথচ পুলিশের কোন উন্নতিসাধন করতে পারেননি এবং তাঁর দৌলতে আজ পুলিশ এত অবনতির পথে চলেছে। তাঁকে নিয়ে কমিশন হচ্ছে কেন? খবরের কাগজে দেখেছি তাঁর আই. জি. র‍্যাঙ্ক হবে, অর্থাৎ তিনি চলে যাচ্ছেন তাঁকে রাখতেই হবে। রায়বাহাদুর সত্যেন মুখার্জীকেও বহু বছর রেখেছিলেন। কমিশনার অফ পুলিশ বা অন্য পুলিশ অফিসারকে এ্যাপয়েণ্ট করতে পারতেন। আমার কাছে লিষ্ট ছিল, আমার সময় নেই বলে আমি সেটা পড়তে পারছি না কিন্তু আমি বলবো যে এই কমিশনটা একটা ধাপ্পা। তারপরে এখানে শঙ্করবাবুকে নিয়েছেন মেম্বার হিসাবে। এতে আমাদের আপত্তি আছে। আমি পার্সোনালি কিছু বলবোনা কিন্তু আমাদের তিনটে আপত্তি আছে। একটা আপত্তি হল হি হ্যাজ নো টাইম, তাঁর সময় নেই। দ্বিতীয় হল পুলিশের প্রতি তার কিছু প্রীতি দেখা গেছে কাগজের রিপোর্টারদের বিরুদ্ধে মামলায় তিনি ষ্ট্যাণ্ডিং কাউন্সিল ছিলেন এবং উইথ ভিহিমেন্স তিনি মামলা করেছিলেন। আর তৃতীয় হচ্ছে বিহারে ছাত্রদের উপর গুলি চল্লো, বিহারের এ্যাডভোকেট জেনারেল সেখানে রিফিউজ করেছিলেন এবং কাউকে যখন পাওয়া গেল না তখন এখান থেকে শঙ্করবাবুকে ডাকা হল। এই ভাবে তাঁর পুলিশ প্রীতি যথেষ্ট দেখা গেছে এবং পুলিশ কেস টেসও তিনি করেন। পুলিশের সঙ্গে তাঁর দহরম মহরম আছে। সুতরাং তাঁকে ছেড়ে দেওয়া উচিত। আর একটা কথা,

এক্‌স হাইকোর্টের জজ অফ বোম্বেকে নিয়ে আসছেন। কোলকাতা সহর সম্বন্ধে তাঁর কোন অভিজ্ঞতা নেই। এখানকার যদি একজন জজকে আনতেন তাহলে না হয় বুঝতাম—তিনি কোলকাতা সহরে খবর টবর জানেন কিন্তু এক্‌স জজ অফ বোম্বে হাইকোর্ট, তিনি অত্যন্ত বৃদ্ধ হয়েছেন তিনি এসে বসবেন। আর মি: সরকার যা করতে চান তাই করবেন, এতে আপনাদের একটু লজ্জা হওয়া উচিত। তিনি এতদিন যে ছিলেন তাতে দেশের কোন উন্নতি সাধিত হল না—তাঁকে এবার ছেড়ে দিন। এযে সেই মরিয়া না মরে রাম, এ কেমন বৈরি— দেশের লোকের রক্তে হাত যথেষ্ট কলুষিত করেছেন। এখন একটু ভাল কাজ করুন, আর তা যদি না করেন তাহলে এর ফল নিশ্চয়ই আপনাকে ভোগ করতে হবে।

Shri Ananda Gopal Mukhopadhyay :

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় পুলিশমন্ত্রী পুলিশ খাতে যে ব্যয় বরাদ্দের দাবী এখানে উত্থাপন করেছেন সেই দাবীকে আমি সম্পূর্ণ সমর্থন করছি। এই দাবী সম্বন্ধে এই হাউসে আলোচনাকালে আমরা আশা করেছি এবং এখনও করি যে এখানে আলোচনায় অংশ গ্রহণ করে পুলিশ বিভাগের কার্যাবলী সম্বন্ধে সম্পূর্ণ অবহিত হয়ে আমরা আমাদের মতামত দেব। পুলিশ বিভাগের গত ১ বছরের কার্যাবলী সম্বন্ধে পুলিশমন্ত্রী যে তথ্য এখানে পরিবেশণ করেছেন সেই তথ্য সম্বন্ধে আমার মনে হয়, কারোর কিছু বলার নেই। বিরোধী পক্ষের বন্ধু শ্রীগনেশ ঘোষ মহাশয় তাঁর আলোচনায় অংশ গ্রহণ করে প্রথমেই পুলিশ বিভাগের মন্ত্রী যে ডাটা এখানে দিয়েছেন সেগুলি রহস্যের ছলে এখানে রেখে তারপর তাঁর বক্তব্যের অবতারণা করেছেন। আমিও তাই হাউসে আবার দু-একটা তথ্য দিতে চাই এবং তারপর আমি আমার বক্তব্য আরও বিশদভাবে এখানে পেশ করব। এই পুলিশ বাজেটে এ বছর কত টাকা ধরা হয়েছে এই হিসাব দাখিল করে যাঁরা বলেছেন যে ব্যয়বরাদ্দ দিন দিন বেড়ে চলেছে আমি তাঁদের বলি গতবছরের তুলনায় এ বছরে ব্যয় যেটা বেড়েছে তার বিশেষ কারণ গুলি যদি তাঁরা জানবার চেষ্টা করতেন এবং ঠিকভাবে জিনিষটাকে অনুধাবণ করে দেখতেন তাহলে যে যে কারণে ব্যয় বেড়েছে তা যে সঙ্গত তা তারা বলতে বাধ্য হতেন। ডেনসিটি অফ পপুলেশান, বর্ডার এ্যাটাক, ইনডাষ্ট্রিয়ালাইজেশান, অয়ার লেস ভ্যান বাড়ান, টেলি কমিউনিকেশান, বেটার মেথড অফ ক্রিমিন্যাল ইনভেষ্টিগেশান এবং আরও সমস্ত নতুন পদ্ধতি যার মাধ্যমে পুলিশ বিভাগ দেশের শান্তি এবং শৃংখলা রক্ষা করতে চেয়েছে তার সম্বন্ধে জেনে আমার মনে হয় কোন সদস্য সংশয় প্রমাণ করবেন না যে পুলিশ বিভাগের ব্যয় যদি সামান্য বেড়ে থাকে তাহলে সেটা অন্যায। দ্বিতীয়তঃ কনসটেবল্‌স এবং যারা লোয়ার পজিসানের স্টাফ আছেন তাদের মেডিক্যাল এড্‌স, গরীব দুঃস্থ যাঁরা আছেন তাদের ছেলেদের পড়াশুনা এবং তাদের যে এমোলিউমেন্টস বেড়েছে তার দরুণ এ বছর যে ব্যয় বরাদ্দ আপনিই এসেছে তা সঙ্গত। বছরের পর বছর পুলিশ বিভাগ যে কার্যাবলী করে আসছেন বিশেষতঃ ক্রিমিন্যাল ইনভেষ্টিগেশানের জন্য আমি তার দু-একটা তথ্য এখানে রাখছি। আমরা যদি ডেকয়টি কেস দেখি তাহলে দেখব যে ১৯৫৮ সালে ৪৯৪টি ডেকয়টি কেস ছিল, ১৯৫৯ সালে সেটা হয়েছে ৪৩১। রবারী ৭৩৫টা ছিল ১৯৫৮ সালে এখন ৬০৭; বার্গলারী ১০ হাজার ৫ শত ৯৩টা ছিল, এখন ১০ হাজার ১ শত ১৪; মার্ডার ৪ শত ৯২ টা ছিল এখন ৪ শত ৫৯টি। তারপর, এই পশ্চিমবঙ্গে দিনের পর দিন যদিও জনসংখ্যা বেড়ে চলেছে, পশ্চিমবঙ্গে যদিও বাইরে থেকে বহু দুষ্কৃতকারী এসে আশ্রয় নিয়ে তাদের নিজেদের রুজি-রোজগারের চেষ্টা করছে,

পুলিশ বিভাগ যোগ্যতার সঙ্গে মোকাবেলা করে আজ ক্রাইম দিনের পর দিন কমিয়ে আনছে। আমার বক্তৃতা শুনে যাঁরা ঘাড় নাড়ছেন তাঁদের আমি বলব যে শুধু ঘরের ভিতরে থেকে গবাক্ষপথে আকাশকে দেখবেননা, উন্মুক্ত প্রান্তরে গিয়ে দাঁড়িয়ে দেখুন। ক্যালকাটার ডেকয়টি গত বছরে নিল। এর দ্বারা বোঝা যায় যে কলকাতায় পুলিশের অন্যান্য বিভাগের বিশেষ করে সি, আই, ডি, বিভাগের তৎপরতা কত বেশী। অয়ারলেস ভ্যান, ফরেনজিক ল্যাবরেটরী ইত্যাদির কথা গনেশ ঘোষ মহাশয় এমনভাবে বলতে চেয়েছেন যেন এগুলি উপহাসের বস্তু। সে সম্বন্ধে আমি বলব যে তাঁরা বিশেষভাবে ফরেনজিক ল্যাবরেটরী দেখে এসে তারপর বলবেন। বাংলাদেশে এই যে প্রতিষ্ঠান গড়ে উঠেছে গত ৮ বছরের মধ্যে এই ফরেনজিক ল্যাবরেটরীর মাধ্যমে পুলিশ নতুন বৈজ্ঞানিক পদ্ধতিতে যেভাবে ক্রাইম ডিটেক্‌শান করছেন তা সত্যই আশ্চর্যজনক। এখানে কতরকম টেষ্ট আছে সে কথা যদি আমরা মাননীয় সদস্য মহাশয়দের জিজ্ঞাসা করি তাহলে অনেকেই সে কথা বলতে পারবেননা। শুধু একটা দুটো টেষ্টের কথা বলে উনি হাসতে চেয়েছেন। ফরেনজিক ল্যাবরেটরীতে যে অন্যান্য টেষ্ট আছে তা যদি দেখেন তাহলে দেখবেন শুধু কেমিক্যাল, বায়লজিক্যাল, ফটোগ্রাফিক নয়, আরও অন্যান্য বিভাগের বিভিন্ন টেষ্ট আছে। এই ফরেনজিক ল্যাবরেটরীর সাহায্য আজ শুধু বাংলা দেশ নয়, আসাম, উড়িষ্যা, আন্দামানস, নিকোবর, গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া মিলিটারী ডিপার্টমেণ্ট, রেলওয়ে এরাও গ্রহণ করতে চলেছে।

[4-30—4-40 p.m.]

এবং এর থেকে এ সম্বন্ধে যে তথ্য তা থেকে আমরা দেখছি, ক্রাইম্ যা ধরা পড়েছে তার হিসাব দেখলে দেখা যাবে অনেক ডিটেক্‌টেড্ হয়েছে। আজ এন্‌ফোর্সমেণ্ট ব্রাঞ্চ সম্বন্ধ কিছু কিছু সমালোচনা সদস্য মহাশয়রা করেছেন কিন্তু যদি সে সম্বন্ধে ফিগার দেখিতো দেখবো কলকাতায় ১১,২২৯টি কেস্ ইন্‌ষ্টিটিউটেড হয়েছিল এন্‌ফোস্‌মেণ্ট বিভাগে তারমধ্যে ১৮,২১৩ জন পারসনস্ ইন্‌ভল্‌ভড ছিল ১৭,৩১৮ জনের কন্‌ভিক্‌শান হয়েছে এখানে আমি স্মরণ করতে বলবো কত লোক ধরা পড়েছিল এবং কত কন্‌ভিক্‌টেড হয়েছে হিসাব করে দেখতে। আর যদি জেলার হিসাব দেখি তাহলে দেখবো ৩৫,৮৬৩টি কেস্ ইন্‌ষ্টিটিউটেড হয়েছিল, ৩৮,৫৯৯ জন ইন্‌ভল্‌ভড্ হয়েছিল তাতে ৩২,৫৭২ জন কন্‌ভিকটেড্ হয়েছে। এখানে তারা যে কেস নিয়ে ঘুষ নিয়ে তদন্তে গাফিলতী করেনি এই কন্‌ভিক্‌শান এর হিসাব থেকেই তা প্রমাণিত হচ্ছে। আর যদি ফাইন কত হয়েছে হিসাব দেখি তাহলে দেখবো ৩ লক্ষ টাকা ফাইন হিসাবে এন্‌ফোর্সমেণ্ট এর তৎপরতায় আদায় হয়েছে। আর ভ্যালু অফ কমোডিটিজ কন্‌ফিস্‌কেটেড্ কত হয়েছে তাতে হিসাব দেখলে দেখতে পাব—১ লক্ষ ৩ হাজার ৯৫ টাকা আদায় হয়েছে। [হাস্য] এতে হাসবার কিছু নয়, আমার সময় অল্প, আমি শুধু এটুকু বলবো এন্‌ফোর্সমেণ্ট ব্রাঞ্চ যেভাবে কার্য্যগুলি তদারক করেছে তার সম্পর্কে যদি মাননীয় সদস্যরা অন্যরকম দৃষ্টিভঙ্গী না রাখেন, জণ্ডিসড্ আই নিয়ে না দেখেন তাহলে দেখতে পাবেন যে তাদের তৎপরতার প্রশংসা না করে পারা যায় না। এ ছাড়া পুলিশ বিভাগ যেরকমভাবে নূতন পদ্ধতিতে ক্রাইম্ ডিটেকশান আরম্ভ করেছে বিশেষ করে পুলিশ-ডগ দ্বারা তাতে দুষ্কৃতকারীদের মনে এই সংশয় এসেছে পশ্চিমবঙ্গে আর দুষ্কৃত করা চলবে কিনা। পুলিশ-ডগ যে কয়টিক্ষেত্রে কেস্‌এ এপর্যন্ত ইউজ করা হয়েছে, মাননীয় সদস্যরা জানেন যে পুলিশ-ডগ ঠিকভাবে ডিটেক্‌ট্ করেছে এবং সমস্তক্ষেত্রে আসামীরা ধরা পড়েছে।

আমি শুধু আর একটি কথা বলে আমার বক্তব্য এখানে রাখতে চাই সেটা হল বিরোধী পক্ষীয় সদস্য বন্ধুরা বিশেষ করে কমিউনিষ্ট পার্টির বন্ধুরা পুলিশবিভাগ সম্বন্ধে সমালোচনা করছেন। আমি জানি রাষ্ট্রের ক্ষমতা যাদের হাতেই থাকবে তাদের যারা বিরুদ্ধবাদী দল তারা কখনো পুলিশ বিভাগকে সমর্থন করতে পাবেননা। আমরা দেখেছি কেরালায় যখন কমিউ-নিষ্ট শাসন প্রতিষ্ঠিত হয় তখন পর্যান্ত কংগ্রেস বন্ধুরা বিরোধী দলে থেকে পুলিশের সমালোচনা করেছে আর যারা শাসন ক্ষমতায় ছিল তারা পঞ্চমুখে পুলিশের প্রশংসা করেছে কিন্তু আমি কারণ দেখিয়ে বলতে চাই যে যেখানে যখন গুলি চলে কমিউনিষ্ট সবকার সেই গুলি চালনাকে নিজেদের দোষ বলে মেনে নেয়নি, সেখানে ছাত্রদের পায়ে দড়ি বেঁধে টানতে টানতে নিয়ে যাওয়া হয়েছে সেটাকে দোষ বলে তাবা মনে করেননি। এমনকি সবকারে যাবা অধিষ্টিত ছিলেন তারাও যেন একটা পথ নিয়ে একটা আদর্শ নিয়ে দেশেব শৃঙ্খলা বজায় রাখতে চেয়েছেন।

Shri Monoranjan Hazra : On a point of order Sir,

মাননীয় স্পীকার মহাশয়, কেবল গুলিচালনা সম্পর্কে যে কথা বলেছেন, আমি বলি সেখানে কোন তদন্ত কবা হয়নি আজ পর্য্যন্ত।

[Noise & Interruptions]

Mr. Speaker : That is no point of order.

[Noise & Interruptions]

Shri Ananda Gopal Mukhopadhyay :

মাননীয় স্পীকাব মহোদয় মনোরঞ্জনবাবু আমার বক্তৃতায় বাধা দিয়ে, আমাকে বলবার আবও সুযোগ দিয়েছেন। কেবলায কমিউনিষ্ট শাসনে যখন গুলি চলে তখন তাকে সমর্থন জানিয়ে ছিলেন কমিউনিষ্ট সেণ্ট্রাল অর্গেনাইজেশন সেটা হচ্ছে বিরুদ্ধ পার্টিব বন্ধুদের। তখন কমিউনিষ্ট পার্টিব সভ্যবা এই পুলিশী শাসনেব বিরুদ্ধে একটি কথাও বলেননি, আর আজ তাঁরা এখানে পুলিশ বাজেট আলোচনাব সময় পুলিশেব বিরুদ্ধে মিথ্যে অভিযোগ করছেন। তার কাবণ দেশে যদি শান্তি, শৃঙ্খলা বজায় রাখবাব জন্য সবকাব চেষ্টিত হন, তাহলে তাদের স্বার্থে আঘাৎ লাগবে, আব দেশে যত অশান্তি আসে, যত অরাজকতা আসে, যত দেশের মানুষকে শাসন ব্যবস্থাব বিরুদ্ধে উৎক্ষিপ্ত কবা যায়, তাহলে ততই বিবোধী পক্ষেব লাভ হবে। তাই পুলিশ বাজেট সম্বন্ধে সমালোচনা কবতে উঠে শ্রীযুক্ত গণেশ ঘোষ পুলিশের অত্যাচার নারী, শিশুর উপব বেশী করে দেখাবাব চেষ্টা করেছেন, কারণ, নারীর উপব আঘাৎ করলে মানুষেব মনে আঘাৎ লাগে, তাবই জন্য তিনি কতকগুলি পরপর চার্জ এনেছেন একটা চার্ট এ সাজিয়ে। যে যুক্তি তিনি তাঁর মনের মধ্যে খাড়া করেছেন সেই যুক্তির পিছনে সত্য নেই, সে যুক্তিহীন।

[Disturbence and loud noise from opposition benches]

আমি আব একটা কথা এই সম্পর্কে বলবো—আমাদের দেশের ইণ্ডাষ্ট্রি যদি গড়ে তুলতে হয়, তাহলে ইণ্ডাষ্ট্রিতে পীস যাতে থাকে তাব জন্য সরকারকে সর্ব্বদা প্রস্তুত থাকতে হবে। এবং এই পীস্ মেন্‌টেন কবা দেশেব জন স্বার্থের জন্য প্রয়োজন। কিন্তু আমরা দেখতে পাই এই ইণ্ডাষ্টিতে পীস্ যাতে না থাকে, তারজন্য নিজেদের দলীয় স্বার্থ বৃদ্ধি করবার উদ্দেশ্যে বারম্বার কমিউনিষ্ট পার্টির বন্ধুরা সেখানে হামলা করে দেশের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি করবার চেষ্টা করছেন।

[Cries of question from the opposition benches]

আমি এখানে একটা ঘটনার কথা উল্লেখ করবো যার সঙ্গে অন্য জিনিষের তুলনা করা যায় না। সেটা হচ্ছে ২৬শে জানুয়ারীর ব্যাপার। মাননীয় স্পীকার মহাশয়, আপনি হয়ত মনে রাখতে পারেন, ২৬শে জানুয়ারী প্রজাতন্ত্র দিবস পালন করবার জন্য ভারতের জনসাধারণ একটা জায়গায়—সেটা হচ্ছে সেন র‍্যালে এ্যাণ্ড কোম্পানীর কাছে, সমবেত হয়। সেখানে প্রজাতন্ত্র দিবস পালন করবার জন্য সকলে এগিয়ে চলেছে, তাদের হাতে আছে জাতীয় পতাকা, সেখানে স্কুলের ছেলে থেকে আরম্ভ করে কর্মী, জনসধোরণ সকলেই উপস্থিত। কিন্তু আজকে আমাদের দেশের স্বাধীনতাকে যাঁরা বলেন 'ঝুটা স্বাধীনতা', যাঁরা ভারতের পতাকাকে নিজেদের বলে স্বীকার করেন না, সেই কমিউনিষ্ট পার্টি—[সেম্, সেম্] সেখানে গিয়ে হামলা করে। একটি ছোট ছেলে সুভাষ—তার হাতে জাতীয় পতাকা ছিল বলে তাকে আঘাত করা হয়, তাকে হাসপাতালে পাঠাতে হয়—

(cries of question, question, from the opposition benches)

হাসপাতালে সুভাষের ৭ দিন ধরে চিকিৎসা হয়, তারপর সে বাড়ী ফেরে। কমিউনিষ্ট পার্টি তাদের নিজের হাতে শাসন ব্যবস্থা কায়েম করবার জন্য যেকোন উপায়ে, সব কিছু করতে পারেন। তাঁরা ভারতের জাতীয় পতকাকে অবমাননা পর্য্যন্ত করে থাকেন।

(Shri Narayan Chobey : These are all lies.)

কেরেলাতে যখন তাঁরা শাসন ভার গ্রহণ করেছিলেন—সেখানে শান্তি, শৃঙ্খলা বলে কিছু ছিলনা, সেটা একটা পুলিশ রাজ্যে পরিণত হয়েছিল। বর্ত্তমানে সেখানে এখন কংগ্রেসের হুকুমে, শান্তি, শৃঙ্খলা বজায় রাখতে তাঁরা পেরেছেন। এরজন্য আমি সরকারকে ধন্যবাদ দিচ্ছি। এই বাজেট সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Jatindra Chandra Chakravorty :

মাননীয় স্পীকার মহাশয়, পুলিশ বিভাগ একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিভাগ এর দেশের আইন, শৃঙ্খলা রক্ষার জন্য তাকে রাখা হয়েছে। আইন ও শৃঙ্খলা রক্ষার দায়িত্বই শুধু তাদের আছে, তা নয়; সমাজের সর্ব্ব স্তরের সঙ্গে যোগাযোগ তাদের রাখতে হয়, এবং সভা শোভাযাত্রা, মাইক, এই সবের অনুমতি তাদের কাছ থেকে নিতে হয়; আবার বাড়ীওয়ালা ও ভাড়াটের মধ্যে ঝগড়া ঝাঁটি দেখা, মিমাংসা করা, ভেরিফিকেশান করা সমস্ত কাজের ভার তাঁদের উপর রয়েছে। অর্থাৎ এককথায় ব্যাপক ভাবে

executive and some judiciary function

তাদের রয়েছে। কলকাতা সহরে সি, পি, এম, এর থেকে তাদের যে কর্ত্তৃত্ব, সেটা আরও ব্যাপক ও সুদূর প্রসারী। এতবড় গুরুত্বপূর্ণ দপ্তরের যিনি মন্ত্রী হবেন, তাঁর যদি ব্যক্তিত্ব থাকে তাহলে তিনি সুষ্ঠুভাবে এবং সর্ব্বাঙ্গীন কৃতিত্বের সঙ্গে কাজ চালাতে পারেন। কিন্তু আমাদের যিনি পুলিশমন্ত্রী, তাঁর সেই ব্যক্তিত্বের অভাব আছে। কারণ সিনিয়ার অফিসাররা তাঁকে পাত্তা দেন না এবং তার ফল হচ্ছে—

corruption and administrative looseness.

গত বছর খাদ্য আন্দোলনের সময় বৃষ্টির ধারার মত যখন নিরস্ত্র জনসাধারণের উপর গুলি চালনা হচ্ছিল তখন আমাদের মাননীয় পুলিশমন্ত্রী মহাশয় কণ্ট্রোল রুমে বসে তৃপ্তিধারার রসগোল্লা খাচ্ছিলেন।

[4-40—4-50 p.m.]

স্যার, এখন পর্য্যন্ত সেই তৃপ্তিধারার রসগোল্লার দাম দেওয়া হয় নাই।

ডা: রায়—সেই খাদ্য আন্দোলনের পরে হাউসে দাঁড়িয়ে বলেছিলেন যে—

Government is not afraid of judicial enquiry.

তবে তার আগে একটা ডিপার্টমেণ্টাল এন্‌কোয়ারী হবে। সরকার থেকে হাওড়া এবং ২৪ পরগণার জন্য একটা ডিপার্টমেণ্টাল এন্‌কোয়ারী করা হয়েছে। তাঁরা বলেছেন অবশ্য—ফায়ারিং ওয়াজ জাষ্টিফাইড্।

যদিও আমরা বিশ্বাস করি না, তবুও তাদের পক্ষ থেকে ভার্সান দিয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে এ সম্বন্ধে জিজ্ঞাসা করতে চাই—ক্যালকাটা ডিপার্টমেণ্টাল এন্‌কোয়ারীর কি হল? অন্ধকারের মধ্যে তা লুকিয়ে রাখা হয়েছে কেন? শুধু তাই নয়। যিনি পুলিশ কমিশনার—এই সমস্ত ঘটনার জন্য দায়ী তাঁকে প্রমোশন দিয়ে আজকে আই, জি, করা হয়েছে। ব্যক্তিগতভাবে—পুলিশ কমিশনার যিনি ছিলেন এখন যিনি আই, জি, হরিসাধন ঘোষচৌধুরী মহাশয় তাঁর সম্বন্ধে কিছু বলতে চাই না। কিন্তু পুলিশ কমিশনার

the symbol of the Police department.

তাঁর কাজ তার চালচলন সন্দেহের উর্দ্ধে যদি না হয়—

whole morale of the department

নষ্ট হয়ে যাবে, এ্যাডমিনিষ্ট্রেশানএর ক্ষতি হবে। সেই পুলিশ কমিশনার কয়েকটি কীর্ত্তি কাহিনী আপনার সামনে রাখছি। এই ঘোষ চৌধুরী মহাশয়ের তিনখানা বাড়ী—একখানা নিউ আলিপুরে, একখানা ঝাড়গ্রামে, এবং আর একখানা ঘাটালে গোপালপুরে। এই ঘাটালে গোপালপুরের বাড়ীর জন্য ৩২ জন অফিসার নিযুক্ত হয়েছিল সিমেণ্ট ক্যারি করার জন্য। সৌরেন রায় চৌধুরী, তিনিও ঐ কাজে ছিলেন। তাঁকে যখন কুচবিহারে ট্রান্সফার করা হল—উনি তখন অফিসিয়েটিং আই, জি, তখন ব্যাপারটা ফাঁস হয়ে গেল। তিনি ডা: রায়ের কাছে সরাসরি আপীল করলেন, একটা মেমোরেণ্ডাম সাবমিট করলেন। প্রাইমা ফেসি কেস ছিল বলে ট্রান্সফার অর্ডার ক্যান্‌সেল করে আলিপুরে তাঁকে পোষ্টিং করেছেন।

দু নম্বর হচ্ছে তার বেনামী পাঁচখানা বাস—তার নম্বর ডব্লিউ বি এস ১৯, ১১৮, ১২০, ১২১ এবং ১২৬। পুলিশ মন্ত্রী মহাশয়—এটা এন্‌কোয়ারী করুন। টালীগঞ্জের ওয়েসাইড্ ব্রীজের সঙ্গে তাঁর সম্পর্ক কি? তার বিরুদ্ধে এক ইউরোপীয়ান ভদ্রলোক মিস এপ্রোপ্রিয়েসন এর চার্জ টালীগঞ্জ থানায় এনেছিলেন। টালীগঞ্জের পুলিশ সাব-ইন্‌স্‌পেক্টর কালিকা ব্যানার্জীকে এ সম্বন্ধে এনকোয়ারী করতে নিয়োগ করলে তাকে বাধা দেওয়া হয়। ওয়ান ডে নোটিসত্র সেই সাব-ইন্‌সপেক্টরকে রাতারাতি ট্রান্সফার করে দেন ঘোষ চৌধুরী মহাশয়।

তাঁর চতুর্থ কীর্ত্তি—পুলিশ কমিশনারের ছৈনোর ছেলের নামে কিংবা বেনামীতে কয়েকটা ট্যাক্সী ও পেট্রোল পাম্প আছে, সেটা জানতে চাই।

পঞ্চম—E.C.R. Bar এর বিরুদ্ধে অফিসাররা গুরুতর অভিযোগ করেছিল, তার লাইসেন্স সাসপেণ্ড করা উচিত ছিল। বারের মালিক শুনছি ঘোষ চৌধুরীর লোক বলে তার বার লাইসেন্স

বাতিল হয় নাই। বজরঙ্গ লাল মোর নামে সেই ভদ্রলোক এই হাউসে আমার কাছে স্বীকার করেছেন তার গুরুদেবকে ৫১০০ টাকা প্রণামী দিয়ে তবে রিভলবার পেয়েছিলেন। কালিপদবাবুকে জিজ্ঞাসা করি—তিনি ঘোষ চৌধুরীকে বলেছিলেন কিনা—সেই দর্পন কাগজের বিরুদ্ধে মামলা করতে। সাহস থাকে তো সেটা বলুন।

এ্যাডমিনিষ্ট্রেশন সাইডে এ কেমন করে আজ দুর্নীতি চলছে এবং তার অবস্থা কি সেটা দেখতে চাই। হাওড়া ২৪ পরগণার খাদ্য আন্দোলনের সময় ফায়ারিং ক্যাজুয়ালটির পরে তখন হীরেণ সরকার আই. জি. ছিলেন, সুধীরবাবু তাঁর বিরুদ্ধে বলেছেন, এই হীরেণ সরকার মহাশয় যাঁরা সাংবাদিক, তাঁদের পাবলিসিটি ভ্যান অফার করেছিলেন সংবাদ সংগ্রহের জন্য। কিন্তু সাংবাদিকরা তা নেননি। তারা বলেছিলেন—আমরা খবর পাচ্ছি। কলকাতার ফায়ারিং সম্পর্কে এই সাংবাদিকদের যথেষ্ট অভিযোগ ছিল—তাঁরা সত্যি খবর পাচ্ছিলেন না। তার জন্য ডা: রায়ের কাছে তদ্বির করতে গিয়েছিলেন এবং ঘোষ চৌধুরী মহাশয় সবদিক দিয়ে আয়রন কার্টেন ক্লাম্প করে রেখেছিলেন।

স্যার সৌরেণ রায় চৌধুরীর কথা দেখুন। এনফোর্সমেন্ট ব্রাঞ্চএর উপর যা কণ্ট্রোল সে কন্ট্রোল পুলিশ কমিশনারের এবং আই. জি. এই দুইজনের উপর। এখানে যিনি ডেপুটি কমিশনার ডক্টর পঞ্চানন ঘোষাল, যাঁকে উনি পুলিশ কমিশনার থাকার সময় তাঁর কন্‌ফারমেশান ষ্টপ করেছিলেন, তিনিই আজ আই. জি. হয়েছেন এবং তাঁর এক্‌সটেনসান তাঁর হাতে। তাহলে কি করে ভালভাবে কাজ চলতে পারে? এবং সেই সৌরেণ রায়চৌধুরী তিনিও, আজকে যিনি আই. জি. হয়েছেন, তাঁর হাতের মুঠোয় রয়েছেন। সুধীর মজুমদার, যাঁর বিরুদ্ধে এ্যাণ্টি-করাপ্‌সান্ থেকে অভিযোগ হওয়ায় তাঁকে ট্র্যান্সফার করা হয়, সেই ভদ্রলোক তখন ছুটি নিয়ে বেরিয়ে পড়েন কিন্তু যখন খবর এলো ঘোষচৌধুরী মহাশয় আই. জি. হয়েছেন সেই সময় তিনি এসে আবার কাজে যোগদান করলেন। স্যার, ঘোষচৌধুরী মহাশয় আই. জি. হবার পর আই. জি. দপ্তরে খুব খুশীর হাওয়া বইছে। এখন ত আর হীরেণ সরকার মহাশয় নেই। আজকে আমরা সেই জায়গায় শুনছি যে সেখানে আসল যিনি আই. জি. তিনি হচ্ছেন কালিবাবুর একজন পেট, এ. আই. জি. বীরেন চক্রবর্ত্তী। এই বীরেনবাবু ও ভবানীবাবু বলে একজন ক্লার্ক, তাঁদের হাতেই সকলের ট্র্যান্সফার ও প্রোমোশান্ এবং সেই ট্র্যান্সফার ও প্রোমোশান এর মারফৎ তিনি বেশ দুই পয়সা পাচ্ছেন। সেইজন্য সেখানে খুশীর হাওয়া বইছে। এই বীরেন চক্রবর্ত্তী মহাশয়ের রিটায়ারমেণ্ট-এর সময় হল, সেই বীরেন চক্রবর্ত্তীকে আমাদের কালিবাবু সুপারিশ করে রাষ্ট্রপতির মেডেল পাইয়ে দিলেন যাতে রিটায়ারমেণ্ট-এর পর তার আর একটা এক্সটেন্‌শান্-এর জমি তৈরী হয়। ইংরাজ আমলে কোন পুলিশ অফিসার-এর বিরুদ্ধে সমালোচনা হলে তার প্রোমোশান্ হোত, কালিবাবু ও সেই ধারা বজায় রেখেছেন। এখানে আমার একটা ছড়ার কথা মনে পড়লো—"লর্ড কার্জ্জনের বংশবাতি বামুনে জ্বালায়।" তারপর ঘোষচৌধুরী আই. জির. পিছনে আই-সি-এস্ ক্লিক্ আছে। হীরেণ সরকার মহাশয় অন্যায় নির্দ্দেশ শুনতেন না। কিন্তু একটা বড় অফিসারকে হাতে রাখতে হয় তাই ঘোষ- চৌধুরী মহাশয়কে হাতে রাখছেন এবং মায়ের বিকলাঙ্গ শিশুর মত তাকে লালন-পালন করছেন। আমাদের হোম সেক্রেটারী, শ্রীযুক্ত এম, এম, বসু, তার পিছনে আছেন। তিনি হয়ত ফাইল দেখিয়ে বলবেন যে, না এই অভিযোগ সত্য নয়, তিনি ঠিকমত কাজ করছেন। কিন্তু এই দপ্তরে ফাইল-এর যে কি অবস্থা

হয় তার আমি নমুনা দিচ্ছি। আমি চ্যালেঞ্জ্ করে বলছি কালিবাবুকে, যে হোম সেক্রেটারী, শ্রী এম, এম্, বসুর হেপাজত থেকে এই দুইটি পুলিশ ডিরেক্টোরেট-এর ফাইল হারিয়েছে কিনা। প্রথম ফাইল হচ্ছে,

Fixation of pay of officers and men according to 1955 scales of pay,

এই ফাইলটা মিসিং। আর ২ নম্বর ফাইল হচ্ছে,

Case for promotion of P. G. Mukherjee of Police Directorate.

এই ফাইল গুলি কালিপদ বাবুকে চ্যালেঞ্জ্ করছি, যে তিনি এখানে এনে হাজির করুন। স্যার, ৪ নম্বর কথা হচ্ছে, পুলিশ কিরকম ইণ্টারফিয়াব করে সে কথা বলতে চাই। ডক্স্-এ যে ইউনিয়নস্ আছে তার একটা ইউনিয়নকে কালিবাবুব পুলিশ সমর্থন করে এবং সাহায্য করে থাকে। যে ইউনিয়ন ইস্‌লাম ইন্ ডেঞ্জার ধুয়া তুলতো এবং সুরাবর্দ্দি যাকে স্থাপিত করে গিয়েছে এবং তালিব সাহেব বলে এক ভদ্রলোক সেই ডক্ লেবার বোর্ড-এর চেয়ারম্যান ছিলেন, যিনি এখন পাকিস্তানে পালিয়েছেন, সেই ইউনিয়নকে সাহায্য করার জন্য, যখন ভারত রাণী সণ্ট্ শিপ্তকে বয়কট্ কবা হয়েছিল, পুলিশ সেখানে অত্যাচাব করে এবং এক-জন হিন্দু অফিসারকে সেখানে গুলি করে মাবা হয়। এই ইউনিয়ন-এর পক্ষ থেকে বিহারে গিয়ে মুসলমান হিন্দুকে মেরেছে এই বলে গ্রামে একটা সাম্প্রদায়িক দাঙ্গা বাধাবার চেষ্টা করেছিল। এখানে একজন সদস্য যিনি তাব সভানেত্রী তিনি সেই খবর পেয়ে সেই খবর পাঠালেন চীফ্‌মিনিষ্টাব অব বিহাব-এব কাছে এবং তিনি সেটা হস্তক্ষেপ করার পর এইরকম একটা অস্বাভাবিক পরিস্থিতিব হাত থেকে বিহাব বেঁচে গিয়েছিল এবং তাব প্রতিক্রিয়া থেকে বাংলাদেশও বেঁচে গিয়েছে। সুধীরবাবু আমাদের বলেছেন যে পুলিশ কমিশনার মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিতে পারেন কাবণ তিনি পুলিশ কমিশনার-এ অ্যাপয়েণ্টেড্ হয়েছেন। কিন্তু হীরেণ সরকার মহাশযেব যে অভিজ্ঞতা, যাব সুযোগ নিয়ে তাঁকে সেক্রেটারী করা হযেছে, সেখানে শংকরবাবু ও তাব একজন সভ্য এবং তিনি বলেছেন তিনি সময় পান না।

[4-50—5 p.m.]

তিনি অনেক গুরুত্বপূর্ণ কাজে ব্যস্ত থাকেন। শুনেছি তিনি নাকি ক্যালকাটা ক্লাব এর সাব-কমিটিতে আছেন এবং তাব চেয়ারম্যান হয়েছেন—এই সব কাজে ব্যস্ত থাকার ফলে তিনি আপনাব পুলিশ কমিশনে কাজ করতে পারবেন না। স্যার, আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাবো, যে তিনি নতুন পুলিশ কমিশনাব হিসাবে শ্রীউপানন্দ মুখার্জী মহাশয়কে এনেছেন—কলকাতায় যে, পুলিস সেট-আপ রয়েছে তাঁদেব উপব যেন তিনি হস্তক্ষেপ না করেন, তাঁদের যেন কাজ করতে দেন। ডি. সি. হেড-কোয়ার্টার্স, শ্রীবিষ্ণু বাগচি আছেন, ডি. সি. সাউথ, ডি, সি, নর্থ, এবং ডি, সি, সেণ্ট্রাল আছেন—এঁরা সব সৎকর্মী এবং বয়সে তরুণ, তাঁদের কাজ করাব সুযোগ দেন, তাঁদেব কাজে যেন কোনরকম হস্তক্ষেপ না করেন।

Shri Khagendra Kumar Raychoudhury :

মাননীয় স্পীকার মহাশয়, আনন্দগোপাল মুখার্জী মহাশয় পুলিশের তৎপরতা সম্বন্ধে অনেক কথা বল্লেন। আমি পুলিশেব তৎপরতার কয়েকটা ঘটনা আপনাব সামনে উপস্থিত করছি। তাথেকে আপনি বুঝতে পারবেন এই পুলিশ কিভাবে ফান্‌কশান করছে। কয়েকদিন আগে ভাংগর থানায় একটা ঘটনা ঘটেছে, ভাংগর থানাব বাগুইহাটি ইউনিয়নে ভাগচাষীরা ৬০০ বিঘা চাষ করত যেহেতু তারা এই বছর সরকারের কাছে জানিয়েছিল যে জমি বেনামী হয়েছে সেই অপরাধে

তাদের জমির ধান লুটপাট করা হোল এবং ভাংরগ থানার সেকেণ্ড অফিসার এই লুটপাটের নেতৃত্ব করেন। যেদিন এই ঘটনা ঘটে সেদিনই আমি ২৪ পরগণার সুপারিন্টেণ্ডেণ্ট অব্ পুলিশ কে জানাই এবং এত্ত জানাই যে, গুণ্ডার দলের সঙ্গে বসে তিনি তাড়ি খাচ্ছেন—

Shri Bankim Mukherjee : Mr. Speaker, Sir, I would draw your attention to the fact that the Treasury bench is empty. This is disgraceful. I would request you to adjourn the House for some time. We won't speak unless the Minister comes.

Mr. Speaker : I am sending information to the Ministers.

Shri Deven Sen :

মন্ত্রীমহাশয়দের কাউকে ডেকে পাঠান না কেন ?

[*At this stage the Hon'ble Kalipada Mukherjee come in*]

Shri Khagendra Nath Roy Choudhuriy :

তারপর, এই পুলিশের কার্য্যকলাপ সম্বন্ধে আরো কয়েকটা ঘটনা বলি—বারুইপুর থানায় লক্‌আপ একজন লোকের উপর অমানুষিক অত্যাচার করা হয়—রাত্রিশেষে তার আত্মীয় স্বজনের কাছে খবর গেল সেই লোক মারা গিয়েছে—এই ঘটনা আমি এস. পি. কে জানাই। তাকে এমন নৃশংসভাবে মারা হয়েছিল যে গোড়ালি থেকে চামড়া তুলে দেওয়া হয়েছিল এবং মাথার স্কাল ফাটিয়ে দেওয়া হয়েছিল এবং তার সামনে বসে তার স্ত্রীর করুন আর্তনাদ শুনলে বুঝতে পারতেন। আর এই পুলিশ বাহিনীর কত গুণগান করে গেলেন আনন্দ গোপাল মুখার্জী। আজ নীচস্থ পুলিশকর্ম্মচারীরা উপরের থেকে উস্কানি পেয়ে সমাজবিরোধী লোক ও গুণ্ডাদের সঙ্গে আপোষ করে কিভাবে রাজত্ব করে যাচ্ছে তা আজ আর শিশুদের ও জানতে বাকী নেই। এর প্রতিবাদে কারুর কোন কথা বলার কোন ক্ষমতা নাই। আমরা জানি সমাজ বিরোধীদের সঙ্গে আমাদের পুলিশমন্ত্রীর ও যোগাযোগ আছে এবং এই পুলিশমন্ত্রীই সকলের আগে চেষ্টা করেন কীকরে জামীন দেওয়া যায়। পুলিশমন্ত্রী বিপ্রেসিভ্ মেজার্সএর পরিবর্ত্তে হৃদয়ের পরিবর্ত্তন টবিবর্ত্তন কত কি বল্লেন। কেবলায় হৃদয়ের পরিবর্ত্তন হচ্ছে দেখুন, মিঃ স্পীকার, স্যার—বারুইপুর বোমাফাটার কেস্এ পি. ডি. এ্যাক্ট কার্য্যকরী করা হয়নি অথচ গত ফুড মুভমেণ্টএ পি. ডি এ্যাক্ট নির্ব্বিচারে চালু করা হয়। গত ফুড মুভমেণ্টের সময় আমার বাড়ীতে খোঁজ করা হয়—আমার স্ত্রী একলা থাকতেন—রাত্রি ১০।১২ টার পর ঘরে ঢুকে মশারি তুলে খোঁজ করা হত।

[5—5-10 p.m.]

এরা এসব জানে বলেই আজ নিশ্চিন্ত হয়ে আছে। বাংলাদেশে সমাজবিরোধীরা আজ পুরো কর্ত্তৃত্ব চাইছে কিন্তু পুলিশমন্ত্রী জেনে রাখুন যে বাংলাদেশের মানুষ এখনও মরেনি কাজেই তাঁরা এর বিরুদ্ধে নিশ্চয়ই দাঁড়াবে। তবে যদি তাঁরা মনে করেন যে এইভাবে মানুষের স্বাভাবিক প্রবৃত্তিকে দমিয়ে দিয়ে বাংলাদেশে পশুপ্রবৃত্তিকে জেতাবেন তাহলে আমি বলব যে তাঁরা একটু ভুল হিসেব করছেন। আমি এখানে ৩।৪ টি থানার খবর দিলাম এবং আপনিও যে জায়গায় থাকেন ঐ একই জিনিস দেখতে পাবেন। এখানে পার্টি কুলারলি যে ঘটনাটা আমি জানালাম তাতে তাঁরা ১১ দিন ধরে ডি. এস. পি-কে জানিয়েছেন এবং তারপর তিনি বললেন এ্যাডিশনাল এস. পি.-র কাছে যাও। কিন্তু শেষ পর্য্যন্ত গেল কার

খাচ্ছে না যার বিরুদ্ধে অভিযোগ এবং তাকে দেখা গেল যে সে বসে বসে তাড়ি খাচ্ছে। কাজেই এসব অবস্থা দেখে আমি মনে করি তাঁরা যে পথে এবং যে পরিকল্পনা নিয়ে যাচ্ছেন তার একমাত্র লক্ষ্য হচ্ছে বাংলাদেশের মানুষ অন্যায়ের বিরুদ্ধে না দাঁড়িয়ে তাঁদের অন্যায় অত্যাচার স্বাভাবিকভাবে মেনে নেবে। যা'হোক বাজেট সম্বন্ধে বলতে গেলে এই বোলতে হয় যে যদি এঁরা এরকম নিষ্ক্রিয় হয়ে বসে থাকে তাহলে এঁদের দ্বারা কোন কাজ হবেনা বা এরকম পুলিশের কোন প্রয়োজন নেই, আর তা'নাহলে এমন একটি পুলিশবাহিনী করুন অন্ততঃ যার মধ্যে এই কালিবাবু থাকবেন না।

Shri Subodh Banerjee :

মাননীয় স্পীকার মহাশয়, পুলিশ খাতে ব্যয় বরাদ্দের জন্য প্রতি বছর কংগ্রেসের তরফ থেকে যে বক্তৃতা দেওয়া হয় তাতে যুক্তি দেখান হয় যে পশ্চিমবাংলার সঙ্গে পূর্ব্ব পাকিস্তানের বর্ডার, জনসংখ্যার গুরুত্ব ইণ্ডাষ্ট্রিয়ালাইজেসন ইনফ্লাকস অব রিফিউজিজ—অতএব টাকা খরচ করতে হবে। কিন্তু আমি জিজ্ঞাসা করি যে প্রতিবছরই কি পুর্ব্ব ও পশ্চিম পাকিস্তানের সীমানা ও জনসংখ্যার গুরুত্ব বেড়েই চলেছে যে বছর বছর এরকম ১০।১২ লক্ষ টাকার ব্যয় বরাদ্দ বাড়াতে হবে? কাজেই এগুলো ছেঁদা যুক্তি ছাড়া আর কিছু নয়। এঁরা মুখে গণতন্ত্র, ওয়েলফেয়ার ষ্টেট প্রভৃতি চমৎকার সব কথা বলছেন কিন্তু এই পুলিশের কাজে এবং সরকারের নীতিতে আমরা দেখছি যে একটা জঘন্য অবস্থার সৃষ্টি করে এই মন্ত্রীমণ্ডলী একে পুলিশী রাষ্ট্রেরও অধম করে তুলেছেন। এঁরা বলছেন ওয়েল ফেয়ার ষ্টেট —হোয়াট ডাজ ইট প্রি-সাপোজ—এতে কি মিন করে? এগুলো হতে গেলে পর পুলিশের ব্যয় এবং কনসেনট্রেসন কমবে—

Democracy presupposes less interference with the activities of the public life.

কিন্তু এঁদের ক্ষেত্রে দেখছি আরও বেশী ইণ্টারফিয়ারেন্স হচ্ছে এবং প্রতি বছরই পুলিশের ক্ষেত্রে ব্যয় বেড়ে চলেছে। আমি এ্যাকচুয়াল এক্সপেনস বলছি—১৯৫৬ সালে যেখানে ৭ কোটি ১৩ লক্ষ ৬৬ হাজার ১৯৫৮ সালে সেখানে ৭ কোটি ৮৪ লক্ষ ৪০ হাজার এবং ১৯৬০।৬১ সালে সমস্ত ধরলে দেখা যাবে যে ১০ কোটি টাকা ব্যয় হবে! অর্থাৎ আমরা যদি জনপ্রতি মাথা পিছু হিসেব নেই তাহলে দেখব যে ওয়েষ্ট বেঙ্গল হাইয়েষ্ট। অবশ্য অন্য সব কংগ্রেসী রাজত্বেও ঠিক ঐ একই অবস্থা কিন্তু তাহলেও তাঁদের আবার মাথার মনি হচ্ছে এই কালিবাবুর পুলিশী শাসন ব্যবস্থা। প্রথমে পুলিশ কনসেনট্রেশনের কথাই ধরা যাক। এঁদের এই ওয়েলফেয়ার ষ্টেটে পুলিশ কনসেনট্রেশন যদি দেখি তাহলে দেখব যে কোলকাতায় প্রতি তিনশতজন লোকের পেছনে ১জন করে পুলিশ পার্সোনেল রয়েছে। যেখানে লড়াই চলে সেখানেও এরকম কনসেনট্রেশন নেই এর নাম কি গণতন্ত্র এর নাম কি ওয়েলফেয়ার ষ্টেট? এ যদি গণতন্ত্র হয় তাহলে তা'হচ্ছেপুলিশী গণতন্ত্র অর্থাৎ সোনার পাথর বাটি। তৃতীয় জিনিষ আমরা দেখছি যে এঁরা বলছেন গণতন্ত্র। কিন্তু এটাকে কি করে গণতন্ত্র বলা যেতে পারে?

At this stage the House was adjourned for fifteen minutes.]

[*After adjournment.*]

[5-40—5-50 p.m.]

Shri Narendra Nath Das :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় পুলিশমন্ত্রী মহাশয় আজকে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাতে আমরা দেখছি শিক্ষা ব্যতীত আর সমস্ত ব্যয় বরাদ্দ অপেক্ষা বেশী দাবী করা হয়েছে। অবশ্য আমাদের সামনে উনি এই ব্যয় বরাদ্দ পেশ করবার সময় যেটুকু পরিসংখ্যাণ দেন অপরাধ সম্বন্ধে, তাঁর কর্মচারীদের সম্বন্ধে, এ ছাড়া আমাদের আর কোন হিসাব দেখান হয় না। অর্থাৎ কোন কোন জেলায় চুরি ডাকাতি কত সংখ্যক বেড়েছে, সেটা আমাদের জানবার কোন উপায় নেই। তিনি যদি এ সম্বন্ধে আমাদের একটু আগে জানিয়ে দেন তাহলে আমাদের আলোচনার সময় সুবিধা হয়। কিন্তু তিনি তা করেন না। তিনি পরিসংখ্যাণ দিয়ে প্রমাণ করতে চেয়েছেন যে দেশে চুরি ডাকাতি, অপরাধ প্রভৃতির সংখ্যা কমে যাচ্ছে। অথচ গনেশবাবু ষ্টেটসম্যান পত্রিকা থেকে কোট্ করে দেখিয়েছেন যে ১৯৫৮-৫৯ সালে কলিকাতা শহরে অপরাধের সংখ্যা শতকরা ১০ ভাগ বেড়ে গিয়েছে। কাজেই কোনটা সত্য সেটা অনুধাবন করার আমাদের উপায় থাকে না। তারপর তিনি ডিমাণ্ড পেশ করবাব সময় বলেছেন সর্ব্বত্র পুলিশ অপরাধকে অনেকটা কন্ট্রোল এর মধ্যে এনেছেন। অনেক সদস্য কলকাতার অবস্থা সম্বন্ধে বলেছেন, আমি মফঃস্বলের কথা বলবো। ডাঃ ঘোষের কাছে শুনেছি তমলুক অঞ্চলে সন্ধ্যাবেলা যে হাটগুলি বসতো, এখন সেগুলি সকালে করা হচ্ছে। তাছাড়া দেখা যায় কাঁথি থেকে চুসার অঞ্চলে যেতে হয় রিক্সা করে; কিন্তু সন্ধ্যার পর আর রিক্সাওয়ালারা যেতে চায় না। এবং ভগবানপুর, খেজুরী প্রভৃতি অঞ্চলে মেয়েপুরুষরা সন্ধ্যার পর রাস্তায় বেরোন নিরাপত্তা বোধ করে না। সেখানে গুণ্ডা, মাতালের আড্ডা হয়েছে। কাঁথির রাস্তার উপর সন্ধ্যাবেলা চুরি ডাকাতি, রাহাজানি হচ্ছে, অথচ সেখানে ইলেক্‌ট্রিক বাতি জ্বলছে রাত্রি ১টা পর্য্যন্ত। এইভাবে সেখানে অপরাধেব সংখ্যা বেড়ে গিয়েছে, একটারও কিনারা হচ্ছে না। এই যদি সেখানকার অবস্থা হয়, তাহলে অপরাধের সংখ্যা কমে যাচ্ছে, কি কবে মন্ত্রীমহাশয় বলেন তা বুঝতে পারি না। মাননীয় মন্ত্রীমহাশয় যে তথ্য আমাদেব সামনে পবিবেশণ করলেন তা আমি বুঝতে পারলাম না। তারপর মফঃস্বলে জুয়াখেলা ও মদ চোলাই এর কারবার ক্রমশঃ দিন, দিন বেড়ে চলেছে। আমি চোখের সামনে দেখেছি গ্রামবাসীদের মধ্যে মাতালের সংখ্যা বেড়ে গিয়েছে এবং বেআইনী মদ চোলাইএর সংখ্যাও অনেক বেড়ে গিয়েছে। আমি জানি কাঁথির উপকণ্ঠে, সেখানে দস্তুর মত মদ চোলাই হয় এবং সেই মদ চোলাই বন্ধ করবার জন্য আজ পর্য্যন্ত কোন ষ্টেপ নেওয়া হয়নি। সেখান থেকে ঐ চোলাই মদ অন্যান্য জায়গায় চালান হয়ে যায়; এবং এমনকি চায়েব দোকানেও সেই মদ প্রচুর পরিমাণে বিক্রয় হচ্ছে। তারপরেও যদি মন্ত্রীমহাশয় বলেন যে অপরাধের সংখ্যা কমে যাচ্ছে, তাহলে সেটা কি করে বিশ্বাস করা যায়। তারপর আর একটা ব্যাপার বোধ হয় আপনি বিশেষ-ভাবে লক্ষ্য করেননি—সেটা হচ্ছে থানায় ডায়েরী লেখান। চুরি, ডাকাতির ব্যাপার নিয়ে থানায় ডায়েরী লেখাতে গেলে, অফিসার ইন্‌চার্জ বলেন, আগে চোর ডাকাতের নাম বলুন তবে ডায়েরী লেখা হবে। কাজেই চোরের নাম বলতে না পারার জন্য ডায়েরী নেওয়া হয় না। একজন আমার কাছে এসে অভিযোগ করেন যে থানায় ডায়েরী লেখাতে গেলে পাঁচসিকা পয়সা লাগবে। আমার কাছ থেকে পাঁচসিকা পয়সা চাইলো। আমি

তাকে থানার দারগাবাবুর নামে একখানা চিঠি লিখে দিলাম, তারপর তার ডায়েরী নেওয়া হল। শুধু এই পাঁচসিকে পয়সা নয়, থানার পুলিশ অফিসার, দারগাকে কিছু পান, সিগারেট্ না খাওয়ালে ডায়েরী লেখান হয় না। সেখানে অপরাধ কত হচ্ছে, কিন্তু লোকে থানায় ডায়েরী লেখাতে যেতে চায় না, কারণ ডায়েরী করতে গেলেই পয়সা দিতে হয়। পয়সার অভাবে লোকে এমনিতেই পেরে ওঠে না, তার উপর আবার পয়সা দিয়ে ডায়েরী লেখাতে হবে, এই অজুহাতে কেউ থানায় যেতে চায় না। কাজেই অপরাধের সংখ্যা কত বেশী তা থানার ডায়েরী থেকে মন্ত্রী মহাশয়ের বোঝবার উপায় নেই। তারপর কেস তদন্ত করিবার সময় পুলিশ অফিসারদের মাছ, ঘি, এই সব যোগাতে হয়, যা আজকাল সাধারণ লোকে পেরে ওঠে না। দিনের পর দিন তারা আসবে তদন্ত করতে এবং এদের এই যে চাহিদা সেটা মেটাতে হবে। সেই জন্য লোকে থানায় যেতে চায় না। কাজেই মন্ত্রীমহাশয় যে আমাদের বোঝাতে চেষ্টা করেছেন যে অপরাধের সংখ্যা কমে যাচ্ছে, সেটা ঠিক নয়। মফঃস্বলে যেসমস্ত বড় বড় অফিসাররা থাকেন, যেমন এস. ডি. ও. পুলিশ ইনসপেক্টার, তাদের কাছে একটা করে কমপ্লেন্ট বুক রাখা দরকার যাতে জনসাধারণ তাঁদের কাছে গিয়ে জানিয়ে আসতে পারেন, এবং তাঁরা সঙ্গে সঙ্গে তদন্তের ব্যবস্থা করতে পারেন। এইরকম যদি ব্যবস্থা না করেন, আপনাদের উর্দ্ধতন কর্মচারীরা যদি না দেখেন তাহলে, অপরাধের সংখ্যা কখনও ঠিক ভাবে নির্ণয় হবে না।

এই রকম ব্যবস্থা যদি না করেন এবং উর্দ্ধতন কর্তৃপক্ষ মাঝে মাঝে মফঃস্বলে গিয়ে এই সমস্ত না দেখেন, কি কি কম্‌প্লেন্ট কোন্ কোন্ কেস এসেছিল কোন্ কোন্ এন্‌কোয়ারী হয়েছে বা হয় নাই—এই রকম ব্যবস্থা যদি না করেন তাহলে কিছুতেই দুর্নীতি দূর হবে না। থানায় লোক ডায়েরী করতে চায় না।

এ ছাড়া আমি আর একটা কথা জিজ্ঞাসা করতে চাই মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই বলবেন। কাট মোশানগুলি পড়ে দেখুন একমাত্র পুলিশ বিভাগের বিরুদ্ধে দুর্নীতির যত রকম কাট মোশান—সমস্ত শ্রেণীর মেম্বার থেকে বিরোধীপক্ষের থেকে এই পুলিশ সম্বন্ধে এত হয় কেন? অন্য দেশের পুলিশ ফ্রেণ্ড্ অফ্ দি পিপল্ হয়, আর এদেশের লোকে পুলিশকে এ চোখে দেখে কেন? আজ স্বাধীনতার ১২ বছর কেটে গেল অথচ পুলিশকে এ দেশের লোক বন্ধুভাবে ফ্রেণ্ড্, ফিলোসফার এ্যাণ্ড গাইড্ দেখতে শিখলোনা। এর কারণ কি? ভাল লোকের কাছে পুলিশ প্রিয়পাত্র হবে তা নয়। যারা দুর্দ্দান্ত প্রকৃতির লোক, তাদের কাছে পুলিশ প্রিয়পাত্র। দুষ্কৃতকারী কালোবাজারীদের বিরুদ্ধে যে অভিযোগ করা হয়, পুলিশ সেটা ঢাকবার চেষ্টা করেন।

আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি। ২৪ পরগণার সুন্দরবন অঞ্চলে আমার কিছু জমি আছে। গত বছর আমার সেই খামার থেকে ধান লুট হয়ে গিয়েছিল বলে ১৪৫ ধারা মতে মহকুমা শাসকের কাছে প্রার্থনা করাতে তা ক্রোক করা হয়েছিল। সেই ধান ধরবার জন্য যে কনেষ্টবল যায়, তার সামনে থেকে জোর করে ধান তারা নিয়ে যায়। সে সম্পর্কে থানায় ডায়েরী করে মহকুমা শাসককে জানান হলো। তিনি সেটা পুলিশকে তদন্ত করবার নির্দ্দেশ দিলেন। সেখানকার মেজো দারোগা, তাঁর নাম বলতে পারছি না, তিনি তদন্ত করলেন এবং তারপরে দাবী করলেন দশ সের চাল, ডাল, দশ সের মাছ, দুধ, ঘি ইত্যাদি। আমার কর্মচারীটা সব দিতে পারলো না। পুলিশ থেকে দাঁড়ি-মাঝি সকলকেই যথেষ্ট কিছু দেওয়া হয়। একজন এম-এল-এর সঙ্গে পুলিশ

এই রকম ব্যবহার করতে পারেন। অবশ্য আমি থাকলে অন্য ব্যাপার হতো। সব তো বুঝলাম, পুলিশ বলল—এটা পুলিশ কেস হয়ে যাচ্ছে, আপনার মনিবকে তো কিছু খরচ করতে হবে না। কাজেই পুলিশকে তিনশো টাকা দিতে হবে। তখন আমার কর্মচারী বললেন যে আমার মনিব একজন এম-এল-এ। পুলিস তার উত্তরে বললো—এম-এল-এ বলে তো কমদাবী। দরদস্তুর করে শেষ পর্য্যন্ত ১১০৲ টাকা তার কাছ থেকে নেওয়া হ'ল। শুনে রাখুন মন্ত্রীমহাশয় একজন এম-এল-এ, তার সমস্ত কিছু জেনেশুনে পুলিশ ১১০৲ টাকা নিতে সাহস করে। আমি জিজ্ঞাসা করি এই যদি অবস্থা হয়, তাহলে রাজ্যের অন্যান্য লোকের কাছ থেকে কি পরিমাণ টাকা পয়সা ঘুস ইত্যাদি পুলিশ আদায় করে থাকে—অনুসন্ধান করে মন্ত্রীমহাশয় সে বিষয় জানাবেন কি ?

তারপর এগ্‌রা থানার একটা ঘটনার কথা বলবো। মানুষ দুর্নীতি করলে পুলিশের যে এ্যান্টি করাপশান ডিপার্টমেণ্ট, এনফোর্সমেণ্ট আছে, সেই এ্যান্টি করাপশান ডিপার্টমেণ্টএ অভিযোগ করলে প্রতিকার হবে এ কথা সকলের জানা আছে। কিন্তু এই এ্যান্টি করাপশান ডিপার্টমেণ্টএ অভিযোগ করলে কিরকম করে একব্যক্তি বিপদগ্রস্থ হলো সেটা বলছি—এগরা থানার সাত নম্বর ইউনিয়নে ১৯৫৭ সালে টেষ্ট্ রিলিফের সময় একজন লোক ডিলার ও পে-মাষ্টারের সঙ্গে যোগাযোগ করে বোগাস্ কতকগুলি টোকেন্ যোগাড় করে এক ট্রাক গম পাচার করেছিলেন। স্থানীয় প্রাইমারী স্কুলের শিক্ষক ও তিনজন গ্রামবাসী মিলে ট্রাককে আটক করে এবং থানায় হাণ্ড্ ওভার করেন। মিষ্টার চ্যাটার্জী বলে একজন অফিসার যিনি মেদিনীপুর থেকে কণ্টাইতে এসেছিলেন, তিনি সেই তদন্তের ভার নেন্।

[5-50—6-0 p.m.]

মিঃ চ্যাটার্জী তদন্তে যাবার আগে আমার সঙ্গে দেখা করে বললেন যে, আপনারা অপোজিশানএর লোক। আপনি কি আমাদের সঙ্গে কো-অপারেট করবেন ? আমি তাকে বললাম যে সৎ অফিসার হলে আমাদের কো-অপারেশান সব সময়েই পাবেন মিঃ চ্যাটার্জী আমাকে বললেন যে তিনি অতুল ব্যানার্জীর বংশধর। যাই হোক তিনি তদন্তে গেলেন এবং সেখানে সাক্ষী দেবার জন্য একশ দেড়শো লোক জড় হল কিন্তু অফিসারএর দেখা নেই। লোকে না খেয়ে সকালে এসেছে আর বেলা ১২টা বেজে গেল তার দেখা নেই। লোকে রাস্তায় তখন এদিক ওদিক ঘুরে বেড়াতে লাগলো। তারপর দেখা গেল যে থানার দারগাবাবুর সঙ্গে তিনি ট্রাক্এ করে আসছেন এবং আশ্চর্য্যের ব্যাপার যে ট্রাক ড্রাইভারএর বিরুদ্ধে অভিযোগ করা হয়েছিল সেই ট্রাক্এ করেই তাঁরা এলেন। অর্থাৎ বোঝা গেল মিঃ চ্যাটার্জী ; থানা অফিসার ও ট্রাক্এর মালিকের দ্বারা প্রভাবান্বিত হয়েছেন। তারপর তারা এসেই রাস্তার বহু লোককে গ্রেপ্তার করলেন ও তার মধ্যে ৩৩ জনকে চালান করলেন। তাদের অপরাধ তারা নাকি সেই অফিসারএর সার্টের কলার ছিঁড়ে দিয়েছে। এবং তাদের কাছে যেসব টোকেন ছিল ডিলার টোকেন সীজ্ করা হয়েছিল তা সব ছিঁড়ে ফেলা হল। এই অভিযোগ এস্. ডি. ওর কাছে করা হল কিন্তু এস্. ডি. ও. বললেন যে আপনারা আমাদের অফিসারএর সঙ্গে খারাপ ব্যবহার করেছেন, তাঁর সার্টের কলার ছিঁড়ে দিয়েছেন। যাইহোক তারপর কলকাতা থেকে ভালো আইনজীবীকে নিয়ে গিয়ে তাদের বেকসুর খালাস করান হয়। কেউ কোন অভিযোগ করলে তার এই অবস্থা হয়। অথচ মিঃ চ্যাটার্জীর কোন শাস্তির ব্যবস্থা করলেন না। এই ত গেল এগ্‌রা থানার কথা।

এরপর কাঁথি থানার কথা বলছি। সেখানে ১৩৬ নম্বর ইউনিয়নেএ একটা ধান ভানার কল হল। সেই ধান ভানা কলের কোন লাইসেন্স ছিল না সেখানে একটা কলেজের ছেলে তার কি খেয়াল হল সে এ্যান্টি করাপশান্‌এ একটা দরখাস্ত করে দিল ৭-১১-৫৯ তারিখে। তার পর তার উপর তদন্ত করার অর্ডার হল ১৬-১১-৫৯ তারিখে। এখানে পুলিশ কর্মচারী কিরকম দুর্নীতিপরায়ণ, দেখুন, সে কলের মালিক শ্রীপতি মিশ্র তিনি খুব তাড়াতাড়ি যোগাযোগ করে ২০-১-৬০ তারিখে লাইসেন্স পাবার ব্যবস্থা করলেন তারপর সেখানকার এ. এস্. আই. বিমল রায় চৌধুরী, তিনি রিপোর্ট দিলেন যে তার লাইসেন্স আছে এবং পার্টী চার্জ করলেন, শো কজ করতে বললেন যে তোমাকে ফৌজদারী ধারার ১৮৮ ধারামতে অভিযুক্ত করা হবে না কেন? যাই হোক তিনি উকীল মোক্তার দিয়ে কেস করেন এবং খালাস পান। ৩০-১১-৫৯ তারিখে তিনি লাইসেন্স পেয়েছেন বলা হল কিন্তু তার ২৩ দিন পরে সে লাইসেন্স সংগ্রহ করলো। এবং সেই এ. এস. আই. বিমল রায় চৌধুরী, তিনি রিপোর্ট দিলেন।

"Seen and considered cause shown by the opposite party. Perused the duplicate copy of the license produced by N. K. Dutta, dealing assistant, A. R. C. P., Kharagpur. It appears that the licence was issued to Shripati Misra on 30.11.59 and prior to this date he had no valid licence issued to him. In the circumstances the cause shown by the opposite party satisfactory. The proceeding is dropped".

এই রকম মিথ্যা রিপোর্ট দিয়ে দিলেন এবং অপরকে ফৌজদারী মামলায় সোপার্দ্দ করার চেষ্টা করলেন। কিন্তু গভর্ণমেণ্ট এইসব কর্মচারীদের পানিসমেণ্ট দেবার কি ব্যবস্থা করেছেন? যারা ব্ল্যাক মার্কেটিং বন্ধ করবার জন্য সাহায্য করবে এবং অভিযোগ করবে আপনার এ্যান্টি করাপশানে। সেই এ্যান্টি করাপশানএর মধ্যেই যদি দুর্নীতি থাকে—সেই সরিষার মধ্যেই যদি ভুত ঢুকে থাকে—তাহলে দুর্নীতি দমন করবেন কি করে। মন্ত্রী মহাশয়কে এই দিকে দৃষ্টি দেবার জন্য বলছি যে, পুলিস বরাদ্দ বাড়ছে, অপরাধও বাড়ছে, এই রকম সাইক্লিক অর্ডারএ যদি এটা চলতে থাকে তাহলে এর শেষ কোথায়?

[6—6-10 p.m.]

Shri Apurbalal Majumdar :

মিঃ স্পীকার মহাশয়, পুলিশ খাতে ব্যয় বরাদ্দ বিরোধিতা করে আমি এখানে কয়েকটা কথা রাখতে চাই। এই বিভাগের অকর্মণ্যতা ও কুকীর্তির কাহিনী বহুবার এখানে উল্লেখ করা হয়েছে। এবার দেখছি গত বছরের তুলনায় কলকাতা শহরে ক্রাইম শতকরা ১০ ভাগ বেড়েছে। হাওড়ায় ১৯৫৭ সালে মার্ডারএর সংখ্যা যা ছিল ১৯৫৮ সালে তারচেয়ে বেড়ে গিয়েছে, ১৯৫৯ সালে আরও বেড়েছে। ক্রিমিনাল ইনভেষ্টিগেশান সম্পর্কে এখানে অনেক বড় বড় বক্তব্য রাখা হয়েছে। ক্রিমিনাল ইনভেষ্টিগেশান কি ধরণের হচ্ছে—সত্যিকারের অপরাধীকে ছেড়ে দিয়ে নিরপরাধ ব্যক্তিকে কিভাবে হয়রানি করা হয় তার দুএকটি ঘটনা এখানে তুলে ধরব। হাওড়ার বিশেষ একটি নামকরা কেস্—বামণগাছি রেলওয়ে ব্রিজ ইন্সপেক্টার হত্যা—১০০ লোকের সামনে তাঁকে মারা হয়। ইনভেষ্টিগেশান হল—এ্যাসিষ্ট্যাণ্ট সেসান্‌স্ জাজ মিষ্টার এ. এন. মুখার্জ্জীর ঘরে তার বিচার হয়। দেখা গেল যে, পুলিশ ইনভেষ্টিগেটিং অফিসার একজন

নিরপরাধ লোককে আসামী করে আদালতে সোপর্দ করেছে। এবং রিয়েল মার্ডারারকে লুকিয়ে রেখেছে, এবং তার বিরুদ্ধে কোন তদন্তও করা হয়নি। তিনি ব্যাপারটা এস. আর. পি-র নোটিশএ আনলেন এবং নতুন করে তদন্ত করতে নির্দ্দেশ দিলেন। এক বছর গড়িমসি করে ব্যাপারটা চলল, রিয়াল কালপ্রিটকে ধরার কোন চেষ্টাও করা হয়নি। এই ব্যাপারটা কালিপদবাবুর নজরে আনা সত্বেও সেই ইনভেষ্টিগেটিং অফিসার-এর বিরুদ্ধে কোন ব্যবস্থা করা হয়নি। তারপর, অমরনাথ মিশ্রের হত্যাকাণ্ড—এ সম্পর্কে পুলিশের কাছে নাম পর্য্যন্ত দেওয়া হল, কিন্তু আজ পর্য্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি। এসম্পর্কে আরো বলার কথা হচ্ছে, আব্দুল মার্ডার কেস্‌এ পুলিশের কুকুর লাকি ও মিতা দিয়ে দুজনকে সনাক্ত করা হয়েছিল, কিন্তু কোন প্রমাণ না থাকায় এখনো পর্য্যন্ত কিছুই হয়নি। এটা একটা ইমপর্ট্যাণ্ট এ্যাণ্ড সেন্সেসানাল কেস্‌, কিন্তু এক্ষেত্রেও পুলিশের ক্রিমিনাল ইনভেষ্টিগেশান সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। তারপর এম্‌. পি. ঘোষ, কেস নম্বর ৩৮, ১৯৫৮ সালে এই কেস চালু করা হয়, একজন যক্ষ্মারোগীকে দেড় বৎসর ধরে কোর্টে যাতায়াত করতে হচ্ছে, কিন্তু আজ পর্য্যন্ত ইনভেষ্টিগেটিং অফিসারএর ইনভেষ্টিগেশান শেষ হল না—এবং যেভাবে এই কেসএ ইনভেষ্টিগেশান পরিচালনা করা হচ্ছে তাতে কমপ্লিট্‌ করতে আরো ২।১ বৎসর লাগবে মনে হচ্ছে। এসম্পর্কে আরও একটা উদাহরণ দিচ্ছি—কিছুদিন আগে হাওড়ায় একটা কেস ডিসচার্জড হয়ে গেল—রেলওয়ে মেইল ব্রেক করে লুট করা হয়, ছয় জন রেলওয়ে এমপ্লয়ীজ ইনভলভ্‌ড্‌ ছিল—কিন্তু সেই মামলায় আসামীদের বিরুদ্ধে কোন চার্জ্জ শিট হল না, এবং মামলাটা শেষ পর্য্যন্ত ডিসচার্জ্জড হয়ে গেল। এইভাবে আজকাল পুলিশের ক্রিমিনাল ইনভেষ্টিগেশান ডিপার্টমেণ্ট চলছে এবং বহুবার এসব ব্যাপার কালিপদবাবুর নজরে আনা সত্বেও কালিপদ বাবু এগুলি দমন করার জন্য এগিয়ে আসেন না। তারপর, ২৫শে নবেম্বর তারিখে বালটিয়াতে পুলিশ বাহিনী নির্ম্মমভাবে নারীদের উপর অত্যাচার করে, ২৪ জন তাতে আহত হয়, এবং শুধু তাই নয়, জাতীয় পতাকাকে পুলিশ টেনে নামিয়ে পায়ে মাড়িয়ে দেয়। ঘটনার পরে শ্রীমতী মায়া ব্যানার্জি সেখানে গেলে পুলিশ বাহিনী কিভাবে নৃশংস অত্যাচার করেছিল এবং এমনকি জাতীয় পতাকার অবমাননা করেছিল সে কথা উদ্বাস্তরা বলেন। আমি জানি আজকে পুলিশের এই অপকীর্তির বিরুদ্ধে কালিপদবাবুর কোন কথা বলার ক্ষমতা নাই। একটু আগে যিনি বক্তৃতা করলেন, বর্ধমানের বিশিষ্ট সদস্য শ্রী আনন্দগোপাল মুখোপাধ্যায়—আমি জানি তাঁকে পুলিশের বাজেট সমর্থন করতেই হবে—তাঁর ভাগনে গুলি করে মানুষ হত্যা করল—তারপর কালিপদবাবুকে দিয়ে সমস্ত ব্যাপারটা চাপা দেওয়া হয়, কোর্ট থেকে যদি খালাস হয়ে যায় তাহলে কেউ কিছু বলতে পারে না, সেখানে প্রত্যেকেরই রাইট অফ ডিফেন্স আছে, কিন্তু আজকে গোপনে চক্রান্ত করে সব চেপে দেওয়া হচ্ছে। আমি জানি আনন্দ বাবুর পক্ষে এখানে দাঁড়িয়ে পুলিশের সমস্ত অপকীর্ত্তিকে সমর্থন করা ছাড়া উপায় নাই। তারপর জি. আর. পি. সম্পর্কে কয়েকটা কথা বলতে চাই—এটা একটা দুর্নীতির চক্র হয়ে উঠেছে—সেখানে কয়েদীদের ৮ আনা করে দৈনিক মাথাপিছু বরাদ্দ—কিন্তু পুলিশ অফিসারদের সংগে কণ্ট্রাক্টারদের বন্দোবস্ত আছে এবং সেখানে রীতিমত চুরি হচ্ছে। এই ব্যাপারে হাওড়া কোর্টের ম্যাজিষ্ট্রেট শ্রী আর. এন. ব্যানার্জী এনকোয়ারী করে

যে রিপোর্ট দেন তাতে আছে দেখবেন, যে পুলিশ অফিসার বামণগাছি রেলওয়ে খ্রীজ ইন্সপেক্টর- হত্যাকাণ্ডের মধ্যে ইনভল্‌ভড্‌ ছিল তার এই ঘটনারও ইনভেষ্টিগেশানএর ভার দেওয়া হয়েছে। এই কেস্‌ মাল পর্য্যন্ত সীজ করা হয়েছিল, কিন্তু আজ পর্য্যন্ত চার্জ শীট সাবমিট করা হয়নি।

আমি জানি কালিবাবুর সঙ্গে তার ঘনিষ্ঠতা এবং তাকে ধরবার সুযোগ থাকার জন্যই তার বিরুদ্ধে সেসন কোর্টের রায় থাকা সত্বেও এবং আরেকটা মামলায় যদিও সে এক মাস আগে খালাস হয়েছে, কিন্তু তাহলেও এইসব কারণের জন্য সেই অফিসারের বিরুদ্ধে কেউ হস্তক্ষেপ করতে পারছে না। যা'হোক, এরপর আমি হাওড়া শহর সম্পর্কে কিছু বলতে চাই। আপনারা জানেন যে ২ বৎসর আগে পর্য্যন্ত এই হাওড়া শহরে কি ভাবে গুণ্ডামী, রাহাজানি প্রভৃতি চলত। কিন্তু বর্ত্তমানে সেই সংখ্যা কমিয়ে দেখাবার জন্য বিভিন্ন থানায় ইনষ্ট্রাকশন দেওয়া হয়েছে যে যত-পার কম সংখ্যক মামলা দেখাও, ডায়েরী অন্যভাবে নেও এবং কগনিজেবেল অফেন্স যত কম নিয়ে পার। কিন্তু নরহত্যার ব্যাপারে যেহেতু সেটা করতে পারে না কাজেই দেখা যায় যে ১৯৫৯ সালে সেখানে অনেক বেশী নরহত্যা হয়েছে। এছাড়া জুয়া, মদ চালাই অবাধে চলেছে—অবশ্য কেউ কেউ একে কুটিরশিল্প নাকি বলেছেন। কালিবাবু যদি আমার সঙ্গে যেতে প্রস্তুত থাকেন তাহলে তাকে আমি সাকরাইল অঞ্চলে দেখাব যে প্রকাশ্যে জুয়া ও মদ চোলাই চলছে এবং এমনও দেখেছি যে এক এক জায়গায় ১০।১২ টি ড্রাম জড় করে রাখা হয়েছে এবং তাতে সব চোলাই মদ রয়েছে। অথচ আশ্চর্য্যের বিষয় যে এর বিরুদ্ধে কথা বলতে গেলে আমরা পুলিশের কোন সমর্থনই পাই না। কাজেই এই যে দুর্নীতি ও জঘন্য ইতিহাস রচনা করে বাংলাদেশের জীবনকে কলঙ্কিত করেছেন এর আমি তীব্র প্রতিবাদ করি এবং এই ব্যয়-বরাদ্দের প্রতিটি পয়সার বিরুদ্ধে আপত্তি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Ananda Gopal Mukhopadhyay :

On a point of personal explanation, Sir,

অপূর্বলাল মজুমদার মহাশয় নিজের দলের স্বার্থসিদ্ধির জন্য আমার বিরুদ্ধে যে কথা বলেছেন তা সর্বৈব মিথ্যা। তাঁরা দুর্গাপুরের মাটিতে স্থান পাননি বলে এসব কথা বলেছেন। কিন্তু আমি আপনার মাধ্যমে বলি যে দুর্গাপুরের মাটিতে এসব কথা বললে তার চরম জবাব উনি পাবেন। [নয়েজ।]

Shri Bankim Mukherjee :

পার্সোন্যাল এক্সপ্লানেশানের একটা পদ্ধতি আছে। তিনি বললেন যে দুর্গাপুরের যে কোন অঞ্চলে দাঁড়িয়ে এ কথা বললে তিনি তাঁর জবাব পাবেন। পার্সোন্যাল এক্সপ্লানেশানের নিয়ম হচ্ছে যে তাঁর যদি কোন অভিযোগ করা হয় তাহলে তার উত্তর তিনি দেবেন। কিন্তু এইভাবে চ্যালেঞ্জ করে থ্রেটেন করা চলে না। [নয়েজ] অর্থাৎ পার্সোন্যাল এক্সপ্লানেশানের বেলায় এসব বলা যায় না। এটা পার্সোন্যাল এক্সপ্লানেশানের নাম করে এসেম্বলীর সময় শুধু নষ্ট করা নয়, এসেম্বলীর অবমাননা করা হয়েছে। কিন্তু এইরকম ধরণের থ্রেটেন করা উচিত নয়। আপনার অনুমতি নিয়েই তিনি তাঁর এই পার্সোন্যাল এক্সপ্লানেশান দিয়েছেন।

Mr. Speaker : I asked him not to make a speech.

Shri Bankim Mukherjee : He was threatening the member. This is not personal explanation. This is abusing the advantage of personal explanation. I ask you to call the member to listen to reason and to your ruling on this matter.

Mr. Speaker : I asked Mr. Mukherjee not to make a speech. I asked him to give a personal explanation. In course of his statement he wanted to say something. I stopped him. Then he said whatever was said was not correct. There was no question of threatening another member.

[6-10—6-20 p.m.]

Mr. Speaker : I have given my ruling.

Shri Subodh Banerjee : Sir, I may simply point out to you that challenging another member is not parliamentary. It is a breach of privilege and parliamentary etiquette.

Mr. Speaker : Mr. Banerjee, you are saying the very same thing as Mr. Bankim Mukherjee was saying [Noise and interruptions.]

Shri Apurba Lal Majumdar :

On a point of privilege, Sir,

আমি বলেছি যে ওনার ভাগ্নে যতীন ব্যানার্জি যে গুলি চালিয়েছেন সেটা কি তিনি অসত্য বলতে পারেন ? ওনার ভাগ্নে গুলি করে যে হত্যা করেছে একথা উনি যদি অস্বীকার করেন তাহলে তার প্রমাণ করার দায়িত্ব আমি নেব।

[Cries of Ask Ananda Babu to withdraw it from the Opposition Members.]

Dr. Hirendra Kumar Chattopadhyay : Sir, when you have said that Ananda Babu has said something which is wrong. You may ask him to withdraw that [Noise and interruptions]

Mr. Speaker : Order, order. I have explained the whole position clearly before the House in answer to a statement by Mr. Bankim Mukherjee and I think you will kindly accept that. There is no question of threatening or anything else. He made a statement which was in the form of a speech and I have told him he ought not to have made that remark.

Shri Bankim Mukherjee : I think when the Speaker has declared that he should not have used that language that is tantamount to a satisfactory admonition.

Mr. Speaker : Yes, it can be taken like that.

Shri Sudhir Chandra Ray Choudhury :

স্যার, আপনি যা বলেছেন সবই ঠিকই বলেছেন, কিন্তু উনি ওখান থেকে যেরকম ভাবে তেড়ে এলেন তাহলে এখুনি পেলে হয়ত আমাদের গুলি করতেন। সুতরাং ওনার ভাগ্নে যে গুলি করেছে সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু কথা হচ্ছে যে উনি এখানে যে কথা উচ্চারণ করেছেন তা ওঁকে উইথড্র করতে হবে।

পুলিশ এই দেশের সমাজের মানুষ, তারা সমাজের কাজে নিজেদের নিয়োজিত করেছেন। আজকে বিধান সভায় তাদের যদি ধন্যবাদ না দেওয়া হয় তাহলে তাদের উপর অবিচার করা হবে। ফেজারগঞ্জে বন্যার সময় পুলিশ যদি মানুষের জীবন রক্ষা না করত তাহলে অনেক মানুষ মারা যেত। আমি দেখেছি কাকদ্বীপের পুলিশ অফিসার কিভাবে রিলিফের কাজ করেছে। ওপাশের পবিত্রবাবু জানেন দমদমের পুলিশ অফিসার কিভাবে রিলিফের কাজ করেছে, আমি দেখেছি অন্যান্য অফিসার সমস্ত জায়গায় জনসাধারণকে কিভাবে রেসকিউ করেছে। পুলিশ অফিসাররা থানায় থানায় সারারাত্রি জেগে রিলিফ বিতরণ করেছেন। আজকে সেজন্য পুলিশের সমাজ সেবামূলক কাজের জন্য ধন্যবাদ জানাতে চাই। খরচ বৃদ্ধির যে কথা মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন, খরচ বৃদ্ধির কারণ সম্পর্কে মাননীয় সদস্য আনন্দগোপাল মুখোপাধ্যায় মহাশয় যে কথা বলেছেন, তার সঙ্গে একটা কথা আমি বলতে চাই যে থানা ও অনেকগুলি বৃদ্ধি হয়েছে তার জন্য খরচ বৃদ্ধি হয়েছে। এ কথা আমাদের জানা দরকার যে খরচ বৃদ্ধির উপর আমাদের কোন দ্বিমত নাই কিন্তু পুলিশের উপর যে গুরু দায়িত্ব আছে সেগুলি তারা যথাযথ প্রতিপালন করেছে কিনা সেটা আমাদের দেখতে হবে। নিষ্ক্রিয়তা নিয়ে অনেক আলোচনা হয়েছে।

ওপাশের শ্রদ্ধেয় সুধীর রায় চৌধুরি মহাশয় বলেছেন যে পুলিশের যোগ্যতা কমে গেছে একথা মনে হচ্ছে। আগের দিনে যোগ্য লোককে থানায় দেখতাম. তাঁরা সেবা করতেন না তবে তাদের যোগ্যতা বেশী ছিল বলে মনে হয়। আমি ওঁকে চিন্তা করে দেখতে বলি যোগ্যতা কমেছে কি বেড়েছে এটা বিচার করা যেমন দরকার তেমন আগেকার দিনে যে ষ্টাফ ছিল আজকে তা কগুণ বৃদ্ধি হয়েছে এবং তাদের দায়িত্ব কত বেড়েছে সেটাও দেখা দরকার। আজকে তাঁদের দায়িত্ব অনেক বেশী বেড়েছে একথা আপনাদের স্বীকার করতেই হবে। সেখানে যতটা নিষ্ক্রিয়তা আমরা দেখাব ততটা দায়িত্ব পালনের সম্পূর্ণ সুযোগ যদি আমরা তাঁদের না দিই তাহলে তাঁদের যোগ্যতা বিচার করে দেখবার মত সুযোগ আমাদের থাকবে না। সক্রিয়তার কথা যখনই উঠে তখনই ওপক্ষের সংগে আমাদের পক্ষ একমত হতে পারি না। আমরা মনে করি তাঁদের সক্রিয় যেক্ষেত্রে হওয়া দরকার সে ক্ষেত্রে তাঁরা হয়েছেন কিন্তু সেখানে ওঁরা বলেন যে শাসন করেছেন, অত্যাচার করেছেন, ভীষনভাবে পুলিশ অন্যায় করেছে, এর প্রতিবাদ হওয়া দরকার। কিন্তু আমার ডায়াগোনালী অপোজিট ইন আওয়ার অপিনিয়ন এ অস্বীকার করে কোন লাভ নেই। নিষ্ক্রিয়তার একটা দিক আছে—প্রিভেনটিভ, কিউরেটিভ দিক। পুলিশ সমস্ত সমাজকে কিউরেটিভ ট্রিটমেণ্ট করে কি সংশোধন করতে পারবে, তা পারবে না। পুলিশ বেশীরভাগ ক্ষেত্রে আমাদের দেশে যে দায়িত্ব প্রতিপালন করছে তা প্রিভেনটিভ দিক। যদি কিউরেটিভ্ সাইড দিকে সমাজে ভালভাবে কার্য্যকরী না হয়ে উঠে। প্রিভেনসানের জন্য যতই চেষ্টা পুলিশ করুক, সততার সংগে করুক, দুর্নীতি দূরে যাক্ যদি সমস্ত সমাজ উশৃংখল হয় এবং সমস্ত সমাজ যদি বিপথে পরিচালিত হয় তবে পুলিশ সমস্ত সমাজকে মঙ্গলের পথে পরিচালিত করে দেবে এগুলো নিশ্চয়ই বিধানসভার কোন সদস্যই করতে চান না বলে আমি বিশ্বাস করি। অন্য দপ্তরের বিষয় আলোচনা কালে ওপক্ষের বন্ধুরা সমানভাবে সেই দপ্তরেও ততোধিক দুর্নীতি আছে বলছেন—শুধু যে আজকে পুলিশ বিভাগে দুর্নীতি আছে একথা ওঁরা বলছেন

না, সব বিভাগেই দুর্নীতি আছে ওঁরা বলেন এবং দুর্নীতি আছে, নিশ্চয়ই আছে। পুলিশ বিভাগে বেশী আছে কি কম আছে, অন্য বিভাগে বেশী আছে কি কম আছে, এর কোনও তথ্য এখনও পর্য্যন্ত সংগৃহীত হয়নি। পুলিশ বিভাগে গঠিতে অনেক বেশী দুর্নীতি ছিল। আমরা পাড়াগাঁয়ের লোক, আমারা বলি যে কোলকাতা ছাড়া অন্য জায়গায় পুলিশের মধ্যে বেশী দুর্নীতি আছে—কোলকাতার পুলিশ অফিসার-দের সম্বন্ধে আমারা অত্যন্ত শ্রদ্ধাশীল কারণ তারা দুর্নীতি মুক্ত হয়ে অনেক দুর এগিয়ে গেছেন এবং কোলকাতা পুলিশের মধ্যে অনেক বেশী কর্মতৎপরতা ঘটেছে একথা আমার নিজের মনে হয়। মাননীয় সদস্য শ্রীসুধীর রায় চৌধুরী মহাশয় একটা কথা বল্লেন যে পুলিশ অফিসাররা দোলের সময়, পুজার সময়, গণসংযোগ করেন, আমদের ডাকেন অন্য সময়তো জনসাধারণকে ডেকে সেখানে তাদের সংগে আলাপ আলোচনা করতে পারেন, জনসভা করতে পারেন, ঐ অঞ্চলে পুলিশ এ্যাডমিনিষ্ট্রেশান কিভাবে চলছে, জনসাধারণের কি বক্তব্য আছে সেসব জিনিষ করতে পারেন। তিনি নিশ্চয়ই ভাল সাজেসশন দিয়েছেন কিন্তু তাঁর একথাও জানা দরকার—আমি ২৪ পরগণা জেলার কথা বলছি, সেখানকার ও. সি. পবিত্রবাবু জানেন কিনা জানিনা—তিনি জন-সভা করেছিলেন পুলিশ এ্যাডমিনিষ্ট্রেশান কিভাবে চলছে; জনসাধারণের কি বক্তব্য আছে তা জানবার জন্য। এমনিভাবে বসিরহাট, কাকদ্বীপে করেছিলেন, অন্যান্য জায়গায় করেছিলেন—যদি কোথাও না হয়ে থাকে তাহলে তার জন্য সচেষ্ট হওয়া দরকার। যতীনবাবু বলেছেন পুলিশ বিভাগ কিছু ভাল করছে কি মন্দ করছে, ভাল না করতে পারুক, মন্দ না করতে পারুক, অন্ততঃ আমাদের যেন ফাণ্ডামেণ্টাল সর্বনাশ না করে দেয়।

[6-20—6-30p.m.]

মাননীয় সদস্য সুবোধ ব্যানার্জী মহাশয় বলেছেন

That democracy should have less interference in public life.

এখানে ডেফিনিশান-এর কথা হচ্ছে, যে ডেমোক্র্যাসীর কথা উনি বলেছেন, ওদের ডেমোক্র্যাসীর ডেফিনিশান এবং কার্য্যপদ্ধতি আমাদের ডেমোক্র্যাসী এবং কার্য্যপদ্ধতি থেকে আকাশ-পাতাল তফাৎ। একটা অঞ্চলের ধান জনসাধারণ লুণ্ঠন করে নিয়ে যাচ্ছে, পুলিশ তাতে বাধা দেবে না, এই ডেমোক্র্যাসীর সঙ্গেও সুবোধবাবুর ডেমোক্র্যাসীর সঙ্গে আমাদের অনেক তফাৎ। উনি একটা কথা বলেছেন যে জনসাধারণ ধান লুণ্ঠন করে নিয়ে যাচ্ছে তাদের জোতদার বঞ্চিত করেছে, জোতদার দালাল একথা এখানে বলা যায় না, জনসাধারণকে বুঝান যাচ্ছে না। আজকে এই সঙ্গে বলতে চাচ্ছি, গণতান্ত্রিক পদ্ধতিতে পুলিশ কোন অবষ্ট্রাক্‌শান কোন বাধা ক্রিয়েট করছে না—গণতন্ত্রের সম্প্রসারণে পুলিশ কোন বাধা সৃষ্টি করছে কিনা তার বিচার করা দরকার। গণতন্ত্র প্রসারে বাধা সৃষ্টি তো দুরের কথা, আনন্দ বাবু যখন ২৬শে জানুয়ারীর কথা তুললেন তখন সকলে এখানে হৈ হৈ করে উঠলেন, কেউ কেউ পয়েণ্ট অফ অর্ডার তুললেন, পয়েণ্ট অফ প্রিভিলেজ তুললেন কেউ পার্সোনাল এক্সপ্লানেশান তুলে কি হয়েছে না হয়েছে প্রচার করলেন। এখানে আমরা একজনের বক্তৃতাকে টলারেট করি না তাঁর কি বক্তব্য আমরা শুনি না। ২৬শে জানুয়ারীর কোন্ ঘটনা তুলে ধরা হয়েছিল? ওপাশে শ্রীসুধীর রায় চৌধুরী মহাশয় বসে আছেন, তিনি আমাদের

শ্রদ্ধেয়, তিনি জানেন, সুবোধবাবুও জানেন, সকলেই জানে, কম্যুনিষ্ট পার্টির বন্ধুরা এবং সুবোধবাবুর খবর রাখা দরকার গার্ডেনরীচএ কয়েক হাজার মানুষ যখন পতাকা নিয়ে প্রোসেশান করে আসছিল তাদের উপর কোন জাতীয় নগ্ন আক্রমণ প্রকাশ পেয়েছিল, যার ফলে ছোট ছোট শিশু, মেয়েদের উপর অত্যাচার করা হয়েছিল তারা প্রাণে মারা যেতো। পুলিশ সেখানে কম ছিল, তাই পুলিশের আরও খরচ বৃদ্ধি করা দরকার। এই ধরণে ডেমোক্র্যাসীকে ব্যাহত করে সমাজের এক জাতীয় মানুষ, পুলিশ তাদের নির্মম হস্তে দমন করা দরকার। ডেমোক্র্যাসীকে বাঁচাতে হলে, আমাদের রাষ্ট্রকে বাঁচাতে হলে, আরও পুলিশ বৃদ্ধি করা দরকার, আরও খরচ বৃদ্ধি করা দরকার। পুলিশ ফোর্স দিয়েই দেশকে বাঁচাতে হবে। ডেমোক্র্যাসীর কথা শুনেছেন। কাট মোশান-এ দেখছি, শ্রদ্ধেয় বন্ধু প্রভাস চন্দ্র রায় মহাশয় কাকদ্বীপে কংসারি হালদারকে ধরতে পারেনি এজন্য পুলিশের ব্যর্থতার জন্য আর টাকা দেওয়া উচিত নয় বলছেন, এই ডেমোক্র্যাসী সভ্য সমাজ মানবে? কাকদ্বীপে যে অত্যাচার যে ঘটনা-যে অবস্থা—সকলেই জানেন। আজকে মানুষ খুন করবে, সমাজ জীবন পঙ্গু করে দেবে।

[Noise and disturbance]

I know that the case is subjudice

আমি এখানে কোন ওপিনিয়ন দিতে যাচ্ছি না। আজকে পুলিশ বাজেট—আলোচনা যে ভাবে হচ্ছে তাতে সমস্ত জিনিষটা ভাল করে বিচার করা দরকার। কাট মোশান-এ দেখলাম অনেক ভাল ভাল সাজেসশান আছে। বসন্ত পাণ্ডা মহাশয়কে আমিও সমর্থন করি। জানুয়ারী থেকে মে মাস পর্য্যন্ত মোবাইল পুলিশ ফোর্স যা থাকা দরকার তা থাকছে না, জনসাধারণের জীবন পর্য্যুদস্ত হচ্ছে, বিশৃঙ্খলা ঘটছে। এ জন্য জানুয়ারী থেকে মে মাস পর্য্যন্ত মোবাইল পুলিশ ফোর্স দেবার ব্যবস্থা করা দরকার এটা আমিও মনে করি। খাদ্যের ভেজাল সম্বন্ধে আলোচনা হচ্ছে। বড় বাজারে ডালডার টিনের তলা ফুটো করে খানিকটা ডালডা বের করে নিয়ে অন্য জিনিষ তাতে পুরে দিয়ে ঝালাই করে দিচ্ছে এ সম্বন্ধে অবহিত হওয়া দরকার; জুয়াখেলা আমরা কমাতে পারিনি, না বাড়লেও বেশী কমাতে পারিনি একথা সকলেই স্বীকার করবেন। দুটি কেস-এর কথা বলেই আমি শেষ করছি।

[6-30—6-40 p. m.]

আজকের আমাদের বিরোধী পক্ষের বন্ধু গণেশবাবু মাননীয় সদস্য শ্রীরামানুজ হালদারের একটা কেস নিয়ে খুব ওকালতি করেছেন। এটা গত বছরের একটা ছাঁটাই প্রস্তাব, আজকে গণেশ বাবু সেইটার প্রশ্ন এখানে তুলেছেন। উনি সেই কেস সম্বন্ধে সঠিক কিছুই জানেন না, সমস্ত মিসরিপ্রেজেণ্টেশন অফ ফেক্টস তিনি করে গিয়েছেন। তিনি যেভাবে এই কেসের কথা বলেছেন সেটা সম্পূর্ণ অসত্য। একটি মহিলাকে কোর্টের অর্ডার ও তার বাপের কাছে রেষ্টোর করতে পুলিশ যায়। কোর্টের কাছে সেই মহিলাটি অভিযোগ করেছিল যে তার স্বামী তাকে নিচ্ছে না; তাকে বেঁধে রেখে মারধর করবার পর পুলিশের কাছে খবর আসে, তখন পুলিশ ফোর্স কোর্ট থেকে অর্ডার নিয়ে সেখানে গিয়ে তাকে রেসকিউ করে। তারপর সেই লোকের কোর্টে কনভিক্‌শন্‌ হয়ে গিয়েছে। উনি এ সম্বন্ধে এনকোয়ারী করবার কথা বলেছেন। আমি তাঁকে জানাতে চাই সুপিরিয়র অফিসার, এস. ডি. ও. এ সম্বন্ধে এনকোয়ারী করেছিলেন। এ কথা গণেশবাবুর জানা উচিত ছিল। রামানুজ বাবু হয়ত এই সমস্ত না জেনে, তাঁর ছাঁটাই প্রস্তাব দিয়ে ছিলেন। তারপর দেখা যায় মাননীয় সদস্য যতীনবাবু

বরাবরই পুলিশ বাজেটের সময় এই ধরণের কতকগুলি অভিযোগ পুলিশের বড় কর্ত্তাদের বিরুদ্ধে করে থাকেন। উনি যে সমস্ত কথা এখানে বললেন হয়ত তার কিছু কারণ থাকতে পারে। তাঁরা যেসমস্ত মুভ্‌মেণ্ট কলকাতা শহরের উপর করেন, ঘোষ চৌধুরী মহাশয় এবং তাঁর অন্যান্য সব পুলিশ অফিসাররা নিশ্চয়ই উপলব্ধি করেছেন যে কোন বিশেষ অঞ্চলে বা এই রাষ্ট্রের কার্য্যপদ্ধতি ও সমাজ জীবনকে ঠিক রাখতে হলে, নিশ্চয়ই এই মুভমেণ্টকে বন্ধ করবার জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে হবে। এবং সেইজন্য হয়ত তারা তাই করেছেন। পুলিশ ফোর্সের মধ্যে ডিফারেন্স ক্রিয়েট করবার জন্য কোন একটি লোকের বা দলের ব্রিক নিয়ে যদি কাউকে প্লাকেট করবার চেষ্টা করেন, তাহলে সেটা খুব অন্যায় হবে বলে আমি মনে করি। তাঁকে আমি একটা প্রশ্ন করবো তাঁর মনের মধ্যে এইরকম ধরণের একটা বিদ্বেষ থাকার কারণ কি? যে পুলিশ অফিসার তাঁর নিজের চক্ষুদান করতে চেয়েছিলেন, যে খবর 'যুগান্তরে' ৯-৭-৫৯ সালে প্রকাশিত হয়েছিল, সেই ঘোষ চৌধুরী মহাশয় তাঁর সম্বন্ধে কি মন্তব্য করেছেন আশা করি তিনি সেটা পড়ে দেখবেন। সেই অফিসারের বিরুদ্ধে এই রকম উক্তি করার নিশ্চয়ই কোন গূঢ় কারণ আছে। বোধ হয় ওঁর কনষ্টিউয়েন্সীর মধ্যে গোকুল বড়াল ষ্ট্রীটে তার কোন বিশেষ বন্ধু মিউজিক্যাল সবি-এর পারমিশন পান নি বলে বিক্ষোভ থাকতে পারে, তাঁর মনে দুঃখ থাকতে পারে। সুতরাং এই ধরণের উক্তি এখানে করা উচিত নয়। সত্যই এই রকম কোন ঘটনা ঘটেছে কিনা, সঠিক না জেনে, এই জিনিষ তোলা উচিত নয়। আজ আমাদের পুলিশ হচ্ছে জাতির শক্তি, সেই শক্তিতে বাড়াবার জন্য আমাদের সকলে মিলে চেষ্টা করতে হবে। এই কথা বলে আমি এই বাজেট সমর্থন করছি।

Shrimati Labanya Prova Ghosh :

আমরা আশা করেছিলাম স্বরাজ জীবনে পুলিশ জনসেবকের ভূমিকা গ্রহণ করবে—দেশের একদল অগ্রণী ব্যক্তি আত্মনিয়ন্ত্রণের শিক্ষায় সংগঠিত হ'য়ে দেশের জনসাধারণকে নিয়ন্ত্রণ করবে। কিন্তু আজ আমরা দেখছি পুলিশ সম্পূর্ণভাবে সমাজ বিরোধীর ভূমিকা গ্রহণ করেছে।

জনজীবনে ব্যাপক যে দুর্নীতি চলেছে তার বহু খানিই যে আজ পুলিশের দুর্নীতির যোগে সম্ভব হতে পেরেছে এ আজ কারও অবিদিত নেই। শাসনে প্রতিষ্ঠিত দলের প্রয়োজনে, রাজনৈতিক উদ্দেশ্যেও যে পুলিশ ভয়াবহ এবং অবাধরূপে স্বৈরাচারী হতে পারে তারও অসংখ্য দৃষ্টান্ত আজ ক্রমে ক্রমে রাজনৈতিক ইতিহাস পুর্ণ হ'য়ে উঠছে। এর বহু দৃষ্টান্ত আমরা পুর্বে কর্তৃপক্ষকে দিয়েছি। তার একটাও অস্বীকার করবার মতো ক্ষমতা এই সরকারের হয় নি। আজ সাম্প্রতিক ঘটণার দুচারটি দৃষ্টান্ত উল্লেখ ক'রে দেখাতে চাই যে পুলিশ আজ কি মারাত্মক কর্মধারায় অবাধ ও স্বেচ্ছাচারী হয়ে উঠছে। আমাদের জেলায় পুলিশের এই কর্মধারা গ্রহণের কারণ পুলিশের সামনে আজ লক্ষ্য প্রভাবসম্পন্ন প্রবল রাজনৈতিক দলের প্রভাব বিনষ্ট করা এবং পুলিশী অনাচারের বিরুদ্ধে যারা প্রতিরোধের ক্ষেত্র প্রস্তুত করছে তাদের প্রতি প্রতিশোধ গ্রহণ করা; জেলার কতগুলি ক্ষেত্রে যেসব কর্মী পুলিশের প্রমাণ যোগ্য অন্যায়ের বিরুদ্ধে আন্দোলন করছিলেন বাছাই ক'রে তাদের বিরুদ্ধে পুলিশ শাসন বিভাগের তথা বিচার বিভাগের সঙ্গে ষড়যন্ত্রের যোগে প্রতিশোধাত্মমূলক বহুবিধ আইনের প্রয়োগ ক'রে যাচ্ছিল অন্যায় ভাবে।

নিষ্ফল সে সব চেষ্টা যে নিতান্ত অন্যায় অপচেষ্টা—তাও প্রমাণিত হয়েছে। আজ নিয়ত এইভাবে অন্যায় অপচেষ্টার ষড়যন্ত্রই চলেছে। তার অপ্রতিরোধ্য দৃষ্টান্ত এবং প্রমাণসমূহ রয়েছে। আইনের পথে আকাঙ্ক্ষিত মত দমনের উপায় পুলিশ যখন পায়নি, তখন আক্রমনাত্মক মারাত্মক পথ অবলম্বন করেছে। বিহার আমলে সেখানে পুলিশের সাধারণ কাজই এই ছিল। এর আধুনিকতম একটা উদাহরণ এখানে দিই।

বিগত ২২শে জানুয়ারী পাড়া থানার পাড়া নামে একটি গ্রামে লোক সেবক সংঘের এক জনসভা অনুষ্ঠিত হয়। উদ্দেশ্য ছিল শাসনতান্ত্রিক অভাব অভিযোগের বিষয়ে জনমত ব্যক্তকরা। সংঘের এ-পি সভা পরিচালনা করেন। দেড় সহস্রাধিক লোকের এই জন সভায় —পুলিশের দ্বারা প্রকাশ্যে সংগৃহীত এবং পরিচালিত হয়ে কংগ্রেস কর্মী নামধারী ২৫।৩০ জন উপদ্রবকারীর একদল সভা পণ্ড করার জন্য ঘোর উপদ্রব শুরু করে। বিক্ষুব্ধ হলেও জনসাধারণ কর্মীদের পরিচালনায় সম্পূর্ণ ধৈর্য্য ও শান্তির সঙ্গে উপদ্রব সহ্য করে। সভার মধ্যে তাদের তাণ্ডব নৃত্য সহকারে গালিবর্ষণ ও মাইকের যোগাযোগ প্রভৃতি লণ্ডভণ্ড করে দেওয়ার কাজও জনতা নীরবে সহ্য করে। পুলিশ সভার পাশে সব সময় উপস্থিত থেকে উপদ্রব কারীদের জন্য ভরসার পরিবেশ রচনা করে রাখে। পুলিশ না থাকলে এই উপদ্রব কারীদের জনসাধারণের সম্মুখীন হবার সাহস ঘটেনা। এই ধারার সঙ্গে পুরুলিয়া জেলার লোক বিহার আমল থেকে পরিচিত। রাজনৈতিক কর্মীদের শিক্ষায় জেলার জনসাধারণ এরকম বহু উপদ্রব অহিংসার সঙ্গে সহ্য করে গেছে আজও করছে। সত্যাগ্রহের পরীক্ষা দেবার জন্যে ঐ জনসভার পরদিনই আবার দ্বিগুণ সংখ্যায় জনসভা অনুষ্ঠিত হয়। এই দিন পুলিশ ও তার অনুচরেরা আর হাজির হতে সাহস পায়নি। এই নগ্ন পুলিশী অত্যাচারে ক্ষুব্ধ হয়ে দ্বিতীয় দিনের জনসভায় ঐ থানার বহু পুরাতন একজন কংগ্রেস কর্মী কংগ্রেস থেকে পদত্যাগের পত্র সহ সংকল্প ঘোষণা করেন। ইনি ৪০ বৎসর কংগ্রেসের সঙ্গে যুক্ত ছিলেন এবং ১৫ বৎসর কংগ্রেসের থানা সেক্রেটারী ছিলেন। অবাঞ্ছিত প্রতিষ্ঠানে যুক্ত থাকবার আজ ও পর্য্যন্ত তাঁর মোহ ছিল। কিন্তু এই নগ্ন অত্যাচারে সে মোহও কেটে গেল। পাড়ার এই ব্যাপারটী কেবল স্থানীয় পুলিশেরই কাজ নয়। এর সঙ্গে পুলিশ কর্তৃপক্ষ এবং বিচার বিভাগীয় কর্তৃপক্ষ পর্য্যন্ত ষড়যন্ত্রে জড়িত হয়েছেন। তার ঘটণা সমূহের প্রমাণও আমাদের কাছে আছে। পুলিশ এবং তার সঙ্গে শাসন ও বিচার বিভাগের ষড়যন্ত্রের ঐক্যতান —শুধু যে এই পাড়ার ব্যাপারেই ঘটেছে—তা নয়। বান্দোয়ান প্রভৃতি থানার বহু ঘটনা আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বহুবার জানিয়েছি। কিন্তু প্রতিকার হয়নি। কারণ আমরা জানি এ সবের সঙ্গে এই মুল শাসন কর্তৃপক্ষের ও দুঃখজনক ষড়যন্ত্রের যোগ আছে। তার বহু প্রমাণও আমাদের কাছে আছে।

পুলিশের শক্তি—সহায়তায়—সমাজবিরোধী দুর্বৃত্ত ব্যক্তিরা আদিবাসীদের জীবনে ভয়াবহ বহু অত্যাচার করেছে। আন্দোলন করেই তাকে নিরস্ত করতে হয়েছে। কাশীপুর থানায় তার প্রমাণ আছে। অন্যান্য থানাতেও আছে।

বিত্তশালী ব্যক্তির দ্বারা প্রভাবিত হয়ে পুলিশ অপরের ন্যায়সঙ্গত অধিকারের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে চেষ্টা করেছে এবং জনশক্তিতেই তা ব্যর্থ করতে হয়েছে। পুরুলিয়া শহরেই তার প্রমাণ আছে। জেলার পুলিশ কর্তৃপক্ষকেও এই বিষয়ের ষড়যন্ত্রে জড়িত বলে অভিযুক্ত করে পত্র দেওয়া হয়েছে। পুলিশ কর্তৃপক্ষ থেকে তার জবাব দেবার ক্ষমতা হয়নি।

রাজনৈতিক উদ্দেশ্বের দ্বারা প্রভাবিত হয়েও পুলিশ অপরের ন্যায়, সঙ্গত অধিকারের পথে বাধাদান করেছে। জনশক্তিতেই তাও ব্যর্থ হয়েছে। এই কাজে শাসন কর্তৃপক্ষও পুলিশকে অন্যায়ভাবে সহায়তাদান করেছেন, হাইকোর্টেও তা প্রমাণিত হয়েছে। এর বহু নিশ্চিত প্রমাণও আছে। কিন্তু শাসনতান্ত্রিক তদন্তের কোনই চেষ্টা হয়নি। এর সঙ্গে পুলিশের অযোগ্যতায় জেলাতে আর চুরি ডাকাতি অবাধে দ্রুত বেড়ে চলেছে। যে নিজেই অপরাধের ভূমিকায় রয়েছে, সে অপরাধ দুর করবে কোথা থেকে ?

[6-40—6-50 p.m.]

Shri Jagat Bose :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশ খাতে ব্যয় বরাদ্দ বৃদ্ধি করার কথা আমরা শুনেছি। এখানে সাধারণ নাগরিক জীবনে ইলাবোরেট পুলিশী ব্যবস্থা করার ফল কি হয়েছে সে সম্বন্ধে আমার কিছু প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে। স্যার, আমি শুধু বেলেঘাটা, এণ্টালী ও বেনিয়াপুকুর থানা সম্বন্ধে বলবো। এই থানাগুলির মধ্যে যদি কোন জায়গায় কোন দুর্ঘটনা ঘটে তাহলে ২।৩ ঘণ্টার মধ্যে পুলিশ সেখানে উপস্থিত হয় না। যদি একসঙ্গে দুইটি দুর্ঘটনা ঘটে এবং তার খবর থানায় পৌছায় তাহলে পুলিশ অচল হয়ে যায়। খবর নিয়ে জানতে পারা যায়, তারা বলে যে, আমাদের গাড়ী নেই, পুলিশের সংখ্যা কম, কাজেই একসঙ্গে দুই জায়গায় যেতে পারি না এবং তদন্ত করতে পারি না। কোন মানুষ ডায়ারী করলে সে ডায়ারীর উপর তদন্ত করতে পারে না। তাহলে ইলাবোরেট এরেঞ্জমেণ্টে-এর ফল কি হল। থানা বলে আমাদের গাড়ী নেই, অফিসার নেই, যা দিয়ে আমরা তদন্ত করতে পারি। তাই তাদের এইসব দুর্ঘটনা এড়িয়ে যাবার চেষ্টা করতে হয়। তবে ইলাবোরেট এরেঞ্জমেণ্ট করা হয়েছে ঠিক কিন্তু তা করা হয়েছে জনসাধারণের স্বার্থ রক্ষা করা না করার দিক থেকে। জনসাধারণের নিরাপত্তার দিকে দৃষ্টি না দিয়ে, মন্ত্রীদের নিরাপত্তার দিক থেকে পুলিশবাহিনীকে পরিচালিত করা হচ্ছে। সেজন্য এঁরা পুলিশকে নিষ্ক্রিয় করে রেখে লালবাজারের শক্তি বৃদ্ধি করছেন। এখন থানাকে সম্পূর্ণরূপে লালবাজারের উপর নির্ভর করতে হয় এবং কোন দুর্ঘটনা হলে লালবাজারের সাহায্য ছাড়া কিছু করতে পারে না। কিন্তু যদি মানুষের কোন অভিযোগ নিয়ে আন্দোলন হয় তখন এইসব পুলিশ সক্রিয় হয়ে উঠে। এই হচ্ছে ইলাবোরেট ব্যবস্থা এবং এর প্রত্যক্ষ অভিজ্ঞতা আমাদের আছে। স্পীকার মহোদয়, বেলেঘাটা, এণ্টালী, বেনিয়াপুকুর এলাকায় রাহাজানি, চুরি, ডাকাতি দিন দিন বেড়েই যাচ্ছে। এই অপরাধের বিরুদ্ধে যদি কেউ ডায়েরী করতে থানায় যায় তাহলে তাকে শাসান হয় এবং থানা থেকেও তার কোন এ্যাকশন নেওয়া হয় না। যারফলে এখন আর লোকে বড় একটা থানায় ডায়েরী করতে যায় না। মাননীয় সদস্য খগেনবাবু যে কথা বলেছেন তা ঠিক। এই বেলেঘাটা থানা অঞ্চলে যদি কোন লোক বিপন্ন হয় তাহলে সেখানে যে বিরাট দুর্বৃত্তের দল আছে—যাদের সেখানে রাজত্ব, যারা পুলিশকে নিষ্ক্রিয় করে রেখেছে—তাদের সাহায্য নিতে হয়। গুণ্ডার দলের সহযোগিতায় মানুষকে সেখানে আত্মরক্ষা করতে হয়। পুলিশ যে মনুষের নিরাপত্তা রক্ষা করতে পারে একথা মানুষের মন থেকে উড়ে গিয়েছে। এই হচ্ছে বাস্তব অবস্থা। স্পাকার মহাশয়, আপনি জানেন যে, পুলিশ বিভাগে, প্রতিটা কর্মচারী ও থানা অফিসার দুর্নীতিগ্রস্থ। এই কারণে সেখানে অপরাধের কোন সুরাহা হয় না। আমি একথা বলতে চাই যে পুলিশবাহিনীকে কলকাতার ক্ষেত্রে আমদা

দেখছি যে তাদের নিষ্ক্রিয় করে রাখা হয়েছে যাতে করে সাধারণ মানুষের নিরাপত্তার দি দিয়ে পুলিশ কাজে না আসতে পারে।

বেলেঘাটা ও ইটালী এই দুটো থানা এলাকা অত্যন্ত উৎপীড়িত, খুব বড় এলেকা নিয়ে এই দুটো থানা এবং এখানে লোকের বসতিও বেশী। কোন ঘটনা ঘটলে থানায় খব দেবার জন্য পৌঁছাতে অনেক সময় লেগে যায়। সেজন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ কি এণ্টালী থানাকে দুইভাগে ভাগ করে দেওয়া হোক। পটারী রোডের পুর্বদিকে যে অঞ্চ সেই অঞ্চল নিয়ে একটা নতুন থানা গঠন করুন, কারণ এটা শিল্পাঞ্চল, এখানে অনেব কলকারখানা বেড়ে গিয়েছে, ব্যবসাবানিজ্য ও শিল্পপ্রতিষ্ঠানের সংখ্যা দিনের পব দিন বেে যাচ্ছে। বেলেঘাটা অঞ্চলও বড় অঞ্চল, এখানে লোকবসতির সংখ্যাও বেশী। থানা সংবাদ নিয়ে পৌঁছাতে পৌঁছাতে আসামীরা সরে পড়ে। এই অবস্থায় আমি মন্ত্রীমহাশয়বে অনুরোধ জানাচ্ছি যে, রাজেন্দ্রলাল মিত্র রোডের পুর্বদিকের অঞ্চল নিয়ে একটা নতুন থান গঠন করা হোক। আমি আশা করি মন্ত্রী মহাশয় আমার প্রস্তাব দুটো বিবেচনা করে দেখবেন।

[6-50—7 p.m.]

Shri Panchugopal Bhaduri :

স্পীকার মহাশয়, আমাদের রাষ্ট্রভাষায় পুলিশ স্ত্রীলিঙ্গ কিন্তু পুলিশ যে অবলা নয় সেটা পুলিশমন্ত্রীর বিনামাইকে বক্তৃতা দেওয়া দিয়েই বুঝেছি। পুলিশদপ্তর যে কাজে দেশের ভালো হয় তাতে নিষ্ক্রিয় ও চেতনাহীন, যেমন ধরুন, রোড অ্যাক্সিডেণ্ট, ষ্ট্রীট অ্যাক্সিডেণ্ট, এসব ব্যাপারে পুলিশ একেবারে নিষ্ক্রিয়। আমাদের শ্রীরামপুর থানায় গ্র্যাণ্ড ট্রাঙ্ক রোড-এ গত বছরে ২০০টি সিরিয়াস অ্যাক্সিডেণ্ট হয়েছে, লোক মারা গিয়েছে, কিন্তু কোন প্রতিকার হচ্ছে না। তারপরে, চোলাই মদের ব্যাপার, এই চোলাই মদের চোরাকারবার আজকাল বাংলাদেশে সবচেয়ে বড় কুটীরশিল্পে পরিণত হয়েছে এবং পুলিশও চোলাই মদের চোরা-কারবারীরাই বোধহয় বিশেষ বাংলাদেশে সবচেয়ে বড় সমবায়। আমি একজন পদস্থ পুলিশকর্মচারীকে জিজ্ঞাসা করেছিলাম—তিনি আমাকে বলেছিলেন, মশাই, আয়ুবখান ছাড়া এই দেশে কিছু হবে না। কিন্তু শ্রমিক মালিক বিরোধের সময় পুলিশের খুব সক্রিয়তা দেখা যায়, সেখানে পুলিশ মালিকদের প্রিয়সখা এবং ভৃত্য হিসাবে কাজ করে। আমাদের ওখানে একটি কারখানায় ষ্ট্রাইক হল, এবং আমাদের ওখানকার ও. সি. মিঃ বর্মণ। মিঃ বর্মণের কাছে দেবেন দত্ত লোক পাঠালেন—এবং মিঃ বর্মণ পুলিশভ্যান পাঠিয়ে দিলেন—পুলিশ সেখানে গিয়ে শ্রমিক ও শ্রমিক নেতাদের ডাকালেন। তারপর জে. কে. ষ্টীল-এ ২।৩ মাস ধরে ষ্ট্রাইক হল। সেখানে কিছু লোককে গ্রেপ্তার করা হয় এবং পরে তারা জামীন পায়। কিন্তু তাদের জামীনের আগে তারা টাকাকড়ি ছিনিয়ে নিয়েছে বলে অভিযুক্ত করা হয়, এবং তাতে জজ ষ্টিকচার দেন যে, থানা-ইন্-চার্জ কিম্বা ম্যাজিষ্ট্রেট তাঁদের ক্ষমতার বাইরে কাজ করেছেন। তারপর বঙ্গলক্ষ্মী মিলে শ্রমিক মালিক বিরোধ হয়—সমস্ত লোকই জানে যে পুলিশ মালিকদের পক্ষাবলম্বন করে—পুলিশ ম্যানেজারের অফিসে গিয়ে খানাপিনা করেন। বঙ্গলক্ষ্মী মিলে শ্রমিকদের উপর গুলি চালান হয়—সেখানে ২০ জন শ্রমিককে গ্রেপ্তার করা হয় এবং ২ জন মালিকপক্ষের দারোয়ানকে গ্রেপ্তার করা হয়। এবং পাশাপাশি ইউনিয়ন অফিসে একজন সাব-ইনসপেক্টার গিয়ে ২৫শে নভেম্বর তারিখে আক্রমণ করে এবং ইউনিয়ন অফিস ভেঙ্গে পুড়িয়ে

দিয়ে সাইন্‌বোর্ড নিয়ে চলে গেল। এভাবে তাঁরা সেখানে টার্ণ করে বেড়াচ্ছে। শেষ বক্তব্য, এভাবে যদি মালিক শ্রমিক-বিরোধে অন্যায়ভাবে মালিকের পক্ষাবলম্বন করা হয় তবে সেটা গণতন্ত্রের পক্ষে খুবই বিপজ্জনক। আমি সেজন্যই বলি এঁরা যদি স্বীকার করে নেন যে, গণতন্ত্র অচল হয়ে পড়েছে তাহলে ধন্যবাদের পাত্র হবেন। মালিকের পক্ষ অবলম্বন করে এখানে এসে যদি উল্টো কথা বলেন তাহলে সেটা গণতন্ত্রের পক্ষে বিপদের কথা।

Shri Suhrid Mullick Choudhury :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় ভাদুড়ী মহাশয় দেখিয়েছেন পুলিশ কিভাবে সমাজবিরোধ কাজ করে। আমি দেখাতে চাই সমাজবিরোধী পুলিশ এবং কংগ্রেসী সরকায় সমবায় প্রাইভেট লিঃ, কিভাবে কাজ চালায়। পুলিশমন্ত্রী দীর্ঘ বক্তৃতা করে পুলিশ বিভাগীয় কর্মচারীদের প্রশংসা গেয়েছেন। দেশে যে সমস্ত অপরাধ সংঘটিত হয় সেই সমস্ত অপরাধ দমন ও ডিটেকশন-এর ক্ষেত্রে পুলিশ কতটা কৃতকার্য্য হয়েছে সেইদিক থেকেই পুলিশ বিভাগের কৃতিত্ব আমরা বিচার করব।

আপনারা ল্যাবোরেটরী, জিপ, পুলিশ-ডগস্‌ প্রভৃতি অনেক ভাল ভাল ব্যবস্থা করেছেন বললেন, কিন্তু আমরা দেখছি যে এই রাষ্ট্রে প্রতিদিন কম করে একটা হত্যাকাণ্ড হবেই এবং তাকে কিছুতেই রোখা যাচ্ছে না। তারপর যে সমস্ত অপরাধ ঘটছে তার ডিটেকশনের ক্ষেত্রে আমরা যতদূর খবরের কাগজের মারফৎ শুনেছি তাতে দেখছি যে ১০পার্সেন্ট্‌এর বেশী মামলা করা যাচ্ছে না। অথচ এদিকে আপনারা বলছেন যে, আমরা ডিটেকশন করছি। তারপর যতগুলি মামলা হয় তার কতটা মামলায় কত কনভিকশন হয় তার উপরে নির্ভর করে পুলিশের নৈপুণ্য। কিন্তু সেক্ষেত্রেও আমরা দেখছি যে, পুলিশের কোন নৈপুণ্য নেই, কেননা যতগুলি মামলা হয় তার শতকরা ১০ পার্সেন্ট্‌ মামলায়ও পুলিশ জেতে কিনা সন্দেহ। কাজেই এ সম্পর্কে পুলিশবিভাগ কোন গবেষণা করেছে কিনা বা করে থাকলে তার কি ফল হয়েছে সেটা এখানে বলবেন। এখন আমি বলতে চাই যে, কেমন করে এই সমবায় প্রাইভেট লিমিটেডেও এই স্পর্শ যোগ হয়েছে। আমি ২।১টা ঘটনার উল্লেখ করে দেখাব যে এই কংগ্রেস সরকারের রিফিউজী রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট্‌ নিজেদের অস্তিত্বকে টিকিয়ে রাখবার জন্য পুলিশকে তাঁদের দাসানুদাস করে রেখেছে। ১৯৬০ সালের মার্চ্চ মাসের গোড়ার দিকে ১৪৪ ধারা জারি করে মহাদেব মুখার্জীকে শিবতলা অঞ্চলে যাওয়া বন্ধ করে দিল কেননা এই শিবতলায় উদ্বাস্তুরা সত্যাগ্রহ করছিল। তারপর ১৫-৩-৬০ তারিখে সে আমাকে চিঠি লিখে জানিয়েছে যে শিবতলা ক্যাম্পে সত্যাগ্রহের জন্য তার উপর ৩০৯ ও ৩০৬ ধারায় ওয়ারেন্ট্‌ ইস্যু হয়েছে এবং ফলে সে অনশন আরম্ভ করেছে। আমি জিজ্ঞাসা করি কার অপরাধের জন্য তাঁরা অনশন করে মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছিল? আমি জিজ্ঞাসা করি দেশকে অভুক্ত রেখে শুধু গলাবাজি করে এবং লাঠিচার্জ করে যে সরকার দেশ শাসন করতে চায় তাদের কেন ঐ ৩০৯ ও ৩০৬ ধারায় অভিযুক্ত করা হবে না? এঁরা বলছেন আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে দেশ শাসন করছি তাই আমি এঁদের গণতান্ত্রিক পদ্ধতির একটা উদাহরণ দিলাম। আরেকটা উদাহরণ দিয়ে আমি দেখাব যে এই কংগ্রেসের স্বার্থে রাজাবাজার এরিয়াতে তাঁরা কিরকম কাজ করছে। ১৯৫৭ সালে কালীবাবুর সঙ্গে আলাপ আলোচনা করে আমি রমজান মাসে সেখানে দোকানপাটের ব্যবস্থা করেছিলাম। কিন্তু এখন দেখছি তাঁরই বশংবদ এক কংগ্রেসকর্মী একটি সংগঠন দাড় করিয়ে এই মহিবাগান বস্তী কমিটির

কাছ থেকে ১ টাকা করে নিয়ে সেখানে তাদের লোকদের বসতে দিচ্ছে। এর পর আমি আরেকটি সাংঘাতিক ঘটনা বলছি।

[7—7-10 p.m.]

এবার আমি ইসলামিয়া হাঁসপাতালের কথা একটু সংক্ষেপে বলব। এই হাঁসপাতালের যিনি অনারারী সেক্রেটারী তিনি বিধানবাবুর কনষ্টিটুয়েন্সি বহুবাজার থানার লোক এবং বিধানবাবুর একজন অত্যন্ত বশংবদ ব্যক্তি। এই ভদ্রলোক বহুবাজার থানায় খুব ইনফ্লুয়েন্স করেছেন। এই হসপিটাল রিপোর্টের মধ্যে দেখা যাবে যে এই থানার ও. সি. বিনা পয়সায় কিছুকাল ওখানে থাকলেন—পুলিশ হসপিটালে থাকার সুযোগ থাকা সত্ত্বেও। তার জন্য স্পেশ্যাল ট্রিট্মেন্ট্ ব্যবস্থা করা হল। সেই সেক্রেটারী যাই করুন না কেন তাঁর বিরুদ্ধে আমার বলার কিছু নেই। কিন্তু অভিযোগ হচ্ছে সেই ও. সি.র বিরুদ্ধে। এখানকার কতিপয় অধিবাসী তাদের জীবন বিপন্ন, জীবন বাঁচাবার জন্য ১১-১১-৫৯, ১২-১১-৫৯ তারিখে বহুবাজার থানায় রিপোর্ট করে, ডায়েরী করে এবং এর ব্যবস্থা করার কথা বলেছিল। তারা ডেপুটি পুলিশ কমিশনারের কাছে রয়েছে। এই বিষয়টি তারা বি. সি. রায়, অনারেবল হোম মিনিষ্টার, কমিশনার অফ পুলিশ, ডেপুটি পুলিশ কমিশনার ইত্যাদির কাছে জানায়। কিন্তু যেহেতু তিনি বিধানবাবুর বশংবদ লোক সেহেতু তিনি কালীবাবুকে ডেকে বলে দিলেন যে এ সম্পর্কে কিছু করো না। সেখানে এই আবেদন করার ঠিক একমাস পরে মার্ডার হাঁসপাতালের সামনে গুণ্ডাদের দ্বারা হল। কিন্তু আজ পর্য্যন্ত তার এনকোয়ারীর কোন ব্যবস্থা হল না। সেখানকার কর্মীরা তাদের জীবনের নিরাপত্তা সম্বন্ধে জানায়, কিন্তু তার কোন ব্যবস্থা করা হল না। সুতরাং আমি বলব যে এই মন্ত্রীসভাকে কিছু বলে লাভ নেই। এই বলে শেষ করলাম।

Shri Hemanta Kumar Ghosal :

স্পীকার মহাশয়, আমি একটা ঘটনা পুলিশের দুর্নীতি সম্বন্ধে বলতে চাই। আমাদের ২৪পরগণা জেলা স্কুল বোর্ডের সভাপতি বিভিন্ন স্কুল পরিদর্শন করার নামে ২,৮০০ টাকার টি. এ. বিল করেছিলেন এবং সেই টী. এ. বিল যখন ড্র করতে চান তখন আপত্তি ওঠে এবং এনফোর্সমেণ্ট বিভাগে তদন্তের জন্য যায়। (শ্রীযুক্ত রাধাকৃষ্ণ পাল—সভাপতির নাম কি ?) শ্রীহংসধ্বজ ধারা। সেই তদন্তে প্রমাণিত হয় যে সেটা মিথ্যা টী. এ. বিল। এই কেসটাকে ধামা চাপা দেবার চেষ্টাও হয়। আমি যতদুর জানি তাতে জানি যে এটা সত্য ঘটনা। সুতরাং এই ঘটনার জন্য তো তাঁকে ঘোষ চৌধুরীর জয়গান করতেই হবে। যাহোক এই বিষয়টা সম্বন্ধে আমি জানতে চাই। তারপর একটা ঘটনার বিষয় আমি খুব দুঃখের সঙ্গে উল্লেখ করছি। এই ঘটনাটা মামলার জন্য বিচারাধীন বলে মামলা সক্রান্ত কোন বক্তব্য বলছি না। পশ্চিমবাংলা প্রদেশ কংগ্রেস কমিটির সদস্য শ্রীনিত্যগোপাল বসু হাঁসনাবাদ থানায় একটী বলাৎকার কেসে ধরা পড়েন। [নয়েজ ফ্রম দি কংগ্রেস বেঞ্চ] কংগ্রেসের রিলিফ বিতরণ করার সময় তিনি ১২ বছরের একটা মুসলমান মহিলা সহিত রেফ কেসে ধরা পড়েন। এখন তিনি জামীনে আছেন।

তার মা আমাকে চিঠি লিখেছেন এবং হংস বাবুকে চিঠি দিয়েছেন—তাঁর জামীন দেওয়ার পর তিনি যখন গ্রামে ফিরে গেছেন তখন তাঁকে বলা হয়েছে যে তোমার চাল কেটে বাড়ীটা তুলে দেওয়া হবে, পাকিস্তানে পাঠান হবে যদি মামলা তুলে না নাও। পুলিশের কাছে যখন জানান হল তখন পুলিশ বলল মামলা মিটিয়ে নাও, বড় কর্তার হুকুম আছে

মামলা তুলে না নিলে গণ্ডগোল হবে। দরখাস্তের নকল হংসবাবুর কাছে, মন্ত্রীমহাশয়ের কাছে এসেছে। ৩ নম্বর হচ্ছে, সাগর থানায় বিপিন দাসের সঙ্গে জোতদারের ধান ভাগাভাগি নিয়ে গণ্ডগোল হয়েছিল। ১১ বছরের মেয়েকে জোতদার খুন করল—পুলিশ রিপোর্ট দিল যে বাপ মেয়েকে খুন করেছে—জুডিশিয়াল এন্‌কোয়ারীতে প্রমাণিত হল যে না জোতদার মেয়েকে খুন করেছে—সেই পুলিশ সাগর থানায় বহাল তবিয়তে বেঁচে আছে। হংসবাবু অনেক কথা বললেন—এই প্রমাণ দিলাম। আমি আর একটা কথা বলতে চাই যে সরকারের ট্রাফিক পুলিশ কলকাতায় তার যে রেগুলেশান আছে সেটা তারা মানছেন না এবং তার জন্য অসংখ্য এ্যাক্‌সিডেণ্ট হচ্ছে, লোকজন মারা যাচ্ছে। এটাকে এন্‌ফোর্সড করবার জন্য কি ব্যবস্থা হয়েছে? শুনেছি ষ্টেট বাসের যেসমস্ত মাইনর এ্যাক্‌সিডেণ্ট হয় অধুনা পুলিশ এন্‌কোয়ারী করে না, ষ্টেট বাসের অথরিটি এন্‌কোয়ারী করে পুলিশকে রিপোর্ট দেন, এই ধরণের লিনিয়েন্সী আছে এবং যার ফলে আজকে অসংখ্য এ্যাক্‌সিডেণ্ট হচ্ছে এটা এন্‌ফোর্সড হবে কি না? আপনার কাছে শুধু গণতন্ত্রের এই কটা নমুনা দিলাম—পুলিশী গণতন্ত্র—সেই গণতন্ত্রের জবাবটা যেন কালিপদ বাবু দেন, তারপর গণতন্ত্র হবে।

Shri Hansadhwaj Dhara:

স্যার, হেমন্ত বাবু আমার সম্পর্কে যা বলেছেন তা অসত্য।

Dr. Golam Yazdani:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশী অত্যাচারের দু'একটা কাহিনী আমি এখানে বলব। গত ২২শে অক্টোবর রাত্রি ৮টার সময় ব্রাইট ষ্ট্রীট এবং সামসুল হুদা রোডের জাংকসানে পুলিশ এবং চোরের ধস্তাধস্তি হয়, তাতে পুলিশকে মেরে চোর ভেগে চলে যায়। পুলিশ তখন কড়েয়া রোডের ও. সি.-র কাছে রিপোর্ট করল। তারপর কনস্‌টেবল্‌ সেখানে গিয়ে ঐ পাহালওয়ানের হোটেল, ইসরাইলের পানের দোকান, হানিফের মাংসের দোকান তছনছ করে লুটপাট করল, অনেক লোককে ধরে নিয়ে গেল। ও. সি. গিয়ে বললেন যে দোকান খুলতে পারবে না। পরের দিন ২টার সময় আসলেন, সেই মহল্লা কংগ্রেস কমিটির সেক্রেটারী তাকে বললেন যে পুলিশ অত্যাচার করে চলে গেছে, দোকান বন্ধ করে চলে গেছে এবং তারা প্রার্থনা করেছে পুলিশের বিরুদ্ধে এ্যাক্‌সান নিতে। এই এ. সি. আশ্বাস দিয়েছিলেন কিন্তু কিছুই নেওয়া হল না। তারপর কেস চলতে লাগল আলিপুর কোর্টে—ডিসেম্বর মাসে সব খালাস পেয়ে গেল। ১৯৫৯ সালের ১৯শে মে বেনিয়াপুকুর থানায় ও. সি. ৫।১, হাতীবাগান রোডে মিছামিছি কতকগুলি লোকের ঘর খানাতল্লাসী করে ৮ জন লোককে ধরে নিয়ে চলে গেল। মামলা হল, শিয়ালদহ কোর্ট থেকে বেকসুর খালাস হয়ে গেল। সেই মামলার রায় বলেছে—

"In the case of Alauddin and 8 others of 5/1, Hatibagan Road of Beniapukur, Mr. Sarbadhikari passed severe strictures on the investigating officer and discharged all the accused persons who were arrested under the Immoral Traffic Act'.'

তারপর আমি তৃতীয় কথা বলব—আপনি নিশ্চয়ই জানেন যে মুসলমানদের এটা রোজার মাস এবং এই রোজার মাসে জ্যাকেরিয়া ষ্ট্রীট এবং নাখোদা মস্‌জিদের কাছে বহুদিন থেকে হকাররা দোকান করে। এবারে কিন্তু জোড়াবাগান থানার ও. সি. এবং বৌবাজার

থানার ও. সি. তাদের পারমিশান দেয় নি। আমাদের কমিউনিষ্ট পার্টির তরফ থেকে লাইসেন্সের প্রার্থনা করা হয়েছে, কিন্তু চিঠি লিখে জানান হল যে বর্তমানে লাইসেন্স দেওয়া হবে না। আশ্চর্যের বিষয় সেদিন আবার আর একখানা চিঠি দিলেন যে বর্ত্তমানে লাইসেন্স দেওয়া হবে না বটে কিন্তু খিলাফৎ কমিটির মারফৎ দেওয়া হল। এ্যাসেম্বলীতে কাট মোশান দেওয়ার পর, স্থানীয় কাগজে এনিয়ে লেখালেখি হওয়ার পর ৭ তারিখের পর সেই লাইসেন্স দেওয়া হল। আমার বক্তব্য হচ্ছে বিভিন্ন উৎসবে যেমন দুর্গাপুজায় কলকাতার বহু রাস্তায় দোকান খোলার জন্য হকারদের পারমিশান দেওয়া হয় অথচ মুসলমানদের পর্বে যেমন ঈদ, বখরিদ এগুলির জন্য মুসলীম এলাকায় দোকান খোলার জন্য পারমিশান দেওয়া হয় না। এ বিষয়ে আমি মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, মালদহ জেলার সাঁওতালদের উপর যে অত্যাচার হয়েছে সেই অত্যাচারের কাহিনী সম্বন্ধে দু'একটা কথা বলব। বামুণগোলা থানা এবং হবিবপুর থানার চাষীদের উচ্ছেদ করার জোতদাররা চেষ্টা করেছে আর পুলিশ গিয়ে সেই জোতদারদের প্রোটেক্ট করেছে এবং সাহায্য করেছে। সাঁওতালরা পুলিশকে খবর দিলে পুলিশ এসে তাদের সাহায্য না করে উল্টে চাষীদের উচ্ছেদ করার জন্য জোতদারদের পক্ষে সাহায্য করেছে। তারপর গাজোনে একটা ঘটনা ঘটেছে খেমকা সাঁওতাল বলে এক সাঁওতাল—তাকে জোতদারেরা উচ্ছেদ করতে যেয়ে জমিদারে জমিদারে ঝগড়া লেগে গেল এবং ধান কে পাবে তার কোন ফয়সালা হলনা বলে খেমকা তার বাড়ীতে ধান নিয়ে রেখেছিল যে কে পাবে সেটা ঠিক হলে তাকে ধান দিয়ে আসবে কিন্তু আর একটা জোতদার তিনি গাজোনের ও. সি-র সংগে পরিচিত—তিনি গিয়ে তার বাড়ীতে হামলা করলেন এবং বলপুর্বক ৫৬ মণ ধান নিয়ে চলে গেলেন এবং সেটা বিক্রী করে দিলেন। এরকম ভাবে পুলিশ যে অত্যাচার করে বিশেষ করে মাইনরিটি কমিউনিটির উপর সেটা হওয়া উচিত নয়—আমি এবিষয়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[7-10—7-20-p.m.]

Sri Narayan Chobey:

মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমেই বিগত খাদ্য আন্দোলনে আমাদের বাংলাদেশের পুলিশ যে অত্যাচার করেছিল সে সম্বন্ধে একটা এনকোয়ারীর দাবী করছি। আমাদের ও পক্ষের বন্ধুরা কেরালার কথা বলেছিলেন—আমি বলবো আজও পর্য্যন্ত কেরালায় কমিউনিষ্ট পার্টি দাবী করছে যে, যে গুলি চলেছিল সে সম্বন্ধে একটা বিচার বিভাগীয় তদন্ত করা হোক। যদি সেটা তাঁরা এ্যাকসেপ্ট করে থাকেন তাহলে আমি বলবো যে এই যে গুলি চলেছিল এতে যে ৮০ জন নরনারী প্রাণ দিল বাংলাদেশকে বুভুক্ষুর হাত থেকে বাঁচাবার জন্য, এরজন্য কংগ্রেস সরকারের তরফ থেকে একটা এনকোয়ারী করা হোক্ এবং তাতে আমরা যদি দোষী বলে প্রমাণিত হই তাহলে আমাদের শাস্তি দেয়া হোক। মাননীয় কালিপদবাবু আমাদের দেশের ইলাবোরেট এ্যারেঞ্জমেন্ট্ অফ পুলিশ সম্বন্ধে অনেক কথা বলেছেন—আমি একথা মোটেই বলি না যেসমস্ত পুলিস অফিসার চোর কিংবা দুর্নীতিপরায়ণ, পুলিশের মধ্যে নিশ্চয়ই সৎ লোক আছেন কিন্তু যে পলিসিতে আমাদের কিংবা দেশের পুলিশের কার্য্যকলাপ চলে আমাদের কমিউনিষ্ট পার্টির মুল আক্রমণ সেই পলিসির বিরুদ্ধে। আজকে এ কথা কেউ অস্বীকার করতে পারেন না যে এ্যান্টিসোসাল এ্যাক্টিভিটি চারিদিকে বেড়ে গেছে—এ বিষয়ে অনেকে অনেক উদাহরণ দিয়েছেন। বাঁকুড়া জেলার বিষ্ণুপুর টাউনে চুরি, ডাকাতি বেড়ে গেছে,

গ্রামাঞ্চলে ডাকাতি বেড়ে গেছে অথচ পুলিশ কিছুই করছে না—আজকের খবরের কাগজে বেরিয়েছে। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো যে তাঁদের যে ফর্মুলা আছে—গুণ্ডার হাতে মার খেলে কত ইঞ্চি গর্ত্ত হল, কত লম্বা হল সেই ফর্মুলায় যদি পড়লো তো কেস হবে—না পড়লে কেস হবে না এই ফর্মুলাটাকে চেঞ্জ করার ব্যবস্থা করুন, কারণ গুণ্ডারা সাধারণতঃ ফর্মুলার বাইরে মারে। দ্বিতীয় কথা আমি বলতে চাই ইণ্ডাষ্ট্রিয়াল বেল্টে সুদখোরদের জুলুম দিনের পর দিন বেড়ে যাচ্ছে। মাত্র কয়েকদিন আগে খবরের কাগজে বেরিয়েছিল নিউ মার্কেট এরিয়ায় কাবুলীওয়ালাদেরই সঙ্গে লোকের মারামারি হয়েছে। আসানসোল, খড়্গপুর, জগদ্দল, কাঁচরাপাড়া প্রভৃতি জায়গায় যান দেখবেন এই রকম হিন্দু, মুসলমান, কাবুলীওয়ালা, পাঞ্জাবী সুদখোরদের জুলুমে শ্রমিকরা অতিষ্ঠ হয়ে উঠেছে। তাদের বাঁচবার কোন ব্যবস্থা করা হোক। এ ছাড়া তাদের একটা কথা বলতে চাই ইদানীং যে সমস্ত জায়গায় জংসান আছে, ওয়ার্ক সপ আছে সেখানে সর্বত্রই চুরি, ডাকাতি বেড়ে গেছে, রেলওয়ে প্রপারটি ওয়ার্কসপ থেকে চুরি হয়ে যাচ্ছে। রাত্রিবেলায় লরী লরী মাল বের করে বাইরে কারখানা চালানো হচ্ছে এবং তাদের সঙ্গে পুলিশের সংযোগ আছে। খড়্গপুরে আমি একজনের নাম করতে চাই—নন্দ লোহা, সে এবং তার ভাই এই ভাবে ১১ কারখানা চালাচ্ছে। পুলিশ এই সব জানে কিন্তু কিছুই করে না। এসব ক্ষেত্রে পি. ডি. এ্যাক্টও প্রয়োগ করেন না, পি. ডি. এ্যাক্ট প্রয়োগ করা হয় সুন্দরবনের রাসবিহারী ঘোষের উপর, কৃষকদের উপর কিন্তু এই সমস্ত চোরা কারবারীর উপর তারা সেটা প্রয়োগ করেন না।

গ্রামে চুরি ডাকাতি সম্বন্ধে সেখানকার অবস্থা সম্বন্ধে অনেকে চলেছেন। গত বছর ৪নং ইউনিয়নয়ে শ্রীপ্রফুল্ল মালের বাড়ীতে ডাকাতি হয়েছিল এবং শ্রীপ্রফুল্ল মালের বন্দুক নিয়ে গেছল। এসম্বন্ধে পুলিশ কোনরকম এনকোয়ারী করতে এল না—শ্রীপ্রফুল্ল মালের ষ্টেটমেণ্ট নিল না— এ সম্বন্ধে আজ পর্য্যন্ত কোন এনকোয়ারী হয়নি। উপরে লেখালেখির পর সি. আই. ডি. গেল শ্রীপ্রফুল্ল মাল ৪জন ডাকাতের নাম পর্য্যন্ত দিল বৈদ্যনাথ হাজরা, সাগর শেখ, নিরোদবরণ সিংহ ইত্যাদি—কিন্তু পুলিশ এদের ধরল না, কেন ? যেহেতু এরা কংগ্রেসের লোক, কংগ্রেসের সঙ্গে এদের যোগাযোগ আছে তাই ধরল না, এরা বিনা গ্রেপ্তারে বিনা পরোয়ানায় ঘোরাফেরা করছে পুলিশ কিছুই করছে না।

The Hon'ble Kali Pada Mukherjee :

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয় আজ ৪ ঘণ্টাব্যাপী আরক্ষ্য বাহিনী এবং তৎ সংশ্লিষ্ট দপ্তরেরর ব্যয় বরাদ্দ মঞ্জুরী অবলম্বনে যে বিতর্ক, যে আলোচনা, যে সমালোচনা, যে বাদবিতণ্ডা হয়েছে আমি তা অত্যন্ত মনোনিবেশ সহকারে শুনেছি। এটা আনন্দের কথা যে এতে উল্লাস উদ্দীপনা থাকলেও অন্যান্য বারের মত এখানে কটূক্তি বর্ষণ এবং নিন্দাবাদ যে ভাবে হয়নি, এটা আরও আনন্দের কথা হত যদি এই পরিবর্ত্তিত মনোভাব গঠনমুখারূপে হত। আমি সে রকম ভাবে সমালোচনা এবং দুর্নীতির কথা এখানে চলেছে তাতে আমার যেন মনে হয় মাননীয় সদস্যদের দুর্নীতি ফোবিয়া একটা নুতনরূপে দেখা দিয়েছে। দুর্নীতি পুলিশের মধ্যে নাই আমি একথা বলব না, পুলিশের মধ্যে দুর্নীতি নাই বা কর্মীদের মধ্যে ঔদাসীন্য নাই একথা বলব না—কিন্তু সঙ্গে সঙ্গে আমাদের একথাও স্বীকার করতে হবে যে পুলিশের মধ্যে অনেক সেবাব্রতী কর্মী আছেন, বিশ্ববিদ্যালয়ের অনেক কৃতী ছাত্র আছেন যারা পুলিশ বিভাগে যোগদান করেছেন এবং তাঁদের নিষ্ঠা সততা, কর্মকুশলতা সমাজের কাছে

প্রিয় করে তুলেছে। আজ পুলিশের মধ্যে পরিবর্ত্তন সাধিত হচ্ছে একথা যদি কেউ অস্বীকার করেন তাহলে তিনি সত্যের অপলাপ করবেন। অতীতে বিদেশী আমলাতান্ত্রিক শাসনের সময় পুলিশের যে মনোভাব ছিল যে দৃষ্টিভঙ্গী ছিল আজ সেই দৃষ্টিভঙ্গীর অনেক পরিবর্তন হয়েছে। আমি একথা আদৌ বলব না যে আজ যে পুলিশ কর্মচারীরা রয়েছে তারা সকলেই সৎকর্মী, সমাজসেবী, আর্ত বিপন্ন নরনারীর পাশে এসে দাড়িয়ে সহায়কের মনোভাব নিয়ে যাও উদ্ধারের জন্য অগ্রসর হচ্ছে। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও বলবো যে—

[7-20—7-30 p.m.]

আজকে পুলিশের মধ্যে অনেক কর্মী আছেন যারা সত্যকারের সেবা ও আদর্শে উদ্বুদ্ধ হয়ে, জনসাধারণের মধ্যে কাজ করে চলেছে। শ্রীযুক্ত হংসধ্বজ ধাবা মহাশয় বলেছিলেন যে প্লাবনের সময় দৈব দুর্বিপাকে যখন মানুষ বিপন্ন হয়েছিল, সেই সময় আর্ত নরনারীর পাশে সাহায্যের জন্য ছুটে গিয়েছিল কে? পশ্চিমবাংলার পুলিশ কর্ম্মচারী। ২৪ পরগণা এবং হাওড়ায় বন্যা বিধ্বস্ত অঞ্চলে আমি ব্যাপকভাবে সেই সময় সফর করেছিলাম আর্তত্রাণে সাহায্যের আয়োজন করতে। সমস্ত স্তরের লোক জাতি ধর্ম্ম নির্ব্বিশেষে এবং এমনকি দলমত নির্ব্বিশেষে বিরোধী দলের সদস্যরাও সেখানে উপস্থিত ছিলেন, তাঁরা সকলেই পুলিশের প্রতি সেবাব্রত মানোভাবের জন্য আর্তত্রাণের সেবায় নিজেদের জীবন বিপন্ন করে, সব জায়গায় উপস্থিত হয়ে সেবাকার্য্যে ব্রতী হয়ে তাঁরা সাধুবাদ জানিয়েছিলেন, পুলিবের প্রশংসা করেছিলেন। আজকের দিনে পুলিশের বিরুদ্ধে বিচার, বিশ্লেষণ করতে গেলে, তার সামগ্রিক রূপ দিয়ে যদি বিচার না করি তাহলে আমাদের ভুল হবে। অনেকে বলে থাকেন যে পুলিশের মধ্যে তাদের সেই পুরাতন মনোভাবের কোন পরিবর্ত্তন হয়নি। কিন্তু আমি এখানে বাংলাদেশের কয়েকজন বিশিষ্ট সাংবাদিকের। মনোভাব উদ্ধৃত করবো।

[Noise and disturbance]

বিশ্ববিদ্যালয়ের একজন খ্যাত নামা অধ্যাপক এবং সেনেটের সদস্য, তিনি বিশেষভাবে পুলিশের কার্য্যকলাপের প্রশংসা করেছেন। তিনি যা বলেছেন তার কয়েকটি ছত্র আমি আপনার সামনে উপস্থিত করতে চাই। তিনি বলেছেন কেবল মাত্র পুলিশের দৃষ্টিভঙ্গী ও বিধিব্যবস্থা পরিবর্ত্তিত হইলেই পুলিশ ও জনসাধারণের মধ্যে আশানুরূপ সহযোগিতায় সম্বন্ধ স্থাপিত হইবে না, জন সাধারণের দৃষ্টিভঙ্গীর মৌলিক পরিবর্ত্তন অত্যাবশ্যক। পুলিশকে জন নিপীড়ক মনে না করিয়া জনসেবকরূপে গ্রহণ করিতে হইবে। যাহারা সমাজ বিরোধী কার্য্যে লিপ্ত তাহাদের বিরুদ্ধে পুলিশকে নিপীড়কের ভূমিকাই গ্রহণ করিতে হইবে। কিন্তু সমাজে শান্তি ও শৃঙ্খলা রক্ষা করিয়া, সাধারণ নাগরিকের স্বাভাবিক জীবন যাত্রার সহায়তা করিয়া পুলিশ যথার্থ সমাজ সেবকের কাজ করে, এই মূল কথাটি স্মরণ রাখিতে হইবে।

[Repeated shouting, loud noise & disturbances—from Opposition benches.]

আর একজন লব্ধপ্রতিষ্ঠা সাহিত্যিক এবং সাংবাদিক হিসাবে তাঁর যে যোগাযোগ আছে আমাদের বামপন্থী বন্ধুদের সঙ্গে লিখেছেন—"দোষত্রুটি সত্বেও কলিকাতার পুলিশ আইন ও শৃঙ্খলা রক্ষার ব্যাপারে এবং সময় সময় বড় বড় ক্রাইম বা অপরাধ নির্ণয় ও দমনের ব্যাপারে যথেষ্ট কৃতিত্বের পরিচয় দিয়েছে। তরুণ পুলিশ অফিসারদের মধ্যে আগের চেয়ে বেশী নীতি-

জ্ঞান ও দেশ প্রেমের দায়িত্ববোধ দেখা যাচ্ছে। এই সমস্তই সুলক্ষণ"। তিনি স্বনামধন্য শ্রীবিবেকানন্দ মুখোপাধ্যায়।

আর একজন সাহিত্যিক তিনি সাম্প্রতিক আন্তর্জাতিক প্রতিষ্ঠা, সম্মান ও মর্যাদা অর্জন করেছেন।

তিনি লিখেছেন "পুলিশ আজ আমাদেরই লোক, পুলিশ বিভাগ সেই কথাই মনে করেন। তাহাদের প্রতি আচরণ স্মরণে রাখুন। পুলিশের সঙ্গে যাঁহারা ঘনিষ্ঠভাবে মিশেছেন এ গুলো তাহারা সর্বান্তঃকরণে স্বীকার করিবেন—শুধু পুলিশ সম্পর্কে আমাদের চোখের দৃষ্টি এবং মনের আবেগের সম্পূর্ণ বদল হয়নি। যতখানি তাঁহারা আগাইয়া আসিয়াছেন আমাদের দিকে, পরস্পর বোঝাবুঝির হাত বাড়াইয়া ততখানি আমরা আগাইয়া যাইতে পারিনি। পুলিশ সম্পর্কে নিরাপত্তা এখনো মনের কোণে লেগে রয়েছে। অথচ পুলিশবিভাগ এগিয়ে এসেছেন। শাসনের সঙ্গে যে সবাই এক গ্রন্থিবন্ধন রয়েছে।"

তারাশংকর বন্দ্যোপাধ্যায়। সমালোচনার উত্তর দিতে হলে, তার সামগ্রিক বিষয় বস্তু নির্দ্ধারণ এবং অনুধাবনের প্রয়োজন আছে। আজকে সর্বপ্রথমে শ্রীযুক্ত গণেশ বাবুই শুধু বলেন নাই, তাঁর সঙ্গে আরো অনেকে বলেছেন, আমাদের দেশে অপরাধের সংখ্যা ক্রমশঃ বেড়ে চলেছে। অপরাধ দুনিয়ার যে কোন রাষ্ট্রে যান, তার সমাজ ব্যবস্থা যাই হোক না কেন, সকল দেশেই দুর্বৃত্ত-সমাজ-বিরোধী কার্য্যকলাপে লিপ্ত এমন মানুষ দেখতে পাবেন। কিছুদিন আগে এই বিধান সভায় আমি সোভিয়েট রাশিয়ার একটা পত্রিকা থেকে কয়েকটা কথা উদ্ধৃত করে বলেছিলাম যে সেখানে ড্রাংকেননেস মাতলামী, হত্যা, প্রষ্টিটিউশন অত্যন্ত বেড়ে চলেছে। সে আমার কথা নয়—ইজভেস্তিয়া থেকে উদ্ধৃত করেছি—তার নজীর আছে, সেটা লিপিবদ্ধ আছে। দুনিয়ার যে কোন সমাজ ব্যবস্থায়, রাষ্ট্রে, দুর্নীতি থাকবে, সেখানে মানুষের মধ্যে অপরাধ প্রবণতা থাকবে, খুন খারাপি, চুরি, ডাকাতি সেখানে হয়ে থাকে। সেখানে ও ট্রাফিক এ্যাক্সিডেন্ট ঘটে। আমেরিকা ও সোভিয়েট রাশিয়ায় ও তা ঘটে, চীনেও ঘটে, সারা দুনিয়ায় ঘটে। শুধু পশ্চিমবাংলায় তার ব্যতিক্রম যারা মনে করবে, তারা কাচের উপর বাস করবে, বাস্তবের সঙ্গে তাদের সঙ্গতি নাই, কাজে নাই, আলাপে নাই। বিচারে নাই।

[হর্ষধ্বনি]

ওঁরা বলেছেন যে আমাদের বাংলাদেশে অপরাধের সংখ্যা ক্রমশঃই বেড়ে চলেছে। তার উন্নতি

[এ ভয়েস্ : ষ্টেটসম্যান পত্রিকা বলেছে।]

ষ্টেটসমান তো একটা নজীর হতে পারেনা। ১৯৫৬ সালে যেখানে ডাকাতির সংখ্যা—পশ্চিমবাংলায় ছিল ৯৮৯টি, সেখানে ১৯৫৭ সালে সেটা কমে গিয়ে দাড়িয়েছে—৪৯৫টি, ১৯৫৮ সালে দাড়িয়েছে ৪৯৪টি এবং ১৯৫৯ সালে কমে দাড়িয়েছে ৪৩১টি। রবারির সংখ্যা—১৯৫৬ সালে ছিল ৮৩৫ সেটা ১৯৫৭ সালে কমে দাঁড়িয়েছে ৭৯১; ১৯৫৮ সালে দাঁড়িয়েছে ৭৩৫টি এবং ১৯৫৯ সালে কমে দাঁড়িয়েছে ৬০৬। বারগ্লারীর সংখ্যা যেখানে ছিল ৪৩ হাজার, সেটা কমে গিয়ে দাঁড়িয়েছে ১০১১৪টি। ১৯৫৬ সালে হত্যাকাণ্ড যা ঘটেছিল তার সংখ্যা ছিল ৪৭৯টি, সেটা ও কমতে কমতে এসে দাঁড়িয়েছে ৪৫৯।

অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে নিবেদন করতে চাই যে দুনিয়ায় কোন অবস্থায় হত্যাকাণ্ড নিবারণ করা যায় নি। এটা প্রিভেন্‌টিবল্‌ ক্রাইম নয়।

[7-30—7-40 p.m.]

কাজেই হত্যাকাণ্ড সাময়িক উত্তেজনার বশে ও নানাকারণে সংঘটিত হতে পারে এখানে অনেক বন্ধু বলেছেন যে, পশ্চিমবংগে বিশেষ করে কলকাতায় অপরাধ প্রবণত বেড়ে গিয়েছে—আমি এখানে ১৯৫১ সাল থেকে ১৯৫৯ সাল পর্য্যন্ত একটা পরিসংখ্যান রাখছি—১৯৫১ সালে হত্যাকাণ্ডের সংখ্যা ছিল ৫৬, '৫২ সালে ৪৫, ১৯৫৩ সালে ৫৭, ১৯৫৮ সালে ৩৭ এবং গতবৎসর ৩৪। কলকাতা সহরে ১৯৫১ সালে ডাকাতির সংখ্যা হয়েছিল ১৫টি ক্ষেত্রে, সেটা কমতে কমতে ১৯৫৮ সালে নেবে এসেছিল ৪টিতে। কিন্তু গত বৎসর কলিকাতা মহানগরীতে কোন ডাকাতি সংঘটিত হয়নি। রবারির সংখ্যা ১৯৫১ সালে ছিল ৯৯, সেটা কমতে কমতে দাঁড়িয়েছে ২১টিতে, বার্গলারী যেখানে ছিল ২ হাজার ৭, সেটা কমতে কমতে দাঁড়িয়েছে ১১০২। থেফ্‌ট্‌ ১৯৫১ সালে ৯৯৭৫, সেটা হয়েছে কমে ৭২১৩। মেদিনীপুরের কথা নটেনবাবু বলেছেন, থানাওয়ারী যদি জানতে চান, সেসময় এখানে আমি পাব না,—সুতরাং মেদিনীপুর জেলার সংখ্যা দিচ্ছি—১৯৫৭ সালে ডাকাতির সংখ্যা ৪৮টি, ১৯৫৮ সালে ৪৪টি ১৯৫৯ সালে দাঁড়িয়েছে ২২টিতে—এই ২২টির মধ্যে ২০টি কেস চালান দেওয়া হয়েছে। ১৬১ জন অভিযুক্ত হয়েছে, ১২টি মামলার নিষ্পত্তি হয়েছে, ৬১ জনের সাজা হয়েছে। এবারে বরাধির কথা বলি—১৯৫৭ সালে ছিল ৯০টি, ১৯৫৮ সালে কমে দাঁড়িয়েছে ৬৭টিতে, এই সংখ্যা ১৯৫৯ সালে কমে এসে দাঁড়িয়েছে ৩৭টিতে। বার্গলারীও সেই রকমভাবে কমে এসেছে—১৯৫৭ সালে ৮৭১টি, গত বৎসর ৬৫; মার্ডার ১৯৫৭ সালে ছিল ৫২টি, ১৯৫৯ সালে কমে এসে দাঁড়িয়েছে ৩৬টিতে। কোন কোন মাননীয় সদস্য ২৪পরগণার কথা বলেছেন যে সেখানে নাকি ক্রাইম বেড়ে গিয়েছে—২৪ পরগণায় ১৯৪৮ সালে ডাকাতি হয়েছিল ১৩২টি, ১৯৫৯ সালে সেটা কমে দাঁড়িয়েছে ১২২টিতে। রবারি হয়েছিল ১৯৫৭ সালে ১৩৩টি, সেটা কমে এসে দাঁড়িয়েছে ১২৩টিতে। বার্গলারী ১৯৫৭ সালে ছিল ২৯৫২, সেটা কমে এসে দাঁড়িয়েছে ২৬০৭। থেফ্‌ট্‌ ছিল ৬৭৫৩, সেটা হয়েছে ৬০৪৮। তারপর অপূর্বলাল মজুমদার মহাশয় হাওড়ার কথা বলেছেন, হাওড়াব পরিসংখ্যান আমার কাছে আছে, আমি এখানে উদ্ধৃত করছি—১৯৫৮ সালে ডাকাতি সংঘটিত হয়েছিল ১৪টি, ১৯৫৯ সালে সেটা কমেএসে দাঁড়িয়েছে ৬টিতে। রবারি ১৯৫৮ সালে হয়েছিল ১৯টি, ১৯৫৯ সালে সেটা কমেএসে দাঁড়িয়েছে ১২টিতে। বার্গলারী হয়েছিল ৪৯৩টি, সেটা কমেএসে দাঁড়িয়েছে ৩১৪টিতে। থেফ্‌ট্‌ হয়েছিল ২৪২৩, তার সংখ্যা কমে হয়েছে ১৭৪৭।

(**Shree Apurbalal Majumdar :** মার্ডারের সংখ্যা কত ?)

সেই হিসাব এখানে আমার কাছে নাই, গতবৎসর খাদ্য আন্দোলনে মব্‌ ভায়োলেন্সের জন্য মামলার আসামী এখানে রয়েছে, সেজন্য এখানে দেওয়া নাই। তিনি হাওড়ায় চোলাই মদের কথা বলেছেন। এটা আমাদের দেশের পক্ষে সত্যিই লজ্জার কথা যে, এখানে চোলাই মদের কারবার রয়েছে। মানুষের দুর্নীতিপরায়ণতাকে শাসনযন্ত্র প্রশমিত করতে - পারে,

কিন্তু তা একেবারে কমাতে পারে না, একথা আমার সকলেরই স্মরণ রাখতে হবে। ১৯৫৯ সালে ১৯৬০ কেসেস অফ্ চোলাইমদ এবং ৩,১৩৯ গ্যালন ইল্লিসিট ডিষ্টীল লিকার পাওয়া গিয়েছিল, এবং ৪,৭০২ মণ্ডস্ ফারমেণ্টেড ওয়াস পাওয়া গিয়েছিল, এবং ১,৭৪০ জন লোক এরেষ্ট হয়, এবং অনেক সংখ্যায় সেখানে কন্‌ভিক্‌শান হয়েছে। বিরোধীদলের কয়েকজন বন্ধু বলেছেন যে, কলকাতায়ও এইরকম চোলাইমদের কারবার বেশী হয়েছে, আমি তার পরিসংখ্যান আপনার কাছে উপস্থিত করছি—১৯৫৭ সালে ৭৬১৪টি মামলা দায়ের করা হয়েছিল, ৮৭৫ জন লোক অভিযুক্ত হয়েছিল, ১০,৬০৭ গ্যালন লিকার চোলাই মদ সীজ করা হয়েছিল এবং তার সংগে ১৩৬টি অপারেটাস পাওয়া গিয়েছিল। ১৯৫৮ সালে ৭৭২টি মামলা দায়ের করা হয়েছিল, ৯২২ জন অভিযুক্ত হয়েছিল, ১৪ হাজার ১৬৬ গ্যালন সীজ করা হয়েছিল। ১৯৫৯ সালে ৯৬২টি কেস হয়েছে, ১,১৭১ লোক অভিযুক্ত হয়েছে, ৮ হাজার গ্যালন সীজ করা হয়েছে। গণেশবাবু বলেছেন যে, পুলিশ কর্মচারীদের বিরুদ্ধে আদালত কর্তৃক ষ্ট্রিক্‌চার সম্বন্ধে সরকার সম্পূর্ণ উদাসীন—তাঁর একথা অজ্ঞতাপ্রসুত। সত্য ঘটনা হচ্ছে, কোর্ট থেকে ষ্ট্রিক্‌চার পাশ করা হলে প্রত্যেকটি ব্যক্তির বিরুদ্ধে বিভাগীয় তদন্ত হয়, এবং তদন্তের ফলে অনেক ক্ষেত্রে তাদের সাজা দেওয়া হয়েছে। গত বৎসর গণেশ বাবু একটা ছাঁটাই প্রস্তাবের মাধ্যমে চিৎপুরের সাব-ইন্সপেক্টার করুণা ব্যানার্জির কথা উল্লেখ করেছিলেন, তখন আমি তাঁকে জানিয়ে ছিলাম যে, তাঁর বিরুদ্ধে বিভাগীয় তদন্ত হচ্ছে, এবং তাঁকে সাসপেণ্ড করা হয়েছিল, এবং সাসপেনশানের পরে এনকোয়ারী রিপোর্ট পাওয়া গিয়েছে এবং তাঁর বেতন কাটা হয়েছে। পঞ্চানন ভট্টাচার্য্য মহাশয়ও কলকাতার চোলাই মদের কারবারের কথা বলেছেন এবং বিশদভাবে পরিসংখ্যান উদ্ধৃত করে জানিয়েছেন যে, অবস্থা আয়ত্তের বাইরে চলেগিয়েছে, কিন্তু আসলে তা নয়। অবস্থা আয়ত্তাধীন আছে, এবং কোন্ কোন্ জায়গায় চোলাই মদের কারবার হচ্ছে সে সম্পর্কে সরকার ওয়াকিবহাল, সচেতন, সজাগ আছেন এবং যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করছেন। উপসংহারে একটা কথা আপনার মাধ্যমে নিবেদন করতে চাই এই সীমাবদ্ধ সময়ের মধ্যে। এখানে মা: সদস্যরা মনের আনন্দে অনেক অসত্য, মিথ্যা এবং কল্পিত নানা অভিযোগ রচনা করেছেন, কিন্তু এসব অভিযোগ যে সত্য নয় তা খগেনবাবু, আনন্দবাবু, হংসধ্বজবাবু বিস্তৃতভাবে দেখিয়েছেন এবং তা অনেকক্ষেত্রে অতিরঞ্জিত ও স্বকপোলকল্পিত। এসকল কথার সমুচিত জবাব দেওয়া এই সীমাবদ্ধ সময়ের মধ্যে আমার পক্ষে সম্ভব নয়। কিন্তু একটি কথা আমি সুবোধবাবুকে বলব—তিনি কালকে আমার সঙ্গে দেখা করেছিলেন, আমি বলেছিলাম তাঁকে যে, আপনার ছাঁটাই প্রস্তাবের যা ভাষাও তাতে সাধারণ মানুষ চঞ্চল হয়ে উঠবে। আমি ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটএর রিপোর্ট আনিয়েছি, তিনি বলছেন, এই বিষয়ে কোন সত্যতা নাই। নারীদের সম্বন্ধে তিনি যে সমস্ত কথা বলেছেন তারা থানায় গিয়ে বা কোর্টে গিয়ে যখন জিজ্ঞাসা করা হয়েছিল তখন তারা একথা বলেনি। ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট এবং এস. পি. অকুস্থানে গিয়ে তদন্ত করে যে রিপোর্ট পাঠিয়েছেন তাতে ডি. এম. বলেছেন দি এলিগেশনস আর এবসোলিউটলি বেসলেস। সুবোধবাবু আমাকে বলেছিলেন আরো তদন্ত করতে প্রস্তুত আছি কি না। নিশ্চয়ই আমাদের এই গণতান্ত্রিক রাষ্ট্রের গণতন্ত্রকে প্রতিষ্ঠা করার জন্য, আমাদের এই কল্যাণ-

রাষ্ট্রের ভিত্তি পত্তন করার জন্য আমরা সকল মানুষের সহযোগিতা কামনা করি– এবং এই নীতির উপর দাঁড়িয়ে বাংলাদেশের মন্ত্রীসভা দেশবাসীর কল্যাণের পথ উন্মু করে দেবে। যতীনবাবুকেও একটা কথা বলা প্রয়োজন, কারণ যদিও তিনি উকি নন তাহলেও কখন যে তিনি কার ব্রিফ ধরেন বলা শক্ত। কিন্তু এর পিছ কিসের একটা ইঙ্গিত রয়েছে—কারণ, তিনি যন্ত্র, মন্ত্রীরা তাঁকে চালিয়ে যান।

[7-40—7-50 p.m.]

শ্রীহরিসাধন ঘোষ চৌধুরী, বর্ত্তমানে আই. জি. তিনি যখন পুলিশ কমিশনা ছিলেন সেই সময়কার সম্বন্ধে তার বিরুদ্ধে অনেক অভিযোগ করে বলা হয়েছে যে তাঁর নাকি ৩টি বাড়ী আছে। উনি পাকিস্তান থেকে চলে এসেছেন এবং পৈত্রিক বাড়ী হারিয়ে বেদনা অনুভব করছেন বলে এইসব কথা বলছেন। কিন্তু তিনি পশ্চিমবাংলার অধিবাসী এবং তাঁর পিতামহের একটি বাড়ী আছে এবং বহুদি যাবৎ তিনি কমিশনার ছিলেন বলে তাঁর পক্ষে বাড়ী করা আশ্চর্য্য নয়। তিনি প্রভিডেণ্ট ফাণ্ড থেকে ৩৩ হাজার টাকা বাড়ী করার জন্য লোন নিয়েছেন। তাছাড়া তিনি অভিযোগ করেছেন যে তিনি নাকি কয়েকটা বাস স্বনামে বেনামে নিয়েছেন। আমি তাকে বলছি যিনি তাকে এই সংবাদ দিয়েছেন তিনি সর্বৈর মিথ্যা সংবাদ দিয়েছেন। উপসংহারে আমি আরেকটা কথা বলব যে, এখানে যেসব অভিযোগ করা হয়েছে সাধারণভাবে সেইসব অভিযোগ ভিত্তিহীন এবং অমূলক। আজকে যে সব অভিযোগ এখানে উঠেছে আমি আপনার মাধ্যমে ঘোষনা করতে চাই যে সেই প্রতিটি অভিযোগ সম্বন্ধে আমরা বিভাগীয় তদন্ত করে দেখব যে তার সত্যতা আছে কিনা এবং যদি থাকে তাহলে আমরা তার যথাযথ ব্যবস্থা করব, একথা বলে যেসমস্ত ছাটাই প্রস্তাব এখানে উপস্থাপিত হয়েছে তার বিরোধীতা করে আমার মূল প্রস্তাব সমর্থন করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

[*Noise*]

Mr. Speaker : Order, order. Division is wanted in cut motion No. 56 I am now putting all the other cut motons to vote.

[All the cut motions except the cut motion No. 56 were then put en bloc to vote and lost.]

The motion of Shri Basanta Kumar Panda that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Gnant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Narayan Choubey that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Ajit Kumar Ganguli that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Subodh Banerjee that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head ' '29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Khagen Roy Choudhury that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs, 100 was then put and lost.

The motion of Shri Shyamaprasanna Bhattacharya that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Maior Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Niranjan Sen Gupta that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jagat Bose that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Basanta Lal Chatterjee that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Satyendra Narayan Mazumdar that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Phakir Chandra Roy that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jatindra Chandra Chakravorty that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Pabitra Mohan Roy that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Gobinda Charan Maji that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Basu that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Ranendra Nath Sen that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sitaram Gupta that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Rabin Mukherjee that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Haran Chandra Mondal that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", bc reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Ramanuj Haldar that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sisir Kumar Das that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Jnanendra Nath Majumdar that the demand of Rs, 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Ghosal that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bankim Mukherji that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jyoti Basu that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri S. A. Farooquie that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Syed Badrudduja that the demand of Rs. 8,09,87,000 for expenditure undei Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Dasarathi Tah that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Benoy Krishna Chowdhury that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Gopal Basu that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Natendra Nath Das that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sasabindu Bera that the demand of Rs. 8;09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri B. P. Jha that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Mihir Lal Chatterjee that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Samar Mukherjee that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhakta Chandra Roy that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Ganesh Ghosh that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17 M,ajor Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Dhirendra Nath Banerjee that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Ploice", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Amarendra Nath Basu that the demand of Rs. 8,09,87;000 for expenditure under Grant No. 17, Major Head '29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhupal Chandra Panda that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Crant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shrimati Labanya Prova Ghosh that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Pravash Roy that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bejoy Krishna Modak that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Rabindra Nath Roy that the demand of Rs. 8,09,87.000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Dhirendra Nath Dhar that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Hare Krishna Konar that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Tarapada Dey that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Tahir Hussain that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Saroj Roy that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sunil Das that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Rama Shankar Prasad that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Deo Prakash Rai that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Suhrid Mullick Chowdhury that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and lost.

[7-50—7-54 p.m.]

The motion of Dr. Kanailal Bhattacharyya that the demand of Rs. 8,09,87,000 for expenditure under Grant No. 17, Major Head "29—Police", be reduced by Rs. 100 was then put and a division taken with the following result :

NOES—134

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abul Hashem, Shri
Badiruddin Ahmed, Hazi
Bandyopadhyay, Shri Khagendra Nath
Banerji, Shri Sankardas
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya
Banerjee, Shri Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Abani Kumar
Basu, Shri Satindra Nath
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Shyamapada
Bhattacharyya, Shri Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Brahmamandal, Shri Debendra Nath
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Shri Binoy Kumar
Chattopadhya, Shri Satyendra Prasanna
Chattopadhyay, Shri Bijoylal
Das, Shri Ananga Mohan
Das, Shri Bhusan Chandra
Das, Shri Gokul Behari
Das, Shri Kanailal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radha Nath
Das, Shri Sankar
Das Adhikary, Shri Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dey, Shri Kanai Lal
Dhara, Shri Hansadhwaj
Digar, Shri Kiran Chandra
Digpati, Shri Panchanan
Dolui, Shri Harendra Nath
Dutt, Dr. Beni Chandra

Dutta, Shrimati Sudharani
Gayen, Shri Brindaban
Ghatak, Shri Shib Das
Ghosh, Shri Bejoy Kumar
Ghosh, Shri Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Golam Soleman, Shri
Gupta, Shri Nikunja Behari
Gurung, Shri Narbahadur
Haldar, Shri Mahananda
Hansda, Shri Jagatpati
Hasda, Shri Jamadar
Hasda, Shri Lakshan Chandra
Hazra, Shri Parbati
Hoare, Shrimati Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Kazem Ali Meerza, Shri Syed
Khan, Shrimati Anjali
Kolay, Shri Jagannath
Lutfal Hoque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahato, Shri Bhim Chandra
Mahato, Shri Debendra Nath
Mahato, Shri Sagar Chandra
Mahibur Rahaman Choudhury, Shri
Maiti, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majhi, Shri Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumdar, Shri Byomkes
Majumder, Shri Jagannath
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Sudhir
Mandal, Shri Umesh Chandra
Misra, Shri Sowrindra Mohan
Modak, Shri Niranjan
Mohammad Giasuddin, Shri
Mohammed Israil, Shri
Mondal, Shri Baidyanath
Mondal, Shri Bhikari
Mondal, Shri Dhawajadhari
Mondal, Shri Rajkrishna
Muhammad Ishaque, Shri
Mukherjee, Shri Dhirendra Narayan
Mukherjee, Shri Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Jadu Nath
Murmu, Shri Matla
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Shri Khagendra Nath
Noronha, Shri Clifford
Pal, Shri Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Shri Ras Behari
Panja, Shri Bhabaniranjan
Pati, Shri Mohini Mohan
Pemantle, Shrimati Olive
Platel, Shri R. E.
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Sarada Prasad
Prodhan, Shri Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Shri Sarojendra Deb
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Shri Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Shri Satish Chandra
Saha, Shri Biswanath
Saha, Shri Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Shri Nakul Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Singha Deo, Shri Shankar Narayan

Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Shri Durgapada
Sinha Sarkar, Shri Jatindra Nath
Talukdar, Shri Bhawani Prasanna
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, Shri Pramatha Ranjan
Trivedi, Shri Goalbadan
Tudu, Shrimati Tusar
Wangdi, Shri Tenzing
Yeakub Hossain, Shri Mohammad
Zia-ul-Huque, Shri Md.

AYES—73

Abdulla Farooquie, Shri Shaikh
Banerjee, Shri Dhirendra Nath
Banerjee, Shri Subodh
Basu, Shri Amarendra Nath
Basu, Dr. Brindabon Behari
Basu, Shri Chitto
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bera, Shri Sasabindu
Bhaduri, Shri Panchugopal
Bhagat, Shri Mangru
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharjee, Shri Panchanan
Bhattacharjee, Shri Shyama Prasanna
Bose, Shri Jagat
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Shri Mihirlal
Chattoraj, Shri Radhanath
Chobey, Shri Narayan
Das, Shri Gobardhan
Das, Shri Natendra Nath
Das, Shri Sisir Kumar
Das, Shri Sunil
Dey, Shri Tarapada
Dhar, Shri Dhirendra Nath
Dhibar, Shri Pramatha Nath
Elias Razi, Shri
Ghosal, Shri Hemanta Kumar
Ghosh, Dr. Prafulla Chandra
Ghosh, Shri Ganesh
Ghosh, Shrimati Labanya Prova
Golam Yazdani, Dr.
Halder, Shri Renupada
Hamal, Shri Bhadra Bahadur
Hansda, Shri Turku
Hazra, Shri Monoranjan
Jha, Shri Benarashi Prosad
Kar Mahapatra, Shri Bhuban Chandra
Lahiri, Shri Somnath
Majhi, Shri Jamadar
Majhi, Shri Ledu
Maji, Shri Gobinda Charan
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mandal, Shri Bijoy Bhusan
Mazumdar, Shri Satyendra Narayan
Mitra, Shri Haridas
Mitra, Shri Satkari
Modak, Shri Bijoy Krishna
Mondal, Shri Amarendra
Mondal, Shri Haran Chandra
Mukherji, Shri Bankim
Mukhopadhyay, Shri Rabindra Nath
Mukhopadhyay, Shri Samar
Mullick Chowdhury, Shri Suhrid
Naskar, Shri Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Panda, Shri Basanta Kumar
Panda, Shri Bhupal Chandra
Pandey, Shri Sudhir Kumar
Prasad, Shri Rama Shankar
Ray, Shri Phakir Chandra
Ray Choudhuri, Shri Sudhir Chandra
Roy, Shri Jagadananda

Roy, Dr. Pabitra Mohan
Roy, Shri Provash Chandra
Roy, Shri Rabindra Nath
Roy Choudhury, Shri Khagendra Kumar
Sen, Shri Deben
Sengupta, Shri Niranjan
Tah, Shri Dasarathi

The Ayes being 73 and the Noes 134 the motion was lost.

The motion of the Hon'ble Kali Pada Mookerjee that a sum of Rs.8,09,87,000 be granted for expenditure under Grant No. 17, Major Head "29—Police", was then put and a division taken with the following result :

AYES—132

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abul Hashem, Shri
Badiruddin Ahmed, Hazi
Bandyopadhyay, Shri Khagendra Nath
Banerji, Shri Sankardas
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya
Banerjee, Shri Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Abani Kumar
Basu, Shri Satindra Nath
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Shyamapada
Bhattacharyya, Shri Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Brahmamandal, Shri Debendra Nath
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Shri Binoy Kumar
Chattopadhya, Shri Satyendra Prasanna
Chattopadhyay, Shri Bijoylal
Union کي کولي سنوائي نہيں هوتي هے - اس کے لئے Factory Inspector بهي کچھ نہيں کرسکے - Govt. Account ميں بهي کچھ نہيں هو پارها هے - هاں البته Company يه کوشش کر رهي هے که وه کس طرح سے Factory Act. کو بدلوا کر کام کا time دس گهنٹه کروا لے - هم نے اپ کے سامنے کئي Cases کو رکھا جس ميں Company نے Factory Act کو توڑا هے - مگر Government خاموش هے - Factory Inspector نے Kesoram Cotton Mills ميں Factory Act کو توڑتے هوئے پکڑا - Factory Inspector's letter dated 28.11.59 Memo No. 8173 (1).

سپيکر سر اس ميں آپ ديکھ سکتے هيں که وهاں پر کيا هوا - ليکن کمپني کے خلاف سرکار کي اور سے کوئي کاروائي نہيں هوئي -

اس کے علاوه جٹ کل ميں عام طور پر بدلي مزدور رکھے جاتے هيں - وه بدلي مزدور تهوڑے هي دن تک کام نہيں کرتا - وه دو دو تين تين سال تک بدلي مزدور کي جگه پر کام کرتا هے - مگر اس کو permanent نہيں کيا جاتا هے - ايک Case ميں بتلاوں وه يه که ايک Clerk کا نام بدل ديا گيا جس سے که وه permanent نه هونے پاوے - اس کے لئے case بهي کيا گيا تها - اس کي report ليبر Inspector کو دي گئي تهي -

آخر ميں هم ايک بات اور کهني هے - وه يه که Midnapur کے علاقه ميں چهوٹے چهوٹے کارخانه هيں - جس ميں تهوڑے تهوڑے مزدوروں کي وهاں پر unions هيں - ان کے لئے کلکته ميں آ کر کوئي case کرنا بڑا مشکل هو جاتا هے - اس لئے ميري درخواست هے که وهاں پر Labour Office کهولا جائے - جس سے وهاں کے مزدور فائده اٹها سکيں -

Railway مزدوروں ميں جو transport کے مزدور هيں ان کے لئے ابهي تک Minimum Wages Act. لاگو نہيں کيا گيا هے - ان کو اس Act ميں لينا چاهئے - يه هماري آخري بات هے -

[-20—11-30 p.m.]

Shri Jagadananda Roy:

নীয় স্পীকার মহাশয়, আজকে আমি এই শ্রম খাতে আলোচনা কালীন কয়েকটি জরুরী য়ের প্রতি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

জলপাইগুড়ি জেলার ডুয়ার্স অঞ্চলে এবং দার্জিলিং জেলার তরাই অঞ্চলে চা বাগান-লতে তিন লক্ষ শ্রমিক কাজ করে। চা শ্রমিকদের সর্বনিম্ন মাসিক বেতন মাগ্গীভাতা সহ টাকা। এত কম বেতন ভারতবর্ষের কোন ইণ্ডাষ্ট্রিতে নাই। বাংলাদেশেও নাই। বাংলার ইণ্ডাষ্ট্রিতে সর্বনিম্ন মাগ্গীভাতা সহ মাসিক বেতন ৬১;১৭ নঃ পঃ কটন্ টেক্সটাইল টাকা এবং ইঞ্জিনিয়ারীং-এ ৭১। অথচ আমরা দেখতে পাচ্ছি চা বিক্রয় করে ভারতের সব য় বেশী বৈদেশীক মুদ্রা অর্জিত হয় এক্ষেত্রে অবিলম্বে চা শ্রমিকদের জন্য সর্বনিম্ন মাসিক ন ৭৫ টাকা করা প্রয়োজন বলে মনে করি। এবং নিয়মিত যাতে বোনাস পায় সে দিকেও রাখা দরকার।

চা শ্রমিকদের ওয়েল ফেয়ার-এরও কোন সুষ্ঠু ব্যবস্থা নাই। কোল মাইন-এ আমরা দেখতে তথায় একটি ষ্টেটুটারী কোলমাইন ওয়েলফেয়ার বোর্ড আছে। উৎপন্ন কয়লার উপর স লেভি বসিয়ে এর কাজ পরিচালনা করা হয়। বৎসরে তার ১ কোটি টাকা আয় হয়। আসানসোল ঝরিয়াতে বড় বড় হাসপাতাল টি. বি. ক্লিনিক এবং লেপ্রোসি ক্লিনিক গড়ে ছে। চা শ্রমিকদের বেলায় কি ঐরূপ একটি ওয়েল ফেয়ার বোর্ড গঠিত হয় না? উৎপন্ন র উপর কি সেস্ বসান যায় না? সেখানে ম্যালেরিয়া, কালাজ্বর ও টি. বি. সবচেয়ে বেশী যে সব বাগানে ছোট ছোট হাসপাতাল আছে, তার প্রয়োজনের তুলনায় অত্যন্ত স্বল্প।

অধিকাংশ বাগানে ক্যান্টিন এবং ক্রেচি-এর ব্যবস্থা নেই। অথচ সেখানে মেয়ে শ্রমিকের সংখ্যা য়ে বেশী। বর্ষাকালে বাচ্চা ছেলে-মেয়েদের নিয়ে এদের অনেক অসুবিধা ভুগতে হয়।

ডুয়ার্স অঞ্চলে হাউজিং স্কীম এর ব্যবস্থা নাই বলিলেও চলে। একই ঘরে বিভিন্ন পরি-র স্ত্রী, পুরুষ, ছেলে, মেয়ে বাস করে। আমি এসবের আমূল পরিবর্তন চাই। তারপর বাগানে শ্রমিকদের ছাঁটাই অহরহ চলছে। যার ফলে বেকারের সংখ্যা অধিক পরি-বেড়ে চলেছে। বানারহাট এলাকার রিয়াবাড়ি চা বাগানের ম্যানেজার রূপবাড়ি থানার গা মহাশয়ের সহযোগীতায় উক্ত বাগানের শ্রমিকদের উপর নানা প্রকার নির্যাতন চালাচ্ছে। রিপোর্টে তাদের বরখাস্তের চেষ্টা করা হচ্ছে। এই সব অন্যায় অত্যাচার, শ্রমিক ছাঁটাই বন্ধ এবং বেকার শ্রমিকদের বিকল্প কাজের ব্যবস্থা অবিলম্বে করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে ভাবে চিন্তা করতে বলছি। চা বাগানের প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা প্রয়োজন। স্টেন্ট ম্যানেজার এবং ইঞ্জিনিয়ারের যে সব পদ খালি হয় তাহাতে অবাঙালী গুজরাটী, অর্থাৎ অন্য প্রদেশের লোকদের নিয়োগ বন্ধ করে যাহাতে এই বাংলার যুবকদের ঐ নিয়োগ করা হয় এই সব দিকেও ভাল নজর দেওয়া প্রয়োজন।

একটি কথা দুঃখের সংগে বলতে হচ্ছে যে মন্ত্রী মহাশয় দীর্ঘ বক্তৃতার মধ্যে ক্ষেত দের কোন কথাই উল্লেখ পেলাম না। সুতরাং এদের সম্বন্ধে ২।১টি কথা বলেই বক্তব্য শেষ করব। জলপাইগুড়ি জেলায় বাস্তুহারাদের নিয়ে আজ অবধি ১০ লক্ষ লোকসংখ্যা হয়েছে। এর এক তৃতীয়াংশ লোক ক্ষেত মজুর। এদের দুঃখ দুর্দশা বলে দুঃখের বিষয় এদের সুসংগঠিত ইউনিয়ন নাই। এবং ইউনিয়ন করা সম্ভবও নয়। দের প্রতি সরকার চরম উদাসীনতার পরিচয় দিচ্ছেন। বিশেষ করে কয়েকটি কারণে মজুরদের সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। দৈনন্দিন জীবনযাত্রার মহার্ঘতার চাপে মহা-জনের কবলে পড়ে অধিক সংখ্যায় নিম্ন মধ্যবিত্ত জমির মালিক ক্ষেত মজুরে পরিণত জন জোতদার অধিক সম্পন্ন কৃষকের লোলুপ গ্রাস থেকে ছোট কৃষকদের বাঁচাই

বার পর্য্যাপ্ত কোন আইন নাই। যে সামান্য আইনগত ব্যবস্থা আছে তাহা তাদের অসামর্থতা অজ্ঞতা এবং মামলা পরিচালনার অক্ষমতা হেতু তারা এ আইনের সুযোগ গ্রহণ করতে পারে না। ফলে বাধ্য হয়ে এসে সহরে পরিণত হতে হয়। আর একটি কথা এখানে উল্লেখ করতে চাই। বিভিন্ন অঞ্চল মহাকুমায় ১॥—২। হার সরকার এই সব ক্ষেত মজুরদের জন্য দৈনন্দিন বেতন বেঁধে দিলেও আইনের শক্তি দিয়ে দেশে চালু করার ব্যবস্থা সরকার করেন নি। ধনীরা বা যারা এদের খাটায় তারা যথেচ্ছ এদের শোষণ করে চলেছে আমি মনে করি এদের শ্রম দিয়েই তো দেশের উন্নতি এবং খাদ্য ইত্যাদি প্রভৃত পরিকল্পনা সার্থক রূপ গ্রহণ করবে। সুতরাং এদের প্রতি সরকারের অবহেলার কারণ বুঝতে পারি না। আমার অভিমত সরকার যদি এদের বাঁচিয়ে রাখবার চেষ্টা করেন তবে খাদ্য পরিকল্পনায় যত অর্থই ঢালুন না কেন সফল হতে পারবেন না তাই আমি প্রস্তাব কচ্ছি এই সব ক্ষেত মজুরদের দৈনন্দিন নিয়মিত শ্রম দেবার ব্যবস্থা করুন নতুবা এদের পরিবারের বেকার ভাতা দেবার ব্যবস্থা গ্রহণ করুন। আর একটি কথা এখানে বলা বিশেষ প্রয়োজন বলে মনে করি। জাতীয় আয় বৃদ্ধি পেয়েছে সরকার বলছেন। অথচ আমরা যদি বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে বাংলা দেশকে বিচার করি, তাহলে দেখতে পাব দেশের এক তৃতীয়াংশ লোকই শ্রমিক এবং মজুর। যারা বাংলা দেশের ক্ষেত মজুরদের বাৎসরিক গড়ে আয় ৬০৮ টাকা, ব্যয় ৬২৫, এর মধ্যে শিক্ষার কোন খরচ ধরা হয় নাই। আমি ভাবছি এই যে একটা মস্ত বড় সমাজ এরা নিশ্চয়ই বর্তমান মন্ত্রীমণ্ডলীর শাসন ব্যবস্থার বাইরে নয়। সুতরাং যদি আয় বৃদ্ধির কথা একান্তই স্বীকার করতে হয় তাহলে দেখা যাচ্ছে একদিকে মুষ্ঠিমেয় ধনীক শ্রেণীর যেমন অধিক পরিমানে আয় বৃদ্ধি পেয়েছে ঠিক তেমনি অন্য দিকে বাংলা দেশের লক্ষ লক্ষ শ্রমিক ও মজুর সর্বস্ব হারিয়ে নিঃস্ব হয়ে ঋনের বোঝা ঘাড়ে নিয়ে এই কংগ্রেস রাজত্বে হাহুতাসে দিন কাটাচ্ছে এসবের প্রতিকার আশু প্রয়োজন।

মাননীয় স্পীকার মহাশয়, এর পূর্বে পরপর ২ বার আমাকে ইলেকসনের মধ্যে দিয়ে এই হাউসে ইলেকটেড হয়ে আসতে হয় ১৯৫৮ সালের মে মাসে যখন আমি নির্বাচিত হই তার আগে শ্রমমন্ত্রী মহাশয় আমার এলাকায় গিয়ে সেখানকার একটা থানার বড় জোত-দার মিসেস্ রাবেয়া খাতুনের আতিথেয়তা গ্রহণ করেছিলেন, সেখানকার স্থানীয় কৃষি মজুররা যখন তাঁর সঙ্গে দেখা করেছিল তখন তিনি তাঁদের বলেছিলেন যে কংগ্রেসকে ভোট দাও এবং তোমাদের জন্য চেষ্টা করব। ভোটের জন্য তিনি বহু চা বাগান এলাকায় ঘুরেছেন এবং সেখানে এই সমস্ত বাগানের মালিকদের আতিথেয়তা গ্রহণ করে এসেছেন। কাজেই আমার মনে হয় সেই সমস্ত সমাজের দুরবস্থার কথা তাঁর অজানা নেই, আমি আশা করি মন্ত্রীমহাশয় নিশ্চয়ই এঁদের একটা সুব্যবস্থা করবেন। স্থানীয় মজুর যারা রয়েছে প্রথমেই আমি বলেছি যে তাদের দ্বারা কোন ট্রেড ইউনিয়ন করা মোটেই সম্ভব নয়। এই কারণে তাদের আয় নির্ণয় করার জন্য কোন রকম সুষ্ঠু পরিকল্পনা নেই এবং এর জন্য কোন বোর্ড অথবা এদের সুবিধার জন্য কোন ট্রাইবুনাল গঠন করা সম্ভবপর নয়। কাজে কাজেই এই সব বিষয়ে যাতে মন্ত্রীমহাশয় দৃষ্টি দেন সেজন্য অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[11-30—11-40 a.m.]

Shri Nepal Ray:

মাননীয় ডেপুটি স্পীকার স্যার আজকে এই লেবার বাজেটকে সমর্থন করতে উঠে প্রথমে আমি বলতে চাই যে যে দু' একটা কথা বিরোধী পক্ষের তরফ থেকে শুনলাম তাতে মনে হল যে ভূতের মুখে রাম নাম হচ্ছে। কারণ এরা চিরকাল সরকারের ময়লা পরিষ্কার করবার চেষ্টা করেন—ড্রেন ইন্সপেক্টারের যে কাজ সেই কাজ এরা করে থাকেন। সরকারের ভাল এরা দেখতে পারেন না যেহেতু তারা কোনদিন সরকারের এই আসন লাভ করতে পারবেন না ভবিষ্যতে। কেরালাতে একবার তারা করেছিলেন কিন্তু সেটা বদ হজম হল, সহ্য করতে পারলেন না। যাহোক, আমি লেবার মন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে বলব যে আমি এই হাউসের অনেক দিনের মেম্বার, প্রতি বছর লেবার বাজেটের সময় লেবার দপ্তরের আদ্যশ্রাদ্ধ করা হত।

বছর কিন্তু যেভাবে ডিবেট চলছে এবং যেভাবে ক্রিটিসিজম চলছে, তাতে মনে হচ্ছে শুধু শ্রমমন্ত্রী নয় তাঁর যারা কর্মচারী আছেন তাদেরও এখানে বিভিন্ন বিরোধী দলের বক্তারা—আমাদের তরফ থেকে নয় যাদের সত্যিকারের ক্রিটিসিজমের দাম আছে, কারণ তারা লেবার নিয়ে কাজকর্ম করেন, ট্রেড ইউনিয়ন করেন—যখন প্রশংসা করেছেন তখন নিশ্চয়ই হয় পশ্চিমবংগ সরকারের দিন ঘনিয়ে এসেছে না হয় তাঁরা ভাল কাজ করছেন, তার সমালোচনা এরা করতে পারছেন না। স্যার, আমি কতকগুলো জিনিস আপনার সামনে রাখতে চাই। প্রথমে আমি বলব যে ট্রেড ইউনিয়নের রেজিস্ট্রেশানে এত সময় লাগে যে একটা ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রি করতে গেলে ৫।৬ মাস এমনকি ১ বছর পর্যন্ত সময় লেগে যায়। যতীনবাবু যে কথা বলেছেন যে কাজের লোক নাই, সেখানে লোকের অভাব। সেই লোকের অভাব পূরণ করবার জন্য শ্রমমন্ত্রীকে আমি বলব যে আরও লোক নিয়োগ করুন। ৩ দিনে একটা ট্রেড ইউনিয়ন রেজিষ্ট্রার্ড হওয়া দরকার। বাংলাদেশ ছাড়া অন্য যে কোন প্রভিন্সে যান, সেখানে দেখবেন খুব বেশী হলে ১ মাস লাগে, আর এখানে ৬ মাস ১ বছরেও হয়না, নেহাত তাগাদা করলে হয়ত কিছু তাড়াতাড়ি হয়। স্যার, আমাদের বিরোধী দলের বন্ধুরা বলেছেন যে ইম্‌প্লিমেন্টেশান অব এ্যায়োর্ড হয়না -সেটা আমিও সমর্থন করি। বাংলাদেশের যাঁরা মালিক গোষ্ঠী আছেন তাঁরা কিছুতেই ইম্‌প্লিমেন্টাশান অব এ্যায়োয়ার্ড করতে চান না। বাংলাদেশের মালিক গোষ্ঠীর এখনও বুর্জোয়া মেন্টালিটি রয়েছে। এখনও তারা ভাবছে যে তাদের ইংরেজ শাসন বলবৎ রয়েছে। শুধু ইংরাজ মালিক নয় দেশী মালিকরাও এ্যায়োয়ার্ড সহজে ইম্‌প্লিমেন্ট করতে চান না। শুধু আইন করলে হবেনা, এদের হাতে হ্যাণ্ড কাফ্ দিয়ে ঐ আলিপুর সেন্ট্রাল জেলে বন্ধ না করতে পারলে আপনার দপ্তরের কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হবেনা। আমরা যারা শ্রমিকদের মধ্যে কাজ করি, আমরা আপনার সংগে সহযোগিতা করতে পারব না। কারণ আমরা মনে করি এই পশ্চিমবাংলার শ্রমিকরা আমাদের ভাই। শ্রমিক যদি বেঁচে থাকে তবেই তো এই হাউসে যাঁরা এসেছেন তাঁরা প্রতিনিধিত্ব করতে পারবেন, তা না হলে তাঁদের ভবিষ্যৎ অন্ধকার। আমাদের নিজেদের স্বার্থে [illegible] শ্রমিকের কল্যাণ অপরের স্বার্থে নয়। সেই আমি বলছি শ্রমিকদের যারা শত্রু, যারা শ্রমিকদের ভাল মন্দ সম্বন্ধে বিচার করেন না, যারা শোষণ করবার জন্য দিনরাত প্রচেষ্টা চালায়, তাদের সম্বন্ধে আপনি সচেতন হন। ইম্‌প্লিমেন্টেশান ডিপার্টমেন্ট গভর্নমেন্ট অব ইণ্ডিয়ার আছে।

সেটা কাগজে কলমেই আছে, আমরা তার চেহারা কোনদিন দেখতে পাইনি। আজ পর্যন্ত কটা লোককে ইমপ্লিমেন্টেশান ডিপার্টমেন্ট হ্যাণ্ডকাফ দিয়েছেন? সেই ইমপ্লিমেন্টেশান ডিপার্টমেন্ট কোন য়্যাওয়ার্ড প্রবার্লি ইম্‌প্লিমেন্ট করতে পারেন না। আমি সেজন্য বলছি হ্যাণ্ড কাফ দেবার যে ডিপার্টমেন্ট নিশ্চয়ই তাদের সহযোগিতা নিতে হবে, দরকার হলে হোম মিনিষ্টারের সহযোগিতা নিতে হবে, কারণ পুলিশই আমাদের দেশে একমাত্র মন্ত্রী যে মন্ত্রীর সাহায্যে সকলের মাথা নীচু করা যায় তাছাড়া কিছুই হবেনা। কারণ মালিক গোষ্ঠীকে ঐ লেবার দপ্তরের কোন ইন্সপেক্টর এমন কি লেবার কমিশনার নিয়ে যদি করজোড়ে নিবেদন করে তবুও মালিকের গদী তারা কিছুতেই টলাতে পারবে না মালিক মাথা ঘুরিয়ে তাদের দিকে তাকাবেও না। কিন্তু যদি আমাদের হোম মিনিস্টারের একটা রাস্তার সাধারণ কনষ্টেবল গিয়ে তাদের চোখ রাঙ্গায় অমনি সুরসুর করে সমস্ত ইম্‌প্লিমেন্টেড হয়ে যাবে। সেজন্য আমি সরকার সাহেবকে অনুরোধ করবো যে হোম ডিপার্টমেন্টের সংগে তিনি যোগাযোগ রাখুন। এর মধ্যে যদি কোনরকম আইনগত বাধা থাকে তবে সেই বাধা তুলে দিয়ে হোম ডিপার্টমেন্টের সংগে যোগসূত্র স্থাপন করুন। স্যার, আর একটা জিনিস -বাংলাদেশের বাঙ্গালী শ্রমিক যারা আছে, বাঙালী মধ্যবিত্ত কর্মচারী যারা আছে তাদের সম্বন্ধে লেবার দপ্তরের আগে সচেতন হওয়া দরকার, কারণ বাংলাদেশের বড়বড় কারখানার মালিক বাঙালীরা নন—এটা সবচেয়ে ভয়ের কথা। আশ্চর্যের কথা। সেখানে তাঁরা কেরাণীর কাজ করতে যান বা নিম্ন বেতনের কাজ করতে যান—কিছুদিন পরে দেখা গেল এক মালিকের শালা, না হয় ভগ্নিপতি না হয় মামাতো ভাই যার হয়ত ক্লাস ফোর ফাইভ পর্যন্ত বিদ্যা তাকে তিন হাজার টাকা মাইনে দিয়ে সেখানে বসিয়ে দিলেন আমি এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তাদের নাম করে কত টাকা ফাঁকি দিয়ে নিয়ে যাওয়া হয় এবং তার দ্বারা ইন্‌কাম্‌ট্যাক্স ফাঁকি দেওয়া হচ্ছে, শ্রমিকদের ফাঁকি দেওয়া

হচ্ছে, কর্মচারীদের ফাঁকি দেওয়া হচ্ছে। তারপরে শ্রমিকরা যদি দু টাকার জায়গায় তিনটাব ইনক্রিমেন্ট চায়, তাহলে মালিকরা বলে সর্বনাশ হয়ে গেল, সব শ্রমিক নিয়ে গেল, অথচ তাদে গাড়ী মেইনটেন্যান্সের জন্য বিভিন্ন আরামের ব্যবস্থা করার জন্য তারা কত লক্ষ লক্ষ টাব নষ্ট করে এবং বিভিন্ন খাতে টাকা দেখিয়ে দেয়—এসব দিকে আপনি একটু নজর দেবেন। স্যার আমার কম্যুনিষ্ট বন্ধু শ্রীগোপাল বসু একটু আগে বললেন যে আমরা নাকি মালিকে দালালি করি—তার জবাব আমি তার কথাতেই দেব। আজকে পশ্চিমবাংলার যে কোন শিল্প পতির কাছে যান, এমনকি আমাদের এই বেঞ্চের বন্ধু শ্রীআনন্দীলাল পোদ্দার মহাশয় যিনি কংগ্রেসের মেম্বার তাকে জিজ্ঞাসা করলেও তিনি বলবেন—দেখুন মশায়, কম্যুনিষ্টরা কিন্ত মালিকের কথা বেশ ভাল ভাবে শোনে, তাদের সঙ্গে কারবার লেনদেন করলে আমাদের বে সুবিধা হয়, কিন্তু আপনারা মাঝে মাঝে ষ্ট্রাইক্ করে আমাদের সমস্ত কিছু ভেস্তে দেন আমি স্যার ট্রাম কোম্পানীর কথা এখানে উল্লেখ করব। কোলকাতা ট্রাম্ কোম্পানীতে কম্যুনিষ্ট পার্টির ইউনিয়ন আছে, কংগ্রেসের ইউনিয়ন আছে, প্রজা-সোস্যালিষ্ট পার্টির ইউনিয়ন আছে আরও অন্যান্য দলের ইউনিয়ন আছে। স্যার, কম্যুনিষ্ট পার্টিটা কি রকম মালিকের দালালি করে, তার একটা উদাহরণ দিই।

[11-40—11-50 p.m.]

ঐ কোম্পানী সম্পর্কে জজের এওয়ার্ড হল। তিনি রায় দিলেন ৫ পারসেন্ট ইনক্রিমেন্ট হবে আমি বললাম না, তা হতে পারে না জজ যা বলেছেন তা অন্যায় হবে, ৫ পারসেন্ট ইনক্রিমেন্ট হতে পারে না। ট্রামওয়ে কোম্পানীর হয়ে কমিউনিষ্ট পার্টি ইউনিয়ন ময়দানের এক মিটিং-এ বললে—হ্যাঁ, ৫ পারসেন্ট আমরা মেনে নেবো। কিন্তু কংগ্রেস ইউনিয়ন তা মানতে রাজী হয়নি। বোধহয় আনন্দীলাল পোদ্দারের সঙ্গে ওদের একজনের বেশী রাত্রে দেখা হয়েছিল—তাই ৫ পারসেন্ট মেনে নেওয়া হয়। কিন্তু কংগ্রেস ইউনিয়ন, তাঁরা মানে নি। তারা বললে প্রয়োজন হলে আমরা লড়াই সুরু করবো, তবু ৫ পারসেন্ট টাকা নেবো না। তারপর আমাদের চাপে পড়ে কোম্পানী বাধ্য হল ৫ পারসেন্ট বাড়িয়ে দিতে। মালিকের দালাল কমিউনিষ্ট পার্টি ইউনিয়নকে সবাই চেনে, এবং কংগ্রেসকেও আজ সারা ভারতবর্ষের মানুষ বেশ ভাল করেই জানে। স্যার, আমি শুধু কমিউনিষ্ট পার্টিকেই বলে এখানে শেষ করছি না, আরও যে দুটো দালাল আছে মালিকের ও তাদের কথা আমি আপনার মাধ্যমে এখানে রাখতে চাই। স্যার, আমার বন্ধু শ্রীযতীন্দ্রচন্দ্র চক্রবর্তী মহাশয়ের নাম এখানে উল্লেখ না করে পারছি না। তাঁর একটা কোম্পানী ছিল, আমি সেই কোম্পানীর নামটা বলতে চাই না সেই কোম্পানীতে তিন মাস ধরে স্ট্রাইক চলছিল। তাঁর তাঁর সেই কোম্পানীর লোকেরা আমার কাছে এলো, যতীন বাবু বললেন "ভাই একটা মিটমাট করে দাও।" তখন আমি নিজে ঐ কোম্পানীর মালিকের সঙ্গে দেখা করি এবং ঐ সম্পর্কে আলাপ আলোচনা হয়। মালিক বললে যতীন বাবুর সর্তাবলীতে আমরা আলোচনা করতে রাজী নই। মাননীয় সদস্য যতীনবাবু একথা জানেন, অস্বীকার করতে পারবেন না। তিনি দশ হাজার টাকা আমার পকেটে গুঁজে দিয়েছিলেন, আমি রিফিউজ করলাম, এবং বললাম ঐ টাকা কর্মচারীদের দিন। যতীনবাবু ত এখানেই আছেন, অস্বীকার করতে পারবেন না। উনি তোমাদের মত দালাল নন্। কিন্তু অত্যন্ত দুঃখের কথা, না বলে পারছি না—আমার একটি ছোট্ট ছাতার বাঁটের কারখানার ইউনিয়ন আছে, সেখানে দু-তিন মাস ধরে স্ট্রাইক চলছিল। আমি যতীন বাবুকে ডেকে পাঠাই ওদের সাহায্য করবার জন্য কিন্তু তিনি তাতে সাড়া দেননি। একজন ট্রেড ইউনিয়নিষ্ট বিপদে পড়লে, সেই বিপদের সময় আর এক জন ট্রেড ইউনিয়নিষ্ট-র দেখা দরকার। তাঁর বিপদের সময় আমি নিজে সেখানে গিয়ে দাঁড়িয়েছি, তিনি আর-এস-পি কি কংগ্রেস তা বিচার করিনি। যখন আমি দেখলাম যে সেখানে শ্রমিক ও মজুরের স্বার্থ বিপন্ন, মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে, তখন সেখানে আমি ঝাঁপিয়ে পড়ি এবং মালিককে বাধ্য করেছিলাম যে যতীন বাবুর প্রস্তাব মেনে নিতে হবে এবং যতীন বাবুর সঙ্গে একটা সমঝোতা করতে হবে। অবশ্য সেখানে আমি অন্যরকম ভাবে এটা নিতে পারতাম, কিন্তু আমি তা করিনি কিন্তু অত্যন্ত দুঃখের কথা আমার এই ছাতার বাঁটের ইউনিয়ন-এর কতকগুলি লোককে, কমিউনিস্ট পার্টির লোক, যারা মালিক পক্ষকে সমর্থন করে, তারা কালিঘাটের কাছে ডেকে নিয়ে গিয়ে

তাদের উপর মারপিট করে। আমরা দেখেছি এই ধরণের ঘটনা প্রায়ই ঘটতে। আমি বলবো এটা কি মালিকের দালালী করা নয়? আমি জানি এটা উনি কখনই অস্বীকার করতে পারবেন না। সেইজন্য আজকে দেখা যাচ্ছে কংগ্রেসের যে ট্রেড ইউনিয়ন, তার ধারা হচ্ছে মালিক বিরোধী ধারা। কিন্তু বিরোধী দলের বিশেষ করে, কমিউনিস্ট পার্টিকে বলবো—তাঁরা মালিকের গোলাম ছাড়া আর কিছুই নয়।

এরপর আমি এখানে আর একটা বিষয় বলবো সেটা হচ্ছে ট্রামওয়ে কোম্পানীর ব্যাপার। সেটা হচ্ছে কি, আগে ট্রাম কোম্পানী-তে ১১ হাজার শ্রমিক কাজ করতো সেটা আস্তে আস্তে কমে হয়ত ১১ হাজার শ্রমিক এসে দাঁড়াচ্ছে। তারা করছে কি? এই যে ইন্সপেক্টর যারা আছে তাদের বলছে তোমরা ইন্সপেক্টরের মাইনে পাবে এবং আবার যদি ওভার-টাইম কর ১২।১৪ ঘণ্টা কাজ কর কণ্ডাক্টার হিসাবে তার জন্যও টাকা পাবে। ডেপুটি স্পীকার মহাশয়, আপনি এখানে ডেপুটি স্পীকার, আপনার একটা ঐতিহ্য আছে, আপনাকে যদি বলে দারোয়ানী কর তাহলে কি আপনি করবেন? এই যে ট্রাম কোম্পানী ইন্সপেক্টরদের কাজ করতে বলছে ১২।১৪ ঘণ্টা ধরে এসম্বন্ধে আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করছি দৃষ্টি দিতে। আমি জানি আপনি দৃষ্টি দিলে কোম্পানী বাধ্য হবে আপনার কাছে মাথা হেট করতে। আমি জানি কোম্পানীর এজেন্ট টার্নবুল এই পরিকল্পনা করেছে তার নিজের কোলে ঝোল টানতে।

তারপর আর, গ্লাস ব্লোয়িং ওয়ার্কাস ইউনিয়ন বলে একটি ইউনিয়ন আছে যেটা আমার অধীনে। ওতে প্রায় ১৫০০ লোক কাজ করে। এদের কোন সার্ভিস কণ্ডিশন নাই। গ্লাস ব্লোয়িং ইউনিয়নে ১৫০০ লোক কাজ করে। এরা গড়ে ৪০।৫০ টাকা মাইনে পায় এবং এই যে এম্পুল ইন্ডাস্ট্রি এটা বাংলাদেশেই আছে, বোম্বেতে দুটি আছে কিন্তু আর কোথাও নাই। কিন্তু স্যার, এই ইন্ডাস্ট্রি নষ্ট হয়ে যাচ্ছে। স্যার, শিল্পে আমরা স্ট্রাইক চাই না, শান্তি চাই। কিন্তু শান্তি আনতে গেলে এদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। একটা মেশিন আসছে যেমন বিড়ি ইন্ডাষ্ট্রী-তে। মেসিন এনে বহু কর্মচারীর ছাঁটাই হয়েছিল। সর্বনাশ হয়েছিল। তেমনি আজকে গ্লাস ব্লোয়িং ইন্ডাষ্ট্রী-কেও অটোমেটিক মেশিন আসছে, তাতে এই ১৫০০ লোক বেকার হয়ে যাবে। এই মেশিন আনা বন্ধ করতে হবে। তা না হলে ১৫০০ বাঙ্গালী পরিবার বেকার হয়ে যাবে সুতরাং এদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা জিনিষ বন্ধুদের মধ্যে কেউ বলেননি, কম্পালসরি সেভিং অব দি ওয়ার্কারস। স্যার, আজকে এদের যারা রিটায়ার করে তাঁদের রাস্তায় ঘুরে বেড়াতে হয়, এই গ্র্যাচুইটি প্রভিডেন্ড ফান্ড থাকা সত্বেও একটা কম্পালসরি সেভিং থাকা দরকার। এই লেবাররা যখন হপ্তা পায় তারা মদের দোকানে যায়, জুয়া খেলে, নেশা করে। তাদের পয়সা নষ্ট হয়, কাবুলি-ওয়ালার দেনা দিতেই সর্বস্বান্ত হয়। তাই এদের একটা সেভিং ডিপার্টমেণ্ট গঠন করতে হবে। কম্পালসরি সেভিং এর ব্যবস্থা করতে হবে।

হাউস বিল্ডিং সম্বন্ধে বিরোধী দলের বন্ধুরা বলেছেন, এই হাউস বিল্ডিং নিশ্চয়ই চান মালিকরা, কিন্তু এতে শ্রমিকদের রাইট দিতে হবে যাতে তাঁরা রাইট এগজার্ট এবং এস্টাব্লিশ করতে পারে তার ব্যবস্থা করতে হবে। যে কোয়ার্টার হবে তার তারা মালিক হবে যতক্ষণ তা না হচ্ছে তারা ততক্ষণ পর্যন্ত কোম্পানীকে ভাল বাসতে পারে না যখনি তারা কোম্পানি নিজের বলে অনুভব করবে তখনি তারা কোম্পানীর জন্য প্রাণ দেবে। এ কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[11-50—12 noon.]

Personal Explanation

Shri Jatindra Chandra Chakravorty:

স্যার, আমার একটা পার্সোন্যাল এক্সপ্লানেসান আছে। উনি আমার নাম করেছেন ছাতাবাট কারখানা ইউনিয়নের কথা বলেছেন। আমি এই ইউনিয়নের মধ্যে নাই। উনি একটা পাল্টা ইউনিয়ন করেছেন মিসেস মৈত্রেয়ী বোসের ইউনিয়নের বিরুদ্ধে।

আমি স্যার এ সম্বন্ধে কিছু জানি না। আমার এলাকায় যে কারখানাগুলি আছে—তার পুলিশ মন্ত্রী কালীপদ মুখার্জী মহাশয়ের কাছে একটা দরখাস্ত করেছিল। আমি মন্ত্রী মহাশয়ের সঙ্গে তাদের দেখা করবার বন্দোবস্ত করেছিলাম মাত্র। মালিকের সঙ্গে তাদের ডিসপুট-এর ব্যাপারে আমি কিছু জানি না।

Dr. Maitreyee Bose:

স্যার, আমার একটা ছোট্ট কথা পার্সোন্যাল এক্সপ্লানেসান-এ বলার আছে। চীফ ইন্সপেক্টর অব ফ্যাক্টরীজ বাইরে গেলে পয়েণ্ট আউট করি। আমি ন্যাচারাল ওয়েসস্টেজ এগ্রি করেছি যেটা বডি অব দি রিপোর্ট-এর মধ্যে আছে। এগ্রিমেণ্ট যেগুলি হয়েছে তার মধ্যে নাই। বডি অব দি রিপোর্ট-এ ন্যাচারাল ওয়েস্টেজ-এর মেনসান আছে। একথা ইণ্ডাস্ট্রিয়াল কমিটি হায়ার বডি, ন্যাচারাল ওয়েস্টেজ মানে না। সেখানে রেকমেণ্ডেসান ওরকমভাবে দিলে ন্যাচারাল ওয়েসস্টেজ অন্যায় বলে মনে হয়েছে, সেজন্য বলেছি। প্রয়োজন হলে আবার বলবো।

Shri Mangru Bhagat:

माननीय स्पीकर महोदय,

आज पहले में उत्तर बंगाल के चाय बागान के बारे में बोलना चाहता हूँ जहां कि छटाई प्रथा बड़ जोरों से चालू है। हमारी पहली बात यह है कि आज यहाँ हाउस के अन्दर लेबर मिनिस्टर ट्रेड यूनियन मजदूरों और मालिकों के बीच समझौते की बात कहते है किन्तु आज देखा जाता है कि उत्तर बंगाल के चाय बगान में जो मजदूर ट्रेड यूनियन लड़ते है उनको चाय बगान के मालिक छटाई कर देते है। इसके लिए मैं दो एक चाय बगान के बारे मे बोल सकता हूँ। पहली बात यह है दो वर्ष के आगे चौदह मजदूरो की छटाई मालिक लोगो की और से कर दी गई थी। दो वर्ष के बाद लेबर कमिश्नर के यहाँ इसका केश किया गया था। दो वर्ष के बाद उस पर विचार हुआ। ट्राइब्युनल हुआ। उसने राय दी कि ९ आदमियों को काम देना होगा। लेकिन आज तक देखा गया कि उन मजदूरो को वहा पर काम नही दिया गया। हाईकोर्ट मे भी मामला किया गया कि बृटिश कम्पनी के मालिक लोग काम नही देतें है। लेकिन आज यहा हाउस के अन्दर देखा जाता है कि गणतंत्र देश के मजदूरो के लिए हमलोग कानून बनाते है और मालिक लोग उस कानून को तोड़ देते है।

गन्दम पाड़ा चाय बगान मे थोडे दिनो से दो आदमी ट्रेड यूनियन करते थे। उनके ट्रेड यूनियन करने के कारण उनकी छटाई कर दी गई। उनका केस ट्राइब्यूनल मे गया और वहां पर चला। जो लोग ट्रेड यूनियन करते थे उनके घरों को चाय बगान के मैनेजर ने तोड़वाकर आग लगा दी, उसको जला दिया। उसके साथ जो एक सौ दो सौ आदमी थे उनको कह दिया कि खाली करो यहां पर बगान किया जायगा। उस जमीन पर ट्रैक्टर मैनेजर ने चलवा दिया। आज मजदूरो के साथ ऐसा जुल्म होता है और मंत्री महोदय कहते है कि मजदूरो का ख्याल रखा जाता है।

मनसीन बगान का एक मजदूर ट्रेड यूनियन करता था। उसके उपर मालिक ने जुल्म किया उसके उपर मामला चालाया और उसको जेल दिलवा दिया। तीन महीने उसको हाजत में रखा गया। इस प्रकार उसके उपर अत्याचार किया गया। उसको काम नही दिया गया। मालिक लोग सरकार से मिलकर वर्करों पर जुल्म करते है। जो वर्कर ट्रेड यूनियन करता है उसके साथ गण्डगोल किया जाता है उसे मारा पीटा जाता है। उसके उपर गुण्डा रखे जाते है और हमला किया जाता है। इसी प्रकार आज उत्तर बंगाल के चाय बगानों के मालिक अत्याचार कर रहे है।

उत्तर बंगाल के डाइना चाय बगान में लेबर मिनिस्टर प्रति वर्ष दो बार करके जाते है। किन्तु वहां पर चाय बगान के ट्रेड यूनियन के लोगों की छटाई हो गई। लेबर कमिश्नर को ट्राइब्युनल मे देने को कहा गया किन्तु आज दो वर्ष हो गये अभी तैक कुछ भी नही हुआ। उस पर विचार होगा या नही होगा, कुछ पता नहीं। इसलिए मेरा निवेदन है कि उत्तर बंगाल के अगर चाय बगान के मालिको-बृटिश कम्पनीवालों की और से जो अत्याचार हो रहा है उसे कांग्रेसी सरकार के लेबर मिनिस्टर कोई अच्छा सा कानून बनाकर खतम करें।

एक बात मैं और कहना चाहता हूँ कि जिस पर लेबर मिनिस्टर को बेशी ध्यान देना चाहिए। जो मजदूर वैसाख के महीने में बगान में काम करते है उनको टीफन की छुट्टी नही दी जाती है। कहीं कही आध-आध घंटा छुट्टी देने का आर्डर है। फिर भी वहां पर छुट्टी नहीं होती है। मजदूर पानी नही पी सकते हैं। उनको सारा दिन काम करना पडता है। इतना ही नही माँ, बहने जो वहा काम करती हैं उनको भी छुट्टी नहीं दी जाती है। इसलिए वे अपने बच्चों को दूध भी नही पिला सकती हैं। अगर वे चाय बगान के बाहर रास्ते पर जाकर बच्चों को दूध पिलाती हैं तो चाय बगान के मैनेजर उनको काम से बरखास्त करके घर भेज देते है। दूसरी एक और बात है कि चाय बगान के अन्दर हजारो मां-बहनें काम करती हैं वहाँ पर खाती हैं। मगर उनके लिए मेटरनिटी बिनिफिट का भी बन्दोबस्त नही है। काम करते हुए उन मां-बहनों को तीस बत्तीस बच्चे पैदा होते हैं फिर भी उनके लिए कुछ भी बन्दोवस्त अभी तक नहीं हुआ है।

यहाँ आकर हमलोग हाउस के अन्दर सुनते है कि वहाँ पर मजदूरो के लिए बहुत अच्छा काम हो रहा है। उनके लिए यह हो रहा है, वह हो रहा है, न जाने क्या-क्या हो रहा है। लेकिन यहा मैं कहना चाहता हूँ कि उत्तर बंगाल के चाय बगान अंचल में लेबर मिनिस्टर साल में दो दफा जाते हैं उत्तर बंगालके प्रत्येक थाने के अन्दर डाक बंगला बना हुआ है। किन्तु वे उसमें नही ठहरते हैं। वे मालिकों के घर में ठहरते है। इससे मजदूर उनके पास तक नही पहुच पाते हैं। इसलिए लेबर मिनिस्टर से मेरा अनुरोध ह कि वे डाक बगले में रहा करे ताकि मजदूर अपनी तकलीफों को उनको सुना सकें।

[12—12-10 p m.]

Shri Sitaram Gupta:

मिस्टर स्पीकर सर,

मैं इस लेबर ग्राण्ट के विरुद्ध हूँ। इमी स लेबर मिनिस्टर द्वारा जो ९०,३७,००० रु० के अनुदान की माग की गई है उसका मैं खिलाफत करता हूँ। मैंने अपने कटमोशन मे एक सौ रुपये को कम करने के लिए कहा हूँ लेकिन अब मैं कहूंगा कि इस अनुदान के पूरे के पूरे रुपये को रिफ्यूज कर दिया जाय। मैं यह इसलिए कहता हू कि लेबर डिपार्टमेन्ट लेबरों के किसी भी स्वार्थ को पूरा नही कर पाता है। माननीय मत्री महोदय ने जो भी भाषण दिया उसमे कोई भी ऐसी बात नही थी, जिससे लेबरो के स्वार्थ की सिद्धी हो सके। एक कांग्रेसी मेम्बर के मुख से भी ऐसी ही बाते निकली। स्पीकर महोदय! इसको आप भी सुने होगे। अभी हमारे नैपाल्र बाबू ने कहा कि विरोधी पार्टी पहले मेला परिस्कार करती थी, लेकिन अब वह नही करती है। लेकिन वे स्वयं भी उब चुके है।

इस ग्रान्ट को मिस्लेनियस डिपार्टमेन्ट का नाम देकर लेबर मिनिस्टर के हाथ में रखा गया ह। मै कहूँगा क इससे लेबर मिनिस्टर का नाम हटाकर उसकी जगह पर मिस्लेनियस मार्का मत्री रखा जाय। उन्होने जो किताब दिया है. उसमें देखा गया है कि चटकल मजदूरो के वेतन मे वृद्धि हुई है। लेकिन मैं यहां पर कुछ आकड़ा दूंगा, १९४९ से १९५५ तक का उससे सब स्पष्ट हो जायगा। १९४९ में जो ट्राइब्यूनल एवार्ड हुआ था, उससे मजदूरों का मोटा-मोटी वेतन बढ़ा।

उसमें २३,५१,८६ ४०३ रुपया हुआ था। १९५१ में वह ४ १।२ करोड़ बढ गया। उसके बाद १९५५ में कुछ और बढ़ गया। मोटा-मोटी वेज लिस्ट बढा २३ करोड़ के उपर। १९५६ माल मे वेज लिस्ट कम्पनी का देखा गया टोटल वेज मजदूरो को मिला २२, ६३, २१, ७५९ रुपया। तो १९४९ और १९५९ माल मे २३ करोड़ से २२ करोड़ उतर गया। इस आकड़े से मजदूर मत्री की तसवीर साफ हो जाता है कि इस देश में मजदूरो की कितनी तरक्की हो रही है। इसमे सब कुछ स्पष्ट हो जाता है।

इसके सिवाय चटकल स्टैण्डिग आर्डर के क्लाज १४ सी० ५, ७, ८ के अनुसार मिल मालिको को पूरा-पूरा अधिकार दे दिया गया मजदूरो को छटाई करने के लिए। वे मजदूरो से जबरदस्ती रेजीगनेशन ले लेते। उनको सुपरनुवेशन करते है। और इस डिपार्टमेन्ट मे उस डिपार्टमेन्ट मे गड़बड़ करके बदली करते है। काकीनाडा जूट मिल Jardine Henderson & Co. के आफिससे ३०-१२-५९ को मैनजर के नाम से एक काफिडेन्सियल लेटर भेजा गया।

इस लेटर से उनके छटाई के मनसूबे साफ मालूम पड़ जाते हैं। इसके बारे में इसी सदन में कई बा लेवर मिनिस्टर से मै बोल चुका हूँ।

बैरकपुर इम्पलायमेन्ट एक्सचेंज आफिस में नाम लिखाने के बाद पांच साल के बाद भी इन्टरव्यू नहीं मिलता है। लेकिन एक सप्ताह में ही नाम लिखाने पर २५ रु० से १०० रु० तक घूस देने पर इन्टरव्यू फौरन मिल जाता है। वहां पर बिना घूस के किसी भी प्रकार का इन्टरव्यू नहीं मिलता है। इसलिए इस डिपार्टमेन्ट में जो करपशन बढ़ा हुआ है उसे बन्द करना चाहिए।

इसके सिवाय काकीनाडा में एक जूट मिल है. जिसका नाम नफरचन्द जूट मिल है। इस चटकल के मालिकों में एक मालिक हमारे यहां के डिप्टी मिनिस्टर है. जो कांग्रेस असेम्बली पार्टी के चीफ है। श्री जगन्नाथ कोले है। इनके मिल में १२ सौ आदमी काम करते है। उनमें सात सौ मजदूर परमानेन्ट हैं। बाकी अभी तक टेम्परेरी हैं, जो उस मिल में बहुत दिनों से काम करते आ रहे हैं। कानून के अनुसार २४० दिन काम करने पर मजदूरों को प्राभिडेण्ट फण्ड मिलना चाहिए। लेकिन दुख है कि कांग्रेसी मिल में ऐसा नही किया जाता है। मजदूरों के प्राभिडेण्ट फण्ड के पैसे को हजम कर लिया जाता है। वर्करों की बदली कर दी जाती है। लेकिन बदली के वर्करों को बहुत दिनों तक काम करने पर भी पक्का नही किया जाता है। अभी वहां पर जनवरी महीने मे हडताल हो चुका है। वह हडताल दो हफ्ते तक चालू था। इसके सिवाय कारखाने के बड़े मालिक होने की वजह से वहा पर फैक्टरी ऐक्ट लागू नही होता। दस बजे के बाद पंद्रह मिनट एक घंटा मशीन चालू रखा जाता है और मजदूरों को काम करना पडता है। इसके लिए मजदूरों को ओभरटाइम भी नही दिया जाता है। ओभरटाइम का पैसा हजम कर लिया जाता है। यहां पर इसी प्रकार की धाधली चल रही है। इस प्रकार के मंत्री अपने कारखाने में फैक्टरी ऐक्ट भी नही लागू होने देते, तो वही सरकार दूसरे कारखाने की गलती को क्या पकड़ सकती है। इसके सिवाय वहाँ पर मजदूरों पर मार-पीट भी की जाती है। उस कारखाने के मालिक जगन्नाथ बाबू है। उसमे उनका हिस्सा जरूर है। मैं कहूंगा कि वे मेरे साथ चले। अपने मजदूरों के बीच खड़े होकर मजदूरों से पूछे कि उनको क्या-क्या मिलता है? और उनको क्या तकलीफें है?

Shri Jagannath Kolay: I am not a Malik, neither director nor malik, nothing of the kind.

Shri Sitaram Gupta:

इसके सिवाय एक बात और कहूँगा कि बैरकपुर मे जो असिस्टेण्ट लेवर कमिश्नर का दफ्तर है.उसमे मजदूरो को कोई फायदा नही होता है।

Shri Bhadra Bahadur Hamal:

माननीय स्पीकर महोदय

मैंने लेवर और हफ्ता वहार मंत्री श्री सत्तार साहब के दस पेज का भाषण बडे ध्यान से सुना है। उनका भाषण सच्चाई को ढकने का एक कौशल मात्र है। सत्तार साहब ने जो किताब यहां पर बांटी है उसमे खास करके दार्जलिंग के चाय बगानो के मजदूरो के मिनिमम वेजेज का कोई हवाला नही दिया गया है। पोषक थर्बु, घैमावारी कैयड़, टिम्टा भैली, ओक्स मीडर, रमबुक. पुमुम्वंग, धोमे कलेज और मेलीगाम रूङ वैगरह बगानो मे वहा के मालिक लोग मिनिमम वेजज को बड़े जोरों से काट रहे है। मिनिमम वेजेज को खतम कर रहे है। मालिक और प्लान्टर्स लोग बेइमानी करके मिनिमम् वेजेज को हड़प कर ले रहे हैं। प्लान्टर्स लोग ठीका बढ़ा करके और डमेरेज प्रथा चालू करके सब कुछ मजदूरों का हजम करते जा रहे है। लेवर डिपार्टमेन्ट का ध्यान बारम्बार इस तरफ दिलाया गया। दार्जिलिंग जिला चिया कमान मजदूर यूनियन की तरफ से लेवर डिपार्टमेन्ट को बहुतबार लिखा गया मगर न जाने क्यों यह डिपार्टमेन्ट अभी तक खामोस है। मिस्टर स्पीकर सर, मै आपके मार्फत सत्तार साहब से पूछना चाहता हूं कि प्लान्टर्स लोग मिनिमम वेजेज का जो श्राद्ध कर रहे है, उसके लिए क्या आपके पास कोई कानून है? जिससे प्लान्टर्स लोग इसको हजम न कर सकें। अगर आप इस तरफ कोई कदम नहीं उठायेंगे तो बाध्य होकर मजदूरों को आन्दोलन की तरफ जाना पड़ेगा।

होल राइटर्सविल्डिंग में बैठकर लेवर डिपार्टमन्ट tripartite के एग्रीमेन्ट को लागू नहीं होने देता है ट्रीपाइट के संबंध मे मै कुछ बातें कहना चाहता हूं। ये दार्जिलिंग में बहुत होता है। दार्जिलिंग के असिस्टेण्ट

लेवर कमिमश्नर के दफ्तर में जो एग्रीमेन्ट हुआ। भुण्डा टी गार्डेन के सात फेमिली की नौकरी चली गई मिनिमम वेजज के मुताविक उसमें भुण्डा टी स्टेट के मैनेजमेन्ट, यूनियन और लेवर कमिश्नर ने एकमत से एग्रीमेन्ट किया कि इसको ट्राइव्यूनल में भेजा जायगा लेवर कमिश्नर इसकी सिफारिस करके ट्राइव्यूनल में देनें को भेजा मगर राइटर्सविल्डिगं का लेवर डिपार्टमेन्ट आजतक उसको काम में नही लगाया। लेवर डिपार्टमेन्ट के ज्वाइन्ट सिक्रटरी एस० के० बनर्जी ने उसको ट्राइव्यूनल में न देकर जवरदस्ती करके रख दिया है। ऐसे करीब पचासों एग्रीमेन्ट है जिसको लेवर डिपार्टमन्ट दवा कर बैठ गया है। क्योंकि चन्दा तो प्लान्टर्स लोग देते हैं। उनका काम नहीं होगा तो किसका काम होगा? मालिक लोगों की दलाली लेवर डिपार्टमेन्ट नही करेगा तो किसका करेगा? लेवर डिपार्टमन्ट प्लान्टर्स का हमदर्द है। जिस एग्रीमन्ट को मैनजमेन्ट, यूनियन और लेवर कमिश्नर एक मत होकर ट्राइव्यूनल में देने के लिए भेजा उसे राइटर्सविल्डिग का ज्वाइन्ट सिक्रेटरी एम० के० बनर्जी चाप कर रख दिया। ट्रीपाइट एग्रीमेन्ट को लेवर डिपार्टमेन्ट नही मानता। यह तो मजदूरों का भला न करके मालिक लोगों की दलाली करता है।

हफ्ता वहार तो उत्तर बंगाल के लिए कलंक है। उसको आज भी उत्तर बंगाल मे चलने दिया जा रहा है। मुख्य मंत्री डाक्टर विधान चन्द्र राय के मंत्री मण्डल का लेवर डिपार्टमेन्ट हफ्ता वहार के कलक को अपने माथे पर लगा रहा है। पार्लियामेन्ट मे माननीय सत्येन मजुमदार के प्रश्न के उत्तर मे कहा गया कि हफ्ता वहार नही चलने दिया जायगा। गतवर्ष सत्येन मजूमदार के हफ्ता वहार विरोधी विल के आलोचना के समय सत्तार साहव ने कहा था कि हफ्ता वहार इलीगल है। *इसको हम हटायेंगे। मगर अभी तक* इसके बारे मे आपने क्या किया? इस हफ्ता वहार के कलक के टीके को अपने माथे पर क्यो लगा रहे हैं? इस कलक के टीके को अपने माथे से हटाइए। यह संविधान के आर्टिकल १९ का श्राद्ध करने वाला है।

दूसरी बात मै प्राभिडेण्ट फण्ड के बारे मे कहना चाहता हू। प्राभिडेण्टफण्ड का हिसाव दो-दो वर्ष में भी नही सुनाया जाता है। सारे उत्तर बगाल मे प्राभिडण्टफण्ड के हिसाव को कोई नही दिखाता। बार-बार मजदूरो ने हिसाब बताने की माग की पर हिसाव नही सुनाया जा रहा है. जिसकी शादी हो गई या जो मर गया या जो गार्डेन छोडकर चला गया या जिसका काम चला गया, उसको प्राभिडेण्ट फण्ड का पैसा पावना है मगर उसको नही मिल रहा है। लोगो के डेढ़-डेढ़ वर्ष के प्राभिडण्ट फण्ड का हिसाव बाकी है लेकिन नही मिल रहा है। फैक्टरी इन्स्पेक्टर भी इसके बारे मे कुछ नही करते। चाय बगान मे प्राभिडेण्ट फण्ड का श्राद्ध हो गया है। प्लान्टेशन लेवर ऐक्ट के तमाम धारा अभी तक वहा पर चालू नही किए गए हैं। जो धारा चालू भी है, वह काम मे नही लाया जा रहा है।

अभी तक वर्करो के लिए एकभी नये मकान नही बने है। मकान के लिए सर्गा तो है ही साथ साथ दवा-पानी का भी कोई बन्दोवस्त नही हुआ है। उत्तर बगाल मे प्राय घर घर मे टी० वी० है। काग्रेस के १३ वर्ष के कल्याण राष्ट्र मे टी० वी० घर घर मे हो रही है। सारे उत्तर बगाल मे आज ट्युवरकलोसिस हो रहा है। धैयावारी, ग्लीथुर्गगलथर्व ओ कार्ड टी इत्यादि बगान मे पानी का कोई भी इन्तजाम नही है। दवा का भी कोई बन्दोवस्त नही है। मकान तो पहलेसे ही बनाना छोड़ दिया है। चाय बगान के मजदूरो के लिए मिनिमम वेजज भी पूरा लागू नही हो सका है। मिनिमम वेजज को लिखा जाना है।

मेटरनिटी विनीफिट भी देने के लिए बहाना बनाया जा रहा है। पहले पाच रुपया दिया जाता था लेकिन अब उसकी जगह पर सात रुपया मंजूर किया गया। मैटरनिटी वेनीफिट के उपर आलोचना के समय मैने कहा था कि प्लान्टर्स लोग देने मे काम का बहाना बनायेंगे। और मेटरनिटी वेनीफिट से वंचित रखेंगे। मैने उस वक्त कहा था कि १५० दिन काम नही किया, यह कहकर मेटरनीटी वेनिफिट नहीं देंगे। करेंगे कि १४९ दिन हुआ, १४८ दिन हुआ। इसलिए १५० की जगह पर सौ दिन का कानून बनाना होगा। तब कही चाय बगान में काम करने वाली मा बहनो को मैटरनिटी वेनिफिट मिल सकेगा और उससे तब उनका कल्याण होगा। धज्ज, मोरोङ, धोले और टिम्टामेली चाय बगान के मालिको ने चार्जशीट दिया इसके लिए कोर्ट में केस हुआ मिस्टर स्पीकर सर, आप इसको जानते है। मै तो वकील नही हूं। वह केस जब हाई कोर्ट में गया तो हाई कोर्ट के जज ने इसको बिल्कुल झूठा सावित किया उसके काम के लिए लिखा गया मगर मालिक कहता है कि हम इसको नही मानते। हाई कोर्ट के फैसले की परवाह नहीं करते है। मैनेजर ने चार्जशीट दिया उसे कोर्ट ने अमान्य कर दिया। अब उसे काम मिलना चाहिए

मगर मैनेजर का न्याय ही सर्वोच्च अदालत है। बगान में मालिक लोगों की ही हकूमत है। सुप्रीम कोर्ट के जज की राय को भी अमान्य कर देते है। बगान में अपना मनमाना ढंग चलाते है। इस केस को ट्राइव्युनल में देने की सिफारिश की गई मगर ज्वाइन्ट सिक्रेटरी एस० के० बनर्जी जो राइटर्स विल्डिंग में है, सब दवा कर बैठे हुए है। मालिकों की दलाली कर रहे है। मजदूरों को खाने को नहीं मिलता है। उसको काम नही मिलता है फिर यह लेवर डिपार्टमेन्ट मालिकों का कुछ भी कर नहीं सकता। ज्वाइन्ट सिक्रेटरी राइटर्स विल्डिंग में बैठकर वही से बातें करते है। आज मजदूरों को खतम करने की कोशिश कर रहे है। यही तो आज कांग्रेसी मार्का समाजवाद है जिसमें लेवर डिपार्टमेन्ट मजदूरों का गला दवा रहा है।

[12-10—12-20 p.m.]

आज इस हाउस के अन्दर सत्तार साहेब ने १० पेज का जो भाषण दिया है, उसमें चाय बगान के मजदूरें की हालत के बारे में उन्होने कुछ भी नही बतलाया है। चाय बगान में साढ़े तीन लाख मजदूर काम करते हैं, लेकिन उनके लिए कुछ ध्यान नही दिया जाता है। टिस्टा मैली में मजदूरों पर क्या बीता? उस वक्त डिप्टी लेवर मिनिस्टर नर बहादुर गुरुङ्ग मजदूरोका छोडकर ट्रेजरी बेंच पर आकर बैठ गये। मजदूरों को धोखा देकर आज यहा बैठे हुए है। हाईकोर्ट मे केस किया गया। कोर्ट का फैसला भी मजदूरों के पक्ष में रहा। लेकिन काम नही मिल रहा है। राइटर्स विल्डिंग का लेवर डिपार्टमेंट खामोश होकर बैठा है।

वेज बोर्ड के मुताबिक चाय बगान के मजदूरों का मिनिमम वेजेज नही मिलता है। हपत्तावहार अभीतक उत्तर बगाल मे बराबर चालू है। लोगो को रहने के लिए न घर और न पीने के लिए पानी मिलता है। यहां तक कि जगमाया को बच्चा चाय के गाछ मे हुआ तब भी मेनेजमेन्ट ने मेटरनिटी बिनीफीट नही दिया मैनेजमेन्ट ने कहा कि अभी दिन पुरे नही हुए। कोई यूनियन या कोई कमेटी इन मालिको से कुछ कहकर ही क्या करेगी? जबकि लेवर डिपार्टमेन्ट ने अपनी पौलिसी बना रखी है, शर्मायादारों की हिफाजत करने की।

इस सदन मे महिला मेम्बर जो उधर बैठी हुई है, मै उनसे अपील करूगा कि वे मजदूर औरतों की ओर ध्यान दे। आज कांग्रेसी राज्य को १३ वर्ष हुए हो गए लेकिन औरत मर्द की समान मजदूरी की नीति अभी तक लागू नहीं हुआ जबकि औरतें मर्दों के बराबर ही मजूरी का काम कर रही है। फिर भी लेवर डिपार्टमेन्ट आंख मूद कर चुप ही बैठा है। यही है आपका कल्याण राष्ट्र? धिक्कार है आपके लेवर डिपार्टमेन्ट को, धिक्कार है आपके इस कल्याण राष्ट्र को।

Shri Jagat Bose:

माननीয় স্পীকার মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যে তথ্যমূলক পুস্তিকা আমাদের সামনে বিলি করছেন তাতে অনেক তথ্য পাওয়া যাচ্ছে। কিন্তু পশ্চিমবাংলার শ্রমিক ও কর্মচারীদের মজুরী নির্ধারণ ব্যাপারে সরকারের কি নীতি সে সম্বন্ধে এই তথ্য থেকে কিছুই পাওয়া যাচ্ছে না। আমি জিজ্ঞাসা করতে চাই পঞ্চদশ শ্রম সম্মেলনে মজুরী নির্ধারণের যে রীতি স্থীরিকৃত হয়েছিল সে সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের রীতি কি তা আমরা দেখতে পেলাম না। সেটা কি তাঁরা উপেক্ষা করছেন? সাত্তার সাহেব যে দলিলগুলি উপস্থিত করেছেন তার ভিতরে কয়েকটি ঘটনা দেখছি। আমরা দেখছি ১৯৫৯ সালে মজুরীর ক্ষেত্রে যতগুলি মামলা ট্রাইবুন্যালে গিয়েছিল এবং যার নিষ্পত্তিও হয়েছে তার মধ্যে ৫৫টি মামলা সফল হয়েছে এবং ৬৪টি মামলা বিফল হয়েছে, সুতরাং দেখা যাচ্ছে ট্রাইবুন্যালে মজুরীর জন্য যে মামলা প্রেরিত হয় অনেক চেষ্টার পর তার ভিতর অধিকাংশ মামলাতেই হেরে যান, সুতরাং পশ্চিমবঙ্গ সরকারের মজুরী নির্দ্ধারণের ব্যাপারে যে শ্রম নীতি তা ট্রাইবুন্যালের রায়ের মধ্যেই খানিকটা প্রতিফলিত হয়। পঞ্চদশ শ্রম সম্মেলনে এই ব্যাপার যে রিকমেণ্ডেশন হয় সে সম্বন্ধে কোন উচ্চ বাচ্য এর ভেতরে নেই, কিন্তু ট্রাইবুন্যালের বিচার্য বিষয়ের ফলাফল যা হচ্ছে তা শ্রমিক কর্মচারীদের পক্ষে মোটেই লাভজনক নয়। সেদিক দিয়ে একথা মনে করবার কারণ হচ্ছে যে পশ্চিমবঙ্গ সরকার পশ্চিম বাংলার শ্রমিকদের মজুরী নির্ধারণের ব্যাপারটা একটা বিশৃঙ্খল অবস্থার মধ্যে রেখে দিয়েছেন

এবং তার কোন সুষ্ঠু ব্যবস্থা করতেও শ্রম দপ্তর সচেষ্ট নন. সাত্তার সাহেব যে বই উপস্থিত করেছেন তাতে একটা জিনিস দেখছি যে দেশের উৎপাদন বৃদ্ধির জন্য শ্রমিক দপ্তর সচেষ্ট হয়েছে এবং সেজন্য প্রোডাকটিভিটি কষ্ট অব লিভিং ইনডেক্স গঠন করা হবে। এ [illegible] বলা হয়েছে যে প্রোডাকটিভিটি যদি বাড়ে তাহলে দেশের উন্নতি হবে এবং বেকার সমস্যার সমাধান হবে। কিন্তু এখানে একটা প্রশ্ন এসে দাঁড়াচ্ছে যে, প্রোডাকটিভিটি যে বেড়ে যাবে এবং সেই প্রোডাকটিভিটি বাড়ার ফলে যে লেবার কষ্ট কমবে তার ফলাফল মজুররা ভোগ করবে কি করবে না? এ সম্বন্ধে সরকারের শ্রম নীতি কি? প্রোডাকটিভিটি বেড়ে যাচ্ছে কিন্তু তা বাড়ার সংগে সংগে মজুরীর সংগে তার কোন লিংক দেখছি না। এ সম্বন্ধে সরকারের মনোভাব কি সেটা জানতে চাই। প্রোডাকটিভিটি বাড়াবার জন্য শ্রমিকদের উপর কাজের চাপ পড়বে এবং ফলে উৎপাদন বাড়বে এবং মালিকদেরও ব্যয় সংকুলান হবে, কিন্তু এতে শ্রমিকদের কোন লাভ হবে কি না হবে সে সম্বন্ধে কোন কিছু এই দলিলের মধ্যে নেই এবং সাত্তার সাহেবের বক্তব্যের মধ্যেও নেই। সেইজন্য এবিষয়ে অবস্থাটা কি তা জানবার জন্য আমরা বিশেষ আগ্রহান্বিত; কারণ বাংলাদেশে এইটাই সবচেয়ে বড় সমস্যা। অন্যান্য দেশের সংগে তুলনা করলে দেখা যাবে বাংলা দেশে মহার্ঘভাতা কষ্ট অব লিভিং-এর সংগে যুক্ত নয়।

[12-20—12-30 p.m.]

সেদিক থেকে বাংলাদেশের শ্রমিকরা অন্যান্য জায়গার শ্রমিকের তুলনায় অনেক খারাপ অবস্থায় রয়েছে একথা আমরা সকলেই জানি। কিন্তু এর প্রতিকারের জন্য শ্রম দপ্তরের সচেষ্টতা কতটুকু সে সম্বন্ধে যা কিছু উল্লেখ সাত্তার সাহেবের বক্তৃতায় এবং কোন দলিল পত্রে আমরা পেলাম না। [illegible] শ্রম দপ্তরের কার্যাবলী সম্বন্ধে মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি কয়েকটি কথা উপস্থিত করতে চাই। সাত্তার সাহেবের হিসাব মত আমরা দেখেছি ১৯৫৯ সালে ৫ হাজার ? শত ?টি মামলা লেবার ডাইরেক্টরেট নিষ্পত্তি করে দিয়েছে। এই মামলাগুলির মধ্যে শতকরা ৩২টি মামলা সেটেল্ড হয়েছে আর শতকরা ১৩টি মামলা ট্রাইব্যুন্যালের জন্য রেকমেন্ডেড হয়েছে আর বাকি ৫৫ ভাগ সম্বন্ধে সাত্তার সাহেব বললেন এগুলি ডিসপোজড অফ বা ওয়াটেড অর্থাৎ এগুলি চাপা পড়ে গেছে। প্রায় শতকরা ৫৫ ভাগ মামলার কোন ব্যবস্থা হয়নি কোন নিষ্পত্তি করা হয়নি, এই হচ্ছে লেবার ডাইরেক্টরেটের অবস্থা। শ্রমিকপক্ষ বা কর্মচারী পক্ষ যে সমস্ত বিরোধের নিষ্পত্তির জন্য শ্রম দপ্তরের স্মরণাপন্ন হবে তার প্রায় শতকরা ৫৫ ভাগ মামলা নিষ্পত্তি হবে না। এই ভাবে লেবার ডাইরেক্টরেট ফাংকসান করে যা আমরা সাত্তার সাহেবের হিসাব মত দেখছি। তাছাড়া স্পীকার মহাশয়, আমরা দেখতে পাচ্ছি যে অনেক মামলা ৩।৪ বছর যাবৎ পড়ে আছে, ট্রাইব্যুন্যালে রেকর্ড হচ্ছে না। আমাদের অঞ্চলের একটা কেস আপনার মাধ্যমে উপস্থিত করতে চাই। সুর এন্ড কোং-এর একটা মামলা শ্রমিকদের ছাঁটাই ব্যাপার নিয়ে ১৯৫৭ সাল থেকে পেন্ডিং আছে লেবার ডাইরেক্টরেটে। উমা চরণ দে নামে একজন শ্রমিকের মামলা আজ পর্যন্ত কোন নিষ্পত্তি হল না। আর একটা কেস রেফার করছি—ইউনিয়ন নর্থ জুট মিলের চিত্তরঞ্জন ঘোষের মামলা প্রায় ৩।৪ বছর হল লেবার ডাইরেক্টরেটে ঝুলান রয়েছে—তার কোন মীমাংসা হলনা। আমি নিজে এ সম্বন্ধে কথা বলতে গিয়ে দেখেছি শ্রী এস, কে, বিশ্বাস বলেছেন যে আমি এটা রেফার করে দিয়েছি, তারপর রাইটার্স বিল্ডিংসে খোঁজ নিয়ে জানলাম যে রেফার করা হয়নি, তিনি বললেন ভুল হয়ে গেছে। আবার গিয়েছি, পরে আবার জানলাম যে দেওয়া হয়নি। এ সম্বন্ধে সন্দেহের অবকাশ রয়েছে যে জুটমিলস এ্যাসোসিয়েসানের লোকের সংগে দহরম-মহরম থাকায় চিত্তরঞ্জন ঘোষের কেস এখনও ট্রাইব্যুনালে রেফার্ড হচ্ছে না। এ ছাড়া হিন্দ রবার ওয়ার্কসের একটা লে অফ মামলা বিনা কারণে অন্যায়ভাবে শ্রমিকদের ৩ টার সময় ছুটি দিয়ে দেওয়া দিনের পর দিন সেই মামলা উত্থাপন করা হয়েছে। আজ ২ বছর পরে সে সম্বন্ধে লেবার ডিপার্টমেন্টে খোঁজ করতে গেলে জানতে পারি যে ট্রাইব্যুনালে রেফার্ড হয়ে গেছে, তারপর ৩।৪ মাস পরে আমরা জানতে পারি লিগ্যাল ওপিনিয়ানের জন্য ফিরে এসেছে, আবার ৩।৪ মাস পরে জানতে পারি লিগ্যাল ওপিনিয়ান পাওয়া গেছে, এখন মন্ত্রী সেই কলকাতা ছেড়ে, কাজে হাত দিতে পারছি না, তারপর জয়েণ্ট সেক্রেটারী উপস্থিত নেই, এইভাবে কত বছর

কেটে গেল, এ পর্যন্ত তার সুরাহা হলনা। রাইটার্স বিল্ডিং-এ খবর নিয়ে জানা যায় যে ফাইল নেই। ক্যালকাটা সাউথ লেবার অফিসার এই কেস দেখছেন। হিন্দ রবারের কেসটা এখন কোন্ অবস্থায় রয়েছে সেটা আমরা সাত্তার সাহেবের কাছ থেকে জানতে চাই। কি রহস্যজনক কারণ এর পিছনে রয়েছে যার জন্য ২ বছরের উপর হল এই মামলার কিছু হচ্ছে না। তারপর, ফ্যাক্টরি ইন্সপেক্টর সম্বন্ধে আমরা দেখছি—সাত্তার সাহেবের হিসাব মত প্রায় ৪ হাজারের মত পশ্চিমবাংলায় ফ্যাক্টরি রয়েছে, ৬ লক্ষ ৬৬ হাজারের মত ফ্যাক্টরি ওয়ার্কার্স রয়েছে, ১৪ জন ফ্যাক্টরি ইন্সপেক্টর ৪ হাজার ৬ শত ৪১ বার বিভিন্ন ফ্যাক্টরিতে ভিজিট দিয়েছেন আর ১ হাজারের উপর ফ্যাক্টরিতে যেন ভিজিট দেওয়া হয়নি। এদের অবস্থা কি তার কোন উল্লেখ আমরা দেখতে পাই না। আমরা ইতিপূর্বে এ্যাসেম্বলীতে অভিযোগ করেছি যে শ্রমিক এবং কর্মচারীদের ৮ গুণ বেশী খাটান হয় অথচ ফ্যাক্টরি আইনমত মজুরি দেওয়া হয় না। রবার কলগুলিতে এই সমস্ত ইন্সপেক্টর পরিদর্শন করেন কিনা এবং করলে সেইসব জায়গায় কিভাবে করেন এবং এই জিনিষগুলি ডিটেক্ট করবার কোন কায়দা আছে কিনা এবং ওয়েজ চার্ট দেখা হয় কি না এবং দেখা হলে সেই ওয়েজ বিল প্রভৃতি সম্বন্ধে কোন সুরাহা করা হয়না কেন? এইভাবে ফ্যাক্টরী ইন্সপেক্টররা শ্রমিকদের অধিকার রক্ষার জন্য কোন ব্যবস্থা করেন না। এই সব কারণে লেবার বাজেট কোন রকমে সমর্থন যোগ্য নয়।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, দীর্ঘ বক্তৃতার শেষে আমি সামান্য ২।১টা কথা বলব এবং সাত্তার সাহেবের কাছ থেকে আপনার মাধ্যমে তার সোজাসুজি জবাব চাইব। আমি জিজ্ঞাসা করি সরকারের ওয়েজ পলিসিটা কি? আমরা ট্রেড ইউনিয়ন মুভমেণ্টের মাধ্যমে বাংলা দেশের সরকারের কাছ থেকে যেটা জানতে দাবী করি সেটা হচ্ছে এই যে সরকারের ওয়েজ পলিসিটা কি? কি ভাবে ওয়েজ ফিক্সেশন হবে? বিভিন্ন ইন্ডাষ্ট্রিতে ইঞ্জিনিয়ারিং জুট বা অন্যান্য শিল্পে যে সমস্ত ওয়েজের কথা বলা আছে বা ওয়েজ বোর্ডের কথা বলা আছে কিংবা আলাদা আলাদা ট্রাইবুন্যাল ইত্যাদি যা হচ্ছে সেই সমস্ত ক্ষেত্রে সরকারের নীতি কি- কি ভাবে সেখানে ওয়েজ স্থিরীকৃত হবে এই প্রশ্নের জবাব গত তিন বছর যাবৎ সরকারের কাছ থেকে আমরা চাচ্ছি। কিন্তু সরকার সে প্রশ্নটা এড়িয়ে যাচ্ছেন এবং এড়িয়ে যাচ্ছেন এই কারণে যে তারা পার্টী ছিলেন ট্রিপার্টাইট কনফারেন্সের। ট্রিপার্টাইট কনফারেন্সের রেকমেণ্ডেশনগুলিকে কার্যকরী করা সম্পর্কে ট্রেড ইউনিয়নের তরফ থেকে যে দাবী উঠেছে যেটাকে এড়িয়ে যাবার জন্য এই রকম পরিস্থিতির সৃষ্টি হয়েছে। আমি সাত্তার সাহেবকে বলবো ফিফ্‌টিন্‌থ্‌ লেবার কনফারেন্সের কথা, প্রতি বছর বলা হচ্ছে, তারা বলছেন যে আগামী থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে আমরা পরিকল্পনা করবো কিন্তু তার থেকে তারা পিছিয়ে যাচ্ছেন এবং সেটা এড়ানর চেষ্টা করছেন--এ প্রশ্নের সোজাসুজি জবাব আজ আমরা চাই। তারপরে ডি এর প্রশ্ন- আমরা অনেকবার একথা বলেছি যে এসব ব্যাপারে বাংলা দেশ একটা অপূর্ব জায়গা। যে কোন শিল্প-সমৃদ্ধ দেশ বোম্বের সঙ্গে হিসেব করে দেখান এমনকি অন্যান্য ষ্টেটের হিসাবে আসুন, দেখবেন যে আমাদের এখানে ডি-এ বা ওয়েজ একটা অন্য কায়দায় নির্ধারিত হয় একথা সাত্তার সাহেবও জানেন, আমরাও জানি এবং যারা ট্রাইবুন্যাল জজ হিসাবে কাজ করেন তাদের কাছে নিশ্চয়ই এমন ভাবে পলিসি ডাইরেক্ট করা হয যার ফলে ওয়েজ নর্ম সর্বাপেক্ষা কম। এর কোন যুক্তি আছে? আজকে ইঞ্জিনিয়ারিং ওয়ার্কাররা বাংলা দেশের গৌরবের বস্তু, এদের প্রডাকশন, প্রডাকটিভিটি অনেক বেশী অন্যান্য ষ্টেটের তুলনায়, অথচ সেই ইঞ্জিনিয়ারিং ওয়ার্কাররা কেবল বোম্বের থেকে কেন, প্রায় অনেক ষ্টেটের থেকে অর্ধেকের মত কম মাইনা পায়। এই ডি এ বোম্বেতে সেণ্ট পারসেণ্ট নিউট্রালাইজেশন হয় আর আমাদের এখানে তার কাছাকাছি পর্যন্তও যাওয়ার কল্পনা করা যায় না। এই সমস্ত পলিসি ডাইরেক্ট করেন কে তা আমরা জানি- বাংলা দেশের ইন্ডাষ্ট্রির উপর যাদের গ্রিপ আছে তারা এবং তারা হচ্ছেন বিদেশের কিছু শিল্পপতি ও ক্ষমতাশালী ব্যক্তি। এই সমস্ত শিল্পপতি একচেটিয়া মুনাফাখোর, তারা ওয়েজ নর্ম ফিক্সেশনের ব্যাপারে প্রধান পন্থাটা ডাইরেক্ট করেন সাত্তার সাহেবের মারফৎ ও ট্রাইবুনালগুলির মারফৎ তা কার্যকরী হয়।

আমাদের কাছে বলতে হবে বোম্বেতে ডি এ সেণ্ট পারসেণ্ট নিউট্রালাইজেশন হয় আর আমাদের এখানে কি কারণে তা হয় না। এ প্রশ্ন এড়িয়ে গেলে তিনি আজকের পরিস্থিতি থেকে পার পাবেন না। তার পরে প্রশ্ন হচ্ছে—একথা তিনি বারবার বলেছেন যে প্রডাকশন বেড়েছে, প্রডাকটিভিটি বেড়েছে, অন্যান্য সদস্যরাও বলেছেন যে প্রডাকশন বেড়েছে এবং কষ্ট অব লিভিং বেড়েছে বহু পরিমাণে—অথচ যখনি বিচারের মধ্যে আনা হয় তখনই ওয়েজের পরিষ্কার চরিত্রটা আমরা দেখতে পাই।

[12-30—12-40 p.m.]

সাত্তার সাহেব কি পড়ে দেখেছেন ছাঁটাই প্রস্তাবগুলি—তার মধ্যে পলিসি সংক্রান্ত, ওয়েজ সংক্রান্ত অনেকগুলি কথা আছে, আমরা শুধু একথা শুনতে চাই না যে কোথায় কয়েকটা ট্রাইবুনাল করলাম কোথায় ট্রাইবুনাল করলাম না, সেটা বড় প্রশ্ন নয়। ইঞ্জিনিয়ারিং-এ বা অন্য জায়গায় ট্রাইবুনাল হোক, ভাল কথা। কিন্তু ট্রাইবুনালের যে বিচার্য বিষয় সে হচ্ছে—ওয়েজ ফিক্সেশন। সেই ওয়েজ ফিক্সেশন এর ক্ষেত্রে 'নেট ওয়েজ নর্ম' বলে যে কথা আছে, তা সকলেই স্বীকার করেছেন, সেই নীতি সরকার এবং অন্যান্য সকল পার্টিই স্বীকার করে নিয়েছেন। কিন্তু মালিক পক্ষ কি তা মেনে চলছেন? সেইটাই আজ বিচার করা দরকার। ট্রেড ইউনিয়নগুলিকে মুভমেন্ট করে তাদের দাবী দাওয়া আদায় করতে হয়। ইঞ্জিনিয়ারিং এর মতে একটা ডেভেলপিং ইন্ডাষ্ট্রীতে ট্রাইবুনালের রায় কার্যকরী করা হয় না। শুধু ট্রাইবুনাল এ দেওয়া নয়, ট্রেড ইউনিয়ন মুভমেন্ট কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেটাও দেখা দরকার। দেখা গিয়েছে একটা ট্রাইবুন্যালের রায় যখন দেড় বছর পরে পাওয়া গেল, তখন কষ্ট অব্ লিভিং বেড়ে গিয়েছে। ১৯৩৯ সালের তুলনায় এখন কষ্ট অব্ লিভিং দাঁড়িয়েছে প্রায় ৪৫০ পারসেন্ট অথচ ওয়েজ লেভেল তার কাছাকাছি একটা লেভেলে এসে দাঁড়িয়েছে। সুতরাং একটা প্রগেসিভ লেবার পলিসির গান গেয়ে কি লাভ আছে। সত্যটা উদ্ঘাটন করে বলুন। পশ্চিমবাংলার কংগ্রেসী রাজত্বের মূল বক্তব্য হচ্ছে ওয়েজ, সেই ওয়েজ সম্বন্ধে কি পলিসি, এটা আমরা পরিষ্কার ভাবে জানতে চাচ্ছি। সরকার ট্রাইপার্টাইট রিকমেণ্ডেশন সম্পর্কে অনেক কথা বলেছেন। তাঁদের এই বই পড়েছি। এই বইয়ের মাধ্যমে তাঁরা কি ঠিক বলতে চেয়েছেন বোঝা গেল না। তাঁরা কোন পলিসি বার করে আনতে পারছেন না। এখানে আন্এম্প্লয়মেন্ট ফিগার দেওয়া হয়েছে এবং লেবার সম্বন্ধেও অন্যান্য অংশে বলেছেন। তাঁরা কতকগুলি প্রচার পত্রিকা ছাপাবার ব্যবস্থা করেছেন এবং অনেক জায়গায় তা বেরিয়েছে। কোড অব ডিসিপ্লিন্, সেটা তাঁরা দেখিয়েই খালাস হতে চান। ট্রাইপার্টাইট ডিসিশান, কোড সম্বন্ধেও খুব বলেছেন। কিন্তু তাদের গ্রীভান্স প্রসিডিওর সম্বন্ধে খবর নিয়েছেন। ট্রাইপার্টাইট ডিসিশন সারা পশ্চিমবাংলার ভিতর কোথায় এটা কার্যকরী করা হয়েছে জানেন? একমাত্র জয় ইঞ্জিনিয়ারিং ছাড়া, আর কোন ইন্ডাষ্ট্রিতে প্ল্যান্‌ড্ লেভেলে এটা করা হয়েছে, তার লিষ্টগুলি আমাদের কাছে দিন। আমি জানতে চাই কোড অব্ ডিসিপ্লিন, মালিক পক্ষ যেখানে ভংগ করেছে, তার বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন। তার জবাব দেবেন কি? আমি জিজ্ঞাসা করতে চাই ট্রেড ইউনিয়ন্ সম্বন্ধে আপনাদের কি পলিসি? ট্রাইপার্টাইট কনফারেন্সের প্রধান একটা ব্যাপার ছিল যে ট্রেড ইউনিয়নগুলিকে মেনে নিতে হবে। এ কথা এখানে বারবার উঠেছে এবং সত্তার সাহেবও বলেছিলেন তিনি নাকি চেষ্টা করছেন মালিকের দলের মধ্যে বোঝাতে। আজ পর্যন্ত পশ্চিমবাংলায় কোন্ কোন্ ট্রেড ইউনিয়নগুলিকে মেনে নেওয়া হয়েছে, তা আমি জানতে চাই। যেখানে হান্ড্রেড পারসেন্ট মেনে নেবার জন্য লেবার ডাইরেক্টরেট থেকে বলা হয়েছে, সেদিকে সরকার কতদূর অগ্রসর হয়েছে? দুঃখের কথা বলতে হচ্ছে —মালিকরা যে রকম ভাবে ডাইরেক্ট করেন, ডিকটেট করেন সেই রকম ভাবে ডাইরেক্টরেটের কাজ চলেছে। আমরা বাইরের বহু কনফারেন্সে যাই -সেখানে তাঁরা প্রশ্ন করেন বাংলাদেশে লেবার মুভ্মেন্ট এত শক্তিশালী অথচ সেখানে ডি, এ-র পরিমান এত কম কেন? একটা স্লাইডিং স্কেলে কষ্ট অব্ লিভিং ইন্ডেক্সএর অনুপাতে, যেমন অন্যান্য প্রদেশে আছে, সেই রকম ব্যবস্থা এখানে করা হয় না কেন? এর জবাব উনি দিতে পারবেন কিনা জানি না। সত্তার সাহেব খুব ভাল ভাল কথা বলতে ভালবাসেন। কিন্তু শুধু কথায় কাজ হয় না। বিভিন্ন পরিকল্পনাগুলি কি

ভাবে কার্যকরী করবেন, সেইটাই হচ্ছে প্রধান কথা। ট্রেড ইউনিয়নগুলিকে রিকগ্নাইজ করুন, আই এন টি ইউ সি ইউনিয়নগুলিকে রিকগ্নাইজ, এ আই টি ইউ সি ইউনিয়নগুলিকে রিকগ্নাইজ করুন। সুতরাং সেক্ষেত্রে আমরা জানতে চাইছি কোন জায়গায় কত ট্রেড ইউ-নিয়ান রেকগনিশন্ করেছেন সেটা বলুন এবং সে সম্বন্ধে প্রচারপত্র এবং পুস্তিকা ছাপিয়ে পাঠান। তিনি এম্প্লয়মেন্ট পজিশন ব্যাপারে একটা বিবৃতি উপস্থিত করেছেন এবং বলেছেন ৭৩ পারসেন্ট। তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু প্রশ্ন হল, আজকে ফ্যাক্টরীর সংখ্যা বেড়েছে কিন্তু এম্প্লয়মেন্ট পজিশন স্টাটিক থাকার কারণ কি? এই এম্প্লয়মেন্ট পজিশন বাড়ছে না কেন? তাই আমি জিজ্ঞাসা করি ফ্যাক্টরী প্রডাকশন বাড়ছে প্রডাক্টিভিটি বাড়ছে কিন্তু এম্প্লয়মেন্ট বাড়ছে না কেন? এম্প্লয়মেন্ট ফিগার অলমোস্ট ঠিকই আছে এর কৈফিয়ৎ দিতে হবে। অন্যায় ভাবে রিট্রেঞ্চ হয়ে যাচ্ছে, ছাঁটাই হচ্ছে—এর প্রতিকারের জন্য যে ট্রিপার্ট্রিয়েট কনফারেন্স হয়েছিল যে এগ্রিমেন্ট হয়েছিল —তাকি আজকে মেনে চলেছে? এম্প্লয়মেন্ট্ পজিশন অব্ বেঙ্গল দেখুন। কিন্তু জিজ্ঞাসা করি আজকে এর প্রতিকারের পথ কি? ১৯৫৫ সালে এম্প্লয়মেন্ট ছিল ৩৬·০৬, ১৯৫৭ সালে ৩৬·১৬ অর্থাৎ বাংলাদেশে যারা বাস করে তাদের এম্প্লয়মেন্ট ৩৬ পারসেন্ট থেকে ৪০ পারসেন্ট ভ্যারি করছে। সমস্ত জায়গায় অন্যান্য ষ্টেটের শ্রমিকরা কাজ করছে এর কারণটা কি? এবং কি পদ্ধতি অবলম্বন করেছেন যাতে এই প্রদেশের লোক চাকুরি পেতে পারে? এবং আপনি দেখবেন স্যার, ফ্যাক্টরি ছাড়া অন্যান্য ক্ষেত্রে ৫০ পারসেন্ট জেনারালী লেখাপড়া জানা লোক বাঙালী কর্মচারী আর এডমিনিস্ট্রেটিভ্ সাইডে দেখবেন ৯·৬১, টাইপিষ্ট ক্লার্ক, আর যেখানে উন্নততর কাজ আছে তাতে ৯·৬ ৭·৫৯, ৬·০২ এই পর্যন্ত দাঁড়াবে। আরো দেখুন শিক্ষিতের সংখ্যা যেখানে এত বেশী সেখানে ব্যাংকিং এজেন্সিতে কোথায়ও বেশী লোক কাজ পাচ্ছে না আজকে বাঙালী সম্প্রদায় কোথায় চলেছে?

আমার শেষ কথা হচ্ছে ইঞ্জিনিয়ারিং ট্রাইবুনাল সম্বন্ধে। তিনি বলেছেন যে ইঞ্জি-নিয়ারিং ট্রাইবুনালের মাধ্যমে শান্তিপূর্ণ ব্যবস্থা প্রতিষ্ঠিত হচ্ছে, তাকে আমি এ বিষয়ে ডেপু-টেশানে গিয়ে বুঝিয়ে দিতে পারি যে এতে কোন কার্যকরী ফল হচ্ছে না। এতে এমন কতক-গুলি য়্যানম্যালী আছে যা দূর না করতে পারলে কোন কাজ হবে না এমন কি সেজন্য দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা পর্যন্ত চুরমার হয়ে যাবে। সেজন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো যে তিনি এ বিষয়ে দৃষ্টি দিলে ভাল ফল হবে।

[12-40—12-50 p.m.]

Shri Sunil Das:

স্যার, আমি শ্রমমন্ত্রীমহাশয়ের বলবার আগে একটা ঘটনার প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি এইমাত্র খবর পেলাম—শালকিয়ার হিন্দুস্থান ইলেকট্রীক ফ্যাক্টরীর তিনশো শ্রমিককে গ্রেপ্তার করা হয়েছে এবং আরো গ্রেপ্তার করবার উপক্রম করা হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন তিন মাস যাবৎ সেখানে ইল্লিগাল্ লক্-আউট্ ডিক্লিয়ার করা হয়েছে? আমি জানি না এখনো সেটা লিফট্ করেছেন কিনা!

The Hon'ble Abdus Sattar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রায় তিন ঘন্টার বেশী বিতর্ক চলছে। উভয় পক্ষের পনের জন সদস্য তাতে অংশগ্রহণ করেছেন। এখানে অনেক বিষয় উল্লেখ করা হয়েছে। তার প্রত্যেকটার জবাব দেওয়া আমার পক্ষে সম্ভবপর হবে না। যেখানে নীতিগত কথা আছে সেকথার জবাব দেওয়ার চেষ্টা করবো। আর সেই সাথে বিশেষ কোন উল্লেখযোগ্য ঘটনা যদি থাকে, তারও জবাব দেওয়ার চেষ্টা করবো। আমি বক্তৃতার ভেতর দিয়ে—কতকগুলো ঘটনার কথা উল্লেখ করে — নীতির কথা বলতে চাই। সেই নীতি হচ্ছে এই যে—আমরা কি চাচ্ছি? শ্রমিক দপ্তর চাচ্ছে শিল্পে শান্তি থাকুক, শ্রমিকের ন্যায্য অধিকার আদায় হোক, তার সঙ্গত অধিকার স্বীকৃত হোক্। সেই লক্ষ্যকে সামনে রেখে আমরা কাজ করছি। আমি সেখানে বলেছি—বড় বড় শিল্পের কর্মীদের কথা বলবার লোক আছে। তাদের বড় বড় ইঞ্জিনিয়ার আছে, তারা এক

জায়গায় একত্রে অনেক লোক থাকে, তারা নিজেরা ব্যবসায় সৃষ্টি করতে পারে। কিন্তু যে সব ছোট ছোট শ্রমিক হোক্—তারা এক সঙ্গে এক জায়গায় বেশী লোক থাকে না, ছড়িয়ে থাকে। তাদের ক্যাজুয়েল লেবার বলা হয়। তাদের কথা আমি বিশেষভাবে চিন্তা করতে চাই। তাদের জন্য মিনিমাম ওয়েজ এ্যাক্ট আছে। সেই এ্যাক্ট-এ কতকগুলি তালিকাভুক্ত কর্মীরা ছিলেন, তরজন্য আমি নির্দিষ্ট সময়ের মধ্যে তাদের মজুরী নির্দ্ধারণ করেছি, তাদের মধ্যেই আমি কতকগুলির মজুরী বৃদ্ধি করেছি। আমি জানি এখানে বসে হয়ত উভয়পক্ষের সদস্যদের তা স্বীকার করা মুস্কিল আছে। তবুও আমি আশা করেছিলাম এখানকার সেই সমস্ত সদস্য যারা এই নীতিকে মালিক ঘেঁষা নীতি বলতে চান,- তাঁরা এতখানি বলতে নিশ্চয়ই কুন্ঠাবোধ করবেন।

আর বছরের পর বছর আমরা রিলিফ দিচ্ছি, ডোল দিচ্ছি, টেষ্ট রিলিফের কাজ করছি, কাপড় বিতরণ করছি, খাদ্যের জন্য দাবী করছি যে মশাই, মডিফায়েড রেশন চাই। এত চাল দিতে হবে। এত গম দিতে হবে। গম আজ তেমন না খাওয়ায় চালের দাবী মস্তবড় হয়েছে এবং তার একটা কারণ হল কাজ করবো না বসে বসে খাব। অন্যান্য দেশের লোকেরা এসে কাজ করছে, শুধু গরুর গাড়ী মোষের গাড়ী চালানই নয়, অন্যান্য সব কাজ করছে, আমরাও কাজ করে বেঁচে যেতে পারি কিন্তু বাঁচতে পাচ্ছি না, বোধ হয় বাঁচতেও পারবো না। সেজন্য মাননীয় সদস্যদের কাছে এপক্ষেরই হউন আর ওপক্ষেরই হউন এ একটা মস্তবড় কথা—যে বাঙ্গালী ভাইদের কাজ করতে উপদেশ দিন। আশ্চর্য্যের কথা যে এ বছর আমরা মাত্র১ কোটি ৭১ লক্ষ টাকা চাচ্ছি আমাদের ফুড বাজেটে, ২ কোটি ১৬ লক্ষ টাকার মধ্যে, এবং গত বছর, শুনলে আপনারা আশ্চর্য্য হবেন যে ১২ লক্ষ ৮০ হাজার টন চাল এবং গম বিতরণ করেছিলাম আমরা কলকাতা এবং শিল্পাঞ্চলে, জেলায় জেলায় এবং গ্রামে গ্রামে। আমি আজকে ১২ বছর ধরে খাদ্য বিভাগের দায়িত্ব নিয়ে আছি কিন্তু এত খাদ্য বিতরণ করিনি কোনদিন ১৯৪৮ থেকে আরম্ভ করে। বন্যা হয়েছে সত্য কথা, এবিষয় কোন সন্দেহ নাই। খুব বেশী যেবার খাদ্য বিতরণ করেছিলাম ১৯৫১ সালে বোধ হয় সেটা হল ৯ লক্ষ ৮০ হাজার—টন তখন ষ্ট্যেচুটরী রেশনিং ছিল, কলকাতায় এবং শিল্পাঞ্চলে, খড়্গপুরে এবং আসানসোলে। কিন্তু ৯ লক্ষ ৭০ হাজার টনের বেশী খাদ্য বিতরণ করিনি। আর গত বছর ১২ লক্ষ ৮০ হাজার টন খাদ্যদ্রব্য বিতরণ করেছি, এবং আমাদের কর্মীর সংখ্যাও কমে গিয়েছে। মাননীয় সদস্যরা জানেন যখন ১৯৫৩ সালের জুলাই মাসে বিনিয়ন্ত্রণ করা হয়, সেই বিনিয়ন্ত্রণের কারণ ছিল অধিক ফলন। ১৯৫৩ সালে ৪২ লক্ষ টন চাল উৎপন্ন হয়েছিল, আমরা দাবী করেছিলাম যে আমরা খুব করেছি। মাননীয় সদস্যরা বলেছিলেন তোমরা কি করেছ? এখানে

প্রকৃতি দেবীর করুণায় এমন সুন্দর বৃষ্টি হয়েছে যার ফলে এত ফসল হয়েছে। আমি সেদিক দিয়ে হিসাব করে দেখলাম ১৯৪৭ সালের পূর্ব্বের ৫ বছরের হিসাব যদি আমরা নিই তাহলে দেখবো সেই ৫ বছরের গড় চালের উৎপাদন দাঁড়াচ্ছে ৩২ লক্ষ টন মাত্র। যদি ৫ বছরের গড় নেওয়া হয় তাহলে তারমধ্যে ভাল বছর আছে, মন্দ বছরও আছে তার মধ্যে শুকো হতে পারে রুখো হতে পারে, কাজে কাজেই ১৯৪৭ সাল পর্য্যন্ত ৫ বছরের গড় নিলে আমাদের সমগ্র পশ্চিম বঙ্গে ৩২ লক্ষ টন উৎপাদন হত। আর ১৯৪৭ সাল থেকে ১৯৫১ সাল পর্য্যন্ত গড় যদি নিই অর্থাৎ প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পূর্ব্বের ৫ বছরের গড় যদি নিই তাহলে গড় উৎপাদন দাড়ায় ৩৫ লক্ষ টন কিন্তু ১৯৫২ সাল থেকে ১৯৫৭ সাল পর্য্যন্ত চাল উৎপাদনের গড় যদি নিই তাহলে তা ৩২ দাঁড়ায় ৪২ লক্ষ টন, এর মধ্যে বাম্পার ক্রপ হয়েছে এখানে ১৯৫৩ সালে কিন্তু আশ্চর্য্য ব্যাপার—১৯৫৭, ১৯৫৮, ১৯৫৯ এ তিন সালের মধ্যে ১৯৫৭ ড্রট হয়েছে, রুখো হয়েছে, শুকো হয়েছে, অনাবৃষ্টি, হাহাকার হয়েছে এসমস্ত সকলেই জানেন। ১৯৫৮ সালেও তাই আর ১৯৫৯ সালের কথা মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে হবে না কি ভীষণ বন্যা হয়েছিল—এই তিন বৎসরের গড় যদি নিই আশ্চর্য্যের কথা, দেখা যাবে ৪০½ লক্ষ টন চাল উৎপন্ন হয়েছে। কাজে কাজেই কোথায় ৩২ লক্ষ টন আর কোথায় ৩৫ লক্ষ টন আর কোথায় ৪২ লক্ষ টনের কথা বাদই দিলাম— ৪০½ লক্ষ টন। নিশ্চয়ই কৃষিবিভাগ উৎপাদন কিছু বাড়িয়েছে আর একথাও আমি অনেকবার স্মরণ করিয়ে দিয়েছি যে আমাদের পশ্চিমবাংলায় পার্টিশানের পর কেন্দ্রীয় সরকারের হুকুমে আমাদের এখানে বহু জমিতে পাট করতে বাধ্য হয়েছি। যেখানে পূর্ব্বে মাত্র ২॥ লক্ষ একর জমিতে পাট উৎপন্ন হত আজ সেখানে ১০ লক্ষ একর জমিতে পাট ও মেস্তা উৎপাদন হচ্ছে।

[9-20—9-30 a.m.]

অবশ্য আমাদের এই পাট, মেস্তা অর্থাৎ ক্যাসক্রপ করার দরুন, ইণ্ডাষ্ট্রীতে এত লোককে নিযুক্ত থাকার জন্য পশ্চিম বাংলায় কনজিউমার প্রডিউসারএর সংখ্যা কম। উড়িষ্যায় যদি যান তা'হলে দেখবেন যে, ১০০ জনের মধ্যে ৮০ জন উৎপাদন করছে এবং খাচ্ছে, আর পশ্চিমবাংলায় মাত্র ৫০ জন উৎপাদন করছে ও খাচ্ছে। বাইরে থেকে অন্যান্য প্রদেশ থেকে অসংখ্য লোক এখানে কাজের জন্য, রোজগারের জন্য আসছে এবং তারা রোজগারও করছে। তারপর, বিভিন্ন ডেভেলপমেণ্ট কাজের জন্য কোটি কোটি টাকা ছড়ান হচ্ছে, তার জন্যও ইনফ্লেশন হয়েছে। অতএব, পশ্চিমবাংলায় শুধু বন্যার জন্য নয়, শুধু অনাবৃষ্টির জন্য নয়, শুধু লোকসংখ্যা বৃদ্ধির জন্য নয়, একমাত্র আশ্রয়প্রার্থী ভাই-বোনদের এখানে আগমনের জন্য নয়, মূল্য বৃদ্ধির অনেক কারণ আছে। এবং এ ছাড়াও আরো এমন সমস্ত অর্থনৈতিক কারণ আছে যেগুলির শোধরানোর চেষ্টা আমাদের করতে হবে। ততদিন পর্য্যন্ত ফেমিনএর জন্য প্রতি বৎসর অনেক টাকা আমাদের রাখতে হবে। ফেমিন খাতে কারেণ্ট ইয়ারএ অর্থাৎ যে বৎসর শেষ হচ্ছে আমরা অনেক টাকা ব্যয় করেছি, খয়রাতি সাহায্য করেছি ৬ কোটি টাকা, টেষ্ট রিলিফএর জন্য ৮ই মার্চ পর্য্যন্ত খরচ করেছি ২ কোটি ৮০ লক্ষ টাকা, গ্র্যাচুইটাস ডোলএ ৮ই মার্চ পর্য্যন্ত শস্য এবং নগদ টাকায় খরচ করেছি ২ কোটি ৫৮ লক্ষ টাকা, কাপড় এবং কম্বল বিতরণ করেছি ২০ লক্ষ টাকার, লোককে সাহায্য দিয়েছি ২ কোটি ৭৮ লক্ষ টাকা, কৃষি ঋণের জন্য দিয়েছি—(যদিও এই খাতের সংগে যুক্ত নয় এটা,—তাহলে পরও ৮ই মার্চ পর্য্যন্ত কৃষি ঋণের খরচ করা হয়েছে) ১ কোটি ৪০ লক্ষ টাকা।

অন্যান্য প্রদেশের দিকে যদি লক্ষ্য করি তাহলে দেখা যাবে যেমন, উত্তরপ্রদেশ, বোম্বে, বিহার, উড়িষ্যা প্রভৃতি প্রদেশে যে বৎসর বন্যা হয় সেই বৎসরই তাঁরা রিলিফের জন্য কিছু খরচ করেন, কিন্তু আমাদের এখানে প্রতি বৎসর খরচ করতে হচ্ছে। আজকে আমাদের সকলকে ভেবে দেখতে হবে যে, পশ্চিমবংগের অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে গিয়ে যেরকম অবস্থায় পৌঁছেছে তা প্রতিরোধ করতে হলে মৌলিক অবস্থার পরিবর্তন করতে হবে।

খাদ্য বিভাগের কর্মচারীদের সংখ্যা এখন কমে গিয়েছে। ১৯৫৩ সালে যখন খাদ্য বিভাগ উঠে যাবার কথা হয়, অর্থাৎ উণ্ড আপ করার কথা হয় সে সময় সেই বিভাগে ১২ হাজারের মত লোক উদ্বৃত্ত হয়েছিল। এটা অবশ্য আমাদের গর্ব যে, এঁদের জন্য আমরা অন্যান্য বিভাগে কর্ম সংস্থানের ব্যবস্থা করতে পেরেছি। এখন কম লোক নিয়ে কাজ করায় খাদ্য বিভাগের কর্মীদের উপর ভীষণ চাপ পড়েছে যার জন্য তাঁদের ১৪।১৬ ঘণ্টা করে কাজ করছেন, সেজন্য তাঁরা এ পক্ষ এবং ওপক্ষ সকলেরই ধন্যবাদের পাত্র। আমরা জানি পশ্চিমবাংলায় খাদ্যোৎপাদন বেড়েছে—কিছু পরিমাণ বেড়েছে একথা সকলকেই স্বীকার করতে হবে। কিন্তু আমাদের এখানে যে পরিমাণে লোক সংখ্যা বাড়ছে এবং বাইরে থেকে আসছে কাজের জন্য, তাতে আমাদের খাদ্য সমস্যার সমাধান একটা শক্ত ব্যাপার। আমার প্রারম্ভিক ভাষণে আমি আর বেশী সময় নেব না, বিতর্কের পর বিস্তারিত জবাব দেওয়ার চেষ্টা করব। এই বলে আমার ডিমাণ্ড ফর গ্র্যাণ্ট গ্রহণের জন্য মননীয় সদস্যদের অনুরোধ জানাচ্ছি।

Dr. Hirendra Kumar Chatterjee :

স্পীকার মহাশয়, সেদিন শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী বলেছিলেন বাঙ্গালীরা শ্রমবিমুখ একথা ঠিক নয়। আজকে প্রফুল্লবাবু তাঁর বক্তৃতায় উল্টা কথা বলছেন। তা হলে আমি বলব, এটা ক্যাবিনেট অফ জয়েণ্ট রেস্‌পন্সিবিলিটি, অব ক্যাবিনেট অফ ডিসজয়েণ্ট রেস্‌পন্সিবিলিটি।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি ঠিকই বলেছি বাঙ্গালী ছেলেরা সব কাজ করে না।

Mr. Speaker : The following cut motions are declared out of order :—

Cut motion No. 33—second line—this relates to Grant No. 35—

Cut motions Nos. 34, 40, 51, 52, 53 and 91.

Shri Subodh Banerjee : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Ajit Kumar Ganguli : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100

Shri Sudhir Kumar Pandey : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Rhdhanath Chattoraj : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Pabitra Mohan Roy: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Bhuban Chandra Kar Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Satyendra Narayan Mazumdar: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Jatindra Chandra Chakravorty: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Gobinda Charan Maji: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Basanta Lal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Elias Razi: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Phakir Chandra Ray: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Dr. Kanailal Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Haran Chandra Mondal: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Ramanuj Halder: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Renupada Halder: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Gobardhan Das : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Syed Badrudduja : Sir, I beg to move that the demand of Rs. 2,68,,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Bhadra Bahadur Hamal : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Gopal Basu : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "25—Famine" be reduced by Rs. 100.

Shri Natendra Nath Das : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Sasabindu Bera : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduceod by Rs. 100.

Shri Benarashi Prosad Jha : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "47—Famine" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Dhirendra Nath Banerje : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Niranjan Sen Gupta : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Saroj Roy : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Bhupal Chandra Panda : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that the demand of Rs, 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Bijoy Krishna Modak : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Roy : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Dr. Hirendra Kumar Chattopadhyay : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Suhrid Mullick Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 2,68.40,000 for expendiure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Gobardhan Pakray : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Jagadananda Roy : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Pravash Chandra Roy : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Ledu Majhi : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Shyama Prasanna Bhattacharjee : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Bhandari : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Tarapada Dey : Sir, I beg to move that the demand of Rs. 2,68,40,000 for expenditure under Grant No. 35, Major Head "54—Famine" be reduced by Rs. 100.

Shri Bankim Mukherjee : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Subodh Banerjee : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Pabitra Mohan Roy : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Satyendra Narayan Mazumdar : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Jatindra Chandra Chakravorty : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Syed Badrudduja : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Bhadra Bahadur Hamal : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Gopal Basu : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Saroj Roy : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Sasabindu Bera : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Mihirlal Chatterjee : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Suhrid Mullick Chowdhury : Sir, I beg to move that the demand of Rs.2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Bhandari : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Pravash Chandra Rcy : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Taher Hussain : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Shyama Prasanna Bhattacharjee : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Bijoy Krishna Modak : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Sunil Das : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Basu : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar : Sir, I beg to move that the demand of Rs. 2,16,09,000 for expenditure under Grant No. 43, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100.

Shri Saroj Roy :

মাননীর স্পীকার মহাশয়, আমি খাদ্য মন্ত্রীর বক্তৃতা অত্যন্ত মনযোগ সহকারে শুনছিলাম। তিনি বাংলা দেশের খাদ্য সংকট এবং খাদ্যের দুরবস্থার কারণ বিশ্লেষণ করতে গিয়ে বললেন বাইরে থেকে ৪০ লক্ষ লোক লুটে পুটে খাচ্ছে এটাই অন্যতম প্রধান কারণ বলে এই হাউসএর সামনে রাখবার চেষ্টা করলেন। আর সাধারণ লোককে বললেন ব্যবসা করে খাওনা কেন। আমি জিজ্ঞাসা করি এখানে আপনারা কিসের জন্য আছেন। সেদিক থেকে কোনরকম জবাব তিনি দিলেন না। কেলব বলে দিলেন বাইরে থেকে ৪০ লক্ষ লোক এসে লুটেপুটে খাচ্ছে আর তোমরা সাধারণ লোক চরেমরে খাও আমাদের করনীয় বিশেষ কিছু নাই। তিনি যেভাবে সমগ্র বিষয়টা এখানে রাখবার চেষ্টা করলেন তাতে ১৯৬০।৬১ যে খাদ্যনীতি তিনি গ্রহণ করছেন তাতে এক কথায় বলা যায় সব ঠিক আছে তোমরা ভাবনা কোরনা। সাধারণ মানুষ আশা করেছিলো যে তার খাদ্যনীতি এবং উড়িষ্যা থেকে যে চাল আনবেন সে সম্বন্ধে একটা সুস্পষ্ট নীতি তিনি এখানে ঘোষনা করবেন। আজ সাধারণ মানুষ জানে বারবার তার খাদ্যনীতি বড় বড় মজুতদার ও চোরাকারবারীদের স্বার্থ রক্ষার জন্যই এবং সাধারণ মানুষ ক্রমশঃ দরিদ্র এবং চরম খাদ্য-সংকটের সম্মুখীন হয়েছে। এটাই সাধারণ মানুষ তার অভিজ্ঞতার ভিতর দিয়ে শিখেছে। এবং দলীয় রাজনীতি সফল করাই এদের উদ্দেশ্য এবং তাই বারবার প্রমাণিত হয়েছে।

[9-30—9-40 a.m.]

এদিক থেকে আপনার সামনে আমি একটা প্রমাণ রাখতে চাই। আমি গত বছর বিভিন্ন সোর্স থেকে এবং খুব বিশ্বাসযোগ্য সোর্স থেকে খবর পেয়েছি যে বিশেষকরে গত বছর বাংলা দেশের কিছু কিছু বড় বড় মিল মালিক ও মজুতদাররা অন্ততঃ কম করে হলেও প্রায় ১৫ লক্ষ টন ধান কিনেছে। মিঃ স্পীকার স্যার, আপনি নিশ্চয়ই জানেন যে এই ১৫ লক্ষ টন ধান থেকে ১০ লক্ষ টন চাল হবে এবং বাংলাদেশের কৃষকদের কাছ থেকে সেই ধান তাঁরা ৯।৯॥ টাকায় কিনে নিল, অবশ্য শেষের দিকে ১২।১৩ টাকাও উঠেছিলো—কিন্তু যদি গড় ধরি তাহলে ঐ ১২ টাকাই দর ছিল বলতে হবে। কাজেই এই দরে ধান কিনলে চালের মণ হয় ১৮ টাকা এবং তারপর মিলিং কষ্ট, ক্যারিং কষ্ট এবং ডেফিসিট প্রভৃতির জন্য যদি ১॥০ টাকা খরচ ধরি তাহলে দাড়াচ্ছে ১৯॥০ টাকা এবং তারপর যদি ন্যায্য লাভ প্রতিমণে ১॥০ টাকাও ধরি তাহলে ২১ টাকা করে প্রতিমণ দাড়াচ্ছে, এবং এইভাবে যদি তাঁরা বাজারে চাল ছাড়তেন তাহলে তাদের প্রফিট হোত ৪ কোটী ৫ লক্ষ টাকা। কিন্তু গত বছর বাজারে চালের যে দর ছিল তা' যদি কম করেও ধরি তাহলে দেখবো যে ৩০।৩৫।৩৭ টাকা পর্য্যন্তও উঠেছিল—অবশ্য কখনও কখনও ২১।২২ টাকাও নেবেছিল, কিন্তু গড় ধরলে দেখা যাবে যে ২৬ টাকা সব সময়ই ছিল এবং এতে তাদের অ্যাডিশনাল প্রফিট হয়েছে ১৩ কোটী ৫০ লক্ষ টাকা। কাজেই দেখা যাচ্ছে যে বাংলাদেশের কয়েকটি মুষ্টিমেয় বড়বড় জোতদার ও মজুতদার গত বছর ১৩ কোটী ৫০ লক্ষ টাকা বাড়তি প্রফিট করেছে এবং যার সুযোগ এঁরাই করে দিয়েছে। কিন্তু এত কাণ্ড করার পর আজ প্রফুল্লবাবু যেভাবে এগুলিকে এড়িয়ে গেলেন তা' অত্যন্ত লজ্জার কথা। তাঁর সাহস হল না সামনাসামনি দাঁড়িয়ে একথা বলতে যে বাংলাদেশের মানুষ মরে মরুক কিন্তু আমরা এই নীতি নিয়েছি এবং এই নীতি নিয়েই চলব। কাজেই আমরা দেখছি যে একদিকে তাদের ঐ লাভের ফলে অন্য দিক দিয়ে দেশের গরীব জনসাধারণ চুড়ান্ত কষ্টের

মধ্যে দিন যাপন করছে। উনি খুব অঙ্ক বষা লোক তাই একটা হিসেব দিয়ে বললেন যে আমাদের খাদ্যের পরিমান খুব বাড়ছে এবং ঘাটতি হচ্ছেনা। কিন্তু সরকারী হিসেবেই আমরা দেখছি যে ১৯৪৭ সালে ১·৮৩ লক্ষ টন ঘাটতি, ১৯৫৭ সালে ৩ লক্ষ টন ঘাটতি, ১৯৫৮ সালে ৭ লক্ষ টন ঘাটতি, ১৯৫৯ সালে ৯·৫ লক্ষ টন ঘাটতি এবং ১৯৬০ সালের প্রথম দিকে যে হিসেব দিলেন তাতে দেখছি ১৪ লক্ষ টনের মত ঘাটতি হয়েছে—অবশ্য শেষের দিকে আবার বললেন যে ৬ লক্ষ টন ঘাটতি হয়েছে। আমাদের এ পাশের এক বন্ধু বললেন যে ওঁর হিসেবে ভুল আছে। কিন্তু এখন দেখছি তিনি ঠিকই বলেছেন কেননা যে তথ্য এখানে পরিবেশন করলেন তা ঠিক নয়। আমাদের উৎপাদনের পরিমান না বাড়াব ফলে আজ গ্রামের কৃষক সাংঘাতিকভাবে যা খাচ্ছে। কিন্তু আশ্চর্য্যের বিষয় যে এঁরা শুধু ন্যাচারাল ক্যালামিটির নাম দিয়ে তাকে এড়িয়ে যেতে চায়। কিন্তু আজ যদি আমরা প্রতি একরের ফলনের হিসেব নেই তাহলে দেখব যে শুধু ন্যাচারাল ক্যালামিটির জন্যই যে ফলন কম হচ্ছে তা নয়, উৎপাদনের যে নীতি এঁরা গ্রহণ করেছে সেটাই তার প্রধাণ কারন। কেননা ১৯৩৭ সালে বাংলাদেশে পার একর প্রোডাকশন হোত ১২.১৪ মণ কিন্তু ১৯৫০ এবং ১৯৫৪ সালে সেখানে হোল ১১.০৯ মণ, ১৯৫৯ সালে হোল ১০.৬৩ মণ এবং এখন আবার তার থেকেও কমে এসেছে। এ ছাড়া আর একটা কথা বলে আমি দেখিয়ে দেব যে সোজা কথায় বলতে গেলে এঁরা সমগ্র দেশকে একেবারে ভিখারীতে পরিণত করে দিচ্ছেন। কেননা আপনাদেরই একটা হিসেব থেকে পাওয়া যায় যে ১৯৫৫ সালে যেখানে ১·৫ লক্ষ ক্ষেতমজুর ও দরিদ্র লোক সরকারী রিলিফের উপর নির্ভরশীল ছিল সেটার সংখ্যা বেড়ে গিয়ে ১৯৫৮ সালে দাঁড়াল ৫ লক্ষ লোক। অর্থাৎ যেখানে ১৯৫৫ সালে রিলিফের উপর ১.৪ লক্ষ লোক নির্ভরশীল ছিল আজ সেটা বেড়ে প্রায় ৫ লক্ষ লোক রিলিফের উপর নির্ভরশীল হয়েছে। এ ছাড়া যাদের রিলিফের প্রয়োজন খুব বেশী ছিল তা তারা সময়মত সকলেই পায়নি। আমরা জানি প্রতি বছর জ্যৈষ্ঠ মাসের পর থেকে লোক অনাহারে মরে এবং কোন কোন জায়গায় লোককে উপবাসে দিনের পর দিন থাকতে হয়। এই হচ্ছে প্রকৃত বাস্তব অবস্থা। কিন্তু সরকারকে দিতে হয় বলে তাঁরা কম করে এই হিসাব দাখিল করেন। এইভাবে সরকার এক-দিকে বড়বড় মজুতদারদের লাভ করিয়ে দিচ্ছেন, আর একদিক দিয়ে দরিদ্র জনসাধারণ যারা চূড়ান্ত দুর্দশায় পড়েছে তাদের কিছু কিছু করে রিলিফ দিচ্ছেন। গণতান্ত্রিক রাষ্ট্রের প্রতিটা মানুষের দাবী হচ্ছে খেতে চাওয়া। কিন্তু তারা যখন এটা চায় তখন তাদের কপালে এসে পড়ে লাঠি গুলি এবং শেষ পর্য্যন্ত মৃত্যু। ১৯৫৯-৬০ সালে যদিও সরকার কিছু চাল কিনে রেখেছিলেন, কিন্তু ১২ বছর ধরে তাঁরা যে নীতিতে চলছেন অর্থাৎ কি করে একচেটিয়া ধনীদের লাভ করিয়ে দেওয়া যায়—সেই নীতি থাকার ফলে ১৯৫৯ সালে ভীষন খাদ্য সঙ্কটের ভেতর দিয়ে আমাদের যেতে হয়েছিল। ১৯৬০-৬১ সালে সরকার নূতন যে নীতি গ্রহণ করেছেন সেটা হল উড়িষ্যা এণ্ড ওয়েষ্ট বেঙ্গলকে একটা ফুড জোনএ পরিণত করা। এর ফলে আমরা দেখছি যে উড়িষ্যার ধান আজকে বাংলাদেশের মজুতদের তুলে দেবার একটা ব্যবস্থা হল। সবচেয়ে আশ্চর্য্যের বিষয় যে এইভাবে জোন করে দিয়ে নিজেরা সেই ধান চাল কেনার দায়িত্ব গ্রহণ করলেননা। সুতরাং এটা থেকেই প্রমাণিত হয় যে বড় বড় মজুতদার শুধু বাংলাদেশের ধান চাল কিনেই লাভবান হোক তা নয়, উড়িষ্যা থেকেও ধান চাল কিনে তাদের লাভের রাস্তা বাড়াবার সুযোগ করে দিলেন। তারপর প্রথমদিকে যেখানে তাঁরা বললেন যে ১৪ লক্ষ টন ঘাটতি হবে সেখানে তারপরে হঠাৎ বললেন বাম্পার ক্রপ হয়েছে।

অর্থাৎ প্রফুল্লবাবু এই বাম্পার ক্রপ হয়েছে বলে কেন্দ্রীয় সরকারের কাছে তার নীতি যে ভাল এটাই প্রমাণ করলেন। বাংলাদেশের কৃষি নীতি ভাল এবং তারফলে যে বাম্পার ক্রপ হয়েছে এই কথা বলে কেন্দ্রীয় সাহায্য যাতে কম হয় সেই রাস্তা তিনি পরিস্কার করলেন। গত বছরের অবস্থার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তাঁকে অনেক খারাপ কথা শুনতে হয়েছিল। সেজন্য নিজেকে সেফ রাখার জন্য বাংলার প্রকৃত ঘাটতির কথা তিনি চেপে গেলেন। বণ্টনের সময় বললেন যে কত লক্ষ টাকা নাকি খরচ করতে হয়েছে। এই বণ্টনের ক্ষেত্রে তারা নানারকম রাজনীতি করেন।

[9-40—9-50 a.m.]

কলকাতা শহর এবং মফঃস্বলের দিকে যদি দেখি তাহলে রেশান ডিষ্ট্রিবিউশানের ক্ষেত্রে কলকাতা এবং মফঃস্বলের মাঝখানে যে একটা তফাৎ রয়েছে সেটা অনেকখানি পরিষ্কার হয়ে যায়। বর্ত্তমান বাজেটে দেখছি ক্যালকাটা ইনক্লুডিং ইণ্ডাষ্ট্রিয়াল এরিয়া সেখানে এঁরা দিয়েছেন ৩ কোটি ১৬ লক্ষ ৫৫ হাজার টাকা, ডিষ্ট্রিক্ট ডিষ্ট্রিবিউশানে তাঁরা দিয়েছেন ৩ কোটি ৫১ লক্ষ ৮ হাজার ৯ শত টাকা। রিভাইজ বাজেটে প্রতিবারে দেখা যায় প্রচুর তারতম্য—কলকাতার দিক থেকে বাড়ে, গ্রামের দিক থেকে কমে। এই রকমভাবে আমি শুধু ১৯৫৮-৫৯ সালের এ্যাকচুয়াল বাজেট দেখাচ্ছি। ক্যালকাটায় হল ২৬ লক্ষ ১৩ হাজার ৩ শত ১৯, ডিষ্ট্রিক্টে সেটা দাঁড়াল ২৩ লক্ষ ৪৭ হাজার ৩ শত ৩৫। অবশ্য কলকাতায় যেটা দেওয়া হয় সেটা যথেষ্ট এটা আমি মোটেই বলতে চাই না—কলকাতায় আরও বেশী দেওয়া দরকার। কিন্তু কলকাতা ইণ্ডাষ্ট্রিয়াল এরিয়াতে যেটুকু নজর দেওয়া হয় সেটুকু শুধু এদের স্বার্থের জন্য। কলকাতা এবং ইণ্ডাষ্ট্রিয়াল এরিয়ার লোকের যথেষ্ট রাজনৈতিক কন্সাসনেস আছে। সেখানে যদি গোলমাল করেন তাহলে এঁদের রাজ্যের ধমটুকু নষ্ট হয়ে যাবে। গ্রামের অবস্থা আরও অনেক বেশী খারাপ। গ্রামের দিকে প্রথমে তাঁরা বাজেটে অনেক টাকা ধরেন কিন্তু শেষ দিকে দেখা যায় কমে যায়। এদিকে টাকা বাড়াবার জন্য কোন লক্ষ্য নেই—লক্ষ্য কেবল ভোটের দিকে। তাঁরা জানেন কলকাতার মানুষকে যদি সন্তুষ্ট রাখতে পারা যায় তাহলে কলকাতার ভোট পাওয়া যাবে এইটাই তাঁদের লক্ষ্য। বর্ত্তমানে মানুষকে বাঁচানোর যে নীতি, জনসাধারণের মঙ্গল করার যে নীতি সেটা না রয়েছে ফুডে, না রয়েছে ফেমিনে—কোনরকম নীতি এঁদের নেই। তাছাড়া ফেমিন এবং রিলিফ খাতে টাকা বাড়াটা কোন সুলক্ষণ নয়, তাতে প্রমাণ হয় সারা বাংলাদেশকে এরা ভিখারীতে পরিণত করেছেন। তারপর, রিলিফ বণ্টনের মধ্যে নানারকম দলীয় রাজনীতি চলছে, সেটার প্রমাণ পরে দিচ্ছি। আপনারা কয়েক বছর যাবৎ নেচারাল ক্যাটাসট্রপির আর্গুমেণ্ট দিচ্ছেন—সেখানে কত খানি জঘন্যতম রাজনীতির খেলা যে এরা খেলেন তারও একটা প্রমাণ দিচ্ছি। স্যার, আপনি জানেন ১৯৫৬ এবং ১৯৫৯ সালের বাংলাদেশে বন্যা হয়েছিল। কিন্তু বাজেটে সরকারী হিসাবে আছে ১৯৫৬ সালে বাংলাদেশে যে বন্যা হয় তাতে ক্ষতি হয় প্রায় ১১ কোটি টাকা। ১৯৫৯ সালে ক্ষতির পরিমান ৪০ কোটি টাকা—প্রায় ৪ গুণ এবং ডিভাসটেশান অনেক বেশী। ১৯৫৬-৫৭ সালে ফেমিন খাতে খরচ হয় ৬ কোটি ৪৫ লক্ষ ৪০ হাজার টাকা, ১৯৫৯-৬০ সালে খরচ হয় ৬ কোটি ১৪ লক্ষ ৪ হাজার টাকা। ১৯৫৬ সালের বন্যার চেয়ে ১৯৫৯ সালে বন্যায় অনেক বেশী ডিভাস্টেশান হয়েছে, ৪ গুণ ক্ষতি হয়েছে অথচ রিলিফের ক্ষেত্রে ১৯৫৯ সালের চেয়ে ১৯৫৬ সালে বেশী ধরা হয়েছিল তার কারণ ছিল ১৯৫৬-৫৭ সাল

ইলেকশানের বছর, গ্রামাঞ্চলে যদি ভোট কিনতে হয় তাহলে ইলেকশানে জেতার বড় যন্ত্র হিসাবে মানুষকে ভিক্ষার চাল দিতে হবে, রিলিফ দিতে হবে। এই হাউসে আলোচনা হয়েছিল হুগলী ডিষ্ট্রিক্টের জন্য যে টাকা ১৯৫৬, ১৯৫৭ সালে অ্যালট করা হয়েছিল তার ৯০ পার্সেণ্ট চলে যায় প্রফুল্লবাবুর আরামবাগে। এইভাবে রিলিফের ক্ষেত্রে বলুন, খাদ্যের ক্ষেত্রে বলুন সেখানে দুটো জিনিস আমরা দেখতে পাই—রিলিফের ক্ষেত্রে দলীয় রাজনীতি এবং খাদ্যের ক্ষেত্রে বড় বড় জোতদার, বড় বড় একচেটিয়া হোডারস যারা রয়েছে তাদের কি করে লাভ করিয়ে দেবেন এই দুটো নীতি নিয়ে তাঁরা চলেছেন। কাজেই বর্ত্তমানে তাঁরা যে নীতি নিয়েছেন তারফলে অবস্থা আরো খারাপ হবে বলে আমরা মনে করি। সরকারের হাতে ধান নেই, উড়িষ্যার ধানচাল সব বড় বড় হোর্ডারসের ঘরে চলে যাচ্ছে এবং সেণ্টারের কাছ থেকে যেটুকু চাল পাওয়ার সম্ভাবনা ছিল সেটুকুও তাঁরা বন্ধ করে দিচ্ছেন যার ফলে বাংলাদেশের ভবিষ্যৎ অন্ধকার। আমরা মনে করি যদি আপনারা এই নীতির পরিবর্ত্তন না করেন এবং ধানচাল যদি না কেনেন তাহলে বাংলা দেশের দুর্দিন দেখা দেবে এবং সেটা সাধারণ মানুষ সহজে গ্রহণ করবেন না। তাঁরা আরো ব্যাপকভাবে আন্দোলন করবেন এবং সংগ্রাম করবেন। নীতি লোভের বশবর্ত্তী হ'য়ে যে আপনারা গ্রহণ করেছেন সেই লোভের যে পাপ তার দ্বারাই আপনাদের মৃত্যু হবে।

Shri Deben Sen :

মাননীয় স্পীকার মহোদয়, আমি সর্বপ্রথমে প্রশ্ন করতে চাই বাংলাদেশের খাদ্যাবস্থার উন্নতি হবে কিনা, আমরা সস্তাদরে চাল পাবো কিনা এবং প্রত্যেক ঘরে ঘরে লোক চাল পাবে কিনা? একথা ঠিক যে এখানে ৪০ লক্ষ অবাঙ্গালী আছে—আজকে এসেছে, কালকে এসেছে, পরশু এসেছে? একদিনে হঠাৎ বেড়েছে, আপনাদের ক্যালকুলেশন নেই? আপনি বলছেন ৩০ লক্ষ রেফিউজী এসেছে আজ এসেছে, কাল এসেছে? বরঞ্চ তাদের তো তাড়ানো, হচ্ছে। সুতরাং আমাদের দাবীর সংগে আপনার বিবৃতির কোন সংযোগ নেই। আপনি বলছেন লোকসংখ্যা বেড়েছে—আজকে বেড়েছে? তার হিসাব আপনার নেই? প্রতি বছর তো বাড়ে ১·২ কিম্বা ১.৬ করে। ইউ,পিতে, বিহারে, পাঞ্জাবে বাড়েনি? অন্য কোন জায়গায় বাড়েনি? বাংলাদেশে হঠাৎ রাতারাতি আপনার বক্তৃতা দেবার আগের দিন বেড়ে গেল—তাদের হিসাবের মধ্যে রাখতে পারেন নি? সুতরাং আমি বলতে চাই এই প্রশ্নের জবাব চাই যে বাংলাদেশের খাদ্য সংকট দুর হবে কিনা? আপনি বলছেন নিয়ন্ত্রণ করবো কি করবো না, বিনিয়ন্ত্রণ হবে, না মধ্যপন্থা অবলম্বন করবো—এ প্রশ্ন আমাদের কাছে কেন? এই প্রশ্ন ক্যাবিনেটে করবেন। আমাদের কাছে কেবল জানাবেন নিয়ন্ত্রণ ছিল, তুলে দিয়েছি। বিনিয়ন্ত্রণ হয়েছে, চালের দর কমেছে। আপনি কান্নাকাটি করছেন উড়িষ্যা থেকে চাল আসতো তা বন্ধ হয়ে গেছে—এবার আসছে। তাতে চালের দর কমেছে? আপনি বলছেন কেন্দ্রীয় সরকার বারেবারে বলছেন যে তোমাদের ডেফিসিট আমরা পুরণ করবো—তবে আপনার সমস্যা দুর হয় না কেন? আপনার ফিগারে দেখছি ১৯৬০ সালে চালের দর ছিল জানুয়ারী মাসে ১৯.৩৪ নয়া পয়সা, ১৯৫৮ সালের জানুয়ারী মাসে ছিল ২২'৫২ নয়া পয়সা এবার জানুয়ারীতে কত দর ছিল? কেন্দ্রীয় সরকারের চাল পেয়েছেন, উড়িষ্যার চাল এসেছে, বিনিয়ন্ত্রণ করেছেন তবুও এবার ২৫।২৬ টাকা চালের দর এবং যখন চাল আসে তখন যদি ২৫ টাকা ২৬ টাকা দর হয় তাহলে জুন জুলাই আগষ্ট মাসে কি হবে? তখন তো ৩০।৩১।৩২ টাকা দর

হবে কিনস হবে। সুতরাং আপনি কোন পন্থা অবলম্বন করবেন তা আমি জানতে চাচ্ছি না, আমি জানতে চাই সস্তাদরে আমরা চাল পাবো কিনা, তার উওর কিছু দিন।

[9-50—10 a.m.]

আমি দেখছি, আমার মতে খাদ্য সংকট আপনারা দূর করতে পারবেননা। আপনি বার বছর ধরে চেষ্টা করছেন পারেননি, এবং ভবিষ্যতেও পারবেননা। তার প্রধানত দুটো কারণ। প্রথম কারণ হচ্ছে আপনার বিনিয়ন্ত্রণ নীতির দরুন সমগ্র খাদ্য ব্যবস্থা কুক্ষিগত হয়েছে কতক গুলি, মুষ্টিমেয় লোকের হাতে। সেই লোকেরা কারা ? তারা হচ্ছে মিলের মালিক, চাল কলের মালিক, হোলসেল ডিলার্স, বড বড জোতদার এবং এক্স-জমিদার তাদের হাতে এটা কনসেণ্ট্রেটেড হয়েছে। দ্বিতীয় কারণ হচ্ছে আপনার যে ডিপার্টমেণ্ট, অর্থাৎ আপনার নিজের মন্ত্রী মণ্ডল এদের সঙ্গে যোগাসাজে আছে, এবং আপনাদের শৈথিল্য ও অযোগ্যতা। সুতরাং বাংলার খাদ্য সংকট দূর হতে পারে না। এই যে সমস্যা যার নাম করে আমি প্রথম বলেছি কনসেণ্ট্রেশন—সে সম্বন্ধে কোন উল্লেখ আপনার রিপোর্টে নেই। অথচ এ্যাগ্রিকাল-চারাল এ্যাগ্রো ইকোনমিক সার্ভে সেণ্টার তাঁরা এই কথাটা উদ্ধৃত করেছেন, কিন্তু আপনি এই পয়েণ্টটা উদ্ধৃত করেননি। তাঁরা বলছেন

"It has been found that the wholesale dealers and even millers are in reality large farmers with holdings of 50 acres and above. They combine in them a number of functions in their business activities. Some of them even own grocers' shop and some others are dealers in fertilisers. In both these capacities they often extend credit to the small producers on condition that the repayment is effected in paddy after harvest. It is in this way that the big producers and some of the ex-zemindars started acquiring command over paddy stocks after harvest."

সুতরাং এই কোটেশান এর ভিতর লক্ষ্য করবার বিষয় আছে। পঞ্চাশ একরের উপর যারা জোতদার বা এক্স জমিদার তারা সমস্ত ফাংসন কম্বাইন করেছেন এবং দাদনের মারফৎ আমাদের দরিদ্র চাষীদের সমস্ত ধান চাল তাঁরা দখল করে নেন ; এবং এইভাবে ধান চাল দখল করে নিয়ে তারা সমস্ত কিছু কণ্ট্রোল করছেন। আমি বিশেষ করে এই এক্স জমিদার্সদের উপর আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

সেদিন মাননীয় সদস্য শঙ্করদাস ব্যানার্জি মহাশয় খাজনা একেবারে উঠিয়ে দেবার কথা বলেছেন। আমি তাঁর একথা শুনে খুব খুশী হয়েছি। কিন্তু তিনি যখন এক্স-জমিদার্সদের কম্পেন্সেশান দেবার কথা বলেন, তাতে মোটেই খুসী হতে পারিনি। কেন আমরা এক্স-জমিদার্সদের কম্পেন্সেশান দেবো ? তারাত সাপে বর হয়েছে। আমি সেদিন ষ্টেটসম্যান পত্রিকার এক সংবাদে দেখলাম উড়িষ্যা থেকে আমাদের এখানে চাল আসবার পর কোন এক বিশিষ্ট ব্যক্তি লক্ষপতি হয়েছেন। সুতরাং আজকে ৫০ একর জমির উপর মালিক কয়জন আছে ? আমি দেখলাম বাংলাদেশে ২৫ থেকে ৩৩ একর জমির যারা মালিক তাদের সংখ্যা হবে ১৩ হাজার ; আর যারা ৫০ একর জমির মালিক, তাদের সংখ্যা হবে দু-শো জন ; এবং এঁরাই সবকিছু কণ্ট্রোল করছেন। আপনি একটা কথা বলেছেন যে লোকে আজ-কাল বেশী খাচ্ছে। এ খবর আপনি কোথা থেকে পেলেন জানিনা। এই বইতে বলছে সার্ভে করা হয়েছে বোলপুরে ৯.৬ পার সেণ্ট কনজাম্পশন কমে গিয়েছে এবং বর্দ্ধমানে যে

সার্ভে করা হয়েছে তাতে দেখা যাচ্ছে ১.২ পার সেণ্ট কনজাম্পশন কমে গিয়েছে। তবুও আমাদের খাদ্য সংকট দুর হল না কেন ? আমি জানি বাংলাদেশে যে ৪০ লক্ষ টন খাদ্য উৎপন্ন হয়ে থাকে, তার দাম হয় ২ শো ৭০ কোটী টাকা। কিন্তু বাংলাদেশে এছাড়া আর এমন কোন জিনিষ উৎপন্ন হয়, যার দাম হবে এত টাকা ? পাট, জুটের ব্যাপারে আমরা দেখেছি ১৬৩ কোটী টাকা। কোল, ইঞ্জিনীয়ারিং, টি-গার্ডেন ইত্যাদি ব্যাপারেও প্রায় তাই দাঁড়ায়। সুতরাং বাংলাদেশে নেশান্যাল ওয়েলথ্‌এর ব্যবস্থা করে আমাদের দেশের চাষীরা, এবং এটা সর্ব্ব ভারতীয় সত্য যে আমাদের নেশান্যাল ওয়েলথ্‌এর ৬০ পার সেণ্ট এ্যাগ্রিকালচার থেকে আসে। সেই নেশান্যাল ওয়েলথ্‌এর উপর হস্তক্ষেপ করে, সেটাকে লেনদেন করছেন কারা ? আমরা জানি এই সমস্ত বড় বড় মিল মালিক, মাড়োয়ারী ব্যবসাদার, তাঁরাই।

তারা যমদুতের মত বসে আছে। ষ্টেটস্‌ম্যান এ আমরা দেখছি ফিফিক্টিসাস নাম দিয়ে উড়িষ্যা থেকে চাল পাঠান হচ্ছে বাংলাদেশে, আপনারা খবর নিন, পুলিশ দিয়ে বার করুন পুলিশ বাজেটেতো এত টাকা নিচ্ছেন। খয়রাতির জন্য আমরা টাকা দেব, ২ কোটী ১৬ লক্ষ টাকার জায়গায় ১০০ কোটী টাকা দেব, দাবী উপস্থিত না করলেও কিন্তু পুলিশ কি ধরেছে উড়িষ্যা থেকে যে চাল আসে কোথায় যায় ; ষ্টেটস্‌ম্যানে বেরিয়েছে রানাঘাটে আনাগোনা হয় লোডিং আনলোডিং হয়, সেই চাল কি পাকিস্থানে যাচ্ছে না ? বিহারে চলে যাচ্ছে না ? আজকে আসতে আসতে রাস্তায় ট্যাক্সি ড্রাইভার আমাকে বলছিল উড়িষ্যা থেকে যে চাল আসে তা খারাপ, রেশন দোকানে আমি নিজে গিয়ে দেখেছি সে চাল খাওয়ার উপযুক্ত নয়। বাংলার চাল বাইরে চলে যাচ্ছে তা আটকাতে পাচ্ছেন না, বরাকরে আপনি নিজে যাবেন আমাদের সংগে চাল রাতারাতি কোথায় চলে যাচ্ছে, পুলিশ আটকাতে পাচ্ছেনা। সুতরাং আপনি টাকার জন্য দাবী আনতে পারেন না। খয়রাতি চাল দেব। আমি জানতে চাই চালের দর কমাবেন কিনা ? আজকে আমরা দেখছি বড় বড মহাজন, মিল মালিক দাদন দিয়ে ছলেছে মেদিনীপুরে টাকাওয়ালা দাদন দিচ্ছে—এক মণ চাল দিয়ে দু মণ নেওয়া হয়, ইংরেজ আমলে কি ছিল তা ? মহাজনী আমলে কি তা ছিল ? মহাজনরা আমাদের জমি নিত কিন্তু ফসল নিতে পারত না, নীলকরের অত্যাচার করত, তাহলে সেদিনের সেই শোষণ আর এই শোষণে তফাৎ কোথায় ? এই যে টাকাওয়ালা দাদন ডিসেম্বর জানুয়ারীতে ১ মণ দিয়ে ফেব্রুয়ারী মার্চ্চে ৩ মণ আদায় করছে এটা কি ? বিমলবাবু ঠিকই বলেছেন রেণ্ট এর ভার আজকে ততটা বোঝার নয়, তাদের উপর চাপ হচ্ছে ঋণের এবং দাদনের। তাই আমি বলছি আপনি বাংলাদেশের যে চিত্র দিচ্ছেন সেটা উপরকার চিত্র এটাতো সকলেই জানে স্কুলএর ছেলেরাও জানে যে আমাদের ৪০ লক্ষ বহিরাগত রেফিউজী এসেছে, এটাতো তাদের এসের ব্যাপার, স্কুলের ছেলেরাও এসব জানে। আজকে বাংলার চিত্র কি, কৃষক কুলের কি অবস্থা। তাদের চাল কোথায়, সে খবর কি আপনার নেই ? সমস্ত জিনিষ বেঁধে দিয়েছেন, দর বেঁধে দিয়েছেন কিন্তু তারা কি সেই দর বাজারে পেয়েছে ? আমি বলছি সরকারহ দায়ী এরাই সহযোগিতা করছে কোলাকোলি করছে ব্যবসায়ীদের সংগে এবং তার লক্ষণ হলো তাঁর বিবৃতি। ডিসেম্বর মাসে কেন উনি বিবৃতি দিলেম যে বাম্পার ক্রপ হয়েছে ? কি যুক্তি ছিল ? কে খবর দিল যে বাম্পার ক্রপ হয়েছে ? এই বিবৃতি দেবার কি প্রয়োজন ছিল ? এইসব বলে তিনি ব্যবসায়ীদের সুযোগ করে দিলেন। তাই সমস্ত কৃষকদের ধান

চাল মহাজনদের ঘরে চলে গিয়েছিল তারা গো-ডাউনএ উপস্থিত করে দিয়েছিল, কি দরে তারা পৌঁছে দিয়েছিল? কাজেই বিবৃতি দেওয়ার কি সঙ্গত কারণ ছিল? ষ্ট্যাটিষ্টিক্যাল ডিপার্টমেণ্ট এর যে খবর সেটা কি সত্য বলে প্রমাণিত হয়েছে? কোথায় প্রমাণিত হল? আমি তমলুকে গিয়েছি, কাঁথিতে গিয়েছি, যে কথা বলেছিলেন বাম্পার ক্রপ হয়েছে কোথায়? কোথাওতো সেকথা শুনিনি? ক্রপ কাটিং এর নমুনা জানেন?

[.10—10-10 a.m.]

শ্রদ্ধেয় মোহনবাবু বলেছিলেন—তাঁরই পাশে এক জমিতে আলের ধারে ধারে যেখানে একটু জল আছে, সেখানে ভাল ফসল হয়েছে, তার স্যাম্পল নেওয়া হয়েছে। কিন্তু মাঝখানে যেখানে ধানের গাছগুলি ঝড়ো কাশের মত হয়ে রয়েছে, সেখানকার রেকর্ড নেওয়া হয় নাই। তাদের এষ্টিমেট ৪০ মণ,—মোহনবাবুর এষ্টিমেট সেখানে ২০ মণ হয়েছে। তার কথার উপর আপনারা নির্ভর করবেননা। আপনাদের ষড়যন্ত্রের বাহন হচ্ছে ঐ ষ্ট্যাটিষ্টিক্যাল ডিপার্টমেণ্ট। আপনি নিজে তাদের এখান থেকে কণ্ট্রোল করেন এবং এই সব কথা তাদের দিয়ে বলান হয়। সেকথা আমিও শুনেছি। এত বীজ সরবরাহ করেন, এত গ্র্যাচুইটাস রিলিফ দিয়েছেন তার কোন ফল হয়না। সবকিছু লুকানোর জন্য—ট্যাটিষ্টিক্যাল ডিপার্টমেণ্টে পাঠানো হয়—আপনাদের ফসল হয়না, তারজন্য পাঠাতে হয়। আপনার বাজেট—২ কোটী ১৬ লক্ষ টাকার। আপনি গত বছর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কত লক্ষ টন চাল পেয়েছেন, তার হিসেব কই? প্রোকিউর করেছিলেন ৮০ হাজার মণ, কত টাকায় তা কিনেছিলেন? কত টাকা তা বিক্রী করেছিলেন? এখনো কত ষ্টক আছে? কোন লোকসান হয়েছে কিনা? কত টাকা লাভ হয়েছে? তার কোন হিসেব দিয়েছেন? আপনার গলতি থাকুক, লাভ হোক্ সবকিছু হিসাব দিলে ধরতে পারতাম। বাজেটের কোথায় সে হিসেব? উড়িষ্যা থেকে কত চাল এসেছে? আপনি উড়িষ্যার চাল কতটা ডিষ্টিবিউট করেছেন—বাংলাদেশে? তার কোন হিসেব আপনার বিবৃতি ও বাজেটে আছে বলে আমরা দেখতে পাচ্ছিনা। সেইজন্য আমি বলতে চাই—আপনার রেশনসপের হিসেব নিন্। আপনি বলছেন ১২ হাজার রেশনসপ আছে পশ্চিমবাংলায়। কোথায় আছে? কাগজে। কলকাতায় মফঃস্বলে—রেশনসপ আছে? হয় লিষ্টে আছে। ভুয়ো কার্ড যেমন থাকে, তেমনি ভুয়ো রেশনসপও লিষ্টে থাকতে পারে। আসানসোল এলাকায় ২৩০টী কোলিয়ারী আছে,—তারা দেশের সম্পদ সৃষ্টি করছে। সেখানে একটীও রেশনসপ্ আছে? আর যেসব রেশনসপ্ আছে, তাতে চাল পাওয়া যায়? আমরা কোথাওতো দেখিনা। আমি নিজে ঘুরে দেখে এসেছি। গ্রামের কোন জায়গায় রেশনসপে চাল পাওয়া যায় কিনা—আপনি গিয়ে দেখে আসুন। বঙ্কিমবাবু একদিন লিখেছিলেন—সুজলা, সুফলা, শস্য শ্যামলা। তিনি যদি আজ বেঁচে থাকতেন, তাহলে লিখতে পারতেন—সুজলা, সুফলা এবং শস্য-শ্যামলা—কোথাও নাই এই বাংলাদেশে। আমি বলতে চাই—খাদ্যবিভাগ ও খাদ্যমন্ত্রী রাখার প্রয়োজন কি—যদি চালের দাম না কমে? এই খাদ্যবিভাগ ও খাদ্যমন্ত্রী রাখার প্রয়োজন কি—যদি আমাদের চাষীকুল জর্জরিত হয়ে যায়—ঋণের চাপে, দাদনের চাপে? সেজন্য আমি আপনার

কাছ থেকে উত্তর চাই। আপনি হিস্টোরী আওড়াবেননা, ইকোনমিকস আওড়াবেন না, লংটার্ম প্রব্লেমস ইত্যাদি বলে এড়িয়ে যাবেননা। এটা বলবেননা যে ডেফিসিট ষ্টেটে কণ্ট্রোল হয়না। পৃথিবীর কোথাও আপনি দেখবেননা যেখানে সাপরাস সেখানে কণ্ট্রোল হয়। আমি ১৯৪৬ সালে লণ্ডনে গিয়েছিলাম যুদ্ধের পরে সেখানে তখন পারফেক্ট কণ্ট্রোল। সেখানে এক কণাও চাল বা হুইট হয় না। সেখানে তারা কণ্ট্রোল করেছে। প্যারিসে গিয়েছি—সবচেয়ে দুর্মূল্যের জন্য বিখ্যাত, সেখানে দরিদ্র মানুষেরা সস্তা রেটে জিনিষ কিনতে পায়। সুতরাং অবাস্তব কথা—আজগুবী কথা—আমাদের কাছে আপনি উপস্থিত করেন কেন? ক্যাবিনেটে দেবেন সেসব কথা। দুঃখ হয় সেখানে কি কেউ নেই—যে এইসব দাবী করে? আপনি এই ডিপার্টমেণ্টে থাকতে কখনই আমাদের খাদ্যসঙ্কট দুর হতে পারে না। আমাদের হাতে ছেড়ে দিন। দিয়ে এক্সপেরিমেণ্ট করুন, আমরা বলছি, আমরা এই খাদ্যসঙ্কট দুর করে দেবো। হয় আপনি গদি ছেড়ে দিন, নয় আপনার পলিসির পরিবর্ত্তন করুন। এইজন্য আমি আপনার এই বাজেট সমর্থন করতে পারি না, আমি এর বিরোধীতাই করছি।

Shri Sasabindu Bera :

মাননীয় স্পীকার মহোদয়, খাদ্যমন্ত্রী এবং সেইসঙ্গে ত্রাণমন্ত্রীও বটে, তিনি আজকে তার প্রারম্ভিক বিবৃতিতে ত্রাণ কার্য্যের জন্য অন্যান্য বৎসরে কি পরিমাণ অর্থ, কত খাদ্য বণ্টন করেছেন, কত খয়রাতি সাহায্য করেছেন, তার তুলনায় এই বৎসর কি পরিমাণ ব্যয় করবেন তার হিসাব দিয়েছেন। আমি জিজ্ঞাসা করি অন্যান্য বৎসর যা দিয়েছেন, তার তুলনায় এই বৎসর যদি কিছু বেশী টাকা দিয়ে থাকেন, টেষ্ট রিলেফের মাধ্যমে যদি বেশী টাকা দিয়ে থাকেন, বা গ্র্যাচুইটাস রিলিফে কিছু বেশী দিয়ে থাকেন, এ্যাগ্রিকালচরাল লোন বেশী দিয়ে থাকেন তাহলে তিনি বলুন যে এই সমস্যা কি এদিয়ে সমাধান করতে পারছেন। অন্যান্য বৎসরেও তাঁরা দেশের খাদ্য সমস্যার সমাধান করতে পারেননি। এবৎসর অন্যান্য বৎসরের চেয়ে ১২ লক্ষ ৮০ হাজার টন খাদ্য বেশী বিতরণ করেছেন কিন্তু এই সমস্যা সমাধান করতে পারেননি। সুতরাং আমি এই কথা বলি যে দেশের সাধারণ মানুষের অবস্থাটা কি সেটা দেখা দরকার। আমরা দেখছি যে দিন দিন মানুষের অবস্থা আরো খারাপের দিকে যাচ্ছে। কারণ এটা অত্যন্ত স্পষ্ট যে দেশের সাধারণ মানুষ যারা অধিকাংশই কৃষক ও যারা পল্লী অঞ্চলে বসবাস করেন তাদের আয় বাড়াতে পারেননি। অন্যদিকে লোকসংখ্যা বাড়ছে। অধিকাংশ ক্ষেত্রেই এরা যে পরিমাণ জমি চাষ করে তা অত্যন্ত অল্প; তাতে আজ তাদের অনেককেই সাধারণতঃ কৃষি মজুরীর উপর নির্ভর করতে হয়। কারণ যাদের কিছু জমি আছে, যে পরিমাণ জমি তাদের আছে সেগুলি ইকোনমিক্ হোল্ডিং নয়। সেজন্য আজকাল অধিকাংশ লোককে খাদ্য ক্রয় করতে হয়। সেখানে বহু বেকার বেড়েছে কিন্তু সেজন্য নূতন নূতন কোন শিল্প প্রতিষ্ঠিত হয়নি। যাতে তারা জীবিকা উপার্জ্জন করতে পারে। আজকাল অধিকাংশ লোকই নির্ভর করে দিন মজুরীর উপর। কাজেই খাদ্য সমস্যা বৎসরে বৎসরে বাড়ছে এবং সেদিক দিয়ে দেখলে দেখবেন যে মানুষের যে অবস্থা, তার যে প্রকৃত চিত্র, তা অত্যন্ত মর্মান্তিক। আপনারা টাকার অঙ্কের দ্বারা তাদের কথা যদি বলেন তাহলে এই সমস্যার সমাধান করতে পারবেন না। এবং এই সমস্যার পরিচয় দিতে গিয়ে যদি কতকগুলি অঙ্ক তুলে ধরেন তাহলেও জনসাধারণের জীবনের দুঃখ দুর্দ্দশার লাঘব হবেনা। আপনারা টাকার অঙ্কের

ঘোরফেরের মধ্যে দিয়ে প্রকৃত অবস্থাকে চেপে দেবার চেষ্টা করেন। কিন্তু বাস্তবে আমরা দেখছি, আমাদের দেশের অধিকাংশ মানুষ যারা কৃষির উপর নির্ভরশীল, তাদের কৃষিক্ষেত্রে বৎসরের পর বৎসর বিপর্য্যয় দেখা দিচ্ছে। এই বৎসরও সরকার থেকে স্বীকার করা হয়েছে, ফসল ভাল হয়নি। প্রথমে বলা হয়েছিল যে ফসল ভাল হয়েছে পরে দেখা গেল যা আশা করেছিলেন তার চেয়ে অনেক কম ফসল হবে। এটা হবার কারণ কি তা বুঝতে হলে, যাদের খবরের উপর ভিত্তি করে তারা এই সংবাদ দেন তারা কারা সেটা দেখার দরকার আছে। কিন্তু তার আগে সরকারের উচিত দেশের লোকের দুঃখ দুর্দ্দশা স্বীকার করে নিয়ে তার প্রতিকার করা। আজকে শুধু টাকার অঙ্ক দিয়ে দেশকে বাঁচান যায় না। আজকে সরকারের নিম্নতম কর্মচারী বা অফিসার যারা রয়েছেন তারা দেশের অবস্থার প্রকৃত যে চিত্র সেটা সরকারের কাছে তুলে ধরতে চাননা। নীচের যেসমস্ত কৃষি কর্মচারী আছে, বৎসরের পর বৎসর তাদের আমরা কার্য্যকলাপ লক্ষ্য করছি, তারা কৃষি ফসল বাড়িয়েই দেখাতে চেষ্টা করেন এবং যে পরিমাণ ফসল হয়েছে তারচেয়ে বেশী করে দেখাতে চান। এর একটা কারণ আছে, কারণ এর উপর তাদের পদন্নোতি, বেতন বৃদ্ধি নির্ভর করে। তাই সরকার দেশের প্রকৃত অবস্থা জানতে পারে না। এর ফলে এই হাউসে তারা যে চিত্র তুলে ধরেন আমাদের সামনে, সেটা বাস্তব চিত্র নয়।

[10-10—10-20 a.m.]

কৃষকদের অবস্থা অত্যন্ত শোচনীয়। পশ্চিম বাংলায় যে বিরাট বন্যা হয়ে গেল তাতে তাদের সর্ব্বাত্মকভাবে ফসল নষ্ট হয়ে গেছে অথচ আর একদিকে দেখলাম এম, আর, সপ যা খোলা হয়েছিল তা সবই প্রায় বন্ধ হয়ে গেছে। দেশের যারা মৎস্যজীবি তাদের অবস্থাও কয়েক বৎসর ধরে চরমে পৌঁছেছে। তাদের দুর্দ্দশার প্রতিকারের কি পথ সে সম্বন্ধে ও কোন সুষ্ঠু পরিকল্পনা এমন পর্য্যন্ত গ্রহণ করা হয়নি। খাদ্যের মূল্য কমিয়ে সুষ্ঠু বণ্টন ব্যবস্থা করে জনসাধারণকে বাচাবার কোন ব্যবস্থাই দেখছিনা। জনসাধারণের প্রতিনিধি নিয়ে সুষ্ঠু বণ্টন ব্যবস্থাই এখনই চালু করা উচিত। আজ আমরা দেখছি একদিকে সরকারী সাহায্যের অপ্রাচুর্য্য অন্যদিকে বণ্টন বিষয়ে সরকারের গাফিলতি এই দু'য়ের প্রতিকার না করলে জনসাধারণকে আর বাঁচানো যাবে না।

Shri Bhuban Chandra Kar Mahapatra :

পশ্চিম বাংলার খাদ্য সঙ্কট চরম অবস্থার দিকে এগিয়ে চলেছে। মাননীয় কৃষিমন্ত্রী কৃষি উন্নয়নে সর্বাধিক গুরুত্ব আরোপ করার সংকল্প ঘোষণা করেছেন। পশ্চিম বাংলার খাদ্যের এই সঙ্কটময় সময়ে মাননীয় খাদ্যমন্ত্রীর খাদ্য সরবরাহের বাজেটে খুবই নৈরাশ্যজনক। এই বাজেট আলোচনা করলে আমরা দেখব যে ১৯৫৯-৬০ সাল গুড ইয়ার ধরে নিয়ে বাজেট বরাদ্দ হয়েছিল ৩ কোটি ৮০ লক্ষ ৯ হাজার টাকা। কিন্তু গুড ইয়ার—ব্যাড ইয়ার হয়ে যাওয়ার অবস্থার চাপে মাননীয় খাদ্যমন্ত্রী বাজেট রিভাইজ করতে বাধ্য হয়েছেন—খরচ করেছেন ৬ কোটি ১৪ লক্ষ ৪ হাজার টাকা। গত বৎসরের বরাদ্দর চেয়ে বর্ত্তমান বৎসরের বরাদ্দ ১ কোটী ৫৬ লক্ষ ৯ হাজার টাকা কম করে ধরেছেন।

বর্ত্তমান বৎসর বেটার ইয়ার হবে এই আশা করে মাননীয় খাদ্যমন্ত্রী এই বাজেট বরাদ্দ কমিয়েছেন। এখন প্রশ্ন এই বেটার ইয়ারএর প্রেরণা মাননীয় খাদ্যমন্ত্রী কোন এলাকা থেকে সংগ্রহ করলেন? সুদূর প্রসারিত এবং বিধ্বংসী বন্যার ফলে চাউল শস্য উৎপাদন এ

বৎসর কম হবে বলে মাননীয় মুখ্যমন্ত্রী অনুমান করেছেন। মাননীয় কৃষিমন্ত্রীও এ বৎসর খা গ্যের অবস্থা সঙ্কটময় বলে উদ্বেগ প্রকাশ করেছেন। আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার সব জেলাতেই ধান্য ফসল উৎপাদন কম বেশী ব্যহত হয়েছে। ধান্য উঠার সময় থেকেই অনেক কৃষকের ঘরে খাদ্য নাই। খাদ্যের জন্য হাহাকার আরম্ভ হয়ে গিয়েছে তার উপর আছে খাজনা লোন আদায়ের প্রচেষ্টা—সার্টিফিকেট ক্রোকও সমানভাবে চলেছে।

এবার কৃষককে মহাজনের বাড়ীতে গিয়ে খাদ্যের জন্য মাথা বাঁধা দিতে হবে। ১/ এক-মণ ধানের জন্য ॥—১/ এক মণ সুদ দিবার করারে আগামী বৎসরের খাদ্য এখন থেকেই খরচের জন্য এ্যাডভান্‌স্‌ড্‌ বুক করে ফেলতে হবে। জমি কট কবালায় মহাজনকে লিখে দিয়ে এ বৎসরের খাদ্য সংগ্রহ করতে হবে। মাননীয় কৃষিমন্ত্রী পশ্চিম বাংলার কৃষক পরিবারকে সরকারী সাহায্যের অধীন করতে চালনি ভাল কথা, কিন্তু তিনি কৃষকের দুঃসময়ে সাহায্য করবার প্রতিশ্রুতি দিয়েছেন। মাননীয় খাদ্যমন্ত্রীও দুঃস্থ কৃষকদের সাহায্য করুন। সার্টিফিকেটে ক্রোকের চাপ দিয়ে লোন আদায়ের ব্যবস্থা বন্ধ করুন প্রতিটি দুঃস্থ ইউনিয়নে অবিলম্বে টি. আর. আরম্ভ করে বেকার কৃষকদের কাজ দিবার ব্যবস্থা করুন চাষ আবাদের সময় গ্যাচুয়েসাচ রিলিফ প্রচুরভাবে কৃষিলোন দিতে হবে। রাজভবনে খাদ্য সঙ্কটের ছায়া পড়ে না। এখানে বাস করে গত বৎসর মাননীয় খাদ্যমন্ত্রী যে বাজেট বরাদ্দের ব্যবস্থা করেছিলেন সেই বাজেট সেই গুড ইয়ার এর বাজেট অবস্থার চাপে প্রায় ২গুণ বাড়াতে হয়েছে। এবারে খাদ্যসঙ্কট বিন্দুমাত্রও হ্রাস পায়নি বৃদ্ধির পথে চলেছে। কৃষির উন্নতির জন্য কৃষকদের প্রচুরভাবে সাহায্য করতে হবে। কৃষককে বাঁচিয়ে রাখতে হলে এই বেটার ইয়ারএর বাজেট বাড়িয়ে ৩ গুণ করতে হবে।

অধ্যক্ষ মহাশয়, মফঃস্বল অঞ্চলে দেখি খাদ্যমন্ত্রীর বিভাগ যেখানে যেখানে রুলিং পার্টির লোক কংগ্রেসের লোকের ভীড় বেশী এবং করাপসানও খুব বেশী সরকারী কর্মচারীরাও করাপ-সান রোগে সংক্রামিত হয়ে পড়েছেন। যে দু একজন সৎকর্মচারীর দৈবাৎ সাক্ষাৎ পাওয়া যায় তাঁদেরও আবার করাপসানের বিরুদ্ধে লড়তে গিয়ে বিপদে পড়তে হয়। কাঁথি মহাকুমার এস. ডি. ও. মিঃ মুরসেদ বনাম কাঁথির হাইটাইপের কংগ্রেস নেতাদের সংবাদ এই হাউসে পরিবেশিত হয়েছে। এই বিধান সভায় মেদনীপুরের একজন মাননীয় কংগ্রেস সদস্য একট জবাবও দিয়েছেন। কিন্তু কাঁথির লোকেরা জানেন কাঁথির হাই র‍্যাংকের কংগ্রেস নেতার করাপসান ধরে মিঃ মুরসেদ বদলী হতে বাধ্য হয়েছেন। এবার আর একজন অফিসার এগ্রা সার্কেলের সার্কেল অফিসার মিঃ এন. সি. মুখার্জী—তাঁর মাথার উপর খাঁড়া ঝুলছে। তাঁর ১নং অপরাধ এগ্রা থানার ৪নং ইউনিয়নের কংগ্রেস টিকিটের প্রেসিডেণ্ট ইউনিয়ন রিলিফ কমিটির সদস্য—রিলিফের কাইণ্ড অ্যাণ্ড ক্যাস ডোল নিয়ে একটু রকমফের কাজ করেছিলেন। এস. ডি. ও এর অ্যাপ্রুভড্‌ প্রাইওরিটি লিষ্টএর বাহিরে নিজের দলের রিলিফ পাওয়ার অনুপযুক্ত ব্যক্তিদের রিলিফ দিচ্ছিলেন। দুঃস্থদের প্রাপ্য ক্যাস ডোলের কিছু অংশ এক বিশেষ তহবিলে জমা করছিলেন। অভিযোগ আসাতে সার্কেল অফিসার তদন্ত করে অভিযোগ সত্য বলে প্রমাণ পেলেন—এবং ইউনিয়ন ফুড কমিটির কবল থেকে রিলিফের কাজ ছাড়িয়ে এনে সরকারী কর্মচারীর দ্বারা রিলিফ বিতরনের ব্যবস্থা করে দেন। ২নং অপরাধ—তাঁর সার্কেল রামনগর থানার জন্য একজন কংগ্রেস টিকিটের পি, ইউ, বি, এর আত্মীয়কে ডিলারের পদ পেতে দেন নি। অসন্তুষ্ট স্থানীয় কংগ্রেস নেতারা এই সার্কেল অফিসার অবাঞ্ছিত বলে ঘোষণা করেছেন তাঁর বদলীর ব্যবস্থা অবিলম্বে করছেন এই হুমকীও আমি শুনেছি। আমি এই ব্যাপার

মাননীয় খাদ্যমন্ত্রীর নজরে আনছি। জানিনা এইসব অবাঞ্ছিত ব্যাপারে মাননীয় খাদ্যমন্ত্রীর অদৃশ্য হস্তের খেলা আছে কি না যদি না থাকে তবে তাঁকে জানাচ্ছি—সাধারণ লোকের ক্ষত করাপসানএর চেয়ে এটা আরও খারাপ অনেষ্ট সরকারী কর্মচারীর মনোবল নষ্ট করে দেওয়া হচ্ছে। অনেষ্ট সরকারী কর্মচারীর সহায়তা না পেলে খাদ্যমন্ত্রীর বিভাগের করাপসান কখনও বন্ধ করা যাবেনা, হেলদি পরিবেশ ক্রিয়েট করা কখনও সম্ভব হবে না। আমার প্রস্তাব এই যে খাদ্যের মত জরুরী ব্যাপারে যে সরকারী কর্মচারী করাপসান ধরতে পারবেন তাঁকে এই বিভাগ থেকে পুরস্কৃত করা দরকার। এই পুরস্কারের ব্যয় বরাদ্দ প্রত্যেক বৎসর এই ফ্যামিন বাজেটের অন্তর্ভুক্ত থাকা উচিত। খাদ্য ডিষ্ট্রিবিউশন ব্যাপারে মাননীয় খাদ্যমন্ত্রীর পলিসি কঠোর করা প্রয়োজন। রিলিফের সময় ইউনিয়ন ফুড কমিটির সভ্য, ডিলার পে মাষ্টার মিলে দুঃস্থদের প্রাপ্য রিলিফ পাচার করে দেন। এগ্রা থানার ৭নং ইউনিয়নের রিলিফের গম—চোরা কারবারে চালান দিবার সংবাদ শ্রদ্ধেয় নটেনবাবু এই হাউসে পরিবেশন করেছেন, যে ডিলার এই কাজ করেছিলেন তিনি এখনও অপসারিত হননি বহাল তবিয়তে ডিলারের কাজ করে যাচ্ছেন। মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার প্রস্তাব ডিষ্ট্রিবিউশানের ব্যাপারে ডিলার এবং দুঃস্থ ব্যক্তিদের জীবন মরনের প্রত্যক্ষ সম্বন্ধ দুঃস্থ ব্যক্তিদের অভিমতের যথোচিত মূল্য দেওয়া উচিত। ডিলারকে পারমানেণ্ট করা উচিত নয়। ডিলারের বিরুদ্ধে একাধিকবার অভিযোগ হলে ডিলারকে অপসারণের ব্যবস্থা করা হ'ক। অনারেবল রেভিনিউ মিনিষ্টার এই হাউসে একটি মূল্যবান কথা বলেছেন পশ্চিম বাংলার কৃষক ঋণের বেড়াজালে পড়ে সর্বসান্ত হতে চলেছেন। সরকারকে অবহিত হবার জন্য মাননীয় মন্ত্রী পরামর্শ দিয়েছেন। আমি জানি কৃষি লোনের শতকরা ৫ ভাগ কৃষকের নিকট হতে সহজে আদায় হয়ে আসে। ৩৫ ভাগ ১ মাস থেকে ৬ মাসের পেটের ভাত বিক্রয় করে আদায় হয় বাকী ৬০ ভাগ লোন পর আদায় সার্টিফিকেট ক্রোক করে কৃষকের থালাবাসন, গরু, জমি বিক্রয় করে আদায় করতে হয়। মাননীয় কৃষিমন্ত্রী কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য যেসব পরিকল্পনা রূপায়িত করতে যাচ্ছেন সুস্থ মনোবল সম্পন্ন কৃষকের সাহায্যের প্রয়োজন। আমার প্রস্তাব কৃষকদের সবলসুস্থ কৃষকদের মনোবল বাড়িয়ে কৃষিকার্য্যের মধ্যে একটা হেল্‌দি পরিবেশ প্রস্তুত করবার জন্য বকেয়া সমস্ত প্রকার লোন হতে কৃষকদের অব্যাহতি দেওয়া হউক। কৃষি লোন আদায়ের কিস্তি বর্ত্তমান ২ বৎসর কৃষিকার্য্যের জন্য কৃষককে অধিক পরিমাণ লোন দিতে হবে মাননীয় কৃষিমন্ত্রীর ৬ বৎসরের টার্গিটের সংগে সামঞ্জস্য রেখে কৃষি লোন আদায়ের কিস্তি ছয় বৎসর করা হউক। সর্বশেষে আমার কাটমোশনের দিকে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

[10-20—10-30 a.m.]

Shri Ananga Mohan Das :

মাননীয় স্পীকার মহাশয় আজ মন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সম্মুখে পেশ করেছেন এবং তার সমর্থনে যে বক্তৃতা দিয়েছেন তা এবং বিরোধীপক্ষ তাদের যে বক্তব্য পেশ করেছেন তা আমি অত্যন্ত মনযোগ সহকারে শুনলাম। এই বাজেট আমি সর্ব্বান্তঃকরণে সমর্থন করছি। কারণ এই কয়েক বছর ধরে রিলিফএর ব্যাপারে যে কাজ সরকার করেছেন তা সত্যই প্রশংসার যোগ্য। কারণ আমি দেখেছি বিপদ যখনই আসে সরকারের তরফ থেকে তখনই সাহায্যের ব্যবস্থা করা হয়।

কোথাও চিড়েগুড় দেবার ব্যবস্থা হয়েছে। আবার যেখানে লোক আটক পড়ে গেছে সেখানে নৌকা করে উদ্ধারের ব্যবস্থা হয়েছে। ঘরবাড়ী যেখানে পড়ে গেছে, সেখানে তাঁবু দেওয়া হয়েছে। খাদ্যশস্য সেসব জায়গায় পৌঁছে দেওয়া সম্ভব নয় সেখানে উড়ো জাহাজ করে খাবার পৌঁছে দেওয়া হয়েছে। অতএব যদি বলা হয় যে সরকার কিছু করছেন না তাহলে বলব যে সেটা ভুল বলা হচ্ছে এবং তাঁরা সমালোচনার জন্যই এইসব বলছেন। তারপর বলা হয়েছে যে চাল কম দেওয়া হয়েছে, কিন্তু আমি জানি যে চাল যে পরিমাণ দেওয়া হয়েছে, তা খুব কম নয়। তবে একথা সত্যি যে সরকারী হিসাব মতে যে চাল দেওয়া হয় তা কোন কোন অঞ্চলের পক্ষে কম হয়, কিন্তু মোটামুটি যা দেওয়া হয় তা খুব কম নয়। টেষ্ট রিলিফের কাজ বিভিন্ন জায়গায় আরম্ভ হয়েছে। এই টেষ্ট রিলিফে রাস্তাঘাট তৈরী বা মেরামত হয়, খাল সংস্কার হয়, বাঁধ তৈরী হয়, ইট ইত্যাদি তৈরী হয়। আবার যে সময় রিলিফের কাজ চলে সেই সময় অন্যান্য সরকারী বিভাগেরও কাজ হয় এবং তাতে লোক কাজ পায়। অর্থাৎ যেমন যেখানে নদীর বাঁধ ভেঙ্গে গেছে সেখানে ইরিগেশন বিভাগ থেকে বাঁধ তৈরীর ব্যবস্থা হয় এবং সেখানে লোকে কাজ পায়। অতএব রাস্তা তৈরীর কাজ, ইরিগেশনের কাজ, টেষ্ট রিলিফে কাজ লোকে পায়। আমার জানা আছে যে টেষ্ট রিলিফে কাজ করে লোকে যে পরিমাণ গম ও চাল পেয়েছিল তা দিয়ে তারা বর্ষার ২ মাস চালিয়ে দেয়। যারা কাজ করতে পারে না তাদের জন্য জি, আর, এর ব্যবস্থা আছে। ফেমিন কোডের নিয়ম অনুযায়ী বিধবা, মেয়েমানুষ, ছেলেপিলেদের জন্য জি, আর, এর ব্যবস্থা আছে। এই জি, আর, এর পরিমাণ খুব খারাপ নয়। এইভাবেই সর্বত্র রিলিফের কাজ চলে আসছে। রিলিফের সঙ্গে বন্যাক্রান্ত অঞ্চলে এবং জলের স্কেয়ারসিটি অঞ্চলে টিউবওয়েল দেয়ার ব্যবস্থা আছে। এ বৎসর ৩ লক্ষ টাকার টিউবওয়েলের জন্য বরাদ্দ আছে। এই টিউবওয়েল বসানোর জন্য স্থান নির্বাচনে গণ্ডগোল হয়। আর, ডব্লু, এস, কমিটি যে আছে সেই কমিটির সঙ্গে আলোচনা করে যদি টিউবওয়েল বসান হয় তাহলে ওয়াটার সাপ্লাইএর সুবিধা হয়, কারণ তা না হলে এক এক জায়গায় ২০০ গজের মধ্যেই টিউবওয়েল হচ্ছে। রিলিফের টিউবওয়েলের বেলায় এই ব্যবস্থা করলে ভাল হয়। সুতরাং রিলিফ টিউবওয়েল যেগুলি অফিসাররা বসান সেগুলি যদি এই ওয়াটার সাপ্লাই কমিটির মাধ্যমে করা হয় তাহলে ভাল হয়। এইটুকুন আমার সাজেসান। তারপর ধান চালের অভাব সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। এ বৎসর সত্যি যে অবস্থা হয়েছে তাতে উড়িষ্যাকে যদি আমাদের বাংলার সঙ্গে যোগ না করা হোত তাহলে বাংলাদেশের অবস্থা খারাপ হোত। বাংলার সঙ্গে উড়িষ্যার একটা যে জোন তৈরী হয়েছে তাতে বাংলার অভাব থাকবে না। কিন্তু একটা খবর আছে যে এই জোনের ধান চাল অন্যত্র চলে যায়। সেজন্য এটা যাতে অন্যত্র চলে না যায় তার জন্য সীমান্ত অঞ্চলে গার্ডের ব্যবস্থা করা হোক।

আমার কাছে খবর এসেছে যে পাকিস্তানে নৌকায় করে ধানচাল চলে যাচ্ছে। কাজেই সেদিক থেকে যদি ভাল করে গার্ড-এর ব্যবস্থা করা যায় তাহলে এগুলো বন্ধ হয়ে যাবে। তবে আমাদের ধানচালের কোন অসুবিধা হবে না। কেননা সরকার মডিফাইড রেশনিং-এর যে পরিকল্পনা করেছেন সেটা খুব খারাপ হয়নি এবং ইতিমধ্যেই ধানচাল, আটা, গম, প্রভৃতি পৌঁছে গিয়ে সেগুলো দোকানদারের মারফৎ দেওয়ার ব্যবস্থা হয়েছে। একজন সদস্য বলেছেন একই ডিলারকে বারে বারে রাখা উচিত নয়। কথাটা যদিও তিনি ঠিকই বলেছেন, তবে যদি কোন ডিলারের বিরুদ্ধে অভিযোগ হয় এবং যেমন আমি একটা ঘটনা জানি যে

ডিলারের বিরুদ্ধে অভিযোগ হওয়ায় সাবডিভিসন্যাল অফিসার বাধ্য হয়ে সেখানে অন্য ডিলার করবার জন্য ইউনিয়ন রিলিফ কমিটিকে নির্দ্দেশ দিয়েছিলেন। কাজেই এরকম ব্যবস্থা যখন আছে তখন কেন যে তিনি এরকম অভিযোগ করলেন বুঝতে পারছিনা। তবে কোন কোন ক্ষেত্রে এরকম হয়ত হতে পারে যে কোন ডিলারের বিরুদ্ধে অভিযোগ করা সত্বেও সরকার তাকে রেখে দিয়েছেন কিন্তু সাধারণভাবে সর্বত্রই ডিলার পরিবর্তনের ব্যবস্থা আছে। তারপর ধানচালের অভাব দূর করার জন্য সরকার আরও একটা ব্যবস্থা অবলম্বন করেছেন এবং সেটা হোল ষ্টেট ট্রেডিং। সরকার গম ও আটাজাত দ্রব্যের জন্য ১০ কোটি টাকা এবং ধানচাল কেনার জন্য ৮ কোটি মোট ১৮ কোটি টাকা এই ষ্টেট ট্রেডিং-এ বরাদ্দ করেছেন, এবং বিক্রি করার পর যা হবে তা থেকে দেশের খাদ্যাভাব দুর হয়ে যাবে। যেসব বন্যাধ্বিধ্বস্ত অঞ্চলে যাতায়াতের অসুবিধার জন্য ডিলাররা নিদ্দিষ্ট পরিমাণ জিনিষ নিতে পারবেনা সেখানে ইউনিয়ন রিলিফ কমিটির সুপারিশের উপর এস, ডি, ও, বা কালেক্টর যদি মনে করেন যে ডিলারকে যে পরিমাণে ক্যারিংকষ্ট দেওয়া হয় সেই কষ্ট-এ তার খরচ কুলিয়ে ওঠেনা তাহলে সরকার পক্ষ থেকে এক্সট্রা দেওয়ার ব্যবস্থা আছে। আমি যতদুর জানি তাতে বলতে পারি যে বাংলাদেশের প্রতিটি কেন্দ্রে আটাগম প্রভৃতি দেপয়ার যে প্রতিশ্রুতি পাওয়া গেছে তা'তে মনে হয় এ বছরের বিপদ অর্থাৎ যেটাকে একটা সঙ্কট বলেই মনে হচ্ছে সেটা কাটিয়ে ওঠা যাবে। বণ্টন সম্বন্ধে যে কথা বলা হয়েছে তা' ঠিক নয়, তবে সুষ্ঠু বণ্টন ব্যবস্থা করা দরকার এবং সে ব্যবস্থা আছেও। যেসব ইউনিয়ন রিলিফ কমিটি আছে তাতে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট, এম, এল, এ, এবং যদি কোন এম, এল, এ, যেনে না পারেন তা হলে তাব রিপ্রেজেণ্টেটিভ থাকার ব্যবস্থা আছে এবং তাছাড়া ইউনিয়ন এ্যাগ্রিকালচারাল এ্যাসিষ্টাণ্ট এবং ২ জন সরকারী মনোনীত সদস্য রয়েছেন। কাজেই এ' তজন একত্রে মিলে গ্রামে গিয়ে যেসব গ্রামসেবক আছেন তাঁদের সঙ্গে আলোচনা করে যেখানে যেরূপ অভাব আছে সেইভাবে বণ্টনের ব্যবস্থা করেন তাহলে বণ্টন ব্যবস্থার কোন অসুবিধাই হবেনা। তবে তাঁরা যদি কাজ না করেন তাহলে সরকার কি কববে? সবকার বা মন্ত্রী বলে কিছু নেই, সকলকে সমানভাবে দায়িত্ব নিয়ে কাজ করতে হবে এবং তবেই সব সুষ্ঠুভাবে চলবে। কাজেই এই বিধান সভায় চিৎকার করে কিছু হবে না গ্রামের প্রতিটি অঞ্চলে যেখানে অভাব আছে সেখানে যাতে সুষ্ঠু বণ্টনের ব্যবস্থা হয়ে প্রকৃত লোকেরা পায় তারজন্য সকলকে সমভাবে চিন্তা করতে হবে এবং কাজ করে যেতে হবে। এ ছাড়া মডিফাইড রেশনিং হওয়ায় বাজারে ধানচালের দাম যেটা বেড়েছিল সেটা প্রায় মণপ্রতি ২ টাকা ইতিমধ্যেই কমে এসেছে। কাজেই এই কম যদি ঠিক রাখা যায় এবং উড়িষ্যা থেকে যে ধানচাল আসছে তা যদি ঠিকভাবে বণ্টিত হয় এবং আমরা যদি সকলে মিলে সাহায্য করি তাহলে আমার দৃঢ় বিশ্বাস যে এই সঙ্কট আমরা কাটিয়ে উঠতে পারব। তবে এ বিষয়ে সরকারের কাছে আমার একটা কথা আছে যে কেবল বাইরে থেকে ধানচাল আনলেই চলবে না যাতে আমাদের এখানে প্রোডাকশন বাড়ে তারও চেষ্টা করতে হবে। গত বন্যায় যেসব অঞ্চলের আউসধান নষ্ট হয়ে গেছে সেখানে যাতে ঐ ধ্যান আবার উৎপন্ন করা যায় তারজন্য বীজ পাঠাবার ব্যবস্থা করতে হবে। তবে বীজ যাতে খুব উৎকৃষ্ট ধরণের হয় তারদিকে লক্ষ্য রাখতে হবে কেননা অনেক সময় দেখা যায় ১০০ ধানে ১০০টি গাছই বেরোয় আবার কখন দেখা যায় যে ৩ ভাগ গাছই বেরুলনা। এ ব্যাপারে আমার মনে হয় যে ডিসঅনেষ্ট লোকেরা খারাপ জিনিব বা পুরোনো ধান মিশিয়ে দেয় বলেই এরকম

হয়। কাজেই আমার বিশেষ অনুরোধ যাতে ভাল আউস ধানের বীজ দেওয়া হয় তার ব্যবস্থা করুন।

[10-30—10-40 a.m.]

আর একটা কথা হচ্ছে, সারের জন্য সরকার থেকে যে সাহায্যের ব্যবস্থা আছে তাতে, আমার বক্তব্য হচ্ছে টাকা না দিয়ে সার দেবার ব্যবস্থা করুন। কারণ, টাকা দিলে গভর্ণমেণ্টের পক্ষে অডিটের হয়ত সুবিধা হচ্ছে কিন্তু লোকে টাকা নিয়ে সার না কিনে পেটে খেয়ে ফেলছে। সেজন্য টাকা না দিয়ে সার দেবার ব্যবস্থা করুন। অবশ্য মন্ত্রীমহাশয় বলেছিলেন যে আমাদের সার দেওয়ার সম্বন্ধে ডিপার্টমেণ্টের আপত্তি আছে। আপত্তি যাই হোক না কেন লোকের সুবিধার জন্য ব্যবস্থা অবলম্বন করা উচিত—আপত্তিটা বড় কথা নয়, অডিটটা বড় কথা নয়, লোককে বাঁচনটাই বড় কথা, মানুষের সুবিধা পাওয়াটাই বড় কথা। সময় মত জমিতে সার না দিলে ধান ভাল হয়না। সুতরাং যতই আপত্তি থাক না কেন নগদ টাকা না দিয়ে সার যাতে ঋণ হিসাবে দেওয়া যায় তার ব্যবস্থা করা উচিত। সারের পরিবর্তে টাকাটা পরে রিয়েলাইজ করা যেতে পারে। তারপর, আউস এবং আমন ধানের বীজ দেওয়া দরকার বিশেষ করে এবছরে আমন ধানের বীজ সর্বত্র দেওয়া দরকার কারণ ৮টী জেলার বিভিন্ন অঞ্চলে ব্যপক বন্যা হওয়ার ফলে চাষীদের কাছে বীজ ধান পাওয়া সম্ভব হবেনা। সেজন্য সরকারকে বীজ ধান সরবরাহ করতে হবে। আমার নিজের থানায় ১৯৫৮ সালে যে বন্যা হয় সেই বছর সরকার নিজেই বীজ সরবরাহ করে দিয়েছিলেন। এবছর যেসমস্ত জায়গায় বন্যা হয়েছে সেইসমস্ত জায়গায় সরকার পক্ষ থেকে বীজ দেওয়া দরকার। যে জমিতে যে বীজ দরকার হবে তার হিসাব নিয়ে সেই অনুযায়ী বীজ সরবরাহ করা দরকার। জমি অনুসারে বিভিন্ন রকমের বীজ দরকার হয়, যেমন যেখানে জল বেশী সেখানে মোটা ধানের বীজ লাগবে, আর যেখানে মাঝারি জল হয় অর্থাৎ বেশী জল নয়, কম জল নয় সেখানে আর একরকম বীজ দিতে হবে। সেগুলি সরকার থেকে সংগ্রহ করে দেওয়া দরকার। আমার মনে হচ্ছে পাট চাষ কিছু কমান উচিত। কয়েকজন সরকারী কর্মচারী আমাকে বলেছিলেন যে আপনারা অত্যন্ত খারাপ করছেন পাট চাষ কমিয়ে। পাটে প্রচুর টাকা পাওয়া যায় বটে কিন্তু যেখানে আমরা খাদ্য পাইনা সেক্ষেত্রে মানি আনিংএর চেয়ে ফসল যাতে বেশী হয় তার চেষ্টা করতে হবে। সেজন্য পাটের বিনিময়ে আমরা যাতে ধান, গম চাষ করতে পারি তার আয়োজন করতে হবে। যদি খেতে না পাওয়া যায় তাহলে পয়সা নিয়ে কি হবে? লোকের হাতে যদি বেশী পয়সা থাকে, কেনবার লোক যদি বেশী থাকে সেই তুলনায় ফসল যদি সাপ্লাই করতে না পারা যায় তাহলে স্বভাবতঃই দাম বেড়ে যায়। সুতরাং যে পরিমাণ জমিতে আউস এবং আমন ধান চাষের সুবিধা আছে সেই পরিমাণ জমিতে যাতে আউস এবং আমন ধানের চাষ হয় তার ব্যবস্থা করতে হবে। যেখানে আউস এবং আমন দুইই হবে না সেখানে গমের চাষ করতে হবে। আমাদের মেদনীপুর জেলায় ময়না থানায় আউস কিংবা গমের চাষ হতে পারে। গত বছর আমরা দেখেছি আউস ধানের চাষ প্রচুর হয়েছিল। এবং তার ফলন কোন কোন ক্ষেত্রে আমন ধানের চেয়ে বেশী হয়েছে। তারপর, গমের চাষ হয়েছিল এবং গমের ফলস খুব আনন্দদায়ক। প্রথমে যারা গম আটা খেতে আপত্তি করেছিল তারা বলছে আমরা গম চাষ করব এবং

বরাবর করব এইরকমভাবে ব্যবস্থা করুন। কাজেই এইভাবে চাষ করলে আমাদের ধারণা এবছরের যে বিপদ সেটা অক্লেশে কাটাতে পারব, আমরা আবার সুদিন ফিরে পাব এই সাজেশান দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Subodh Banerjee :

স্পীকার মহাশয়, খাদ্যমন্ত্রী পরিসংখ্যান দিয়ে সমস্ত জিনিষটাকে খোলাটে করবার চেষ্টা করেছেন। প্রথমে তাঁর যুক্তি হোল জনসংখ্যা বাড়ছে, উদ্বাস্তরা আসছে, বহিরাগত ৪০ লক্ষের মত লোক এখানে আছেন। সুতরাং বাংলাদেশে খাদ্যাভাব ঘটবে এই তাঁর যুক্তি এবং তিনি বলেছেন তাঁর বক্তৃতার মাঝখান দিয়ে যে বহিরাগতদের এবং উদ্বাস্তদের যদি সরিয়ে দেওয়া যায় তাহলে আমাদের খাদ্য সমস্যার সমাধান হয়—অর্থাৎ ইনডাইরেক্ট সেদিকে এইভাবে তিনি পুট্ করলেন। এটা যদি তিনি মনে করেন যে বহিরাগতদের এবং উদ্বাস্তদের এদেশ থেকে সরিয়ে দেয়া দরকার তাহলে তিনি সেটা খোলাখুলি বলুন-না—ইনডাইরেক্ট ওয়েতে বলছেন কেন? এই যদি তাঁর যুক্তি হয় তাহলে আমার জিজ্ঞাস্য তাঁর কাছে তবে তিনি খাদ্যের জন্য কেন্দ্রের কাছে যান কেন? কেন্দ্রতো সরাসরি বলতে পারে যে বাংলাদেশের ঘাটতি আমরা মেটাবোনা। বহিরাগতেরা থাকায় যদি বাংলাদেশের খাদ্য সমস্যা দেখা দেয় তাহলে সেই খাদ্য সমস্যা মেটাবার জন্য আমাদের কেন্দ্রের কাছে যাওয়া উচিত নয়। কারণ কেন্দ্র কিছু উৎপাদন করে না—কোন না কোন রাজ্য থেকে সেই জিনিষগুলি সংগৃহীত হয়ে কেন্দ্রের কাছে যায় এবং কেন্দ্রের কাছ থেকে সেই ঘাটতি পুরণের জন্য সাহায্য নেয়ার অর্থ হচ্ছে কোন না কোন রাজ্যের কাছ থেকে সাহায্য নেয়া এবং সেই রাজ্যের লোক যদি এদেশে থাকে তাহলে সেটাকে আমাদের দুর্ভিক্ষের কারণ হিসাবে নেয়াটা অত্যন্ত ভুল ও ম্যালাকাইন্ড বলে আমি মনে করি। দ্বিতীয় জিনিষ, বাংলাদেশে কি সত্যই খাটতি আছে? আমরা মানি

West Bengal is a deficit State in respect of rice

কিন্তু আমার জিজ্ঞাস্য প্রতি বছর কি কেন্দ্র আমাদের এই ঘাটতি মেটাচ্ছে না? কেন্দ্রতো এই ঘাটতি মিটিয়ে দেয়—তাহলে ঐ কথা তুলছেন কেন বাংলাদেশ ডেফিসিট, বাংলাদেশে লোক বেশী, অমুক এসেছে তমুক এসেছে? কেন্দ্রতো ডেফিসিস মিট আপ করে দিচ্ছে—৫ লক্ষ টন, ৭ লক্ষ টন, ৯ লক্ষ টন ডেফিসিট হোক কেন্দ্রতো তা মিটিয়ে দিচ্ছে। সুতরাং আপনার যে প্রব্লেম, এই রাজ্যের যে ফুড প্রব্লেম

It is no problem of production. It is a problem of distribution.

প্রোডাকশনের কথা তুলে ধরছেন কেন? প্রোডাকশনটা বর্ত্তমানে খাদ্যমন্ত্রীর দপ্তরের অধীনস্থ নয়; ওটা তরুণবাবুর দপ্তরের অধীনস্থ। খাদ্যমন্ত্রীর কাজ হচ্ছে ডিষ্ট্রিবিউশন দেখা এবং সমস্যাটা সেখানে প্রোডাকশনের আমি মানি—যদি ক্রমিক ডেফিসিট থাকে তাহলে দুর্ভিক্ষ দেখা দেবে। সুতরাং প্রোডাকশন বাড়ানো দরকার কিন্তু সেটা আলাদা আলোচ্য বিষয়। সেটা খাদ্য দপ্তরের বিষয় নয়—এটা হচ্ছে উৎপাদন দপ্তরের বিষয়। সে ব্যাপারেও কিছুই করছেন না—চাষীর হাতে জমি দেওয়া, জলসেচের ব্যবস্থা করা, উন্নত ধরণের বীজ দেয়া, সার দেয়ার ব্যবস্থা করা, কৃষিঋণ দেয়ার ব্যবস্থা করা এসব ব্যবস্থা আপনি কিছুই করেননি। সে কথা আমি ছেড়ে ছিলাম কিন্তু প্রশ্ন হচ্ছে খাদ্য দপ্তরের যে কাজ ডিষ্ট্রিবিউট

করা—আপনি কি করেছেন ? বাংলাদেশেতো ঘাটতি নেই, কেন্দ্রের কাছ থেকে পাওয়ার পর ঘাটতি যদি না থাকে তা হলে প্রপারলি ডিষ্ট্রিবিউট করলে এরকম দাম বাড়তে পারে না। এরকম অভাব দেখা দিতে পারে না। কিন্তু কেন অভাব দেখা দিচ্ছে—তার কারণ ডিষ্ট্রিবিউশন প্রপারলি হয় না। কি অর্থে প্রপার নয় ? ডিষ্ট্রিবিউশন ২ রকমে হোতে পারে—একরকম অর্ডিনারী ল অফ্ ডিমাণ্ড এ্যাণ্ড সাপ্লাই, ডিমাণ্ড এ্যাণ্ড সাপ্লাইএর অর্ডিনারী ল ছেড়ে দিলে, ষ্টেট ট্রেডিং-এ ডিমাণ্ড এ্যাণ্ড সাপ্লাই-এর অর্ডিনারী ল অপারেট করতে পাবে—পারফেক্টলি যদি সেখানে ব্যাকেটিয়ারিং, ব্ল্যাকমার্কেটিং হোর্ডিং চেক করা যায়। যদি সেখানে র‍্যাকেটিয়ারিং ব্ল্যাকমার্কেটিং হোর্ডিং চেক না করা যায় তাহলে ডিমাণ্ড এ্যাণ্ড সাপ্লাই-এর অর্ডিনারী ল অপারেট করতে পারে না, কারণ যাই প্রডিউসড হোক না কেন আর্টিফেসিয়াল স্কারসিটি সৃষ্টি করে প্রাইস তোলার চেষ্টা হবে, সমস্ত মাল কুক্ষিগত করে রেখে, মজুত করে রেখে তারা দাম বাড়িয়ে দেবে এবং বাজারে অভাব সৃষ্টি করবে। সুতরাং ফার্ষ্ট কণ্ডিশন ; ডিমাণ্ড এ্যাণ্ড সাপ্লাই-এর নরম্যাল ল-কে অপারেট করতে দেয়ায় যে কণ্ডিশন থাকে কিছু ইকনমিযেক সে জিনিষ করতে পারবেন না। রাদায় দেখা যাচ্ছে ব্ল্যাকমার্কেটিয়ারিংদের সুবিধা করে দিচ্ছেন, হোর্ডিং চেক করতে পাবছেন না, প্রাইস কণ্ট্রোল অর্ডার করতে পারছেন না, ইত্যাদি। গভর্ণমেণ্ট বলছেন যে বাজাবে চাল নেই, অথচ তারা নিজেরাই বলছেন যে এগুলি চোরাকারবারীরা বিগ হোর্ডাররা, বিগ এগ্রিকালচারিষ্টরা মিলওনার্সরা সব আটকে রাখছে।

[10-40—10-50 a.m.]

এই কথা বলবার পর, ঐ আটক রাখা ধান-চালগুলোকে কেড়ে নেওয়ার কোন ব্যবস্থা করলেন না। অর্থাৎ অবজেক্টিভলি ব্ল্যাকমার্কেটকে সমর্থন করলেন, তাকে সাহায্য করলেন; এবং এটা ইন্এফিসিয়েন্সি টু ট্যাক্ উইথ দি ব্ল্যাকমার্কেটিয়ার্স প্রমাণ করছে। এবং এখানে ডিমাণ্ড এণ্ড সাপ্লাই অপারেট করছেন না। এটা যখন আপনাবা পারছেন না, তখন অনলি আদার অল্টার্ণেটিভ ষ্টেট ট্রেডিং। সেই ষ্টেট ট্রেডিংএর দিকে আপনারা কি করেছেন ? কিছুই হয়নি। আপনাবা এ সম্বন্ধে পরে কি করবেন বা না করবেন, এই সমস্ত কথা আমাদের কাছে বলে গেলেন। তার কাবণ দি পলিসি ইজ টু বি মডিফাইড বাই ইউ। কিন্তু টোটাল ষ্টেট ট্রেডিং, সেই জিনিষ কোথায় ? আপনি বলছেন ষ্টেট ট্রেডিং হবে। আমি মনে করি টোটাল ষ্টেট ট্রেডিং হওয়া দরকাব আছে। সেই সমস্ত জিনিষের জন্য সরকারকে দায়িত্ব নিতে হবে। যখন নরম্যাল ল অপারেট করছে না, তখন নিজের দায়িত্ব নিয়ে এগিয়ে যেতে হবে। আমি জানি আমাদের দেশে টোটাল ষ্টেট ট্রেডিং কণ্ট্রোল করবার জন্য বিক্ষভ আসতে পারে। বেশনিং করা মানে ষ্টেট ট্রেডিং নয়। ইনএফিসিয়েন্সির এণ্ড করাপশন অফ দি ডিপার্টমেন্ট-এর জন্য সম্পূর্ণ মন্ত্রী মহাশয় দায়ী। ষ্টেট ট্রেডিং ইকোনমিকস, যাকে বলে—ইকোনমিকস্ অফ কণ্ট্রোল ইজ নট ব্যাড ইকোনমিকস্। তাকিয়ে দেখুন যুদ্ধের সময় ইংলণ্ড এবং অন্যান্য দেশের দিকে। ইংলণ্ডের মত দেশ, যেখানে খাদ্য উৎপাদন হয় না বললেই চলে, সেখানে ইকোনমিকস্ অফ কণ্ট্রোল অ্যাপ্লাই করে দেখা গেল লোকের স্বাস্থ্য আরও ভাল হয়ে গেল। দ্যাট ইজ দি রিপোর্ট। স্বাস্থ্য ডিষ্ট্রিবিশনএ ভাল হয়ে গেল। আর আমাদের দেশে টোটাল কণ্ট্রোল না করে সরকার ইকোনমিকস অফ কণ্ট্রোল করতে যাওয়ায়, সেখানে লোকেব ভোগান্তিব একশেষ। লাখ লাখ মণ চাল নষ্ট হয়ে যাচ্ছে গুদামে

পচে। এটা হল ইকোনমিকস্ অফ কণ্ট্রোল-এর দোষ। খারাপ এ্যাডমিনিষ্ট্রেশনএর জন্য ইনএফিসিয়েন্সী এণ্ড করাপশন অফ দি ডিপার্টমেণ্ট দেখা দেয় এবং এর জন্য মন্ত্রী মহাশয় দায়ী। ডিষ্ট্রিবিউশনটা হচ্ছে খাদ্য দপ্তরের একমাত্র কাজ, প্রোডাকশন তার কাজ নয়। সেই ডিষ্ট্রিবিউশন-এর ক্ষেত্রে এ্যাডমিনিষ্ট্রেশন, ইনএফিসিয়েন্সী করাপশন—সমস্তরকম অসুবিধা সৃষ্টি করছে। সুতরাং মন্ত্রী মহাশয় এর জন্য সম্পূর্ণ দায়ী। তারপর যে জায়গায় আপনি এফেক্টিভ্লি ব্ল্যাকমার্কেটিয়ারদের কণ্টোল করতে পারছেন না, সেখানে আপনি সম্পূর্ণ দায়ী। প্রফুল্লবাবু বললেন আমি কি করবো। অমুক ব্যবসাদার, অমুক ব্ল্যাকমার্কেটিয়ার, অমুক হোর্ডারদের জন্য আমি কিছু করতে পারছি না। তিনি সমস্ত দোষ অন্যের ঘাড়ে চাপিয়ে দিয়ে বসে আছেন। সরাসরি আপনি দায়িত্ব নিন, জনসাধারণ আপনাকে সাহায্য করতে প্রস্তুত আছে। তারপর তৃতীয় জিনিষ হচ্ছে—এই ডিষ্ট্রিবিউশনএর সঙ্গে আর একটা জিনিষ সংশ্লিষ্ট আছে, সেটা হচ্ছে প্রাইস এণ্ড পার্চেজিং পাওয়ার অফ দি পিপল। মাল বাজারে এলেই হবে না, তাকে কেনবার ক্ষমতা জনসাধারণের হাতে আসা চাই। কোথায় তা? চড়চড করে সমস্ত জিনিষের দাম বেড়ে চলেছে। এই ইনফ্লেশনারী ট্রেণ্ড ডেভেলপমেণ্টএর সময় সব কাণ্ট্রিতেই দেখা যায়। কিন্তু বর্ত্তমানে আমাদের এখানে যে শঙ্কট দেখা দিয়েছে সেটা ঠিক ইনফ্লেশনারী ট্রেণ্ড নয়। এই ইনফ্লেশনকে কণ্ট্রোল করতে গেলে ইকোনমিকস্ অফ কণ্ট্রোল দরকার।

তারপর, প্ল্যানিং মানে কি? প্ল্যানিং মানে লাইসেন্স ফেয়ার কিন্তু এখানে কি তাই হচ্ছে? প্ল্যানিং মানে হচ্ছে দাম ইম্পোজ করে দেওয়া যে এর চেয়ে বেশী দামে বিক্রয় করতে পারবে না। সুতরাং সেদিক থেকে বিবেচনা করে দাম কমাবার জন্য বিজিডলি এনফোর্স করা দরকার এবং কম দামে যাতে জনসাধারণ পেতে পারে তার জন্য সরকারকে ব্যবস্থা করতে হবে।

তারপর টেষ্ট রিলিফ বিতরণের কথা বলছেন। নন্ ডেভেলপমেণ্টাল ওয়ার্ক-এর জন্য টেষ্ট রিলিফ-এর ব্যবস্থা করা হয়েছে এবং এর জন্য বহু টাকা ব্যয় করা হচ্ছে। কিন্তু এর বেনিফিটটা কি? আপনারা বলবেন আমরা ভিক্ষা দিচ্ছি। কে বলেছে ভিক্ষা দিতে? হোয়াই নট ইন্ভেষ্ট ইন প্রোডাক্শন। দু কোটি তিন কোটি টাকা বাংলাদেশে খরচ করেন টেষ্ট রিলিফ ওয়ার্ক-এ, এটা যদি ডেভেলপমেণ্টাল-এ ওয়ার্ক-এ খরচ হয় তাহলে উৎপাদন হতে পারে, র‍্যাদার বেশী করে টেষ্ট রিলিফ-এর কাজ করুন তাতে যে পুকুরগুলি আছে, যে বাঁধ আছে ছোট ছোট, তার সংস্কার যদি করতে পারেন তাহলে উপকার হবে, লোকেও জল পাবে। এটা হয়ত ক্যাপিট্যাল হেডস-এ খরচ ধরা হচ্ছে কিন্তু টেষ্ট রিলিফ ওয়ার্ক-এর ৮০% চুরি হয়, অবজেক্টিভ রেজাল্ট কিছুই হয় না, কাজ কিছুই পাওয়া যাচ্ছে না।

Shri Amarendra Nath Basu :

মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় তাঁর বাজেট আমাদের সামনে উপস্থিত করেছেন। আমি দুঃখের সঙ্গে বলছি কিছুতেই সেই বাজেট আমি সমর্থন করতে পারি না। এর আগে বহুবার তিনি একথা জানিয়েছেন আমাদের দেশে মৃত্যুর সংখ্যা কমে আসছে এবং মানুষ জন্মাচ্ছে বেশী এবং তিনি একথাও বলেছেন যে আগে যারা ছাতু খেত এখন তারা ভাত খাচ্ছে। এটা কোন যুক্তি বলেই আমি মনে করি না। বাংলাদেশের অন্ন সমস্যা সমাধানের ব্যাপারে এবার তিনি যে দুটো কথা তুলে ধরেছেন তার একটা হচ্ছে বাস্তুহারা ৩২ লক্ষ এবং

অবাঙ্গালী এই কলকাতায় থাকে ৪৮ লক্ষ, প্রায় ৫০ লক্ষের কাছাকাছি। এটা তাঁর বলার কোন প্রয়োজন ছিল না। কারণ কেন্দ্র থেকে যখন যা তিনি চাইছেন, যে দাবী করেছেন সেই দাবীই এতদিন তারা পুরণ করে এসেছেন এবং এখনও পুরণ করবেন এবং করতে তারা প্রস্তুত আছেন। বাংলাদেশে এতগুলি অবাঙ্গালী একটা সমস্যা হতে পারে কিন্তু শুধু বাঙ্গালী অবাঙ্গালী বলে এ দুয়ের মধ্যে কলহ সৃষ্টি করে দেওয়া সমর্থন করি না। এবং এ নিয়ে বিশেষ দিনে এই বিধান সভায় আলোচনা করা উচিত, আলোচনা করলে আমাদের যে মত তা এখানে ব্যক্ত করতে পারবো। আর একটা কথা তিনি বলেছেন, নিয়ন্ত্রণ বিনিয়ন্ত্রণ কিংবা মাঝামাঝি ব্যবস্থার কথা তিনি চিন্তা করছেন। আমার একটা গল্প মনে পড়ল। একজন খুব গভীরভাবে চিন্তা করছে, তার বন্ধু জিজ্ঞাসা করল, ভাবছ কি ভাই। সে উত্তর দিল কি ভাবব তাই ভাবছি। আমাদের খাদ্যমন্ত্রী মহাশয়ও দেখছি কি ভাববেন তাই ভাবছেন। এটাই যদি তার সত্যই চিন্তা হয়ে থাকে তাহলে আপনি সকলের সহযোগিতা নিন, আপনার সামনে খাদ্য উপদেষ্টা কমিটি এবং বিধান সভার সদস্যরা বহুবার সে কথা বলেছে। আমার মনে হয় আমাদের পক্ষ থেকে বিশেষ করে হরেকৃষ্ণ কোঙার মহাশয় সংগ্রহ করার নীতি এবং বণ্টন করার নীতি পরিষ্কারভাবে সেখানে রেখেছেন, বিধান সভায়ও রেখেছেন। একথা আজ হঠাৎ কেন তিনি তুললেন আমি বুঝতে পাচ্ছি না। সেজন্য আমি এখনও বলছি যদি সত্যই চিন্তা করে থাকেন তাহলে ভালভাবে চেষ্টা করুন। আমরা নিশ্চয়ই সহযোগিতা করবো আপনার সঙ্গে। আর একটা কথা আমি বলবো এখানে ভূমি সমস্যা, সেচ সমস্যা, কৃষি সমস্যার কোন প্রয়োজন নাই, সেটা আমি পুর্বেই বলেছি যে কেন্দ্রীয় সরকার সমস্ত অভাব মেটাচ্ছে।

[10-50—11 a. m.]

এবং সেখানে কেন্দ্রের কাছে আমি এটা ভিক্ষা হিসেবে চাই না। আমাদের দাবী আছে। কারণ এই বাংলাদেশ থেকে আপনিও বলেছেন, তাঁরা প্রচুর বিদেশী মুদ্রা সংগ্রহ করছেন এবং প্রচুর আয়কর এই বাংলাদেশ থেকে নিয়ে যান। কাজেই ভারত সরকারের সত্যিই কর্তব্য—বাংলাদেশ যাতে অন্ন সমস্যার সমাধান করতে পারে—সেদিকে নজর দেওয়া।

আমার সময় অত্যন্ত কম বলে এই অবস্থার মধ্যেও বণ্টন এবং সংগ্রহের মধ্যে যে ত্রুটিগুলি আছে, সে সম্বন্ধে সুবোধবাবু বলেছেন, আমি সেটা সমর্থন করি। আপনি জানিয়েছেন বাংলাদেশে ১২ হাজার ন্যায্য মূল্যের চাল এবং গম দেবার দোকান আছে, তাঁরা ভালভাবে চালাচ্ছেন। মফঃস্বলে কি হয় জানি না। কিন্তু কলকাতা সহরে কিছু দোকান, আমি জানি, তারা নিয়মিত গম এবং চাল পায় না। যাতে তারা নিয়মিত চাল ও গম পায়, তার ব্যবস্থা আপনার করা উচিত।

দ্বিতীয়তঃ যে চাল তারা পায় সেই চাল সত্যিই সাধারণ মানুষের খাওয়ার উপযুক্ত নয়। যদি বাজারের চাহিদা কমাতে চান, খোলা বাজারে চালের দর কমাতে চান, তাহলে সেখানে ভাল চাল দিতে হবে, তার পরিমাণও বাড়াতে হবে। আপনারা এক সের চাল ও এক সের গম দেন। এতে লোকের সুবিধা হয় বলে আমি মনে করি না। এটাকে অন্ততঃ আড়াই সের করে দেন—চাল দেড় সের ও গম এক সের। গম এক সের হলেই চলে। আমি শুনলাম আধ সের গম না নিলে নাকি চাল দেন না। এটার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। খোলা বাজারে চাল পাওয়া যায়। গম যারা একেবারে খেতে পারে

না—বিশেষ করে পূর্ববঙ্গের মানুষ, তারা যাতে গম ছেড়ে দিয়েও চাল পায় তার ব্যবস্থা করুন।

আর একটা কথা আমরা বার বার বলে আসছি—সপ্তাহে দুইবার করে যাতে মানুষে রেশন নিতে পারে তার ব্যবস্থা করবেন। একজন দোকানদারের সঙ্গে আলোচনা করছিলাম, তিনি বললেন এতে অসুবিধা কি? তারা বলেন—একটা যদি করে দেন—যে পরিবারে ৫ জনের রেশন নেয়, তা যদি একদিন দু-জনের আর একদিন তিন-জনের নেয়, অথবা ৬ জনের পরিবার হলে একদিন তিন জনের আর একদিন তিন জনের নেয়, তাহলে আমাদের দেবার কোন অসুবিধা আছে বলে আমি মনে করি না। তারও ব্যবস্থা যাতে আপনি করতে পারেন, সেদিকে নজর দিবেন।

আর একটা সবচেয়ে বড় কথা একটা ফর্ম আপনারা দিয়েছেন যাতে আয় সম্বন্ধে আপনারা জানতে চেয়েছেন। শুনলাম এটা কেন্দ্র থেকে নির্দ্দেশ করেছেন। সেখানে আমার কথা হচ্ছে—কম উপার্জন করে বেশী উপার্জন করে চিন্তা করে আপনারা ব্যবস্থা করবেন না—চাল দেবেন কি দেবেন না। প্রত্যেকটি মানুষ যাতে ঐ কম দামে চাল ন্যায্য মূল্যের দোকান থেকে পেতে পারে তার ব্যবস্থা করা উচিত। এজন্য যে গ্রামের যারা লোক যারা চাষবাস করে, তাদের গ্রামের চাল যত কলকাতায় কম আসে, আপনি যত লোককে কলকাতা সহরে যাঁরা নিতে চান, তার ব্যবস্থা করতে পারেন, তাহলে খোলা বাজারে চালের চাহিদা অনেকটা কমে আসবে। সেই কথা জানিয়ে আমি দাবী করে যাচ্ছি—এদিকে নজর রেখে কোন মানুষকে বঞ্চিত করবেন না—কার আয় কম কার আয় বেশী। কারণ আজকের দিনে যত আয় আছে যিনি পাঁচ দু'শো টাকা মাইনে পান, তারও পরিবারে খুব বেশী টাকা দিয়ে চাল কিনে খাওয়ার মত সামর্থ্য থাকে না। আরো অন্যান্য খরচ ও অন্যান্য জিনিষের দামও বেড়ে গিয়েছে যে তা দিয়ে তাঁরা কুলিয়ে উঠতে পারেন না। আর আমার বিশেষ কিছু বলবার নেই, আমি দু'একটি কথা বলেই আমার বক্তব্য শেষ করতে চাই। চাল ছাড়াও চিনি, সরিষার তৈল, ডাল, এইসব জিনিষ মানুষের যাতে ক্রয় ক্ষমতার মধ্যে থাকে সেদিকে আপনারা নজর রাখবেন। কারণ চাল আপনারা বলেছেন কিন্তু চিনির দর হঠাৎ এমন বাড়িয়ে দিলেন, যেটা অত্যন্ত প্রয়োজনীয়, ছোট ছোট ছেলেদের একটু চিনি দরকার এবং সাধারণ মানুষেরও একটু চিনি না হলে চলে না, তার দাম আপনারা এমন বাড়িয়ে দিলেন যে, যেখানে সেটা ১৫ আনা ছিল আজকে সেটা ১।।০ টাকার কাছাকাছি চলে গিয়েছে। বর্ত্তমান এই সব জিনিষের দর যাতে কমে সেদিকে আপনারা নজর রাখবেন। আর একটা কথা বলি—অবশ্য এটা আমি আপনার খাদ্য উপদেষ্টা কমিটিতেও বলেছিলাম—খয়রাতি সাহায্যের কথা। যে সব মানুষকে খয়রাতি সাহায্য দেওয়া হয় তারা সকলেই মফঃস্বলের, গ্রামের। কিন্তু কলিকাতায় এইরকম বহু মানুষ আছে যারা অন্ধ বুড়ো হয়ে গিয়েছে, উপার্জন করতে পারে না, বস্তিতে কোনরকমে থাকে, কিম্বা কোন লোকের বাড়ীতে আশ্রয় নিয়েছে, তারা যাতে খয়রাতি সাহায্য পায়, যাতে চাল, গম পায়। আমি আশা করবো সে ব্যবস্থা আপনারা করবেন। যদি নিয়ম না থাকে তাহলে সেটাও করবেন।

Shri Gobinda Charan Maji:

স্যার, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রী মহাশয়কে দু'একটি অনুরোধ করতে চাই। স্যার, আপনি বোধ হয় জানেন এবং খাদ্যমন্ত্রীও জানেন, আমাদের এই পশ্চিমবঙ্গে প্রায় ৫০ লক্ষ

লোক পানচাষের উপর নির্ভরশীল। বিগত বন্যায় এই পানের বরজগুলি একেবারে নষ্ট হয়ে গিয়েছে। ১৯৫৬-৫৭ সালেও এই পান চাষের জন্য সরকার কিছু ব্যবস্থা করেছিলেন কিন্তু এই বারের বাজেটে আমরা এই সম্বন্ধে কোন ব্যবস্থা সরকারকে অবলম্বন করতে দেখিনি। এইজন্য আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী মহাশয়কে বলছি যেহেতু আমাদের পশ্চিমবঙ্গে, প্রায় ৫০ লক্ষ লোক—হাওড়া, হুগলী, মেদিনীপুর, ২৪পরগণা, এইরকম বড় বড় জেলায়—পান চাষের উপর নির্ভরশীল সেখানে সরকারের কিছু ব্যবস্থা করা উচিত ছিল। স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে পান সম্বন্ধে আমি কিছু বলতে চাই। আমরা পশ্চিমবঙ্গে দেখছি যে, আমাদের প্রায় প্রতি খাদ্যশস্যই বাইরের প্রভিন্স থেকে আমদানী করতে হয়, কিন্তু পান এমন একটা জিনিষ যা আমরা বাইরের প্রভিন্সে রপ্তানী করি এবং তা থেকে আমাদের এখানে বেশ কিছু পয়সা আসে। কিন্তু এই বৎসর অতিবৃষ্টি ও বন্যার জন্য আমাদের এই ৪টা বড় জেলায় বিশেষ করে পানচাষীরা ভীষণভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। ১৯৫৬-৫৭ সালে সরকারের এদিকে লক্ষ্য ছিল কিন্তু এবারে সরকার এর প্রতি কোন লক্ষ্য দেননি। তাই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করতে চাই যে; তিনি যেন পশ্চিমবঙ্গের পানচাষীদেব কিছু সাহায্য করার ব্যবস্থা করেন। আর একটা কথা বলতে চাই, টি. আর. ওয়ার্কস্‌ের কথা। টি. আর. ওয়ার্কসের কাজ ব্যয়হত হচ্ছে তার কারণ খাদ্যমন্ত্রী ও ত্রাণমন্ত্রী মহাশয়কে জানাতে চাই ১৯৫৬-৫৭ সালে যেসমস্ত ডিলানর্স টি. আর. ওয়ার্কসে গম ইত্যাদি আমদানী করেছিল, বিশেষ করে আমাদের হাওড়া জেলার কথা বলতে পারি, হাওড়া জেলায় এইসব ডিলার্সরা তাদের কমিশনএর টাকা পায় নি। সেইজন্য এবার যে সমস্ত জায়গায় বন্যা হয়েছে, সেখানে বহু জায়গায় ডিলার্সরা গম আমদানী করতে পারছে না এই সমস্ত প্র্যাক্‌টিক্যাল ডিফিকালটি থাকার জন্য।

আর একটা ব্যাপারে সব সময়েই আমাদের খুব কষ্ট ভোগ করতে হচ্ছে, সেটা হচ্ছে ইউনিয়ন রিলিফ কমিটিতে দুইজন নমিনেটেড মেম্বার থাকে। এখানে অনঙ্গবাবু বলেছেন যে কেউ লাইফ লঙ নমিনেটেড মেম্বার থাকতে পারে না। এটা ঠিক কথা যে কেউ লাইফ লঙ মেম্বর থাকতে পারে না, কারণ তার দোষ ত্রুটি থাকলে নিশ্চয়ই তাকে চলে যেতে হবে, যদিও আমরা দেখে যাচ্ছি যে কেউ কেউ লাইফ লঙ মেম্বার থেকে যাচ্ছে কংগ্রেসের পক্ষের লোক। কিন্তু আমাদের বক্তব্য হচ্ছে যে কংগ্রেস পক্ষেব হোক তাতে আপত্তি নেই কিন্তু এইসব ভদ্রলোক দেশে থাকেন না কলকাতায় পড়াশুনা করে, তাদের মেম্বার করে রাখা হয়েছে এবং তাদের দ্বারা কোন কাজ হয় না বলেই আমার মনে হয়।

[11-0—11-10 a.m.]

Shri Monoranjan Hazra ;

. মাননীয় স্পীকার মহাশয় একটু আগে খাদ্য সম্বন্ধীয় আলোচনা করতে গিয়ে মাননীয় সদস্য প্রফুল্লবেন সেন মহাশয় একটা কথা বলেছেন যে খাদ্য মন্ত্রী যদি তার হাতে খাদ্যদপ্তরের ভার ছেড়ে দেন তাহলে তিনি সুষ্ঠভাবে চালাতে পারবেন। তিনি অবশ্য বিরক্ত এবং দুঃখিত হয়ে এই কথা বলেছেন। আমি বলি তিনি কেন যে কোনও একজন রাস্তার লোককে যদি ঐ বিভাগে বসিয়ে দেয়া যায় তাহলে খাদ্য-মন্ত্রীর চেয়ে ভাল চালাতে পারবে। কারণ ঐ রাস্তার লোকেরও একটা মিনিমাম অনেষ্টি আছে। এইবার আমি কতগুলি কথা এই হাউসের অবগতির জন্য বলতে চাই। আমরা জানি চিনির কণ্ট্রোল দাম ছিলো ৪৪৲, আর এখন

তা বিক্রি হচ্ছে চুয়াত্তর টাকা। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই এটা অবগত আছেন। চিনি আমাদের রাজ্যের বাইরে থেকে আমদানী হয় কেন্দ্রীয় সরকারের পারমিট অনুযায়ী। এবং পশ্চিমবঙ্গ সরকার শুধু পারমিটগুলো দেখে দেন। এরপর থেকেই দেখছি চিনির দাম হুহু করে বেড়ে গেল। দুই মাসের মধ্যেই চিনি ব্যবসায়ীরা এক কোটী টাকা অতিরিক্ত মুনাফা করলো, এরপর পশ্চিমবঙ্গ সরকার নজর দিতে আরম্ভ করলেন। এই অতিরিক্ত লাভ করতে দেয়ার পিছুনের ইতিহাস হচ্ছে খাদ্য-মন্ত্রীর নির্ব্বাচনের সময় চিনি ব্যবসায়ীরা খাদ্যমন্ত্রীকে সত্তর হাজার টাকার চেক্ দিয়েছিলো সুতরাং। এই মন্ত্রীর চেয়ে যেকোন রাস্তার লোকেরও মিনিমাম অনেষ্টি আছে। তারপর সর্ষের তেল যেখানে সত্তর টাকা দর ছিলো হঠাৎ দেখ্‌লাম ৮৫৲ হয়ে গেল। তিনি যখন আমার নির্ব্বাচন এলাকায় একটি মিটিংএ যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন তাকে সাধারণ লোক জিজ্ঞেস করেছিলো সর্ষের তেলের দাম কেন বাড়লো? তিনি তার জবাবে বলেছিলেন লোকে বেশী ব্যবহার করছে। আমি তাকে স্মরণ করিয়ে দিচ্ছি পারমিট হোল্ডাররাই তেল বেশী ব্যবহার করে, সাধারণ লোক বেশী তেল ব্যবহার করে না। সেজন্যেই আমি বলেছিলাম যেকোন লোক এই বিভাগ সুষ্ঠভাবে পরিচালনা করতে পারে। আর একটা কথা বলতে চাই ফুড এণ্ড এ্যাগ্রিকালচার ডিপার্টমেণ্ট, গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার গো-ডাউন বহু জায়গায় আছে। এই কোলকাতার আশেপাশেই বহু জায়গায় আছে। এবং এবারকার বাজেটেই দেখছি পাঁচ কোটী টাকা বরাদ্দ করা হয়েছে এই গো-ডাউন তৈরী করার জন্য। কিন্তু এই বাংলা সরকার গো-ডাউন তৈরী না করে বড় বড় ব্যবসাদারের কাছ থেকে ভাড়া নেন এবং কোনটার ভাড়া ৫১০০০ টাকা, কোনটার ভাড়া ১০০০০ টাকা, কোনটার ২০০০০ টাকা, কোনটার চল্লিশ হাজার টাকা, কোনটার পঁচিশ হাজার, কোনটার তিরিশ হাজার, কোনটার দশ হাজার টাকা। এইভাবে দুই লক্ষ ষোল হাজার টাকা প্রতি মাসে ভাড়া বাবদ দিতে হচ্ছে। আবার মজার ব্যাপার এই সমস্ত গো-ডাউন মাসের পর মাস খালি পড়ে থাকে। কোন মাল রাখা হয় না। স্পীকার মহাশয়, আমাদের দেশের খাদ্যের অবস্থা অত্যন্ত খারাপ। খাদ্য বিভাগের দুর্নীতি ও অসাধুতার কথা সকলেই জানেন। এছাড়া কিভাবে খাদ্য অপচয় ও নষ্ট হয় সেই ঘটনা শুনুন। কোলকাতার কাছেই একটা গো-ডউনের বর্ষার সময় নীচু দিয়ে জল গিয়ে প্রায় তিনহাজার বস্তা খাদ্য নষ্ট করে দেয়। তাতে প্রায় সাত হাজার মণ খাদ্য ছিলো। যদি গম থেকে থাকে এবং প্রতি মণ গমের যদি ১৬৲ করে মণ হয় তাহলে এক লক্ষ বিশ হাজার টাকার খাদ্য এইভাবে নষ্ট হয়ে যায়, তারপর ছেঁড়া বস্তা থেকে পড়ে গিয়ে প্রায় পাঁচশ মণ ধান নষ্ট হয়েছে। ইউ. এস. এ. থেকে উইনোয়ে মেশিন আনা হয়েছিলো। সেটা কি অবস্থায় আছে আমরা জানি না। এসবের কোন ইন্‌ভেষ্টিগেশানের ব্যবস্থাই হয় নি। এইভাবেই যে শুধু খাদ্য নষ্ট হয় তা নয়; আবার পোকামাকড়ে অনেক খাদ্য নষ্ট করে দেয়। আবার সেই পোকাতে খাওয়া ধানগুলি মিলে পাঠিয়ে দিয়ে সেগুলো সাধারণ মানুষের মধ্যে বিলি করা হয়। যা খেয়ে লোকেরা অনেক সময় মারাও যায়। খাদ্য-মন্ত্রী খাদ্য-বিভাগের কর্ম্মচারীদের প্রশংসা করেছেন। আমরা জানি এই ষোল হাজার কর্ম্মচারীদের পারমানেণ্ট করা হয়নি। তারপর তাদের সার্ভিস কণ্ডাক্ট রুল ৮ই আগষ্ট ১৯৫৯ ইংরাজির অতিরিক্ত গেজেটে প্রকাশ করা হয়েছে তাদের আচরণ বিধি—এতে তাদের ক্রীতদাসে পরিণত করা হয়েছে। তারপর আবার তাদের ছাঁটাই করা হচ্ছে। অরবিন্দ ঘোষ, আব্দুল মান্না, রাজেন ভট্টাচার্য্য, বুদ্ধদেব গুহ এইসমস্ত কর্ম্মচারীদের ছাঁটাই করা হয়েছে। এরা মুখ্যমন্ত্রীর কাছে, ডেপুটেশনে

গিয়েছিলেন তাদের অবস্থার উন্নতির জন্যে। ৮ই নভেম্বর গেজেটে প্রকাশ করা হয়েছে যে পে-কমিটি বসানো হয়েছে। কিন্তু সেণ্ট্রাল পে-কমিটির মত এখানে হাইকোর্টের, জাজ নিযুক্ত করা হয়নি। এই কমিটি মাইনে বাড়ানো দূরে থাকুক তারা দেখবেন কোথাও বেশী কর্ম্মচারী আছে কি না। তারপর এই খাদ্য-বিভাগের কর্ম্মচারীদের কোন পেন্সন বা গ্র্যাচুয়িটি নাই। তারা ৭ই এপ্রিল মুখ্যমন্ত্রীর কাছে পেন্সন এবং গ্র্যাচুয়িটির জন্যে ডেপুটেশনে গিয়েছিলেন। কিন্তু আজ পর্য্যন্ত কিছুই হয়নি। এরপর আমি খাদ্যনীতি সম্পর্কে দু'একটি কথা বলতে চাই। মন্ত্রীমহাশয় তার প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলেন '৫৭ '৫৮ ও '৫৯ সালের গড় ফলন ভালই হয়েছে। এর সঙ্গে যদি রাজ্যপালের ভাষণের সঙ্গে তুলনা করা হয় তাহলে আমরা দেখি রাজ্যপাল বলেছেন '৫৭ সাল ও '৫৮ সালের ঘাট্‌তি পুরণের জন্যই '৫৯ সালে খাদ্য সংকট হয়েছিল। এই খাদ্য-মন্ত্রীর সমস্ত নীতিই চোরা কারবারীদের সাহায্য করা। '৫৭ সালেযে খাদ্য ঘাটতি হয়েছিল এবং ৫৮ সালে যখন দাম বাড়তে আরম্ভ করলে সেই সময় আমরা দেখতে পেলাম যে তাঁরা ঘোষণা করলেন বাজা ঠিক রাখার কোন উপায় নেই।

[11-10—11-20 a.m.]

কিন্তু আশ্চর্য্যের বিষয় এই সেই সময় চাল কলের উপ লেভি করা হল শতকরা ২৫% এবং সেখানে ৭০ থেকে ৮০ হাজার টনের মত চাল পাওয়া গেল। ৫ লক্ষ টনের মত যদি না প্রোকিওর করা যায় তাহলে বাজারে কোন রকম দাগ কাটা যায় না। এই ৭০ থেকে ৮০ হাজার যে প্রোকিওর করা হল তাতে হোর্ডার, ব্ল্যাক মার্কেটিয়ার্স সুযোগ পেয়ে গেল এবং বুঝল যে এই সচ্ছে গর্ভমেণ্টের পলিসি। তারপরে ১৯৫৮ সালে যখন খাদ্য ঘাটতি হল তখন মন্ত্রী মহাশয় আমাদের এই এসেম্বলীতে বললেন যে আমরা এমন একটা ব্যবস্থা করছি যারফলে বাংলাদেশে আর খাদ্য ঘাটতি থাকবে না। ১৯৫৮ সালে ২৩শে ডিসেম্বর তারিখে এই এসেম্বলীতে দাঁড়িয়ে তিনি বলেছিলেন যে আমরা যে খাদ্যনীতি গ্রহণ করেছি তাকে পরাস্ত করতে যদি কোন ট্রেডার্স এগিয়ে আসে তাহলে আমরা ডিটারমিনড যে তাকে বাঁধা দেব। এরপর ১৯৫৯ সালের ১লা জানুয়ারী থেকে যে প্রইস্‌ কণ্ট্রোল অর্ডার চালু হল তাতে দেখলাম যে সেই ন্যায্য মূল্যে কোথাও চাল পাওয়া যায় না। গভর্ণমেণ্টের যেখানে চাল প্রোকিওর করা দরকার ছিল সেখানে চাল প্রোকিওর না করে ট্রেডারদের হাতে ছেড়ে দেবার ফলে কোথাও একদানা চাল পাওয়া গেল না। এরফলে চালের দাম ৩৫।৩৬ টাকায় উঠল। ১৯৫৮ সালে ২৩শে ডিসেম্বর তারিখে এই ফ্লোরে দাঁড়িয়ে মন্ত্রীমহাশয় বলেছিলেন যে কোন ব্যবসায়ী যদি গভর্ণমেণ্টের পলিসিকে পরাস্ত করার চেষ্টা করে তাহলে আমরা ডিটারমিনড্‌ যে তাকে বাঁধা দেব। তারপর ২২।২৩শে জুন তাঁরা প্রাইস্‌ কণ্ট্রোল অর্ডার তুলে নিলেন। এই নীতির ফলে পরিস্কারভাবে দেখতে পাচ্ছি যে আজ যদি উৎপাদন বেড়ে গিয়ে খাদ্যদ্রব্য বেশী আসে তাহলে সরকার তা বণ্টন করতে পারবেন না। এই কথাই মাননীয় সুবোধবাবু বললেন যে আমাদের প্রবলেম হচ্ছে ডিষ্ট্রিবিউশানের কোন মেসিনারী নেই। ডিষ্ট্রিবিউশান করতে গেলে যে ৫ লক্ষ টন প্রোকিওর করা দরকার তা এই সরকার করেননি এবং করতে পারবেন না। ১৯৫৯ সালের প্রারম্ভে যে বন্যা হয়েছিল সেই বন্যায় ব্যাপক শস্যহানী হয়। সেই সময় সরকার বলেছিলেন যেসমস্ত আন-এফেকটেড এরিয়া আছে সেখানে প্রচুর ফসল হয়েছে এবং আমাদের হাতে সেই বাকার ঠিক আসবে। মাননীয় দেবেনবাবু এর প্রতিক্রিয়ার কথা বলেছেন। কিন্তু আমি বলব যে

সাধারণভাবে গভর্ণমেণ্ট প্রোকিওর করার দায়িত্ব এড়িয়ে গেছেন। আজ উড়িষ্যা ও পশ্চিমবাংলার সঙ্গে যে ফুড জোন তৈরী হয়েছে সেদিকে দৃষ্টি রেখে তাঁরা ফ্রি মার্কেট সৃষ্টি করতে চলেছেন।

এই ফ্রি মার্কেটের উদ্দেশ্য কি ? প্রথমতঃ ফসল হানী হয়েছে, দ্বিতীয়তঃ গভর্ণমেণ্ট কোন প্রোকিওর করেনি এবং তৃতীয়তঃ পশ্চিমবঙ্গের সঙ্গে উড়িষ্যার গাটছড়া হওয়ার ফলে সেই জোন থেকে যে চাল আসবে তাও গভর্ণমেণ্ট না এনে ঐ সমস্ত বড় বড় ব্যবসায়ীরা তাদের ইচ্ছামত আনবে এবং তারফলে হবে ঐ দুর্ভিক্ষ। কাজেই এই নীতিকে দুর করতে না পারলে বা এই নীতির উপর যে মন্ত্রী বসে আছে তাকে দুর করতে না পারলে বাংলাদেশের খাদ্যসঙ্কট কখনও দুর হবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমার তৃতীয় কথা হচ্ছে ১৯৫৯ সালে শস্যহানী হয়েছে এবং তারপর যখন আজ এরকম একটা ভয়াবহ অবস্থা তখন এরকম একটা পন্থা গ্রহণ করা উচিত যে পন্থার মাধ্যমে বাংলাদেশের মানুষ খেতে পাবে। কাজেই সেক্ষেত্রে আমার কংক্রিট সাজেশন্ হচ্ছে যে যদিও দেরী হয়ে গেছে তাহলেও এখনই ৫ লক্ষ টন চাল সরকার তাঁদের হাতে নিন এবং উড়িষ্যার সঙ্গে জোন হওয়ার পর যেসমস্ত ব্যবসায়ীরা পারমিট নিয়ে ওখান থেকে ধানচাল আনছে সেগুলো সরকার নিজের হাতে নিয়ে তা' সুষ্ঠু বণ্টনের ব্যবস্থা করুন। আমার মতে পশ্চিমবঙ্গ সরকারের যে অ্যাডভাইসরি কমিটি আছে এবং বিধানসভার আরও প্রতিনিধি নিয়ে সুষ্ঠু বণ্টন করতে অগ্রসর হোন তা' না হলে ভয়ানক মুশকিল হবে। কাজেই আমি তাঁদের এই ব্যবস্থা করবার জন্য বারেবারে আবেদন জানাচ্ছি এবং এই হাউসের যেসমস্ত সদস্যেরা আছেন তাঁরাও যেন পরামর্শদেন যাতে ভালভাবে বণ্টন হয় এবং ঐ ১৯৫৭।'৫৮।'৫৯ সালের পুনরাবৃত্তি যেন না হয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Nishapati Majhi :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে হাজরা মহাশয় বললেন যে ভয়ানক মুশকিল হবে, কিন্তু আমি দেখছি কোন মুশকিল নেই। কেননা আজকে এই ১৩ বৎসর পর দেখা যাচ্ছে যে খাদ্য বা ত্রাণ বাজেটে বিরোধী দলের নেতা জ্যোতিবাবু এবং ডাঃ প্রফুল্ল ঘোষ উপস্থিত নেই। হেমন্তবাবুও কিছু বললেন না। এর মূল কারণ হচ্ছে যে খাদ্য বিষয় বলবার আর কিছুই নেই। যেটুকুও বলা হচ্ছে তাও আবার বানিয়ে বানিয়ে টিপে টিপে বলতে হচ্ছে। এ ধরণের বলার একটা জলজ্যান্ত নমুনা আমি মাননীয় সদস্য হরেকৃষ্ণ কোনার মহাশয়কে দিয়ে দেবো। বিরোধী বন্ধু ১ ঘণ্টা ধরে বললেও তাঁর বক্তব্য পরিষ্কার করতে পারলেন না। কোনার মহাশয় আজকে উপস্থিত নেই কিন্তু তার একটা কাট মোশান অর্থাৎ যেটার নম্বর হচ্ছে ৭৫, সেটা আমি আপনার কাছে নিবেদন করছি। এই কাট মোশানে তিনি লিখেছেন যে "চালের দর সর্বত্র ২৫ টাকা ২৮ নয়া পয়সা হওয়া সত্বেও মফঃস্বলে আংশিক রেশনে চাল না দেওয়ায় দর আরও বৃদ্ধিতে সাহায্য করা হচ্ছে এবং জনগণের দুঃখ বাড়ছে"। সরকারী হিসেবে জানা যায় যে ৯।৩।৬০ তারিখে পাইকারী দর ছিল ২২ টাকা ৬৪ নয়া পয়সা এবং খুচরা দর ছিল ২৩ টাকা ৩৯ নয়া পয়সা। কাজেই তিনি এই যে ২৫ টাকা ২৮ নয়া পয়সা বলেছেন তাতে কতটা অংশ অতিরিক্ত জুরে বলেছেন সেটা আপনিই বিচার করুন। আজকে কমিউনিষ্ট পার্টির অধিকাংশ বক্তা যেমন সরোজবাবু একটা ভাল অঙ্ক কষে দেখিয়ে দিলেন যে ১৮ টাকা ধানের দর তার সঙ্গে খরচ আরও ১।।০ টাকা এবং তার পর আরও ১।।০ টাকা

লাভ দিলেও মোট ২১৲ টাকা চালের মন দাড়ায়। কিন্তু ব্যবসায়ীরা সেখানে ৩০৲ টাকা করে বিক্রি করল। এসব অমুলক। খাদ্যের বাজেট একটা অতি গুরুত্বপুর্ণ জিনিষ কাজেই এরূপ বাজে কথা বলা অন্যায়। বাজে কথা না বলে একটু গভীরভাবে চিন্তা করে বলা দরকার। তাতে সরকারও একটা সুষ্ট আভাষ পেতে পারেন। শ্রীমনোরঞ্জন হাজরা থেকে আরম্ভ করে সকলের কথাই শুনলাম। কারুর কাছ্ থেকেও একট সুষ্ঠু প্রস্তাব পাওয়া গেল না। স্পাকার মহাশয়, আমার মনে হয় আজকে বাঙালীর সবচেয়ে বড সমস্যা হচ্ছে মাছ্-ভাত।

[11-20—11-30 a.m.]

রাজনৈতিক দলের মহৎ উদ্দেশ্য এই দুইটি বিষয় সমাধান করা এবং সকলেই এ বিষয়ে যত্নবান। কিন্তু এর ভেতর দিয়ে তাদের বেশী গাত্রদাহ বা বেশী জোরাল কথা বা অতিরিক্ত কথা শোনা যায় যার বাস্তবের সঙ্গে কোন সংস্পর্শ নেই। সুবোধ ব্যানার্জী মহাশয় অনেক কথা বললেন। কিন্তু রাজ্য ব্যাপি যেখানে স্বেচ্ছা প্রনোদিতভাবে সমস্ত কাজ চলেছে, কণ্ট্রোল যেখানে তুলে দেওয়া হয়েছে সেখানে আজকে খুব জোরাল বিধি ব্যবস্থা করে খুব ভালভাবে নিয়ন্ত্রণের দিকে তোমরা অগ্রসর হও কি করে যে মাননীয় সদস্য বিধান সভায় এ কথা বলতে পারেন তা বুঝতে পারছি না। আজকে প্রত্যেকটি কাজ চলেছে স্বাভাবিক গতিতে, প্রত্যেকটি কাজ ভেবে চিন্তে চলেছে যাতে মানুষের কল্যাণ হয়। আজ কংগ্রেসের প্রত্যেকটি মাননীয় সদস্য নিজ নিজ অঞ্চলের মাছ্ ভাতের সমস্যা সমাধানের জন্য যত্নবান যে হননি একথা আমি বলবো না। কেননা কোন লোকই একথা স্বীকার করবেন না। সকলেই দিনরাত চেষ্টা করছেন কি করে নিজ নিজ অঞ্চলের মাছ্ ভাতের সমস্যা সমাধান করতে পারা যায়। আমাদের খাদ্য বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় বলছেন যে ৩ কোটি ১৮ লক্ষ লোক তার মধ্যে ৪০ লক্ষ লোক বাইরে থেকে আমাদের দেশে এসেছেন। মাননীয় দেবেন সেন মহাশয় তীব্রভাবে প্রশ্ন করে বসলেন আমি বক্তৃতা করবো না, আমি শুধু জানতে চাই খাদ্যাবস্থার উন্নতি হবে কি না? খাদ্যমন্ত্রীর বিবৃতির সঙ্গে বাজেটের কোন সামঞ্জস্য নেই, বাংলাদেশের খাদ্য সমস্যার সমাধান হবার কোন পথ দেখছি না। উড়িষ্যা অঞ্চল একটা ভয়াবহ অঞ্চল হয়ে পড়েছে। কিন্তু তিনিও জানেন এবং মাননীয় সকল সদস্যই জানেন যে এই রাজ্যে ইতিমধ্যে উড়িষ্যা থেকে ১৬ই মার্চ্চ পর্য্যন্ত ৩০ লক্ষ ৭৮ হাজার মণ চাল এসেছে। আমাদের দেশের লোকের তুলনায় জমি খুব অল্প যেজন্য খাদ্যমন্ত্রী মহাশয় বার বার বলতে বাধ্য হয়েছেন যে ৩ কোটি ১৮ লক্ষ লোকের খাদ্য সংস্থানের জন্য আমাদের বাড়তি জমি এবং ফসল প্রয়োজন। আমরা মধ্যপ্রদেশ আর কিছু অঞ্চলকে যদি আমাদের এলাকাভুক্ত করতে পারতাম তাহলে অনেকটা নিশ্চিন্ত হতে পারতাম। কিন্তু উড়িষ্যা থেকে চাল আসায় অনেকে নিশ্চিন্ত হয়েছেন বৈকি—এটা স্বীকার করতে হবে। আজকে সরোজবাবুর মত মাননীয় সদস্য যদি কতকগুলি তথ্য দিয়ে বিধান সভায় এ কথা বলেন যে ১ লক্ষের স্থলে ৫ লক্ষ খয়রাতি বেড়ে গেছে কেন সেখানে যুক্তিও আছে যে অনাবৃষ্টি ঘটেছে, প্লাবন দেখা দিয়েছে, সেইজন্য দুর্গতের সংখ্যা বেড়েছে। আমরা কালকে বীরভুম জেলায় বিশদভাবে আলোচনা করেছিলাম যে ২০ কোটি টাকা খরচ করা হল—কি তার ফল হল। তাতে কোন কোন অভিজ্ঞ ব্যক্তি হিসাব করে দেখালেন যে সেখানে ১০।১০।। লক্ষ লোকের মধ্যে ২। লক্ষ লোক সময়মত খেতে পেত না, বার বার দুর্ভিক্ষ আসত সেখানে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রায় ৫। লক্ষ লোক এরকম নিশ্চিন্ত হয়েছেন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই জেলায় প্রায়

৮॥ লক্ষ লোক খাওয়া পরার ব্যবস্থা করতে পেরেছে বৈকি। আজকে হয়ত এখনও ২॥৩ লক্ষের মত লোক দুর্গত তালিকাভুক্ত রয়েছে। তারা একটুকু অনাবৃষ্টি ঘটলে, বন্যা দেখা দিলে সর্ব্বাগ্রে বিপদাপন্ন হন—এইরূপ সকল জেলার অবস্থা। আজকে প্রায় যখনই বন্যা দেখা দেয়, অনাবৃষ্টি ঘটে তখনই দুর্গতের সংখ্যা বাড়ে এবং তখনই ত্রাণ বিভাগকে সম্মুখীন হতে হয়, তার প্রতিকার করতে হয়। সুবোধবাবু বল্লেন কৈ খাদ্য যাতে বৃদ্ধি হয় সে জন্য তো কিছুই হচ্ছে না। কিন্তু আমি বলবো যে ৪৪৯ এবং ২৫৯টা বড় বড় খাল নালা হয় এই আলোচ্য বৎসরের মধ্যে দুর্গতদের দিয়ে কাজ করিয়ে সেখানে জল সঞ্চয় করে যাতে অধিক ফসল ফলতে পারে এবং শস্য রক্ষা হতে পারে তার বিহিত ব্যবস্থা হয়েছে। আজ এখানে মাননীয় সদস্য মহাশয় মাছের কথা বলেছেন। আমি সেজন্য ভাত এবং মাছ আমার বক্তব্য বিষয়ের মধ্যে এনেছি কেননা ৮০ হাজার পরিবার এই রাজ্যে মৎস্যজীবি আছে। যখন অনাবৃষ্টি, অতিবৃষ্টি হয়, যখন প্লাবন আসে তখন প্রায় শতকরা ৬০।৭৫ জন পর্য্যন্ত দুর্গতভুক্ত হয়ে পড়ে। রিলিফ ডিপার্টমেন্টে খয়রাতি সাহায্য দিয়ে, গৃহ নির্মানে সহায়তা করে, কারিগরী দান দিয়ে এবং ঋণ দিয়ে তাদের রক্ষার ব্যবস্থা করে থাকেন। শ্রদ্ধেয় অমরবাবু এখানে একটা কথা বলেছেন যেটা আমার খুব ভাল লেগেছে। তিনি বলেছেন যে মফঃস্বলের খাদ্য যাতে অধিক পরিমাণে কোলকাতায় না আসে তার বিহিত ব্যবস্থা করুন। আজ কোলকাতা বা বড় বড় সহরের দিকে তাকিয়ে দেখুন দেখবেন যে মাছ, চাল, দুধ, ঘি, ডিম শহরে হুড়মুড় করে যেন আসছে, আর শহর থেকে অন্যান্য জায়গায় শাকসব্জী থেকে আরম্ভ করে, পচা মাছ থেকে আরম্ভ করে সব পল্লীতে যাচ্ছে। অমরবাবু সেদিক থেকে ভেবে দরদ দিয়ে কথা বলছেন আর তাঁরই পাশে সরোজবাবু অন্য কথা বলছেন—এতে সবকিছু অদ্ভুত মনে হয়। এমন কি বলতে ইচ্ছা হয় বিরোধীরা এক ধরণের কথা সব স্থানে বলেন না—সময় বুঝে অবস্থা বুঝে উদ্দেশ্য সিদ্ধির জন্যই নানা কথা বলেন। আজ আমি এখানে বলতে চাই যে ১৯৫৯ সালে আমাদের ৩ লক্ষ ৪৯ হাজার মণ মাছ আমদানী হয়েছে, আগে কোলকাতার বাজারে ৯৩ হাজার মণ মাছ আমদানী হতো। রাজ্য হতে যেখানে এক মণ মাছ আমদানী হতো আজ সেখানে কোলকাতার বাজারে ৩ লক্ষ মণ মাছ আসছে এবং আশেপাশের মাছের ক্ষেতের যথেষ্ট পরিমান উৎপাদন বাড়ছে। কাজেই আমি বলবো গ্রামাঞ্চলে যে ৮০ হাজার পরিবার মৎস্যজীবী রয়েছে তাদের রক্ষার জন্য রিলিফ ডিপার্টমেন্ট যে চেষ্টা করেছেন এবং মৎস্য বিভাগও যে যে কাজ করছেন এবং তাতে খাদ্য অবস্থার যথেষ্ট উন্নতি ঘটেছে।

[11-30—11-40 a.m.]

আজকে ভারতের কৃষি উৎপাদনের দিকে তাকালে দেখা যাবে তার একটা রেকর্ড তৈরী হয়েছে। কার্য্য বিবরণীতে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা একটা স্থান লাভ করেছে। পশ্চিমবাংলায় যেসমস্ত ক্ষুদ্র সেচ পরিকল্পনার কাজ হয়েছে, ভাল বীজ উৎপাদন ও সরবরাহ করা হয়েছে ও জৈব রসায়নিক সার বিতরণ করা হয়েছে, পশু পালন এবং ভূমিসমস্যা সমাধান ইত্যাদি ব্যাপারে যে সকল কাজ হচ্ছে, তার সমস্ত বিবরণ এতে দেওয়া হয়েছে। সুবোধবাবু বলেছেন রিলিফ বিভাগের ব্যাপার আবার খাদ্যের সঙ্গে কি করে যোগ বা সম্পর্ক থাকতে পারে। এরাত খালি খাদ্য বণ্টন করবে। এখানে খাদ্য উৎপাদন কোথায় কি হচ্ছে না হচ্ছে সকলেই দেখছেন। কিন্তু তবু বিরোধীগণ অবান্তর কথা আলোচনা করতে ছাড়বেন না। কিন্তু আমি তাঁকে বলবো আজকে আমাদের দেশের বর্ত্তমানে যে অবস্থা, তাতে

সকল দিক দিয়ে দেখা উচিত। আজকে খাদ্য ব্যাপারে যে চরম সংকট ও ভয়াবহ অবস্থা দেখা দিয়েছে তা দূর করা একা ত্রাণ বিভাগের পক্ষে সম্ভব নয়। অন্যান্য সকল বিভাগের সঙ্গে যোগাযোগ স্থাপন করে, পরিকল্পনাকে কার্য্যকরী করতে সকলকেই দ্রুত পদে অগ্রসর হতে হবে। এ সমস্ত বিষয় গভীরভাবে চিন্তা করবার জন্যই আজকে এই বিধান সভায় আলোচনা সুরু হয়েছে। কিন্তু দুঃখের বিষয় অনেক সদস্যই সেইভাবে আলোচনা করছেন না। খাদ্যের দিক দিয়ে সবচেয়ে বড় বিষয় হল আমার মনে হয় ভাগচাষী বা মজুর চাষীর কথা। তাদের শ্রম বিভাগ থেকে যাতে স্বার্থ রক্ষা হয় তারজন্য ব্যবস্থা করা হচ্ছে। আদিবাসী, উপজাতি বা তপশীল জাতি যাতে অধিক সংখ্যায় সেবা বিভাগের কাজে লিপ্ত থাকতে পারে তারজন্য বিশেষ ব্যবস্থা সরকারের তরফ থেকে করা হয়েছে। তাছাড়া আবো যাবা খাদ্য উৎপাদন কাজে লিপ্ত আছে, যাবা নিজেদের জীবন দান করবার জন্য প্রস্তুত হয়ে দিনরাত্রি পরিশ্রম করে যাচ্ছে, তামের প্রতি সহানুভূতিসুচক কথা বলা উচিত। তাই আমি মৎস্যজীবীদের কথা এখানে উল্লেখ করতে চাই। মৎস্যজীবীবা জল থেকে খাদ্য সংগ্রহ করে। তারা এইভাবে জল থেকে খাদ্য সংগ্রহ করে বাংলাদেশে যারা মৎস্য প্রিয় ব্যক্তি তাদের জন্য খাদ্য সরবরাহ করছে। তাছাড়া যাবা পবিশ্রম করে সাকশব্জী উৎপাদন কবছে, যাবা চাল, গম প্রভৃতি উৎপাদন কবছে, তাদেব দুববস্থাব কথা আলোচনা করা প্রয়োজন। ত্রাণমন্ত্রী মহাশয় বিশেষভাবে তাই বিশেষভাবে বোঝাতে চেষ্টা করেছেন আমাদেব পরিত্রাণের উপায় কি। তিনি যেসকল কথা এখানে বলেছেন, হয়ত বাজনৈতিক দল নিয়ে যাঁবা মেতে আছেন, তাদেব প্রাণে তা প্রবেশ কববে না। কারণ মন্ত্রী মহাশয়েব কথা অনুভব বা উপলব্ধি করতে এখানে আসেন নাই—তারা এসেছেন প্রতিটি কাজে বিবোধিতা কবতে। কিন্তু এরূপ অবহেলা কিছুই হয় না। আমাব মনে হয় আজকে খাদ্য সমস্যাব সমাধানেব জন্য ঠিক ভাবেই চলছে নতুবা যাঁরা লীডাব তাঁবা খাদ্য ব্যবস্থাব উন্নতিব দিকে বিশেষ লক্ষ্য দিয়ে বক্তৃতা কবতেন। তাঁবা খাদ্য ব্যবস্থা সম্পর্কে কিছু বলবার আবশ্যক নেই বলেই আলোচনায় যোগদান করেন নাই। তাই লীডার মহাশয়দেব অনুমতি না নিয়েই কোন কোন সদস্য অতিরঞ্জিত করে দু একটি কথা বলেছেন। কিন্তু এরূপ ফলাও করে এই বিধান সভায় বক্তৃতা দিয়ে কিছু হয় না। তাই বলছি এই বাজেটে যা ব্যবস্থা কবা হয়েছে তাতে খাদ্য সংকট লাঘব হবাব যথেষ্ট সম্ভাবনা রয়েছে।

hri Basanta Lal Chatterjee :

মাননীয় ডেপুটি স্পীকাব মহাশয়, আজকে খাদ্যমন্ত্রী মহাশয় যে বিবৃতি এখানে রাখলেন তাতে কোন সুষ্ঠু এবং বলিষ্ঠ খাদ্যনীতি নাই। এই নীতিব ব্যাপারে এখন পর্য্যন্ত কোনরকম ব্যবস্থা করে উঠতে পাচ্ছেন না। আমার মনে হয় একটা কো-অর্ডিনেশন ফুড ডিপার্টমেণ্ট, ফুড প্রোডাকশন, এ্যাগ্রিকাল্‌চাব, ল্যাণ্ড রেভিনিউ এইসমস্ত ডিপার্টমেণ্ট-এব মধ্যে কো-অর্ডিনেশন থাকে তাহলে খুব সুবিধা হয় কিন্তু সেবকম কোন ব্যবস্থা করা হয়নি। তারপর খাদ্য বিতরণের ব্যাপাবে নানাবকম গোলমাল দেখা যাচ্ছে। খাদ্য উৎপাদন বৃদ্ধি হয়নি, বিতরণেব সময় জিনিষপত্র পাওয়া যায় না এবং বিতবণেবও যে ব্যবস্থা তাতে দুর্নীতি চলে, এর কোন সুব্যবস্থা হচ্ছে না।

তারপর কথা হচ্ছে এই যে দুর্ভিক্ষ সৃষ্টি হচ্ছে এই দুর্ভিক্ষ যদি বন্ধ করতে হয় তাহলে একটা সুষ্ঠু স্বাবলম্বী হওয়ার নীতি আমাদের গ্রহণ করতে হবে। এখনি একটু আগে

ওপক্ষের নিশাপতিবাবু বলে গেলেন আমরা নাকি গঠনমূলক কথা বলিনা। স্যার, আ অনুরোধ করবো আমি যে কাট মোশনগুলি দিয়েছি সেগুলো প্রত্যেকটি যেন তিনি দেখেন তাতে শুধু সমালোচনাই নাই গঠনমূলক অনেক কথা আছে। আমি জোর করে বলতে পারি যেসমস্ত সেচ পরিকল্পনার কথা আমি বলেছি—সেগুলি যদি কার্য্যকরী হয় তাহলে উৎপাদন নিশ্চয়ই বাড়বে। তাতে দুর্ভিক্ষ দূর করতে সাহায্য হবে। এখানে রাজ্যপাল মহোদয়ার ভাষণে তিনি বলেছেন অতিবৃষ্টিতে অনাবৃষ্টিতে ফসল নষ্ট হয়ে যাচ্ছে। এই অতিবৃষ্টি এবং অনাবৃষ্টি ও বন্যার হাত থেকে কি করে ফসল রক্ষা করতে পারা যায় সেবিষয়ে আমরা ঘোষণায় পাচ্ছিনা। আমি আপনার কাছে আমার পশ্চিম দিনাজপুরের ইটাহার থানা এবং বংশীহারী থানার খাদ্যসংকটের কথা কিছু বলবো। খাদ্য সেখানে প্রচুর সরবরাহের ব্যবস্থা না করতে পারলে লোককে বাঁচান কঠিন। ধানের দর সেখানে ১৩।১৪ টাকা চাল ২২৸০—২৪ টাকা। পাট বাজারে কৃষকরা বিক্রী করেছে ১৫।১৬ টাকা দরে আরে মহাজনরা করছে ২৭।২৮ টাকা দরে।

[11-40—11-50 a.m.]

চিনি সেখানে ব্লাকমার্কেটে বিক্রী হয় দুটাকা সের। রায়গঞ্জের উপর চিনি রেশনকার্ডে দেওয়ার কথা—এ, ক্লাশ আধপোয়া বি ক্লাশ ও সি ক্লাশ এক পোয়া—তাও দেওয়া হয় না। গ্রামাঞ্চলে সরবরাহ চালু থাকা সত্বেও সেখানে চিনি দেওয়া হয় না বা পাওয়া যায় না। কাপড়ের দর শতকরা ২৫৲ টাকা বেড়ে গেছে; দুধ মাছের দামও অত্যধিক বেড়ে গেছে। সরিষার তৈল দুটাকা চার আনা, আড়াই টাকা সের। অথচ গভর্ণমেণ্ট এইসব জিনিষপত্রের দাম কমাবার ব্যবস্থা করছেন না।

মাননীয় নিশাপতি মাঝি তিনি বর্গাদার ও ক্ষেতমজুরদের কথা বললেন। বর্গাদাররা আজকে ভাগচাষ বোর্ড থেকে উচ্ছেদ হয়ে যাচ্ছে। ইটাহার থানায় ১০ টাকা ফি দিয়ে কৃষকরা যে জমি নিয়েছিল, সেই জমিও ভাগচাষ বোর্ড জুডিশিয়াল কোর্টে নালিশ করছে। অথচ গভর্ণমেণ্ট সেই বর্গাদারদের কোনরকম সাহায্য করছেন না। গরীব লোক যারা ইটাহার থানায় যে লোন কৃষিঋণ নিয়েছিল, সেই টাকা আদায়ের জন্য সার্টিফিকেট জারী হচ্ছে, মিলিটারী ও পুলিশ নিয়ে বাড়ী বাড়ী গিয়ে তা আদায় করা হচ্ছে। সরকার থেকে এর একটা ব্যবস্থা করা উচিত। এখনো জেলার খাবার জেলার মধ্যে রাখার ব্যবস্থা করা হয় নাই। সেখানে টেষ্ট রিলিফের ব্যবস্থার দরকার, অথচ সে ব্যবস্থা চালু করা হচ্ছে না।

সর্বদলীয় খাদ্যকমিটি গঠনের মারফৎ সকল লোককে বাঁচাবার ব্যবস্থা করা দরকার। সারা বছরের জন্য একটা ধানচালের দর যাতে পশ্চিম দিনাজপুর জেলায় বাঁধা থাকে তার ব্যবস্থা চালু করা দরকার। সেচের জন্য কুড়িমণ্ডল স্কীম অবশ্য করা দরকার। প্রোটেকশন নাম দিয়ে এটা করতে পারলে বন্যার হাত থেকে অনেক ফসল রক্ষা করা সম্ভব হতো। রাণীপুর রোজগ্রাম—যে স্কীম দুটো আণ্ডার কনষ্ট্রাকশন, সে দুটো স্কীম তাড়াতাড়ি শেষ করা দরকার। আমার সময় সংক্ষেপবশত: আর বেশীকিছু বলতে পারলাম না। কৃষক যাতে ফসলের ন্যায্য দর পায়, তারজন্য মার্কেটিং সোসাইটী এখনই গঠন করে তার ব্যবস্থা করা দরকার। মোটকথা, জনসাধারণ বলছে—গ্রামে যে চাল পাওয়া যায়, তার ভেতর কাঁকড় ও পাথর মেশান থাকে, সেটা যাতে বন্ধ করা যায় তার ব্যবস্থা করুন। খাদ্যরেশন চালু করার দিকে আপনাদের দৃষ্টি রাখা প্রয়োজন।

আমরা গঠনমূলক যেসমস্ত কথা বললাম কাট্ মোশানে যেগুলো দিয়েছি—সেগুলি একটু চিন্তা করে দেখবেন।

Shri Tarapada Dey:

মাননীয় স্পীকার মহাশয়, যে ব্যবস্থা অবলম্বন করলে—বাংলাদেশে দুর্ভিক্ষ অবস্থা দূর হতে পারে, তা হচ্ছে—ভূমি ব্যবস্থার আমূল পরিবর্তন করে, সেচ ব্যবস্থার আমূল পরিবর্তন করে কৃষকের হাতে জমি দিয়ে। সরকার যে পদ্ধতি অবলম্বন করে চলেছেন, তাতে করে বাংলা-দেশের কৃষককে তারা দুঃস্থ দারিদ্রে পরিণত করেছেন। সেই দুঃস্থ কৃষকদের জন্য সাহায্যের বিলিব্যবস্থা যা তারা করেছেন, তা অদ্ভুত। গত বন্যায় হাওড়া জেলার বহু কৃষক দুঃস্থ হয়ে গেলে ভাগচাষী চাইলো বোরোধানের আবাদ করতে। কিন্তু তা তাদের দেওয়া হ'লনা। চার পাঁচ হাজার বিঘা জমি ডোমজুড়, জগৎবল্লভপুর থানায় চাষ করা হলেও কোন ফসল হলনা। যে কণ্ট্রাক্টর সেই বোরোধানের চারা দিয়েছিল, তাকে এ্যারেষ্ট করা হয়েছে কি? তার তদন্ত হয়েছে কি? ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে এবিষয় জানিয়েছি। আজ পর্য্যন্ত এর কোন ব্যবস্থা করা হয় নাই। এই বিলিব্যবস্থা তাঁরা যেভাবে করছেন, তাতে দেখা যাচ্ছে তাদের দলীয় স্বার্থকে বজায় রাখবার জন্য ব্যবস্থা করছেন। ইউনিয়ন রিলিফ কমিটী করে তারমধ্যে দুজন সমাজসেবী অর্থাৎ তার অধিকাংশই, অজয়বাবুর লোক একটিও নয় প্রফুল্লবাবুর লোক ছাড়া আর কেউ থাকবে না। যে বাস্তবিকই রিলিফ পাওয়ার উপযুক্ত, তাকে রিলিফ না দিয়ে অন্য লোককে দেওয়া হচ্ছে। অনেক দুঃস্থ লোককে দেওয়া হচ্ছে। তাদের দেওয়া হচ্ছে ঠিক কিন্তু অনেক দুঃস্থ লোককে আবার দেওয়া হচ্ছে না। বন্যা বিধ্বস্ত এলাকায় বহু পানের বরজ ধ্বংস হয়ে গিয়েছে কিন্তু পানচাষীদের সাহায্য করার কোন ব্যবস্থা করা হয়নি। তারপর গৃহ নির্মাণের কথা বলেছেন, ৮৲ টাকা থেকে ৪০ টাকা লোন দেওয়া হচ্ছে। ৮ টাকায় কি করে গৃহ নির্মাণ করতে পারবে জানিনা। চালের কথা নিশাপতিবাবু বললেন, চালের দাম ২৪৲ টাকা থেকে ২৮৲ টাকায় উঠে গিয়েছে। সাধারণ চাষীরা চাল কিনতে পারছে না। বন্যা বিধ্বস্ত এলাকায় চাষীরা কাজ পাচ্ছে না এবং সেখানে কণ্ট্রোল-এ চাল কিনবারও কোন ব্যবস্থা করা হয়নি। সরকার চাল নিজে কিনবার কোন ব্যবস্থা করেননি উপরন্তু উড়িষ্যার চাল চোরাকারবারীদের হাতে তুলে দিয়েছেন। এর ফলে সাধারণ মানুষ ২৪ টাকা ২৮ টাকা দরে চাল কিনতে পারছে না। তারা আরো দুঃস্থে পরিণত হচ্ছে এবং আগামী দিনে আবার দুর্ভিক্ষের সম্ভাবনা সম্পূর্ণরূপে আছে। সরকার গ্রামাঞ্চলে রেশনের দোকানে চাল দিতে পারেননি, সমস্ত চাল চোরাকারবারীদের হাতে চলে গিয়েছে। আপনারা জেনে রাখুন, গ্রামাঞ্চলে যেসমস্ত দোকান আছে সেখানে চাল দেবার ব্যবস্থা না করলে অনতিবিলম্বে চালের দাম আরো বেড়ে যাবে। বিশেষ করে বন্যা বিদ্ধস্ত এলাকায় দাম আরো বেড়ে যাবে। ভাগচাষী ও কৃষি মজুরদের জন্য নিশাপতিবাবু কুম্ভীরাশ্রু বিসর্জ্জন করলেন কিন্তু বহু প্রয়োজনীয়তা ও চাহিদা থাকা সত্বেও হাওড়ায় গত তিনমাস ধরে টেষ্ট রিলিফ-এর কাজ দেবার জন্য বলা হচ্ছে তবুও হাওড়া জেলায় কোন টেষ্ট রিলিফ-এর কাজ করা হয়নি। এস. ডি. ও. ও ম্যাজিষ্ট্রেটের কাছে বহুবার যাওয়া হয়েছে, ডোমজুড় এলাকায় ভাগচাষীরা দিনের পর দিন না খেতে পেয়ে পড়ে আছে এবং ভাগচাষীরা উচ্ছেদ হয়ে যাচ্ছে। তাঁদের বাঁচাবার কোন আইন করেননি; অপরদিকে চোরাকারবারী বড় বড় জোতদারদের সাহায্য করছেন অথচ এই আইনসভায় দাঁড়িয়ে তাদের জন্য কুম্ভীরাশ্রু বিসর্জ্জন করছেন।

আপনারা টেষ্ট রিলিফ এর মজুরী করে দিয়েছেন পুরুষ ২ টাকা, স্ত্রী মজুর ১৷৮০ এবং বালক ১।০। হাওড়া জেলায় যে টেষ্ট রিলিফ-এর ব্যবস্থা করেছেন তাতে সারাদিনে ১০০ কিউবিক ফিট মাটি কাটলে তা পারে, কিন্তু তা কেউ কাটতে পারে না। তাছাড়া সেখানে মাত্র সপ্তাহে ৫ দিন কাজ হয় এবং তাদের মজুরী পড়ে, একসের থেকে দেড়সের গম। আমরা সেখানে দিনে ১৷৷০ টাকা দাবী করেছি কিন্তু আপনারা তা করেননি। গত বৎসর উত্তর ঝাপড়দহ ইউনিয়নে ৫।১১।৫৮ থেকে ২৬।১১।৫৮ তারিখ পর্য্যন্ত টেষ্ট রিলিফ-এর কাজ হয়েছিল এবং এই বিষয়ে আইনসভায় প্রশ্নও দিয়েছিলাম যে সে সময় সেখানে মাথাপিছু ৭ আনা থেকে ১২ আনা মজুরী পেয়েছে। বহু আবেদন নিবেদন করেও এর কোন ফল হয়নি। তারপর গ্র্যাচুইটাস রিলিফ-এর সম্বন্ধে আপনারা বলেছেন যে যারা অন্ধ, খঞ্জ, অকর্মণ্য, তাদের আপনারা সাহায্য দেবেন। কিন্তু এটা একটা ভাওতা, একথা আপনারা মানেন না। যারা কাজ করতে পারে না তাদের সাহায্য দেবার কোন ব্যবস্থা করেননি। আমি এখন এখানে কয়েকটি দাবী রাখতে চাই। দুঃস্থ, প্রতি ইউনিয়নে যারা কাজ পাচ্ছে না তাদের পর্য্যাপ্ত পরিমাণে টেষ্ট রিলিফ-এর কাজ দিতে হবে। বন্যা বিধ্বস্ত অঞ্চলে বহু রাস্তা, বাঁধ নির্মাণের জন্য টেষ্ট রিলিফ-এ নিযুক্ত প্রতি মজুরকে ১৷৷০ টাকা করে মজুরী দেওয়া হোক। অকর্মণ্যদের বরাবর গ্র্যাচুইটাস রিলিফ দেবার ব্যবস্থা করতে হবে। বিশেষ করে দুঃস্থ টি, বি, রোগীদের গ্রামাঞ্চলে খাদ্য ও দুধ দেবার ব্যবস্থা করতে হবে। বন্যা বিধ্বস্ত এলাকায় বিনামূল্যে টিউবওয়েল করার ব্যবস্থা করতে হবে। রুর‍্যাল ওয়াটার সাপ্লাই ব্যবস্থা করা হোক। এইগুলি না করলে বাংলাদেশের সাধারণ মানুষ কোনদিন আপনাদের ক্ষমা করবে না।

[11-50—12 noon]

Shri Ledu Majhi :

পুরুলিয়া জেলা অনুন্নত। কৃষি ব্যবস্থা দুর্বল, শিল্প ব্যবসা কিছুই নেই তার ওপর আবার জেলাটিকে বহু টুকরো করায় পুরুলিয়া জেলা আজ মাত্র ১৬ থানায় পরিণত। বহুবিধ কারণে লাক্ষা ব্যবসা ও শিল্প আজ বিপন্ন—এতে আজ ভরসা নেই যা আগে ছিল। জেলায় জঙ্গল সম্পদ ছিল তাও সরকারী ব্যবস্থায় উজাড় হয়ে গেল। এই শোচনীয় আর্থিক পরিস্থিতির মধ্যে জেলা আজ স্থায়ী দুর্ভিক্ষের অবস্থায় উপনীত। এর ওপর অনাবৃষ্টি অতিবৃষ্টির ফলে বছরের পর বছর দুর্ভিক্ষের আঘাতে বিপর্য্যস্ত হচ্ছে, দুর্ভিক্ষের সময়ে অকিঞ্চিৎকর কিছু ব্যবস্থা করা ছাড়া, এই বিপদ দেখেও সরকার প্রতিকারের স্থায়ী ব্যবস্থা কিছু করছেন না। কর্মের অভাবে, অন্নের অভাবে এর মধ্যেই জেলার বহু লোক কাজের সন্ধানে বাইরে চলে যাচ্ছে। হাজার হাজার অসমর্থ অসহায়, অক্ষম নরনারী খয়রাতীর অভাবে ইতিমধ্যেই অবর্ণনীয় কষ্ট পাচ্ছে। সেজন্য অবিলম্বে ঋণ চাই, কাজ চাই, খয়রাতী চাই, ন্যায্যমূল্যে খাদ্যদ্রব্য সরবরাহ চাই আর স্থায়ী ব্যবস্থার দৃষ্টিতে অবিলম্বে পল্লীশিল্প, সমবেত কৃষি, পশুপালন প্রভৃতি কাজের আয়োজন চাই। নতুবা দুর্ভিক্ষ দমনের নামে দুর্ভিক্ষ সৃষ্টির কাজকেই সহায়তা দেওয়া হবে। কংগ্রেস সরকারের কাছে এর প্রতিকার দাবী করার সংগে আমাদের একটি আবেদন আছে। নিপীড়িত মানুষের দুঃখকে বোঝবার মনোভাব না থাকলে আমাদের এই দাবীর মূল্য তাঁদের কাছে থাকবে না। এক বৎসর পূর্বে পুরুলিয়া সার্কেট হাউসে জনৈক মন্ত্রী ও কংগ্রেস সদস্যদের কাছে অনাহারে মৃতদের দুঃখ বেদনার কথা বলেছিলাম তখন অনেক কংগ্রেসী সদস্যই অনাহারে মৃত্যুর এই বিবরণ শুনেও হেসে উঠেছিলেন। মানবতার দৃষ্টি দিয়ে দেখলে তাঁদের হাসবার মত মনোভাব থাকত না।

Shri Hemanta Kumar Ghosal :

Abdus Sattar, The Hon'ble
Badiruddin Ahmed, Hazi
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya

Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Abani Kumar
Basu, Shri Satindra Nath
Bhattacharjee, Shri Shyamapada
Bhattacharyya, Shri Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Brahmamandal, Shri Debendra Nath
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Binoy Kumar
Chattopadhyay, Shri Satyendra Prasanna
Chattopadhyay, Shri Bijoylal
Chaudhuri, Shri Tarapada
Das, Shri Ananga Mohan
Das, Shri Gokul Behari
Das, Shri Kanailal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dey, Shri Kanai Lal
Dhara, Shri Hansadhwaj
Digar, Shri Kiran Chandra
Dolui, Shri Harendra Nath
Dutt, Dr. Beni Chandra
Dutta, Shrimati Sudharani
Ghatak, Shri Shib Das
Ghosh, Shri Parimal
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Gupta, Shri Nikunja Behari
Gurung, Shri Narbahadur
Hafijur Rahaman, Kazi
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Parbati
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Kazem Ali Meerza, Shri Syed
Khan, Shrimati Anjali
Kolay, Shri Jagannath
Mahato, Shri Satya Kinkar
Mahibur Rahaman Choudhury, Shri
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majhi, Shri Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Shri Jagannath
Mandal, Shri Krishna Prasad
Mandal, Shri Umesh Chandra
Mardi, Shri Hakai
Misra, Shri Monoranjan
Misra, Shri Sowrindra Mohan
Modak, Shri Niranjan
Mohammad Giasuddin, Shri
Mohammed Israil, Shri
Mondal, Shri Baidyanath
Mondal, Shri Bhikari
Mondal, Shri Dhwajadhari
Mondal, Shri Rajkrishna
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Ram Lochan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Jadu Nath
Murmu, Shri Matla
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri, Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Shri Khagendra Nath
Noronha, Shri Clifford
Pal, Shri Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Shri Ras Behari
Panja, Shri Bhabaniranjan
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Sarada Prasad
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Ray, Shri Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Shri Atul Krishna
Roy The Hon'ble Dr. Bidhan Chandra

Roy Singha, Shri Satish Chandra
Saha, Shri Biswanath
Saha, Shri Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Shri Nakul Chandra
Sarkar, Shri Lakshman Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shukla, Shri Krishna Kumar
Singha Deo, Shri Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Shri Durgapada
Sinha Sarkar, Shri Jatindra Nath
Talukdar, Shri Bhawani Prasanna
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tusar
Wangdi, Shri Tenzing
Yeakub Hossain, Shri Mohammad
Zia-ul Huque, Shri Md.

NOES—63

Abdulla Farooquie, Shri Shaikh
Banerjee, Shri Subodh
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Chitto
Basu, Shri Gopal
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bera, Shri Sasabindu
Bhagat, Shri Mangru
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Shri Panchanan
Bhattacharjee, Shri Shyama Prasanna
Bose, Shri Jagat
Chatterjee, Shri Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Shri Mihirlal
Chobey, Shri Narayan
Chowdhury, Shri Binoy Krishna
Das, Shri Natendra Nath
Das, Shri Sunil
Dey, Shri Tarapada
Ganguli, Shri Ajit Kumar
Ghosal, Shri Hemanta Kumar
Ghosh, Shri Ganesh
Ghosh, Shrimati Labanya Prova
Golam Yazdani, Dr.
Gupta, Shri Sitaram
Halder, Shri Renupada
Hamal, Shri Bhadra Bahadur
Hazra, Shri Monoranjan
Jha, Shri Benarashi Prosad
Kar Mahapatra, Shri Bhuban Chandra
Konar, Shri Hare Krishna
Lahiri, Shri Somnath
Majhi, Shri Jamadar
Majhi, Shri Ledu
Maji, Shri Gobinda Charan
Majumdar, Shri Jnanendra Nath
Mandal, Shri Bijoy Bhusan
Mazumdar, Shri Satyendra Narayan
Mitra, Shri Haridas
Modak, Shri Bijoy Krishna
Mondal, Shri Haran Chandra
Mukherjee, Shri Bankim
Mukhopadhyay, Shri Rabindra Nath
Mukhopadhyay, Shri Samar
Mullick Chowdhury, Shri Suhrid
Naskar, Shri Gangadhar
Pakray, Shri Gobardhan
Panda, Shri Basanta Kumar
Prasad, Shri Rama Shankar
Ray, Shri Phakir Chandra
Roy, Shri Jagadananda

Roy, Dr. Pabitra Mohan
Roy, Shri Rabindra Nath
Roy, Shri Saroj
Roy Choudhury, Shri Khagendra Kumar
Sen, Shri Deben
Sen, Shrimati Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Shri Niranjan
Tah, Shri Dasarathi

The Ayes being 106 and the Noes 63, the motion was carried.

Adjournment

The House was then adjourned at 12-54 p.m. till 3 p.m. on Monday, the 21st March, 1960, at the Assembly House, Calcutta.

[Afternoon Session]

[3—3-10 p. m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : May I move Demand for Grant No. 8 and Demand for Grant No. 9 together ?

Mr. Speaker : I do not think the House will have any objection to it. Is there any objection ?

Shri Ganesh Ghosh : No objection.

DEMANDS FOR GRANTS

Major Head . 12A-Sales Tax.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 25,77,000 be granted for expenditure under Grant No. 8, Major Head : ' 12A-Sales Tax".

Owing to a change in classification, a separate head of account as stated above has been opened from the year 1958-59 to book the expenditure incurred by the Commercial Taxes Directorate for the administration of the following Acts, for which we have come here for getting your sanction : —

(1) the Bengal Finance (Sales Tax) Act, 1941 ;
(1) the West Bengal Sales Tax Act, 1954 ;
(3) the Central Sales Tax Act, 1956 ;
(4) the Bengal Motor Spirit Sales Taxation Act, 1941.

The entire sum of Rs. 25,77,000 represents the cost of collection of sales tax, Central sales tax and motor spirit sales tax under these four Acts. The amount of tax to be collected from these sources during the year under review is Rs. 17,12,61,000. The cost of collection of these taxes, therefore, works out at 1.5 per cent of the amount to be collected.

The increase in collection under Sales Tax has been quite remarkable in recent years. Againts a collection of Rs. 4 crores in undivided Bengal in 1946-47, the collection rose to Rs. 9 crores in 1955-56, Rs. 11 crores in 1956-57, Rs. 12½ crores in 1957-58 and we are expecting to get Rs. 17 crores in the next year.

With these words, I commend my motion for the acceptance of the House.

Major : Head 13—Other Taxes and Duties.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 12,95,000 be granted for expenditure under Grant No. 9, Major Head : "13—Other Taxes and Duties".

Of the total demand for grants for Rs. 12,95,000, Rs. 7,93,400 represent charges under the Electricity Acts. These charges include expenses connected

with the administration of the Indian Electricity Act, charges connected wi the examination of the Electricical Supervisors' Certificates and workmen permits, charges connected with the administration of the West Bengal Lif and Escalators Act, 1955 and the Bengal Electricity Duty Act, 1935. Tl balance is a cost of collection of entertainment tax and betting tax as we charges for the collection of tax under the West Bengal Taxes on Entry (Goods in Local Areas Act. This particular demand is for collection of 5 typ(of taxes. The Entertainment Tax is done by the Collector and in Calcutta done by the Collector of Stamp Revenue in Calcutta and in the districts by tl Collectors. The Betting Tax is done by the Calcutta Turf Club. The Entı Tax is done by the Commissioner of Commercial Taxes and Raw Jute Tax also done by the Commisions of Commercial Taxes. The collection under the fir: Head, viz. Electricity Duty Act ect, is Rs. 3 crores and 55 lakhs. The cost (collection is a little over one per cent. It will be recalled that a duty on electric: energy consumed for industrial purposes was imposed with effect from the 1: February, 1958. This duty accounts for the increased receipt during the currer year. The Government was, however, particularly careful to have a lower rate fo energy consumed by the Cottage and Small Scale Industrial Establishment, th rate in their case being 1/3rd of the rate imposed for large industrial establish ments. A similar concession was also granted to establishments whic consumed electrical energy for electrolytic processes and for electric furnace where the cost of the electrical energy consumed was not less than 20% of th cost of manufacture. The general rate of the duty was one naya paisa per unit.

The Entertainment Tax is administered by the Collector in the district an(the Collector of the Stamp Revenue in Calcutta. The total amount collecte(is Rs. 1 crore and 55 lakhs. The Betting Tax, as I said before, is collected b the Calcutta Turf Club. We pay them a lump sum of rupees ten thousand fo collection between Rs. 55 and 60 lakhs of rupees.

Entry Tax is administered by the Commissioner of Commercial Taxes West Bengal. For this tax the demand for grant is Rs. 3,68,000 against collection of Rs. 2,40,00,000, the cost of collection being 1.5 per cent.

Raw Jute Tax is also administered by the Commissioner of Commercia Taxes for which we do not undertake any extra expenditure. The tota collection is Rs. 78,00,000. Entertainment Tax, Electricity Duty and Entr; Tax are all very important sources of revenue to the State at the presen moment.

With these words, Sir, I commend my motion for the acceptance of th(House.

Mr. Speaker : All cut motions, so far as Grant No. 8 is concerned, are ir order. Part of cut motion No. 4 in Grant No. 9 relates to Cottage an(Industries Department. Cut motion No. 9 does not concern the Stat(Department. Cut motion No. 10 relates to Local Self-Government Department So cut motions Nos. 4, 6 and 10 are out of order.

Shri Basanta Kumar Panda : I beg to move that the demand of Rs. 25,77000 for expenditure under Grant No. 8, Major Head "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Shri Mihirlal Chatterjee : I beg to move that the demand of Rs. 25,77,000 for expenditure under Grant No 8, Major Head : "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Shri Subodh Banerjee : I beg to move that the demand of Rs. 25,77,000 for expenditure under Grant No. 8, Major Head : "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Shri Jatindra Chandra Chakravorty : I beg to move that the demand of Rs. 25,77,000 for expenditure under Grant No. 8, Major Head : "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Shri Gobinda Charan Maji : I beg to move that the demand of Rs. 25,77,000 for expenditure under Grant No. 8, Major Head : "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Shri Basanta Lal Chatterjee : I beg to move that the demand of Rs. 25,77,000 for expenditure under Grant No. 8, Major Head : "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Dr. Ranendra Nath Sen : I beg to move that the demand of Rs. 25,77,000 for expenditure under Grant No. 8, Major Head : "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Dr. Kanailal Bhattacharjee: I beg to move that the demand of Rs. 25,77,000 for expenditure under Grant No. 8, Major Head : "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah : I beg to move that the demand of Rs. 25,77,000 for expenditure under Grant No. 8, Major Head : "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Basu : I beg to move that the demand of Rs. 25,77,000 for expenditure under Grant No. 8, Major Head : "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar : I beg to move that the demand of Rs. 25,77,000 for expenditure under Grant No. 8, Major Head : "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Shri Suhrid Mullick Chowdhury : I beg to move that the demand of Rs. 25,77,000 for expenditure under Grant No. 8, Mojor Head : "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Shri Sunil Das : Sir, I beg to move that the demand of Rs. 25,77,000 for expenditure under Grant No. 8, Major Head : "12A—Sales Tax" be reduced by Rs. 100.

Shri Rama Snankar Prasad : I beg to move that the demand of Rs. 25,77,00(for expenditure under Grant No. 8, Major Head : "12A—Sales Tax" be reducec by Rs. 100.

Shri Mihirlal Chatterjee : I beg to move that the demand of Rs. 12,95,00(for expenditure under Grant No 9, Major Head : "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

Shri Gobinda Charan Maji : I beg to move that the demand of Rs. 12,95,00(for expenditure under Grant No. 9, Major Head "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

Dr. Ranendra Nath Sen : I beg to move that the demand of Rs. 12,95,00(for expenditure under Grant No. 9, Major Head : "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

Shri Benoy Krishna Chowdhury : I beg to move that the demand of Rs. 12,95,CC0 for expenditure under Grant No. 9, Major Head : "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah : I beg to move that the demand of Rs. 12,95,000 for expenditure under Grant No. 9, Major Head : "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

Shri Somnath Lahiri : I beg to move that the demand of Rs. 12,95,00(for expenditure under Grant No. 9, Major Head : "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

Shri Sunil Das : I beg to move that the demand of Rs. 12,95,000 for expenditure under Grant No. 9, Major Head : "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

Shri Rama Shankar Prasad : I beg to move that the demand of Rs. 12,95,00(for expenditure under Grant No. 9, Major Head "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

Shri Natendra Nath Das : I beg to move that the demand of Rs. 12,95,00(for expenditure under Grant No. 9, Major Head : "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Basu : I beg to move that the demand of Rs. 12,95,00(for expenditure under Grant No. 9, Major Head : "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra : I beg to move that the demand of Rs. 12,95,00(for expenditure under Grant No. 9, Major Head "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar : I beg to move that the demand of Rs. 12,95,000 for expenditure under Grant No. 9, Major Head : "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

Shri Suhrid Mullick Chowdhury: I beg to move that the demand of Rs. 12,95,000 for expenditure under Grant No. 9, Major Head: "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100.

[3-10—3-20 p. m.]

Shri Somnath Lahiri:

স্পীকার মহাশয়, এককালে আমাদের বাংলাদেশে গোলায় গোলায় ধান ছিল আর গলায় গলায় গান ছিল। কিন্তু তার পরেই "বর্গি এলো দেশে"। বুলবুলির মুখে মুখে ধান গেল উড়ে। কিন্তু গান তবু গেল না। সেইজন্যই কবি বলেছিলেন "এত ভঙ্গ বঙ্গদেশ তবু রঙ্গে ভরা"! কিন্তু রঙ্গ করলে, নূতন যাঁরা বর্গী রাজা—তাঁরা বললেন, রঙ্গ করলে মাশুল দিতে হবে। মাশুল না দিয়ে রঙ্গ করতে পারবে না।

তারপর মাশুলের ব্যাপারটা কি হল? রঙ্গ মানে হচ্ছে আমোদ প্রমোদ। আমরা ছেলেবেলায় এসেতে পড়েছিলাম—আমোদ প্রমোদ দু-রকম—এক নির্দ্দোষ, আর এক সদোষ। নির্দোষ আমোদ প্রমোদ—যেমন নাচগান, সিনেমা, থিয়েটার; আর সদোষ হল—বেটিং, ঘোড়দৌড়, জুয়া খেলা ইত্যাদি। নূতন বর্গীরা আইন করলেন—নির্দোষ আমোদ প্রমোদ করতে শতকরা ২৫ টাকা ট্যাক্স দিতে হবে। আর সদোষ আমোদ প্রমোদ করলে সাড়ে বার টাকা ট্যাক্স দিলেই চলবে। ঘোড় দৌড়ের মাঠে গেলে খুব বেশী ট্যাক্স লাগবে না। কিন্তু দু-একটা থিয়েটার যদি দেখ, তাহলে চড়াহারে ট্যাক্স দিতে হবে। রঙ্গ ভরা বঙ্গদেশে এই হলো মাশুলের ডেফিনেশান যাঁরা নূতন রঙ্গমঞ্চে নামলেন তাঁদের। যাহোক থিয়েটারের উপর যে ট্যাক্স ছিল—এক সময় ফজলুল হক সাহেব হঠাৎ কেন জানি না থিয়েটারের উপর খুসী হয়ে বলে দেন প্রফেশানাল থিয়েটারে ট্যাক্স লাগবে না। আমাদের নূতন শাসকরা তা বদলান নাই। ধন্যবাদ। কিন্তু প্রফেশানাল থিয়েটার তবু দু-পয়সা কামায়, য়্যামেচার থিয়েটার কিছুই কামায় না। বর্তমানে থিয়েটারের মান সারা ভারতবর্ষেও বটে, দেশের মধ্যেও বটে খানিকটা তুলে রাখবার কৃতিত্ব তাদের—, প্রফেশানাল থিয়েটার থেকে য়্যামেচার থিয়েটারের কৃতিত্ব এ ব্যাপারে অনেক বেশী। এখন য়্যামেচার থিয়েটার ব্যয় বহুল হয়েছে। মাঝে মাঝে সেজন্য টিকিট কেটে খরচপত্র চালাতে হয়। কিন্তু তাকে ট্যাক্স দিতে হবে। কারণ? এর অর্থ ঐ পণ্ডিত মশায়কে জিজ্ঞাসা করলে পাবেন না। হবু চন্দ্র রাজার দেশে সবই সম্ভব।

যাই হোক, এই বাজেটের অধিবেশন বসবার অল্প কিছু দিন আগে সরকার একটা সার্কুলার গেজেটে দিয়েছেন—য্যামেচার থিয়েটার অরগানাইজেশান কে ট্যাক্স থেকে অব্যাহতি দেওয়া হবে। প্রভাইডেড যদি তারা তাঁদের একাডেমী অফ ড্যান্স ড্রামা—সঙ্গীত নাটক ইত্যাদি একাডেমী কর্ত্তৃক মঞ্জুরীকৃত হয়, তাহলে তাদের এনটারটেনমেণ্ট ট্যাক্স থেকে অব্যাহতি দেওয়া যেতে পারে। মঞ্জুরীর এই সর্ত্ত কেন আরোপ করা হল বুঝতে পারলাম না। কারণ আমাদের সঙ্গীত নাটক একাডেমী যে সংস্থাকে মঞ্জুর করবেন, সে-ই একমাত্র আনন্দিত রঙ্গ বিতরণের ঠিকাদারী পাবে, আর অন্যেরা পাবে না। এর কোন কারণ আমি খুঁজে পেলাম না। যাই হোক ব্যাপারটা জানবার জন্য খোঁজ করেছিলাম সঙ্গীত নাটক একাডেমীর দপ্তরে। তারা শুনেতো মাথায় হাত দিয়ে বসলেন। এইরকম গেজেট হয়েছে আমাদের সঙ্গে এফি-লিয়েটেড অরগানাইজেশান হতে হবে—এরতো আমরা কিছু জানি না। সরকার তো ডিক্রি জারী করে দিয়েছেন তাদের গেজেট—অথচ একাডেমী তখন পর্য্যন্ত জানেন না। তাদের

জিজ্ঞাসা করে পাঠালাম আপনাদের কি অন্য কোন সমিতিকে মঞ্জুরীর ব্যবস্থা আছে? কোন্ কোন্ সমিতি মঞ্জুরীকৃত জানাবেন। তাঁরা বলেছেন আমরা কোন সমিতি এফিলিয়েট করি না। আমাদের এটা এফিলিয়েটিং অরগানাইজেশান নয়। এটা একটা স্কুল মাত্র। সঙ্গীত নাটক ইত্যাদি সম্বন্ধে শিক্ষা দেওয়া হয়। এদেশে যেসব সমিতি ইত্যাদি আছে তারসঙ্গে এই একাডেমীর কোন যোগাযোগ নাই।

কাজেই যে সার্কুলার দেখলেন গেজেটে বের হল, সেই সার্কুলার কার্য্যে পরিণত করবার ব্যবস্থা সঙ্গীত নাটক একাডেমীর মধ্যে তখন পর্য্যন্ত নাই। তা সত্বেও ফর্ম্যাস জারী হয়ে গেল—তাদের মঞ্জুরীকৃত হলে তাদের ট্যাক্স থেকে অব্যাহতি দেওয়া হবে। এটা কিরকম বিচার হল সেটা আপনাকে ভেবে দেখতে অনুরোধ করছি এবং মন্ত্রী মহাশয়কেও বলছি যে তিনিও যেন এটা একটু ভেবে দেখেন। সঙ্গীত নাটক একাডেমী এটা একটা স্কুল মাত্র, তারা মঞ্জুরী করবে কি করে যদি না বাইরের অরগানাইজেশানের সঙ্গে তাদের যোগাযোগ থাকে? মঞ্জুরী দেবার তারা কে এবং দেবেই বা কি করে? বরং কেন্দ্রীয় সংগীত একাডেমী, তাদের যোগ্যতা থাকতে পারে কিছু পরিমাণে, তারা এটা ব্যবস্থা করতে পারে, মঞ্জুরী দিতে পারে। কিন্তু বাংলাদেশের ড্যান্স, ড্রামা, একাডেমী, সেটা কি করে হল তা পর্য্যন্ত কেউ জানে না। আপনাকে স্যার, স্মরণ করিয়ে দিচ্ছি ২২ বৎসর আগে আমি একটা প্রশ্ন দিয়েছিলাম মুখ্যমন্ত্রী বা হোম পাবলিসিটির ভারপ্রাপ্ত মন্ত্রীকে যে, এই একাডেমী কিভাবে ফরমূড হয়েছে এবং কে তার পরিচালনা করবে ইত্যাদি জানবেন। কিন্তু ২২ বৎসরেও মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জবাব পেলাম না, ওবারেও বক্তৃতায় বলেছিলাম এবং তখন মন্ত্রী মহাশয় বলেছিলেন নোটীশ দিলে বলতে পারেন। নোটীশ দেওয়াই আছে। আশা করি তিনি এবার উত্তর দিবেন। যাই হোক, এখন এই সংগীত, নাট্য একাডেমীর মঞ্জুরীর উপরেই এই সখের সমিতিগুলিকে নির্ভর করতে হবে। এই একাডেমীকে সার্কুলার দেওয়া হয়েছে যে আপনারা শুধু দেখে দেবেন, যে সমিতি এনটারটেনমেণ্ট ট্যাক্স থেকে অব্যাহতি চাচ্ছে সেই সমিতিতে কোন প্রফেশানাল এক্টর আছে কি না। অর্থাৎ যদি কোন প্রফেশানাল এক্টর সেই সমিতিতে থাকে তাহলে পরে তাকে এই ট্যাক্স থেকে অব্যহতি দেওয়া হবে না। (শ্রীনেপাল চন্দ্র রায়: আর একট্রেসরা?) আমি এক্টর বলতে উভয়কেই বলছি। তবে একট্রেস সম্বন্ধে নেপাল বাবুর বেশী অভিজ্ঞতা থাকতে পারে, আমি বলতে পারি না। যাই হোক, স্যার, আমি জিজ্ঞাসা করতে চাই, যদি মঞ্জুরী দিতে হয় এইরকম এমেচার সোসাইটিকে তাহলে তাতে যদি কেউ প্রফেশানাল এক্টর থাকে তারজন্য কেন মঞ্জুরী পাবে না বা এনটারটেনমেণ্ট ট্যাক্স থেকে অব্যাহতি পাবে না তা বুঝতে পারি না। তারাত ধরেই রেখেছেন আগেই যে, প্রফেশানাল থিয়েটার যেগুলি, অর্থাৎ যেখানে প্রফেশানাল এক্টররা আছেন, তাদের এই ট্যাক্স দিতে হবে না। তা যদি হয় তা হলে একটা এমেচার সোসাইটিতে একজন প্রফেশানাল এক্টর থাকলে সেই এমেচার সোসাইটির কি এমন জাত নষ্ট হয়ে যাবে যাতে এই এনটারটেনমেণ্ট ট্যাক্স রেহাই দিতে পারবে না, তা আমি বুঝতে পারি না।

যাই হোক, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে নিবেদন করবো, এবং আপনারা সকলেই জানেন যে আজকে বাংলাদেশের এই সব নাট্য সংস্থাগুলির কি অবস্থা, তবুও এই এমেচার সোসাইটিগুলিই, "এত ভঙ্গ বঙ্গদেশ তবু রঙ্গে ভরা"র একটু রঙ্গ বাঁচিয়ে রেখেছে, সেটা যাতে বাংলাদেশে মরে না যায়, বেঁচে থাকতে পারে, সেদিকে লক্ষ্য দিয়ে এই ট্যাক্স থেকে অব্যাহিত তাদের দিন। এবং আমার মনে হয় এটা হচ্ছে এর খুব উপযুক্ত সময়, কারণ

রবীন্দ্র নাথের শত বার্ষিকী জন্ম উৎসব হবে, এই সামনের বৎসব, সুতরাং যদি এই ট্যাক্স থেকে এদেব অব্যাহতি দেন তাহলে রবীন্দ্র নাথের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা হবে এই সমস্ত সমিতি যারা ভঙ্গ বঙ্গে রঙ্গ বাঁচিয়ে রেখেছে তাদেরও বাঁচান হবে।

তারপর স্যার, আমি সেলস্ ট্যাক্স সম্বন্ধে বলছি। সেলস্ ট্যাক্স এই রাজ্য সরকারের রাজস্বের একটা মস্ত বড় অংশ। এটা বাড়ান ভাল কথা। কিন্তু এই সেলস্ ট্যাক্স এমন কতকগুলি জিনিষের উপর আছে যেগুলি একান্ত প্রয়োজনীয় জিনিষ, যার উপর এই ট্যাক্স না থাকলেই ভাল হয়। এবং ও থেকে রাজস্বেরও যে খুব ক্ষতি হবে তা নয়। যেমন শ্লেট, পেন্সিলের কথা। এর উপর ট্যাক্স আছে এবং এ থেকে বড় জোর ৫ হাজার টাকা আমদানী হয়, সেটা তুলে দিলে ভাল হয়, গ্রামের ছেলেমেয়েদের লেখাপড়ার সুবিধা হয়। তারপর ঔষধ পত্রের উপর। এমন কি রোগীকে যদি একটা নেবু খেতে হয় তার উপরেও সেলস্ ট্যাক্স আছে। এই জিনিষ পত্রের উপর থেকে যাতে সেলস্ ট্যাক্স তুলে দেওয়া হয় সেই নিবেদন আপনার মারফৎ মন্ত্রী মহাশয়ের কাছে করতে চাই।

[3-20—3-30 p.m.]

তারপর আর একটা জিনিষ লাক্ষা শিল্প সম্বন্ধে বলতে চাই। যখন পুরুলিয়ার লাক্ষা শিল্প বিহারের মধ্যে ছিলো তাদের যা আইন ছিল তাতে কোন ট্যাক্স লাগত না; যে অংশটা এক্সপোর্ট এর জন্যে যায় স্বভাবতঃই তার উপর সেল ট্যাক্স লাগে না। কয়েকদিন আগে কয়েকজন লাক্ষা শিল্পের মালিক আমার কাছে এসেছিলেন। তারা আমার কাছে বললেন এই শিল্পের উপর নাকি সেল ট্যাক্স ধার্য্য করার চেষ্টা চলছে। যদিও তা থেকে যা অর্থাগম হবে তা অতি নগন্য। মাঝখান থেকে লাভ হবে এই শিল্প বর্ডার পেরিয়ে বিহারে চলে যাবে এবং সরকারের এক্সচেকারএ এমন কিছু টাকা আসবে না। সুতরাং লাক্ষা শিল্পকে সেল ট্যাক্স ফ্রি করার জন্যে আমি অনুরোধ জানাচ্ছি।

আর একটা বিষয় বলছি: সব কিছুর সেল ট্যাক্সই খরিদ্দারের কাছ থেকে নেয়া হয়। সেটা তুলে দিয়ে যদি সোর্সএ ট্যাক্সেশন করা যায় তাহলে ইভেশন কম হবে এবং তাতে ভালই ফল হবে। সেল ট্যাক্স-এর আমদানী বাড়াবার যথেষ্ট প্রয়োজন এবং সম্ভাবনা আছে। প্রথমতঃ ট্যাক্স ইভেশন এর যে চেষ্টা আছে সেই চেষ্টাকে দূর করাই একান্ত প্রয়োজন। আমার মনে পড়ল দু-তিন বছর আগে এ্যাসেম্বলীতে একজন সদস্য একটা কোম্পানীর কথা উল্লেখ করেছিলেন। এই কোম্পানীর নাম করিনা। এর সঙ্গে একজন ডেপুটি মিনিষ্টারও জড়িত আছেন। এই কোম্পানী বার তিনেক সাইন বোর্ড পালটিয়ে ট্যাক্স ফাঁকি দিয়েছে এই অভিযোগ তিনি করেছিলেন। বিধানবাবু ১৯৫৭ সালে বলেছিলেন এই সম্পর্কে তিনি অনুসন্ধান করে জানাবেন। তিন বছরে আশাকরি তার অনুসন্ধান শেষ হয়েছে এবং তিনি যা জানতে পেরেছেন তা আমাদের জানাবেন।

আর একজন লোকের কথা আমার নজরে এলো। তার নাম হচ্ছে বজরংলাল মোরে। ইনি একজন বিখ্যাত লোক। একটু আগে যে নেপালবাবু একট্রেস নিয়ে চেঁচামিচি করছিলেন সেই নেপালবাবুর ইলেকশনের সময় তিনি তার ফর এ নাম উইথড্র করে নেন। অর্থাৎ কংগ্রেসের ফরে নাম উইথড্র করেন। তার পুরস্কারস্বরূপ সরকার থেকে তাঁকে জাষ্টিস অফ দি পিস এই পদ দেওয়া হয়। তাই বলে তিনি ট্যাক্স ফাঁকি দিয়ে যেতে পারবেন এটা কোন কথা নয়। জাষ্টিস অফ দি পিসই তার পক্ষে যথেষ্ট। আমি শুনেছি তিনি দশ

লক্ষ টাকা ট্যাক্স ফাঁকি দিয়েছেন। কয়েক বছর তিনি বহাল তবিয়তে ট্যাক্স ফাঁকি দেবার পর তার নামে কেস হয়েছে শুনলাম। এ রকম বহু ঘটনাই আছে।

আর একটা ব্যাপার আপনি জানেন কি না জানি না যে সেল ট্যাক্স থেকে যে আমদানী হয় তা রেজিষ্টার্ড ডিলার মারফৎ আমদানী করার ব্যবস্থা আছে। এই রেজিষ্টার্ড ডিলারকে একটা চেক বই দেয়া হয়। তারা ট্র্যানজেকশন লিখে দিলে পর হিসেব নিকেশের শেষে ট্যাক্স আদায় করার কথা। আমরা সকলেই জানি এই চেক বইয়ের পাতা একশো দুশো টাকাতে কিনতে পাওয়া যায়। নেপালবাবু বলছেন আরও বেশী টাকা লাগে। তিনি হয়ত বেশী টাকা দিয়ে কিনে থাকে, কারণ তার স্বনামীতে বেনামীতে ব্যবসা আছে। যাই হোক সেটা এখানকার বিষয়বস্তু নয়। এই সেল ট্যাক্সএর চেক বইয়ের পাতার ব্যবসা ভালই চলেছে এবং ট্যাক্স ফাঁকির চালাও কারবার সেল ট্যাক্স মারফৎ সরকার করে রেখেছেন।

আমি বলব যে এ'বিষয়ে একটু নজর দিলে ঐ যে আপনি ১৪।১৫ কোটি টাকা আমদানী হয়েছে বললেন সেটা অনায়াসেই ৩২ কোটি টাকা হতে পারত। কাজেই এ'বিষয়ে একটু নজর দিতে অনুরোধ করছি।

তারপর দ্বিতীয় জিনিষ হচ্ছে আউট ষ্টাণ্ডিং ট্যাক্স অর্থাৎ ট্যাক্স পাওনা হিসেবে খাতায় উঠেছে কিন্তু ইভেসনের খাতায় যেগুলি রয়েছে। তার হিসেবটা যদি বিধানবাবু একটু শুনেন তাহলে ভাল হয়। স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী দেখছি ওধারে কার সঙ্গে কথা বলছেন কিন্তু যদি আমার কথায় তাঁর একটু কান দেওয়াতে পারেন তাহলে ভাল হয়। তবে আপনার ক্ষমতায় কুলোবে কিনা জানি না। যা'হোক্, আউট ষ্ট্যাণ্ডিং ট্যাক্স কত আছে আমি জানি না তবে একটা হিসেব দিয়ে জানাতে চাই যে সেই আদায়ের সঙ্গে সঙ্গে আউট ষ্ট্যাণ্ডিং কত থাকছে এবং এটা জানালেই আমাদের ট্যাক্স আদায়ের এফেক্‌টিভনেস্‌ এবং কৃতিত্বটা ভালভাবেই বোঝা যাবে। আমি সেদিন সরকারী কর্ম্মচারীদের একটা কাগজে একটা পুরোণো প্রবন্ধ দেখলাম—যেটা বোধ হয় সেল ট্যাক্স অফিসের কোন কর্ম্মচারী লিখেছেন। সেই প্রবন্ধে তিনি একটা হিসেব দিয়েছেন যে ১৯৫২।৫৩ সালে যেখানে সেল ট্যাক্স কালেকশন হয়েছে ৫ কোটি ২৫ লক্ষ টাকা সেখানে আউটষ্ট্যাণ্ডিং ছিল ২ কোটি ৯৭ লক্ষ টাকা, অর্থাৎ ৫:২.৯
was the proportion between collected and outstanding Tax.
১৯৫৩।৫৪ সালে সেটা বেড়ে ৫ কোটি ৩২ লক্ষ বনাম ৩ কোটি ৪৭ লক্ষ, অর্থাৎ ৫:৩.৫ হয়েছে, ১৯৫৪।৫৫ সালে ৬: ৪.৭, এবং ১৯৫৫।৫৬ সালে অ্যাপ্রোক্সিমেট ৬.৯:৫

collected tax and outstanding tax propo stion,

অর্থাৎ ৬ কোটি ৮৮ লক্ষ কালেক্টেড এবং ৫ কোটি ১৬ লক্ষ আউটষ্ট্যাণ্ডিং এবং বলতে গেলে প্রায় সমান সমানই হয়েছে। তারপর আরেকটা তিনি দেখিয়েছেন যে

collection and outstanding demand under all Acts under Commercial Taxes Directorate, betting taxes, etc.

অর্থাৎ বেটিং এবং অন্যান্য ট্যাক্স ধরে তিনি দেখিয়েছেন যে ১৯৪৯।৫০ সালে আউটষ্ট্যাণ্ডিং পারছেন্‌সনটেজ ছিল কালেকশনের তুলনায় ২৪'৭%, ১৯৫১।৫২ সালে ৩৯%, ১৯৫২।৫৩ সালে ৪৬'৬%—তার পরের হিসেব পাওয়া যায়নি যেহেতু এটা পুরোণো কাগজ। কিন্তু এ'প্রবন্ধ যদি সত্যি হয় বা তার কাছাকাছিও যায় যে আউটষ্ট্যাণ্ডি ট্যাক্সের পরিমাণ কালেক্টেড ট্যাক্সের সঙ্গে তুলনায় তার পারসেনটেজ ক্রমেই বেড়ে যাচ্ছে তাহলে এটা খুব বিপদের কথা। কাজেই

আমি বিধানবাবুর কাছে দুটি জিনিষ জানতে চাই। তার একটা হচ্ছে যে রিসেণ্ট ইয়ার্সে আউটষ্ট্যাণ্ডিং ট্যাক্সের পরিমাণ কত হয়েছে ? কেননা এটা বললে আমরা সঠিক অবস্থাটা বুঝতে পারব। আর দ্বিতীয় নম্বর হচ্ছে যে সেই আউটষ্ট্যাণ্ডিং ট্যাক্স আদায় করবার কি ব্যবস্থা করছেন ? কারণ এই হিসেব থেকেই আমরা জানতে পারি যে যদি আউটষ্ট্যাণ্ডিং না থাকত তাহলে ঐ ১৬ কোটির জায়গায় ২৯ কোটি টাকা আদায় হয়ে সরকারের রেভিনিউ বাড়ত।

তারপর হচ্ছে প্রগ্রেস অব অ্যাসেসমেণ্ট অর্থাৎ অ্যাসেস করা হলো কিন্তু ট্যাক্স আদায় হোলনা বলে সেটা আউটষ্ট্যাণ্ডিং হয়ে রইল। অ্যাকচুয়ালি ডিলারকে অ্যাসেস করা শেষ হোল কি হোলনা সেটাই হচ্ছে প্রগ্রেস অব অ্যাসেসমেণ্ট। যতক্ষণ পর্য্যন্ত অ্যাসেসমেণ্ট চলছে ততক্ষণ পর্য্যন্ত তার উপরে ট্যাক্স ধার্য্য হতে পারবে না। এই ভদ্রলোক তাঁর ঐ প্রবন্ধে যে হিসেব দিয়েছেন তাতে আমরা দেখছি ১৯৫১।৫২ সালে গোড়ার দিকে অ্যাসেসমেণ্ট হয়েছিল ২৩,৫৮১ জনের কিন্তু বছরের শেষে ২৭,৭৫৮ জনের পেণ্ডিং থাকল, ১৯৫২।৫৩ সালে সেটা দাড়ায় ৩২,৬৩০ জন, ১৯৫৩।৫৪ সালে ৩৪ হাজার ৫৪০, ১৯৫৪।৫৫ সালে ৩৪,৪১০ এবং ১৯৫৫।৫৬ সালে সেটা দাড়াল গিয়ে ৩৭,০০২ জনে। সুতরাং অ্যাসেসমেণ্ট পেণ্ডিংএর সংখ্যা যখন বছর বছর বেড়ে যাচ্ছে তখন তার বাস্তব সংখ্যা কত এবং তা' কালেকশনের কি ব্যবস্থা করছেন তা' যদি বিধানবাবু আমাদের জানান তাহলে সেলস্ ট্যাক্স ঠিকমত আদায় হচ্ছে কিনা সেটা আমরা বুঝতে পারব এবং তাছাড়া আরও জানতে পারব যে এ'থেকে যে পরিমাণ রেভিনিউ আমাদের ষ্টেটে আসা উচিত ছিল তা আসছে কি না বা কত লোক ফাঁক দিয়ে বেরিয়ে যাচ্ছে।

[3-30—3-40 p.m.]

Shri Sunil Das :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে দুটো গ্রাণ্ট আমরা আলোচনা করছি সেই দুটো গ্রাণ্টে যে আদায় হয় সেই আদবের পরিমাণ আমাদের রেভিনিউএর প্রায় শতকরা ৩০ ভাগ। শুধু সেলস ট্যাক্সের হিসাব ধরলে দেখা যাবে এই খাতে রেভিনিউর প্রায় ২০ ভাগ আমদানী হয়। বোম্বাইতে এটা প্রায় ৩০ ভাগ, মাদ্রাজে ২৩ থেকে ২৫ ভাগ। আর বাংলার টাকা রেভিনিউ প্রায় ৫০ ভাগের উপর এই খাতে আদায় হচ্ছে। অন্যান্য বিষয়ে যাবার পূর্বে আমি আদার ট্যাক্সেস অ্যাণ্ড ডিউটিজএর বাজেট এবং সেলস ট্যাক্সের বাজেট একটু আলোচনা করে নেব। এণ্টারটেনমেণ্ট ট্যাক্স সম্বন্ধে আলোচনা করতে গিয়ে দেখছি যে এণ্টারটেনমেণ্ট ট্যাক্স এর ১৯৬০-৬১ সালে ১ কোটি ৫৫ লক্ষ টাকা এবং ১৯৫৯-৬০ এর রিভাইজড-এ ১ কোটি ৫৫ লক্ষ টাকা ধরা হয়েছে। ১৯৫৮-৫৯-এ এ্যাকচুয়াল ধরা হয়েছে ১ কোটি ৪৪ লক্ষ টাকা। কিন্তু কালেকশান চার্জেস দেখছি যেখানে ১৯৫৮-৫৯-এ এ্যাকচুয়াল যা তার চেয়ে ১৯৬০-৬১ -এ এষ্টিমেট মোট ১০ লক্ষ টাকা বেশী আয় হয়েছে এবং সেখানে কালেকশান চার্জেস ১৫ হাজার টাকা বেশী হয়েছে। আমি হিসাব করে দেখলাম যে আনুপাতিক হার হিসাবে এটা অত্যন্ত বেশী। এটা কেন সেটা জানা দরকার। এণ্টারটেনমেণ্ট ট্যাক্স প্রসঙ্গে একটা বিষয় নিয়ে আলোচনা করব। লোকসভার সদস্য শ্রীবিমল চন্দ্র ঘোষ এই বিষয়টার প্রতি দৃষ্টি আকর্ষণ করেছিলেন। সেটা হল

The Bengal Amusement Tax Act of 1922

এর সেকশান-৯-এর প্রয়োগ সম্বন্ধে। সেকশান-৯-এর প্রয়োগে আমরা দেখতে পাই পাবলিক ইনষ্টিটিউশান বলে পাবলিক লাইব্রেরী, রিডিং রুম ইত্যাদি যে গুলোকে ধরা হয় এবং যেখানে সাবসক্রাইবিং সেণ্টার আছে তাঁরা যদি কোন এণ্টারটেনমেণ্টের ব্যবস্থা করেন তাহলে তাঁরা এ্যামুজমেণ্ট ট্যাক্স থেকে অব্যাহতি পান না। কারণ ফাইন্যান্স ডিপার্টমেণ্টের যে ইণ্টার-প্রিটেশান আছে তাতে তাঁরা পায় না। তাঁরা এই কারণ দেন যে এই সমস্ত প্রতিষ্ঠানে সাবসক্রাইবিং মেম্বার রয়েছেন বলে এটা একটা প্রাইভেট প্রফিটিয়ারিংএর প্রতিষ্ঠান। অর্থাৎ সাবসক্রাইবিং মেম্বার হয়েছেন এবং তাঁরা রেভিনিউ পাচ্ছেন এই অবস্থায় সেকশান-৯-এর সুযোগ থেকে এইসমস্ত পাবলিক বডিস গুলোকে বাদ দিচ্ছেন। এই প্রসঙ্গে আমি বলছি যে বরাহনগর পাবলিক লাইব্রেরী যেটা আছে তাঁরা এই নিয়ে ১৯৫৮ সালে ফাইন্যান্স ডিপার্টমেণ্টের সঙ্গে বহু পত্রালাপ করেছেন, কিন্তু তাঁরা এথেকে অব্যাহতি পাননি। তাঁরা লাইব্রেরী করার জন্য এণ্টারটেনমেণ্টের ভেতর দিয়ে জমি কিনেছিলেন, কিন্তু তাঁরা এ্যামুজমেণ্ট ট্যাক্স থেকে অব্যাহতি পাননি। আমি বলব এটা অত্যন্ত ডিসক্রিমিনেটারী—অর্থাৎ এণ্টারটেনমেণ্ট ট্যাক্সের যদি কোন মূল্য থাকে এবং এগুলোকে যদি পাবলিক বডিস না বলা যায় তাহলে পাবলিক বডিস কাকে বলে জানি না। চ্যারিটেবল ট্রাষ্টের বেলায় আপনাদের এই নীতি বদলান দরকার।

দুই নম্বর আমি বেটিং ট্যাক্স সম্বন্ধে বলব। এটার আয় ৬০ লক্ষ থেকে ৫৫ লক্ষতে নেমে এসেছে। এই বেটিং ট্যাক্সটা বন্ধ করে পশ্চিমবঙ্গ সরকার কেন এই পাপ দূর করছেন না সেটা বুঝতে পারছি না। এই বেটিং ট্যাক্সের ফলে কত মধ্যবিত্ত পরিবার ধ্বংস হয়ে যাচ্ছে তার ঠিক নেই। সামান্য একটু আয় করবার জন্য মুসলিম লীগ আমলের এই বেটিং ট্যাক্স-কে জিয়িয়ে রাখার কোন যুক্তি নেই। সেজন্য আমি বলব যে এই বেটিং ট্যাক্সটাকে বন্ধ করে দিন। এই সঙ্গে সঙ্গে বলব যে আপনারা হর্সরেসটাকে বন্ধ করে দিন।

তিন নম্বর বলব যে আপনারা

Lifts and Escalators Act

বলে একটা চমৎকার এ্যাক্ট করে রেখেছেন।

Lift and Escalators

এ হিসাব করলে দেখবেন যে আমাদের পশ্চিমবঙ্গ সরকার ১৯৫৮-৫৯ সালে নেট লস দিয়েছেন ১৩ হাজার ৮৩৭ টাকা—অর্থাৎ এক পয়সাও আদায় হয় নি। অথচ ১৩ হাজার ৮৩৭ টাকা খরচ হতেছে। ১৯৫৯-৬০ সালে

Lift and Escalators tax

বাবদ ৫ হাজার টাকা আদায় হবে বলে বিভাইজড-এ ধরেছেন। অর্থাৎ এ বছর মোট খরচ ১৮ হাজার ৯০০ টাকা হবে এর মোট এবং লোকসান হল ১৩ হাজার টাকা। সুতরাং আমি জানিনা রেভিনিউ আদায়ের দিক থেকে এই

Lifts and Escalators Act

কে জিয়িয়ে রাখার কি সার্থকতা আছে। আর যেখানে নেই সেখানে ১৩।১৮।২২ হাজার টাকা ব্যয় করে যাচ্ছেন। ১৯৫৮-৫৯ সালে নেট লস হয়েছে ১৩ হাজার ৮৩৭ টাকা। কিন্তু আদায় এক পয়সাও হয় নি। তারপর

Indian Electricities Rules 1957

অনুযায়ী যে ফি আদায় করেন

fees for electrical inspectiow or licence

সেখানে দেখতে পাচ্ছি ব্লুবুকের পেজ ৩৭ হেড-৮ থেকে যেমন এ্যাকচুয়াল তেমনি এক্সপেন্স। এর অর্থ কি বুঝলাম না। ১৯৫৮-৫৯ সালে এ্যাকচুয়াল রিসিপ্ট হল ২ লক্ষ ৪৭ হাজার ১ শত ৩ টাকা, এক্সপেন্স হল, ব্লুবুকের ১৭৬ পৃষ্ঠায় পাবেন, ২ লক্ষ ৫৭ হাজার ৪ শত ৬০ টাকা। ১৯৫৯-৬০ সালে রিসিপ্ট কমেছে, ব্যয় বেড়েছে। ১৯৫৯-৬০ সালে রিসিপ্ট ২ লক্ষ ৪৭ হাজার থেকে ১ লক্ষ ৭৫ হাজারে নেমে এল আর ব্যয় হল ২ লক্ষ ৮৭ হাজার ৮ শত টাকা। ১৯৬০-৬১ সালে রিসিপ্ট হল ১ লক্ষ ৭৫ হাজার টাকা, এক্সপেনসেস হল ৩ লক্ষ ৩০ হাজার টাকা। এই ধরণের ডিউটি এবং এই ধরণের আয়ের চেয়ে ব্যয় বেশী হয়ে যাচ্ছে—এটার কি সার্থকতা আছে আমি বুঝতে পারছি না। তারপর সেলস ট্যাক্স সম্বন্ধে মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে ১৯৫৭ সালের ১৪ই ডিসেম্বর তারিখ থেকে টেক্সটাইলের উপর এডিশনাল এক্সাইজ ডিউটি আদায় করা হচ্ছে। আমার বক্তব্য হল সেলস ট্যাক্সের গতি প্রকৃতি কি, বিশেষ করে ১৯৪১ সালের আইন অনুযায়ী কত আদায় হচ্ছে এবং কত খরচ হচ্ছে সেটা বিশ্লেষণ করার প্রয়োজনীয়তা রয়েছে। ১৯৪১ সালের আইন অনুযায়ী স্যার, আপনি দেখবেন ৫৮৯টা এডিশনাল এক্সাইজ ডিউটি আদায় হবার পরেও সেলস ট্যাক্সের আওতা থেকে টেক্সটাইল, সুগার এণ্ড টোব্যাকো এই তিনটি বড় বড় জিনিষের জন্য কেন্দ্রীয় সরকার ২ কোটি ৮০ লক্ষ টাকা দিচ্ছেন। একটাতে ২ কোটি ৪ লক্ষ, আর একটাতে বোধ হয় ৩৬ লক্ষ, আর একটাতে ৪০ লক্ষ টাকা। তারপর ১৯৫৮-৫৯ সালে আমরা দেখতে পাচ্ছি সেলস ট্যাক্স থেকে ৯ কোটি ১৯ লক্ষ ৩৭ হাজার টাকা আদায় হয়েছে ১৯৪১ সালের আইন অনুযায়ী। তার পরের বছর আমরা দেখতে পাচ্ছি ৮ কোটি ৪০ লক্ষ টাকা আদায় হয়েছে অর্থাৎ ৮০ লক্ষ টাকা ১ বছরে কি কারণে কমে গেল তা আমরা জানি না। অথচ আমরা দেখতে পাচ্ছি বাজেটে প্রতি বছর লেখা আছে টাইটেনিং অফ মেজার্স যার ফলে ইভেশন বন্ধ হচ্ছে। বজ্র আঁটুনি ফসকা গেরো—টাইটেনিং করছেন তাঁরা, এদিকে আয় কমে যাচ্ছে, ৮০ লক্ষ টাকা কমে গেল। ১৯৬০-৬১ সালে আমরা বাজেটে দেখছি ৮ কোটি ৬০ লক্ষ টাকা অর্থাৎ মোট ২০ লক্ষ টাকা বাড়বে বলে ধরেছেন। এ দিকে খরচও আমরা দেখতে পাচ্ছি বেড়েছে। ১৯৫৪ সালের এ্যাক্টে ধীরে ধীরে আয় বাড়ছে অস্বীকার করবার উপায় নেই। আমার বক্তব্য হচ্ছে এডিশনাল এক্সাইজ ডিউটি আদায় হয়ে যাবার পর আয় একটা পিকে উঠেছিল ৯ কোটি টাকা। তারপর ৮০ লক্ষ টাকা কেন কমে গেল সেটার কারণ আমি জানতে চাইছি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে গত বছর এখানে আইন পাশ করে কতকগুলি জিনিষ যেগুলিকে লাক্সারি গুডস বলা হয় তাদের উপর ২ পার্সেণ্ট ট্যাক্স বাড়িয়েছি অর্থাৎ ৫ পারসেণ্ট টু ৭ পারসেণ্ট করেছি অর্থাৎ ২০ লক্ষের ভেতর কি পরিমাণ এডিশনাল সেলস ট্যাক্স লেভির জন্য আদায় হবে এবং কত পার্সেণ্ট ইভেশন বন্ধ করে আদায় করেছেন সেটা জানা দরকার। ১০ কোটি টাকার বেশী টার্নওভারের উপর এই ২০ লক্ষ টাকা আদায় হতে পারে ২ পারসেণ্ট বেশী ট্যাক্স করে। সুতরাং

motor car, motor charries, motor cycle, refriegerator, iron and steel safe **almirahs**

এইগুলোর ১০ কোটি টাকার বিক্রয় করের ভিতর দিয়ে এই ২০ লক্ষ টাকা আদায় হচ্ছে অর্থাৎ ৫ থেকে ৭ পারসেণ্ট বৃদ্ধি হওয়ার দরুন এই ২০ লক্ষ টাকা আদায় না ইভেশন বন্ধ হওয়ার জন্য ওটা হয়েছে তা আমি জানতে চাইছি। আজকে বিশ্লেষণ করে দেখতে পাচ্ছি যে ১৯৪১ সালের আইন ১৮ বার সংশোধিত হয়েছে—

18 ordinances and amendments have been brought before this House

কিন্তু দেখতে পাচ্ছি ইভেশন বন্ধ হয় নি। সুতরাং আজকে এ সম্বন্ধে চিন্তা করবার সময় এসেছে যে আমরা কি করব। যখন ১৯৪১ সালের আইনের জন্য ইভেশন বন্ধ হচ্ছেনা তখন অন্য রাস্তা নেবার প্রয়োজনীয়তা রয়েছে ১৯৫৪ সালের আইনে ট্যাক্স লাষ্ট পয়েণ্ট থেকে ফার্ষ্ট পয়েণ্ট এ নিয়ে এলেন। ভাল করেছেন, এটা পশ্চিমবংগের সেলস ট্যাক্স আইনের একটা ভাল লক্ষণ। আমি সেজন্য সরকারের প্রশংসা করছি। আইনের প্রবণতায় দেখছি ১৯৪১ সালের আইন থেকে অনেক গুডসকে সেকশন ২৫ অফ ১৯৫৪এর আওতায় নিয়ে এসেছেন।

[3-40—3-50 p. m.]

আমার বক্তব্য হল এই দুটো আইনকে কনসলিডেট করে একটা আইন করবার প্রয়োজনীয়তা সরকার কি বোধ করছেন না? আমি আরও একবার বলেছি বোম্বেতে ১৯৫৮ সালে একটা সেলস ট্যাক্স এনকোয়ারী কমিশন তারা বসিয়েছিলেন এবং তার রেকমেণ্ডেশনটাও প্রকাশিত হয়েছিল যে রেকমেণ্ডেশনের ভিত্তিতে বোম্বে সরকার তাদের সেলস ট্যাক্স আইন ঢেলে সাজিয়েছেন। আমার বক্তব্য হল সেলস ট্যাক্সের যে গুরুত্ব রয়েছে আমাদের ট্যাক্স রেভিনিউ ষ্ট্রাকচার এ সেই ভরাতের দিক থেকে পশ্চিমবঙ্গ সরকার কেন সেলস ট্যাক্স আইনকে ঢেলে সাজাবার জন্য একটা কমিশন অব এনকোয়ারী বসাবেন না—সেলস ট্যাক্স আইন কি ভাবে চলছে, ইভেশন কেন হচ্ছে, তা বন্ধ করবার রাস্তা আছে কি না, ফার্ষ্ট পয়েণ্টটা তা দিয়ে আনা যায় কি না এবং একটা কনসলিডেটেড আইন রচনা করা যায় কি না সে সম্বন্ধে তারা কেন একটা কমিশন বসাবেন না? সংবাদপত্রে বেরিয়েছিল কেন্দ্রীয় সরকারের কি একটা কমিটি হয়েছে —কমিটি অব চীফ মিনিষ্টার্স বা কমিটি অব ফাইন্যান্স মিনিষ্টার্স হতে পারে; অপারেশন অব সেলস ট্যাক্স সম্বন্ধে একটা কমিটি হয়েছে, ডাঃ রায় সেই সেলস ট্যাক্স কমিটির প্রেসিডেণ্ট হয়েছেন। তার কি কাজ সেটা আমরা জানি না, সেটা উনি বলতে পারেন। ১৯৪১ সালের আইন সম্বন্ধে বলতে গিয়ে বলতে গিয়ে বলতে হয় যে ১৯৪১ সালের আইনের রেজিষ্টার্ড ডিলার এবং ডিক্লারেশন ফর্ম এই দুটো কর্ণার ষ্টোন। রেজিষ্টার্ড ডিলার ইচ্ছা হলে হওয়া যায় নাও হওয়া যায়, আইনে এই ফাঁক রয়ে গেছে। অসাধু ক্রুপুলাস ট্রেডার্স তারা ইচ্ছা করে রেজিষ্টার্ড ডিলার্স হলেন, ডিক্লারেশন ফর্ম নিলেন, তারপর গনেশ উল্টে দিলেন। এরকম বজরঙ্গ লাল গোবের কথা বলা হয়েছে—এই ভদ্রলোক ১৯৫০ সাল থেকে সেলস ট্যাক্স ফাঁকি দিচ্ছেন এবং ১৯৫৯ সালে তিনি ধরা পড়েছেন। এইভাবে আমরা দেখতে পাই অনেক লোক লুকিয়ে আছেন—তারা আত্মগোপন করে আছেন কি প্রকাশ্যভাবে আছেন সেটা সেলস ট্যাক্স ডিপার্টমেণ্টের যারা কমার্সিয়াল ট্যাক্স অফিসার, ইন্সপেক্টর তারা বলতে পারেন। তারা এসব ব্যাপার জানেন কি না জানি না কিন্তু আমার বক্তব্য হল এই যে রেজিষ্টার্ড ডিলার তারা খুসী-মত হচ্ছেন, আবার পালিয়ে যাচ্ছেন এবং ফাঁকি দিচ্ছেন এ সম্বন্ধে সরকার কি করছেন? ডিক্লারেশন ফর্ম সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তা বলেছেন ডিক্লারেশন ফর্মের সুবিধা অসুবিধা

দুইই আছে তবে সুবিধার চেয়ে অসুবিধাই বেশী হয়ে গেছে। আমার যতদূর জানা আছে ১৯৫২ সালের পূর্বে ডিক্লারেশন ফর্ম ছিল না—ডিক্লারেশন ফর্ম ১৯৫২ সালের ফেব্রুয়ারী মাসে ইনট্রোডিউস করা হয়েছে। আমার বক্তব্য হল একটা কমিশন বসিয়ে এনকোয়ারী করে স্থির করুন কিভাবে আইন সংশোধন করা যাবে, ইভেশন অব ট্যাক্সেস্ বন্ধ করা যাবে এবং ডিক্লারেশন ফর্মের কোন প্রয়োজনীয়তা আছে কিনা—এই সমস্ত সেখানে বিবেচিত হয়ে যাক, এ সম্বন্ধে একটা সিদ্ধান্ত হয়ে যাক। আমার মনে হয় এই ডিক্লারেশন ফর্ম বন্ধ করতে হবে কারণ ডিক্লারেশন ফর্মই সমস্ত কোরাপশন এবং সমস্ত ইভেশনের মূল। সুতরাং আমি বার বার বলছি যে একটা কমিশন বসান। তারপরে মিঃ স্পীকার স্যার, আমার আর একটা বক্তব্য হল এই যে ইভেশনের ৪।৫টা রাস্তা, সে সম্পর্কে আপনারা কি করছেন তা আমরা কিছুই জানতে পারছি না। আমার পূর্ববর্ত্তী বক্তা মাননীয় সদস্য বলেছেন যে সমস্ত এ্যাসেসমেণ্ট বাকী রয়েছে, এ্যাসেসড ট্যাক্স বাকী রয়েছে—আমি বলি সেলস ট্যাক্স ডিপার্টমেণ্ট এ্যাডমিনি-ষ্ট্রেশন রিপোর্ট ছাপান না কেন, আমাদের সেটা দেন না কেন? এ রকম কোন এ্যাডমিনি-ষ্ট্রেশন রিপোর্ট তো আমরা পাই না—সেই এ্যাডমিনিষ্ট্রেশন রিপোর্ট পেলে সেলস ট্যাক্স ডিপার্ট-মেণ্টের কার্য্যকলাপ সম্বন্ধে আমরা জানতে পারি। সেলস ট্যাক্স ডিপার্টমেণ্টের সেণ্ট্রাল সেকশন সেটা খুব ভাইটাল সেকশন, সেটা সিকিউরিটি সেকশন অব দি সেলস ট্যাক্স ডিপার্টমেণ্ট এবং সেণ্ট্রাল সেকশনের সমস্ত অধিকার আছে কোথায় কি অপকর্ম সেটা দেখার। সেণ্ট্রাল সেকশনের কজন ইন্সপেক্টর আছে?

তিনি কয়টা নাম সাসপেক্টেড লিষ্টে তুলেছেন? কয়টা নাম পারস্যু করে, চেজ করে কয়টা লোককে ধরতে পেরেছেন, এবং কয়টা লোকের কাছ থেকে সেলস ট্যাক্স আদায় করবার ব্যবস্থা করেছেন? এই সমস্তগুলি আমাদের জানা দরকার। তা করতে হলে এডমিনিষ্ট্রেশন রিপোর্ট পাবলিশ করা দরকার এবং তা থেকে আমরা এইগুলি জানতে পারতাম।

তারপর সেলস ট্যাক্স এক্জেম্পশন সম্বন্ধে আমি কিছু বলতে চাই। আমরা দেখতে পাই কতকগুলি জিনিষের উপর ডবল ট্যাক্সেশনের ব্যবস্থা করা হয়েছে, যেমন রেডিমেড গারমেণ্ট। রেডিমেড গারমেণ্টে কেন এক্জেম্পশন দেবেন না? ১৯৪১ সালের এ্যাক্টের সিডিউলে যে লিষ্ট আপনারা করেছেন, তাতে ময়দার ভুষির উপর সেলস ট্যাক্স বসান নি, কিন্তু গরুর খাদ্য ধানের ভুষির উপর সেলস ট্যাক্স বসান হয়েছে। তারপর আয়ুর্বেদিক ওষুধের উপর সেলস ট্যাক্স বসান হয়েছে। সাধারণ লোকে আয়ুর্বেদ চিকিৎসা করিয়ে থাকে, সুতরাং গরীব জনসাধারণের উপর এই ট্যাক্সের বোঝা চাপান উচিত নয়। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এই ট্যাক্স তুলে দেবার জন্য ব্যবস্থা করবেন।

তারপর দেখা যাচ্ছে পানের উপর সেলস ট্যাক্স বসান হয়েছে। এ সম্বন্ধে এলাহাবাদ হাইকোর্টের এক জাজমেণ্টে বলা হয়েছে যে 'পান' ইজ নট ভেজিটেব্‌ল। কারণ—'পান' মাংসের মত, ভাতের মত মিল, বা ভেজিটেব্‌ল নয়। লোকে মিল, ভাত খাওয়ার পরে একটা পান খায়। ১৯৫৬ সালে স্থির হল 'পান' ভেজিটেব্‌ল নয়। কিন্তু তা সত্ত্বেও এখন পশ্চিম বাংলায় পানের উপর সেলস ট্যাক্স বসান হয়েছে।

তারপর দেখা যাচ্ছে সেলস ট্যাক্স বসান ঠিক সিষ্টেমেটিক হয় নি। সুইটমিটস কুকড্ ফুড-এর উপর সেলস ট্যাক্স নেই বলা হচ্ছে। কিন্তু আবার কতকগুলি কুকড ফুড, সুইটমিটসকে

সেলস ট্যাক্সের আওতার মধ্যে ফেলা হয়েছে—যেমন সন্দেশ, রসগোল্লা এবং তার সঙ্গে বাতাসা, মুড়কি ইত্যাদি। অথচ কতকগুলি ড্রাই কুকড সুইটমিটস যেমন কচুরী, হালুয়া, শোন হালুয়া, ডালের লাড্ডু ইত্যাদি—এদের উপর ট্যাক্স ধরা হয় না। অর্থাৎ যেগুলি মুসলীম দোকান থেকে বিক্রয় হয় সেগুলি বাদ দেওয়া হয়েছে। এটা মুসলীম লীগের আমল থেকে চলে আসছে। যেহেতু এগুলি কুকড্ ফুড, এই অজুহাতে এগুলি বাদ দেওয়া হয়েছে। অথচ রসগোল্লা, সন্দেশ, সেগুলোও কুকড্ ফুড, তার বেলায় সেলস ট্যাক্স বসান হয়েছে। এই ডিসক্রিমিনেশন, বৈষম্য রাখার কি কারণ আছে, তা আমরা বুঝতে পারি না। তাছাড়া মিষ্টির উপর ডাবল ট্যাক্সেশন হচ্ছে। একবার চিনির উপর এক্সাইজ ডিউটি দিতে হচ্ছে, আবার সেই চিনির মিষ্টির উপর সেলস ট্যাক্স দিতে হচ্ছে। আমার মতে সমস্ত রকম মিষ্টিগুলি সেলস ট্যাক্সের আওতা থেকে বাদ দেওয়া উচিত। কারণ এর উপর অনেক গরীব মানুষের জীবন ধারণ নির্ভর করে।

তারপর দেখা যাচ্ছে হোসিয়ারীর উপর সেলস ট্যাক্স আদায় হয়। এই হোসিয়ারীর annual production of West Bengal 15½ million pounds এবং তার এ্যাপ্রক্সিমেট ভ্যালু হল ৬ কোটি টাকার উপর। এবং আণ্ডার উইয়ার হোসিয়ারী গেঞ্জী প্রভৃতি ফিফ্‌টিন মিলিয়ন পাউণ্ডস তৈরী হয় পশ্চিম বাংলায় এবং তার ভ্যালু হল ৬ কোটি টাকা। কিন্তু আপনারা সেলস ট্যাক্স বসিয়েছেন হোসিয়ারী গুডসের উপর। ৭০ পার সেণ্ট হোসিয়ারী গুডস আমরা বাইরে অন্য ষ্টেটে বিক্রয় করি এবং সেখানে যদি বিক্রয় বন্ধ হয়ে যায় তাহলে হোসিয়ারী ইণ্ডাষ্ট্রি উঠে যাবার সম্ভাবনা আছে। এটা একটা স্মল ইণ্ডাষ্ট্রি এবং তাতে এমপ্লয়মেণ্ট পোটেনশিয়াল রয়েছে। আমাদের ওয়েষ্ট বেঙ্গলে ফেব্রিকের উপর ৫ পারসেণ্ট এবং ফিনিসড ফেব্রিকের উপর ৫ পারসেণ্ট ট্যাক্স ধার্য করা হয়েছে। কিন্তু বোম্বে, মাদ্রাজ, ইউ, পি, দিল্লী প্রভৃতি জায়গায় হোসিয়ারীর উপর সেলস ট্যাক্স নেই। ইণ্টার ষ্টেট সেলস ট্যাক্স থাকায় হোসিয়ারী গুডসের বিক্রি করা অন্যান্য রাজ্যে অসুবিধানক হয়ে দাঁড়িয়েছে। অথচ প্রোডাকশন পশ্চিম বাংলায় বৃদ্ধি পেয়েছে এবং এখানকার উদ্বৃত্ত উৎপাদন অন্যান্য রাজ্যে বিক্রি না করলে এখানকার হোসিয়ারী শিল্প ব্যাহত হতে বাধ্য।

মিঃ স্পীকার স্যার, সেণ্ট্রাল সেলস ট্যাক্স এ্যাক্টের সেকশন-এইট, সাব-সেকশন-ফাইভ,—এই ধারা অনুযায়ী ষ্টেট গভর্ণমেণ্ট নোটিফাই করে বলতে পারেন হোসিয়ারী গুডসের উপর ইণ্টার ষ্টেট সেলস ট্যাক্স বসবে না। এবং ষ্টেট সেলস ট্যাক্স কমিয়ে ওয়ান পারসেণ্ট, টু পারসেণ্ট করা উচিত যাতে এখানকার হোসিয়ারী শিল্প অন্যান্য রাজ্যের সঙ্গে কম্পিটিশনে এ দাঁড়াতে পারে। ছোট ছোট হোসিয়ারী বিজিনেস এবং ছোট ছোট হোসিয়ারী ইণ্ডাষ্ট্রির ভিতর দিয়ে হাজার হাজার লোক রোজগারের একটা পন্থা করেছে, সেটা যাতে টিকে থাকতে পারে তারজন্য মাননীয় মন্ত্রী মহাশয় ব্যবস্থা অবলম্বন করুন।

Dr. Kanailal Bhattacharjee :

মাননীয় সভাপতি মহাশয়, এই সেলস্ ট্যাক্স ষ্টেটের মধ্যে একটা ইমপরট্যাণ্ট ট্যাক্স, কারণ এটা প্রত্যেকটি জনসাধারণ, যারা দৈনন্দিন জীবন ধারণের জিনিষ-পত্র কেনে, তার উপর ট্যাক্স দিয়ে হয়। এটা একটা প্রত্যক্ষ ট্যাক্স, এ সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তারা কিছু

কিছু বলে গিয়েছেন, আমি তার দু-একটা পুনরুক্তি করে এবং তার সঙ্গে কিছু যোগ দিযে এই কথা বলতে চাই আমাদের এই রাজ্যে সেলস্ ট্যাক্স আদায় করবার দু রকম আইন আছে। একটা হল ১৯৪১ সালের আইন, আব একটা হল ১৯৫৪ সালেব আইন।

[3-50—4 p.m.]

১৯৪১ সালের আইন করার পর সেলস্ ট্যাক্স যেভাবে আদায় করা হত তাতে দেখা গেল যে বেশীর ভাগ লোক সেলস্ ট্যাক্স ফাঁকি দিচ্ছে। তারপব দেখা গেল সেলস্ ট্যাক্স আস্তে আস্তে আদায় বেশী হচ্ছে কিন্তু সেটা ঠিক ফাঁকি বন্ধ করার জন্য নয় সেলস্ বাড়ার জন্যেই সেটা সম্ভব হয়েছে। ১৯৫৪ সালের আইনে যেটা এ্যাট দি সোর্স ট্যাক্সেশবে বলা হয় তাতে গ্রাজুয়ালি ট্যাক্সের এ্যামাউন্ট বেড়ে যাচ্ছে এবফলে আমার মনে হয় ফার্ষ্ট পয়েণ্টএ ট্যাক্সেশন যদি করা হয় সেলস্ ট্যাক্স আদায় লাষ্ট পয়েণ্টএর চেয়ে আরও বেশী হবে। এবং ফাঁকি দেবার স্কোপ কমে যাবে। এই সঙ্গে মন্ত্রী মহাশয়ের এদিকে দৃষ্টি আকর্ষণ করছি ফার্ষ্ট পয়েণ্টে ইণ্ডাষ্ট্রিয়ালিষ্ট এবং ম্যানুফ্যাকর্চারারের কাছ থেকে কত ট্যাক্স আদায় করা হচ্ছে তা দেখলে দেখা যাবে লাষ্ট পয়েণ্টে এ্যামাউন্ট অব ট্রেডার্স ইনভলভড্ যা তাতে ফার্ষ্ট পয়েণ্ট এই ট্যাক্স বেশী হয়। লাষ্ট পয়েণ্টে ছোট ছোট ট্রেডার্সদের কত ট্যাক্স কালেক্ট করে দিতে হয় তারজন্য অনেক সময় ক্লার্ক রাখতে হয়, অনেক সময় হিসাবে গণ্ডগোল করে যার ফলে সরকারের কাছে হিসাব মেলাতে নূতন ট্রেডার্সদের বেশী গচ্ছা দিয়ে হয় অথচ বড় বড় ব্যবসায়ীরা বেশ ভালভাবে কলাকৌশল করে ট্যাক্স ফাঁকি দিতে পারে সেদিক দিযে দেখতে গেলে বড় বড় ও মাঝারি ট্রেডার্সদের ফার্ষ্ট পয়েণ্টে ট্যাক্সেশন হলে সেই সমস্ত ট্রেডার্সদের জনসাধারণের কাছ থেকে ট্যাক্স আদায় করে গভর্ণমেণ্টকে দেওয়ার দায়িত্ব থাকে না। সেজন্য আমি মনে করি ফার্ষ্ট পয়েণ্টে ট্যাক্স করা ভাল লাষ্ট পয়েণ্টের চেয়ে। তাছাড়া এক্সপেরিয়েন্স থেকেও দেখা গিয়েছে যে ফার্ষ্ট পয়েণ্টে ট্যাক্স আদায় বেশী হয়।

দ্বিতীয় পয়েণ্ট হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সেলস্ ট্যাক্স আইনটা একবার ভাল করে দেখুন। আইনে আছে যদি আমাদের পশ্চিমবঙ্গে কোন জিনিষের ট্রানজ্যাকশন হয় এবং ডেলিভারি পশ্চিমবঙ্গে হয় এবং এই সেলসের কমপ্লিট কনজাম্পশন অন্য ষ্টেটে হয় তাহলে এই ষ্টেটে সেলস্ ট্যাক্স দিতে হবে। আমি প্রধানমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই পয়েণ্টে সেলস্ ট্যাক্স আইনে আছে যে যদি আমাদের পশ্চিমবঙ্গে সেলস্ হয়; ডেলিভারিও পশ্চিমবঙ্গে হয় এবং কনজাম্পশন অন্য ষ্টেটে হয় তাহলে সেলস ট্যাক্স আমাদের দিতে হবে কিন্তু আইন এমনভাবে তৈরী করা আছে যে সেটা দ্ব্যর্থবোধক। আইনের সেকশন টু (জি)তে আছে

"a sale shall be deemed to have taken place in West Bengal as direct result of such sale for the purpose of consumption in West Bengal

মানেটা হচ্ছে ওয়েষ্ট বেঙ্গলে যদি ডেলিভারি হয় তাহলে সেলস্ বলে ধরা হবে এবং তারসঙ্গে জুড়ে দিচ্ছেন

Notwithstanding the fact that under the general law relating to the sale of goods property goods as by reason of such sale pass in another State."

এটা বলছেন যে যদি কনজাম্পশন অন্য ষ্টেটেও হয় ওয়েষ্ট বেঙ্গলে না হয়ে তাহলেও ট্যাক্স

ওয়েষ্ট বেঙ্গলেই দিতে হবে। আমার মনে হয় এক্সপ্লানেশনটা এত ঘুরিয়ে না দিয়ে যদি শুধু বলা হত কনজাম্পশন যেখানেই হোক না কেন যদি ডেলিভারি ওয়েষ্ট বেঙ্গলে হয় তাহলেই ট্যাক্স দিতে হবে। এটা যদি বলা হত তাহলেই মানেটা পরিষ্কার হয়ে যেত এবং তার ফলে হচ্ছে ওয়েষ্ট বেঙ্গলের ছোট ও বড় ফার্ম, ট্রেডার্স যারা ইণ্ডিয়া গভর্ণমেণ্টের বেলের জিনিষ সাপ্লাই করে। ইণ্ডিয়া গভর্ণমেণ্টের তরফ থেকে এক্সপ্লানেশন দেখিয়ে বলা হয় অত্যন্ত অসপষ্ট ভাবে বলা হয়েছে—

Consumption and delivery in West Bengal.

তার পরের লাইনে আছে কনজাম্পশন, ডেলিভারি ইন্ ওয়েষ্ট বেঙ্গল নাই। এই আইনানুযায়ী কনজাম্পশন ওয়েষ্ট বেঙ্গলে হলেই হল, জিনিষটা অন্য জায়গা থেকে এখানে নিয়ে এসেছে—সেলস ট্যাক্স দেবে না। অন্যান্য ট্রেডার কাছে গিয়ে তাদের সেলস ট্যাক্স দিতে হবে। ইণ্ডিয়া গভর্ণমেণ্টের কাছ থেকে সেলস ট্যাক্স পায় না। ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট তাদের সেলস ট্যাক্স দিতে বাধ্য করছে। এই অবস্থার জন্য হাইকোর্টে দু' একটা কেস পেণ্ডিং আছে। হাইকোর্ট এখনো তার ডিসিশনও দেন নাই। আমি ইণ্ডিয়া গভর্ণমেণ্ট এই ধরণের টাকা আটকে রেখেছেন, এ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই আইনের মানেটা আরো যদি পরিষ্কার করা হয়, তাহলে এ সম্বন্ধে বিভেদ উঠতে পারে না।

লাক্ষা সম্বন্ধে সোমনাথ বাবু বলেছেন—পুরুলিয়া লাক্ষার জন্য যদি ট্যাক্সেশন হয়, তাহলে তা বিহারে চলে যাবার চান্স আছে। আমি যেটুকু শুনেছি—ইণ্ডাষ্ট্রি ডাইরেক্টোরেট—ইণ্ডাষ্ট্রিজ মিনিষ্টারের নাকি রিকমেণ্ডেশন—যাতে এই ট্যাক্সেশন না হয়। এখনো ফাইল ফাইন্যান্স ডিপার্টমেণ্টে আছে। মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন এটা দেখেন এবং তাড়াতাড়ি একটা ফয়সালা করেন।

তারপর পান, ফ্লাওয়ারস সিডসের উপর থেকে সেলস ট্যাক্স তুলে নেওয়া উচিত। এর আগে আপনি বলেছিলেন বাগনান ইলেক্‌শনের সময় যে এটা তুলে নেবেন। আজ ৩ বৎসর হয়ে গেল আজ পর্য্যন্তও পানের উপর থেকে সেলস ট্যাক্স তুলে নেওয়া হয় নাই।

Shri Nepal Ray :

মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন লংকার উপর পশ্চিম বাংলায় ট্যাক্স দিতে হয়। আমি নিজে বাঙ্গাল—অষ্টগণ্ডা লংকার বাঙ্গাল বলে। এটা কেন যে বলে জানি না। যারা সি কোষ্টে বা সমুদ্রের ধারে বাস করে—আমার মনে হয় ২৪ পরগণা জেলায় যারা সমুদ্রের ধারে বাস করে তাঁদের লংকা ও তেতুল না খেলে স্বাস্থ্য ভাল থাকে না। আমি ডাক্তার নই। আমাদের ডাক্তার মুখ্যমন্ত্রী মহাশয় এ সম্বন্ধে কিছু তথ্য দিতে পারেন। লংকা খুব এসেনসিয়াল জিনিষ, নুন যেমন এসেনসিয়াল। লংকার উপর থেকে সেলস্ ট্যাক্স তুলে নেওয়া উচিত। আমার এলাকায় অনেক লংকা ব্যবসায়ী আছেন। তাঁরা বলেছেন লংকা থেকে ঐ ট্যাক্সটা তুলে নেবার জন্য যেন আমি সরকারকে অনুরোধ করি। সেইজন্য আমি লংকার উপর থেকে ট্যাক্স তুলে নেবার জন্য সরকারকে অনুরোধ করছি।

লাক্ষা শিল্প সম্বন্ধে আমার তরফ থেকেও সেই অনুরোধ। তিন বছর হয়ে গেল পুরুলিয়া বাংলায় এসেছে। আজও সরকার কেবল বিবেচনাই করছেন লাক্ষা শিল্পের উপর সেলস ট্যাক্স বসবে কি বসবে না। তারা বসাবার আগে এরা শেষ হয়ে যাবে। সব লোক বিহারে

গিয়ে ব্যবসায় করবে। তাঁরা এ বিষয়ে তাড়াতাড়ি বিবেচনা করুন। তিন বছর কেটে গেল, আরো হয়ত দু বছর কেটে যাবে। সেইজন্য সরকারকে অনুরোধ করছি দু বছর কাটবার আগেই—অর্থাৎ মাসখানেকের মধ্যেই যাতে এর ফয়সালা হয়ে যায়, ট্যাক্স বন্ধ হয়ে যায়—তার ব্যবস্থা করবেন।

স্যার, একটা কথায় আমাদের সোমনাথ বাবুর আমার উপর রোষ হয়েছে। তার আগে আমি একটা কথা বলে নেই।

male actor, female professional actor

যারা এ্যামেচার ক্লাবে নাটক করে, প্রফেশনাল হলে ট্যাক্স দিতে হবে না। হয়ত তিনি খবর রাখেন না। তাঁদের তো গণনাট্য সংঘ আছে—তার এ খবর রাখা উচিত।

[4—4-10 p.m.]

বাংলাদেশে অনেক পুরুষ অভিনেতা পাওয়া যায় কিন্তু অভিনেত্রী একেবারেই নেই। এ্যামেচার বলে কোন অভিনেত্রী নেই। পাড়ায় কোন সখের থিয়েটার হলে বাড়ীর মেয়েদের বা বোনদের টেনে নামাতে হয়। সহরে অবশ্য কিছু মেয়ে পাওয়া যায়। পশ্চিমবঙ্গে এই কলকাতায় ১৫। ২০টি মহিলা আছেন যারা বিভিন্ন ক্লাবে মেয়েদের পার্ট করে বেড়ান। এখনও যদি বেটাছেলের গোঁপ কামিয়ে মেয়েছেলের পার্ট করাতে হয় তাহলে আমরা আবার ৫০ বৎসর আগের দিকে ফিরে যাবো। সেইজন্য সরকারকে আমার বক্তব্য যে, যেহেতু ২১ জন প্রফেশনাল ফিমেল আর্টিষ্ট আছে সেইজন্য সেই ক্লাবকে এ্যামেচার বলা হবে না বা ট্যাক্স রেহাই দেওয়া হবে না। এটা অন্যায়। এমন কি রাইটার্স বিল্ডিং রিক্রিয়েশন ক্লাবেও এই মহিলাদের নিয়ে এসে পার্ট করান হয়।

Mr. Speaker: Mr. Ray, does it make any difference, whether it is in Writers' Building's or in your locality ?

Shri Nepal Ray :

আমি, স্যার, এই ট্যাক্স থেকে তাদের একজাম্পশন দেবার কথা বলছি। অবশ্য প্রফেশনাল আর্টিষ্ট যেটা ছেলেরা কোনদিনই পয়সা পায় না।

আর একটা কথা আমার বন্ধুবর বলেছেন, তবে তাঁরাত সব মজুরের মেরে খান কিনা তাই এই রকম কথা বলছেন যে বজরঙ্গলাল মোড়কে জে, পি, করে দেবো বলেছিলাম বলেই নাকি তিনি আমাকে ইলেকশনে ছেড়ে দিয়েছেন। স্যার, আমি এই হাউসেও দাঁড়িয়ে চ্যালেঞ্জ করেছিলাম যে কেউ আমার বিরুদ্ধে ইলেকশনে দাঁড়াক, এমন কি তাদের লিডারকেও বলেছিলাম যে, কেউ দাঁড়াক না কেন তার জামানত নষ্ট হবে। কেউ যদি উইথড্র করে থাকে তবে কি কারণে করেছে বলতে পারি না কিন্তু আমরা আমাদের এলাকায় ১৮ ঘণ্টা কাজ করি তাই লোকে আমাদের ফেভার করে। তিনি সেলস ট্যাক্স ফাঁকি দিয়েছেন বলে তার জে, পি, কাটা গিয়েছে বলেছেন কিন্তু কেউ যদি ভাল কাজ না করে তাহলে তার জে, পি, কাটা যাবে এত সাধারণ কথা। তবে তিনি যে কথা বলেছেন যে আমি তাকে জে, পি, করে দিয়েছি সেটা ভুল কারণ জে, পি, করার মালিক ডাঃ রায়। আমিও না, জ্যোতিবাবুও নয়। তাই তিনি যে আমার জন্য ইলেকশনে তার নমিনেশন উইথড্র করেছেন একথা একেবারে অসত্য।

Mr. Speaker : My. Ray, that is not relevant. Please confine yourself to the Grant.

Shri Nepal Ray :

স্যার, তিনি আমাকে কটাক্ষ করেছিলেন সেইজন্য আমি পারসোন্যাল এক্সপ্লানেশন দিলাম। এরপর আর একটা কথা বলতে চাই, রসগোল্লার উপর এই ট্যাক্স আছে। আমাদের এলাকার বাগবাজারের রসগোল্লা পৃথিবী বিখ্যাত। এবং এতে যারা কাজ করে তাদের সঙ্গে আমরাও কাজ করি। পি, এস, পি,র ইউনিয়ন আছে, সেইজন্য আমি বলবো যে বাংলাদেশে যে জিনিষ বিখ্যাত হয়েছে সেই রসগোল্লা ও বিভিন্ন খাবারের উপর থেকে ট্যাক্স তুলে নেওয়া উচিত। স্যার, আমি সারা ভারতবর্ষে ঘুরে এসেছি কিন্তু বাংলাদেশের মত মিষ্টি কোথাও তৈরী হয় না। এমন কি কমিউনিষ্টি ফাদার ক্রুশ্চেভও বাগবাজারের রসগোল্লা খেয়ে প্রশংসা করে গিয়েছেন। সেইজন্য আমার কথা হচ্ছে যে এই রসগোল্লার উপর থেকে ট্যাক্স তুলে দেন। তাছাড়া এখানে ডিসক্রিমিনেশন করা হচ্ছে, লাড্ডু, পাটনাই হালুয়ার উপর ট্যাক্স হবে না আর রসগোল্লার উপর ট্যাক্স হচ্ছে মুসলিম লীগের আমলে এটা হয়ে থাকতে পারে কিন্তু কংগ্রেস রাজত্বে এই ডিসক্রিমিনেশন থাকা উচিত নয়। এতে একটি সেকশনের সুবিধা হবে, আর একটা সেকশনের সুবিধা হবে না। এটা হতে দেওয়া উচিত নয়।

Shri Jatindra Chandra Chakravorty :

Now, Sir, I have almost finished. But Sir, with regard to the Assembly staff a question has been discussed during the discussion of the point with regard to the cut motion. What we wish to say is that it is high time that some sort of arrangement should be made with the Speaker with regard to the appointment of staff and so on and for this rules should be framed and the Speaker here should be given absolute authority with regard to the appointment of employees in the House. Thepresent system shold go, We see these Police Department Reporters come with me to take down reportes elsewhere. Their services are lent out by the Home Department during the Assembly sessionsi. Why should this happen ? It is absolutely necessary that the staff here should be our staff under the Speaker and it is high time that we should immediately—if not this session, at least in the next session—frame rules rools so that the Speaker can know and do whatever is necessary for the requirement of his staff and so on and so forth. Their pay and their allowances should also be considered. I do not want to go into details but I find that there is a lot of grievance and grouse in the matter of what is taking place regarding recruitment without the knowledge of the Public Service Commission. I do not blame anybody. But certain individuals are bound to be blamed. If there are no rules and nobody takes the responsibility nothing can be done systematically.

Sir, I have almost finished. I will refer to one thing. It would be interesting to recall the observation of Dr. V. K. R. V. Rao, Vice-Chancellor of the Delhi Univercity, on the approach to the Third Five-year Plan.

"The discussion on the various facets of the Third Plan will really prove to have been only of an academic nature unless the following conditions are fulfilled on the part of the party and leaders in whose hands the running of the country lies, i.e. the Congress.

(1) Personal austerity, dedication to work and high moral character on the part of all sections of leadership in the country whether in the political or social or academic or cultural or economic field.

(2) All-party agreement on the main outline of the Plan iucluding objectives, magnitude, patterns of investment and mobilisation of resources so that the nation will be strong and determined and there will be no confusion or weakening due to divided counsels or political wranglings on plan projects". This was

what he recommended. The Third Five-Year Plan is in the offing. The Chief Minister had been to Delhi. Again he is going on Saturday to Delhi. Discussions are taking place but nobody in West Bengal is consulted. Not in the First Plan, not in the Second Plan and not in the Thrid Plan our suggestions are called for. There cannot be a people's plan if you carry on the administration in this manner. How will the people think that you are sympatqetic to them. What you have said before is not carried out in practice. Everything is hypocrisy and nothing but hypocrisy.

[4-20—4-30 p.m.]

Shri Sowrindra Mohan Misra :

On a point of personal explanation, Sir,

মাননীয় সদস্য জ্যোতিবাবু আমার নাম উল্লেখ করে যে মাল্‌টিপার্‌পল্‌স্ স্কুল সম্পর্কে বললেন—অবশ্য তিনি সন্দেহ প্রকাশ করেছেন, সেটা সম্পূর্ণ ভিত্তিহীন।

Shri Sisir Kumar Das :

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৫৭ সালের ইলেকশনএর পর প্রথম আমি এই হলে বক্তৃতা করবার সময় বলেছিলাম।

Caeser's wife must be above suspicion.

তখন আমি একথাও বলেছিলাম মন্ত্রী মহাশয়দের কোথায় কি সম্পত্তি আছে স্বনামে বা বেনামে তা তাঁরা ডিক্লেয়ার করুন। কিন্তু সেটা তাঁরা করলেন না। তখন বিধানবাবু বললেন "শিশির দাস আজ্ঞা দিলে, আমরা সব করে ফেললাম"। এবার কংগ্রেস আজ্ঞা দিয়েছেন যে মাননীয় মন্ত্রীমহাশয়রা তাঁদের ডিক্লোরেশন দিন। সেহ ডিক্লারেশন এখনও দেখছি না কেন? বিধানবাবু সে সম্বন্ধে একেবারে চুপ কেন? আমি ১৯৫৭ সালে যে কথা বলেছিলাম, ১৯৬০ সালে সেটা কংগ্রেস একসেপ্ট করেছেন। কিন্তু এখনও পর্য্যন্ত ডিক্লেয়ারেসন এর কোন নাম গন্ধ নেই। এই যে দেশময় একটা কথা আছে—মিঃ স্পীকার স্যার, কংগ্রেসের মন্ত্রী মহাষয়রা নিজেরা ঘুষ না খেলেও অনেকে খান তাঁদের মধ্যে অন্য যাঁরা আছেন এবং তাঁদের পার্টির জন্য প্রভূত পরিমাণে ঘুষ নেন। সেইজন্য আমি মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে হাউসের কাছে এই কথা রাখছি কংগ্রেসের রেজোলিউশন যেটা, যদিও আমি কংগ্রেস ম্যান নই, সেটা কেন ইমপ্লিমেন্টেড হচ্ছে না। সেটা বিধানবাবুর কাছে থেকে শুনতে চাই।

দ্বিতীয় কথা আমার, কো-অপারেটিভ ফার্মিং সম্বন্ধে কংগ্রেস রেজোলিউশন পাশ করেছেন, অথচ এখানে কো-অপরেটিভ ফার্মিং সম্বন্ধে কোন বিল বা রেজলুসন পাশ করা হল না। যেখানে কো-অপারেটিভ ফার্মিং তাড়াতাড়ি হওয়া দরকার এবং দেশে একটা ইকনমিক রিহ্যাবিলিটেশন আন দরকার, তার কোন প্রস্তুতি দেখছি না! অন্ দি আদার হ্যাণ্ড—আমরা কি দেখতে পাচ্ছি? হাইকোর্টে একটা জাজমেণ্ট হয়েছে, সিংহ সাহেব জাজমেণ্ট দিয়েছেন যে ইনকাম ট্যাক্স দিতে হবে সমস্ত কো-অপারেটিভ সোসাইটিকে। অবশ্য এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স নয়। ইনকাম ট্যাক্স দিতে হবে ১৯৫৭ সাল পর্য্যন্ত। অর্থাৎ যে সমস্ত সোসাইটি ১৯৫৭ সাল পর্য্যন্ত কাজ করে চলেছে ১৯৪০ সাল থেকে আরম্ভ করে, অথচ কোন ট্যাক্স দেননি। তাদের সমস্ত ট্যাক্স দিতে হবে। তবে কারণ দেখছি বর্ত্তমান আইনে বহু গলদ আছে, এবং সেই আইনের প্রভাবে ইনকাম ট্যাক্স ফাকি দিত। ১৯৪০ সালে যে

Bengal Co-operative Society Act

হয়েছিল তাতে এগুলি উল্লেখ নেই। সুতরাং এই নোটিফিকেশান অনুসারে কো-অপারেটিভ সোসাইটিগুলি এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স থেকে অব্যাহতি পেত। আমি এ ধরনের কতগুলি এ্যাক্ট মেনশন করতে চাই। একটা হল মাদ্রাজ এ্যাক্ট, একটা হল বোম্বে এ্যাক্ট, এবং ১৯১২ সালে ইণ্ডিয়া গভর্ণমেণ্টের কো-অপারেটিভ সোসাইটিস এ্যাক্ট। সুতরাং ১৯৪১ সালে। যে কো-অপারেটিভ সোসাইটিস এ্যাক্ট হয়, তার অধীনে যেসমস্ত জিনিষগুলি রয়েছে, তা সবগুলিই ইনকাম ট্যাক্স লায়েবল হয়ে যাচ্ছে, এবং এর জন্য লক্ষ লক্ষ টাকা সোসাইটিকে দিতে হবে। কো-অপারেটিভ সোসাইটিরা যদি ঐ সমস্ত টাকা না দিতে পারে, তাহলে ফল এই দাঁড়াচ্ছে যে ঐ সমস্ত কো-অপারেটিভগুলি উঠে যাবে। সেইজন্য আমি কো-অপারেটিভ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি অবিলম্বে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের সঙ্গে টেকআপ করুন সমস্ত

Co-operative society with retrospective effect income-tax

এরজন্য লায়েবল হবে না। ব্যবসা বানিজ্যের দিক থেকে এটা একটা খুব বড় ডেন্‌জার দেখা যাচ্ছে। এই সমস্ত কো-অপারেটিভ সোসাইটিগুলিকে উঠিয়ে দেবেন না। আজ আমাদের দেশের প্রপার্টি সত্যই বিপন্ন। দেশময় বিক্ষোভ দেখা দিয়েছে নানাকারণে। মাইনে বৃদ্ধির জন্য দাবী উঠেছে। কিছুদিন অন্তর, অন্তর কিছু কিছু মাইনে বৃদ্ধি হচ্ছে, তা সত্বেও কর্মচারীরা বলছেন মাইনে বৃদ্ধি করো। চাষী, কৃষকরা দাবী তুলেছে তাদের উৎপন্ন দ্রব্যের মূল্য বৃদ্ধি করবার জন্য, শ্রমিকরা তাদের মিনিমাম ওয়েজ বাড়ানর জন্য বলছে। ওয়েজ ফিক্স করার জন্য মিনিমাম ওয়েজ ফিক্স করার জন্য তিনি বলেছেন কিন্তু সবকিছু গণ্ডোগোল হয়ে যাচ্ছে, কেন ? কারণ হচ্ছে ইনফ্লেশন, ডেফিসিট ফাইনানসিং গাদা গাদা নোট ছাপাচ্ছেন সেকেণ্ড ফাইভ ইয়ার প্লানএ, থার্ড ফাইভ ইয়ার প্ল্যানএ, যে মাইনেই দিন না কেন দু বছর পরে দেখা যাবে তার কোন মূল্যই নেই, ৫।৬ শত টাকার কোন মুল্য নাই। রিজার্ভ ব্যাঙ্ক বুলেটিন অনুসারে ১৯৫২ সাল থেকে ১৯৫৯ সাল পর্য্যন্ত ৩০ পারসেণ্ট ইনফ্লেশন হয়েছে। লোকে অবশ্য বলছে ইনফ্লেশন বন্ধ করুন, পণ্ডিত নেহেরু বলছেন ইনফ্লেশন, ডেফিসিট ফাইনানসিংএর কথা চলবে না, ডেফিসিট ফাইনানসিং আমরা করে যাব তবে প্রাইস ষ্টাবিলাইজেশন অন্যভাবে যদি করা যায় তাহলে সে যুক্তি শুনতে রাজি আছি। খবরের কাগজে বোধ হয় আপনি দেখেছেন সমস্ত মুখ্যমন্ত্রীদের নিয়ে প্রাইস ষ্ট্যাবিলাইজেশন কমিটি করেছেন। বিধানবাবু সম্প্রতি ঘুরে এলেন, প্রাইস ষ্ট্যাবিলাইজেশনএর কি করে এলেন বুঝতে পারিনা। তবে একটা জিনিষ করলে খানিকটা প্রাইস ষ্ট্যাবিলাইজেশন হয়, সে কথাই বলছি। আমাদের যে নেসেসারিজ অব লাইফ, খাদ্য দ্রব্যের প্রাইস যদি চেপে রাখা যায়, তাহলে সমস্ত জিনিষের প্রাইস লেভেল কমে যায়, মানুষের ষ্টেপল ফুড সেগুলির দাম যদি কমাতে পারি তাহলেই দেখব সমস্ত মানুষের ওয়েজ লেভেল কমে যাচ্ছে, সেটা হতে পারে

by better Production and Agriculture.

যে কোন রকমে ফসল যদি বাড়াতে পারি, উৎপাদন বেশী হয় তাহলেই দেখা যাবে চাহিদার চেয়ে আপনার সাপ্লাই বেশী হয়ে যাচ্ছে এটা এজন্য বলছি

naturally, demand for necessaries of life inelastic—

সুতরাং চাহিদার চেয়ে যদি বেশী উৎপাদন হয় তাহলে প্রাইস লেভেল ভয়ানক ফল করবে

এ্যাট এভ্রি প্লেস। কাজেই গভর্ণমেণ্টের দেখা দরকার ফুড ষ্টাফ প্রোডাকশন যাতে বাড়ে। সেটা হলেই প্রাইস ষ্ট্যাবিলাইজেশন হতে পারে। কিন্তু দেখতে পাচ্ছি এই ফুড প্রোডাকশন বাড়ানোর ব্যাপার কোথায় যেন একটা রহস্য রয়েছে, এটা নিয়ে একটা ঠাট্টা বিদ্রূপ চলছে। আমার থানা পটাশপুরে একটা মৌজা আছে যা নাকি ইষ্টবেঙ্গলএর মত হয়ে যায় বর্ষাকালে, আমার এই থানার ৩।৪ একর জমি বর্ষাকালে জলে ডুবে যায় এবং যেটা একটু উচু জায়গা তা দ্বীপের মত ভাসতে থাকে। কেলেঘাই নদীর ধার হাইয়ার, ভিলেজ লেভেলএর চেয়ে, সেজন্য বৃষ্টির জল নিকাশ হয় না। নদীর লেভেল হাইয়ার তাই চারিদিকে বাঁধ দিতে হয় এবং একটা স্লুইস করে জল বার করে দিতে হয়। অজয়বাবুর কাছে ধর্ণা দিলাম এনিয়ে অজয়বাবু বললেন এটা আমার ডিপার্টমেণ্ট নয়। বিমলবাবুর কাছে গেলাম, তিনি বললেন করবোত কি ১৯৬২ সালের আগে করবো না। ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট মেদনীপুরের একটা রেকমেণ্ডেশান করে পাঠিয়েছেন ১৯৫৯ সালের মে মাসে তাতে লিখেছেন এই স্লুইজএর জন্য ২৯ হাজার টাকা খরচ করবেন। বোর্ড অব রেভিনিউ কিরকম কাজ করছে দেখুন, আমি সে সম্বন্ধে বলছি, এটা অত্যন্ত ইনএফিসিয়েণ্ট ডিপার্টমেণ্ট, কারণ মে মাসে লিখেছে এখন পর্য্যন্ত কোন উত্তর নাই। এই যে ২৯ হাজার টাকা খরচ হবে কি হবে না কোন কথা নাই। অজয়বাবুর কাছে গেলাম।

[4-30—4-40 p.m.]

সুতরাং আমি কিছু করতে পারবো না। তাঁর মত নিয়ে এসো। সেখানকার কংগ্রেস ভাইরা—তাদের টিপে দিচ্ছেন—খবরদার মত দিও না। কেন? না, কণ্টাই ইলেকশনে পি, এস. পি-কে ভোট দিয়েছে। সুতরাং অজয়বাবু নৃত্য করছেন আনন্দে।

তাদের ফরেষ্ট পলিসি কেমন চলছে দেখা যাক্। আমি ইতিমধ্যে ঝাড়গ্রাম ও পুরুলিয়া ঘুরে এলাম। সেখানকার লোক আতঙ্কিত হয়ে আছে। লাঙ্গলের জন্য কাঠ পাওয়া যাচ্ছে না। লোকে ফরেষ্ট ডিপার্টমেণ্টের গাছ কেটে আগে লাঙ্গল তৈরি করতো। এখন কি হচ্ছে? লোকে নিজের বাড়ীর নিম গাছ বা বাবলা গাছ কেটে লাঙ্গল তৈরি করে বাজারে বিক্রী করতে গেলে, তাদের হাত কড়া দিয়ে ধরে নিয়ে যাবে—তুই এই কাঠ জঙ্গল থেকে চুরি করেছিস্। এখন ১০।১২৲ টাকা দিলেও তারা লাঙ্গল পায় না পুরুলিয়ার লোকে।

ঝাড়গ্রামে—একটা গ্রাম আছে যেখানে আমাদের বনবিভাগের দপ্তর—বৃক্ষ রোপণ করে বনসৃজন করবেন। সেই গ্রামে দুঃস্থ লোক রয়েছে, তারা নানারকম ফসলের চাষ করে জীবন-যাপন করে। সেই জায়গা ঘিরে রেখেছেন, গাছপালা কিছু করছেন না। আর সেখানে তাদের চাষবাস করে খেতে দিচ্ছেন না। সেইজন্য তারা শোভাযাত্রা করে সহরে গিয়েছিল—দু-তিন দিন আগে ওখানকার এস. ডি. ওর সঙ্গে দেখা করতে। তখন এস. ডি. ও. তাদের সকলকে এ্যারেষ্ট করে ফেললেন। কাকেও বেল্ দিলেন না, বেল্ বন্ধ। আমাদের পি. এস. পি. কর্মী কানাই মণ্ডল তাদের নেতা হয়ে সঙ্গে গিয়েছিলেন। তার বিরুদ্ধে ১০৭ ধারার কেস্ হয়ে গেল, দু-হাজার টাকার জামিন দেও। পার্টি'র থেকে তখন ক্যাশ দু-হাজার টাকা তুলে দিলেন। এবার জামীন দেও। এস, ডি. ও, বললে—না, জামীন হবে না। হাজতে দেও। সেই এস. ডি. ও কে? তিনি হচ্ছেন স্বনামধন্য মুর্শেদ সাহেব। তিনি এটা করছেন। আর কি করছেন? এস. ডি. ও.—একটা মুসলমান ছেলে—হিন্দু সেজে এক

হিন্দু রমনীর পানি গ্রহণ করতে গিয়েছিল, গিয়ে আগে থেকে ধরা পড়ে গেল—সে তমলুকের মুসলমান, তার হাজত বাসের হুকুম হয়। কিন্তু এস. ডি. ও. মুসলমান, তার প্রাণে বড় ব্যথা লাগলো, তিনি সঙ্গে সঙ্গে তার বেল্ দিয়ে দিলেন। সে তারপর থেকে একেবারে হাওয়া—কোথাও তার খোঁজ পাওয়া যাচ্ছে না। এখানে কথামাত্র বেল্! আর কোথায় জঙ্গল থেকে এক টুকরা কাঠ নিয়েছে বা জঙ্গলের জন্য একটা আন্দোলন করেছে, তারজন্য বেল্ হবে না! আপনারা এই এস. ডি ওব প্রতি একটু লক্ষ্য রাখবেন।

[এ ভয়েস : এবার তিনি ম্যাজিষ্ট্রেট হবেন।]

হ্যাঁ, তাকে ম্যাজিষ্ট্রেট্ করে নিয়ে আসুন।

বিধানবাবু বললেন—অনেক কাগজ বের করছেন—পাবলিসিটি ডিপার্টমেণ্ট। জারনালস যেসব কাগজ বেরোয় আমরা এম-এল-এ হিসাবে একখানা করে পাই। এখন ফাল্গুন শেষ হয়ে চৈত্র চলছে—কাগজ খুললে দেখবেন—পৌষ মাস কি মাঘ মাসের কাগজ। একটা ডিপার্টমেণ্ট রেখেছেন কাগজ ছাপা হচ্ছে দু-তিন মাস পরে। এইরকম ডিপার্টমেণ্ট না রাখলে কি হয়? আমি আর সে কাগজ এখন খুলি না—ওয়েস্ট পেপার বাস্কেটে ফেলে দেই, বিক্রী করলে দু-পয়সা হয়।

[Laughter]

এই আমাদের ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্টের বিমলবাবু—কোচাটা দুলালেন মেঝেতে। প্রত্যেকদিন লক্ষ্য করি—ধুতি চাদর যেদিন পরে আসেন, কোচাটা দোলায়ে যাচ্ছেন। এ ভদ্রলোককে দিয়ে কি করে ল্যাণ্ড রিফর্মস করবেন? তাঁর সেটলমেণ্ট অফিসেও দেখবেন যে ঘুষের রাজত্ব চলেছে! এমন কোন অফিস নেই যেখানে ঘুষ নেই। এখানে বর্গাদার কোর্ট করেছেন। এই বর্গাদার কোর্টের সেরেস্তাদার প্রভৃতি ঘুষ নেয়। একটা উদাহারণ দিচ্ছি, কণ্টাইতে এই ব্যাপার ঘটেছে। এখানে একজন ভাগচাষীর বিরুদ্ধে কেস্ হয়। ভাগচাষী ডিফেন্সে বলে যে ৫ (ক) ধারা অনুসারে এই জমি সরকারে ভেষ্ট করেছে। এটা সত্যই ভেষ্ট করেছে কিনা সেটা খবর নিয়ে দেখবার জন্য সেরেস্তাদারকে বলা হয় এবং সে এসে রিপোর্ট দিল যে সেই ল্যাণ্ড সরকারের হাতে ভেষ্ট করেছে। কিন্তু যিনি তার মোক্তার ছিলেন তাঁর সেকথা বিশ্বাস হল না। তিনি ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্টে গিয়ে খবর নিলেন যে এইরকম কোন চিঠি লেখা হয়েছে কিনা যে এই ল্যাণ্ড সরকারে ভেষ্ট করেছে। কিন্তু সেখানে দেখা গেল এইরকম কোন চিঠি লেখা হয় নি। এ খবর ভাগচাষ বোর্ডের অফিসারকে জানালে পর তিনি খুব অসন্তুষ্ট হলেন তার কর্মচারীর উপর। কিন্তু সে বিষয় আর কোন এনকোয়ারী করা হল না, ব্যাপারটা লুসডআপ হয়ে গেল। এইভাবে প্রত্যেকটা লেভেলে দুর্নীতি চলছে। কাল আমাদের জুডিসিয়াল মিনিষ্টার বলে গেলেন এগুলি ঘুষ নয় টিপ্স। ঘুষ নেবার প্রশ্রয় দেবার মত এইরকম বেহায়াপানা একমাত্র এইরকম মন্ত্রীরাই দিতে পারে। জুডিসিয়াল ডিপার্টমেণ্টে এই ঘুষকে টিপ্স বলে যদি জাষ্টিফাই করে, এইরকম আউটলুক যদি মন্ত্রীদের থাকে তাহলে এই রাজ্যে ঘুষ কি কখন বন্ধ হতে পারে? কখনই বন্ধ হতে পারে না। সেইজন্য আমরা বলি যে এই ঘুষ বন্ধ করার একটা উপায় আছে। সব জায়গায় স্থানীয় লোক নিয়ে যদি লোকাল কমিটি গঠন করা যায়, সব পার্টির লোক নিয়ে, কমুনিষ্টপার্টি, কংগ্রেস পার্টি, পি. এস. পি. বা অন্যান্য পার্টির হোক না কেন। ইরেসপেকটিভ অব পার্টি, এবং

সেখানকার লোকদের মধ্যে যারা অনেস্ট লোক, সে উকীল হোক, ডাক্তার হোক, মোক্তার হোক, তাদের হাতে প্রিলিমিনারি পাওয়ার দিতে হবে

to enquire into every complaint that may be made, to look into the records, to call for the records and to pass their opinion.

তাহলে দেখবেন এক বৎসরের মধ্যে লোকাল করাপশন সম্পূর্ণ দুর না হোক এ্যাট লোয়েস্ট লেভেলে এসে যাবে এবং আস্তে আস্তে তা বন্ধ হয়ে যাবে। কিন্তু আমরা জানি এই সরকার এরকম কোন ষ্টেপ নেবে না।

আর একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করবো। সেটা হচ্ছে ডিসেণ্ট্রালাইজেশন -এর কথা। কংগ্রেস রেজোলিউশনে তারা ডিসেণ্ট্রালাইজেশনের নীতি গ্রহণ করেছেন। কংগ্রেসের এই রেজোলিউশন উত্তর প্রদেশে নিয়েছে এবং অন্যান্য জায়গাতেও নিয়েছে। কিন্তু আমাদের সঙ্গে তাদের তফাৎ কোথায়। আমরা বাংলাদেশে দেখছি যে এখানে ডিসেণ্ট্রা-লাইজেশন অফ পাওয়ার নয় আমাদের এখানে

delegation of all powers to Dr. Bidhan Chandra Roy,

এখানে ডিসেণ্ট্রালাইজেশন উড়ে গিয়েছে। যেমন একটা উদাহরণ দিচ্ছি। পঞ্চায়েতের বেলায় পণ্ডিত নেহেরু পর্য্যন্ত বলেছেন যে পঞ্চায়েৎ হাজার বার ভুল করলেও তবু তাদের হাতে ক্ষমতা ছেড়ে দিতে হবে। কারণ এই ভুলের মধ্যে দিয়েই তারা শিখবে। আর এখানে দেখি সমস্ত

power concentrated in the hands of the Block Development Officer

ও গ্রামসেবকদের হাতে। গ্রামসেবক ও

Block Development Officer Club

কে চাঁদা দেন, গ্রামের যাত্রা, থিয়েটারে টাকা দেওয়া হয়। এইরকম ভাবে হাজার হাজার টাকা সরকার খরচ করছেন, অথচ পঞ্চায়েৎ, সে যদি কংগ্রেস দলেরও হয় তাহলেও তাদের হাতে কোন ক্ষমতা দেওয়া হয়না। গত ইলেকশনে কংগ্রেস প্রাইমারী টিচার্সদের ব্যবহার করেছিলেন

for their election purposes,

এবার তারা যাত্রার দল করছেন, গ্রামে গ্রামে যাত্রা পার্টি করছেন এবং ভাবছেন যে কংগ্রেস ইলেকশনে জয়লাভ করবে। কিন্তু এবার স্বতন্ত্র পার্টি আছে। গতবারের ইলেকশনে লক্ষ লক্ষ টাকা কংগ্রেস পেয়েছিল ধনিক সমাজের কাছ থেকে, এবার তাদের আছে স্বতন্ত্র পার্টি, তাই কংগ্রেস এবার সেটাকা পাবে না এবং দেখা যাবে আগামী যুদ্ধে কংগ্রেস কি করতে পারে।

[4-40—4-50 p.m.]

Shri Hemanta Kumar Basu :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এসেম্বলী বিভাগকে সম্পূর্ণভাবে স্বাধীন বিভাগে পরিণত করা উচিত। আপনি হয়ত জানেন না যে বিঠল ভাই প্যাটল যখন দিল্লী এসেম্বলীর স্পীকার ছিলেন তখন তদানীন্তন বৃটিশ গভর্ণমেণ্টের সঙ্গে এই বিষয় নিয়ে উপস্থিত বিরোধ হয়। পরে বৃটিশ গভর্ণমেণ্ট বাধ্য হয়ে এসেম্বলী বিভাগকে সম্পূর্ণরূপে স্পীকারের হাতে ছেড়ে দেন। কাজেই আজকে যখন

স্বাধীন হয়েছি তখন স্বাধীন ভারতবর্ষের স্পীকারের হাতে এসেম্বলী বিভাগকে সম্পূর্ণভাবে তার কণ্ট্রোল এবং শাসনে ছেড়ে দেওয়া উচিত। এই বিভাগে যারা কাজ করে বেয়ারা, পিওন ইত্যাদি, আমি শুনলাম সারা বছর তাদের কাজ থাকেনা, যখন এসেম্বলী চলে তখনই তাদের শুধু কাজ থাকে। এই সমস্ত দরিদ্র কর্ম্মচারীদের যদি অস্থায়ীভাবে এই কয়েক মাসের জন্য নিয়োগ করা হয় তাহলে বছরের বাকী সময় তারা কি করবে? কাজেই আমি অনুরোধ করব যাতে সরকার এই বিষয়ে ভেবে দেখেন। আমাদের এই সমস্ত কর্ম্মচারীরা মাহিনা অত্যন্ত কম পান। সরকারের ৯৮ পার্সেণ্টস কর্ম্মচারী হচ্ছে নিম্নতম কর্ম্মচারী। যা এইমাত্র ডাঃ রায় আমাদের জানালেন। এই সমস্ত নিম্নতম কর্ম্মচারীদের কি অবস্থা তা আমরা সকলেই জানি। বহুদিন ধরে তাদের দুঃখ দুর্দ্দশার কথা তারা সরকারকে জানিয়েছে। নানারকম সভা সমিতির মারফৎ তারা তাদের আবেদন পেশ করেছে। কিন্তু সরকার এই বিষয়ে কোন কিছু ব্যবস্থা এ পর্য্যন্ত করেননি। এই সমস্ত নিম্নতম কর্ম্মচারীদের দাবী দাওয়া জানাবার যে সংস্থা, সেই সংস্থা গঠনের যে তাদের অধিকার আছে, সরকার তা স্বীকার করেননা। তাদের সভাসমিতি করা, তাদের দুঃখদারিদ্র্য অভাব অভিযোগের কথা বলার অধিকার তাও সরকার স্বীকার করেন না। বৃটিশ সরকারের যে কনডাক্ট রুলস ছিল, তাদের ট্রেড ইউনিয়ন করবার অধিকারকে ক্ষুন্ন করে ও হরণ করে, এঁরা এক নতুন সার্ভিস কনডাক্ট রুলস করেছেন যাতে এই সমস্ত কর্ম্মচারীদের ডেমোক্রাটিক রাইটস যা কনষ্টিটিউশান দিয়েছে, সেই সমস্ত রাইটসকে সম্পূর্ণভাবে হরণ করা হচ্ছে। আপনি জানেন স্যার কংগ্রেসের হাতে ক্ষমতা আসার পর এই নিম্নতম কর্ম্মচারীদের বেতন ও ভাতা বর্ত্তমানে ক্রমবর্দ্ধমান দ্রব্যমূল্য বৃদ্ধির অনুপাতে কোন কিছুই করা হয়নি। এই নিম্নতম কর্ম্মচারীরা সরকারের বিভিন্ন বিভাগের কার্য্য পরিচালনা করে থাকেন। সেই জন্য যদি এদের মধ্যে অসন্তোষ থাকে সরকারের কাজ শান্তিপুর্ণভাবে, সঠিকভাবে পরিচালিত হতে পারেনা। কাজেই সরকারকে এ বিষয়ে বিশেষভাবে ভেবে দেখতে অনুরোধ করছি। এরা অনেকবার দাবী করেছেন যে দ্রব্যমূল্য বৃদ্ধির অনুপাতে তাদের অন্তরবর্ত্তীকালীন ভাতা দেওয়া হউক। এবার তারা একটা পে কমিশন চেয়েছিলেন, জুডিসিয়াল বিভাগের লোককে দিয়ে। কিন্তু সরকার পে কমিটি নিযুক্ত করেছেন এবং তাতে কোন জুডিসিয়াল সার্ভিসএর লোককে নেওয়া হয়নি। কাজেই তাদের যে ধরণের দাবী ছিল সেই ধরণের পে কমিশন করা হয়নি। এখানকার সরকার যা মাহিনা দেন সওদাগরি অফিস কিম্বা কেন্দ্রীয় সরকারের মাহিনার তুলনায় অনেক কম। সেইজন্য তারা দাবী করেছিলেন অন্তর্বর্ত্তীকালীন তাদের একটা ভাতা দেওয়া হউক। এই দাবী নিয়ে তারা যখন প্রস্তাব করেছেন কিম্বা এই প্রস্তাবের উপর যখন তারা সভা সমিতি করেছেন বা সভা সমিতিতে যোগদান করেছেন সেই অজুহাতে সরকার অনেককে বরখাস্ত করেছেন। আবার অনেককে ভয় দেখান হয়েছে। এইভাবে যদি সরকার এদের সঙ্গে ব্যবহার করেন তাহলে তারা কিভাবে কাজ করতে পারে। ২৮শে সেপ্টেম্বর তারিখে এই সমস্ত কর্ম্মচারী মুখ্যমন্ত্রীর কাছে তাদের দাবী দাওয়া সম্বন্ধে একটা স্মারকলিপি পেশ করেন। তারা সেখানে এই পে কমিটীর পরিবর্ত্তন করে সরকারের সঙ্গে আলাপ আলোচনা মারফৎ তাদের দাবীগুলি মিটমাট করতে চেয়েছেন। এটা আমরা মনে করি এই প্রস্তাব খুব সঙ্গত ছিল। কিন্তু সরকার এই প্রস্তাব গ্রহণ করেননি, এমনকি তাদের কথা পর্য্যন্ত শোনেননি। আমি মনে করি এদেরও সম্মান আছে, এরা স্বাধীন ভারতের নাগরিক এবং এদের মর্য্যাদা আছে। এদের কথা শুনব না কেন, এর কারণ আমি

বুঝতে পারি না। সরকার একবার প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এদের মধ্যবর্ত্তীকালীন ভাতা এবং বাসস্থানের ব্যবস্থা করবেন কিন্তু সরকার এপর্য্যন্ত সে প্রতিশ্রুতি রক্ষা করেননি। তারপর স্যার, আমরা দেখি সরকারের শতকরা ৬০জন কর্ম্মচারীদের অস্থায়ী করে রাখা হয়েছে। বরাবর তাদের অস্থায়ী করে রাখা হয়েছে। এইভাবে যদি সরকার তাদের কর্ম্মচারীদের শতকরা ৬০ জনকে অস্থায়ী করে রাখেন তাহলে তাদের কাছ থেকে কি কাজ আশা করতে পারেন। তাদের কাজে শিথিলতা আসতে বাধ্য। তাদের ন্যায্য দাবী, তাদের ন্যায্য পাওনা কোন কিছু সরকার দিচ্ছেন না। আমাদের এখানে প্রায় শতকরা ৯৮ ভাগ কর্ম্মচারীরা ৩০০ টাকার কম মাহিনা পান। এবং এর তলায় যারা যারা আছেন তারা আরও কম মাহিনা পান।

[4-50—5 p.m.]

কাজেই দেশের যখন এরকম অবস্থা তখন আমরা দেখছি যে রাজ্যপালের জন্য বছরে ৭ লক্ষ ৪২ হাজার টাকা খরচ হয়। এ, আই, সি, সির ইকোনমিক রিভিউতে তাঁরা বলছেন যে আমাদের মাথাপিছু গড় আয় মাত্র ২৯৪, টাকা, সুতরাং দেখা যাচ্ছে যে ৬০জন ভারতবাসীর বাৎসরিক আয়ের সমান হচ্ছে আমাদের রাজ্যপালের খরচ। গান্ধিজী বলেছিলেন যে ভারতবর্ষ স্বাধীন হলে পর কেউ ৫শত টাকার বেশী মাইনে পাবেনা। কিন্তু যদি এরকম একটা মোটা খরচ রাজ্যপালের জন্য জোগাতে হয় তাহলে তা কি এই দরিদ্র দেশের লোকের পক্ষে পস্তব বা যুক্তিযুক্ত ? জ্যোতিবাবু বলেছেন যে আমাদের এখানে মন্ত্রীর সংখ্যা খুবই বেশী। অবশ্য তাঁরা যদিও খুব বেশী পাননা তাহলেও প্রত্যক বছর তাঁদের সংখ্যা যেভাবে বেড়ে চলেছে সেটা বিবেচনা করা উচিত। সর্বশেষ আমি বলব যে, দেশের গরীব জনসাধারণের কথা এবং নিম্নতম কর্ম্মচারীদের ভাতা, বেতন বৃদ্ধি ও বাসস্থানের কথা চিন্তা করে তা সমাধানের জন্য আপনাদের একটা সুষ্ঠু ব্যবস্থা অবলম্বন করা উচিত।

Shri Nepal Ray :

মাননীয় স্পীকার মহাশয়, আজ প্রথমে আমি ওয়াচ এণ্ড ওয়ার্ড কর্মচারী যাঁরা আপনার এই হাউসে আছেন তাঁদের সম্বন্ধে আমি কয়েকটা কথা রাখতে চাই। এখানে যারা ওয়াচ এণ্ড ওয়ার্ড কর্মচারী আপনার অধীনে আছেন তাঁরা ৪০টাকা থেকে ৫৫টাকা মাইনে পান। সকাল থেকে রাত্রি ৮।১০টা পর্য্যন্ত যতক্ষণ হাউস চলবে ততক্ষণ এঁদের থাকতে হয়। কিন্তু এই ৪০ টাকা ৫৫ টাকা মাইনেতে কোন ভদ্রসন্তানের চলে কিনা জানিনা। সেজন্য আমার অনুরোধ যে সাধারণভাবে অন্যান্য ডিপার্টমেন্টের ক্লারিক্যাল যে গ্রেড আছে—অর্থাৎ ৫৫ থেকে ১৩০ টাকা গ্রেড—সেই গ্রেড এদের দেওয়া হোক। এদের সম্বন্ধে এটাই আমার সরকারের কাছে নিবেদন। আর একটা কথা আমি বহুবার যেটা এই হাউসের সামনে রেখেছি—কিছু কাজ হয়েছে—সেটা হচ্ছে আমাদের হোম ডিপার্টমেণ্টের পুলিশ কর্মচারীদের কথা। এঁদের মধ্যে অধিকাংশই টেম্পোরারী। জীবনের সবচেয়ে ভাল সময়গুলো এরা টেম্পোরারীভাবে কাটিয়ে যায় এ. এস. আই এবং সাব-ইন্সপেক্টার হিসাবে এরা ১০।১৫ বছর অবধি টেম্পোরারী থাকে। মুখ্যমন্ত্রী যাঁর বাংলাদেশের মানুষের নাড়ীর সঙ্গে যোগাযোগ আছে তাঁর কাছে আমার নিবেদন যে এইভাবে যদি মানুষকে টেম্পোরারী করে রাখা হয় তাহলে সরকারের প্রতি এদের শ্রদ্ধা কমে যায়। মানুষের যখন সিকিউরিটি অফ্ সার্ভিস থাকে না তখন সরকারের প্রতি সে শ্রদ্ধাবান হতে পারে না। বেঙ্গল পুলিশের সব অফিসারকে হীরেন

সরকার রিটায়ার হবার সময় পার্মানেণ্ট করে গেছেন। তাঁর যদি রিটায়ারের সময় না হোত তাহলে হয়ত তিনি এটাও করতেননা। যাহোক আমি আজকে জোরের সঙ্গে বলছি যে প্রত্যেকটা এ. এস. আই. বা সাব-ইন্সপেক্টার বা ইন্সপেক্টার যারা ২ বছরের উপর পুলিশ ফোর্সে কাজ করছেন—বিশেষ করে ক্যালকাটা পুলিশ—তাঁদের প্রত্যেককে পার্মানেণ্ট করতে হবে উইথ রিট্রোস্পেকটিভ এফেক্ট। তাদের যেদিন থেকে ২ বছর সার্ভিস হয়ে গেছে সেদিন থেকে তাদের পার্মানেণ্টের মাইনে দিতে হবে। এটাই মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবী। এই হাউসে সরকারী কর্মচারীদের সম্পর্কে অনেক অনেক কথা বলেছেন। আমি আমেদ সাহেবের ডিপার্টমেণ্ট সম্বন্ধে কটা কথা বলব। আমেদ সাহেবের ডিপার্টমেণ্টে ৬০০ জন ডি. এফ. এ. আছে। তাদের মাইনে শুনলে আপনি অবাক হয়ে যাবেন। এই ৬০০ জন এফ. এ. এরা সারা পশ্চিমবাংলার গ্রামে গ্রামে ঘুরে বেড়ায়। আমাদের গো-মহিষাদি যে সম্পদ আছে সেই সম্পদকে এরা দিন দিন বাড়িয়ে চলেছে এবং কৃষির উন্নতির কার্যে এরা সাহায্য করছে। গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া থেকে যে ফতোয়া দিয়েছেন সেই হিসাবে তরুণবাবু আমাদের নূতন মন্ত্রী হয়েছেন। সেজন্য তাঁকেও বলা চলে। এই ডি. এফ. এ. যাঁরা, তাঁরা গরু মহিষাদির উন্নতির দিকে নজর রাখবে তাদের মাইনে হচ্ছে ৪০ থেকে ৬০ টাকা। এই ৪০ থেকে ৬০ টাকা মাইনেতে কি কোন ভদ্রসন্তানের চলে? আমি ভদ্র অভদ্র কোন প্রশ্ন তুলছি না, আমি বলছি যে এই মাইনেতে কারুরই চলে না। এদের ৩টা স্কেল আছে—ভেটিরিনারী ইন্সপেক্টার, ভেটিরিনারী এ্যাসিষ্ট্যাণ্ট সার্জেন এবং ডি, এফ, এ,—কিন্তু এদের কোয়ালিফিকেশান সকলের সমান—অর্থাৎ ম্যাট্রিক বা ঐরকম গোছের একটা ট্রেনিং। এই যদি হয় তাহলে তাদের বেতনের ডিসক্রিপেন্সি কেন রাখা হয়েছে? আমেদ সাহেবকে জিজ্ঞাস্য যে এই ডিসক্রিপেন্সির মানে কি? অর্থাৎ যিনি ইন্সপেক্টার তাঁর মাইনে হচ্ছে ২০০ থেকে ৪০০, যিনি ভেটিরিনারী এ্যাসিষ্ট্যাণ্ট তাঁর মাইনে ১৫০ থেকে ৩০০্, কিন্তু এদের বেলায় (ডি, এফ, এ,) ৪০ থেকে ৬০ টাকা বেতন। এঁরা কি সরকারী কর্মচারী নয়, বা এরা কি বৈমাত্র ভ্রাতা? এরাও মানুষ এবং এদের উপযুক্ত বেতন দিয়ে দুবেলা খাবার ব্যবস্থা করতে হবে। পাঁচজন যদি পরিবারের লোক ধরা যায় তাহলে এই ৬০ টাকা মাইনেতে কি চলে? ওঁর বাড়ীর যে চাকর তাকে দুবেলা খেতে দিয়ে ২৫ টাকা মাইনে দিতে হয়। এরা সব টেকনিক্যাল হ্যাণ্ডস, এরা দেশের সম্পদ। অর্থাৎ পশ্চিমবাংলার গরু, মহিস ও কৃষির উন্নতির জন্য এরা অপরিহার্য্য। সুতরাং এদের প্রতি যদি নজর না দেন তাহলে কৃষির উৎপাদন কমে যাবে এবং কমুনিষ্টরা চেঁচাবে যে খাদ্য উৎপাদন হলনা।

তারপর স্যার, কোলকাতার যাঁরা মেম্বার বা এম. এল. এ. তাঁরা সবাই ২৷৷০ আনা করে টি. এ. পান—আপনি পান কিনা জানিনা। অর্থাৎ ট্যাক্সিতে আসবার জন্য মেম্বাররা ২৷৷০ আনা করে টি. এ. পান। কিন্তু ট্যাক্সি কি কোলকাতা শহরে পাওয়া যায়? এখানে ট্যাক্সি প্রব্লেম্ একটা বিরাট প্রব্লেম্। এখানে ট্যাক্সি নেই বললেই চলে। সেজন্য আমি সরকারকে অনুরোধ করছি যে ট্যাক্সির সংখ্যা আরও বাড়িয়ে দেওয়া দরকার। আমি বেঙ্গল ট্যাক্সি য়্যাসোসিয়েশান-কে জিজ্ঞাসা করেছি যে এই রিফিউজাল কেন হয়? এটা পাবলিক ইণ্টারেষ্টের ব্যাপার। আজকে কোলকাতা শহরে যে কোন জায়গায় ২।৩ ঘণ্টা দাঁড়িয়ে থাকলে দেখবেন যে একখানাও গাড়ী পাওয়া যায় না। সেজন্য বলছি যে বেশী করে ট্যাক্সি ইস্যু করা হোক এবং ট্যাক্সি এ্যাসোসিয়েশান-কে ডাকা হোক যে কি কারণে রিফিউজাল হচ্ছে।

অর্থাৎ গাড়ী চলে যাচ্ছে ফ্ল্যাগ আপ করা রয়েছে অথচ লোক নেবে না। কারণ হয়ত সে মেরামতের জন্য যাচ্ছে। আবার অনেক সময় দেখা যায় যে বেশী পয়সা নিয়ে যে একটু কাপ্তেন আছে তাকে নেয়।

[5—5-10 p.m.]

আপনি ছেলেপিলে নিয়ে দাঁড়িয়ে থাকলে আপনাকে নেবে না, এমনকি অসুস্থ রোগী বিপদে পড়েছে তাকেও নিয়ে যাবে না, এইরকম ঘটনা চলেছে। আমি সেজন্য ওদের সম্বন্ধে সরকারকে অবহিত কবছি যে সরকাব যেন এদিকে দৃষ্টি দেন। মিটার সম্বন্ধে একটা কথা বলতে চাই যে আমাদের যে—

Motor Vehicles Department

আছে সেখানকার কয়েকজন বড় বড় কর্মচারীর কিছু প্রিয়পাত্র লোক ৪৷৷শো টাকার মিটারকে ৮৷৷শো টাকা দাম বলে চালিয়ে দিচ্ছে, এগুলি বন্ধ করে দিতে হবে। তারপর আমি ট্যাক্সি এ্যাসোসিয়েশানের সঙ্গে পরামর্শ করেছিলাম, তারা বলেছে যে ভাড়া বাড়াতে হবে। সব জায়গায় যখন ভাড়া বেড়েছে—বাসে বেড়েছে, ট্রামে বেড়েছে, ট্রেনে বেড়েছে, এরোপ্লেনে বেড়েছে, তখন ট্যাক্সিতে বাড়বেনা কেন? নিশ্চয়ই কিছু বাড়ান দরকার। সেজন্য আমি বলছি যে এদিকে সরকাবের দৃষ্টি দেওয়া উচিত। স্যার, আর একটা কথা আমি বলব, ঐ বেঞ্চের যিনি নেতা, নাম বলতে চাইনা, তিনি মুসলিম প্রীতি দেখালেন, মুসলমানের জন্য কুম্ভীরাশ্রু বিসর্জন করলেন। কুমীর যেমন মাছ দেখলে চোখের জল ফেলে ঠিক তেমনি পাকিস্তান সৃষ্টি করার মূল হচ্ছে ঐ কমিউনিষ্ট পার্টি। পাকিস্তানের জিগির কে দিয়েছিল? কমিউনিষ্ট পার্টি জিগিব দিয়েছিল। কিন্তু জিজ্ঞাসা করি ওদের ফাদার ল্যাণ্ড মস্কোতে কোন মুসলমানকে বড বড চাকরী দেওয়া হয়েছে, মন্ত্রী করা হয়েছে একটা নজীর ওবা দেখাতে পাববেনা? একটাও নজীর নেই। সেখানে যদি কোন মুসলমান বলে যে, আমি মসজিদে গিয়ে নামাজ পডব তাহলে তার গর্দান নেওয়া হয়। ধর্ম যাদের নেই, যারা বিধর্মী, তাবা কেন ধর্মের জিগির দিয়ে আজকে হাউসের সামনে বাহবা নেবার চেষ্টা করছেন? বিধর্মীব মুখে একথা কেন সেটা ভাবতে হবে। আমরা জানি কেরালায় তারা কি করেছিলেন। এই বিধর্মীব দল কেরালায় মুসলিম প্রীতি দেখাবার চেষ্টা করেছিলেন কিন্তু মুসলমানরা জানেন যে এরা বেইমান, তাঁরা জানেন, এদের কি ইতিহাস। এই বেইমানের দলকে তাঁরা উপযুক্ত জবাব কেরালাতে দিয়েছে এবং অনেক সংখ্যক ভোট পেয়ে তাঁবা আজকে কেরালায় স্পীকারের আসন অলঙ্কৃত করে বসে আছেন। কিন্তু মস্কোব পার্লামেণ্টে বা কোন এ্যাসেম্বলীতে কোন মুসলমান স্পাকারের আসন অলঙ্কৃত কবে নাই। সেখানে মুসলমানদের নাম দিলে গলা কেটে দেওয়া হয়। মস্কোর অধীনে বহু মুসলমান আছে কিন্তু তারা মুসলমান হিসাবে পরিচয় দিতে পারে না। কিন্তু আমাদের এই কংগ্রেস সরকারের কাছে যেমন হিন্দু, তেমনি মুসলমান, তেমনি বৌদ্ধ, তেমনি খৃষ্টান। ভারতবর্ষ দল এবং জাতি নির্বিশেষে গঠিত হয়েছে। ভারতবর্ষ হচ্ছে সেকুলার ষ্টেট। এই সেকুলাব ষ্টেটে ব্যক্তিগতভাবে যদি কোন মুসলমানের উপর অবিচার হয়ে থাকে এবং সেটা যদি মন্ত্রী মহাশয়ের গোচরে আনা হয় তাহলে নিশ্চয়ই তার প্রতিবিধান হবে। এবং দরকার হলে এই হাউসের সামনে সেরকম পার্টিকুলার কেস যদি কেউ রাখেন তাহলে নিশ্চয়ই আমরাও তার প্রতিবিধান করার চেষ্টা করব। আল্লার নামে জিগির ওদের মুখে শোভা পায়না। যারা বিধর্মী তাদের মুখে আল্লার নাম কলংকের কথা। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Jatindra Chandra Chakravorty :

মাননীয় স্পীকার মহাশয়, গদীতে বসবার পর থেকে বিধানসভায় বিরোধীদলের সদস্য বা কংগ্রেস পক্ষীয় সদস্য সমস্ত তথ্য দিয়ে যা'ই অভিযোগ করুননা কেন মন্ত্রীরা সরাসরি সেগুলি অস্বীকার করে এসেছেন যার ফলে অফিসারদের বিরুদ্ধে সদস্যদের যেসমস্ত অভিযোগ আছে তার প্রতি কিছুমাত্র সংশ্লিষ্ট অফিসারবা গুরুত্ব দেননা। তারপরে কথা হচ্ছে এইমাত্র নেপালবাবু বল্লেন যে দেশের গরু এবং মহিষ আমাদের সম্পদ এবং সেদিকে তিনি নজর দিতে বলেছেন। নেপালবাবুও আমাদের দেশের একটা সম্পদ। পাব্লিক হেলথে টেণ্ডার সংক্রান্ত ব্যাপারে মুখ্যমন্ত্রী যে ফাইল তলব করেছেন তাতে আমাদের এই সম্পদ মনে করছেন যে উনি সেদিন গরম গরম বক্তৃতা দিয়ে যেসমস্ত অভিযোগ করেছিলেন তারফলেই বোধ হয় আমাদের মুখ্যমন্ত্রী সমস্ত ফাইল তলব করেছেন। আমি শুনেছি অবশ্য একথা সত্য কিনা জানিনা যে, সেখানে মুখ্যমন্ত্রীর স্বার্থ আছে তাঁর যে গ্লুকোনেট কোম্পানী সেখানে তাদের গ্লুকোজের টেণ্ডার এ্যাকসেপটেড হয়নি যারজন্য তিনি আজকে সমস্ত টেণ্ডারগুলি আনিয়ে নিচ্ছেন। স্যার, এ্যান্টিকরাপশান ডিপার্টমেণ্ট সম্বন্ধে মুখ্যমন্ত্রী অনেক কথা বলেছেন আমি এ সম্বন্ধে ২।১টা কথা বলতে চাই। এই এ্যান্টি করাপশন ডিপার্টমেণ্টের অধীনে দুটো এনফোর্সমেণ্ট ডিভিশন আছে ক্যালকাটা এবং ওয়েষ্ট বেঙ্গল। স্পেশাল অফিসার, এ্যান্টিকরাপশন ডিপার্টমেণ্টে যিনি উনিই আবার এক্সঅফিসিও সেক্রেটারী, হোম ডিপার্টমেণ্ট। তিনি ডাইরেক্টলি আণ্ডার দি চীফ মিনিষ্টার এ্যাণ্ড চীফ সেক্রেটারী। কিন্তু স্যার, তিনটা বস্ এই ডিপার্টমেণ্টে—স্পেশাল অফিসার, পুলিশ কমিশনার এবং আই. জি. অফ পুলিশ যারফলে কোন গুরুত্বপুর্ণ কাজ এরা করে উঠতে পারছেন না। গত পাঁচ বছরে আমি জানতে চাই কয়েকটা কেরানী, পিওন, পেয়াদাকে ধরা ছাড়া কটা বড় কেস এঁরা করেছেন। ভারতবর্ষের অন্য কোন রাজ্যে এইরকম তিন মালিকী বস্ কোন এ্যান্টিকরাপশন ডিপার্টমেণ্টে আছে বলে আমার জানা নাই। ইণ্ডিয়া গভর্ণমেণ্টের যিনি ডিরেক্টর জেনারেল অব এনফোর্সমেণ্ট তিনি একজন পুলিশ অফিসার কিন্তু ওয়েষ্ট বেঙ্গলে যিনি এ্যান্টিকরাপশনের হেড হয়েছেন তিনি হচ্ছেন একজন আই. সি. এস. অফিসার—তিনি ভাল এ্যাডমিনিষ্ট্রেটর হয়ত হতে পারেন কিন্তু তিনি কোন জায়গায় ইনভিষ্টিগেটিং অফিসার বলে গৃহীত হননা। ল অব এভিডেন্স কিম্বা প্রসিডিওর অব ইনভেষ্টিগেশন সম্পর্কে এঁদের কোন জ্ঞান নেই যারফলে কোন বড় মামলা এঁদের হাতে এ পর্য্যন্ত আসেনি। স্যার, সেণ্ট্রাল গভর্ণমেণ্টের এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ মুন্দ্রা, ডালমিয়া, এস. পি. জৈনের মত রাঘব বোয়ালের মামলা করেছেন অথচ এঁদের ব্যবসার যে প্রধান কর্মকেন্দ্র হচ্ছে কলকাতা, এখানকার এ্যান্টিকরাপশন ডিপার্টমেণ্ট একটা কেসও এঁদের ধরতে পারেননি। স্যার, এঁদের পেছনে আই. সি. এস. বসিয়ে রেখেছেন। আমি সেদিন বলেছিলাম যে আই. সি এস. ক্লিক আছে এবং এই আই. সি. এস-রা এঁদের বিশ্বাসভাজন—এঁরা ইনভেষ্টিগেশন শুরু করেন এবং যাঁর বিরুদ্ধে তদন্ত হচ্ছে তাকে জানান। তারপর প্রয়োজন মত ব্ল্যাকমেলিং করে কেস চাপা দিয়ে দেন। আমি কয়েকটা উদাহরণ দিচ্ছি—এ্যাসিষ্ট্যাণ্ট কমিশনার অব পোর্ট পুলিশ শ্রীশৈলেন বোস এ্যান্টিকরাপশন এঁকে হাতেনাতে ধরেছেন এবং ধরার পর এঁকে সাসপেণ্ড করে রাখা হয়েছে। সেই কেস এখনও পর্য্যন্ত শেষ হল না, বহুদিন ধরে পড়ে আছে। দু-নম্বর—সেদিন আমি এ্যাসিষ্ট্যাণ্ট কমিশনার শ্রীসুধীর মজুমদারের কথা বলেছিলাম। এ্যান্টিকরাপশন ডিপার্টমেণ্ট তাঁর বিরুদ্ধে কমপ্লেন করেছেন দেড় বছর হয়েছে তাঁরা সাসপেনশন রেকমেণ্ড করেছিলেন কিন্তু কালিপদ-

বাবু রাজী হননি এবং তিনি বহাল তবিয়তে কাজ করে যাচ্ছেন, এমনই এ্যাডমিনি-ষ্ট্রেশন। সেই কেস এখনও পর্য্যন্ত শেষ হল না। তিন নম্বর—কল্যাণী সিউয়ারেজে বিরাট ব্রড হয়েছে এবং তার জন্য যিনি দায়ী চীফ ইঞ্জিনীয়ার অব পাব্লিক হেলথ ডিপার্টমেণ্ট শ্রীপি· সি. সেন। তাঁকে রিটায়ারমেণ্টের পরে স্পেশাল অফিসার করা হয়েছে চীফ ইঞ্জিনীয়ারের ষ্টাটাস দিয়ে এবং এর এনকোয়ারী শেষ হবে না যতক্ষণ পর্য্যন্ত ডাঃ রায় পেছনে থাকবেন। শ্রীঅমল চ্যাটার্জি, এখন তিনি ডাইরেক্টর অব রিহ্যাবিলিটেশন যখন তিনি এ. আর. সি. পি ছিলেন ফুড-ডিপার্টমেণ্টে তখন ৫০ হাজার টাকা ডিফলকেশনের অভিযোগ করা হয়েছে তাঁর বিরুদ্ধে, ডিটেকটিভ ডিপার্টমেণ্ট এনকোয়ারী করে ফেলেছিলেন কিন্তু তখন পুলিশ কমিশনার ছিলেন ঘোষ চৌধুরী মহাশয়, তিনি কেস চাপা দিয়ে দিয়েছেন কারণ শ্রীঅমল চ্যাটার্জি শ্রীহরিসাধন ঘোষ চৌধুরীর নুতন প্রতিবেশী কিনা।

[5-10—5-30 p.m.]

এঁরা সব আই. সি. এস. ক্লিকএর লোক। ডাঃ রায় যদিও আই· সি. এস. দের সাপোর্ট করে থাকেন। কিন্তু যখন তাঁদের নিজেদের স্বার্থে আঘাৎ লাগে তখন ডাঃ রায়কে পরোয়া করেননা, তাঁর অর্ডার মানেননা। সেদিন মাননীয় সদস্য সোমনাথ লাহিড়ী মহাশয় এলউইন বিসওয়াসএর কেস সম্বন্ধে এলিগেশন করেছিলেন—ডাঃ রায় নিজে তার ফাইল অর্ডার লিখে দিয়েছেন গত বছরের আগের বছর, কিন্তু আজও সেটা ক্যারিড আউট হয়নি। আমি চ্যালেঞ্জ করে বলছি তাঁর সেই ফাইলএর উপর অর্ডার আই. সি· এস. ক্লিকএর জন্য, তাঁরা ক্যারিড আউট হতে দেননি। একজন অফিসিয়েটিং

Sub-Inspector Karnani flat

এ থাকেন বহু টাকা খরচ করে। তাঁকে এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ থেকে ক্যালকাটা পুলিশী ডাঃ রায় ট্রান্সফার করবার জন্য অর্ডার দিয়েছিলেন' তাও আজ পর্য্যন্ত মানা হল না। মধু কোথায়? মধু খায় কারা খবর নিয়েছি। মহিউদ্দিনএর কেসে এণ্টিকরাপশন ডিপার্টমেণ্ট এর ৪০ পাতা রিপোর্টের মধ্যে ৩০ পাতা শ্রীসুকুমার মল্লিক, আই, সি, এস, এর তার নামে উচ্চবাচ্য নেই কেন? আই. সি. এস· ক্লিক্ বলে।

ইভান সুরিটা সম্পর্কে বহু কথা আছে। তাকে ডাবল প্রমোশন দিয়ে ডিভিশনাল কমি-শনার করা হল। উনিও ঐ আই, সি, এস, ক্লিকএর লোক। হাওড়ার

District Magistrate B. L. Mondal,

যিনি বে-আইনীভাবে কাজ করে বেবী ট্যাক্সি দিয়েছিলেন। তার বিরুদ্ধে রিপোর্ট থাকা সত্বেও কিছু হলনা। এখন তিনি বহাল তবিয়তে ওয়েষ্ট দিনাজপুরএ ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট হয়ে আছেন। ইনিও ঐ আই· সি. এস· ক্লিকএর লোক। ধরা পড়ল কেবল মহিউদ্দিন, তাঁর বিরুদ্ধে যে রিপোর্ট আছে, সে সম্বন্ধে যদি এ্যাকশন না নেওয়া হয়, তাহলে আমার কাছে আরও বহু রিপোর্ট আছে, প্রয়োজন হলে সেগুলি উপন্যাসের মত এখানে আমি পড়ে শোনাবো।

সেদিন হংসধ্বজ ধারা মহাশয় বর্ত্তমান আই. জি.কে সমর্থন করে অনেকগুলি কথা বলে গিয়েছেন, এবং আমাকে একটু ঠেস্ দিয়ে বলেছেন। আমি শ্রীধারা মহাশয় সম্পর্কে বলতে চাই এ্যাণ্টিকরাপশন ডিপার্টমেণ্ট ২৪ পরগণা স্কুল বোর্ডের টাকা সম্পর্কে যে রিপোর্ট বা

খব বটা দিয়েছেন, তার ভিত্তিতে তাঁর জেল বা সাজা হতে পারত। এ সম্বন্ধে কেবিনেটএ দু-তিনবার আলোচনা হয়েছে, কিন্তু কেসের কিছুই হল না। একজন কেবিনেটএর মাননীয় সদস্য সেই রিপোর্টটা নিয়ে এ্যাসেম্বলীর ভিতর ঘুরে বেড়াচ্ছেন কার হাতে দেওয়া যায়। স্যার, মহিলা যদি হয় তাহলে আমরা দেখতে পাই তার প্রতি কতরকম পক্ষপাতিত্ব করা হয়। আমি একটি কেসের কথা বলবো—রিফিউজী রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টের টেম্পোরারী ডিপার্টমেন্টে তিনি কাজ করছেন, তাঁর নাম হচ্ছে শ্রীমতি প্রতিমা বোস। তাঁকে ফেলোশিপ দিয়ে বিদেশে পাঠাবার চেষ্টা হচ্ছে। কিন্তু নিয়ম আছে কোন টেম্পোরারী ডিপার্টমেন্টের লোককে বাইরে পাঠান যায় না ; আর কোন পার্মানেন্ট ডিপার্টমেন্ট তিন বছর না থাকলে তাকে বাইরে পাঠান হয় না। শ্রীকালীকান্ত মিত্র মহাশয়, আজকে তাঁর বয়স হয়েছে, তাঁর নামের যে আছে সেখানে ঘাটে যাবার সময় হয়ে এসেছে, তিনি উঠেপড়ে লেগেছেন এই মহিলাটিকে বিদেশে পাঠাবার জন্য, অথচ

Finance Department strongly object

করেছেন এর বিরুদ্ধে। তাঁরা অবজেক্ট করা সত্ত্বেও শুনতে পাচ্ছি—ঐ কালীকান্ত মিত্র মহাশয় এবং একজন বিশিষ্ট মন্ত্রী তাঁকে বাইরে পাঠাবার জন্য চেষ্টা করছেন।

আবার এই জেনারেল এ্যাডমিনিস্ট্রেশনএ দলাদলির ভাব দেখা যায়। একথা সকলে জানেন কিনা জানি না—এই সুখী ক্যাবিনেটের সুখী পরিবার ডাঃ রায় লোক রেখেছেন শ্রীপ্রফুল্ল সেন কে শ্রীবিমল সিংহের উপর নজর রাখতে, আবার প্রফুল্ল সেন লোক রেখেছেন ডাঃ রায়ের উপর নজর রাখতে। সেই জন্যই আজকে এই হচ্ছে টোন্ অব এ্যাডমিনিস্ট্রেশন এই জেনারেল এ্যাড-মিনিস্ট্রেশন এর বিরুদ্ধে। এই টোনের জন্যই আমি কাট মোশান দিয়েছি।

[At this stage the House was adjourned for 15 minutes]

[*After adjournment.*]

[5-30—5-40 p.m.]

Teachers' Deputation

Shri Jyoti Basu :

স্পীকার মহাশয়, আমি একটা জিনিষের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। প্রাথমিক শিক্ষকেরা টিচার্স-রা এসেছেন—শিক্ষামন্ত্রী মহাশয়ত নেই, অজয়বাবু আছেন তিনি যদি কিছু বলবেন—এরা মাইনে পাননা, ছুটির ব্যাপার আছে, ১০০ টাকা মিনিমাম মাইনে যাতে দেওয়া হয় সেসব নিয়ে, একটা স্মারকলিপি নিয়ে তাঁরা এসেছেন। আমি এটা বললাম। অজয়বাবু কি কিছু বলবেন ?

Mr. Speaker : He will convey this information.

Officers sitting in the enclosure

Dr. Maitreyee Basu :

স্যার আমি একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই এসেম্বলী হাউসের মধ্যে অনেক সময় দেখা যায় দাঁড়িয়ে দাঁড়িয়ে গল্প করছেন এবং এখানকার অনেক মেম্বারও কেউ কেউ দাঁড়িয়ে দাঁড়িয়ে কর্মচারীদের সঙ্গে ঐ এনক্লোজার-এর মধ্যে যারা আছেন

তাদের সঙ্গে গল্প করছেন এবং এনক্লোজার-এর মধ্যেও তারা দাঁড়িয়ে দাঁড়িয়ে গল্প করছেন এবং আবার এঁকে ওঁকে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিচ্ছেন ;—এটা হওয়া উচিত নয়।

Personal Explanation :

Shri Hansadhwaj Dhara :

On a point of personal explanation, Sir,

আমি এখানে ছিলাম না—যতীন চক্রবর্ত্তী মহাশয় আমার কথা নাকি এখানে বলেছিলেন, আমি শুনেছি, গত দিনেও তিনি বোধ হয় হেমন্তবাবুর মাধ্যমে বলেছিলেন—সেদিন আমি কনট্রাডিক্ট করেছিলাম কারণ—

The matter refers to School Board.

আবার আমি কনট্রাডিক্ট করছি যে—

It is baseless and untrue.

DEMAND FOR GRANT

Major Head : 25—General Administration

Shri Subodh Banerjee :

স্পীকার মহাশয়, সর্ব্বপ্রথমে আমি বিধানসভা এবং বিধান পরিষদের কর্মচারীদের নিয়ে কিছু বলবো, তারপর অন্য ঘটনা বলবো। মিঃ স্পীকার স্যার, আমার যতটা অভিজ্ঞতা আছে তাতে এটুকু বলতে পারি যে—আমাদের এই এসেম্বলী ষ্টাফ ইনকরাপটিবল্ এবং অত্যন্ত এফিসিয়েণ্ট। গত স্পীকার যিনি ছিলেন শ্রীশঙ্করদাস ব্যানার্জি তিনি ষ্টাফ সম্বন্ধে অত্যন্ত ডিস-পারেজিং রিমার্ক করেছিলেন, তিনি বলেছিলেন এখানে অত্যন্ত করাপশন আছে, সেটা অন্য জায়গায় নয়, চিফ্ মিনিষ্টার-এর চেম্বার-এ এই মন্তব্য করেছিলেন। সে জায়গায় আমি বলতে বাধ্য হয়েছিলাম বলতে যে—আমার নিজের যে ব্যক্তিগত অভিজ্ঞতা নীচের তলাতে যা দেখছি সেটা সত্য নয়, আমাদের ষ্টাফ্ এফিসিয়েণ্ট, করাপ্ট্ নয়, সেই জায়গায় যদি করাপশন আসে বা আসার সম্ভাবনা দেখা দেয় তাহলে গোড়াতেই তা চেক করা উচিত বলে মনে করি। আমাদের এই হাউসের অধীনে যেসমস্ত কর্মচারী আছে, এই এসেম্বলীর অধীনে যা রয়েছে তাদের উপর অবিচার হবে এবং সে অবিচারের প্রতিকার হবেনা এবং তা আলোচনা পর্য্যন্ত হবেনা এ জিনিষ ঘটতে দেওয়া উচিত নয়। কয়েকটি জিনিষ আমার চোখে এসেছে যে জিনিষগুলি প্রাইভেটলি বলেছি—

With the Speaker and Officers,

কোন ফল হয়নি, বাধ্য হয়ে হাউসের সামনে প্রকাশ করছি, বলতে বাধ্য হচ্ছি। ধরুণ আমাদের যারা ওয়াচ এণ্ড ওয়ার্ড-এ কাজ করে, ১৩ বছর কাজ করছে, তারা সমস্ত টেম্পোরারী। আমি জিজ্ঞাসা করি—আপনি কি মনে করেন ওয়াচ এণ্ড ওয়ার্ড ডিপার্টমেণ্ট উঠে যাবে ? যদি

Assembly Watch and Ward Department

রাখতে হয়,

Assembly Watch and Ward Section

রাখতে হয়, তাহলে টেম্পোরারী বলে ১৩ বছর ঝুলিয়ে রাখার কি প্রয়োজন আছে ?

টেম্পোরারী কাদের রাখা হয় ? যেখানে কাজের স্থিরতা নাই,—যে বিভাগ উঠে যাবে, সেখানে টেম্পোরারী রাখা যেতে পারে। আমাদের এসেম্বলীতো আর তা নয়। এখানে এদের কেস ঝুলে আছে।

দ্বিতীয় হচ্ছে—চাপরাশী, দারোয়ান। এদের কথাও ঠিক ঐ রকমের। এরাও ঝুলছে। মাইনা প্রভৃতি যা—তাতো আপনার জানা আছে। এরা খাটে কিরকম—তাও আপনি জানেন। সকাল আটটায় এসেছে সে ডিউটি দিতে—রাত্রি আট, সাড়ে আটটা পর্য্যন্ত। আবার এক একদিন করেছে রাত সাড়ে এগারটা পর্য্যন্ত। কিরকম সার্ভিস তারা দিচ্ছে। কি পায় ? ছয় আনার পয়সা ভাতা পাচ্ছে। এটা কমেনসুরেট হওয়া দরকার। এদের পে রিভিশন করা দরকার। তা হচ্ছেনা। পার্মানেণ্টও হচ্ছে না।

তৃতীয় হচ্ছে—রিপোর্টার্স স্টেনোগ্রাফার্স—তারা হোম ডিপার্টমেণ্ট-এর অধীন। হোম ডেপার্টমেণ্ট তাঁদের ছাড়বেন, তবে আসবেন। হোম ডেপার্টমেণ্ট না ছাড়লে—এসেম্বলীর কাজ সাফার করবে। এসেম্বলী সেক্রেটারী জোর করতে পারবেন না—। তাঁরা হোম ডিপার্টমেণ্ট-এর লোক। হোম ডেপার্টমেণ্ট-এ চলে যাবেন। বাংলা স্ক্রিপট্ আমরা বক্তৃতা দেবার কতদিন পরে পাই ? আর ইংরেজী বক্তৃতার দিকে তাকিয়ে দেখুন, বক্তৃতার একদিন পরেই পাই। কারণ ইংরেজীর নিজস্ব রিপোর্টার আমাদের আছে। বাংলায় তা নাই। আপনারা যেখানে বাংলাকে মিডিয়াম বা এক্সপ্রেশন করতে যাচ্ছেন, সেখানে বাংলার একটা নিজস্ব রিপোর্টার আপনাদের থাকবে না ? এ কোন জিনিষ ? হোম ডিপার্টমেণ্ট থেকে—পুলিশ ডিপার্টমেণ্ট থেকে—ধার করে আনতে হবে ? ঐ জায়গায় তাঁদের বসিয়ে না রেখে—প্রপার ইউটিলাইজেশন করুন। তা না করে কি হিউম্যান এনার্জি ওয়েষ্ট করবেন ? সরাসরি তাঁদের এই ডিপার্টমেণ্ট-এর অধীনে নিয়ে আসুন। নিয়ে এসে তাঁদের এই ডিপার্টমেণ্ট-এ কনফার্ম করে দেন। এখানে আমাদের নিজস্ব ষ্টাফ্ হওয়া দরকার তাঁদের।

চতুর্থ—আর একটা গুরুত্বপুর্ণ ব্যাপার আমি বলছি। হাউসে ১৬ জন ষ্টাফ্—এসেম্বলী এ্যাসিষ্ট্যাণ্টস্ নূতনভাবে রিক্রুটমেণ্ট হতে যাচ্ছে—আমি শুনছি। কাউন্সিল-এর হোক বা এসেম্বলী-র হোক—তা জানিনা—রি-অর্গানাইজেশন হতে যাচ্ছে। যে জায়গায় লোক নেওয়া হতে যাচ্ছে, এরমধ্যে কিছু লোয়ার সাবরডিনেট এল. ডি.-র, ইউ. ডি.-র পোষ্টে এ্যাপয়েণ্টমেণ্ট হতে যাচ্ছে। আপনি জানেন—আল্টিমেটলি একটা রি-অরগানাইজেশন হতে যাচ্ছে। এরা পার্মানেণ্ট হয়ে যাবে। যদি আপনারা বাইরে থেকে লোক এনে ইউ. ডি. এ্যাসিষ্ট্যাণ্টস্ হিসেবে বসিয়ে দেন, তাহলে আমাদের যাঁরা এখানে ১৯৩৬ সাল থেকে কাজ করে আসছেন, তাঁদের প্রোমোশন বন্ধ হয়ে যাবে। ইউ. ডি. পোষ্টতো বেশী থাকে না। যদি বাইরে থেকে লোক এনে বসিয়ে দেন, তবে নীচে যাঁরা রয়েছেন—যাঁরা প্রোমোশন-এর প্রত্যাশা করেন, সেটা বন্ধ হয়ে যাচ্ছে। এই জিনিষটা হওয়া উচিত নয়।

মাননীয় স্পীকার মহাশয়, আপনাকে একটা জিনিষ স্মরণ করিয়ে দেই, অবশ্য সেটা আমার কানে এসেছে, ব্যক্তিগতভাবে সুবোধ ব্যানার্জীর কিছু নাই, এতে হাউসের একটা ডিসক্রেডিট হয়ে যাবে, ডিসরিপুট হয়ে যাবে—এইটা আমি ফিল্ করি। আমি জানি এখান থেকে তিনটী ষ্টাফ সরিয়ে দেওয়া হয়েছে এবং তার প্রাউও এই যে তাঁরা পাবলিক সার্ভিস কমিশনের থ্রু দিয়ে আসেনি। নাহলে তোমরা পাবলিক সার্ভিস কমিশনে পাঠাও নাই। এটা ঠিক হতো কি হতোনা—জানিনা। তাদের রেগুলারাইজড করা হয় নাই। দি ফ্যাক্ট ইজ দিস —

তিনজন লোক এখান থেকে চলে যায়—ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্টে মেম্বার, বোর্ড অফ্ রিভিনিউ-এর অধীনে তাঁরা এখন কাজ করছেন। এঁদের যে গ্রাউণ্ড দেখিয়ে সরিয়ে দিলেন, সেই গ্রাউণ্ড-এ এখন আপনারা ১৬ জন লোক নিতে যাচ্ছেন। আপনি কি মনে করেন এই—

Discrimination will go unchellanged ?

এই ধরণের জিনিষ—যে গ্রাউণ্ড-এ লোক একবার সরিয়ে দেওয়া হলো, সেই গ্রাউণ্ড নেগলেক্ট করে আবার ১৬ জন লোক নিয়ে আসছেন।

The matter will go to the Law Court.

এটা আমার কানে এসেছে। এই এসেম্বলী-র ব্যাপার ল কোর্ট-এ টানাটানি হোক—অফিস ডিজক্রেডিটেড হোক, স্পীকার ডিজক্রেডিটেড হোব—এটা আমরা চাই না। ত্ল্ দিজ্ থিঙ্স্—এর প্রতি পারটিকুলার এ্যাটেনশন আজ লেজিজলেটরস দেওয়ার দরকার আছে বলে আমি মনে করি।

[5-40—5-50 p.m.]

আর আলোর নীচেই অন্ধকার বেশী, সেখানে আইন হচ্ছে সেই লেজিজলেটিভ এ্যাসেম্বলী-র কর্মচারীদের যদি অসুবিধা থাকে তাহলে তা দূর হওয়া দরকার বলে আমি মনে করি। স্পীকার মহোদয়, মুখ্যমন্ত্রী মহাশয় এখানে কমিটি করেছেন যে এই ব্যাপারে আপনার হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। যদিও আমি জানি দেওয়া হয়নি, এইরকম কোন সার্কুলার দেওয়া হয়েছে বলে আমার জানা নেই, তবুও যখন মুখ্যমন্ত্রী মহাশয় কমিটি করেছেন তখন আমাদের এখানকার ষ্টাফ্-রা যাতে ম্যাক্সিমাম এ্যামেনিটিস পেতে পারে ন্যায়সঙ্গতভাবে এবং আমাদের—

Appendage Writers' Building

এর সঙ্গে না থাকে তার চেষ্টা আপনি করবেন।

Shri Sunil Das : Sir Remington Rand

এর ১৮ শত লোক ধর্মঘট করে এখানে এসেছেন লেবার মিনিষ্টার-এর কাছে ডেপুটেশান দিবেন, লেবার মিনিষ্টারকে আপনি যদি দয়া করে বলে দেন তাদের সঙ্গেমিটিং করতে, তাহলে ভাল হয়।

Shri Monoranjan Haza :

মাননীয় স্পীকার মহোদয়, সাধারণ প্রশাসনিক খাতের ব্যয় বরাদ্দ আলোচনা করতে গিয়ে সর্ব্ব প্রথম বিরোধী দলের নেতা মাননীয় জ্যোতি বসু মহাশয় এখানে যে কথা বলেছেন আমি সেই সুত্র টেনেই আলোচনা করতে চাই। অর্থাৎ করাপশন যখন রয়েছে তখন সেই করাপশন তাড়ান হোক। প্রথমতঃ এই হাউসের সামনে সমস্ত তথ্য উপস্থিত করা হোক এবং তার তদন্ত করা হোক, এই করে করাপশন দুর করা হোক। এখানে কিভাবে করাপশন হয় আমি তার কতকগুলি তথ্য দিয়ে, আপনার মাধ্যমে মন্ত্রী সভাকে বুঝিয়ে দিতে চাই। নদীয়ার একটা ঘটনা বলছি। সেখানকার একজন উদ্দীয়মান ব্যক্তি, সেই ভদ্রলোক সরকারের রিলিফের প্রচুর জিনিষপত্র এবং রেড ক্রসের প্রচুর জিনিষপত্র আত্মসাৎ করেছেন। ভদ্রলোকের কিছু কিছু এজেন্সী আছে, ফিকটিসাস লোকের নাম দিয়ে তাদের মাধ্যমে তিনি

মিল্ক পাউডার, গম, ময়দা ইত্যাদি বিক্রি করেছেন। বলাই বহুল্য এইসব জিনিষপত্র গরীব লোকদের মধ্যে বিতরণ করার জন্য সরকার থেকে দেওয়া হয়েছিল। এই জেলায় কোন এক জায়গায় সেখানে একটা বেসিক ট্রেনিং কলেজ হয়েছে, সেখানকার একজিকিউটিভ ইঞ্জিনীয়ারের সঙ্গে যোগসাজস করে ২ লক্ষ টাকার টেণ্ডার দেওয়া হয়েছিল এবং সেখানকার চীফ ইঞ্জিনীয়ার সেটা মঞ্জুর করেছিলেন। সেখানে বলে দেওয়া হয়েছিল ফাষ্ট ক্লাস ইট হওয়া দরকার, মপ্রা স্যাণ্ড এবং ভাল সিমেণ্ট হওয়া দরকার। কিন্তু সেখানে দেখা যাবে যে সে সবের বালাই নেই। বাঁকা ইট পিট-স্যাণ্ড ব্যবহার করা হয়েছে। এবং সেখানে যাকে কণ্ট্রাক্ট দেওয়া হয়েছে, একজন মাননীয় সদস্যের স্ত্রী সেই ফার্মের অন্যতম অংশীদার। এবং আমি বলবো যে আপনি যদি দেখবার জন্য লোক পাঠান তাহলে দেখতে পাবেন, যে ইট ব্যবহার করা হয়েছে তার যে ইট খোলা, সেগুলি পাঁজা ইট। এবং এই ভদ্রলোক যার কথা আমি বলছি তিনি হচ্ছেন বিজয় লাল চ্যাটার্জ্জী, এই হাউসের সদস্য। তারপর এই ভদ্রলোক ইতিমধ্যেই সুনাম অর্জ্জন করেছেন। কৃষ্ণনগর হাসপাতালের কাছে একটা বাড়ী তৈরী করেছেন তার ভায়ের নামে। এবং তিনি

P.W.D. Railway cement carrying charge

এ ছিলেন, সেখান থেকে প্রচুর এই সব জিনিষ সবান হয়েছে। এইগুলি তদন্ত করা হোক্।

তারপর আর একটা কথা বলছি ক্যানিং মৌজা, খাগড়া গ্রামে সেখানে নোনাজলের ছেঁদা বন্ধ করার জন্য আমাদের এখানকার এম. এল. এ. খগেন নস্কর টি, আর, ওয়ার্কের মাধ্যমে এই বাঁধ বাঁধেন কিন্তু এমনভাবে কাজ হয় যার ফলে সেই বাঁধগুলির অধিকাংশই দিলেন নষ্ট করে।

[5-50—6. p.m.]

এতে মাননীয় সদস্য ৩০০ টাকা পেয়েছেন বলে শোনা যাচ্ছে। এখানে একটু আগে হংসধ্বজ বাবু পার্সোনাল এক্সপ্লানেশান দিয়েছেন। যাই হোক, আমি বলছি ব্যাপারটার তদন্ত হোক। এটা ২০০০ টাকার কম নয়—স্কুল পরিদর্শন না করেই। এবং তদন্ত হোক এটাই আমি দাবি করি। অনেক জায়গায় জমিদখল করা হচ্ছে উন্নয়ন কাজের জন্য, কিন্তু দেখা যাচ্ছে যে কোন কোন ক্ষেত্রে ৯০০। ১০০০ টাকা দেওয়া হচ্ছে যেখানে সাধারণ মানুষকে দেওয়া হচ্ছে ৫।৬ শত টাকা। এইরকম অবস্থার স্বষ্টি করা হচ্ছে, এবং সেটেলমেণ্ট বিভাগ গিয়ে রাতারাতি জমির পরিচয় বদলে দিয়ে দোফলা জমি ও সরোস জমি বলে লিখছে, এবং এখানকার মাননীয় সদস্য আনন্দগোপাল মুখার্জির ১০০ বিঘা জমি—বড় ল্যাণ্ড তাকে সরোস ও দোফলা বলে লেখান হয়েছে এবং ৯০০।১০০০।১২০০ টাকা করে দেওয়া হচ্ছে। এগুলিকে তদন্ত করা আবশ্যক বলে আমি মনে করি। তারপর একটা ইনডো-সুইজ কোম্পানী তারা এখানে সিপিং বিজনেস্ করত এখন কনট্রাক্ ওয়ার্ক করছে। তারা ১৯৫৬ সালে কুচবিহারে কাজ করে, বর্ত্তমানে কৃষ্ণনগরে কাজ করছে, একটা ৫০০ বেডেড্ হস্পিটাল সেখানে তৈরী করছে। আশ্চর্য্যের বিষয়, এই কোম্পানীর কাছ থেকে কোনরকম সিকিউরিটি ডিপোজিট চাওয়া হয়নি—এবং তারা যেরকম মাল দিয়ে কাজ করবার কথা ছিল তারচেয়ে অনেক ব্যাড্ কোয়ালিটি মাল দেওয়া হচ্ছে এবং ধরা পরার পরে সেগুলি বদলান হচ্ছেনা। পরে দেখা গেল এদের যিনি পৃষ্ঠপোষকতা করেন তিনি হচ্ছেন ওয়ার্কার্স এণ্ড বিল্ডিং ডিপার্টমেণ্ট এবং মন্ত্রীমহাশয় এবং এই কোম্পানী হচ্ছে তার ভাইদের। আমি এখানে তার একটি ঘটনার কথা বলি সান এণ্ড

কোম্পানীর আসানসোলের ওয়ান পি, সেন, খগেনবাবুর ভাগনে হবেন বোধ হয় তিনি সেখানে যা করছেন অত্যন্ত খারাপ—তাঁর সঙ্গে এক্‌জিকিউটিভ ইঞ্জিনীয়ারের খটমট লাগে এবং তিনি তাঁকে ওয়ার্নিং দেন। খগেনবাবু নিজে সেখানে দৌড়ালেন এবং মধ্যস্থতা করে ব্যাপারটা মিটিয়ে দিলেন। সবচেয়ে মজার কথা, আগে যারা লোয়েষ্ট টেণ্ডার দিত তাদেরই কাজ দেওয়া হোত, এখন খগেনবাবু স্বজনপোষণের দায়মুক্ত হবার জন্য লোয়েষ্ট টেণ্ডারার ঠিক কববার জন্য ৩।৪ জন অফিসারকে ভার দিলেন—তাঁরা ঠিক করে দেবেন কারে কণ্ট্রাক্ট দেওয়া হবে। তাই এখানে আমার বক্তব্য হচ্ছে যে, মন্ত্রীমহাশয়ই যদি এভাবে বেনামীতে ব্যবসা করেন এবং পৃষ্ঠপোষকতা করেন তাহলে তার তদন্ত করা প্রয়োজন। তারপর আমাদের শিক্ষামন্ত্রীর নেফিও—ভাইপোও বলতে পারেন, ভাগনেও বলতে পারেন—খগেনবাবু পি, ডাবলিউ, ডিতে তাঁকে ২৫০—৫০০ বেতনে একটা চাকরী দিলেন, এই চাকরীর মিনিমাম কোয়ালিফিকেশান বি, ই, অথবা তার ইকুউভ্যালেন হওয়া উচিত; কিন্তু তাঁব এরমধ্যে কোনটাই নাই। এরপর আমি আরেকটা ঘটনার কথা বলছি—দক্ষিণ কলকাতায় একজন বাড়ীর মালিক কিছুদিন আগে একটা বাড়ী করেন। ইনকামট্যাক্স অথরিটি তাঁর অর্ধেক সোর্স বদলাতে চান। তিনি কোন মন্ত্রীর নাম করে বলেন তিনি এই টাকা দিয়েছেন। তখন সেই ভারপ্রাপ্ত অফিসার জানান সেই মন্ত্রীর কাছ থেকে সার্টিফিকেট দিন। কিন্তু তিনি তা দেননি। কিন্তু মন্ত্রীব নাম মালিকেব কথামত ফাইলে বেকর্ড করা হয়। ইতিমধ্যে ফাইলটা ডিষ্ট্রিক্টএ চলে যায় এবং আগে আরেকটা ঘটনা আছে—মালিকের ১ লক্ষ ১০ হাজাব টাকা ফাইও ডিপোজিটের উপর ইণ্টারেষ্ট হিসাবে ২,৭০০ টাকার রিটার্নও দেখানো হয়নি। এটার কথা যখন জানতে চান ইনকাম ট্যাক্স অফিসার তখন তিনি বলেন তাঁর কোন ফাইও ডিপোজিট নাই। কিন্তু দুয়েকদিন বাদে তিনি রিপোর্ট করেন তাঁব নামে ফাইও ডিপোজিট আছে। ১৯৩৩ সালে তিনি একটা জমি বিক্রি করেছেন, তাতে এ' টাকা পেয়েছেন। তাতে ইনকাম ট্যাক্স অফিসার বলেন তাহলে এ' দলিলটাই নিয়ে আসবেন। তারপর তিনি বলেন, ১৯৩৩ সালেব নয়, ১৯৪৭ সালে; তখন উক্ত অফিসার এ' দলিলটাই আনবাব জন্য বলেন। কিন্তু দলিলে দেখা গেল যে, এই জমির সঙ্গে দলিলেব কোন সম্পর্ক নাই। আমি যে মন্ত্রীর কথা উল্লেখ করছি তিনি সেই ইনকাম ট্যাক্সকে চিঠি দেন আমি টাকা দিয়েছি—এবং সেই চিঠির মর্মানুসারে সেটা এ' মন্ত্রীর ক্যাপিট্যাল গেম্ এবং মালিকের ইনকাম ফর্ম আনডিস্‌ক্লোজড্ সোর্স বলে অ্যাসেস্ করার ব্যবস্থা করা হয়; এবং এই উভয় অ্যাসেসমেণ্টের যে টাকার অঙ্ক দাঁড়ায় তা ৭০ হাজার টাকা। তারপর বাড়ী তৈরীর কাহিনী। ইন্‌কাম ট্যাক্স অফিসার জানতে চাইলেন, কোন সোর্স থেকে টাকা পেলেন। তখন কিন্তু মালিকের চেয়ে মন্ত্রীমহাশয় বিব্রতবোধ করলেন বেশী। তিনি তখন এখানে বসে দিল্লীতে টেলিফোন করে তখনকার চেয়ারম্যান অফ দি সেণ্টাল বোর্ড অফ্ রেভিনিউ এবং বর্ত্তমানে ফাইনান্স সেক্রেটারী, গভর্ণমেণ্ট অফ্ ইণ্ডিয়া এ, কে, রায়কে এখানে নিয়ে আসেন তখন তিনি সেই অফিসারকে বলে দিলেন টু মেক্ রি-অ্যাসেসমেণ্ট—তিনি নুতন করে ৮ হাজার টাকা করলেন এবং নিজের পার্সোনাল আলমারীতে রেখে দিলেন সেই ফাইলটা, ইন্‌কাম ট্যাক্স ফাইল নং ৫০২৯

SVI (Refund Circle).

আমি ইন্‌কাম ট্যাক্স ফাইল নং দিলাম। এখন আপনি নিশ্চয়ই বুঝতে পারবেন এরকম ক্ষমতাবান মানুষ ডাঃ রায় ছাড়া আর কেউ নয় এবং সেই মালিক হচ্ছেন শ্রীমতী বেলা সেন।

এখন আমি বলছি তিনি আরো কোন বাড়ী করে দিলেন কিনা আমি তারমধ্যে যেতে চাইনা, তবে আমার বলবার কথা হচ্ছে, এই যে আমাদের ষ্টেট্ এস্‌চেকার-এর ৭০ হাজার টাকার জায়গায় ৮ হাজার টাকা করার ফলে ৬২ হাজার টাকা নষ্ট হল তারজন্য মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র দায়ী এবং তদন্ত হোক, এবং তদন্ত করে তাঁকে শাস্তি দেওয়া হোক। মুখ্যমন্ত্রী নিজে যদি এভাবে টাকা চুরি করতে পারেন, এভাবে ফাঁকি দিতে পারেন তাহলে আর কি বলা যেতে পারে। স্পীকার মহাশয়, ঘটনার এখানেই শেষ নয়; এই ঘটনা আগে অনেকদূর গড়িয়েছে। টালিগঞ্জের লায়ালকার জমি সরকার গ্রহণ করেন, তাতে ডিষ্ট্রিক্ট অথরিটি এ্যাসেস্ করে দিলেন ১১ লক্ষ টাকা। তারপর ডাঃ রায় একটা অজুহাত দেখিয়ে ফাইনান্স সেক্রেটারী শ্রীদাসগুপ্তকে দিয়ে ওখানকার আর, কে, মিত্রকে ডেকে পাঠিয়ে বলেন যাহোক নোটটা বদলাও ওটা ১১ লক্ষের জায়গায় ১৬ লক্ষ টাকা কর। এই টাকা শ্রীমতী সেনকে দেওয়া হয় এবং এভাবে ইন্‌কাম ট্যাক্স ফাঁকি দিয়ে তিনি চলেছেন। এই হচ্ছে তাঁর বিরুদ্ধে আমার অভিযোগ, আমি বলি এর তদন্ত হোক। মুখ্যমন্ত্রী যদি এরকম দুর্নীতিপরায়ণ হন তাহলেতো সমস্ত কর্মচারীরাই দুর্নীতিপরায়ণ হবেন—এবং তা জনসাধারণের মধ্যে ছড়িয়ে যাবে। স্পীকার মহাশয়, গতকাল খাদ্য আলোচনায় খাদ্যমন্ত্রী উষ্মা প্রকাশ করেছিলেন খাদ্যের ব্যাপারে একটা ঘটনার কথা বলায়—সেটা স্টেটসম্যান কাগজে বেরিয়েছে—আমি সেই চক্রান্ত এখন ফাঁস করব। ডাইরেক্টর অফ্ র‍্যাশানিং, পি, কে, সেনের নাম আপনারা জানেন কেননা সাংবাদিক ঠেংগারু হিসেবে যার নাম হয়েছিল ইনি সেই পি, কে, সেনের ভাই। ইনি যেখানে বসে আছেন সেটি একটি চমৎকার জায়গা। কয়েকদিন আগে তিনি সমস্ত ফেয়ার প্রাইস্ রাইস্ সোপ থেকে ৩০ হাজার টাকা চাঁদা তুলেছেন এবং তারপর শিবকুমার খান্নার বাড়ীতে বসে ডাইরেক্টর অফ্ কন্‌সিওমার গুডস্ এণ্ড ফ্যার্টিলাইজারস্ পি, নাগের সঙ্গে প্ল্যান হয়েছে এবং ফুল সোপের রিটেলারদের কাছ থেকে এবং হোল সেলারদের কাছ থেকে ৫ এবং ২০ টাকা করে ১৫ হাজার টাকা তোলা হয়। এসব টাকা কোথায় যায় বা এদিয়ে কি হয় সেসব জানবার ইচ্ছে আমাদের হয়। আরেকটা কথা আমার বলতে লজ্জা হয় কেননা এখানে মহিলা সদস্যেরা রয়েছেন, কিন্তু তাহলেও সেটা বলতে হবে। কথাটা হল যে, যদি কোন লোক রিটেল সোপের জন্য যায় তাহলে এ' পি, কে, সেন দাবী করেন যে, একটি মেয়ে সরবরাহ করা হোক। তাছাড়া তিনি রাত ৭।৭॥ সময় মানিকতলা জোনাল অফিসে গিয়ে এই বিভাগের লেডি এ্যাসিস্ট্যাণ্টদের সঙ্গে মিলিত হন। এসব জিনিষ ছাপা আছে কাজেই এগুলো সহজেই প্রমাণ করা যায়। মাননীয় স্পীকার মহাশয়, এই যে মধুচক্র রচনা করা হয়েছে এর পেছনে যিনি বসে আছেন তিনি হচ্ছেন আমাদের খাদ্যমন্ত্রী। এছাড়া একটা পত্রিকা বের করা হয়েছে এবং তার নাম দেওয়া হয়েছে "সহকর্মী", এবং তাতে রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সমস্ত মন্ত্রীরাই আশীর্বাণী পাঠিয়েছেন এবং পি, কে, সেন হচ্ছেন তার এডিটোরিয়াল বোর্ডের সভাপতি। এঁরা এই পত্রিকাটি খুব কস্টলিভাবে ছাপেন এবং তার সমস্ত খরচ জোগার করে এইসমস্ত রেশান সোপের মালিকরা, অতি অদ্ভুত ব্যাপার যে এ' সমস্ত লেডি এ্যাসিস্ট্যাণ্টদের এখানে সেখানে পিক্‌নিক্ করতে নিয়ে যাওয়া হয় এবং সেইসব ছবি ছাপান হয়, শুধু তাই নয়, যারা কোনদিন ব্যাডমিণ্টনের বা টেনিসের র‍্যাকেট ধরেনি তাদেরও সেই অবস্থায় ছবি তুলে ছাপান হয়েছে। আর একজন মহিলার নাম করা হয়ত অযৌক্তিক হবে কিন্তু তবুও আমি বলব যে, লেডি এ্যাসিস্ট্যাণ্ট বন্দনা মজুমদারের ছেলে হয়েছে সেই ছবিও ছেপে বার করেছেন। এই পত্রিকার মাধ্যমে, পত্রিকা র

উপরটা দেখলে মনে হবে যেন একটা ক্যালটিওর‍্যাল সোপ কিন্তু ভেতরে এসব জিনিষ ছাপা হচ্ছে। এই বিভাগের এইসমস্ত মহিলাদের এ' মধুচক্রের বাড়ীতে নিয়ে যাওয়া হয় এবং এর পেছনে রয়েছেন আমাদের খাদ্যমন্ত্রী এসব অভিযোগের তদন্ত হোক এবং যদি সাহস থাকে তাহলে যারা জীবনভোর কংগ্রেসের মর্য্যাদা দিয়ে আসছেন সেই পার্টির প্রত্যেক সদস্য সিদ্ধান্ত করুন যে এর তদন্ত হোক এবং সত্য মিথ্যা প্রমাণ হয়ে যাক। এবং যদি তদন্তের ফলে এগুলো সত্য বলে প্রমাণিত হয় তাহলে যেন শাস্তির ব্যবস্থা হয়। মাননীয় স্পীকার মহাশয়, আরেকজন অফিসারের কথা আমি বলব এবং তিনি হচ্ছেন ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সের কমেনডেড সে সংগঠন দেশের ভবিষ্যৎ করবে তার তিনি কমেনডেড্ তিনি থাকেন কল্যাণীতে "নেহেরু ভবনে" ইনি একটি মহাপুরুষ ব্যক্তি এবং নেহেরুর মত চলবার চেষ্টা করেন। তার ৭টি চাকর এবং ৪টি গার্ড দরকার এবং হোম ডিপার্টমেণ্টের হোম সেক্রেটারী এবং মন্ত্রীরা যে গাড়ী ব্যবহার করেন—অর্থাৎ প্লাইমাওথ্ যার নম্বর হচ্ছে ৯৯০০—সেই গাড়ী নিয়ে তিনি এখানে সেখানে যান। এই গাড়ী নিয়ে তিনি স্ত্রীপুত্রসহ শ্রীরামপুরে এবং সারা বাংলাদেশ ঘুরে বেড়ান। এবং স্বরাষ্ট্র বিভাগের সেক্রেটারী এম, এম, বাসুকে সামনে রেখে এইসব কাজ করেন। এই ব্যক্তিটি ষ্টেশন বা ডিপার্টমেণ্টে না থেকে ইন্সপেক্‌শানের নাম করে কার্শিয়াঙে যান। কে এই মিস্ মুখার্জি যার বাড়ীতে গিয়ে তিনি রাতের পর রাত কাটান। শুধু তাই নয়, এই বিভাগের যেসমস্ত নিম্নতম মেয়ে কর্মচারীরা আছে তাদের বাড়ীতে তিনি নিয়মিত যাতায়াত করেন এবং তাদের সামনে মাতলামি ও অসভ্য আচরণ করেন। যে লোক তরুণদের রক্ষী হিসেবে গড়ে তুলবেন তার কি এই আদর্শ হওয়া উচিত? কাজেই এই যে অবস্থা করে রেখেছেন এর তদন্ত হোক এবং তাহলে আমরা খুশীই হব। যাই হোক, যেসব ঘটনা এখানে রাখলাম তাতে মন্ত্রীমহাশয় যদিও এখানে উপস্থিত নেই তবে তিনি যেন অন্য মন্ত্রীদের মাধ্যমে শুনে এসব কথার জবাব দেন। এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6—6-10 p.m.]

Shri Jagannath Majumdar :

শ্রীমনোরঞ্জন হাজরা নদীয়া এবং বিজয় বাবু সম্পর্কে যে কথা বলেছেন তা সর্বৈব মিথ্যা। তিনি এখানে থাকলে নিশ্চয়ই প্রতিবাদ করতেন।

Mr Speaker : You cannot do that, Mr. Majumdar.

Shri Clifford Noronha : Mr Speaker, Sir, many of the members who hail from the mufassil brought to the notice of Government some of the problems and needs of their respective districts. I live in Calcutta and today I should like to bring to the notice of this House some of the difficulties and inconveniences which the humbler citizens here have to undergo and needlessly undergo in the day to day living of their lives. In Calcutta one can hardly breathe without the permission of Government. At every twist and turn one has got to go to some department or another for something or other and then all the troubles start—the harassment, the inconveniences, the inordinate delay, and last but not the least, the mental anguish suffered by the public are well-nigh maddening. I should like to give a few instances from my personal experience to explain what I mean. I am connected with a Co-operative Society

and as such I have to write letters from time to time to mercantile offices as well as to Government departments regarding their employees who have taken loans from us but are not repaying. During the last nearly 7 years of our existence I do not remember a single instance in which a letter written to a mercantile office was not answered promptly, within a week at the most. But unfortunately, exactly the reverse is the case with Government departments. I cannot recall any case where a letter was replied to in the first instance.

A certain Railway official wrote to me requesting that a loan be granted to his Steno. A loan was granted and the Steno did not repay his loan. I was compelled to write to his boss. I received no reply. I sent him one reminder, two reminders, three reminders, as many as five or six reminders, and still there was no reply. I then referred to his superior officer. Again there was no reply. In the meantime a year and a half had passed since the time of the granting of the loan and practically nothing had been repaid. So, in disgust and desperation I referred the matter to the Hon'ble Minister of Railways, and within a week the Steno came rushing to our office and practically paid up all his debts.

Very recently a letter was written to the B.G. Press. Again there was no reply. After 4 or 5 reminders had been sent I sent an ultimatum to the officer and said unless I got a reply within a certain specified time I would be compelled to bring this matter to the notice of his Minister. Only then did I get a reply.

Now, Sir, if mercantile offices are so uniformly efficient and prompt and courteous in their dealings with the public, I do not understand why it is that almost all Government departments are so dilatory and their dealings wsith the public are so unsatisfactory, as Hamlet said that there is something wrong in the state of Denmark.

I live near the Park Street Post Office. In the first half of the month it takes at least three hours to send a registered letter or a money order. I brought this to the notice of the P.M.G. and eventually I got a reply that the matter would be enquired into.

Mr. Speaker : The State has got nothing to do with it.

Shri Clifford Noronha : The honourable members who have got reason or occasion to go to the Howrah Station must know what a tremendous amount of trouble and inconvenience one must suffer at the station to get taxis. The passengers run about in all directions grabbing taxis by offering higher fares. But, in Brazil, for instance, all passengers line up behind two or three police offiecrs and all taxis must come up before them and in a regular and orderly way all passengers are put into taxis and sent away. I wrote to the Police Commissioner suggesting that something like that might be tried at the Howrah Station. That was about six months ago and I have received no reply to that as yet.

Again, I do not know if any of the honourable members are aware of the situation at, for instance, the Calcutta Collectorate. It takes at least one day

to deposit Rs. 5. You stand three or four hours for depositing your money and then you have got to wait another three or four hours in order to get your receipt. Surely, something can be done to improve this unfortunate state of affairs.

Now, not long ago, one of the honourable members who sits no my side was a member of a delegation that was to proceed abroad. He needed some foreign exchange and he applied to the Reserve Bank for a permit. But even one day before he left, no permit arrived. He approached the Hon'ble Chief Minister who 'phoned the Reserve Bank Officer who in his turn 'phoned Bombay and then only did the reply come. But consider the fate of those thousands and thousands of people who are not so fortunate as the honourable members of this House and who cannot approach the Hon'ble Chief Minister. Consider their fate and anguish.

Now, Sir, there are many more things to speak about, but there is no time. So, I would like to suggest this. We have got many Hon'ble Ministers and Deputy Ministers. I would like to suggest that one more may be appointed whom you may call "Expediting Minister"—one who would move around the different offices to see for himself the state of affairs prevailing there and devise ways and means for improving and quickening the machinery of Government.

[Personal Explanation]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: On a point of personal explanation, Sir, I learn from my friend Mr. Kolay that my name was dragged in by some speaker from that side. Sir, I have no sister's son who is employed in the Public Works Department or has any connection with the Public Works Department. I would challenge that gentleman to speak about it outside so that I may bring a case against him. He has said "nephew"—I must say that I have no brother at all, not to speak of nephew.

Shri Jyoti Basu :

ব্রাদার ছাড়া কি নেফিউ হয় না ? সিষ্টার সানওতো হতে পারে। ইংরাজী জানেন না ? এডুকেশান মিনিষ্টার হয়েছেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :

আপনিই যত ইংরাজী শিখেছেন ! সৌভাগ্যবশতঃ একবার বিলাত গেছেন !

[6-10—6-20 p.m.]

Shri Satkari Mitra :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশম সাধারণ শাসন বিভাগ খাতে ব্যয় বরাদ্দ এই হাউসে পেশ করাবার সময় অনেককিছু কৃতিত্ব নিয়েছেন এই বলে যে কয়েক বছর ধরে তিনি নাকি এই খাতে বরাদ্দ প্রায় সমান রেখেছেন আর অন্যান্য রাজ্যে আমাদের থেকে নাকি এই খাতে ব্যয় বরাদ্দ অনেক বেশী। কিন্তু একটা কথা তিনি

বিশেষ সতর্কতার সঙ্গে গোপন রেখেছেন সেটা হচ্ছে ব্যয় বরাদ্দ যদিও খুব বেশী ধরেননি কিন্তু আমাদের এই রাজ্যে কাজের দিক থেকে কতটা উন্নতি হয়েছে সে কথা তিনি কিছু বলেননি। সেটা তিনি এড়িয়ে গেলেন। এন্‌ফোর্সমেণ্ট ব্রাঞ্চের কার্যকলাপ খুব সন্তোষ জনক বলে মনে হল না। কিন্তু পাবলিসিটি বিভাগের অনেক কিছু ঢাক পিটিয়ে আমাদের কাছে বলে গেলেন। আমরা এখানে অনেক মন্ত্রী মহাশয়ের কাছ থেকে শুনি যে সব ঠিক আছে। কিন্তু বাইরে সমাজ জীবনে যে কি পরিমান দুর্নীতি চলেছে তা আমরা প্রতেকটি মানুষ হাড়ে হাড়ে উপলব্ধি করছি। কি গভর্ণমেণ্টের মধ্যে, কি বাইরের সমাজ জীবনে এমন কোন স্তর নেই যেখানে দুর্নীতি একেবারে চরম পর্যায়ে না এসেছে। মনে হয় যে দুর্নীতিই এখনকার নিয়ম, অন্যথায় ব্যতিক্রম এক্সসেপশান। গভর্ণমেণ্টের সমস্ত বিভাগ দুর্নীতিতে পূর্ণ হয়ে গেছে একথা এখানে বহু বলা হয়েছে, বাইরে কাগজপত্রে অনেক কিছু প্রকাশিত হয়েছে, তবুও আমি বুঝতে পারিনা কেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সেই বিষয়ে কোন উল্লেখ করলেন না। ব্যক্তিগতভাবে আমরা প্রত্যেকই জানি যে প্রতেকটী বিভাগ দুর্নীতিতে পরিপূর্ণ। সময় কম বলে আমি কয়েকটি দুর্নীতির কথা বলব। প্রথমেই আমি মাননীয় মন্ত্রী বিমলবাবুর ডিপার্টমেণ্ট সম্পর্কে বলব। ল্যাণ্ড এ্যাকুইজিশান ডিপার্টমেণ্ট হচ্ছে দুর্নীতি এবং ঘুষের একেবারে আড্ডা। সম্প্রতি আমাদের উদ্বাস্তু ভায়েদের জন্য জমি নতুনকরে এ্যাকুইজিশান করবার হিড়িক হয়েছিল। সুতরাং অনেক জমি আমার এলাকার মধ্যে এ্যাকুইজিশানে ধরা হল, তার মধ্যে বড় বড় যেগুলি সব দেখলাম বেরিয়ে গেল। তখন দু' একটা ছোট ছোট বাড়ীর আনাচ-কানাচ নিয়ে টানাটানি আরম্ভ হল। তারমধ্যে দেখলাম যারা ঘুষ দিয়ে বেরিয়ে আসতে পারল তারা বেরিয়ে এল, আর বাকীগুলিকে হয়রাণীর চুড়ান্ত ভোগ করতে হল। মাননীয় মন্ত্রী প্রফুল্লবাবুর কাছে এ কথা বলা হল—তিনি দয়া করে দু'একটা ছেড়ে দিয়েছেন। দ্বিতীয়তঃ রিফিউজী ডিপার্টমেণ্টে যে ঘুষ কি পরিমানে চলে তা বলে শেষ করা যায়না। খুব অল্প বেতনে শিক্ষক শিক্ষিকাদের কাজ পেতে গেলে ঘুষ ছাড়া তাদের নাম কোনরকমে তালিকাভুক্ত করা হয়না। তারপরে পাব্লিক ওয়ার্কস ডিপার্টমেণ্ট সেখানে ঘুষ, অযোগ্যতা এবং কর্তব্য হেলায় একেবারে চুড়ান্ত। মাননীয় স্পীকার মহাশয়, আপনি যদি কোলকাতা থেকে ২।৩।৪ মাইলের মধ্যে ব্যারাকপুর ট্রাংক রোড দিয়ে যান তাহলে দেখবেন যে ব্যারাকপুর ট্রাংক রোডে আজকাল কি পরিমানে যানবাহন চলাচল বেড়েছে। সেখানে এ্যাকসিডেণ্ট প্রতিনিয়ত ঘটছে। সেই বৃটিশ আমলে ১২৫ ফুট রাস্তার মধ্যে মাত্র ৩০।৩৫ কি বড় জোর ৪০ ফুট রাস্তা টারমাকাডাম করা হয়েছিল আজও তাই আছে আর এক ইঞ্চিও বাড়েনি এবং আপনি দেখতে পারেন সেই রাস্তার ধারে পাকা পাকা শিবের মন্দির গড়ে উঠেছে, তার আশেপাশে সংলগ্ন ফুলের বাগানও আছে। আমি মাঝে মাঝে ভাবি কি অদ্ভুত এই ডিপার্টমেণ্টের লোকেরা। উদ্বাস্তুরা মাঝে মাঝে সামান্য ছাউনী করে জীবিকা নির্বাহের জন্য পান বা বিড়ির দোকান করলে তাদের উপর নোটীশ আসে এবং আমি এ রকম ২।১টা নোটীশ নিয়ে মাননীয় খগেনবাবুর সংগে দেখা করেছিলাম, তিনিতো রেগেই অস্থির। বল্লেন, "সব তুলে দেবো।" আমি বল্লাম "যদি এই নীতি গ্রহণ করেন তাহলে তা করুন কিন্তু মাঝে মাঝে থেকে ২।১ জনকে এইভাবে উঠে যাবার নোটীশ দেয়া হয়েছে। সেই সমস্ত লোক আমার এলাকায় বসে তারা আমার স্মরণাপন্ন হন তা থেকে রক্ষা পাবার জন্য। যাহোক তাদের তোলা হয়নি। আপনি জানেন আমাদের দেশে এইরকম বহু শিবের মন্দির জীর্ণশীর্ণ অবহেলিত হয়ে গড়াগড়ি

যাচ্ছে, সেখানে শিয়াল কুকুরের আড্ডা হয়েছে কিন্তু নুতন করে ২।৩ বছরের মধ্যে এগুলি আবার গড়ে উঠেছে এই বি. টি. রোডএর উপরে।

আর ফরেষ্ট ডিপার্টমেন্ট সম্বন্ধে আমার বিশেষ জানা ছিলনা। এই অধিবেশনে শুনলাম সেখানেও দুর্নীতির বনমহোৎসব হয়।

যখন আমরা কিছু কিছু সরকারী বড় বড় অফিসারদের বিরুদ্ধে অভিযোগ করি তখন মন্ত্রী মহাশয়রা তাঁদের পক্ষে ওকালতি করেন। সেদিন স্বাস্থ্যবিভাগের সুপারএনুয়েটেড অফিসারদের সম্বন্ধে কথা হচ্ছিল, তখন স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বললেন—এরা রেয়ার স্পেসিমেন। আমি তখন মনে মনে ভাবলাম অত্যন্ত ঠিক কথাই উনি বলেছেন, এই রেয়ার স্যামপলস দের হাত থেকে কবে যে আমরা অব্যাহতি পাবো। বাস্তবিক সেদিন আমার মনে হল এঁরা এখন একটা ভ্যানিটি, এমন একটা সুপিরিয়রিটি কমপ্লেক্স নিয়ে থাকেন, যে সাধারণ লোকত দুরের কথা আমরা গিয়ে সেখানে পাত্তা পাইনা। হয়ত ভাল কথাই বলতে গিয়েছেন, কিন্তু কান দেন না। বাইরে যে দুর্নীতি চলেছে,—সে দুর্নীতি ছোটখাট নানারকম, ,এবং তার জন্য মানুষের জীবন ত্রাহি ত্রাহি করছে। আজকাল সমাজে ছোটখাট যে সমস্ত অফেন্স সংঘটিত হয় তার বিচারের কোন ব্যবস্থাই নেই। ইংরাজ আমলে, মিউনিসিপ্যালিটিগুলিতে বেঞ্চ কোর্ট ছিল, সেখানে পেটীকেসগুলোর সামারি ট্রায়াল হত, কিছু শাস্তি হত। আমি এ বিষয়ে সম্প্রতি মাননীয় কালিবাবুর কাছে একটা প্রস্তাব দিয়েছিলাম—তাতে সমাজ জীবনে কিছু সুফল হতো ভবিষ্যতে এবং মিউনিসিপ্যালিটিগুলিরও কিছু আয় হতো এবং আমাদের এখানে যে সমস্ত ষ্টাইপেনডিয়ারী ম্যাজিষ্ট্রেট আছেন, তাঁদের কাজের চাপও কমতো। কারণ দেখা গিয়েছে তাঁদের কাছে যখন কোন পেটী কেস যায় তখন দু-তিন বছর সেগুলি ঝুলিয়ে রাখা হয়, ফলে মিউনিপ্যাল অথরিটিস আর সেখানে কেস পাঠান না। কাজের তাতে ক্ষতি হয় তাদের। তাই তারা মনে করেন ববং মিউনিসিপ্যাল আইন ভঙ্গ হোক তথাপি কেস করা হবে না। মিউনিসিপ্যাল আইন আজকাল আর কেউ মানতে চায়না, তার কারণ হচ্ছে মিউনিসিপ্যালিটিতে কোন বেঞ্চ কোর্ট নেই, তাদের শাস্তি বা সাজার কোন ব্যবস্থা নেই। মাননীয় মন্ত্রী কালিবাবু আমার প্রস্তাবের উত্তরে লেখেন যে আপনার প্রস্তাবটি ভাল হয়েছে, ঐটা যাতে কার্য্যকরী করা যায় তারজন্য আমি আপনার প্রস্তাবটি ল ডিপার্টমেণ্টে পাঠাচ্ছি। দিনকতক পরে মাননীয় মন্ত্রী জালানসাহেব কিম্বা তাঁর সেক্রেটারী লিখেছিলেন যে

We are unable of accede to your proposal.

অবশ্য আপনার প্রপোজাল ভাল; কিন্তু আমাদের এখন ওটার প্রয়োজন নেই"। শেষ কথা হচ্ছে আজকাল আমাদের সরকারের ভিতর মস্তবড় মারত্মক ত্রুটী ঢুকেছে, যেটা আমি মনে করি অবিলম্বে সংশোধন করা উচিত। বিভাগে বিভাগের মধ্যে পরস্পর বিচ্ছিন্ন মনোভাব বিশেষভাবে গড়ে উঠেছে। একটা বিভাগ আর একটা বিভাগের কোন কাজ করতে চায় না এবং একটা শত্রুসুলভ মনোভাব পোষণ করেন। বিশেষকরে ম্যাজিষ্ট্রেসি, যেটা মাননীয় কালিবাবুর বিভাগ। রিফিউজী ডিপার্টমেণ্ট হয়ত লিখেছে একজন লোক গভর্ণমেণ্টের জমি অন্যায়ভাবে এনক্রোচ করছে, তার জন্য ব্যবস্থা অবলম্বন করা দরকার। মাসের পর মাস চলে যাচ্ছে কিন্তু ম্যাজিষ্ট্রেসি থেকে কোন ব্যবস্থা করা হচ্ছে না। বারে বারে রিমাইণ্ডার দিয়েও কোন কাজ হয়না। আমার এলাকাতে দেখেছি, সেখানে মিলনিসিপ্যালিটির কর্মচারীদের সরকারী কর্মচারীরা বোধ হয় বিদেশী বা অপ্রয়োজনীয় বিভাগের লোক বলে

মনে করেন। কোনরকম সুযোগ, সুবিধা বা সাহায্য যা তাঁরা চান মোটেই তা পান না। উল্টে এক কলমের খোঁচায় সুপারসেশন করে দেওয়া হয়। আজকাল সুপারসেসন এপিডেমিক বললেই হয়। আমরা যদি তুলনা করে দেখি বৃটিশের সময়কার সুপারসেশনএর সংখ্যা আর আমাদের স্বাধীনতা পাবার পর কত সুপারসেশন হয়েছে, তাহলে দেখা যাবে বর্ত্তমানে তা অনেকগুণ বেশী। আমি আরও দু-একটা কথা এ সম্বন্ধে বলতে চাই। মিউনিসিপ্যালিটি চলিতে গেলে, মিউনিসিপ্যাল অথোরিটিসদের নানারকম অসুবিধা ভোগ করতে হয়। মিউনিসিপ্যাল অথোরিটিসদের লোকে বিরক্ত করে, এবং বিরুদ্ধাচরণ করে তাদের জমিজমা দখল করে, তাদের ট্যাক্স, খাজনা দেয়না, কর্মচারীদের আঘাত করে ইত্যাদি। খুব সাম্প্রতিক কালের ভিতর এইরূপ একটি ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় পানিহাটী মিউনিসিপ্যালিটি এইরূপ একটি ব্যাপারে আমাদের এস. ডি. ও. সাহেবের কাছে প্রথম পুলিশ হেলপ চাইলেন। কিন্তু কোন উত্তর পাওয়া গেলনা। আমি তখন তাদের কেসটা নিয়ে সুপারিণ্টেণ্ডেণ্ট অফ পুলিস ২৪ পরগণা, তাঁর কাছে চিঠি লিখলাম। মাস দুই পরে উত্তর এলো একশান নেওয়া হচ্ছে। তারপর দু-তিন মাস আর কোন উত্তর নেই।

[6-20—6-30 p m.]

আমি যখন আর কোন জবাব না পেয়ে পুনরায় লিখলাম, তখন থেকে অদ্যাবধি সেটা নিরুত্তর থেকে গেল। এ বিষয়ে সংশ্লিষ্ট আইনের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বঙ্গীয় মিউনিসিপ্যাল এ্যাক্টের সেকশন্ ৫৩৩ (এ), সেখানে পরিষ্কার লেখা রয়েছে।

"It shall be the duty of every Police Officer in a municipality to communicate without delay to the municipal office any information which he receives of the design to commit or of the commission of any offence against this Act or any rule or any law made thereunder and to cooperate with and assist the Commissioners or any municipal officer or servant reasonably demanding his aid for the lawful exercise of any power vested in the Commissioner or such municipal officer or servant under this Act or rule made thereunder".

কিন্তু কার্য্যক্ষেত্রে দেখা গেল একজন পুলিশ কন্‌স্টবলই মিউনিসিপ্যাল অফিসারকে বাধা দিয়েছিল আমি আশ্চর্য্য হয়ে যাই যেখানে তার ল-ফুল ডিউটি মিউনিসিপ্যাল অথোরিটিকে সাহায্য করা সেখানে পুলিশ কনস্টেবলই তাদের বাধা দিয়েছিল, তারজন্য আমি পুলিশ কর্তৃপক্ষকে জানিয়েছিলাম যে অফিসার এরকম করেছে। কিন্তু কোন ফল হয়নি।

Shrimati Labanya Prova Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই সভায় আগেও বলেছি যে, শাসনবিভাগগুলি আজ শাসন ক্ষমতায় অধিষ্ঠিত ব্যক্তিদের রাজনৈতিক ক্ষেত্র প্রসারের যন্ত্র মাত্র হয়েই রয়েছে। শাসন বিভাগীয় অফিসারদের শাসিত জনগণের সংগে যথার্থ সম্পর্ক গঠনের কোন কর্মধারা নেই।

বরং কায়েমী স্বার্থবাদের তারা অনুচর হওয়ার ফলে—জনগণের সংগে বিরোধের ক্ষেত্রই আজ তাদের গঠন করতে হচ্ছে। সরকারী ক্ষমতা, সরকারী অর্থ হাতে আছে ব'লে বিশেষ দলের জন্যে রাজনৈতিক ক্ষেত্র গঠনের অবাধ এবং প্রভুত সুযোগ তাঁদের আছে। এবং সেই কারণে, সরকারী ঋণ, সরকারী সহায়তাগুলিও রাজনৈতিক লক্ষ্যে প্রযুক্ত হচ্ছে; আর তার কারণে, বহু অপচয় ও দুর্নীতি ঘটছে। এবিষয়ে বহু বিসদৃশ অভিযোগের প্রতি জরুরী দৃষ্টি আকর্ষণ করলেও স্থানীয় বা কেন্দ্রীয় কোনো কর্তৃপক্ষই কোনো সাড়া দেননি।

নির্বাচন যত এগিয়ে আসছে জনগণের মধ্যে বিশেষ রাজনৈতিকদলের অনুকূলে প্রভাব সৃষ্টি করার জন্য শাসনকর্তৃপক্ষ চঞ্চল হয়ে উঠেছেন। তারজন্য বহু সরকারী অর্থেরও অপব্যয় ঘটছে। তার একটি সাম্প্রতিক ঘটনার কথা বলি।

জনগণের অপ্রিয়ভাজন ব্যক্তিদের সঙ্গে যোগাযোগের ক্ষেত্র গঠন করার জন্য সম্প্রতি এক সরকারী প্রদর্শনীর অনুষ্ঠান হয় আমাদের জেলাতে। বহু সরকারী টাকা ও সহায়তা এবং অফিসারদের মারফত অনুগৃহীত ব্যবসায়ীদের চাঁদা ও সহায়তা সংগ্রহের বিরাট আয়োজন করা হয়। এর মুখ্য উদ্দেশ্য ছিল নাচগান আমোদপ্রমোদের ভেতর দিয়ে যোগ-বিচ্ছিন্ন নরনারীকে আকৃষ্ট করা। সেই উদ্দেশ্যে—বিকৃতভাবে এবং অযোগ্যতার সঙ্গে কতক সফল হ'য়ে থাকতে পারে কিন্তু দেশ গঠনের মহান পরিপ্রেক্ষিতে আজ প্রদর্শনীর যে উদ্দেশ্য—সরকারী অর্থের যা সার্থকতার দিক—তা হল—কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতির পথে প্রেরণা জাগাবার মতো প্রদর্শনী। সেই বিষয়ে এই প্রদর্শনীর আয়োজন যেমন অপটু ছিল তেমনিই দায় সারা ছিল। জেলার অগ্রণী জনসাধারণের সঙ্গে যোগাযোগ না ক'রেই অবাঞ্ছিতভাবে প্রদর্শনী কমিটি গঠন ক'রে তাতে কংগ্রেসী ব্যক্তিদের প্রাধান্যের ক্ষেত্র করা হয়। সবচেয়ে আপত্তিকর ছিল জেলার অনাস্থা-ভাজন ব্যক্তি যাঁরা জেলায় বহুকাল ধ'রে সন্দেহভাজন ব্যক্তিরূপে পরিচিত হয়ে রয়েছেন, তাঁদের হাতে সরকারী তথা বেসরকারী অর্থের দায়িত্ব তুলে দেওয়া।

আমাদের অজ্ঞাতসারে কমিটি গঠন ক'রে কাজ এগিয়ে নেওয়ার পর আমাদের অনুমতি না নিয়েই কমিটিতে আমাদের জড়িত করা হয়। আমরা নাম প্রত্যাহারের সিদ্ধান্তসহ প্রতিবাদ জানালে, ডেপুটি কমিশনারের পক্ষথেকে ক্রুটি স্বীকার করা হয়। কিন্তু কমিটির গঠন কার নির্দ্দেশে হয়েছে, কিভাবে হয়েছে সে বিষয়ে আমাদের প্রশ্নের জবাব তিনি কিছুই দেননি ; নীরব আছেন। এহেন প্রদর্শনীর কর্তৃত্বের প্রশ্ন নিয়ে আমি এইকথা তুলিনি। এইসব বিষয়কে আশ্রয় ক'রে সরকারী শক্তি ও অর্থের কিভাবে অপচয় হয় ও রাজনৈতিক উদ্দেশ্য কিভাবে সাধিত হয় তার একটি দৃষ্টান্ত দেখাতেই একথা তুললাম। যে চিরাচরিত শাসনতান্ত্রিক দীর্ঘসূত্রিতা, অনাচার ও অব্যবস্থা এই শাসনযন্ত্রের সত্যকাররূপ হয়ে আজ রয়েছে—সেইরূপ বিষয়ে আরো গভীরতর অভিযোগ করা ছাড়া আমাদের বলবার কিছু নেই। যেখানে কর্মের উদ্দেশ্যই আজ বিকৃত এবং অবাঞ্ছিত সেখানে কর্মধারার বিষয়ে কিছু বলা বা আশা করা সত্যই আজ নিরর্থক। এই অবস্থার পরিমণ্ডলে গান্ধীজীর পরিকল্পিত বিকেন্দ্রীত শাসন ব্যবস্থা ও সুষ্ঠু শাসন জীবনের পরিকল্পনা সত্যই আকাশকুসুম বলে মনে হচ্ছে।

माननीय स्पीकर महोदय,

चार मार्च को जिस समय बजट पर जनरल डिस्कशन हो रहा था, उस वक्त माननीया मेम्बर डाक्टर मैत्री बोसने नेपाली भाषा को बिदेशी भाषा कह कर, लिङ्गुईस्टिक माइनारिटी (linguistic minority) और उनकी भाषा की जो अवहेला की, उसको देखते हुए, शासक पार्टी की लिङ्गुईस्टिक माइनारिटी और उनकी भाषा के प्रति क्या रुख है, यह मालूम हो जाता है। यह अवश्य है कि माननीय सत्येन मजुमदार के तर्क करने पर माननीया डा० मैत्री बोस को मानना पड़ा कि दार्जिलिंग अंचल के लोगों की माँग नेपाली भाषा के सम्बन्ध में न्याय संगत है। मगर दार्जिलिंग में जो इन्क्वायरी कमेटी बैठी थी, जिसके मेम्बर माननीया डा० मैत्री बोस भी थीं, उन्होंने इस कमेटी में क्या सिफारिश किया हम जानना चाहते हैं। इलेक्शन के आगे बहुत ढोल पीटा गया कि

इन्क्वायरी कमेटी बैठाई गई है, परन्तु आज तक उसकी रिपोर्ट न जाने क्यों गुप्त रखी गई है ? इलेक्शन के आगे इन्क्वायरी कमेटी बैठाई गई थी, आज चार वर्ष हो गये, मगर रिपोर्ट के सम्बन्ध में कुछ भी मालूम नहीं हुआ। उस इन्क्वायरी कमेटी के माननीय पुलिस मंत्री, लाठी-गोली चलवानेवाले और गैस छोड़वानेवाले चेयरमैन हो गये। पुलिस मंत्री काली मुखर्जी चेयरमैन हो करके क्या किये ? मैं तो समझता हूँ कि उन्होने इस कमेटी की रिपोर्ट को D. I. B. रिपोर्ट के माफिक छोड़कर रख दिया है। असेम्बली के मेम्बरों तक को उसकी रिपोर्ट नहीं दिखाई गई। हम डिमांड करते हैं कि इन्क्वायरी कमेटी के रिपोर्ट को असेम्बली के सामने रखा जाय हम देखना चाहते हैं कि कमेटी ने क्या सिफारिश की है और उसको आज तक काममें लगाया गया है या नही। इलेक्शन के आगे इन्क्वायरी कमेटी बैठाई गई थी, बड़ा ढोल पीटा गया था मगर इसबार के इलेक्शन में आपका भण्डा फोड़ हो जायगा। उसबार के इलेक्शन में इन्क्वायरी कमीशन का नाम लेकर नेपाली जनता को लूट लिया गया। अब वहाँ की जनता समझ गई है।

दूसरी बात मुझको यह कहनी है कि सनेपाली भाषा जो की माँग है, उसके म्बन्ध में मुख्य मंत्री डा० बिधान चन्द्र रायने अभी कहा है कि 'पश्चिम बगाल' नामक एक पत्रिका नेपाली भाषा में निकलती है। उससे क्या नैपाली भाषा की बहुत उन्नति हो गई। नैपाली भाषा सम्बन्धी माँग क्या पूरी हो गई ? नैपाली भाषा को दैनन्दीनीय प्रशासनिक कार्यों में चलाना होगा ? कोर्ट और कचहरियों में चलाना होगा। आजतक इसको क्यों नहीं चलाया जाता है ? मुझे कुछ समझ में नही आता। बड़ी ताज्जुब की बात है कि उस पत्रिका में फोटो छापा जाता है। मुख्य मंत्री यह समझते है कि मंत्री मण्डल का फोटो छाप देने से नैपाली भाषा की उन्नति हो जायगी। हमने उस पत्रिका में देखा है कि डा० अनाथबन्धु राय का फोटो छपा है। उसमें वे लड्डू दे रहें है। इससे क्या नेपाली भाषा की माँग पूरी होती है ? मैं निवेदन करूँगा कि इन्क्वायरी कमेटी की रिपोर्ट जल्द से जल्द दिया जाय ?

तीसरी बात मैं सरकारी कर्मचारियों के बारेमें कहना चाहता हूँ। जब यहाँ पर माननीय सत्येन मजुमदारने क्वेश्चन किया था तो मुख्य मंत्री डा० रायने कहा था कि दस परसेन्ट हिल एलाउन्स दिया गया है। हमलोगोंने यह आवाज उठाई कि सरकारी कर्मचारियों को दार्जिलिंग अंचल में हिल एलाउन्स २५ परसेन्ट देना चाहिए। मुख्य मंत्री डा० रायने आश्वासन दिया कि इस सम्बन्ध में एक इन्क्वायरी होगी। मगर इस संबंध में क्या हुआ ? इन्क्वायरी होगी या नहीं कुछ भी पता नहीं। मेहरबानी करके हिल एलाउन्स सरकारी कर्मचारियों को २५ परसेन्ट दीजिए। बृटिश साम्राज्य में भी २५ परसेन्ट दिया जाता था मगर कल्याण राज्य में क्यों नहीं दिया जाता है ? कल्याण राज्य में कर्मचारियों को कम से कम खाना तो दीजिए। दार्जिलिंग में मकान मिलना तो बहुत ही मुश्किल हो गया है। जैसे कलकत्ते में मकान नहीं मिलता वैसे ही आज दार्जिलिंग में भी मकान नहीं मिल रहा है। सरकारी कर्मचारियों के लिए सिर्फ एक बिल्डिंग है। मैं कहता हूँ कि रात में सोने के लिए कम से कम क्वार्टर तो दीजिए। न मालूम क्यों दार्जिलिंग में सरकार बिल्डिंग नहीं बनवाती है।

[6-30—6-40 p.m.]

आर. टी. ए. के सम्बन्ध में इसी हाउस में कईबार आलोचना हो चुकी है। आज आर. टी. ए. ऐसा हो गया है, जैसा कि वह कांग्रेस का घराना हो। आर. टी. ए. में करप्शन इतना अधिक बढ़ गया है कि वैसा और कहीं भी नहीं है। सर, आपको बतलाऊँ कालिम्पोंग के कांग्रेस

के सिक्रेटरी पहले मास्टरी का काम करते थे। मगर कांग्रेस ज्वाइन करने के वाद सिक्रेटरी हो गये। और बाद में देखा गया कि वे आर. टी. ए. के भी मेम्बर हो गए। आर. टी. ए. में कांग्रेस और कांग्रेस पार्टी के समर्थकों को छोड़कर और किसी को नहीं लिया जाता। दार्जिलिंग के ड्राइभरों और मैकेनिकों की माँग है कि उनको नम्बर दिया जाय। और उनको भी आर. टी. ए. में रखा जाय। मगर जो ड्राइभर और मैकेनिक हैं उनको नम्बर नही दिया जाता है। नम्बर उनको दिया जाता है, जो ड्राइभर नहीं हैं और कांग्रेस के समर्थक हैं। ड्राइभरों को नम्बर नहीं मिलने से उनको खाना मिलना भी मुश्किल हो गया है। सर, आपको सुनकर आश्चर्य होगा कि दार्जिलिग के आर. टी. ए. में अँधेर मचा हुआ है।

जनरल एडमिनिस्ट्रेशन के बारेमें क्या कहें ? सर, आप भी दार्जिलिंग गए हैं। होम ट्रान्सपोर्ट की गाड़ी सरकारी काम में नही आती है। माछ के बाजार में, आलू के बाजार में होम ट्रान्सपोर्ट की गाड़ी ले जाई जाती है। रेस कोर्स ग्राउण्ड, हाकी के मैदान और फुटबाल ग्राउण्ड में होम ट्रान्सपोर्ट की गाड़ी ले जाई जाती है। सर, चाय बागान में गण्डगोल हानेपर लेवर कमिशनर से वहाँ चलने के लिए कहा जाता है तो लेवर कमिशनर कहते है कि गाड़ी नही हैं, कहाँ से जाँय ? सत्तार साहब कल्याण राज्य की बात करते हैं। मगर लेवर डिपार्टमेन्ट को एक जीप नहीं दे सकते हैं। जहाँ जिस चीज की जरूरत है, वहाँ वह नहीं मिलेती। और जहाँ जरूरत नहीं है, वहाँ मिलती है। इस तरह से आज सरकार जानता के पैसे को वर्बाद कर रही है।

Shri Ganesh Ghose :

Mr. Speaker, Sir, Administration

এর ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করতে উঠে ডাঃ রায় আমাদের এই কথা বুঝাবার চেষ্টা করেছিলেন যে এই প্রশাসনিক ব্যবস্থার জন্য যে টাকা ব্যয় করা হয় তাতে মোট টাকার অতি অল্প অংশই ব্যয় করা হয় এবং প্রতি বৎসর তাও কমে কমে যাচ্ছে। কিন্তু তিনি এটা ভুল বলেছেন। যদি বাজেট বই আলোচনা করা যায় তাহলে দেখা যায় তা নয়। তাতে আমরা যে ছবি পাই সেটা আর একটা ছবি। তার থেকে দেখি এ্যাডমিনিষ্ট্রেশন-এর জন্য অর্থাৎ আনপ্রোডাক্‌টিভ ইনভেষ্টমেণ্ট-এর জন্য,

Civil Administration, General Administration, Jail, Judiciary, Police

ইত্যাদি, এই প্রশাসনিক ব্যবস্থার জন্য যে টাকা খরচ হয় সেটা মোট টাকার অনেক বড় অংশ, এবং প্রশাসনিক ব্যবস্থার উপর অনেক বেশী গুরুত্ব দিয়ে কংগ্রেস মন্ত্রীরা বাজেট তৈরী করেন। আমরা দেখতে পাচ্ছি আগামী বৎসরের জন্য যে বাজেট তৈরী করা হচ্ছে তাতে মোট ৮৯ কোটি ২২ লক্ষ ৯০ হাজার টাকা ধরা হয়েছে। তার মধ্যে সিভিল এ্যাডমিনিষ্ট্রেশন-এ অর্থাৎ জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশনএ ৩ কোটি ৩৯ লক্ষ ২৭ হাজার টাকা ধরা হয়েছে। আর জেইল জুডিসিয়ারী, পুলিশ ইত্যাদিতে ১০ কোটি ৪৬ লক্ষ ১৮ হাজার টাকা,

Direct demand on Revenue, cost of Tax collection

ধরা হয়েছে ৬ কোটি ৭৭ লক্ষ ৬৪ হাজার টাকা অর্থাৎ

7.6 percent, State services

এ ৭ কোটি ১৬ লক্ষ ২৬ হাজার টাকা, অর্থাৎ ৪%। এইসমস্ত যোগ করলে খরচ হচ্ছে ২৭ কোটি ৮০ লক্ষ ৬৬ হাজার টাকা। অর্থাৎ মোট টাকার ৩১.১ ভাগ। শুধু জেনারেল

এ্যাডমিনিষ্ট্রেশন-এ ৩ কোটি টাকা দেখিয়ে ডাঃ রায় আমাদের বুঝিয়ে দিলেন যে তিনি মাত্র ৩ পার্সেণ্ট ব্যয় করছেন। তার আগে ৪ পার্সেণ্ট করেছেন, তার আগে ৫ পার্সেণ্ট করেছেন, এবারে ৩ পার্সেণ্ট করেছেন। তাই দেখলে দেখা যাবে যে মোট ব্যয়ের ৩১.১ ভাগ তিনি এই ব্যাপারে খরচ করছেন। আর সমাজ কল্যাণের জন্য ডাঃ রায় খরচ করছেন যেটা সেটা কত ? হেল্‌থ অ্যাণ্ড এডুকেশন-এ ২৪ কোটি ১২ লক্ষ ৪৩ হাজার টাকা। অর্থাৎ

27 percent of the total. Industry both Cottage and other industries

খরচ হচ্ছে—

2.16% of the total ; Agriculture

এ খরচ হচ্ছে ৪ কোটি ৮৬ লক্ষ ২৩ হাজার টাকা, অর্থাৎ

5,15 percent of the total.

মোট যোগ করলে ৩৪ পার্সেণ্ট হয়। আর কেবলমাত্র প্রশাসনিক ব্যবস্থার জন্য ৩১.১ পার্সেণ্ট খরচ করছেন। এবং তিনি এখানে বুঝিয়ে দিলেন যে মাত্র ৩ পার্সেণ্ট ব্যয় হচ্ছে। এর যদি কোন এক্সপ্লানেশন থাকে তাহলে যেন ডাঃ রায় দেন। তারপর এই সরকারের এচিভমেণ্ট কি সেটা দেখুন।

Administrative policy and Administrative function

এর মধ্যে পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে সেই টাকা সম্পর্কে পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে এ্যাসিউরেন্স তারা দিয়েছিলেন তার ফাইনান্সিয়াল ইম্‌প্লিকেশন -এর ব্যাপারে সেটা তারা কমপ্লিট করেছেন। অর্থাৎ সেকেণ্ড প্ল্যান-এ ১৫৭ কোটি টাকা যেটা তারা বরাদ্দ করেছিলেন সেটা সম্পূর্ণ ব্যয় করেছেন কিম্বা অপব্যয় করেছেন, যাই হোক সেটা খরচ করা হয়েছে।

বাজেট বই থেকে আমরা দেখি যে, টাকা যে খরচ করবেন তার যোগ্যতাও তাঁদের নাই।

Agriculture including Minor Irrigation and Land Development, Animal Husbandry, Dairy and Fishery, Forest and Soil Conservation Co-operation, N. E. Sand Community Development Projects.

এজন্য টোটালী সেকেণ্ড প্ল্যান-এ প্রোভিশন্‌ করা হয়েছিল ৩৪ কোটি ৪০ লক্ষ ২৯ হাজার টাকা ; এক্সপেক্‌টেড্‌ আউট লে সম্পর্কে এসবকার ৪র্থ বৎসরে যেকথা বল্‌ছেন তাঁরা খরচ করবেন ২৭ কোটি ৮৪ লক্ষ, ৪র্থ ইয়ার-এ ৬ কোটি খরচ করতে পারবেন না।

Industry, Large Scale, Medium Scale, Small Scale and Cottage Industry.

[6-40—6-50 p.m.]

সেকেণ্ড প্ল্যানে প্রভিশন ছিল ৯ কোটি ৪৬ লক্ষ ৬৫ হাজার টাকা, এখন ৪র্থ বৎসরে এঁরা বলছেন খরচ করবেন মাত্র ৭ কোটি ৯৭ লক্ষ—১ কোটি খরচ করতে পারবেন না। রোডস্‌ সেকেণ্ড প্ল্যানে প্রভিসন ছিল ১৭ কোটি ৪৭ লক্ষ, এরা বলছেন ফোর্থ ইয়ার-এ খরচ করবেন ১৪ কোটি ২৪ লক্ষ, ২ কোটি ৭ লক্ষ টাকা খরচ করতে পারেনি। হেল্‌থ্‌ সার্ভিসেস সম্বন্ধে এখানে স্বাস্থ্যমন্ত্রী অনেক আবোল-তাবোল কথা বলে গেলেন—সেকেণ্ড প্ল্যান-এ ছিল ২০ কোটি টাকা, ফোর্থ ইয়ার পর্য্যন্ত খরচ করতে পেরেছেন ১৪ কোটি ৯৪ লক্ষ, ৫ কোটি ৬৩ লক্ষ

টাকা খরচ করতে পারেননি—তারউপর, সেণ্ট্রাল এসিষ্ট্যান্স ল্যাপ্‌স্‌ করে যাবে। হাউসিং সম্বন্ধেও তাই—সেকেণ্ড প্ল্যান-এ ৭ কোটি ৬০ লক্ষ টাকা প্রভিসন ছিল, খরচ করতে পারবেন ৫ কোটি ১৫ লক্ষ, ২ কোটী ৪৪ লক্ষ টাকা খরচ করতে পারবেননা। অবশ্য ইরিগেশন এ্যাণ্ড্‌ এডুকেশন কিছু বেশী খরচ করেছেন. সেটা কিভাবে খরচ করেছেন সময় থাকলে বিস্তৃতভাবে বলতে পারতাম। এই হল—

Financial provision of the target

বাস্তবে ফিজিক্যাল এচিভমেণ্টস কি ? সেটা এক কথায় জঘন্য—মাইনর ইরিগেশন স্কীম-এ প্রভিসন টারগেট ছিল ৪ কোটি একর ইরিগেট করবেন বাই ১৯৬১। এদের এ্যাচিভমেণ্টস কি, না,

"Excavation of derelict tanks made so far about 25,000 acres. Lift irrigation by pumping plants. Pumping plants distributed in 1959—only 50. Deep Tubewell, only 12 tubewells sunk so far. Irrigation, physical target—reclamation of waste land to physical target so far only 4837 acres has been reclaimed. Industry-তে physical target—setting up 3 spinning mills. So far land has been acquired for only one spinning mill at Kalyani.
দুটো Scrape হয়ে গিয়েছে। তারপর—
Industry to set up one Estate in every Community Development Block. Only one has been set up at Baruipur."

Development of small-scale industry

জন্য এক্সপেক্‌টেড এক্সপেনডিচার ২৮ লক্ষ টাকা।

Medical and Public Health

এ ফিজিক্যাল টারগেট ছিল—

Establishment of one Mental Hospital

তাহলে কি দেশে মেণ্টাল হসপিট্যালএর প্রয়োজন নাই ? এখনো কি আমাদের এজন্য বিহার সরকারের মুখাপেক্ষী হয়ে থাকতে হবে ?

Rural water supply and construction of water supply sources. Provision for construction of water supply sources at the rate of one for 400 people in the rural area. Upto 1955, 26,000 sources have been established and 1955 to 1959, 36,000.

আমাদের রিকুয়ারমেণ্ট হচ্ছে—

At the rate of one source for 400 people,

কিন্তু বর্ত্তমানে হচ্ছে—

One source for 200 people. Industrial housing

তাঁরা বলেছিলেন—

Construction of 10,000 tenements by the end of the Second Plan period.

আজকে তাঁরা বলছেন—

Expect about 4,500 tenements by the end of the Second Plan period. Low Income Group Housing Loans

২ কোটি ১৯ লক্ষ ৭১ হাজার টাকা স্যানকশনড্ হয়েছে ফর ৩,৭০০ হাউসেস্ ; কিন্তু মধ্য-বিত্তদের মধ্যে এজন্য স্পষ্ট চাহিদা থাকা সত্ত্বেও এরা ডিসবার্স করেছেন ১ কোটি ৭০ হাজার টাকা, বাড়ী তৈরী হয়েছে ১,২৫৮, সুতরাং—

Physical achievements 31 percent of the total consolidated Fund of West Bengal.

তারপর, কংগ্রেসের দুর্নীতি সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। দুর্নীতি রয়েছে এটা যদি এঁরা ভাল করে স্বীকার করে নিতেন তাহলে এঁদের সিন্সিয়ারিটি অব পারপাস্ বুঝা যেত। এবং এসম্পর্কে আমরা যেসমস্ত সাজেশন্ দিই সেগুলি যদি বিবেচনা করতেন এদের মধ্যে আমাদের সাজেশন্ নিয়ে একটা ফেরোসাস রেজিসট্যান্স আছে। তবু বলতে হবে এঁরা শাসনকে দুর্নীতিমুক্ত করতে চান। মিঃ স্পীকার স্যার, আজকে দেশে নানাভাবে দুর্নীতি চলছে, প্রফেসর ক্যালডর হিসাব করে দেখিয়ে দিয়েছেন কত কোটি কোটি টাকা আজকে সরকারী তহবিল থেকে নষ্ট হয়ে যাচ্ছে। ১৯৫৪ সালে

Commercial Tax Commissioner

ছিলেন শ্রী এইচ্, এন, রায়। তিনি এখন আমাদের ফিন্যান্স সেক্রেটারী তিনি একজন লোককে সার্টিফিকেট দেন ১লা এপ্রিল, ১৯৫৪, এবং সেই ডকুমেন্টের নাম্বার হচ্ছে ২৯৯৯, সি, টি,—সার্টিফিকেটটা ছিল এরকম—

I have great pleasure to certify that Shri Malchand Sethia has given very valu- able information to the department.

কিন্তু এতেও তিনি সন্তুষ্ট করতে পারলেন না—তিনি সমস্ত অফিসারকে ডেকে একে সাহায্য করার জন্য বলে দেন। এর সুযোগ নিয়ে শেঠিয়া ব্লাকমেইল করতে আরম্ভ করলেন এবং অনেকগুলি খারাপ কাজ করলেন। তারপর যখন ব্যাপারটা জানাজানি হল তখন কমার্শিয়াল ট্যাক্স কমিশনার ধামাচাপা দেবার চেষ্টা করলেন। কেসটা যখন এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ-এ গেল তখন কমার্শিয়াল ট্যাক্স কমিশনার চেষ্টা করেন এন্টি-করাপশন যেন এনকোয়ারী না করে। ইতিমধ্যে ২৪ লক্ষ টাকা ফাঁকি দেওয়া হয়ে গিয়েছে। তারপর বজবং মেরের কেস্।

ডাঃ রায়, এসম্বন্ধে কি একটা অনুসন্ধান হবে ? ডাঃ রায়কে কোন সাজেশান দিলে উনি সেগুলোকে উড়িয়ে দেন। সেদিন দুর্গাপুর সম্বন্ধে কয়েকটি কথা চিন্তা করতে বলাতে উনি উঠে দাঁড়িয়ে বললেন "মাই ফ্রেণ্ড গণেশ সেজ্ ভেবে দেখুন—আরে আমরা কি ভেবে না দেখে কিছু করছি।" এই হয়েছে ওর অ্যাটিচউড। রাষ্ট্রের মুখ্যমন্ত্রীর সুযোগ নিয়ে ডাঃ রায় যেসমস্ত কাজ করেন তাতে তাঁর এ্যাডমিনিষ্ট্রেশান হেড থাকা উচিত নয়। এবিষয়ে ছোট একটা উদাহরণ দেব। বন্যার সময় মুখ্যমন্ত্রী একটা বন্যা ফাণ্ড খুলেছিলেন এবং তাতে দলমত নির্বিশেষে এখানকার বহুলোক ও বিদেশের লোকও টাকা দিয়েছেন। কিন্তু এই সুযোগ নিয়ে তিনি পার্টির হয়ে প্রচার করেছেন। এক্ষেত্রে আমি একটা ছোট সার্কুলারের কথা বলছি। এর ঠিকানা হচ্ছে পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস কমিটি, কংগ্রেস ভবন, চৌরঙ্গী—W. C. 1/3319, dated 1. 12. 59.

এটা লেখা হয়েছে শ্রীমাহালী, নওয়াগড়, জেলা পুরুলিয়া এবং তাতে আছে—"প্রিয় বন্ধু রাজনৈতিক কর্মী হিসাবে পশ্চিমবঙ্গের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী ডাঃ রায় আপনার জন্য কিছু টাক প্রদেশ কংগ্রেস কমিটির দপ্তরে পাঠাইয়া দিয়াছেন।" এর উপর আর কিছু কমে কমের্ প্রয়োজন নেই। তাঁকে বৈকালে আসিয়া লইয়া যাইবার জন্যও অনুরোধ করা আছে মুখ্যমন্ত্রী যাঁর ক্ষমতার সীমা নেই, তিনি যা খুশী তাই করেন। মুখ্যমন্ত্রী তিনি একজন ফুটবঃ সেক্রেটারীর জন্যও ক্যানভাস করতে পাবেন। এ্যাডমিনিষ্ট্রেশান হেড-এ বসে এসব কর মানে ক্ষমতার অপব্যবহার করা। তারপর স্বাধীনতা একটা বাড়ী যোগাড় করেছিলেন উনি সেটাকে রিকুইজিশান করে নিলেন। সেই বাড়ীটা সিঙ্গল-সিটেড রুম তার একট কমার্শিয়াল কলেজ হয়না। উনি বললেন যে ভেঙ্গে নিয়ে নূতন বাড়ী তৈরী করব, তঃ স্বাধীনতাকে দেব না। এ্যাডমিনিষ্ট্রেশানের হেড-এ বসে যদি এইভাবে ক্ষমতার অপব্যবহাঃ করেন তাহলে সেই এ্যাডমিনিষ্ট্রেশানে টাকা দেওয়া উচিত নয়। জমি, বাড়ী, সম্পত্তি ইত্যাদি কেনা নিয়ে বহুবার বলেছি, কিন্তু উনি এনকোয়ারী করতে রাজী নন। আপনি যদি ত্রুটিমুক্ত হতে চান তাহলে এনকোয়ারী করুন আমরাও তাতে সহায়তা করব। এইভাবে তদন্ত করে প্রমাণকাব দিন যে আমরা যা বলি তা সত্য নয়। সেজন্য বলছি যে যদি সাহস থাকে তাহলে আমরা যেসমস্ত ঘটনা বলি সেগুলোব তদন্ত করা হোক। কিন্তু আমবা বহুবার বলেছি উনি তাতে রাজী নন। কুমার বিশ্বনাথ রায়েব কাশীপুরে কিছু জমি আছে— ২৯।১।১বি, বি, টি, বোড—সেই জমিব পবিমাণ ১৭ বিঘা ১১কাঠা ৯ ছটাক। এই জমি ১৯৫৬ সালে কেনা হয়েছে এর প্রাইস্ হচ্ছে ৫ লক্ষ ২০ হাজার টাকা। এখানে ১ হাজার টাকা করে যদি কাঠা হয় তাহলে ১ লক্ষ ৭৫ হাজাব টাকা বেশী দেওয়া হয়েছে বলে আমরা মনে কবি। ডাঃ রায় যদি মনে কবেন যে সব ঠিক আছে তাহলে আমি বলব যে উনি আমাদের সন্দেহমুক্ত করুন। অর্থাৎ এটা ফেয়ার প্রাইসে কেনা হয়েছে কিনা তার জন্য একটা এনকোয়ারী কমিশন বসানো হোক এবং তাহলে আমরাও সহযোগিতা করব। তদন্তে যদি প্রমাণিত হয় যে আপনাদের কোন অন্যায় হয়নি তাহলে ভবিষ্যতে এইসব বিষয় নিয়ে বলার আগে আমরা বেশী চিন্তা করে বলব।

[6-50—7 p.m.]

এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ সম্বন্ধে উনি অনেক কথাই বলছেন। আমি একটা খবর পেয়েছি এবং সে সম্বন্ধে ওনাকে জিজ্ঞেস করব যে, ১৯৫ই সালে সেপ্টেম্বব অক্টোবর মাসে খড়গপুর ওয়ার্ড হতে টেষ্ট রিলিফেব কাজের মারফৎ ২টি রাস্তার জন্য ৮ হাজার টাকা টি. আর. স্কীম স্যাংশন ছিল কিন্তু স্যাংশন ছাড়াই এই স্কীমকে ৮৯ হাজার টাকায় পবিণত করা হোল। এনকোয়ারী করে দেখা গেল যে ১২ লক্ষ কিউবিক ফিট মাটি কাটা হয়েছে এবং তারজন্য ৬৯ হাজার টাকা করা হয়েছে এবং '৫৭ হাজার টাকা মিসএ্যাপোপ্রিয়েট করা হয়েছে। এ ব্যাপারটা আমাদের এই হাউসেব সদস্য নারায়ণ চোবে মহাশয় জানতে পারেন এবং সমস্ত বিষয় অনুসন্ধান করে ডাঃ রায়কে খবর দেন। উনি ডিষ্ট্রিক্ট এনফোর্সমেণ্ট ব্রাঞ্চে খবর পাঠান এবং ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে জানাবার পরে ওখানকার সার্কেল অফিসার এসে সমস্ত জিনিষটা মাটিচাপা দিয়ে অন্যায়ভাবে একটা হিসেব দেন। তারপর যখন এটা ডিষ্ট্রিক্ট এনফোর্সমেণ্ট ব্রাঞ্চে যায় তখন তাঁরা হিসেব কর দেখলেন যে সত্যি সত্যিই ৫৭ হাজার টাকা মিসএ্যাপ্রোপ্রিয়েট করা হয়েছে এবং অ্যাটওয়ানস তাঁরা ব্যাপারটা ডাঃ রায়কে জানিয়ে

·দিলেন। কিন্তু আজ পর্য্যন্তও এ ব্যাপারে কোন অ্যাকশন নেওয়া হোলনা। অবশ্য ডা: রায় একটা অ্যাকশন্ নিয়েছেন এবং সেই অ্যাকশন্‌টা হোল যে সার্কেল অফিসার অন্যায়ভাবে মিথ্যা রিপোর্ট দিয়েছিলেন তাকে সার্কেল অফিসার থেকে প্রমোশন দিয়ে মেদিনীপুরের ডিষ্ট্রিক্ট ট্রেজারী অফিসার করা হয়েছে, কাজেই এই সমস্ত ব্যাপার যেখানে হয় সেই প্রশাসনিক খাতে টাকা দেওয়া উচিত নয়।

The Hon'able Khagendra Nath Das Gupta :

মাননীয় স্পীকার মহাশয়, শ্রীমনোরঞ্জন হাজরা মহাশয় আমাকে আক্রমণ করে যেসব উক্তি করেছেন তা সম্পূর্ণ অসত্য এবং অভিসন্ধিমূলক। সেন এণ্ড সেন কোম্পানী আসানসোলে কি কাজ নিয়েছে তা আমি জানিনা। আমি আজ এক বছরের মধ্যে আসানসোলে যাইনি, দু বছরের মধ্যে গিয়েছি কি না সন্দেহ। আর ওদের কাজ সম্পর্কে একজিকিউটিভ ইঞ্জিনিয়ার দূরের কথা,

Executive Engineer, Superintending Engineer, Chief Engineer

ইত্যাদি কারুর সঙ্গে আমার কোন আলোচনা হয়নি। তারপর বলা হয়েছে যে হরেনবাবু তার ভাইপো বা ভাগ্নে কার জন্য নাকি আমাকে চাকরীর কথা বলেছিলেন, কিন্তু আমি বলব যে হরেনবাবু কাউকে চাকরী করে দেবার জন্যে আমাকে অনুরোধ জানান নি। লোয়েষ্ট টেণ্ডার, বোর্ড ইত্যাদি সম্পর্কে যেসব উক্তি করেছেন সেসব বিষয় নিয়ে কালকে আমার বাজেটে যে কাটমোশান আছে তার উপর বললে আমি তার যথাযথ উত্তর দেব।

Shri Jyoti Basu :

where is your brother ?

আপনার কোন ভাই কি কনট্রাক্টার নেই ?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

কালকে বলবেন, আমি সমস্ত উত্তর দেব।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, before I come to reply to the various members who have spoken on the budget, let me take the privilege of calling Shri Monoranjan Hazra the purveyor of untruths. Every word which he has said about me, about calling Mr. A. K. Roy here and about Mrs. Bella Sen having a house in South Calcutta—everyone of them is untrue. Let him give me in writing outside. I shall challenge him and I shall show him what is what but not in the precincts of the Assembly. I have never heard such a contemtible bit of untruth. I do not know what has possessed my friends on the opposite side. They seem to revel in what is untruth and what is dirt and filth. I am very sorry to say so that we are going down and down so far as this Assembly work is concerned. Can we not talk about bigger things instead of attacking things on the basis of pure fabrication and untruth ?

I now come to pass on to the points that have been raised by different persons. My friend, Shri Jyoti Basu, has said that I have tried to manipulate the figures. It was not clear that the pay of the officers have been increased more than a corresponding increase in the pay of the staff. I have got heroe the

figures for 1957, 1958 and 1959. The total emoluments for the year 1957, 1958 and 1959 are 1 crore and 91 lakhs for all staff. For 1958 it was 2 crores 8 lakhs and 5 thousand and for 1959 it was 2 crores and 26 lakhs. The emoluments for the gazetted employees have gone down to Rs, 25 lakhs and 30 thousand which was 13 per cent of the total expenditure of that year. Next year it was Rs. 26 lakhs, i. e. 12. 7 per cent and in 1959 it was Rs. 28 lakhs i. e. 12. 5 per cent.

Therefore, there is no jugglery of figures. Only it is a question of how we put the figures in order to make our case stronger. Sir, he has said that in the Centre they have got the total number of temporary employees very low whereas we have got very large number of temporary employees.

Shri Jyoti Basu : Sir, I did not say that. I said "the Central Pay Commission has recommended that not more than ten per cent should be temporary".

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Let us see what is the exact position. I have got here the Pay Commission's Report which shows that in Railways 18 p.c. are temporary, in the Civilians in Defence Department 68 per cent are temporay, in the Posts and Telegraphs Department 22.90 percent are temporary, and in other Ministries which we can compare with our arrangements the total number is 57.31. I do not consider it is a very desirable thing to have so many temporary people working in an administration, but it is necessary for us to remember that there are Departments is West Bengal like the Refugee Rehabilitaion Department, in particular, like the Land Revenue Department. Settlement Department, Food Department, Relief and Supplies Department where the appointments by their very nature are bound to be more or less temporary. It is good if we could make them permanent and within the last two or three years we have made 12,000 of these posts permanent, but it is not possible to make every appointment if the Department itself is temporary. Sir Shri Jyoti Basu has raised the question of a gentleman called Baidya Nath Bose He was a lower division assistant in the Commercial Tax Directorate. He was transferred from Calcutta to Darjeeling where a post was required to be filled up urgently. This transfer was made in the normal course of administration The assistant had been in Calcutta for a long time. However, he did not carry out the transfer order, and after waiting for some time since he did not join, he was released from that post.

The next point is with regard to the staff of the Assembly Secretariat. I think I was right when I said that according to the West Bengal Legislative Assembly Secretariat Rules which are printed and circulated—and according to Article 187 of the Constitution the Governor after consultation with the Speaker of the West Bengal Legislative Assembly is supposed to make these rules—there shall be a Separate Secretariat of the West Bengal Legislative Assembly which shall consist of the posts specified in Appendix I. Subject to the control of the Speaker, the Secretary shall administer the Assembly Secretar-

iat and for the purpose of administration of the Assembly Secretariat the Secretary shall exercise all the powers of a Head of Department. The Secretary shall be appointed by the Governor, but all the appointments to the other posts of the Assembly Secretariat included in the West Bengal General Service shall be made by the Speaker, and all other appointments to the subordinate and inferior staff shall be made by the Secretary. If any addition is to be made to the total number of the staff, which was done a little while ago—there was an addition of three in the gazetted rank and about twenty in other ranks—then once they have got to get the sanction of the Finance Department and then all the appointments are made by the Speaker or by the Secretary as the case may be.

[7—7-10 p.m.]

Sir, Mr. Ganesh Ghosh has raised the issue of our spending on other departments rather than on general administration. Sir, I have here figures which show tha of the total revenue expenditure the amount we spend on nation-building departments is 49.4 p.c. in 1959-60 and 51 p.c. in 1960-61, and total expenditure on general administration is 3.35 and 3.51 respectively. Sir, a lot has been said about our rules regarding the conduct of Government servants which they say are very stringent. Sir, the Central Pay Commission has made some pertinent remarks which I want to put before the House. They say "after/careful of all the relevant factors we have come to the conclusion that change or relaxation of the existing restrictions in the political rights of civil servants would not be in the public interest or in the interest of the employees themselves". Regarding the right to strike the Central Pay Commission pointed out that striking is disciplinary offence. In the United Kingdom and under U.S. public law No. 330 participation in any strike by Government employee or by an employee of a Government, Corporation or Agency is a felony, punishable with fine or with imprisonment. We are definitely of the view that it is wrong for a public servant to resort to strike or threaten to do so and that persons entrusted with the responsibility of operating service essential to the life of the community should seek to disorganise and interrupt those services in order to promote aheir interest. Apart from this moral aspect .there is little doubt that in Indian condition there is even a possibility of eruption of indiscipline in actual form in one section of the community or another. A strike or even a demonstration by Government servant cannot but be a factor making for indiscipline generally." As I have said many times this question came up before the court. It came before the High Court of Calcutta—these Conduct Rules framed by the Government of West Bengal are stated to have infringed the fundamental rights guaranteed by the Constitution. It has been stated by the Supreme Court that a standard of general pattern of reasonableness can be laid down as applicable to all cases. The nature of the right alleged to have been infringed, the under lying purpose of the restrictions imposed, the extent and urgency of the flaw

sought to be remedied thereby is disproportionate of the imposition under prevailing condition. As Government servants they have to maintain a very high standard of tutegrity and conduct and above all they have to be strictly impartial. The conduct rules are merely designed to ensure efficiency, honesty and impartiality of public service so that they may serve the State properly and can prove effective as Government servants. The reasonableness or otherwise of the restrictions imposed on Government servants should therefore be viewed against this background. Sir, Mr. Justice Bose in Butto Kristo Burman's case said that the Government Servants are a class by themselves with certain rights' privileges and disabilities attached to them. If a certain standard of conduct is expected from them and certain rules are framed for the purpose of regulating such conduct or for compelling the Government servants to conform to such standard of conduct, these can hardly be regarded as unreasonable restrictions on the fundamental rights guaranteed to such servants in their capacity as citizens of the Indian Union. Similar thing happened in a judgment of the Supreme Court—I need not worry you with that.

Sir, a question has been raised that why in the case of a meeting at which they called in Shri Nishapati Majhi, no objection was taken but if it is a question of calling in, say, Shri Siddhartha Shankar Ray, we object. Sir, if you read the rules, the rules say that no person who is not in the active service of the Government shall be allowed to attend or take part in the deliberations of a meeting except with the previous permission of the Government. If any particular association wants to call in somebody from outside, all that it needs to do is to ask the permission from Government. So this is the defference between the one and the other.

Sir, my friend Shri Jyoti Basu thinks that we should have a tribunal because every Minister is corrupt, every fellow in the Ministary is corrupt and the only good and honest men are those who sit on that side of the House. They can please themselves, I have nothing to say, but we have our own method of assessment of individual likes and dislikes and individual temperament. I do not want to protest against that but as the Prime Minister has said and we had discussed about it, if I get a rigid case—not a **mutfarakka** case as my friend Shri Hazra has referred—if it is a rigid case with proof, I promise I will not spare anybody whoever he is, including myself, but it must be a rigid case. My difficulty, is that many people, when they think that anotherr person is corrupt, are only looking at a mirror and seeing their own faces. I would like them to take a searchlight and throw it inwards. Let them find out what is inside them before they blame others. Sir, I do not doubt whatsoever that whereve human beings work, wherever there is a mass of human beings dorng some work, wherever there is a large number of people open to temptation there may be corruption- I do not doubt it at all, and it is the duty of every citizen, whether he belongs to this or that side of the House, to take the

evidence as we are prepared to face the issue and bring the culprit to book. That is the only way you can cure him, not by simply throwing mud in the hope that some time or other some mud will stick at least for some time. That is not the way in which we can clean the body politic.

[7-10—7-22 p.m.]

Sir, Shri Jyoti Basu has raised the question of 107 men of the Industries Department. I know this case because I have the files with me. It is no retrenchment at all. These men have been working under the khadi Board. On the 1st of April they are being transferred over to the new khadi and Village Industries Board which is an autonomous Board. Therefore, there must be a break in their service. All that they have been told is that on that date "your present appointment under the Government will cease, but you will continue to work in the other office". There is no question of retrcnehment.

About the 21 employees of the L and L. R. Department, however, I do not know. If papers are sent to me I will look into the matter.]

A certain number of persons whose names are placed before me belonging to the Refugee Rehabilitation Department—about 53 of them—and we are trying to put them somewhere. I may tell my friends that when the Food Department was abolished 3 or 4 years ago there were 12,000 people and we had to carry the burden of these people in order that they might not suffer because of the abolition of the Food Department. We had to take them over from one office to another. We shall have to do the same thing also with regard to any other department.

Shri Ganesh Ghosh has said something abont Rs. 20,000 that has been paid to the Congress organisation. Sir, this is a sum which was sent by Pandit Govind Ballabh Pant to be handed over for the redress of Congress political sufferers and the only thing I could do was to hand the money over to the Congress organisation because I do not know all the sufferers. This has nothing to do with the money that I have raised or the money belonging to the Government. As a matter of fact he has told that I have given money to this or the other organisation, but I have also given money to the Communist group, to the People's Relief Committee also. (Shri Niranjan Sen Gupta : Only Rs. 1,500). Even now if they can show that they have done work they will get it. I can claim that in the matter of distribution of relief there has been no discrimination made between a Congress and a non-Congress man. Such matters never entered my head, and I do not think anybody, not even my worst enemy—can blame me—not even Shri Ganesh Ghosh can blame me.

With these words, I oppose all the cut motions and commend my motion for the acceptance of the House.

Shri Jyoti Basu: What about the circular that was sent by the Prime Minister on the Muslims? You have not replied to that. A letter from the Prime Minister came to you about a year ago.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not remember.

Shri Jyoti Basu: But your memory is very good.

রাজ্য সরকার কিছুটা ঝুঁকি লইয়াও ঋণদানের শর্ত বহুল পরিমানে সহজ করেছেন। ক্ষুদ্র ব্যক্তিগত শিল্পকে ঋণের সহায়তায় রক্ষা করা ও উন্নতিসাধনের কথা ছেড়ে দিলেও শিল্প সমবায় সমূহকে ঋণদান, হস্তচলিত তাঁত প্রস্তুত বস্ত্র ও অন্যান্য কুটিরশিল্পজাত দ্রব্য সোজাসুজি অথবা সমবায় প্রতিষ্ঠানগুলির মাধ্যমে বিক্রয় করবার জন্য নানা স্থানে বিক্রয়কেন্দ্র ও গণ্যশালাসমূহ প্রতিষ্ঠার কাজ পরিদর্শন ও পরিচালনার ব্যাপারে সাহায্য প্রভৃতি এই বিভাগ বহু উন্নয়নমূলক কার্য্যসূচী কাজ পরিদর্শন ও পরিচালনার ব্যাপারে সাহায্য প্রভৃতি এই বিভাগ বহু উন্নয়নমূলক কার্য্যসূচী হাতে নিয়েছে। এর মধ্যে কতকগুলি কেন্দ্রীয় সরকারের নিকট হতে অনুমোদিত হারে সাহায্য দ্বারা চলে।

পুরুলিয়া পশ্চিমবঙ্গে যুক্ত হওয়ায় সমগ্র ভারতে যে লাক্ষা জন্মায় তার এক চতুর্থাংশেরও বেশী পশ্চিমবঙ্গ উৎপন্ন করে. এবং কাজের উপযোগী করিয়া তৈরী যে পরিমান লাক্ষা বিদেশে রপ্তানি হয়, তার অর্দ্ধেক পরিমান কলকাতা থেকেই রপ্তানি হয়। রাজ্যসরকার যে শুধু কেবল লাক্ষাপালকদের সাহায্য করতে আগ্রহান্বিত তা নয় লাক্ষাকে কাজের উপযোগী করে তৈরী করতে যে-সকল প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সেই সকল প্রতিষ্ঠানের মাধ্যমে লাক্ষাচাষ ও লাক্ষাশিল্পকে স্থায়ী রূপদানের জন্য ও সরকার বিশেষ আগ্রহান্বিত যথাযোগ্য সহযোগিতা লাভ করবার উদ্দেশ্যে কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগ এখন লাক্ষা চাষ হ'তে শুরু করে উৎপাদন ও বিপণন প্রভৃতি লাক্ষার সব কাজই করছেন। এই সম্পর্কিত সমগ্র ব্যাপারে রাজ্যসরকারকে পরামর্শ দান করবার জন্য একটি লাক্ষা বোর্ড গঠন করা হয়েছে। চারটি বীজলাক্ষা ফার্ম (খামার) ইতিমধ্যেই প্রতিষ্ঠিত হয়েছে একটি পুরুলিয়ায় এবং তিনটি বাঁকুড়ায়। এখন পর্য্যন্ত ৫০০ মণ বীজলাক্ষা উৎপন্ন হয়েছে। ১৯৬০-৬১ সালে পুরুলিয়ায় আরও চারটি বীজলাক্ষার ফার্ম বা খামার

প্রতিষ্ঠিত হবে। পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরের আদিবাসীরা লাক্ষার চাষ আরম্ভ ও লাক্ষা চাষের উন্নতি ব্যাপারে বিভিন্ন ধরনের আর্থিক সাহায্য ও যন্ত্রপাতি ব্যবহার সম্পর্কে উপদেশ লাভ করছেন।

উৎকর্ষ ও মান-নিয়ন্ত্রণ ব্যাপারে সাফল্যলাভ করতে এবং বিপণন সমস্যা আয়ত্ত করতে যদিও এখনও আমাদের কিছু বিলম্ব হবে—তথাপি তালা, ছুরি, কাঁচি, রেশম, ছাপাশাড়ী, তাঁত-বস্ত্র, গৃহনির্মাণের লোহার সরঞ্জাম, খেলাধুলার সামগ্রী, কালি ও হাতির দাঁতের জিনিষ প্রভৃতি সম্পর্কে উৎকর্ষ নিয়ন্ত্রণ কর্মসূচী প্রবর্তনের সূচনা ইতোমধ্যেই আরম্ভ করা হয়েছে। একটি রেজিষ্টার্ড কোম্পানী অথবা মার্কেটিং কর্পোরেশন প্রতিষ্ঠা করার প্রস্তাবও বিবেচনা করা হচ্ছে। এই প্রতিষ্ঠান পরিশেষে এই বিভাগের হয়ে কাঁচা মাল সংগ্রহ, বিক্রয়কেন্দ্র চালান এবং কুটিরশিল্পজাত দ্রব্য বিপণন সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করবে।

শিল্প-অধিকার সংগঠনের কাজ সুদৃঢ় হয়েছে এবং অতিরিক্ত কর্মচারী নিযুক্ত করে পরিসংখ্যান সম্পর্কিত বিভাগ যথেষ্ট পরিবর্দ্ধিত করা হয়েছে। ক্ষুদ্র শিল্প সম্পর্কে তথ্য সংগ্রহ ও বিভিন্ন সমস্যার প্রতি দৃষ্টি আকর্ষণে এবং নীতি ও কর্মসূচী প্রণয়নে তাদের সহযোগিতা বিশেষ কার্য্যকরী হবে।

আমি আমার বাজেট পেশ করে আমার যা বক্তব্য তা বললাম। বাজেট বিবেচনার সময় সদস্যদের আলোচনা এবং সমালোচনার পরেতে আমি তার উত্তর দেবো।

Mr. Speaker : Cut motions Nos. 2 and 17 are out of order. They relate to Central subject. Part of 13 is about fixation of minimum wages. This relates to Labour Department. Cut motions Nos. 22 and 25 relate to Cottage Industries. Members will be allowed to speak when Grant No. 28 will be discussed.

Shri Pabitra Mohan Roy · Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Satyendra Narayan Mazumdar : Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Elias Razi : Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Gobinda Charan Maji : Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be redueed by Rs. 100.

Shri Basanta Lal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Phakir Chandra Ray: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Renupada Halder: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Niranjan Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Narayan Chobey: Sir, I beg to move that the demand of Rs.1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrlal Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Saroj Roy: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Benarashi Prosad Jha: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Mihirlal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani. Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Ajit Kumar Ganguli: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that the demand of Rs 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Ledu Majhi: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads '43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Shyama Prasanna Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 1,33 98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Sunil Das: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Jagat Bose: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Rama Shankar Prasad: Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Mukhopadhyay : *Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads* "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Deo Prakash Rai : Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Tarapada Dey : Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,0 00 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Bhupal Chandra Panda : Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra : Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Suhrid Mullick Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Bijoy Krishna Modak : Sir, I beg to move that the demand of Rs. 1,33,98,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Industries and 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Ajit Kumar Ganguli : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Dr. Pabitra Mohan Roy : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Turku Hasda : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant. No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Satyendra Narayan Mazumdar : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Phakir Chandra Ray : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100

Shri Basanta Lal Chatterjee : Sir, I beg to move, that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri : Sir, I beg to move that the demand of Rs. 1,99.05,000 for expenditure nnder Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Dr. Ranendra Nath Sen : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Ramanuj Haldar : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Indust-

ries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Renupada Halder: Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Indnstries" be reduced by Rs. 100.

Shri Sasabindu Bera : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industrias" be reduced by Rs. 100.

Shri Bhakta Chandra Roy : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Niranjan Sen Gupta ; Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the revenue Account—Cottage Iudustries" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shrimati Labanya Prova Ghosh : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account - Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries - Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Suhrid Mullick Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Bijoy Krishna Modak : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Roy : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Sunil Das : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Jagat Bose : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Chitta Basu : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be

Shri Rama Shankar Prasad : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Mukhopadhyay : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries - 72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Deo Prakash Rai : Sir, I beg to move that the demand of Rs 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Bhandari : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Tarapada Dey : Sir, I beg to move that the demand of Rs. 1,99,05,000 for expenditure under Grant No. 28, Major Heads "43—Industries—Cottage Industries—72 - Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries" be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Mukhopadhyay : স্পীকার মহোদয়, মন্ত্রী মহাশয় যে চিত্র আমাদের কাছে উপস্থিত করছেন সে চিত্র থেকে সরকার পক্ষ কতখানি ভরসা পেয়েছেন আমি জানি না। কিন্তু গত ৫ বছরের যে Target ছিল বলে তিনি ঘোষণা করেছিলেন তা যদি হিসাবের মধ্যে আনতে হয় তাহলে আমরা দেখি যে সমগ্র পরিস্থিতিটা একেবারে হতাশাব্যঞ্জক হয়ে দাঁড়িয়েছে। সুতরাং সরকার পক্ষ সহজেই একথা বলছেন যে পঞ্চ বার্ষিকী পরিকল্পনার মধ্যে যে বড় বড় শিল্প বা মাঝারী শিল্প ছিল তার নিয়ন্ত্রণ তাদের হাতে নাই। সুতরাং তারা সহজেই পাশ কাটাতে গিয়ে তাদের দায়িত্ব এড়াতে চাচ্ছেন। কিন্তু পশ্চিমবঙ্গের মুক্তির উপায় যে দ্রুত শিল্পায়ণ তা সকলেই স্বীকার করেন কিন্তু পশ্চিমবঙ্গের দ্রুত শিল্পায়ণের ক্ষেত্রে যে সকল বৃহৎ ও মাঝারী শিল্প আছে সেগুলি আস্তে আস্তে বেজাতীয় পুঁজিপতি-গোষ্ঠীর হস্তে ন্যস্ত হচ্ছে এবং পরিপূর্ণভাবে তারাই সমগ্র মহাদেশে সেই শিল্পগুলি নিয়ন্ত্রণ করছেন। এটা আরও পরিষ্কার হয়ে উঠেছে চরা কারবার Control বা এখানকার বাজেটের যে চিত্র বা চরিত্রের মধ্য দিয়ে। স্যার, আপনি জানেন—আমরা এখন তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনার সম্মুখে দাঁড়িয়েছি। ১৯৫৫-৫৬ সালের ডাঃ রায়ের যে বাজেট speech তার মধ্যে তিনি দ্রুত শিল্পায়ণের কথা বলেছিলেন এবং বলেছিলেন যে একমাত্র সেই পথেই পশ্চিমবাংলার জনসাধারণের Rilief দেওয়া সম্ভবপর হবে। State Group এরকম বাক্য বহুবার বহু

ক্ষেত্রে উচ্চারণ করেছেন কিন্তু বাস্তব ক্ষেত্রে আমরা লক্ষ্য করে দেখছি সে সবের কোন চিহ্ন বা স্বাক্ষর রাখা যাচ্ছে না। তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনার সম্মুখে দাঁড়িয়ে আমরা যদি একবার World Map এর দিকে তাকাই তাহলে দেখবো অন্তত: আমাদের দেশের সঙ্গে যাদের কিছু কিছু মিল আছে তাদের তুলনায় আমাদের শিল্পায়ণের গতি শুধু মন্থর বা শ্লথ নয় বহু জায়গায় সরকারী হস্তক্ষেপের ফলে, সরকারী নীতির ফলে অগ্রগতি ব্যাহত হতে আরম্ভ করেছে। W. S. S. R. দশ বছরের শিল্প সমৃদ্ধ আমেরিকাকেও ছাড়িয়ে যাওয়ার পথ গ্রহণ করেছে এবং ছাড়িয়েও যাচ্ছে। তার কথা বাদই দিলাম। কিন্তু চীনের কাছ থেকে কি আমরা কোন শিক্ষালাভ করতে পারি না? আমি জানি চীনের কথা উল্লেখ মন্ত্রী মহাশয়রা ঠিক পছন্দ করেন না কিন্তু একথাও সত্য যে আমাদের দেশের মত পশ্চাদপদ চীনে অলৌকিক কাণ্ড ঘটল। যারা বড় বড় শিল্পের Heavy Industryর Basic Industryর পরিকল্পনা গ্রহণ করেছে এবং সে পথে তারা এগিয়ে চলেছে কিন্তু সঙ্গে সঙ্গে সমগ্র দেশের একটা Wide Range or Small Industries Cooperative এর মারফৎ স্থাপন করেছে, এভাবে তারা সমগ্র মানুষকে উদ্বুদ্ধ করেছে এবং Production এরকম অবস্থায় দাঁড় করিয়েছে। আমাদের যে সমস্ত অসুবিধা আছে financeএর অসুবিধা আছে Capitalএর অসুবিধা আছে, Raw Materialsএর অসুবিধা আছে, techniciansএর অসুবিধা আছে সেই অসুবিধা চীনের ক্ষেত্রেও প্রযোজ্য কেন নয়, এই সমস্ত Small Scale Industries করতে করতে বৃহৎ বৃহৎ শিল্পের পটভূমিকায় সমগ্র দেশকে উদ্বুদ্ধ করতে সমর্থ হয়েছে। এখানে অনেক সময় Population Growthএর কথা বলা হয় কিন্তু চীনে এই Growth of Population উৎকণ্ঠার কারণ না হয়ে, বিপদ না হয়ে সম্পদ হয়ে দাঁড়িয়েছে এবং Production যা হচ্ছে বড় বড় শিল্পে সেই Total Industries এর ¾ ভাগ থেকে ⅔ ভাগ এই সমস্ত Small Scale Industry মারফৎ উৎপাদন করতে সমর্থ হয়েছে।

[3-40—3-50 p.m.]

এটা কেমন করে সম্ভব যেখানে এই capital এর অভাব এবং সেই সমস্ত Technician এর অভাব? তারা বহু পরিমাণ সমস্ত মানুষকে উদ্বুদ্ধ করে কাজে লাগিয়ে তা সম্ভবপর করে তুলেছে। আর আমাদের দেশে সমস্ত জায়গায় Industrialist দের কাছে যান তারা ঐ কথা বলবেন। ছোট মাঝারী small industry তারাও মুখাপেক্ষী হয়ে পড়েছে। অধিকাংশ জায়গায় তা উঠে যেতে আরম্ভ করেছে। অধিকাংশ জন সাধারনের ক্ষেত্রে সে employment এর প্রশ্ন বলুন সমগ্র দিকে একটু লক্ষ্য করলে দেখতে পাবেন একান্ত ব্যর্থতার চিত্র পরিস্ফুট হচ্ছে।

মন্ত্রীমহাশয় বলেছেন যে আমাদের এখানে Optical glass factoryর কারখানা আমরা জানি সোভিয়েট assistance এ তা হবে 3rd five year plan এ। তা defer করা হয়েছে। যে Manufacturing Company এখানে করার কথা ছিল, তাও বোম্বে প্রভৃতি জায়গায় চলে গেছে। কোন্‌দিকে আমাদের পশ্চিমবঙ্গ সরকার কি করেছেন জানতে পারি কি? আমরা দেখছি সে ক্ষেত্রে বিন্দুমাত্র আমাদের সরকারে দৃষ্টি আছে বলে আমরা জানিনা। এইরূপ একটা প্রয়োজনীয় Industry আমাদের পশ্চিমবঙ্গ সরকারে হাত থেকে অন্য রাজ্য সরকারের হাতে চলে যাচ্ছে। সরকারের যদি এখন সামগ্রিক পরিস্থিতি দেখা যায়, সরকারের উদ্দেশ্য ও লক্ষ্য বাস্তবে তারা কি করতে যাচ্ছেন তা analyse করলে দেখতে পাব এই Accountএ Industryতে

৯১ লক্ষ ৩৪ হাজার টাকা ধরা হয়েছে এবং outside the revenue account industrial development ব্যাপারে ৪২ লক্ষ ৮৯ হাজার। মোট ১ কোটী ৩৪ লক্ষ ২৩ হাজার টাকা ধরা হয়েছে। তা সামগ্রিক Revenue এর সঙ্গে সামগ্রিক বাজেট রেভেনিউর যদি percentage ধরা যায়, তাহলে এদিকে 1% শতকরা একভাগ দিয়ে তারা শিল্পোন্নয়নের কথা চিন্তা করছেন। এতে তাদের দৃষ্টির পরিচয় পাওয়া যায়। Total provision যা সমগ্র industryতে করেছেন. এক কোটী ৯১ লক্ষ ৬১ হাজার ৯ শো টাকা। তার মধ্যে ১ লক্ষ ৫০ হাজার Loans and Advances যা আছে তা বাদ দিলে ১ কোটী ৯০ লক্ষ টাকা সামগ্রিক industrial development এর যে খরচ ধরা হয়েছে তা বলা যেতে পারে সামগ্রিক Revenue head —capital head নিয়ে বড জোর 1·5%। এটা দিয়ে পশ্চিম বাংলার শিল্পোন্নয়নের কাজ সমাধা করবার কথা সরকার ভাবছেন।

যদি allocation দেখা যায় তাহলে দেখা যাবে তাঁরা allocation কিভাবে করেছেন। এই ৯১ লক্ষ ৩৪ হজোর টাকা যেটা আছে, সেটা কিভাবে ভাগ করেছেন? Industries খাতে ৩৯ লক্ষ ২২ হাজার ১ শো, development scheme এর জন্য ৫২ লক্ষ টাকা এবং salt ৪ হাজার ৪ শো টাকায় work এবং charges in England ৩ হাজার ৯ শো টাকা। এই allocation এর মধ্যে আসল হিসেবের খরচ নেওয়া যেতে পারে—যা normal বাজেট, তাতে cost of direction এর জন্য ৫ লক্ষ ১০ হাজার টাকা ব্যয় হয়ে যাচ্ছে। কি direction তাঁরা দিচ্ছেন? কোন্ direction এর মধ্য দিয়ে আমাদের শিল্প সমৃদ্ধি হচ্ছে জানি না। এই ৫ লক্ষ ১০ হাজার টাকা ছাড়া দেখা যায়—allowances & pay ইত্যাদি বাবদ ৪ লক্ষ ৮৬ হাজার ৯ শো টাকার মত রয়েছে। সুতরাং দেখা যাচ্ছে total allocation ও অন্যান্য খাতে ৩৯ লক্ষ কয়েক হাজার হয়। প্রায় ১০ লক্ষ টাকা ঐ direction এবং pay and allowances খাতে চলে যাচ্ছে, অর্থাৎ শতকরা ২৫ ভাগ এই ভাবে ব্যয় হচ্ছে, এই department এর ব্যয় পরি সমাপ্তি লাভ করছে। Industryর আসল হলো উন্নয়নের কাজে অগ্রগতি, তার কোন লক্ষন আমরা কোথাও দেখতে পাচ্ছি না।

দ্বিতীয়তঃ development-এর ব্যাপারে যে টাকা ধরা আছে, তার মধ্যে আবার ৫২ লক্ষ টাকার মত cost of administration এর জন্য ধার নেওয়া হয়েছে। সেই directorateএ যেসব officer আছে তাদের পিছনে এত টাকা খরচ করা হচ্ছে। সেখানে ১২ জন gazetted officer আছে, director প্রভৃতি আছে, তাই এর মোট কত টাকা development এর কাজে গিয়ে দাঁড়াবে সে কথায় পরে আসছি। State Government গোড়ায় যে target এর কথা বলেছেন Second plan এ, সেই target এর যদি একটা একটা করে ভেঙ্গে দেখা যায় তাহলে দেখবেন যে বলেছেন ৩টা Cotton spinning mill করবেন, ৬০০ Small engineering unit করে একটা Central Engineering Organisation সংগঠিত করবেন। এবং তার মাধ্যমে সাহায্য ইত্যাদি দিয়ে industry development করবেন। তাতে বলেছেন Complete technical এবং managerial assistance তাঁরা দেবেন, একটা Servicing station for production তাঁরা করবেন বলছেন। এবং production unit for manufacturing করে Surgical instruments ceramic industry যার কথা আগে উল্লেখ করেছিলাম, China clay, ২ লক্ষ গুড়, Central lock factory, hand made paper ১৭ লক্ষ, বিভিন্ন কাজ করার পরিকল্পনা এর মধ্যে অন্তরভুক্ত ছিল। Match industry cottage scaleএ করে ৪শত লোককে employ-

ment দেবার কথা ছিল। ৫টা State set up করবেন বলেছিলেন এবং এই সমস্ত target তার মধ্যে রেখেছিলেন। কিন্তু এই বিষয় যদি একটা একটা করে দেখেন তাহলে দেখবেন cotton spinning mill যেখানে ৩টি করবার কথা ছিল তার মধ্যে দুইটি পরিত্যাগ করেছেন। এবং এই একটার জন্য ১ কোটি ৮০ লক্ষ ২৩ হাজার টাকা ব্যয় করে কল্যাণীতে স্থাপন করলেন। বর্তমানে সেই spinning mill একটা registered companyর হাতে তুলে দেওয়া হল। সরকার এই ১,৪০,২৩,০০০৲ টাকা ব্যয় করে একটা registered companyর হাতে তুলে দিন। আমি জিজ্ঞাসা করতে পারি কি, এই companyর হাতে তুলে দেবার জন্য এই সরকারের কোন কোন মন্ত্রী কিভাবে যুক্ত আছেন। সরকারের এত টাকা ব্যয় করে একটা বিশেষ কোম্পানীর হাতে এটাকে তুলে দেবার পিছনে কোন একটা উদ্দেশ্য আছে বলে আমাদের মনে হয়। তারপর তারা হাওড়ার কথা বলেছেন, সেটা একটা গুরুতর সমস্যা আমাদের দেশের। সেখানে যে কয়েকটি Small engineering industry Central engineering organisation এর সাহায্য দাঁড়াতে পেরেছে, তার মধ্যে ৫৫টি unit আছে মাত্র। এবং সেখানে আরো, কম পক্ষে ৭২ শত unit এর আওতায় আসবার জন্য প্রস্তুত আছে এবং সাহায্য ছাড়া তাদের industry একদিনও চলা সম্ভব নয়। এই ৫৫টির জন্য যে সাহায্য দেওয়া হয়েছে তাতে মাত্র ৭ লক্ষর মত raw material তারা তাদের supply করেছেন। China clayর ব্যাপারে এটা একেবারে বন্ধ করে দেওয়া হচ্ছে। এই Scheme যদি defer করা হচ্ছে। Model এর ব্যাপারেও কিছু করা হয়নি। Toy makingএ শুধু wood এর কাজ আরম্ভ হয়েছে। আর এই ৫ বৎসরের মধ্যে, ঠিক কথা, বারুইপুরে ২০টা shed উঠেছে। কাজ কি হয়েছে জানিনা, অন্যান্য shed কত কি হল? ৫ বৎসরের শেষ সময়ে দাঁড়িয়ে বলছেন ২০টা shed বারুইপুরে করেছেন। অন্যান্য জায়গার খবর কি, কাজ আরম্ভ কবে হবে তা আমরা জানিনা।

[3-50 – 4 p. m.]

তারপর স্কীমটা একেবারে cold storageএ রেখে দেওয়া হয়েছে। Match Industryতে যে দুটো Unit operation করার কথা ছিল সেটাও এখন প্রায় cold storage করে রেখে দেওয়া হয়েছে। Planned Economyর কথা তাঁরা বারে বারে বলেন, big Industryর সাথে small-scale Industryর interationএর কথা বলেন, এগুলির কী হোল, কোথা থেকে বাধা আসছে কিছুই আমরা বুঝতে পারছিনা। আমরা জানি ছোট ছোট Industryগুলি উপায় নেই বলে বড় বড় Industry গুলির লেজুড় হয়ে গিয়েছে, সরকারী সাহায্য পেলে অবশ্য পরিস্থিতি অন্যরকম হোত! ছোট Industry গুলিকে Financial assistance বা Raw Materials এর দিক থেকে কোনও সাহায্য করা হয়েছে? আমরা জানি, Financial corporation এর প্রধান নিয়ামক হচ্ছেন স্বয়ং বিড়লাজী, তাঁর হাত থেকে ছোট ছোট industry গুলি কোনরকম সাহায্য পেতে পারে তা কেউ কল্পনাও করতে পারেনা। অনেক auxiliary unit se up করার কথা ছিল, তার জন্য সরকার প্রচুর অর্থব্যয় করেছে; কিন্তু সেগুলিকে মাঝপথে ফেলে দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, raw materials সম্পর্কে এঁদের কোন policy আছে! অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করলে দেখা যায় যে আমাদের এখানে ছোট ছোট শিল্পপ্রতিষ্ঠানগুলি raw materials এর অভাবে starve করে থাকে, কারণ এই সমস্ত ছোট ছোট individual entrepreneur দের পক্ষে

সম্ভব নয় যাতে import করে কারখানা চালাতে—তা ছাড়া importএর ব্যাপারেও কেলেঙ্কারী আছে—তাদের স্বভাবতঃই hoarderদের উপর নির্ভর করতে হয়। এভাবে ছোট ছোট শিল্পগুলি সর্বনাশের পথে যাচ্ছে এবং বড় বড় শিল্পপতিদের কবলিত হচ্ছে। তারপর small Engineering এর ক্ষেত্রে ৩ কোটি টাকা ব্যয় করার কথা হয়েছিল, কিন্তু আজ পর্য্যন্তও তাঁরা ৭৬ লক্ষ ৮৬ হাজার টাকা ব্যয় করতে পেরেছেন। তারপর Central Lock Factory—Piece Board—Wood Industry—absalute failure। এ সবই absalute failureএ পর্য্যবসিত হয়েছে। লাক্ষা শিল্প সম্পর্কে ইতি পূর্ব্বে অনেক আলোচনা হয়েছে, এই শিল্প বর্ত্তমানে মাত্র দুটি companyর কবলিত হয়ে পড়েছে, এবং আর অন্যান্য manufacturer যা ছিল তা শেষ হয়ে গিয়েছে। তারা সরকারের কাছে deputationএ এসেছিল; কিন্তু কোন প্রতিকার হয়নি। সুতরাং কি finrucial assistance, কি raw materials এর দিক থেকে, কি marketing arrangement এর দিক থেকে সরকার ছোট industryগুলিকে কি সাহায্য করছেন আমি বুঝতে পারিনা। তারপর সরকার যেসব জিনিষপত্র ক্রয় করেন, যেমন P. W. D.র জিনিষপত্র ক্রয় করা হয় কিন্তু আজ পর্য্যন্ত P. W. D. বা অন্যান্য Department এর দরুন 10% এর বেশী ক্রয় করা হয়নি। আজকে Pig Iron, Steel,, chemical এর দিক থেকে industryগুলি starve করছে। তারপর, South India—যেমন Mysore, Bangalore প্রভৃতি স্থানে যে rateএ মাল পায় আমাদের এখানে সেই rateএ কেন পায়না আমি মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাচ্ছি।

(At this stage the honerable member having reached the time limit resumed his seat.)

Shri Panchanan Bhattacharjee: মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পশ্চিম বংগের কুটীর শিল্প যাঁদের অভিভাবকত্বে চল্‌ছে তাঁদের দ্বারা কুটীরশিল্পের উন্নতি হওয়া সম্ভব নয় একথা নিশ্চয় মেনে নেওয়া গেল। আমাদের বিভাগীয় মন্ত্রীমহাশয় ৩৬৫ দিনের মধ্যে ৬০০ বার বিভিন্ন প্রতিষ্ঠানের দ্বারোদ্ঘাটন করেন, সভাপতির পদে ভাষণ দেন—এই হল একদিক, অন্যদিকে এই বিভাগের অব্যবস্থাও দেখুন: যেমন ধরুন, একটা পদের জন্য বিজ্ঞাপন দেওয়া হল, একমাত্র M. Sc (Textiles) degree holder দরখাস্ত করতে পারেন। গোটা পৃথিবীতে কোথাও M. Sc. (Textile) degree নাই। B. Sc. (Tex.) degree holder এখানে কম। কাজেই Matriculate diploma holder, undergraduate diploma holder, Graduate diploma holder এঁরা দরখাস্ত করলেন। এঁরা খবরই রাখেন না যে, M. Sc. (Tex) নাই। তারপর এ ভাবে কাগজে বিজ্ঞাপন দেওয়ার পিছনেও রহস্য আছে—সেটা হচ্ছে, এই বিভাগের দায়িত্ব নিয়ে যাঁরা বসে আছেন তাঁদের qualifications এই ধরণের যেমন, Joint director of Industries (Handlooms) তাঁর তাঁতশিল্প সম্বন্ধে কোন অভিজ্ঞতা নাই। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সাধারণ graduate, আগে National Savingsএ কাজ করতেন। Assistant Director, (Handlooms) তিনিও সাধারণ graduate, Deputy Director (Handlooms) তিনিও সাধারণ graduate, Assistant Directors (Handlooms) ভদ্রলোক B.A. B.L. আগে Food Departmentএ ছিলেন, তিনি এই department এর best qualified man। এই বিভাগে রিবেট দেওয়ার একটা প্রথা আছে। আমি কয়েকবার অনুসন্ধানের ফলে এসম্পর্কে অনেক তথ্য সংগ্রহ করেছি—আমাকে Challange করা হলে আমি এসব Coartএ পেস করতে রাজী আছি। কিন্তু প্রস্তাবটা না দিলে বিল কখনো পাস হয় না।

[4 4-10 P.M.]

একদিকে এই কাণ্ড এবং আর এক দিকে পুকুর চুরি চলেছে অর্থাৎ পার্লামেণ্টারী ভাষায় বলতে গেলে "মলিমল্লুজ" সম্প্রদায়ের রাজত্ব চলছে বলতে হয়। ডাইরেক্টর অব কো-অপারেটিভ সোসাইটিস-এর অধীনে ১ লক্ষ ৮০ হাজার মিলের কাপড়ের উপর সেস বসিয়ে তা থেকে ১ লক্ষ ৮০ হাজার টাকা নেওয়ার উদ্দেশ্য হচ্ছে তাঁত শিল্পের উন্নতি করা এবং সেটা রেজিষ্টার অব কো-অপারেটিভ সোসাইটিসের কাছ থেকে লিষ্ট নিয়ে এসে কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে দেওয়া হবে। কিন্তু সেটা কাদের দেওয়া হয়েছে তা যদি মন্ত্রী মহাশয় খোঁজ নেন তা হলে দেখবেন যে তা ৫০টি কো-অপারেটিভ সোসাইটিকে দেওয়া হয়েছে এবং যার মধ্যে ৫।৭টি পুরোন এবং বাকীগুলো নূতন এবং নূতন মানে হচ্ছে ঐ ঘোরাফেরা করা কুটুম্বদের। এ ব্যাপারে আমি কয়েকটি উদাহরণ দিচ্ছি, যেমন ডাইরেক্টর শ্রীমণী গাঙ্গুলীর কাকার নামে একটি কো-অপারেটিভ সোসাইটি আছে চুচড়ায় শ্রীশুভেন্দু দাশগুপ্ত এবং তিনি নিজেই তার সম্পাদক, শ্রীখগেন দাস বসিরহাট পরিবার সম্প্রদায়ের আর একজন কর্ত্তা, তার পর শ্রীঋষিকেশ গাঙ্গুলী যিনি আরেকজন কর্ত্তা এবং তিনি ঐ মনীবাবুর আত্মীয়। এই সব power loom ইলেকট্রিক কারেণ্ট আছে বলে এগুলোকে উল্টাডাঙ্গা, পাতিপুকুর এবং বসিরহাটে বসান হয়েছে। মন্ত্রী মহাশয় বোধ হয় জানেন যে উল্টাডাঙ্গা ও বসিরহাট এক জায়গায় নয়। যা হোক্ মধ্যমগ্রাম, পাতিপুকুর প্রভৃতি যায়গায় যখন বসেছে তখন আমাদের এই অ্যাসেম্বলীর ছাদেও ২।৪টা বসবে কিনা জানিনা। তারপর এই পাওয়ার লুমে ১ লক্ষ ৮০ হাজার টাকা সেস ফাণ্ড থেকে সাহায্য করার কথা কিন্তু খোঁজ করে দেখবেন সেখানেও ঐ পৃষ্ঠপোষণ সমিতির কাজ চলছে। তখন আমার বক্তব্য হোল এই সব অফিসার যারা এই মন্ত্রী মহাশয়ের চালাও অডারে কাজ করেন তার মধ্যে আছে মনিবাবু, যিনি সব সময় নাটক নভেল পড়েই সময় কাটান। যদি কেউ কখনও সেখানে যান তা হলে দেখবেন যে তিনি রহস্য রোমাঞ্চ সিরিজ ও আধুনিক নাটক, নভেল ডিপার্টমেণ্টে বসে গোগ্রাসে গিলছেন, তবে ওখানে আবার দুজন মনীবাবু আছেন, একজন গাঙ্গুলী এবং আর একজন ব্যানার্জী—তবে ইনি হলেন মনি বন্দ্যোপাধ্যায়। তারপর মনি গাঙ্গুলী তিনি সরকারী গাড়ীতে ঘোরাফেরা করেন। সাধারণতঃ সরকারী গাড়ীতে লেখা থাকে যে এটা কোন ডিপার্টমেণ্টের গাড়ী—কিন্তু এ গাড়ীতে কিছু লেখা থাকে না। তিনি এই গাড়ীতে চড়ে পেশোয়ার থেকে ঢাকা পর্য্যন্ত এবং সারা কলিকাতা সহর চষে বেড়ান। তাঁর গাড়ীতে যেহেতু কোন ট্যাবলেট নেই তাই তাকে ধরাও শক্ত। যা হোক্ সর্বশেষ আমি বলব যে মন্ত্রী মহাশয়ের এই রাম রাজত্বের অবসান যত শীঘ্র হয় ততই মঙ্গল।

Shri Chitto Basu : মাননীয় স্পীকার মহোদয়, আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে প্রারম্ভিক ভাষণ দিয়েছেন তাতে মোটামুটিভাবে বুঝিতে পারিলাম যে এই সমস্যার গুরুত্ব সম্পর্কে তিনি কতখানি ওয়াকিবহাল আছেন। বংলাদেশে যেখানে কর্ম সংস্থানের প্রশ্ন অত্যন্ত ব্যাপক এবং যখন কর্ম সংস্থানের ব্যবস্থা করার মত বাংলাদেশের প্রতিটা মানুষ উদ্বিগ্ন তখন আমাদের সরকার সেই পটভূমিকায় কুটিরশিল্প ও যুক্ত শিল্পাকার মধ্য দিয়ে কর্ম সংস্থানের যে সুযোগ আছে তাকে পরিপূর্ণভাবে সফল করার জন্য কতখানি অগ্রসর হয়েছেন একথা আজকে বিবেচনা করা প্রয়োজন। তিনি তাঁর বক্তৃতায় যদিও বলেছেন যে আমরা অনেকটা দূর অগ্রসর হয়েছি তাহলেও আমার মনে হয় প্রভূত অবস্থা বিবেচনা করে তাঁর একথা স্বীকার করা উচিৎ যে যতখানি অগ্রসর হওয়া উচিৎ ছিল ততখানি অগ্রসর হতে পারিনি। স্যার, প্রতি বছর যেখানে

আমরা দেখতে পাচ্ছি যে ফ্যাক্টরীগুলোতে চাকরীর সংখ্যা বাড়িয়া এক মোটামুটি ৬ লক্ষের মতন যার নাকি সংখ্যা সেখানে আমাদের পশ্চিম বঙ্গ সরকারের পক্ষ থেকে ১৯৫৫ সালে Economic Survey of Small Industries State of West Bengal বলে যে একটা রিপোর্ট প্রকাশিত করেছিলেন সেই রিপোর্টে সমস্ত Industryর যে বিরাট volume হয়েছে সেটা আপনাদের বিবেচনা করা দরকার।

এখানে দেখলাম যেখানে জুলুম সম্পর্কে আলোচনা করা হয়েছে সেখানে এই প্রতিষ্ঠানগুলোই নিযোজিত শ্রমিকদের সম্পর্কে, কারখানাগুলো সম্পর্কে যে কথা বলেছেন সে সম্পর্কে যে সমস্যা সেই বিশদ আলোচনা করে সেগুলো দূর করার জন্য যে সুপারিশ করা উচিত ছিল সেই সুপারিশ এই বইতে নেই। কিন্তু সেই কথাটা তারা তাতে বলেছেন যে আমাদের পশ্চিম বাংলায় ছোট ছোট establishment আছে ৩ লক্ষ ৯০ হাজার ৭০০, total value of raw materials used ১৭.১ কোটি টাকার total value of work done ১২ কোটি টাকার এবং total labour employed ৯০ লক্ষ ৮৮ হাজার—এর মধ্যে ১ লক্ষ ৮৮ হাজার হচ্ছে hired labour। এই সেখানে অবস্থা সেখানে আমাদের কারখানার শ্রমিক ৬২ লক্ষের মত হবে। এই থেকে তা হলে আমাদের বিবেচনা করা দরকার যে বিরাট কর্মসংস্থানএর মধ্য দিয়ে হয়েছে। অথচ ১৯৫২ সালের পর থেকে দেখছি যে এই ধরণের অনেক কারখানা হবে। কারখানার সঙ্গে প্রতিযোগিতায় টিকতে পারছে না এই raw materials না থাকার ফলে এবং বড় কারখানাগুলি তাদের খেয়ে ফেলছে। এইভাবে প্রতিযোগিতার জন্য সেখানে তারা ক্রমশঃ শঙ্কুচিত হয়ে যাচ্ছে সেখানে সরকারের প্রয়োজন ছিল তাদের উপযুক্তভাবে সাহায্য করা। কিন্তু সে সব সেখানে করা হয়নি। এ সম্পর্কে যদি আমরা বিবেচনা করি তাহলে দেখতে পাই যে একদিক দিয়ে নগদ টাকা, কাঁচা মাল সরবরাহ ইত্যাদি সরাসরিভাবে সাহায্য করা সরকারের যেমন উচিত, তেমনি আর একদিক দিয় প্রচার Sales Emporiom ইত্যাদি উপায়ে পরোক্ষভাবেও সাহায্য করা উচিত। এই সমস্ত দেখে এই দুটী খাতে সাহায্য করার জন্য যদি আমাদের পশ্চিমবাংলার কথা বিবেচনা করি তাহলে দেখি যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে সেখানে plan provision ছিল ৯.৫৫ কোটি টাকা, কিন্তু সেখানে আমাদের যা হিসাব তাতে দেখতে পাচ্ছি যে ১৯৫৯ সাল পর্যন্ত ব্যয় হয়েছে মাত্র ৪.৬৯ কোটী টাকা। অর্থাৎ প্রায় ৪৬.৭% খরচ করা সম্ভব হয়েছে। বাদবাকী খরচ করা সম্ভব হয়নি। আমাদের কেন্দ্রীয় গভর্ণমেণ্টের পক্ষ থেকে যে পুস্তক বার করেছেন—State Development Plan, Review of Progress, Government of India Planing Commission—তাতে তাঁরা বলছেন যে এই দুটী খাতে যেখানে পশ্চিমবঙ্গে খরচ হয়েছে ৪৬.৭ ভাগ সেখানে মাদ্রাজে শতকরা ৫৬ ভাগ, কেরালায় শতকরা ৫৯ ভাগ। আর একটি তথ্য তাতে দেখা যাচ্ছে যে কুষি শিল্পকে সাহায্য করার ব্যয় বরাদ্দ যেখানে অন্যান্য রাজ্য সরকার বাড়িয়ে যাচ্ছেন, সেখানে আমাদের সরকার তাদের তুলনায় কম। অর্থাৎ এই খাতে অন্ধ্র প্রায় শতকরা ২২৭ গুণ, বেশী ব্যয় বরাদ্দ করছেন, বোম্বে ১৫৮ গুণ, মধ্যপ্রদেশ ২২৮ গুণ, সেখানে আমাদের পশ্চিমবঙ্গ সরকার মাত্র ১৪৬ গুণ। এই সমস্ত কথা বলে আমি প্রমাণ করার চেষ্টা করছি যে পশ্চিমবঙ্গে কর্মসংস্থান করার জন্য, পশ্চিম বাংলার কুটীরশিল্পগুলিকে পুনর্জীবন করবার জন্য সম্প্রসারণ করবার জন্য, পশ্চিমবঙ্গ সরকারের যে ধরনের কাজ করা উচিত ছিল তা তাঁরা করেননি; বরং অন্যান্য রাজ্য সরকারের তুলনায় তাঁরা পিছিয়ে আছেন।

Shri Gobinda Charan Majhi: পুরাকাল থেকে আরম্ভ কোরে ইংরাজ রাজত্বের গোড়ার দিক পর্যান্ত দেশের আভ্যন্তরীন অর্থনৈতিক অবস্থায় পর্য্যালোচনা কোরলে দেখা যায় এই দেশে কৃষির সাথে সাথে ছোট ছোট গ্রামীন শিল্প ও প্রসার লাভ কোরে ছিলো। দেশে মিল বা কলকারখানা ছিলনা, অতএব মিলজাত দ্রব্যের সংগে সেই গ্রামীন শিল্পকে প্রতিযোগীতায় আসতেও হোতো না। এই সমস্ত গ্রামীন শিল্পের প্রসারের সঙ্গে সঙ্গে এদেশে শিল্পের উপর ভিত্তি কোরে কয়েকটা সম্প্রদায়ে সৃষ্টি হোয়েছিলো এবং তাদের অর্থ-নৈতিক বুনিয়াদও মোটামুটি সন্তোষ-জনক ছিল।

ইংরাজ তার ব্যবসায়ের সুবিধার জন্য তাঁত শিল্পে প্রথম বাধা সৃষ্টি করে—ফলে তন্তুবায় সম্প্রদায় ধীরে ধীরে নষ্ট হতে আরম্ভ করে। বৃহত্ ও মাঝারি শিল্পের প্রসারের সঙ্গে সঙ্গে দেশের বিভিন্ন সম্প্রদায় যথা কুম্ভকার, কর্মকার, তৈলকার, কাংস্যকার, মুচি, (শাখারী), শঙ্খ শিল্প ইত্যাদি বিভিন্ন সম্প্রদায় এখন বিলুপ্তির পথে। স্বাধীনতা প্রাপ্তির পর আমরা আশা করেছিলাম সরকারী সহায়তায় এই দেশে ক্ষুদ্র ক্ষুদ্র কুটির শিল্পের পুনরায় সম্প্রসারণ ঘটবে।

[4-10—4-20 p.m.]

কিন্তু দুঃখের বিষয় সরকার এ বিষয়ে সম্পূর্ণরূপে উদাসীন বল্লেও অত্যুক্তি হয় না। আসল কথা গ্রামী শিল্পকে রক্ষা করতে হলে সরকারের যে পরিকল্পনা গ্রহণ করা উচিত ছিলো সরকার সেই ভাবে পরিকল্পনা গ্রহণ না করে কেবল মাত্র এখানে সেখানে ছিটে ফোঁটা সাহায্য দিয়ে বর্ত্তব্য শেষ করেছেন তাতে কুটির শিল্পও বাচবেনা কেবল মাত্র সরকারী অর্থের অপচয় হচ্ছে এবিষয়ে ভুরি ভুরি দৃষ্টান্ত উপস্থাপিত করা যায়। গ্রামাঞ্চলগুলি যখন হাঁসকিং মেশিন এ ভরে গেছে তখন সরকার ঢেঁকিতে ধান ভানার জন্য কিছু টাকা খয়রাতো করেছেন—অনুরূপ ভাবে তাঁত বস্ত্রে সাবসিডি দিচ্ছেন কিন্তু এ ব্যবস্থায় ঢেঁকী বা তাঁতের প্রসাব লাভ ঘটছে কি?

মেদিনীপুর জেলায় জ্যোতঘনশ্যাম অঞ্চলে চিরুনী শিল্পের জন্য কিছু টাকা বরাদ্দ করা হয়েছে এতে চিরুনী শিল্প বাঁচবে কি? প্লাষ্টিকের চিরুনীতে যে দেশ ছেয়ে গেছে এবং তা অতি অল্প মুল্যে পাওয়া যায়। টাটা কোং যদি কোদাল প্রভৃতি চাষের ইমপ্লিমেণ্ট প্রস্তুত করে, তার সঙ্গে দেশীয় কর্মকারগণ কি ভাবে প্রতিযোগীতায় এঁটে উঠতে পারে একথা আমরা কল্পনাতেও আনতে পারিনি। এল্যুমিনিয়াম হাড়ি প্রভৃতি রান্নার সরঞ্জাম বহুদিন চলে কিন্তু দেশীয় মাটির হাঁড়ি অতি শীঘ্র নষ্ট হয় যদিও দামে কিছু কম এ অবস্থায় লোকে বেশী এল্যুমিনিয়াম জাত দ্রব্যাদি ব্যবহার করছেন। প্লাসটিকের ব্যবহার বেড়ে চলেছে ফলে কৃষ্ণনগরের মাটির পুতুল এখন প্রদর্শনীতে স্থান পেয়েছে সাধারণ লোক ছেলে ভোলাবার জন্য এখন প্লাষ্টিকের পুতুল ব্যবহার করছেন। সরকারী পরিকল্পনা আছে এই সমস্ত কুম্ভকার বা কর্মকারগণ কো-অপারেটিভ গঠন করলে কিছু ঋণ পেতে পারেন বা কয়লা ও লোহা পাবার সুযোগ পেতে পারেন কিন্তু এই ব্যবস্থায় এই শিল্পগুলিকে বাঁচান যাবেনা এখনই সরকারকে একটা সুস্পষ্ট নীতি গ্রহণ করতে হবে যে কতকগুলি দ্রব্য যথা—হাঁড়ি, কড়াই, কোদাল প্রভৃতি জিনিষ কেবল মাত্র কুটির শিল্প ছাড়া অন্যভাবে প্রস্তুত করতে দেওয়া হবে না। আমরা জানি বহু মিলজাত দ্রব্য সরকারে প্রোটেক্‌টসন্ পাওয়া সঙ্গে, বিদেশ থেকে সেই সব মাল আনার নিষেধাজ্ঞাজারী করা হয় বা আমদানীকৃত মালের উপর একটা হেভি ডিউটি বসান হয়। তখন ক্ষুদ্র কুটির শিল্পকে রক্ষার জন্য সরকারের এই মত পরিকল্পনা গ্রহণে বাধা কোথায়?

আবার দেখা যাচ্ছে সরকারের এক বিভাগের অত্যাচারে আর এক বিভাগ ক্ষতিগ্রস্ত হচ্ছে যেমন হোসিয়ারী শিল্প এই শিল্পে ইং ১৯৫৫-৫৬ সালে পশ্চিমবঙ্গ রাজ্যে প্রায় ২০,০০০ কারিগর নিযুক্ত ছিলো এদের সকলেই প্রায় বাঙ্গালী—মেসিনের সংখ্যা ছিলো ৪৩৫৬। এ সময়ে সমগ্র

ভারত বর্ষের অন্যান্য রাজ্যগুলিতে মেসিনের সংখ্যা ছিলো ৯৭৩৯ এবং লোক সংখ্যা ২৮,০০০। কিন্তু বর্ত্তমানে অর্থাৎ ১৯৫৮-৫৯ সালে পশ্চিমবঙ্গে মেসিনের সংখ্যা দাঁড়িয়েছে ২৯৭৮ এবং কারিগরের সংখ্যা ৮৬৬৩ কিন্তু ভারতবর্ষের অন্যান্য রাজ্যে এই শিল্পের প্রসার লাভ ঘটেছে সেখানে মেসিনের সংখ্যা ৯৭৩৯ থেকে ৩০,০০০ হাজার পর্য্যন্ত বেড়েছে এবং পূর্বে যে শিল্পে ২৮০০০ কারিগর নিয়োজিত ছিলো এখন সেখানে সংখ্যা দাঁড়িয়েছে প্রায় ১,১০,০০০। পশ্চিমবঙ্গ রাজ্য থেকে এই সমস্ত গেঞ্জীর মেসিন অন্যান্য রাজ্যে চলে যাচ্ছে ফলে এখানে বেকার সংখ্যা আরও বেড়ে চলেছে। এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় বেশ ভাল ভাবেই জ্ঞাত আছেন কেন পশ্চিমবঙ্গে হোসিয়ারী শিল্পের এই দুরাবস্থা একমাত্র পশ্চিমবঙ্গ ছাড়া ভারতবর্ষের অন্য কোনও প্রদেশে এই হোসিয়ারী ফেবরিক্স এর উপর বিক্রয় কর ধার্য্য নাই অধিকন্তু ফিনিস্‌ড গুড্‌সের উপরেও অন্যান্য প্রদেশ অপেক্ষা বিক্রয় করের হার শতকরা ৮টা পর্য্যন্ত বেশী, ফলে বাংলা দেশের হোসিয়ারী অন্যান্য প্রদেশের সঙ্গে প্রতিযোগিতায় ক্রমশঃ ক্ষতিগ্রস্থ হয়ে চলেছে ভারতের অন্যান্য প্রদেশে টেক্সটাইল লাইসেন্স ফিজও নাই কেবল মাত্র পশ্চিমবঙ্গ ছাড়া। বেঙ্গল হোসিয়ারী ম্যানুফ্যাকচারীং য়্যাসোসিয়েসন এবং জয়েন্ট বেঙ্গল হোসিয়ারী য্যাসোসিয়েশন এ বিষয়ে মন্ত্রী মহাশয়ের এবং ডিরেক্টর অব ইণ্ডাষ্ট্রীজ এর দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও তাঁরা এ বিষয়ে সম্পূর্ণ উদাসীন। এই শিল্পে যদি বিক্রয় কর ধার্য্যই থাকে তবে অদূর ভবিষ্যতে এই রাজ্য থেকে হোসিয়ারী নিশ্চিন্ন হবে এবং বেকারী আরও বৃদ্ধি পাবে। প্রচুর সম্ভাবনা থাকা সত্ত্বেও সরকারী ঔদাসীন্যে কয়েকটি শিল্পের প্রসার লাভ ঘটছেনা। যেমন একটা সল্ট ইণ্ডাষ্ট্রীজের প্রচুর সম্ভাবনা থাকা সত্ত্বেও মেদিনীপুর জেলায় দীঘা থেকে জৈনপুট পর্য্যন্ত বিস্তৃত এলাকায় লবণ প্রস্তুতের সুযোগ থাকা সত্ত্বেও এ বিষয়ে সরকারী উদাসীনতা আছে পশ্চিম বাংলা যখন এই অঞ্চলে প্রস্তুত লবণ দ্বারা সেল্‌ফসাপোর্টেড হতে পারে তখন মাত্র সরকার ২১৩টি প্রাইভেট ফার্মকে লবণ তৈরীর অধিকার দিয়ে রেখেছেন অবশ্য মন্ত্রীমহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন যে বেঙ্গল সল্ট কোম্পানীর অংশ তাঁরা ক্রয় করেছেন। এই রাজ্যে বিনপুরে চীনা মাটি, বকসাইট ম্যাঙ্গানিজ খনি আবিস্কৃত হয়েছে কিন্তু সরকারী ঔদাসীন্যে এই অঞ্চলে খনিজ পদার্থ সম্ভূত কোনও শিল্পের প্রসার হচ্ছে না। এ সম্বন্ধে কোন পরিকল্পনা মন্ত্রী মহাশয়ের প্রারম্ভিক ভাষণে পাইনা।

Mr. Speaker : Mining is a Central subject.

Shri Gobinda Charan Majhi : এটা সেন্ট্রাল সাবজেক্ট কিন্তু এই খাতে খরচ লেখা হচ্ছে। গড়বেতা, কেশপুর, শালবনী অঞ্চলে প্রচুর সাবুই গাছ এবং বাঁশ জন্মে এতদঞ্চলে বিশেষজ্ঞদের মতে একটি কাগজের কল বসতে পারে। মন্ত্রী মহাশয়ের প্রারম্ভিক ভাষণে এসম্বন্ধেও কোন পরিকল্পনা দেখতে পেলামনা। শিলিগুড়ি অঞ্চলে নিউজ প্রিণ্ট উৎপাদনের পরিবেশ থাকা সত্ত্বেও প্রতিষ্ঠিত হচ্ছে না। পরিশেষে বৃহত শিল্পের পরিপুর বা ক্ষুদ্র কুটির শিল্প বা মাঝারি শিল্প প্রতিষ্ঠিত না হোলে এই রাজ্যের অর্থনৈতিক বুনিয়াদ কোনও দিন প্রতিষ্ঠিত হবে না।

Shri Sudhir Kumar Pandey : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের শিল্প মন্ত্রী কুঠির শিল্প খাতে এবং অন্যান্য শিল্পখাতে যে ব্যয় বরাদ্দ আমাদের কাছে চেয়েছেন তার পরিমাণ দেখতে পাচ্ছি ৩ কোটি ৩৩ লক্ষ ৩ হাজার টাকা। এই রকম একটা গুরুত্বপূর্ণ খাতে এত কম টাকা বরাদ্দ করে যে কি হতে পারে তা একটা আশ্চর্য্যের ব্যাপার। শিল্প মন্ত্রী মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী বিধানবাবু তাঁর বাজেট ভাষণে এবং রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে আমাদের দেশে বিশেষ করে পশ্চিমবঙ্গে বেকার সমস্যা চরম অবস্থায় পৌচেছে এবং আরও বলেছেন যে বৃহৎ শিল্পের মাধ্যমে বাংলা দেশের বেকার সমস্যা সমাধান করার মত অর্থ নৈতিক অবস্থা আমাদের নেই, কুঠির শিল্প এবং ক্ষুদ্র শিল্পের মাধ্যমে সম্ভব। কুঠির শিল্পে আমরা ৪১৫ শো

লোককে কাজ দিতে পারি, কিন্তু বৃহৎ শিল্প ক্ষেত্রে মাত্র ১০।১৫ জন লোককে কাজ দেওয়া যায় এবং মাঝারি শিল্পে ১ বা ১।। শো লোককে কাজ দেওয়া যায় আর ছোট শিল্পে ১ শো থেকে ৩ শো লোককে কাজ দেওয়া যায়। আমরা যদি পশ্চিমবাংলায় ভাল করে খোঁজ খবর নিয়ে দেখি তাহলে দেখব যে প্রায় ১৮ লক্ষ থেকে ২০ লক্ষ বেকার মধ্যবিত্ত চাকরি প্রার্থী আছে। এদের কর্মসংস্থানের যদি ব্যবস্থা করতে হয় তাহলে ৩ কোটি ৩৩ লক্ষ টাকায় কিছুই হবে না। আমরা স্পষ্ট দেখতে পাচ্ছি আমাদের দেশে কৃষক যারা চাষাবাদ করে তাদের সংখ্যা হচ্ছে ৫০ থেকে ৬০ লক্ষ লোক ৫।৬ মাস কাজ করে। অবশিষ্ট সময়ে তারা কুটির শিল্প বা অন্যান্য শিল্পে কাজ করতে পারে। তারা তাঁতের কাজ, দর্জির কাজ প্রভৃতি করতে পারে। কিন্তু এ সম্পর্কে কোন সুব্যবস্থা আমরা দেখছি না। এইরকম ভাবে বেকার সমস্যা যেখানে একটা তীব্র সমস্যা সেখানে আরো টাকা বরাদ্দ করা উচিৎ ছিল। এই সমস্ত গুরুত্বপূর্ণ বিভাগগুলি সম্পর্কে সরকারের কেন যে এরকম তাচ্ছিল্যের ভাব এবং অবহেলা রয়েছে তা আমরা বুঝতে পারি না। আমরা এ সম্বন্ধে পূর্বে বহুবার বলেছি কিন্তু কিছুই করা হয় নি। আরো কতক ভাল কথা বলি—এই সমস্ত কুটির শিল্প বা ছোটখাট শিল্পে কাঁচা মালের সাংঘাতিক অবস্থা হয়েছে—বিশেষ করে লোহা এবং পিতল, এগুলির সাংঘাতিক অবস্থা ঘটছে।

[4-20—4-30 p.m.]

বড় বড় শিল্পের ক্ষেত্রে তাঁরা স্বচ্ছন্দে কোটা, পার্মিট পেয়ে থাকেন। কিন্তু ছোটখাট শিল্পের ক্ষেত্রে তা সম্ভব নয়। বিশেষ করে লোহা সম্বন্ধে আমরা দেখতে পাই সরকারী নিয়ন্ত্রণ দর যা আছে তাতে ৫০০ থেকে ৬০০ টাকায় এক টন লোহা পাওয়া যায় এবং তা কোটা ও পার্মিটের মাধ্যমে। কিন্তু এখানে এমন একটা চক্রান্ত চলেছে, যার ফলে দেখা যায় ছোটখাট শিল্পিরা দরখাস্ত দিয়েও দু-তিন বছরের আগে পার্মিট ও কোটা পাচ্ছে না, অথচ বড় বড় শিল্পিরা হয়ত ঠিক মত পেয়ে যাচ্ছে। সুতরাং ছোট খাট শিল্পিদের বাধ্য হয়ে বাজার থেকে কাঁচামাল এক হাজারের জায়গায় ১৬ শো টাকা দিয়ে কিনতে হয়। এমন একটা অবস্থা কেন রাখা হয়েছে আমি বুঝতে পারি না।

বড় বড় হোল সেল ডিলারদের ৬০ দিন কিংবা ৯০ দিনের মধ্যে পার্মিট না দিলে, কোটার ব্যবস্থা না থাকলে, তারা মাল পাবে কোথা থেকে? আর কোটা দিলেও তাঁরা গ্রাহ্য করেন না। সুতরাং ছোটখাট শিল্পিদের কাঁচামাল সংগ্রহ করার খুব অসুবিধা রয়েছে। আমি আশাকরি মাননীয় মন্ত্রী মহাশয় এদিকে দৃষ্টি দেবেন।

তারপর আমাদের দেশের দর্জিদের অবস্থা অত্যন্ত শোচনীয়। তিন লক্ষ দর্জির মধ্যে ১৫ লক্ষ নির্ভরশীল পরিবার আছে। তাদের অর্থনৈতিক অবস্থা চরমে উঠেছে, তারা কোন কাজ পাচ্ছে না। তাদের জীবনধারণ করা অসম্ভব হয়ে উঠেছে। তারা গরু, ভেড়া, ছাগলের মত বাস করছে। তাদের সম্পর্কে খোঁজ-খবর নেবার জন্য একটা এন্‌কোয়ারী কমিটির দ্বারা ব্যবস্থা হওয়া উচিত। তাদের এই শোচনীয় অবস্থার দিকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি এবং আশাকরি তিনি তাদের সম্পর্কে অতি শীঘ্র একটা ব্যবস্থা অবলম্বন করবেন।

Deputation of Rampurhat people

Shri Hemanta Kumar Basu : স্যার আমি একটা বিশেষ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। রামপুর হাট থেকে কিছু লোক রাস্তার দাবী নিয়ে তারা এখানে এসেছে

এবং পায়ে হেটে বরাবর এসেছে, তারা মন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করে তাদের দাবী উপস্থিত করতে চায়। মন্ত্রী মহাশয় যদি একটা সময় দেন তো ভাল হয়।

The Hon'ble Khagendra Nath Das Gupta : কালকে ১২ টার সময় কয়েক-জনকে পাঠিয়ে দিতে পারেন, আমার সঙ্গে দেখা করতে।

Demands for Grants Nos. 27 and 28

Shri Shyamapada Bhattacherjee : মাননীয় স্পীকার মহাশয় এটা সকলেই স্বীকার করবেন যে বেকার সমস্যা সমাধানের একমাত্র উপায় হচ্ছে শিল্প প্রতিষ্ঠান। সমস্ত প্রতিষ্ঠান তৈরী করতে গেলে, বৃহৎ শিল্প প্রতিষ্ঠান করতে গেলে যে সমস্ত অসুবিধা আছে অন্ততঃ বাংলাদেশে সেই অসুবিধায় শিল্প তৈরী করতে গেলে আমাদের কুটির শিল্পের দিকে ঝোঁক দিতে হবে। সেই হিসাবে কতকগুলি কৃষির উন্নতি যদি আমরা না করতে পারি তাহলে বেকার সমস্যা দিনের পর দিন বেড়েই যাবে। এই কুটির শিল্পের মধ্যে তাঁত শিল্পই প্রধান এবং তাতে প্রায় ১ লক্ষ ১৬ হাজার তাঁতী কিংবা আরও বেশী আছে। আজ এদের সম্বন্ধে একটু দৃষ্টি দেওয়া বিশেষ দরকার হয়েছে। কারণ আজকাল যা দেখতে পাই তাতে তাঁত শিল্প, ক্রমশঃ সমস্ত মাদ্রাজ বা দাক্ষিণাত্য থেকে যে সমস্ত কাপড়চোপড় এখানে ক্রমে ক্রমে প্রসার লাভ করছে, তার কাছে যেতে পারে না, যতখানি তারা পারছে আমাদের তাঁত শিল্প ততখানিও পাচ্ছে না। কাজেই সেদিকে দৃষ্টি দেওয়া দরকার।

কোন লক্ষণ দেখছি না। আপনাদের ডেনিস ট্রলার দিয়ে মাছ ধরার ব্যাপারটা হচ্ছে চোরের তাঁত বোনার মতন। অর্থাৎ সে হাত নেড়ে তাঁত চালাচ্ছে কিন্তু সুতো নেই এবং সারা জীবনে যে মিথ্যা কথা বলেনি এই রকম লোক ছাড়া এর তৈরী তাঁতের কাপড় আর কেউ পায় না। আপনাদের ডেনিস ট্রলার দিয়ে মাছ ধরার ব্যাপারটাও সেই রকম। সেই জন্য আমাদের মূল বক্তব্য হচ্ছে যে মৎস্যজীবীরা যাতে মাছের উপর ঋণ পায় তারজন্য সেইরকম আইন করুন এবং কো-অপারেটিভগুলো যাতে ঐ মুনাফাখোরদের হাতে গিয়ে সত্যিকারের মৎস্যজীবীদের দিয়ে কো-অপারেটিভ করান যায় সেই ব্যবস্থার দিকে লক্ষ্য রাখুন। এ সব যদি না করেন তাহলে আপনাদের কোন নীতিই সফল হবে না এবং মাছের চাষের উন্নতিও হবে না।

Shri Gobardhan Pakray :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বিভাগের ব্যয় বরাদ্দের যে দাবী পেশ করেছেন সে সম্বন্ধে বলতে গেলে প্রথমেই বলতে হয় যে আমাদের এই হাউসের বিভিন্ন সদস্য তাঁদের কাট মোশানের মধ্য দিয়ে গোটা বাংলায় এই বিভাগের অপদার্থতা, অযোগ্যতা এবং অর্থের অপ্রচুরতার কথাই বর্ননা করেছেন। এই বিভাগ মৎস্য চাষের প্রসারতা বা পর্য্যাপ্ত মাছ সরবরাহ করতে সক্ষম হয়নি বরং অফিস খোলা এবং অফিসের আদব কায়দা বজায় রাখতেই প্রচুর টাকা খরচ করছেন। আমাদের মন্ত্রী মহাশয় এই মাত্র বললেন যে পশ্চিম বাংলায় ১ লক্ষ মৎস্যজীবী আছে এবং আজ পর্য্যন্ত মাত্র ৪৯৬টি সমবায় সমিতি হয়েছে এবং যাদের সদস্য সংখ্যা হচ্ছে ২॥ হাজার। কাজেই এ ভাবে অগ্রসর হলে দেশের সমস্ত লোকের মধ্যে সমবায়ের ভরে যে কতদিনে জাগাতে পারবে সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। যা' হোক ১৯৫৮।৫৯ সালে এই বিভাগের তরফ থেকে ৮২ হাজার ৮৮৭ টাকা ইউনিয়ন ওয়ারী ট্যাঙ্ক ফিসারীর জন্য খরচ করা হয়েছে এবং ১৯৬০।৬১ সালে ৮৮ হাজার ৫০০ টাকা খরচ হবে বলে ধরা হয়েছে। কিন্তু এই উইনিয়ন ওয়ারী ট্যাঙ্ক ফিসারী কোথায় কোথায় করা হোল এবং কিভাবে টাকা খরচ হল বা তার ফলই বা কি হোল সে সম্বন্ধে আমরা কোন হদিশই পাচ্ছি না এবং ইউনিয়ন ওয়ারী পুকুরগুলিতে মাছ চাষের উন্নতির জন্য অন্তত দামোদরের দক্ষিণ অঞ্চলে কিছু করা হয়েছে বলে আমি দেখিনি। এ কথা অবশ্য ঠিক যে কিছু কিছু লোককে পুকুরে মাছ চাষ করবার জন্য ঋণ দেওয়া হয়েছে। কিন্তু এ প্রসঙ্গে বলবো যে যারা প্রকৃত ঋণ চায় অর্থাৎ সেই মৎস্যজীবীদের ঋণ না দিয়ে তা সমস্ত পুকুরের মালিকদের দেওয়া হয়েছে এবং তাঁরা সে টাকা মাছ চাষের উদ্দেশ্যে ব্যয় না করে পুকুর বন্ধক রাখা এবং অন্যান্য কাজে লাগিয়েছে এবং যার ফলে মৎস্য চাষ ব্যাহত হয়েছে। কাজেই আমি বলব যে এ বিষয়ে আপনারা তদন্ত করুন এবং যাতে আমাদের দেশে মাছের চাষ বাড়ান যায় তারজন্য বিশেষ করে পাড়াগাঁ অঞ্চলে যে সমস্ত হাজামজা ও বহু শরিকান পুকুর আছে তার সংস্কার করুন। তবে একটা কথা মনে রাখতে হবে যে এগুলো সংস্কার করতে গেলে ট্যাঙ্ক ইমপ্রুভমেণ্ট বিভাগের মাধ্যমে হবে না, সরকারকেই সরাসরি এগুলো খাস করে নিতে হবে এবং সেগুলো সমবায়ের মাধ্যমে বা ব্যক্তির মধ্যে বিলি ব্যবস্থা করে দিতে হবে। আরেকটা কথা বলব যে মৎস্যজীবীরা গ্রামাঞ্চলের পুকুরের জন্য মাছের ডিম ও পোনা গঙ্গা থেকে কিনে নিয়ে যায় কিন্তু সেখানে একদল মহাজন বসে থাকে যারা ঐ মাছের ডিম ও পোনার দাম বাড়িয়ে দিয়ে মৎস্যজীবীদের মাছ চাষের সুযোগ থেকে বঞ্চিত করে। কাজেই আমি সরকারকে অনুরোধ করব যে এই সমস্ত মধ্যস্বত্বভোগীদের ওখান থেকে সরিয়ে দেবার ব্যবস্থা করুন তা' না হলে যাদের

এটা জাতিগত পেশা এবং তপশীল সম্প্রদায়ের যে অংশ মাছ চাষ করে অন্ন সংস্থান করে তাঁদের প্রতি খুবই অবিচার করা হবে এবং যার ফলে পশ্চিম বাংলায় মাছের সমস্যার সমাধান হবে না। এ ছাড়া এই তপশীল জাতির লোকেরা যখন মাছ চাষের জন্য শীত গ্রীষ্ম বারো মাস দিবারাত্র কঠোর পরিশ্রম করে চলেছে তখন সেই পরিশ্রমের মূল্য যাতে তাঁরা পায় তার প্রতি সরকারের দৃষ্টি দেওয়া উচিত।

[6-55—7-5 p.m.]

মৎস্যজীবীরা খুব দরিদ্র। তাদের জাল, সুতা কেনার পয়সা নাই। পোনা ফেলা, পুকুর সংস্কার করার জন্য তাদের টাকা নেই, সর্ব্বোপরি তাদের নিজেদের পুকুর নেই। এই সমস্ত বিষয় চিন্তা করা দরকার। সরকার জমিদারী গ্রহণের পর যে সমস্ত খাস পুকুর বিল ইত্যাদি বিলি দেওয়ার ব্যবস্থা করেন সেগুলি নিলামের মাধ্যমে বিক্রী না করে সমবায়ের মাধ্যমে প্রকৃত মৎস্যজীবীদের মধ্যে যাতে বিলি দেওয়া যায় সেদিকে লক্ষ্য দিতে মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করবো। সমুদ্রে মাছ ধরার জন্য যে ট্রলার আনা হয়েছে এবং মাছ ধরার জন্য যে পয়সা খরচ কথা হচ্ছে সেই পয়সা অপব্যয় করা হচ্ছে বলে আমি মনে করি। এই টাকাটা যদি পশ্চিম বংগে গ্রামাঞ্চলে যে সমস্ত হাজামজা পুকুর, খাল, বিল, দীঘি পড়ে আছে সেগুলির সংস্কারের কাজে লাগাতেন তাহলে আমার মনে হয় মাছ চাষের অনেক উন্নতি হত। এ স্থলে আমি রায়না, খণ্ডঘোষ, জামালপুর থানার কয়েকটা মজা দাঘি, বিলের নাম উল্লেখ করছি— রায়না থানার রায়খাঁর দীঘি, ছোট বৈনানের দীঘি, আমলের দীঘি, উচানলের দীঘি, খণ্ডঘোষের আমড়ালের দীঘি, খণ্ডঘোষের বিল, জামালপুরের রুক্মিণীদহ। এইগুলি প্রায় সমস্তই সরকারের খাস হইবে। এগুলি যাতে প্রকৃত মৎস্যজীবীদের হাতে যায় সেদিকে লক্ষ্য দিতে আমি সরকারকে অনুরোধ জানাই। মৎস্য ব্যবসায়ীদের সম্পর্কে আমার কথা হচ্ছে অবাঙালী মৎস্য ব্যবসায়ীরা কলকাতা এবং মফঃস্বলের মাছের বাজার শাসন করে। তারা যেমন করে বাজার কমান বা তোলেন তাতে শুধু ক্রেতা নয় ছোট ছোট গরীব মাঝারি ব্যবসায়ীরা বিশেষ ক্ষতিগ্রস্ত হয়। আমরাসংবাদ পত্রে দেখছি যে সরকার পক্ষ থেকে একেবারে সমুদ্র থেকে মাছ ধরে ব্যবসা খোলা হল কিন্তু কলকাতার উক্ত ব্যবসায়ী সঙ্ঘের এক চপেটাঘাতে তাঁদের এই নেশা ছুটিয়ে দেওয়া হল। সুতরাং সস্তায় ভাল মাছ দেওয়ার যদি সরকারের অভিপ্রায় হয় তাহলে অসাধু ব্যবসায়ীদের সংযত করতে হবে। এ সবের কোন আভাষ ইঙ্গিত মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তৃতায় না থাকায় আমি তাঁর বিভাগের জন্য যে টাকা চেয়েছেন তার বিরোধিতা করছি।

Shri Pramatha Nath Dhibar :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মৎস্য মন্ত্রী মহাশয় আমাদের সামনে যে বাজেট পেশ করেছেন সে সম্বন্ধে আমি কয়েকটি কথা বলতে চাই। মৎস্য খাতে ব্যয় ধরা হয়েছে ৩৬ লক্ষ ৯৫ হাজার টাকা, লোন এবং এ্যাড্‌ভান্স খাতে ধরা হয়েছে ২ লক্ষ ৯৭ হাজার টাকা। এই যে ৩৬ লক্ষ ৯৫ হাজার টাকা মৎস্য চাষের জন্য ধরা হয়েছে তার মধ্যে ২৮ লক্ষ ৮৫ হাজার টাকা উন্নয়ন মূলক কাজে ব্যয়িত হবে একথা বলেছেন। এই ২৮ লক্ষ ৮৫ হাজারের মধ্যে দেখা যাচ্ছে গভীর সমুদ্রে এবং কল্যাণীতে ধরা হয়েছে ২১ লক্ষ ২৮ হাজার টাকা, বাকী যেটুকু রয়েছে ৭ লক্ষ ৫৭ হাজার টাকা এটুকু মিষ্টি জলের বিভিন্ন

পরিকল্পনায় দেখান হয়েছে। বাকী যে টাকাটা রয়েছে ৮ লক্ষ ১০ হাজার এটার কোন হিসাব মন্ত্রী মহাশয় আমাদের সামনে দেননি এবং কেন যে দেননি সেকথা বোঝা যাচ্ছে না। কোন বইতে এই ৮ লক্ষ টাকার হিসাব আমরা পাইনি।

সেই কারণে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এই টাকাটা তিনি কি ভাবে খরচ করবেন। তারপরে লোন এবং য়্যাডভান্স খাতে কিছু টাকা বরাদ্দ করা হয়—সাধারণ মৎস্যজীবীদের কোন নিজস্ব পুকুর নেই, তাদের অনেকের ভিটামাটি আছে কিনা সন্দেহ এবং অনেকেই জানেন যে তারা অপরের পুকুরে ভাগে কিম্বা ইজারাব বন্দোবস্ত নিয়ে চাষ করে এবং সেই বন্দোবস্ত মৌখিক থাকে, তার কোন কাগজপত্র থাকে না যার ফলে তারা সরকারী লোন পায় না। তাদের ভিটা পর্য্যন্ত তারা বন্ধক রাখতে পারে না বলে সরকারের কাছ থেকে লোন পায় না—এ বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। যদি সরকার লোকাল ইন্‌ভেষ্টিগেশন করে কোন পুকুরে মৎস্যজীবীরা চাষ করে—সেই বেসিসে লোন দেবার ব্যবস্থা করেন তাহলে আমার মনে হয় তাদের কিছুটা সুযোগ সুবিধা হতে পারে। আর একটা কথা বলতে চাই সরকারের কৃষি বিভাগ এবং মৎস্য বিভাগ রয়েছে—ভূমিহীন কৃষকদের বা ভাগচাষীদের স্বার্থ রক্ষা করার জন্য ভূমি সংস্কার আইন বা বর্গাদার আইন তারা করে থাকেন কিন্তু দুঃখের বিষয় এই সমস্ত মৎস্যজীবীরা যারা ভাগে চাষ করে তাদের রক্ষা কবচ হিসাবে বর্গাদার আইন বা সেই ধরণের কোনরূপ আইন আজ পর্য্যন্ত তারা করেন নি। এ বিষয়ে রাজস্ব মন্ত্রীর সঙ্গে কিছু দিন পূর্ব্বে আলোচনা হয়েছিল। মৎস্য মন্ত্রীও ছিলেন—রাজস্ব মন্ত্রী অবশ্য আশ্বাস দিয়েছেন যে এ বিষয়ে তিনি চিন্তা করবেন। আমি এ বিষয়ে আপনার মাধ্যমে রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি যে আগামী অধিবেশনে তিনি যেন বর্গাদার আইন বা ভূমি সংস্কার আইন সংশোধন করে মৎস্যজীবীদের বর্গাদার হিসাবে স্বীকৃতি দানের চেষ্টা করেন।

Shri Gangadhar Naskar :

স্পীকার মহাশয়, আমাদের দেশে যারা মাছ চাষ করে মন্ত্রীমহাশয় তাদের সাহায্য করেন না। আমাদের দেশে অবশ্য উনি যেখানে জন্মগ্রহণ করেছেন, আমিও সেখানে জন্মগ্রহণ করেছি,—আমাদের দেশে যারা কুওর বাগ্‌দী ; যারা জালটাল ফেলে, মাছটাছ ধরে তাদের উনি এক পয়সাও দেন না। দেন কাদের—যারা কৃষকের জমি রাতারাতি ময়লা জল দিয়ে ডুবিয়ে জমি থেকে কৃষককে উচ্ছেদ করবার ষড়যন্ত্র করে ফিসারী করেন তাদের উনি হাজার হাজার টাকা দেন। দেখুন খেদা ইউনিয়নের কথা যদি ধরি ; সেখানে হাজার হাজার মৎস্যজীবী তারা ঋণ পায় না, কোনদিন তারা মাছ চাষ করবার জন্য একটা পয়সাও পায় না—২১ জন হয়ত কংগ্রেসের পক্ষে আছে তাদের দেওয়া হয় অথচ যারা মাছ চাষ করবে, মাছের উন্নতি করবে এবং দেশকে মাছ খাইয়ে বাঁচাবে তাদের মাছ চাষের জন্য সাহায্য দেওয়া হয় না। যারা জমি চাষ করবে, জমিতে ফসল যারা পয়দা করবে যারা জাতির মেরুদণ্ড চাষী তাদের যেমন জমি দেয়া হয় না, তেমনি মৎস্যজীবী যারা মাছ উৎপাদন করবে তাদের কোন ঋণ দেওয়া হয় না—আমাদের কংগ্রেস সরকার এ একটা বেশ মজা করেছেন। আমাদের এখানে বিমল বাবু আছেন, উনি বলেছেন জমি দেবেন। হেম বাবুকে অনুরোধ করছি।

[7-5—7-15-p.m.]

যারা হাজার হাজার টাকার মালিক, যারা হাজার টাকার মুনাফা লোটে ; তাদের টাকা দেবেন না। তা যদি করেন তাহলে মৎস্যজীবীদের উন্নতি সাধন করা কখনও সম্ভব হবে না এবং কোলকাতার লোক মাছ খেতে পাবে না। যারা মৎস্যজীবী, যারা মৎস্য চাষ করে তারা যাতে টাকা পায় তার ব্যবস্থা করুন। আমি এই প্রসঙ্গে গত বৎসরের বন্যার কথা এখানে উল্লেখ করতে চাই। এবারে ব্যাপক বন্যার ফলে গ্রামাঞ্চলে যে সমস্ত পুষ্করণীতে যাদেয় চাষ হতো, ভেসে গিয়ে সমস্ত মাছ নষ্ট হয়ে গিয়েছে, ধ্বংস হয়ে গিয়েছে। অতএব অবিলম্বে পুকুরগুলিতে মাছ ফেলবার জন্য টাকা দিন, তাহলে বাংলার মৎস্যজীবী ও সঙ্গে সঙ্গে গ্রামাঞ্চলের কৃষকদেরও রক্ষা করা সম্ভব হবে। তাছাড়া কৃষক ও মৎস্যজীবী যাদের একটুও জমি নেই, তাদেয় অন্তত মাথা গোঁজাবার মত, পা রাখবার মত এক বিঘা করে জমি দেবার ব্যবস্থা করা উচিত। তা যদি করা হয় তাহলে গ্রামের কৃষক, মৎস্যজীবীরা বুঝবে যে পশ্চিম বঙ্গে কংগ্রেস সরকারের আমলে তাদের বেঁচে থাকা কিছুটা সম্ভব হতে পারে। তাছাড়া দেখা যায় আজকে যে সমস্ত জমিদার ও জোতদার রয়েছে তাদের অধিকাংশই হচ্ছে কংগ্রেসের লোক, যারা হাজার হাজার বিঘা জমি মাছের ভেড়ীর নামে আটকে রেখেছে, ফলে চাষীরা আজ পর্য্যন্ত জমি পায়নি।

ফিসারী আইন পাশ হয়ে যাবার পরও দেখা যায় এই রকম ভাবে, ফিসারীর নাম করে বহু হাজার হাজার বিঘা জমি জমিদার, জোতদাররা রেখে দিয়েছেন, ফলে কৃষকরা জমি হতে বঞ্চিত হচ্ছে। কৃষকরা যাতে জমি পায়, এবং মৎস্যজীবীরা তাদের মৎস্য চাষ করে জীবন ধারণ করতে সক্ষম হয়, সে দিকে মাননীয় মন্ত্রী মহাশয় যেন বিশেষ দৃষ্টি দেন। আমি এই কথগুলি বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Bijoy Krishna Modak :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্য মন্ত্রী প্রত্যেকবারই এই কথা বলেন তাঁকে বেশী টাকা দেওয়া হয় না। এবার দেখছি বেশী টাকা দিলেও তিনি তা খরচ করতে পারেন না। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে ৭৫ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল পাঁচ বছরের জন্য, তিনি খরচ করেছেন মাত্র ৩২ লক্ষ টাকা, বাকী ৪৩ লক্ষ টাকা তিনি খরচ করতে পারেন নি।

তাছাড়া তিনি বলে থাকেন—টাকা যদি তিনি পান, তাহলে হাজার হাজার জলাশয়ের ব্যবস্থা করতে পারেন, গ্রামাঞ্চলের পুষ্করণীগুলি সংস্কার করতে পারেন, গ্রামবাসীদের উন্নতি কল্পে এই ধরণের অনেক কিছু ব্যবস্থা করতে পারেন। কিন্তু দেখা যাচ্ছে তিনি টাকা পেয়েছেন, অথচ সে রকম কোন কিছুই করতে পারেন নি এবং উপরন্ত তিনি ৪৩ লক্ষ টাকা খরচ করতে পারেন নি। তিনি ডিপ-সি ফিসিং এবং মেকানাইজড কোষ্টাল ফিসিং সম্পর্কে যে সামান্য পরিমাণ টাকা খরচ করেছেন পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে গত পাঁচ বছরে, তার থেকে এটা স্পষ্ট প্রতীয়মান হচ্ছে যে ইনল্যাণ্ড ফিসারি ডেভলপ করবার দিকে যেন তাঁর দৃষ্টি নেই, এবং তারই জন্য তিনি টাকা খরচ করতে পারছেন না। তেমনি অন্য দিকে দেখা যাচ্ছে ডিপ সি ফিসিং ও মেকানাইজড কোষ্টাল ফিসিং-এর ব্যাপারে প্রতি বছর সেখানে লক্ষ লক্ষ টাকা লোকসান হচ্ছে। সেই জন্য আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার বলছেন আর

ঐগুলি আপনাদের চালিয়ে দরকার নেই, ঐ সমস্ত ব্যবস্থা আমাদের হাতে দিয়ে দাও। গতবার বলে ছিলাম মৎস্য বিভাগের, বিশেষ করে ইনল্যাণ্ড ফিসারী এবং ডিপ্ সি ফিসিং, এই দুটাই ব্যর্থতার পরিচয় দিয়েছে এবং যার ফলে আমরা দেখতে পাচ্ছি বাংলা দেশের যে পাঁচ, ছয় লক্ষ মৎস্যজীবী আছে, অর্থাৎ ৯৬ হাজার পরিবার যারা মৎস্য চাষ করে তারা আজ ধ্বংসের পথে এগিয়ে চলেছে। তার কারণ, আমি একটা জিনিষ লক্ষ্য করেছি—সম্প্রতি একটা মৎস্যজীবী সম্মেলন হতে, সেখানে আমি উপস্থিত ছিলাম। গত বারের ব্যাপক বন্যার ফলে গ্রামাঞ্চলে পুকরণীগুলি ভেসে যাওয়ায় মৎস্য চাষ সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে গিয়েছে, এবং গঙ্গার মোহনায় জাল ফেলে ইলিশ মাছ ধরে, মৎস্যজীবীরা যে তাদের জীবন ধারণের উপায় করত, তা প্রায় বন্ধ হয়ে গিয়েছে। তার কারণ গঙ্গায় ইলিশ মাছের সংখ্যা হঠাৎ অত্যন্ত কমে গিয়েছে। আমি নিজে গঙ্গার পাড়ে দাঁড়িয়ে লক্ষ্য করে দেখেছি এবং হিসাব করেও দেখেছি গঙ্গার মোহনাতে মাছ ধরে মৎস্যজীবীরা প্রতিদিন আট আনার বেশী রোজগার করতে পারে না। তারা বাধ্য হয়ে নিজেদের মৎস্যের ব্যবসা ছেড়ে দিয়ে জন-মজুরের কাজ করতে আরম্ভ করেছে। এই রকম অবস্থা যদি চলতে থাকে তাহলে বাংলাদেশে মৎস্যজীবী পরিবার ধ্বংসের দিকে এগিয়ে যাবে, সে বিষয় কোন সন্দেহ নেই।

এই সাইলেণ্ট কিলিং চলছে, অর্থাৎ মানুষের হত্যা চলছে, সে কথা বাংলাদেশের মানুষ জানে না। বাংলাদেশে একটা জিনিষ দেখছি, দুর্ভিক্ষ হয় প্রতি বছর এবং অনেক কিছু আন্দোলন হয় কিন্তু মৎস্য ফ্যামিন একথা বললে বুঝি যে বাঙ্গালী মাছ খেতে পাচ্ছে না; তার আর একটা মানে হচ্ছে, মানবিক দিক থেকে, সেটা হল মৎস্যজীবীরা ধীরে ধীরে ধ্বংসের দিকে চলে যাচ্ছে, অথচ এ সম্বন্ধে কোন পরিকল্পনা নেই, তাদের রিলিফ দেবার কোন ব্যবস্থা নাই। আমি তাই দাবী করছি যে এদের রিলিফ দেওয়া হোক। কারণ এই মৎস্যজীবীরা দুঃস্থ তারা অতল তলে তলিয়ে যাচ্ছে শুধু কিছু কিছু সাবসিডি দিলেই হবে না, তাদের খয়রাতি সাহায্য করা হোক, খয়রাতি তাদের দেওয়া হয় না; তাদের ডোল দেওয়া হোক, যদি এই ডিপার্টমেণ্ট না দিতে পারে তাহলে প্রফুল্লবাবুর ডিপার্টমেণ্ট থেকে দেওয়া হোক। এই মৎস্যজীবীদের জাল নষ্ট হয়ে গেছে, নৌকা নষ্ট হয়ে গেছে, এদের এই দরিদ্র দুঃস্থ মৎস্যজীবীদের ব্যাপক ভাবে গ্রাণ্ট দেওয়া উচিত, একটি দুটি বা সামান্য কিছু দিলেই হবে না, এদের ব্যাপক জি, আর, দেওয়া হোক রিহ্যাবিলিটেশন গ্রাণ্ট দেওয়া হোক এবং এদের যে ঋণ আছে তা মুকুব করে দেওয়া হোক, লোনের প্রভিশন, বাড়ান এবং সাবসিডি দিয়ে নৌকা, সুতা ইত্যাদি দেওয়ার নিয়ম ইণ্ট্রোডিউস করতে হবে। এত গেল আশু সমাধান।

এ ছাড়া আমি স্থায়ী সমাধান বিষয়েও কিছু বলব। প্রথমতঃ যে সমস্ত বিল বাওর জলাশয় আছে এগুলি একোয়ার করার জন্য বার বারই বলতে হয় কিন্তু আজ পর্যন্ত শুনিনি একটা কথাও বলেছেন এই জল কর সম্পর্কে। এই বিল সম্পর্কে জানাচ্ছি যে এই বিল ইজারা দেওয়ার আইন আছে। মন্ত্রী মহাশয় তো মৎস্যজীবীদের সহায়তা করছেন বলে খুব গৌরব অনুভব করছেন কিন্তু বিল, জলাশয় ইত্যাদি ইজারা দেওয়ার ফলে ইজারাদাররা জমিদার হয়ে বসছে। মাননীয় রাজস্ব মন্ত্রী মহাশয়েরও দৃষ্টি এদিকে আকর্ষণ করছি, তাঁরও এটা জানা দরকার যে এখন পর্য্যন্ত জলকর প্রথা রয়েছে এবং ইজারা দিয়ে নূতন জমিদার সৃষ্টি করা হচ্ছে এসব কি গঙ্গা পর্য্যন্ত লীজ দেওয়া হচ্ছে, ৩০ বছরের জন্য পত্তনি দেওয়া হচ্ছে। লালগোলা কো-অপারেটিভ সব চেয়ে বড় কো-অপারেটিভ, প্রায় ১ হাজার মেম্বার, স্যার, এর সেক্রেটারী

পঞ্চানন এত অত্যাচার করে মৎস্যজীবীদের উপর যে দেখানে মাথাপিছু ৪।৫ টাকা হওয়া উচিত সেখানে ২৪ টাকা জলকর নিচ্ছে। সম্প্রতি শুনেছি ১৭ হাজার টাকা ডিফল্ট করার জন্য এরেষ্টেড করা হয়েছে, এ অবস্থা যাতে না চলে মৎস্যজীবীদের যাতে অসুবিধায় না পড়তে হয় সেটা দেখা দরকার এবং গঙ্গাকে ইজার দেবার ব্যবস্থা করেছেন, গঙ্গা ইজারা দেওয়া যায় কিনা জানি না। এষ্টেট ম্যানুয়ালের ২৬৮ নং ধারায় এক্সপ্লিসিটলি একথা বলা আছে—

"In regard to tidal rivers it may sometimes be expedient that the exclusive right to fishery should not be granted to private individuals, or to certain classes of individuals, to the exclusion of the general public. A Collector should not grant a lease of such a fishery for the first time without the previous sanction of the Board".

আমি সে জন্য বলছি গঙ্গাকে লীজ দেবার যে ব্যবস্থা করেছে নদীয়া জেলার কো-অপারেটিভ, জগন্নাথবাবু এম, এল, এ আছেন, তিনিও জানতে পারেন, এই গঙ্গা লীজ দেওয়াটা একটা অপ্রেসিভ ব্যবস্থা, এভাবে লীজ দিয়ে নূতন জমিদারী স্বত্ব এরা তৈরী করছে সুতরাং এই কো-অপারেটিভগুলোর গঙ্গা লীজ দেবার ক্ষমতা রহিত করা হোক এবং এ জন্য যথাবিহিত আইন করা হোক।

[7-15—7-25 p.m.]

Shri Ledu Majhi :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে প্রোটীন জাতীয় খাদ্যের ভয়াবহ সমস্যা দেখা দিয়েছে। দেশের চিন্তাশীল লোকেরা তার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। বৈজ্ঞানিকেরা বলেছেন প্রোটীন জাতীয় খাদ্যের অভাব ঘটলে শর্করা জাতীয়খাদ্যের জন্য দেশে চাহিদা অত্যন্ত বেড়ে যায়। কারো কারো মত এই খাদ্য শস্যের অভাবে তথা দুর্ভিক্ষে প্রোটীনের অভাব ব্যাপক মাছের চাষে আমরা বহুলাংশে দূর করতে পারি। মাছের চাষ কৃষি ব্যবস্থার অনুকুল। ব্যাপকভাবে মাছের চাষ করলে কৃষির জন্য সেচ ব্যবস্থারও কিছু কিছু উন্নতি হতে পারে। কাজেই আমাদের মাছের চাষের দিকে লক্ষ্য দিতে হবে। আজ মাছের চাষের উপযোগী জলাভূমি বা পুষ্করিণী, সেচ ব্যবস্থার জন্যও বহুলাংশে উপযোগী হতে পারে। পুরুলিয়া জেলায় মাছ চাষের বিরাট সুযোগ রয়েছে। তাকে প্রসারিত করবার জন্য বহু ভূমি ও সেখানে পাওয়ার সম্ভাবনা আছে। মাছের চাষের বিরাট ব্যবস্থা করতে পারলে এই অনগ্রসর জেলার খুব লাভ হবে এবং সারাবাংলার জন্য এই প্রয়োজনীয় প্রোটীন খাদ্যের মস্তবড় সরবরাহের সুযোগ হতে পারে।

The Hon'ble Hem Chandra Naskar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অনেক সদস্য এ সম্বন্ধে অনেক কথা বলেছেন। একজন বললেন গঙ্গার মোহনা দেখে এসেছেন। কোনখানে? সেই জায়গার নাম কি! তা আমি জানতে পারলে বাধিত হবো। ডালহৌসী বলে একটা জায়গা আছে সেখানে ও অন্যান্য জায়গায় গিয়েছি সেখানে দেখে এসেছি মাছ ধরতে। গঙ্গা একমাত্র নদী যেটা শুকায় না, বাংলার অন্যান্য সমস্ত নদীই প্রায় শুকিয়ে যায়। তাহলে সেখানে কি করে মাছ হতে পারে। রূপনারায়ণের জল থাকে এবং গঙ্গায় জল থাকে—আর বাদবাকী নদী সমস্তই শুকিয়ে যায়। এমন যে ময়ুরাক্ষী ব্যারেজ তারও অনেক জায়গায় শুকিয়ে যায় এবং সেই জায়গায় তাঁরা মৎস্য

চাষের কথা বলেন। আমাদের বিভাগের কাজ দেখলে বুঝবেন—আমাদের টাকা পরিশোধ করবার ক্ষমতা আছে। আমাদের বিভাগ মৎস্যজীবিদের সাধারণ দুর্দ্দশার জন্য টাকা চাইলে রিলিফ ডিপার্টমেণ্টে প্রফুল্ল সেন মহাশয়ের দপ্তরে পাঠিয়ে দেয়। প্রমথবাবু কতকগুলি কথা বলেছেন তাঁকেও বলেছি আমাদের এখনকার বর্ত্তমান শিক্ষামন্ত্রী রায় হরেন্দ্র নাথ চৌধুরী মহাশয়ের সময়ে একটা আইন হয়েছিল, যে পুকুর উন্নতি করতে পারবেনা—পড়ে থাকে, কোন লোক যদি সেটা মৎস্য চাষের জন্য চান তাহলে তাকে ম্যাজিষ্ট্রেটের কাছে দরখাস্ত করতে হবে। তাহলে ম্যাজিষ্ট্রেট পুষ্করিণীটা রিক্যুইজিশান করে দিতে পারেন এবং তাতে মৎস্য চাষ হতে পারে। তারা কতগুলি পুকুরে মৎস্য চাষ করেন? তাঁদের জেলায় এই রকম কত পুকুরের উন্নতি করেছেন উক্ত আইনের আওতায়? আমি জানি দুর্গাপুরে মাছ আড়াই টাকা, বর্দ্ধমানে সাড়ে চার টাকা। এই কয় মাইলের ব্যবধানে এত দাম। দুর্গাপুর ইণ্ডাষ্ট্রিয়াল এরিয়া। পুরুলিয়ার মাননীয় সদস্যকে আমি বললাম—দেখুন, সেখানে পুষ্করিণীতে জল থাকে না। আর যেগুলিতে একটু থাকে তা ও সিপেজ করে বেরিয়ে যায়। তাহলে মৎস্যচাষ হবে কি করে? [এ ভয়েস: শুকনো পুকুরে কিছু ছাগল ছানা ছেড়ে দিন পাঠা হবে।] আমার মাত্র ৩৮ লক্ষ টাকা, ডিপার্টমেণ্টের খরচ ইত্যাদি সমস্ত দিয়ে যে টাকাটা থাকে, তা দিয়ে কতটুকু কাজ হতে পারে—তা আপনারা বুঝতে পারেন। সুন্দরবনের মৎস্যজীবী সমবায়ের ডিরেক্টর একজন, আপনি জানেন—সমুদ্রে মাছ নেই। আমি তার কি করবো। সেই জন্য কিছু ইন্‌ল্যাণ্ড ফিসারি জমা দেওয়ার জন্য চেষ্টা করছি যাতে সেখানে তারা করে খেতে পারে। আমাদের রামানুজবাবু কো-অপারেটিভ এবং ডিরেক্টর তিনিও জানেন তাঁদের সেখানে এতবড় গঙ্গা নদী, আজকে সেখানেও নদীতে মাছ নেই। মাছ যদি না হয় সেটাও কি আমার দোষ? কয়েকজন সদস্য বলে গেলেন টাকার জন্যে দরখাস্ত করে টাকা পান নি, টাকার জন্য কত লোক এ্যাপ্লাই করেছেন মাছ ছাড়বার জন্য? আপনারা যদি বলেন এবং এখান থেকে আইন পাস করে দেন, যে টাকা আদায় করতে হবে না টাক দিয়ে দেব। আপনারা সেটা পাস করে দেন, আমাদের টাকা দিতে কোন আপত্তি নাই। আপনারা যদি বেশী করে টাকা দেন তাহলে আমিও বেশী করে মাছ খাওয়াতে পারব তাতে আমারই সুনাম হবে। আমার কি ইচ্ছা করেনা আপনাদিকে ভাল মাছ খাওয়াই। কিন্তু আপনারা যদি সহযোগিতা না করেন, তাহলে আমার একলার পক্ষে সম্ভব নয়। আজকে বাংলাদেশে বেশী ভাগ পুষ্করিণীতেই বছরের অর্ধেক দিন জল থাকেনা। জমিতে যেমন উৎপাদন করতে গেলে সেচের ব্যবস্থা করতে হয়, অন্য ভাবেও জমির তদারক করতে হয়, তেমনি মাছের চাষেয় জন্যও নানারকম যত্ন করতে হয়। কাজেই আপনারাও চেষ্টা করুন। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী আইন তো করে দিয়েছেন, কিন্তু সেই আইনের আশ্রয় কতজন নিয়েছেন? কোথায় কি অবস্থা আমার ভালো জানা আছে। আপনারা কিছু চেষ্টা করেছেন? আমরা পলাশী ষ্টেশন থেকে মাছ চালান দেবার ব্যবস্থা করেছিলাম, কিন্তু আপনারা আমাদের সাহায্য করেছেন কি? আপনারা যদি নিজেরা চেষ্টা না করে সরকার কেন করলনা কেবল এসব কথা বলেন, সমস্ত দায়িত্ব যদি আমাদের ঘাড়েই চাপিয়ে দেন তাহলে কি করে হবে?

ব্রিটিশ গভর্ণমেণ্ট হলে না হয় একটা কথা ছিল, কিন্তু এখন আমাদের নিজেদের সরকার হয়েছে, সুতরাং আপনাদেরও সরকারের সঙ্গে সঙ্গে চেষ্টা করতে হবে। আগে আমাদের ৪টা মোড়া ছিল, এখন সেখানে ২৪টা মোড়া হয়েছে, সেইসব স্থানে ট্রাওট মাছের চাষ করা যায়

কি না আমরা চেষ্টা করে দেখছি তাই আমি বলছি আপনারা এগিয়ে আসুন। আমরা অনেক সময় নানারকম বাধার সম্মুখীন হই যেমন ভেস্টেড ইন্টারেষ্ট, তাদের কাছ থেকে রিক্যুইজিশন-এর বেলায় নানারকম বাধা আসে। যাই হোক, আপনারা আমাদের সন্ধান দিন, কোথায় কি পুকুর আছে, তাতে কি করে মাছের চাষ করা যায় তাহলে আমাদের মাছের সমস্যার সমাধান হতে পারে। এই বলে আমি সমস্ত কাটমোশান বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[7-25—7-28 p.m.]

Mr. Speaker : I am glad to note that during my time this is the only demand on which no division has been claimed.

I put all the cut motions to vote.

The motion of Dr. Pabitra Mohan Roy that the demand of Rs. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Subodh Banerjee that the demand of Rs. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Phakir Chandra Ray that the demand of Rs. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand of Rs. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Basanta Lal Chatterjee that the demand of Rs. 36,95,000 for expenditure under Grant No. 24, Maior Head "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gobinda Charan Maji that the demand of Rs. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Basu that the demand of Rs. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Ramanuj Haldar that the demand of Rs. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gobardhan Das that the demand of Rs. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Dasarathi Tah that the demand of Rs. 36,95,000 for penditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be duced by Rs. 100, was the put and lost.

The motion of Shri Natendra Nath Das that the demand of Rs. 36,95,000 r expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" e reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sasabindu Bera that the demand of Rs. 36,95,000 for penditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be duced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Mihirlal Chatterjee that the demand of Rs. 36,95,000 r expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" e reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bhakta Chandra Roy that the demand of Rs. 36,95,000 r expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" e reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Niranjan Sen Gupta that the demand of Rs. 36,95,000 r expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" e reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 36,95,000 r expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" e reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Tarapada Dey that the demand of Rs. 36,95,000 for xpenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be educed by Rs. 100, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand of ls. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—griculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Hare Krishna Konar that the demand of Rs. 36,95,000 or expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" e reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Chaitan Majhi that the demand of Rs. 36,95,000 for xpenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be educed by Rs. 100, was then put and lost.

The motion of Shri Suhrid Mullick Chowdhury that the demand of ls. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—griculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Shyama Prasanna Bhattacharjee that the demand of ls. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—griculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bijoy Krishna Modak that the demand of Rs. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Rama Shankar Prasad that the demand of Rs. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Renupada Halder that the demand of Rs. 36,95,000 for expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Hem Chandra Naskar that a sum of Rs. 36,95,000 be granted for expenditure under Grant No. 24, Major Head "40—Agriculture—Fisheries", was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-28 p.m. till 3 p.m. on Friday, the 25th March, 1960, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 25th March, 1960 at 3 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble BANKIM CHANDRA KAR) in the Chair, 13 Hon'ble Ministers, 2 Ministers of State, 12 Deputy Ministers and 195 Members.

3—3-10 p. m.]

Adjournment motion

Shri Panchugopal Bhaduri : Sir, my adjournment motion runs thus :—

"The House do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, viz., the failure of the Hooghly—Serampore Police inspite of repeated warnings to check the activities of a gang of ruffians operating from a place just opposite the Mahesh Outpost with crackers, gupties and daggers, which has ultimately resulted in the death of a young man named Dipak Mukherjee on the 23rd morning."

School Final Examination

Shri Ganesh Ghosh : Sir, I have to draw your attention to a very important matter. The School Final Examination begins on the 30th March, just after the day when the Id is expected to be celebrated. But the celebration of the Id depends on the visibility of the moon—if the moon be not seen on the 28th, then the Id will not be celebrated on the 29th, if it is seen on the 29th, then the Id will be celebrated on the 30th. So, if the School Final Examination be held on the 30th, it will be very difficult for a large number of examinees to appear at the said examination. Therefore, I would request the Hon'ble Minister for Education to consider this fact and see if the date of the examination could be changed.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Sir, I enquired about this matter and I have been assured by the Administrator of the Board of Secondary Education that no Muslim student is going to appear in the subject that has been chosen for examination on that day.

Dr. Abu Asad Md. Obaidul Ghani : Sir, may I know what is that subject in which the Muslim students cannot appear ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : I have given you only what the Administrator has told me.

Shri Jyoti Basu :

একটা সাবজেক্ট যেটা বোধ হয় কেউ ঠিক করে বলতে পারছেন না এবং এটাতে বোধ হয় কোন মুসলীম ষ্টুডেণ্ট এপিয়ার হচ্ছে না।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : I have been assured by the Administrator that no Muslim student is going to appear in that subject.

Shri Jyoti Basu :

সুতরাং একটা দিন পিছিয়ে দিলে কি অসুবিধা হয় বুঝতে পারছি না।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Then the whole arrangement is upset according to the Administrator.

Shri Deben Sen :

স্যার, আমার কাছে এ বিষয়ে বহু মুসলমান ছাত্রদের কাছ থেকে রিপ্রেজেন্টেশান এসেছে। এক্‌জামিনেশান পিছিয়ে দেবার দরকার হয় না এবং সেদিনের এক্‌জামিনেশানটা অন্য দিন করলেই হয়। এর জন্য কোন টাইম সিডিউল এর পরিবর্ত্তনের দরকার হয় না। অর্থাৎ পরে অন্য একটা দিন এই পরীক্ষাটা করলেই আর কোন অসুবিধা হয় না।

Mr. Speaker : You have heard what the Hon'ble Minister has said.

Time for guillotine

Mr. Speaker : I just remind the honourable members that today is the last date for voting on demand for grant. There are as many as 15 heads of demands under which there are 131 cut motions. In conformity with the previous practice I fix that the House will sit today up to 7.30 p.m. and I also fix that the guillotine will fall at 6.30 p.m. Thereafter I shall put all the outstanding questions to vote without debate. I would, therefore, request the honourable members to be short in their speeches.

I want to tell you one more thing : all the cut motions under all the Grants are in order except cut motion No. 4 under Grant No 1. The cut motion No. 4 under Grant No. 1 is out of order as it raises the question of amendment of the Agricultural Income-tax Act.

DEMANDS FOR GRANTS

Grant No. 32

Major Head : 47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward Classes.

The Hon'ble Bhupati Majumdar : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,34,77,000 be granted for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes".

মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে গত বৎসর পর্য্যন্ত আদিবাসী মঙ্গল বিভাগের বাজেট আলাদা ছিল না। যদিও এই বিভাগ ক্রমবর্দ্ধমান তবুও এই বিভাগের ব্যয় সম্বন্ধে কোন বিশদ আলোচনা এখানে হোত না। সদস্যগণ যখন এটার প্রতি আমার দৃষ্টি আকর্ষণ করলেন তখন আমি তাঁদের প্রতিশ্রুতি দিয়েছিলাম যে এই বৎসর থেকে একটা ডিফারেণ্ট হেড-এ আমাদের বাজেট আসবে ও সে সম্বন্ধে আলোচনা হবে—আমি সে কথা রক্ষা করতে পেরেছি। কয়েক বছর ধরে আদিবাসী মঙ্গলের কাজ এগিয়ে চলেছে। ১ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ৫ বছরে মাত্র ৬৪ লক্ষ ১০ হাজার টাকা বরাদ্দ ছিল, ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা ৩ কোটি ৭ লক্ষ ৭১ হাজার টাকা ব্যয়ের সংস্থান করতে পেরেছি এবং এর মধ্যে ১ কোটি ২৪ লক্ষ টাকা কেন্দ্র-প্রবর্ত্তিত পরিকল্পনার অধীনে। ১ কোটি ৮৩ লক্ষ ৭১ হাজার টাকা রাজ্য পরিকল্পনা খাতে রাখা হয়েছে। ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনা এখন রচিত হচ্ছে। ১ কোটি ৮৩ লক্ষ. যেটা রাজ্য পরিকল্পনায় ছিল সেটা আমাদের পরিকল্পনা কমিশন

১ কোটি ৬৬ লক্ষ ৭০ হাজারে নিয়ে এসেছিলেন। ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা আরও অধিক পরিমাণ অর্থ এর জন্য রাখতে পারব বলে আশা রাখি। প্রথমে অনগ্রসর যারা তাদের জন্য শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, সমবায়, কুটির শিল্প, পথ নির্মাণ এবং আরও কয়েকটি ক্ষেত্রে কার্যসুচী গ্রহণ করা হয়—শ্বেত পুস্তিকায় এই কার্যসুচীর বিশদ বিবরণ দেওয়া আছে। এগুলির মধ্যে কয়েকটি বিশেষ পরিকল্পনা সম্বন্ধে আলোচনা হওয়া ভাল। তবে শিক্ষার স্থান সর্ব্বোচ্চ। অনগ্রসর তপশীলী এবং তার চেয়ে বেশী করে যারা আদিবাসী তাদের দ্রুত উন্নয়ন একমাত্র শিক্ষার দ্বারাই হতে পারে। এদিকে লক্ষ্য রেখে ১৯৫৪।৫৫ সালে যেখানে মাত্র ৩॥ হাজার আদিবাসী ছাত্র মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যয়ন করত, সেখানে আজ বিনা বেতনে অধ্যয়ন করার সুযোগ পেয়ে এই সংখ্যা বৃদ্ধি হয়ে এখন ১০॥ হাজারে দাঁড়িয়েছে এবং এই সংখ্যা ক্রমেই বেড়ে যাচ্ছে। এই কার্যসুচী ছাড়া ছাত্রাবাসের ব্যয় নির্বাহ, পুস্তক ক্রয়, পরীক্ষার ফি প্রদান, ছাত্রাবাস নির্মাণ ও সম্প্রসারণ, বিদ্যালয়ের মান উন্নয়ন ইত্যাদির জন্য অর্থ বরাদ্দ হয়। বস্তুতঃ রাজ্য পরিকল্পনার শতকরা ২৯ ভাগ অর্থ এই শিক্ষা খাতে ব্যয়িত হয়। এ ছাড়া শিক্ষা দপ্তর অনুন্নত সম্প্রদায়ের শিক্ষা তহবিল হইতে প্রতি বছর ১০ লক্ষাধিক টাকা ব্যয় করেন। অনুন্নত সম্প্রদায়ের লোকেরা যেখানে বেশী বাস করে সেখানে পানীয় জল সরবরাহ এই কল্যাণ পরিকল্পনার মধ্যে দ্বিতীয় স্থান পাবার যোগ্য। বিভিন্ন জেলায় এরূপ অঞ্চল সমূহে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৩ শত নলকুপ, ইঁদারা প্রভৃতি স্থাপন করা হয়েছে। দ্বিতীয় পরিকল্পনাকালে ৪ হাজার ৭১৩ এর অধিক নলকুপ, ইঁদারা স্থাপন করা হয়েছে। এই সংখ্যা পরিকল্পনার মূল লক্ষ্য যা ছিল তার দ্বিগুণ।

[3-10—3-20 p.m.]

এ-ক্ষেত্রে উল্লেখ করা প্রয়োজন যে গ্রামাঞ্চলে জল সরবরাহ পরিকল্পনা ও সমষ্টি উন্নয়ন পরিকল্পনার অধীনে যে সকল পানীয় জলের উৎস্ সরকার থেকে নির্ম্মাণ করা হয় এই বিভাগের পরিকল্পনাগুলি তার পরিপুরক মাত্র। তারপর চিকিৎসার ব্যাপারে দরিদ্র আদিবাসী রোগী-গণ চিকিৎসার জন্য যাতে বিনামূল্যে দামী ঔষধ পেতে পারেন সেজন্য বিভিন্ন জেলায় বে-সরকারী চিকিৎসালয়গুলিকে অনুদান দেওয়া হয়। দ্বিতীয় পরিকল্পনাকালে এই উদ্দেশ্যে ১ লক্ষ টাকা ব্যয়িত হবে। যক্ষারোগগ্রস্ত আদিবাসীদের চিকিৎসার জন্য প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে যক্ষাহাসপাতালে ৪টি শয্যা সংরক্ষণ করা হয়েছিল। দ্বিতীয় পরিকল্পনায় অতিরিক্ত ১০টি শয্যা সংরক্ষণের প্রস্তাব করা হয়। কিন্তু প্রয়োজনের গুরুত্ব উপলব্ধি করিয়া মূল লক্ষ্যকে দ্বিগুণের অধিক বাড়াইয়া ২৩টি করা হইয়াছে। অবশ্য এর সঙ্গে এ-কথা মনে রাখিতে হবে দার্জিলিং, কার্সিয়াং এ যে যক্ষা হাসপাতাল আছে সেখানে ২৫টি শয্যা এদের জন্য বিশেষভাবে সংরক্ষিত আছে, এগুলি হচ্ছে তার অধীনে। তারপর দরিদ্র আদিবাসীগণের সরলতার সুযোগ লইয়া গ্রাম্য মহাজনেরা তাহাদিগকে ঋণজালেতে বেঁধে ফেলত। সেজন্য তাদের বাঁচবার জন্য প্রথমে শস্যগোলা স্থাপন আরম্ভ হয়। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে এই রাজ্যের বিভিন্ন অঞ্চলে মোট ৩০টি ছিল। প্রথমে স্থির হইয়াছিল দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৮৪টি শস্যগোলা স্থাপন করা হবে। কিন্তু এটা এত জনপ্রিয়তা লাভ করে যে আদিবাসীদের উপকারের জন্য একে বাড়িয়ে ১০৫টি করা হয়েছে। এই পরিকল্পনাটি অধিক-তর কার্যকরী করার উদ্দেশ্যে একটি পরিবর্ত্তন আনা হইয়াছে। পুর্ব্বে শস্যগোলা হইতে শুধু ধান্য ঋণ পাওয়া যেত এখন সেখানে অর্থ ঋণ পর্য্যন্ত দেওয়ার ব্যবস্থা হয়েছে। আদিবাসীরা

ভূমিহীন গরীব। তাদের যা কিছু জমি আছে তা অনেক সময় তারা বিক্রি করতে বাধ্য হ
এইসব বিবেচনা করে আর একটা কর্মসূচী গ্রহণ করা হয়েছে। তাতে যেসকল আদিবা
গত ৫ বছরের মধ্যে জমি বিক্রি করতে বাধ্য হয়েছে তাদের পুনরায় জমি ক্রয়ের জন্য ৫ (
টাকা পর্য্যন্ত অর্থ সাহায্য করা হয়। এ-ছাড়া অনেক ক্ষেত্রে আদিবাসীদের বাস্তুভিটার উ
নিজস্ব কোন স্বত্ব থাকে না। তাদের নিজের স্বত্ব যাতে হয় তারজন্য ২ শো টাকা পর্য
অর্থ সাহায্য করা হয়। আদিবাসী ও তপশীলীদের গৃহ নির্মাণের জন্য অনুদান দেও
দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার একটা কাজ। এই পরিকল্পনা অনুযায়ী এই বৎসরে ৮৯৭
ও আগামী বৎসরে ১২৭৭টী গৃহ নির্মিত হবে। প্রসংগত বলা যায় যে গৃহনির্মাণ খরচের শ
করা ২৫ ভাগ শ্রমমূল্যের দ্বারা উপকৃত ব্যক্তিকে দিতে হবে। কিন্তু যেসব আদিবাসী অঞ্চ
প্রাকৃতিক দুর্য্যোগে বিপদগ্রস্ত হয়েছে সেখানে শ্রমদান দেয় যে শতকরা ২৫ ভাগ সেটা মকু
করা হয়েছে। কারিগরী শিক্ষার দিকে দৃষ্টি রাখা হচ্ছে। সরকারী অনুদানে শিক্ষা প্রতি
ষ্ঠানে আদিবাসী ও তপশীলী ছাত্রদের বৃত্তি প্রদানের জন্য কয়েকটি শিক্ষণ-তথ্য-উৎপাদন কে
স্থাপন করা হয়েছে। এই সমস্ত পরিকল্পনা অনুসারে বছরে পাঁচ-শতাধিক ব্যক্তিকে বিভি
শিল্পে শিক্ষা দেওয়া হচ্ছে। এ ছাড়া শিক্ষাপ্রাপ্ত কারিগরদের ব্যবসারম্ভের জন্য আর্থি
সাহায্য দেওয়ার বন্দোবস্ত আছে। অদিবাসীদের মধ্যে নৈশ বিদ্যালয়, বয়স্ক শিক্ষাকেন্দ্র
ছাত্রাবাস ইত্যাদির পরিচালনা এবং সাংস্কৃতিক ও কল্যাণমূলক কাজের জন্য ১২টি বে-সরকারী
প্রতিষ্ঠানকে অর্থ সাহায্য দেওয়া হয়। তপশীলীদের মধ্যে কারিগরী শিক্ষাকেন্দ্র, নৈশ
বিদ্যালয় ও গ্রন্থাগার প্রভৃতির পরিচালনা ও অস্পৃশ্যতা দূরীকরণ সম্বন্ধীয় প্রচারকার্য্যের জন্য
১০টি প্রতিষ্ঠানকে অনুদান দেওয়া হয়। এই সমস্ত প্রতিষ্ঠান মোট ব্যয়ের শতকরা
২০ ভাগ নিজেরা বহণ করে। আদিবাসী মঙ্গল বিভাগ বিমুক্ত জাতি ও আদিবাসীদের মধ্যে
যাযাবর শ্রেণীর যারা তাদের জন্য উপনিবেশ স্থাপন করে পুনর্ব্বাসনের ব্যবস্থা করেছে। এখানে
বলা নিষ্প্রয়োজন যে এদের স্থান থেকে স্থানান্তরে ঘুরে বেড়াবার যে স্বাভাবিক বৃত্তি তা বন্ধ
করতে গেলে এদের জমি দিয়ে বাস করান ছাড়া অন্য কোন উপায় নেই। যদিও যথেষ্ট
পরিমানে কৃষি জমির অভাব রয়েছে তবুও এইসব অসুবিধা সত্বেও পুনর্ব্বাসনের কাজ চালিয়ে
যাওয়া হচ্ছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সমাপ্তির ভেতর ৩৫৪টি পরিবারকে পুনর্বাসন
দেওয়া সম্ভব হবে বলে আশা করা যায়। আদিবাসীদের উন্নয়নমূলক কার্য্য সম্বন্ধে গবেষণা
করার জন্য একটি সাংস্কৃতিক গবেষণা কেন্দ্র স্থাপন করা হয়েছে। আদিবাসীদের ভাষা,
উত্তরাধিকার আইন ও বিভিন্ন আদিবাসী সম্প্রদায়গুলি সম্বন্ধে গবেষণা আরম্ভ হইয়াছে। আদি-
বাসীদের সাংস্কৃতিক জীবনের নিদর্শনের জন্য একটি সংগ্রহশালা গড়ে তোলা হচ্ছে। মাধ্য-
মিকোত্তর শ্রেণীতে অধ্যয়ণরত আদিবাসী ও তপশীলী সম্প্রদায়ভুক্ত ছাত্রদের বৃত্তি দেওয়ার
পরিকল্পনাটি চলতি বছর থেকে রাজ্য সরকারের উপর ন্যস্ত হয়েছে। এটা পুর্বে ভারত সরকার
সরাসরি দিতেন। তারা এবার রাজ্য সরকারকে জুলাই মাসে জানান যে রাজ্য সরকার কর্তৃক
এই বণ্টন ব্যবস্থা হবে। তারপরে হঠাৎ অক্টোবর মাসে একটা দুঃসংবাদ আসে যে প্রত্যেক
রাজ্যে লোক সংখ্যা অনুসারে এই বৃত্তি দেওয়া হবে, তাতে আমরা অর্দ্ধেকও পেতে পারতাম না।
সেজন্য রাজ্য সরকার থেকে প্রতিবাদ হয় এবং অনেক কথা কওয়ার পরে তারা আগেকার যে
অনুদান সেটা দেবেন বলে স্থির করেন। অনেক পরে ফেব্রুয়ারী মাসে সমস্ত রাজ্য সরকারের
বিভাগগুলি একত্রিত হবার পর তারা সেটাকে সম্পূর্ণ করেছেন কিন্তু যে টাকা আমরা পেতে

ছিলাম তখন তা অর্দ্ধেক হলেও যাঁরা পরীক্ষা দেবেন, বিশ্ববিদ্যালয়ে যেসমস্ত টাকা তখনই দিতে হবে, তাঁদের কাছে আমরা ডিসেম্বর মাসের মধ্যেই টাকা প্রেরণ করেছিলাম এবং সেটা বিলম্ব হলেও ফেব্রুয়ারী মাসে ভারত সরকারের সম্পূর্ণ অনুমোদন লাভ করার পরে আমরা চেষ্টা করে কলেজে সমস্ত লোক পাঠিয়ে টেলিফোন চিঠি যতরকম আছে সেই ব্যবস্থা করে যাতে তাঁরা শীঘ্র টাকা পান আমরা সেই ব্যবস্থা করেছি। অনেক সময় যে ফর্ম ফিলাপ করা হয় তার ভুল থেকে যায় এবং তারজন্য বিলম্ব হয়ে যায় কিন্তু আমরা সমস্ত কিছু মঞ্জুর করে পাঠিয়ে দিয়েছি। যদি এখন কোন গোলমাল থাকে বা না পেয়ে থাকেন তা আমরা জানতে পারলে পর শীঘ্র বন্দোবস্ত করতে পারব, কারণ আমাদের বিভাগ থেকে সমস্ত টাকা পাঠিয়ে দেওয়া হয়েছে। তা ছাড়া সেটেলমেণ্ট কাজের সময় আদিবাসীদের অনেক জমি অন্তের নামে লিপিবদ্ধ হয়ে গিয়েছিল সেজন্য এই দপ্তরের অধীনে বিভিন্ন জেলায় মোট ১১ জন বিশেষ কানুনগোদের নিয়ে স্থানীয় অফিসারগণের সাহায্যে আদিবাসীদিগকে আপত্তির দরখাস্ত পেশ করতে সাহায্য করা হয়েছে এবং আপত্তিগুলি শুনানীকালে আদিবাসীদের পক্ষে মামলা পরিচালনা করা হয়। এই সমস্ত ব্যবস্থা অবলম্বন করার ফলে আদিবাসীদের ৪০ হাজারের বেশী আপত্তির আবেদন পেশ করানো হয়েছে এবং সুখের বিষয় যে সকল ক্ষেত্রে ঐসব মামলার ফল প্রকাশিত হয়েছে তাতে অধিকাংশ ক্ষেত্রেই আদিবাসীগণ জয়লাভ করেছেন। এখন যেমন ডিপার্টমেণ্টের কাজ বাড়ছে তেমন আরো কর্ম্মচারীর প্রয়োজন। এখন প্রত্যেক জেলাতে হাওড়া ছাড়া, একজন করে ট্রাইবাল ওয়েলফেয়ার আফিসার বা স্পেশাল অফিসার আছেন এবং হাওড়ার ব্যাপারটা বিবেচনাধীন আছে। তাছাড়া বড় বড় জেলায় আমরা এর সংখ্যা বাড়াবার জন্য চেষ্টা করছি যাতে করে আমাদের ট্রাইবাল ওয়েলফেয়ার অফিসারেরা সর্বত্র গিয়ে পৌঁছাতে পারেন। আমাদের পশ্চিমবঙ্গে ৩৯টি কল্যাণ কেন্দ্র স্থাপিত হবে। সমাজসেবকদের ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মীদের বিশেষ করে অনগ্রসর সমাজের উন্নয়ন কার্য্যে উপযুক্ত শিক্ষাপ্রদান করবার জন্য বর্ত্তমানে মেদিনীপুর জেলার বেলপাহাড়ীতে একটি সমাজসেবক শিক্ষাকেন্দ্র স্থাপনের বন্দোবস্ত হয়েছে। এ ছাড়া সরকারী পরিকল্পনা সমূহের সুষ্ঠু রূপায়নে বেসরকারী পরামর্শ ও উপদেশের প্রয়োজনীয়তা উপলব্ধি করে আদিবাসী ও তপশীল সংক্রান্ত বিষয়ে পরামর্শ দেবার জন্য দুটি স্বতন্ত্র পর্ষৎ গঠন করা হয়েছে। এই পর্ষৎ দুইটিতে সংসদ ও রাজ্য বিধানসভার আদিবাসী ও তপশীলী সদস্য ও বেসরকারী যোগ্য ব্যক্তিদের সভ্য হিসাবে মনোনীত করা হয়েছে। অনুরূপভাবে প্রতিটি জেলাতেও বিভিন্ন সরকারী দপ্তরের স্থানীয় অফিসার ছাড়া সংসদ ও বিধান সভার আদিবাসী বা তপশীলী সদস্য ও বেসরকারী ব্যক্তিদের নিয়ে আদিবাসী ও তপশীলীদের জন্য দুটি করে সমিতি গঠন করা হয়েছে। এই সমস্ত নীতি অনুসরণ করে আমাদের কাজকে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। সমস্যা কঠিন। আন্তরিকতার সঙ্গে সমস্ত কাজ করতে পারলে আমরা দ্রুত এগিয়ে যেতে পারবো, তবে কাজ যেভাবে আরম্ভ করা হয়েছে আর যেটুকু ফল দেখা যাচ্ছে তাতে চাকরী ও বেকারের কাজে আমাদের সমাজের যে কল্যাণ সেই কল্যাণ দ্রুত সাধিত হবে। এই কয়েকটি কথা বলে আমি এই সমস্ত বিষয় আলোচনার জন্য বিধানসভার সম্মুখে রাখলাম।

[3-20—3-30 p.m.]

Mr. Speaker : I put all cut motions to vote.

Shri Ajit Kumar Ganguly : Sir, I beg to move that the demand oi Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Sudhir Kumar Pandey : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Mangru Bhagat : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No.32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Turku Hasda : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Satyendra Narayan Mazumdar : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100,

Shri pramatha Nath Dhibar : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Basanta Lal Chatterjee : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Gobinda Charan Maji : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Ramanuj Halder : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77.000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah : Sir, I beg to move that the demand of Rs.1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Gopal Basu : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Sasabindu Bera : Sir, I beg to move that the demand of Rs.1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Mihirlal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No.32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Bhakta Chandra Roy : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be redueed by Rs. 100.

Dr. Golam Yazdani : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Niranjan Sen Gupta : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Chaitan Majhi : Sir, I beg to move that the demand of Rs.1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Bijoy Krishna Modak : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Ray : Si, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous

Departments—Welfare of Sheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Suhrid Mullick Chowdhury : Sir, I beg to move that the demand o Rs. 1,34,77,000 for expenditure under Grant No.32, Major Head "47—Miscellaneous Department—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Jamadar Majhi : Sir, I beg to move that the demand of Rs.1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100,

Shri Sudhir Chandra Bhandari : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Rama Shankar Prasad : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Deo Prakash Rai : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,0C0 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Tarapada Dey : Sir, I beg to move that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward classes" be reduced by Rs. 100.

Shri Satyendra Narayan Mazumdar :

মাননীয় স্পীকার মহাশয়, এবার দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বছরে আদিবাসী এবং তপশীলভুক্ত সম্প্রদায়ের উন্নয়নমূলক ব্যাপার নিয়ে আলোচনা প্রথম হচ্ছে, তবু বেটার লেইট দেন নেভার এর চেয়ে ভাল, সেই হিসাবে আমি আনন্দ প্রকাশ করছি। মন্ত্রী মহাশয় বললেন তিনিও চেষ্টা করেছেন এবং এখানে গত বৎসর আমিও বলেছিলাম। [এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ—আমিও বলেছিলাম] আপনি বলেছিলেন সেটা বড় কথা নয়, বড় কথা হল আজকে এখানে এ বিষয় প্রথম আলোচনা হচ্ছে। আমি আর একটা জিনিষ আশা করেছিলাম যে এই দপ্তরের গত কয়েক বৎসর যাবৎ যে কাজ হয়েছে তার যতদূর সম্ভব একটা কনসোলিডেটেড্ রিপোর্ট যদি আমাদের দিতে পারতেন, তাহলে আমাদের বিভিন্ন বক্তাদের আলোচনার দিক দিয়ে আরও বেশী সুবিধা হত। অবশ্য তাঁদের কতকগুলি তথ্য আমি পেয়েছি। বিশেষ করে তাঁদের প্রকাশিত শ্বেত-পুস্তক হতে যতগুলি তথ্য পাওয়া যায়, সেগুলি আমি দেখেছি। তাহলেও আরও কতকগুলি জিনিষ, যেগুলি মাননীয় মন্ত্রীমহাশয় আজ এখানে বললেন, সেগুলির কিছু কিছু আগে জানা গেলে, আমি এ সম্বন্ধে বিশদভাবে আরও জানবার চেষ্টা করতাম। যাইহোক, এবিষয় আলোচনা করতে যেয়ে—এবার প্রথম যখন এ সম্বন্ধে

ালোচনা হচ্ছে. তখন আমিও প্রথমে প্রধানত নীতিগত ভাবে আলোচনা শুরু করবো। াবং নীতিগত ভাবে আলোচনার প্রসংগে আমি এই কথা প্রথমে বলতে চাই যে আমাদের দেশে আদিবাসী এবং তপশীলভুক্ত সম্প্রদায়ের যে সমস্যা সেটা আমাদের দেশের বিশাল শ্রমজীবী মানুষের একটা অংশ। তারা যদিও তাদের একটা অংশ; কিন্তু, এর অনেকগুলি ঐতিহাসিক কারণে, অনেকগুলি বিশেষ সমস্যা পুঞ্জীভুত হয়েছে। সামাজিক অবিচার, শোষণ ও এই ধরণের কতকগুলি কারণে অনেকগুলি সমস্যা পুঞ্জীভুত হয়ে উঠেছে। সেজেই এই সমস্যাগুলির উপর বিশেষ দৃষ্টি দেওয়ার প্রয়োজন আছে; এবং প্রয়োজন আছে বলেই সংবিধানে ডিরেকটিভ প্রিন্সিপ্যালের যে নির্দ্দেশ দেওয়া হয়েছে, সেই নির্দ্দেশকে আমি সমর্থন করি। এই জিনিষগুলি, এই সমস্যার উপর নজর দিতে যেয়ে একটা জিনিষ মনে রাখা দরকার, সেই কথা আমি প্রথমে মাননীয় মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিচ্ছি। যেমন এদের বিশেষ সমস্যার উপর নজর দেওয়া প্রয়োজন তেমনি আবার এদের সমস্যা,—আমাদের দেশের বিশাল শ্রমজীবী মানুষের এরা একটা অংগ, সেই জিনিষটা যেন সর্ব্বদা আমাদের দৃষ্টিতে থাকে। সেটা দৃষ্টিতে না থাকলে, বিচ্ছিন্নভাবে দেখতে গেলে একদিক দিয়ে যেমন বিচ্ছিন্নতার মনোভাব বাড়তে পারে, তেমনি আর একদিক দিয়ে যে সমস্যার আসল গুরুত্ব, সেই গুরুত্ব দৃষ্টির আড়ালে চলে যাবে। সংবিধানগত দিক থেকে যদি আলোচনা করতে যাই তাহলে আমাদের দেখতে হবে শুধু কতটুকু তাদের করা হয়েছে তা নয়, যে লক্ষ্যটা সংবিধানে রাখা হয়েছে, সেই লক্ষ্যের দিকে কতটা এগিয়ে যাচ্ছি। সংবিধান রচয়িতারা বলেছিলেন যে সংবিধান প্রবর্ত্তিত হবার পর থেকে দশ বছরের ভিতর এদের জন্য উন্নয়ন মূলক কার্য কলাপ এই রকম গতিতে চালাতে হবে যে তারা জনসাধারণের অন্যান্য অংশের সংগে সমপর্য্যায় এসে পড়বে। কিন্তু সেটা সম্ভব হয়নি, তারা অনেক পিছিয়ে পড়ে রয়েছে দশ বৎসর সময় অতিক্রম হবার পর,—আরও যে দশ বৎসর বাড়ান হয়েছে,—সে সম্বন্ধে এখানে আলোচনা হয়েছে, এবং সেটা আমি সমর্থন করেছি। তখনও আমি বলেছিলাম যে ভাবে, যে নীতিতে এবং যে গতিতে সরকার অগ্রসর হচ্ছেন তাতে আগামী দশ বৎসরের মধ্যে ওঁদের সম্বন্ধে বেশী দূর অগ্রসর হতে পারবেন না। কেন পারবেন না? সেটা আমি মূলগত দৃষ্টির দিক থেকে শুরু করে দেখাতে চাই। যদিও মাননীয় মন্ত্রী মহাশয়ের ভাষণে দেখলাম সেই বাস্তব সত্য কিছু কিছু রয়েছে এবং তাঁর দপ্তরের রিপোর্টের মধ্যেও তার কিছু কিছু উঁকি দিয়েছে। উঁকি দেওয়ার বিষয় আমি বলতে চাই এই জন্য যে এই সমস্যার গুরুত্ব অনেকখানি। আমাদের দেশে যে উপজাতি এবং তপশীলভুক্ত সম্প্রদায় রয়েছে এদের বেশীর ভাগ যে সমস্যা, মূল সমস্যা, সেগুলি কি ধরনের সে সম্বন্ধে আমি কতকগুলি তথ্য দিয়ে আপনার সামনে উপস্থিত করতে চাই। যেমন ১৯৫১ সালের জনগণনা অনুযায়ী পশ্চিম বাংলায় উপজাতির সংখ্যা ছিল ১১ লক্ষ ৬৫ হাজার মত। অবশ্য পরে ওয়েষ্ট বেঙ্গলে ১৯৫৮-৫৯ সালে আমাদের কাছে যে রিপোর্ট দেওয়া হয়েছে তাতে দেখান হচ্ছে যে এদের সংখ্যা আরও অনেক বেশী। তার কারণ পার্লামেণ্টে তপশীল জাতির লিষ্ট সংশোধন করে আরও অনেকগুলি তপশীল উপজাতিকে সংখ্যাভুক্ত করা হয়েছে। ১৯৫১ সালের যে হিসাব, সেই হিসাবের মধ্যে আমরা দেখতে পাই এঁদের মধ্যে শতকরা ৭৯ জনের জীবিকা অর্জ্জন নির্ভর করে কৃষির উপর এবং তাদের মধ্যে শতকরা ৫১ জন হচ্ছে প্রধানত বর্গাদার বা দিন মজুর হিসেবে অন্যের জমিতে চাষ করে।

এবং এদের ভিতর সেন্সাস এর ভাষায় বলি

non cultivating owners of Land and Agricultural rent receivers

এবং তাদের ডিপেনডেন্টদের সংখ্যা হল শতকরা ১ জন। কাজেই এই সমস্যা ভূমিহীন বা গরীব কৃষকের সমস্যা। তারপরে হচ্ছে শ্রমিক ও কৃষি ছাড়া অন্যান্য ব্যাপারে কাজ করে শতকরা ১৫ জন, ব্যবসা বানিজ্য শতকরা ৪ জন, পরিবহণ ইত্যাদিতে ১ পারসেণ্ট এবং বিবিধ হল ১০ পারসেণ্ট। কাজেই মূলত: গরীব কৃষক এবং ভূমিহীন কৃষকই শ্রমিক। তেমন তপশীলী উপজাতিদের সংখ্যা ৪৭ লক্ষ ৪৪ হাজার। ১৯৫১ সালের জনগণনায় ৪৬ লক্ষ ৯৬ হাজার এর মধ্যে ৬৯ পারসেণ্ট কৃষির উপর নির্ভরশীল ৪৩ পারসেণ্ট নিজে খেটে খায় আর না হয় জমির শ্রমিক যারা ক্ষেত মজুর হিসাবে জীবন নির্ব্বাহ করে এবং এদের মধ্যে ননকালটিভেটিং ওনার্স এবং এগ্রিকালচারেল রেণ্ট রিসিভার্স এর সংখ্যা হচ্ছে ২ পারসেণ্ট আর কৃষি ছাড়া অন্যান্য দিকে কাজ করে শতকরা ১৫ জন, এর ভিতর কৃষক যার বিশাল সংখ্যা শ্রমিক, তপশীলী শ্রমজীবীদের যে বিশাল সমস্যা রয়েছে সেকথা আমি পরে বলছি। এদের উন্নয়নের জন্য কোন পরিকল্পনা হলে তার মূল ভিত্তি হওয়া উচিত এই সমস্ত কৃষককে জমি দেওয়া, এই সমস্যাকেই ভিত্তি করে আমাদের অগ্রসর হওয়া উচিত। এই বিশেষ সমস্যা সমাধানই এদের উন্নয়ন কাজের প্রকৃত ভিত্তি প্রতিষ্ঠা করতে পারে কিন্তু সরকার ভূমি সংস্কারের নীতি আপনারা সকলেই জানেন সে বিষয়ে বিশেষ বলে লাভ নেই। আজকে উপজাতি এবং তপশীলী ভুক্তদের সমস্যা আলোচনা করতে যেয়ে দেখা যাচ্ছে এদের যে ভূমি সমস্যা, জীবিকার সমস্যা সেই ব্যাপারে সরকার খুব উদাসীন। আমি এ বিষয়ে যথেষ্ট আগ্রহান্বিত বলে বহুদিন ধরে যেমন এ বিষয়ে চিন্তা করে আলোচনা করি, তেমনি ভারতবর্ষের

Commissioner for Scheduled Castes & Scheduled Tribes

তাঁর রিপোর্টগুলি এবং সরকারী বিভিন্ন দপ্তরের কাজগুলি প্রত্যেক বছর পড়ে যাই। তার ভিতর দেখছি এবার মন্ত্রী মহাশয় বললেন এদের অনেক জমি বেহাত হয়ে গিয়েছে কাজেই জমি কিনবার জন্য ৫০০ টাকা দিচ্ছেন। কিন্তু কজন পেয়েছে? ৫০০ টাকায় কি হবে? যে বেনামদারী জমি হয়েছে তার জন্যতো ৪০ হাজার দরখাস্ত হয়েছে বলেছেন আরও বহু রয়েছে আমি জানি। আমার জেলায় এবং পাশের জেলা থেকে আমি জানি, সেখানে সম্পূর্ণ আদিবাসী নয়, হয় তারা আদিবাসী না হয় তপশীলী সম্প্রদায় তাদের বহু জমি বেনামদারী হয়ে গিয়েছে। শুধু দরখাস্ত করেই হয় না। যিনি

Commissioner for Scheduled Castes & Scheduled Tribes

তিনিতো কোন আমলাতান্ত্রিক লোক নন। তিনি জন কল্যাণমূলক কাজ করতেন, রাজনীতি করতেন না, আদিবাসীদের ব্যাপার নিয়ে তিনিও চিন্তা করেছেন, অনেক কথা বলেছেন বিভিন্ন রিপোর্টএ। তিনি বলেছেন জমিদারী প্রথা উচ্ছেদ আইন বিভিন্ন রাজ্যে নোটিশে আসার পর জমি থেকে ব্যাপক উচ্ছেদ শুরু হয়ে গেছে এবং এতে সবচেয়ে বেশী শিকার হয়েছে আদিবাসী ও তপশীলী জাতি সম্প্রদায়ের লোক, এরা শিক্ষায় অনগ্রসর, সরল প্রকৃতির সেজন্য তারই সুযোগ নিয়ে ব্যাপক উচ্ছেদ করা হয়েছে। তিনি সুপারিশ করেছিলেন যে সমস্ত জমি থেকে বে-আইনী উচ্ছেদ করা হয়েছে সেই সমস্ত জমি তাদের প্রত্যর্পণ করা হোক্। এই তো ভারত গভর্ণমেণ্টের রিপোর্ট, সামনেই রয়েছে, ১৯৫৪ সালের কমিশনারের রিপোর্ট আলোচনা করে দেখুন। এ কথা বলেছেন তিনি দৃষ্টান্ত দিয়ে, বিভিন্ন প্রদেশে এদের সেই জমি প্রত্যর্পণ

করতে হবে। সেগুলি এ সরকার করবেন না আমি জানি। কিন্তু এই ব্যাপক জিনিষের মধ্যে যাওয়া এদের পক্ষে সম্ভবপর নয়। তাই বলি এটা না হয় করবেন না কিন্তু অন্য যে কাজগুলি এ সরকার মারফৎ হতে পারে সেগুলি না হোক আমি তা বলি না। সরকারী নীতির মধ্যে ফাঁক থাকা সত্বেও যে টাকা তারা বরাদ্দ করছেন যে কাজগুলি তারা করছেন তাতে আদিবাসী তপশীলী সম্প্রদায়ের ভাইবোনদের যতটুকু উপকার হয় সেটুকু নিশ্চয়ই চাই এবং সত্য সত্যই যাতে সেটা কার্য্যকরী করেন তার ব্যবস্থা করুন।

[3-30—3-40p.m.]

কিন্তু এই মূল দৃষ্টিভঙ্গীর কথা স্মরণ করিয়ে দেওয়া অত্যন্ত প্রয়োজন আমি মনে করি। সেটা বাদ দিয়ে হতে পারে না—

Thinking & Thinking

শুধু নয়, কিছু বললেন মন্ত্রী মহাশয়, কাগজপত্রে কিছু দিলে ও সামান্যই হল ; ঐ সমুদ্রে বারি বিন্দুর মত—সেই জিনিষগুলি ফলহীন হয়ে থাকবে। তেমনি কৃষকদের একটা মস্তবড় সমস্যা সেটা মন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতায় বলেছেন যে ঋণের সমস্যা, ঋণভারে তারা জর্জরিত এবং আদিবাসীদের যে ইতিহাস, তাদের অতীতের বিদ্রোহের সংগ্রাম, তার মধ্য দিয়ে দেখা যায় প্রধানতঃ মহাজনদের শোষণের বিরুদ্ধে সেই সংগ্রাম করা হয়েছে। ঋণ দিয়ে সম্পূর্ণভাবে তাদের দাসে পরিনত করা হয়েছে। মৌলিকভাবে তার কোন পরিবর্ত্তন হয় নাই। সেটা তাঁরাও স্বীকার করেছেন। কি কাজ তাঁরা করেছেন ? শস্যগোলা করা হয়েছে। ভাল হয়েছে। তবে শুধু শস্যগোলা দিয়ে তাদের সমস্যার সমধান হবে না। ঋণ মকুবেরও প্রয়োজন। ঋণদানের কি ব্যবস্থা হয়েছে ? শুধু তাই নয় কেন্দ্রীয় উপদেষ্টাবোর্ড আদিবাসীদের উন্নয়নের সম্পর্কে কয়েক বছর আগে যে সুপারিশ করেন যে আদিবাসীদের যে সমস্ত তিন বছরের বেশী ঋণ আছে, তা মকুব করে দেওয়া হোক ; আর তিন বছরের কম যে ঋণ, তার শতকরা ৩৲ টাকা হারে সুদ নিয়ে মকুবের ব্যবস্থা করে দিন। বাজেটের যে বিভিন্ন খাতগুলি রয়েছে, তা পড়ে দেখলাম এই ঋণ মকুবের জন্য কোন ব্যবস্থা তাতে নাই। শুধু শস্য গোলা করেছেন, তাতে কিছু উপকার হবে সত্যি কথা। কিন্তু তাদের ঋণভার থেকে মুক্ত করবার ব্যবস্থার জন্য কিছু করা হয় নাই। বাজেটেও তার কোন স্বীকৃতি নাই। কেন্দ্রীয় উপদেষ্টাবোর্ড সেটা পরামর্শ দিয়েছেন। সরকারের হাতে যে সমস্ত খাস পতিত জমি আছে, তা ভুমিহীন কৃষকদের ভেতর সাধারন ভাবে যেমন বিতরন করা দরকার, তেমনি সেই বিতরনের মধ্যে আদিবাসী ও তপশীলভুক্ত ভুমিহীন কৃষকদের অগ্রাধিকার দিয়ে বিতরনের কোন পরিকল্পনা নিয়েছেন বা কোন জায়গায় কিছু করেছেন কি ? যদি তা করে থাকেন, ভাল। কিন্তু সেই রকম কোন পরিকল্পনা কাগজপত্রের মধ্যে বাজেটের কোথাও পড়ে দেখতে পেলাম না।

প্রথম কৃষকদের কথা বলে নিই। এদিকে তাঁরা কৃষকদের কথা অনেক কথা বলেছেন —কমিশনের রিপোর্ট, এঁদের রিপোর্ট দেখেছি। আদিবাসী ও তপশীলভুক্ত কৃষকদের অনেক সমস্যা আছে, জমি থেকে বে-আইনী উচ্ছেদ বন্ধ করার কি পরিমাণ ব্যবস্থা আছে। আমাদের অঞ্চলের আদিবাসী ও তপশীলভুক্ত কৃষক বেশী, এই উচ্ছেদ ঠেকান যাচ্ছে না। এই উচ্ছেদ তারা বে-আইনভাবে হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়—জানি তিনি এ ব্যাপারে অসহায়।

তিনি যদি অন্যান্য মন্ত্রীর মত আমলাতান্ত্রিক মনোভাব নিয়ে জবাব দেন, তাহলে এ ব্যাপা বিমল সিংহ মহাশয়কে তিনি দেখিয়ে দেবেন। আমি জানি সরকারের যে নীতি—তার বা হিসেবে পুলিশ মন্ত্রী ও অন্যান্য মন্ত্রী যেভাবে কাজ করেন, ভূপতিবাবু ও করতে চান। তিনি বিশেষ কিছু করতে পারবেন না।

তারপর আদিবাসী শ্রমিক চা-বাগানে, কয়লাখনিতে কাজ করেন, সেখানে শ্রমিকদে যে সমস্ত অসুবিধা রয়েছে, তার বিরুদ্ধে অনেক সংগ্রাম করে তাঁরা কিছু কিছু আদা করেছেন। কিন্তু অসংগঠিত যারা, যারা ব্যাপক সংখ্যায় কাজ করে না—যেমন যারা পাথ ভাঙ্গার কাজ করে, মিউনিসিপ্যালিটির তপশীলভুক্ত শ্রমিক—ঝাড়ুদার ইত্যাদি। তা অত্যন্ত দুর্দ্দশাপুর্ণ অবস্থার মধ্যে রয়েছে এদের জন্য বহু সুপারিশ তাতে রয়েছে। এর যা উন্নয়ন করতে হয়, তাহলে তাদের জন্য উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা করতে হবে, তাদের কাজে ধরণ বদলাতে হবে। তাদের কাজের উপযুক্ত করতে হবে। তা না করলে হতে পারে না

পশ্চিমবঙ্গ সরকার বলেন এখানে অস্পৃশ্যতা নাই। হয়ত দক্ষিণ ভারতের মত উগ্রভা অস্পৃশ্যতা না থাকতে পারে। কিন্তু যারা সমাজের নিম্নস্তরে রয়েছে, যারা পুরুষানুক্রমে নী কাজ করে আসছে, তাদের অন্যান্য উচ্চসমাজের লোকেরা ঘৃণা করেন। তাদের সঙ্গে সমানভা মিশতে পারেন না। কেবল অস্পৃশ্যতা দুরীকরণ আইন পাশ করলে কিছু হবে না। তা জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে। অর্থনৈতিক মানোন্নয়ন, উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা শিক্ষার ব্যবস্থা এদের জন্য যেমন করতে হবে, তেমনি সমাজের যাঁরা উচ্চবর্ণ, তাঁদের মনোবৃ পরিবর্ত্তনের জন্যও ব্যবস্থা করতে হবে। এইগুলি না করার ফল হয়েছে, এখন পর্য্যন্ত বেশী ভাগ জায়গায় এই সব জনসাধারণ, তারা অত্যন্ত দুরবস্থায় পড়ে রয়েছে। তারপর এখন এই প্রসঙ্গে একটা কথা বলে রাখি, প্রথম যে মাপকাঠির কথা বলেছি, আদিবাসী ও তপশীল সম্প্রদায়ের উন্নয়নের বিচার করতে হলে সংবিধানে যে আদেশের কথা বলা আছে তা ভিতর দিয়েই বিচার করতে হবে। এবং তা দিয়ে বিচার করলে দেখা যাবে যে পরিমা টাকা বরাদ্দ করা হয়েছে, প্রয়োজনের তুলনায় তা অনেক কম। পশ্চিমবঙ্গের আলাদা হিসা জানিনা, কিন্তু সমস্ত ভারতবর্ষের হিসাব যা দেওয়া হয়েছে তাতে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরি কল্পনায় সমস্ত উপজাতি ও তপশীলদের উন্নয়ন সম্পর্কে মোট ৯১ কোটি টাকা বরাদ্দ কর হয়েছে। সেই টাকা যদি এই ধরণের জনসংখ্যার হিসাব করে মাথা পিছু ধরা যায় তাহলে ১।।০—২৲ টাকার বেশী হয়না। এবং এইভাবে দিয়ে, শতাব্দীর পর শতাব্দীতেও তাদে অসুবিধা দুর করার কোন ব্যবস্থা করতে পারবেন না। তারপর অর্থনৈতিক উন্নয়নের যে পরি কল্পনা, তার ভিতর আমরা কিছু কিছু জিনিষ দেখতে পাই সেগুলি এমনি কাগজপাতিতে য পড়ি তাতে ভালই লাগে কিন্তু কাজ কি হয়েছে তা আমি জানি না। অনেক জায়গায় শুনেছি অন্ততঃ আমাদের ওদিক থেকে শুনেছি এর সংশ্লিষ্ট জনসাধারণ, জানিনা তারা কিছু কিছু সুবিধ পেতে পারেন কিন্তু ব্যাপকভাবে কোন কাজ করা হয়নি। কোথাও বা কিছু মুরগী বিতর করা হয়েছে বা ঐ ধরনের কিছু করা হয়েছে কিন্তু কাজ সুবিধা মত তারা পেতে পারে সেট তাদের জানিয়ে দেবার কোন ব্যবস্থা হয়নি। কুটির শিল্পে কিছু কিছু সাহায্য দেওয়া হয়েছে আদিবাসীদের কুটিরশিল্প ছিল তপশীল সম্প্রদায়েরও গ্রামীন জীবনে কুটিরশিল্প ছিল, যা এতদিনে ভেঙ্গে গিয়েছে, সেটা পুনর্জ্জীবিত করার জন্য অনেক কথা শুনেছি এবং তার জন্য যে পরিকল্পন হয় সেই পরিকল্পনাও ব্যর্থ হয়ে যাচ্ছে। জমি সংস্কার করে সেই জমির মধ্যে দিয়ে ক্রয় ক্ষমত

বাড়িয়ে দিয়ে তার মাধ্যমে কুটির শিল্পকে পুনর্জ্জীবিত করা যেতে পারে। সেটা হয়নি। কাজেই কুটির শিল্পকে যে সাহায্য দেওয়া হচ্ছে সেটা টিনকারিং উইথ্ দি প্রব্লেম্ এর মত, সেটা সাদা পুস্তিকায় রয়েছে। আপনাদের পরিকল্পনায় যারা ট্রেনিং পাচ্ছে তাদের সাহায্য দেওয়া হচ্ছে ২৫০ টাকা। কতজনকে দেওয়া হয়েছে? ১৯৫৯—৬০ সালে আদিবাসী যারা শিক্ষিত, তাদের ৮০ জনকে দেওয়া হয়েছে। ১৯৬০—৬১ সালে বাড়িয়ে হয়েছে ১১২ জন তপশীল সম্প্রদায় ২৩১ থেকে ৩০০ পর্য্যন্ত। প্রয়োজনের তুলনায় এটা সমুদ্রে বারি বিন্দুর মত। এখানে বন বিভাগের আলোচনার সময় যে সমস্ত কাটমোশান দেওয়া হয়েছিল তা পড়ে দেখলে মন্ত্রী মহাশয় দেখবেন যে তাতে অনেক জিনিষের কথা বলা হয়েছে যা বনের থেকে আদিবাসীরা এই সমস্ত জিনিষের সুযোগ নিতে পারতো তা তখন বনবিভাগ বন্ধ করে দিয়েছে। বন সংরক্ষণ আমরাও চাই কিন্তু আদিবাসীদের জন্য, বনজ জিনিষ যাতে তারা সংগ্রহ করতে পারে তার ব্যবস্থা করা যেতে পারে। কারণ আদিবাসীদের জীবনে বন একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। আদিবাসীদের মধ্যে অনেক কৃষিজীবি, যেমন সাঁওতাল, তারা কৃষি বহুদিন থেকে করছে এবং ভালভাবেই করে, তাদের সাবশিডিয়ারি অকুপেশান্ হিসাবে এই বনজ জিনিষ সংগ্রহ করা তাদের একটা অন্যতম ব্যাপার ছিল। বইতে দেখা যায় প্রায় ৯১টা বিভিন্ন আইটেম্ বন থেকে সংগ্রহ করা হত। তার মধ্যে কিছু কিছু তারা ঘরের কাজে লাগাত আর কিছু কিছু তারা বিক্রয় করতো। কাজেই আজকে যদি তাদের সেই সুযোগগুলি খর্ব্ব করে নেওয়া হয় তাহলে উন্নয়নের নামে এবং তার মধ্যে দিয়ে তাদের অসুবিধাই করা হবে। তাদের সেই সুবিধা দিয়ে বনজ সম্পদ যাতে সদব্যবহার হতে পারে তার জন্য যদি সুষ্ঠু পরিকল্পনা নেওয়া হয়, বিভিন্ন ধরনের হার্বস, আপনারা জানেন, বহু বৎসর হাজার হাজার বৎসরের যে অভিজ্ঞতার ফল সেই অভিজ্ঞতা কাজে লাগান যায়। অন্যান্য প্রদেশে লাগিয়েছে কিন্তু পশ্চিমবঙ্গে এখনও তা করা হয়নি। এর একটা দৃষ্টান্ত দিচ্ছি। বম্বে প্রদেশে ফরেষ্ট লেবারার্স কো-অপারেটিভ করে সেই কো-অপারেটিভ মারফৎ, যে সমস্ত জিনিষ সংগ্রহ করার ব্যবস্থা ছিল কণ্ট্রাকটরস দিয়ে সেটা তুলে দিয়ে—করা হচ্ছে। বম্বেতে আমি যাইনি, স্বচক্ষে দেখিনি কিন্তু রিপোর্টে যা পড়েছি তাতে মনে হয় ফরেষ্ট লেবারার্স কো-অপারেটিভ অনেক কাজ করছে।

[3-40—3-50 p.m.]

আমাদের পশ্চিমবংগ সরকার সম্বন্ধে এই কমিশন সমালোচনা করতে গিয়ে বলেছেন পশ্চিমবংগ সরকার এই বিষয়ে সম্পূর্ণ উদাসীন। অন্যান্য রাজ্য যদি করতে পেরে থাকে, আমাদের এখানে কেন হবে না আমি বুঝতে পারি না। আদিবাসীদের দিয়ে এই ফরেষ্ট লেবার কো-অপারেটিভ বা বন থেকে সংগ্রহের জন্য সমবায় করে তাদের যদি ঠিকমত গাইডেন্স দেওয়া হয় তাহলে এক দিকে যেমন জীবিকার ক্ষেত্রে সাহায্য করা হয় তেমনি বনের গুল্ম, লতাপাতা ভেষজ হিসাবে কাজে লাগান যেতে পারে, সেদিক থেকেও বনজাত সম্পদের সদ্ব্যবহার হতে পারে কিন্তু দুঃখের বিষয়, এখানে এসব কিছু নাই। শিক্ষা সম্বন্ধে মন্ত্রী মহাশয় বলেছেন, আদিবাসী, তপশীলী উন্নয়ন খাতে সবচেয়ে বেশী খরচ হয় শিক্ষার জন্য। ভালো কথা, শিক্ষার জন্য ব্যয় হওয়া উচিত। তাদের মধ্যেও শিক্ষার জন্য প্রবল আগ্রহ রয়েছে, এবং তাদের পক্ষে একথা ভাবা খুবই স্বাভাবিক যে, তাদের অশিক্ষার সুযোগ নিয়ে তাদের শোষণ করা হচ্ছে। কাজেই শিক্ষার জন্য নিশ্চয়ই খরচ করুন। কিন্তু, শিক্ষার দিক থেকে কি পরিমাণ অগ্রগতি হয়েছে, প্রয়োজনের তুলনায় কতটা দিতে পেরেছেন? তার কোন ছবি আমরা পাই না। এখানে

মন্ত্রী মহাশয় একটা হিসেব দিয়েছেন—সেটা আমি ভাল করে শুনতে পাইনি প্রাথমিক স্তরে কত পড়ে, মাধ্যমিক স্তরে কত, আর কলেজ স্তরে কত পড়ে তা আলাদা করে দেখান হয়নি। তিনি বলেছেন, ৬০ টাকা করে ৩২০ জনকে সাহায্য করা হয়েছে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বৎসরে যদি মাত্র ৩২০ জন স্কুল ফাইন্যাল স্তরে এসে থাকে তাহলে শিক্ষাখাতে সরকারের ব্যয় একটা খুব আশাজনক আশাকরি মন্ত্রীমহাশয়ও তা বলবেন না। আদিবাসী ছাত্রদের মধ্যে শিক্ষা ক্ষেত্রে মাথাপিছু ৪০, ৫০ টাকা দেওয়ার কথা সাদা পুস্তিকায় উল্লেখ করা হয়েছে এই ছাত্র সংখ্যা কত জানা দরকার। মাথাপিছু ৫০ টাকা ব্যয় মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রের কোন স্তর পর্য্যন্ত দিতে পারবেন তাতে আমার গভীর সন্দেহ আছে, কেননা মধ্য শিক্ষার ব্যয় আজকাল যেরকম বেড়েছে তাতে মাথাপিছু বছরে ৫০ টাকা দিলে হয় তারা মাধ্যমিক শিক্ষার উচ্চস্তরে পড়ে নতুবা তাতে তাদের কোন উপকার হয় না। সিডিউলড কাষ্টসএর মেধাবী ও দরিদ্র ছাত্রদের বৃত্তি দেবার ব্যবস্থা রয়েছে, কিন্তু এই বাজেট থেকে কতজন সাহায্য পেয়েছে তা বোঝা যায় না, এ সম্পর্কে এখানে অনেক কথাই বলা হয়েছে, আমি আর তার পুনরুক্তি করতে চাই না। কিন্তু প্রাথমিক স্তরে সরকার যে শিক্ষা দিচ্ছেন তার কোন পরিমাপ আছে কি তাদের চেষ্টায়? কমিশন ১৯৫৬ সালে মন্তব্য করেছেন যে, তাঁরা বিভিন্ন রাজ্য সরকারের কাছে চেয়ে পাঠিয়েছিলেন উপজাতি, তপশিলী ও অন্যান্য অনগ্রসর সম্প্রদায় সম্বন্ধে এই তথ্য, কিন্তু তাঁরা তাঁদের রিপোর্টে দুঃখের সংগেই এই মন্তব্য করেছেন যে কোন সরকার এ সম্পর্কে তথ্য দিতে পারেননি। পশ্চিমবংগ সরকার কোন তথ্য সংগ্রহ করেছেন কিনা? দরিদ্র মেধাবী ছাত্র অনেকে কিছুদুর অগ্রসর হয়ে আর শিক্ষা নিতে পারে না। আর সবচেয়ে যারা নীচুস্তরে রয়ে গিয়েছে তাদের পক্ষে শিক্ষার সুযোগ নেওয়া সম্পূর্ণ অসম্ভব। তাই, শিক্ষার ব্যবস্থা যদি করতে হয় তাহলে এই জিনিষগুলির মৌলিক পরিবর্ত্তন করতে হবে। যে নীতিতে সরকার চলেছেন তাতে একটা আত্মসন্তুষ্টি হতে পারে, কিছুটা চুণকাম হতে পারে। যারা শিক্ষার সুযোগ পেয়েছে, সেটা ভালই হয়েছে, সেটা আনন্দের কথা। কিন্তু প্রয়োজনের তুলনায় তারা অনেক পিছিয়ে পড়ে রয়েছে। পশ্চিমবংগ সরকার এই রিপোর্টে কমিশনার ফর সিডিউলড কাষ্ট এণ্ড ট্রাইবস বলেছেন যে, সরকারী চাকরীতে শতকরা ৫ ও ১৫ ভাগ যথাক্রমে আদিবাসী ও সিডিউলড কাষ্ট সম্প্রদায়ভুক্তদের জন্য সংরক্ষণের ব্যবস্থা আছে। কিন্তু কাজে কতটা হয়েছে তা কোথাও বলেননি। সারা ভারতবর্ষে হিসেব করলে দেখা যাবে যে আদিবাসী ও তপশিলীদের মধ্যে যারা কাজ কর্ম পেয়েছে তারা কোথায় পেয়েছে?—না ৪র্থ শ্রেণীর স্তরে এবং তাও প্রয়োজনের তুলনায় কম, উপরের স্তরে অনেকে আসতেই পারেনি। তাদের মধ্যে কত প্রার্থী ছিল, এবং পশ্চিমবংগ সরকার তাদের ঘোষিত সংরক্ষণের নীতি অনুযায়ী কত লোককে কাজ দিয়েছেন, আমি জানতে চাই। এই রিপোর্ট অধ্যয়ন করলে এটা অত্যন্ত পরিষ্কার বোঝা যায় যে, সরকারের এই বিভাগে চরম ও ব্যাপক ঔদাসীন্য রয়েছে। এই বিভাগের জন্য ১ কোটির উপর কিছু ব্যয় বরাদ্দ দিয়ে মনে করছেন যথেষ্ট করছেন। শুধু তাই নয়, মন্ত্রী মহাশয় বল্লেন তিনি চেষ্টা করছেন, পর্দ্দার আড়ালে হয়ত চেষ্টা করছেন, আমি সেটা অস্বীকার করি না, কিন্তু এই রিপোর্টেই রয়েছে যে কনষ্টিটিউশন এর নির্দ্দেশানুসারে সিডিউলড কাষ্ট, সিডিউলড ট্রাইবস এর ব্যাপারটা কোন রাজ্য সরকারই বিধানসভায় আলোচনা করার চেষ্টা করেননি। তারপর বাজেট দেখলেই বোঝা যায় যে, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় মোট বরাদ্দকৃত টাকার তুলনায়

খরচ অপেক্ষাকৃত অনেক কম, ১৯৫৯।৬০ সালে আরও কিছু বেশী খরচ করতে পেরেছেন বলে এঁরা বলেছেন। কিন্তু কাজ যে গতিতে চলছে তাতে আমাদের দেখতে হবে যে, বরাদ্দকৃত টাকা খরচ না করতে পারার যে অভিযোগ আমাদের, সেটাই রয়ে গিয়েছে এবং আর্থিক বৎসর শেষ হওয়ার ঠিক আগে, একেবারে শেষ মুহূর্ত্তে তাড়াহুড়া করে অনেকগুলি স্কীম দিয়ে টাকা নিয়েও সেটা ঠিকমত ব্যয় হয় না। কাজেই একথা পরিষ্কারভাবে বলব যে, এ সম্পর্কে একটা পরিকল্পনা নেওয়া দরকার, তার জন্য যে পরিকল্পনা রয়েছে সেটা মোটান ও বিভিন্ন দিক থেকে আজ অগ্রসর হওয়া দরকার। জনসাধারণের সহযোগিতাও প্রয়োজন। মন্ত্রী মহাশয় অবশ্য বলবেন, দুটি কমিটি আছে, কিন্তু তারাও বছরে মাত্র ২।৪ বার বসে কোথায় রাস্তা হবে, কোথায় টিউবওয়েল হবে সেই সবই আলোচনা করেন। এবং জেলাগুলিতেও একই অবস্থা। সুতরাং আরও বেশী সক্রিয় করতে হবে তাদের এবং তাদের হাতে দায়িত্ব দিতে হবে।

[3-50—4 p.m.]

Shri Amarendra Mondal :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় পশ্চিমবংগের তপশিলী জাতি, উপজাতি, ও অন্যান্য অনগ্রসর জাতির কল্যাণকল্পে যে ব্যয় বরাদ্দ উপস্থাপিত করেছেন, সে সম্বন্ধে আমি ২।৪টি কথা বলবো। প্রথমেই দেখা যাচ্ছে, এই সমস্ত তপশিলী জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর জাতির কল্যাণকল্পে সরকার যে নীতি অনুসরণ করেছেন তার সফলতার প্রমাণ অদ্যাবধি বিশেষ কিছু পাওয়া যায় না।

অর্থনৈতিক, সামাজিক, ও সাংস্কৃতিক মান উন্নয়নের উপরই, অনুন্নত এই সমস্ত সম্প্রদায়ের কল্যাণ নির্ভর করে। অর্থ-নৈতিক উন্নতি সম্ভব হয়। আমাদের এই গ্রাম-বহুল কৃষি-প্রধান দেশে, কোন না কোন প্রকারে, এই সব সম্প্রদায়ের লোকেরা কৃষি কর্মের উপর নির্ভর করিয়া জীবন ধারণ করে। বহুকাল পূর্বে ইহাদের অনেকেই জমির মালিক ছিল। চিরস্থায়ী বন্দোবস্ত, ধনতান্ত্রিক যন্ত্র-শিল্প এবং মহাজন ইহাদিগকে ভূমিহীন করিয়াছে কংগ্রেস সরকার জমিদারী প্রথা রহিত করিয়াও, কৃষি নির্ভর, এই সব কৃষিজীবীকে অদ্যাবধি জমি দিতে পারলেন না। সবকারের নীতির ব্যর্থতার কারণ এইখানেই। ইহাদিগকে জমি দিয়া, হাল গরু দিয়া, এবং প্রথম দিকে উপযুক্ত দাদন দিয়া সরকার যদি সরকারী বৃত্তি হিসাবে ইহাদের মধ্যে কুটির শিল্পের মাধ্যমে বাঁশের কাজ, বেতের কাজ, চামড়ার কাজ, প্রবর্ত্তন করেন এবং হাঁস, মুরগী, শূকর পালন চালু করিতে পারেন তবেই এই সমস্ত সম্প্রদায়ের উন্নতি ঘটতে পারে এবং সংগে সংগে সমাজ ও দেশের উন্নতি হবে। এরা সকলেই প্রায় ভূমিহীন, সরকারের নিকট —ভূ-সম্পত্তি গচ্ছিত রাখিয়া—দীর্ঘ মেয়াদী কল্যাণকর ঋণ লইতে পারে না—অথচ ৫।১০ টাকার কৃষি ঋণ লইয়া ঋণের বোঝা মাথায় নেয়। সরকারও এখানে সেখানে দুই একটা হাঁস, মুরগী অথবা শুকর বিতরন করিয়া সমস্যার ছায়া ও স্পর্শ করতে পারেন না। সমাধানতো দূরের কথা।

প্রাথমিক শিক্ষা যদি বাধ্যতামূলক না হয়, ইহাদের ছেলে মেয়েদিগকে পুস্তক, শ্লেট-পেন্সিল, কাগজ, আহার, পরিধেয়, বাসস্থান সরকার বিনামূল্যে যদি না দিতে পারেন, শিক্ষা-লাভ এদের কল্পনারই সামিল হবে। এই সমস্ত সম্প্রদায়ের মধ্যে শিশু শিক্ষার আগ্রহ ও উৎসাহ নাই এবং জাগাবার চেষ্টা নেই। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার আকর্ষণ নেই। শিক্ষকবৃন্দ

তাঁদের অর্থনৈতিক চাপে, ছাত্রদের প্রতি সহানুভূতিশীল নহেন। তপশীল জাতির মধ্য থেকে অধিক সংখ্যক প্রাথমিক শিক্ষক গ্রহণ করা ও তৈয়ারী করা একান্ত প্রয়োজন। বর্ত্তমানে গ্রামাঞ্চলে তপশীল জাতিভুক্ত বহু যুবক দারিদ্রের একান্ত চাপে মাধ্যমিক পরীক্ষায় অকৃতকার্য্য অথবা মাধ্যমিক শ্রেণী পর্য্যন্ত পড়িয়া বেকার অবস্থায় রহিয়াছে। তাহাদিগকে বিশেষ "শিক্ষণ" দিয়া শিক্ষক শ্রেণীভুক্ত করলে তাদের উপকার করা হয় এবং তপশিলী ছাত্র-ছাত্রীর বিশেষ সুবিধা হয়। সিভিল বাজেটে দেখছি, দরিদ্র অথচ মেধাবী ছাত্রদের কিছু সুযোগ দিবার ব্যবস্থা আছে। শুধু মেধাবী ছাত্রকে বৃত্তি দিবার ব্যবস্থা থাকায় অধিকাংশ দুঃস্থ সাধারণ ছেলে বঞ্চিত হয়। এই সমস্ত দুঃস্থ ছাত্রদের কাছে কতটুকু মেধা আশা করা যায়—যাদের সামান্য পরিধেয় নাই, বই জোটে না, এমন কি সময়ে সময়ে নুনভাতও জোটে না। কাজেই, মাধ্যমিক পর্য্যায়ে, মেধার বিচার না করিয়া সকল দুঃস্থ ছাত্রকেই বৃত্তি ও অন্যান্য সুযোগ দিবার অনুরোধ জানাই। আরও জানাই মন্ত্রী মহাশয় হয়তো জানেন না যে, বৃত্তির আবেদন ফরম্ সম্বন্ধে বহু তপশিলী ছাত্র আজও অবগত নহে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক বা শিক্ষকবৃন্দ এই আবেদন ফরম্ যথা সময়ে ছাত্রদের দেন না বা যথা সময়ে কর্ত্তৃপক্ষকে পাঠান না।

এইবার আমি আসানসোল অঞ্চলের ২।১টি কথা বলছি। আসানসোল অঞ্চলে কুষ্ঠ ব্যাধি অত্যন্ত ব্যাপক এবং যাহারা কুষ্ঠরোগাক্রান্ত তাহাদের মধ্যে শতকরা ৫৫ জন হল তপশিলী। এই সব হতভাগাদের চিকিৎসার ব্যবস্থা সরকার আজও করেন নি। পরম দয়ালু যীশুর প্রেরণা লইয়া রাণীগঞ্জের নিকটে বল্লভপুরে ইংরাজ মিশনারীগণ যে কুষ্ঠ চিকিৎসালয় স্থাপন করিয়াছিলেন সরকারের আনুকুল্য না পাইয়া তাঁহারা সেটি বন্ধ করিয়া দিতে বাধ্য হইলেন। পানীয় জলের দুঃখ অবর্ণনীয়। আসানসোলের সহরাঞ্চল ও শিল্পাঞ্চল বাদ দিলেও জনসাধারণের এক বিরাট অংশ গ্রামে বাস করে। তাদের অধিকাংশই তপশিলী জাতি ও উপজাতি। তাদের পানীয় জলের দুর্দ্দশা চরমে উঠেছে। কন্ট্রিবিউশান দিয়া কুপ বা নলকুপ লওয়া ইহাদের সাধ্যাতীত। আবার যেখানে কন্ট্রিবিউশান লাগে না তপশিলীদের অভাব অজ্ঞতার সুযোগে অ-তপশিলী পল্লীতেই তাহা চলিয়া যায়। আসানসোলের গ্রামাঞ্চলের তপশিলীদের জন্য আমরা ৪০টি কুপের একান্ত প্রয়োজনীয়তার কথা বর্ত্তমান জেলার তপশিলী মঙ্গল বিভাগের মাধ্যমে সর্বসম্মতিক্রমে পাঠিয়েছি কিন্তু কোন ফল হয় নাই। ভুমি ব্যবস্থাতো প্রায় সফল হবে না। এক্ষণে শিক্ষিত, অর্দ্ধশিক্ষিত, তপশিলী ও উপজাতিভুক্ত যুবকগণকে দুর্গাপুরে ও অন্যান্য কলকারখানায় পুর্ণ সুযোগ দেওয়া হোক। আরও একটা দিকে লক্ষ্য দিতে হবে—সমাজ-উন্নয়ন সংস্থা সমূহের মাধ্যমে উন্নয়ন করতে হলে অনগ্রসর তপশিলী ও উপ-জাতিদেরই ডাকতে হবে বুঝতে হবে তাদেব দুঃখ দুর্দ্দশা। কিন্তু আজও সে মনোবৃত্তি সরকারী কর্মচারীদের নাই। কাজেই উন্নয়নের লক্ষণ দেখা যায় না। কেবল অর্থের অপব্যয়। আর পরিকল্পনা। ধর্মগোলা, উপজাতি, তপশিলী জাতি ও অনুন্নত সম্প্রদায়ের মধ্যে উপকারী প্রতিষ্ঠান হইতে পারে কিন্তু ব্যাপকভাবে তাহা প্রতিষ্ঠা করার একান্তিক চেষ্টা সরকারের নাই। এই চেষ্টার ছিটে ফোঁটা কেবল উপজাতিয়দের মধ্যে দেখা যাচ্ছে। আশঙ্কা হয় সরকারের ভেদনীতি উপজাতিগণকে অন্যান্য তপশিলী সমাজ থেকে পৃথক করিতে চায় কি না?

আইনে অস্পৃশ্যতা অপরাধ। কিন্তু দেবতার মন্দির, প্রকৃতির জল, আজও ভাগ্য-

বিড়ম্বিত তপশিলীদের নিকট অবাধ নহে।

বিরাট হিন্দু সমাজের মাধ্যাকর্ষণে জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে এইসব তপশিলীগণ আকৃষ্ট হচ্ছে। ব্রাহ্মণ্য-শাসিত এই সমাজে তাহাদের স্বীকৃতির জন্য যাহা প্রয়োজন রাষ্ট্র এ ব্যাপারে নির্বাক দর্শক মাত্র।

Dr. Biswanath Saha :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দ আজ উত্থাপন করেছেন আমি তা সমর্থন জানাচ্ছি। কিন্তু আপনার মাধ্যমে আমি কয়েকটা জিনিষ বলতে চাই। প্রথম হচ্ছে যে আমাদের মন্ত্রী মহাশয় বলেছেন যে অনুন্নত সম্প্রদায় বা তপশিলী উপজাতিদের উন্নতি একমাত্র শিক্ষার দ্বারা সম্ভব হতে পারে। সেদিক থেকে জানাতে চাই যে যেমন সাধারণভাবে ছেলেদের শিক্ষার পাঠশালা স্কুল বা মহাবিদ্যালয় হয় তেমনি তার সঙ্গে যেখানে অনুন্নত শ্রেণীর বসতি আছে সেখানে সোস্যাল এডুকেশানটা বড় করে দেখা দরকার হয়ে পড়েছে। আজ ১০ বৎসর পরে আবার ১০ বছরের জন্য রিজার্ভেশান বাড়ান হয়েছে। আমরা যদি এই সমস্ত এলাকায় সোস্যাল এডুকেশান-এ বিশেষভাবে ব্যয় বরাদ্দ না করি এবং বেশীভাবে চেষ্টা না করি তাহলে আগামী ১০ বছরের মধ্যেও এদের উন্নত করা যাবে না। সেদিক থেকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি যে তিনি যেন এদিকে ব্যয় বরাদ্দ বাড়ান। কেননা সমাজের মধ্যে তারা এতকাল ধরে অস্পৃশ্য ও অনুন্নত ছিল এবং এইভাবে থাকার ফলে তাদের মধ্যে আনকালচার্ড এটিসমফিয়ার তৈরী হয়েছে। আজকে অর্থনৈতিক সমস্যায় তারা যতটা পীড়িত তার চেয়ে আনকালচার্ড এটিমসফিয়ার-এর জন্য তারা বেশী পীড়িত। সেখানে চোলাই মদ ভীষণভাবে চলে। আমাদের এক্সাইজ মন্ত্রী মহাশয় যিনি রয়েছেন, তিনি যদি এদিকে নজর দেন তাহলে ভাল হয়। কাজেই তাদের মদ বা অন্যান্য নেশা যাতে বন্ধ হয়ে যায় সেদিকে লক্ষ্য দিতে বলছি। কেননা এদের যদি উন্নত না করা যায় তাহলে উপরের সমাজকেও এরা টেনে আনবে এবং মনে হয় উপরের সমাজের উপরেও খানিকটা প্রভাব পড়েছে।

[4 -4-10 p.m.]

আমার বন্ধু সত্যেন মজুমদার মহাশয় বলেছেন যে ভূমি সংস্কার দরকার। তারসঙ্গে আমি আর একটা জিনিষ বলবো যে উপজাতীরা এবং অনুন্নত শ্রেণীর লোকেরা বেশীর ভাগ কাল্টিভেশনে লেবার ওয়ার্ক করে জনকাজ করে। আমাদের শ্রম মন্ত্রী বলেছিলেন যে যারা কৃষি জন খাটে তাদের জন্য শ্রম আইন তৈরী করা হবে সেটা যদি ত্বরান্বিত করা হয় তা হলে ভাল হয়। এদের জন্য শ্রম আইন না করলে ভূমি সংস্কারের সম্পূর্ণ উন্নতি হয় না। আর একটা কথা হচ্ছে যে সমস্ত জায়গায় ব্লক হয়েছে কিন্তু অনুন্নত শ্রেণী অল্প রয়েছে সেই ব্লকের মধ্যে এদের জন্য যদি একটা সুনির্দিষ্ট পরিকল্পনা তৈরী করা হয় তাহলে ভাল হয়। কিন্তু একজন করে সদস্য নেয়া হয় বটে কিন্তু তাতে তা সম্পূর্ণ হয় না। আর একটা কথা আমাদের জাঙ্গীপাড়ায় রাধানগর ইউনিয়নে অনুন্নত শ্রেণী বা উপজাতীর বাস বেশী সেখানে চিকিৎসার ভয়ঙ্কর অভাব—সেজন্য মন্ত্রী মহাশয় যখন সেখানে গিয়েছিলেন তখন তারা তাঁর কাছে একটা হেল্‌থ সেন্টার করার কথা বলেছিলেন। সেখানে একটা সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টার করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি তিনি যেন এ সম্বন্ধে স্বাস্থ্য মন্ত্রীর সঙ্গে একটু আলোচনা করেন। এই কটি কথা বলে আমি এই ব্যয় বরাদ্দকে সর্বান্তঃকরণে সমর্থন করছি।

Shri Apurba Lal Majumdar :

মাননীয় স্পীকার মহাশয়, এই কয় বছর বাদে তপশালী জাতি এবং উপজাতির সম্পর্কে আলোচনা করার সুযোগ আমরা পেয়েছি। আমাদের সংবিধানের রচয়িতরা এটা উপলব্ধি করেছিলেন যে একটা বিরাট পশ্চাৎপদ্ এবং অনগ্রসর সমাজকে অন্যান্য শ্রেণীর সমপর্য্যায়ে তোলবার জন্য কতকগুলি বিশেষ সুযোগ সুবিধা দেওয়া প্রয়োজন। সেজন্য এদের শিক্ষা-বিস্তারের জন্য কতকগুলি বিশেষ সুযোগ দেবার ব্যবস্থা করা হয়েছে কিন্তু আমরা লক্ষ্য করছি সিডিউল কাষ্ট, সিডিউল ট্রাইবস এবং আদার ব্যাকওয়ার্ড ক্লাসেস তাদের শিক্ষার বর্ত্তমান পর্য্যায়টা কি, তাদের মধ্যে কতজন শিক্ষিত, আমাদের সরকার যে সমস্ত ব্যবস্থা করেছেন তার মধ্য দিয়ে ক্রমাগতভাবে কত ছাত্র শিক্ষা এবং বৃত্তি পাচ্ছে, শিক্ষাপ্রাপ্তের সংখ্যা কত বেড়ে চলেছে তার কোন হিসাব আমরা পাইনি তবে ১৯৫৫—৫৬ সালের মোটামুটি যে হিসাব পাই তাতে দেখা যায় যে লাষ্ট ম্যাট্রিক স্টেজে পশ্চিমবঙ্গে মোট সংখ্যা ছিল ৯৫৭৫৬ জন তার মধ্যে ৫৮ জন তপশিলী সম্প্রদায় ১০৫ জন ব্যাকওয়ার্ড ক্লাসেস, সমস্ত মিলিয়া শিক্ষাপ্রাপ্তের সংখ্যা ৩৮৩১ জন। কাজেই তপশিলী সমাজের জনসংখ্যায় শতকরা ১৯ ভাগ। তাহলে মোটামুটি একটা হিসাব পাওয়া যায় যে কত বেশী তারা পিছিয়ে আছে। তারপরে দুই নম্বর হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গে স্কুল এবং কলেজে যারা পড়ে তাদের টিউশন ফি একজেমপ্ট করে দেয়া হয়নি। আমরা অত্যন্ত দুঃখের সংগে লক্ষ্য করেছি যে একমাত্র পশ্চিমবঙ্গে এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করেননি। বোম্বেতে দেখা যায় সেখানে আপটু পোষ্ট গ্রাজুয়েট ক্লাস সমস্ত শ্রেণীর তপশিলী এবং তপশিলী উপজাতিদের শিক্ষার জন্য কোন টিউশান ফি লাগেনা।

ইউ. পি. তে আমরা দেখেছি ক্লাস ৮ থেকে আরম্ভ করে আপ টু হাই ষ্টেজ শিক্ষা-ক্ষেত্রে টিউশান ফি এগ্‌জেম্‌প্ট করা আছে। তেমনি মাদ্রাজ, পাঞ্জাব, সৌরাষ্ট্র, বিন্ধপ্রদেশ, পেপসু, দিল্লী, রাজস্থান, বিহার, ত্রিপুরা সমস্ত জায়গায় টিউসান ফি এগ্‌জেম্‌প্ট করা আছে কিন্তু পশ্চিমবঙ্গে নেই। পশ্চিমবঙ্গে তফশিলী শ্রেণী সম্পর্কে টিউসান ফি এগ্‌জেম্‌প্ট করার জন্য বহুবার সরকারের কাছে বলা হয়েছে, কিন্তু টিউসান ফি কেন মন্ত্রী মহাশয় এবং সরকার কন্‌সিডার করছেননা তা আমরা বুঝতে পারছি না। সিডিউল্‌ড কাষ্টস কমিশনার শ্রী এল. এম, শ্রীকান্ত তাঁর রিপোর্টে বারবার যে কথা বলেছেন এবং আশ্চর্য্য হয়ে অনেক সময় রিমার্ক করেছেন যে

"It is surprising that education is not free for Scheduled Castes in Secondary and Collegiate stages, which is free in almost all the States in the country".

এ বিষয়ে নিশ্চয়ই আমি মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জবাব পাব। আর একটা বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে মিনিষ্ট্রি অব এডুকেশন সমস্ত রাষ্ট্রকে একটা খবর দিয়েছিলেন এবং তাঁরা একটা মন্তব্য করেছিলেন যে অল্ ষ্টেট গভর্ণমেণ্টস চিন্তা করে দেখবেন এবং সম্ভব হলে তাঁরা সিডিউল্‌ড কাষ্টস এ্যাণ্ড সিডিউল্‌ড ট্রাইবস্‌দের বিভিন্ন টেকনোলজিক্যাল বা অন্যান্য এডুকেশান্যাল ইন্‌ষ্টিটিউশন্ এ এ্যাডমিশান্‌এর বিশেষ সুযোগ সুবিধা করে দেবেন এবং যে ডিরেকশন দিয়েছিলেন সেণ্ট্রাল গভর্ণমেণ্ট বিভিন্ন ষ্টেট্ গভর্ণমেণ্টকে তাতে ছিল

"20 per cent of seats should be reserved for them. No. 2 "Where admissions are restricted to candidates who obtain certain minimum percentage of marks and not merely the passing of a certain examination, there may be a 5 per cent reduction for them."

যা বর্ত্তমানে

Central Government 10 per cent

জানিয়েছেন

"Provided that the lower percentage prescribed does not fall below the minimum required to pass the qualifying examination."

এ বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। শ্রীকান্তের রিপোর্ট থেকে আমি দৃষ্টি আকর্ষণ করছি যে অন্ধ্রে বিভিন্ন এডুকেশন্যাল ইন্সটিটিউশন্এ শতকরা ১৫ ভাগ সিট রিজার্ভ করা আছে, বোম্বেতে শতকরা ২০ ভাগ, মাদ্রাজে ১৬ ভাগ, মধ্যপ্রদেশে ১০ ভাগ, পাঞ্জাবে ১৯ ভাগ ইউ. পি.তে ২০ ভাগ, বিন্ধ্যপ্রদেশে ২০ ভাগ, মনিপুর ডি. এম. কলেজে ২০ ভাগ যাতে টেকনোলজিক্যাল বা অন্যান্য ইনষ্টিটিউসন্ এ তফশিলী শ্রেণীর লোক ভর্তি হবার সুযোগ পায়। পশ্চিমবঙ্গ সরকার হচ্ছেন একমাত্র সরকার যাঁরা তফশিলী শ্রেণী বা উপজাতীদের এই সুযোগ থেকে বঞ্চিত করে রেখেছেন। আমি সরাসরি সরকারের কাছ থেকে জানতে চাই যে যেখানে বিভিন্ন রাষ্ট্র এই পলিসি এ্যাকসেপ্ট করে সিট রিজার্ভ করেছে সেখানে কেন পশ্চিমবঙ্গ সরকার সিট রিজার্ভ এবং টিউসান কি এগ্জেম্প্ট করবেন না? রিজার্ভেসন ব্যাপারে শ্রীকান্ত বারবার পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলেছেন যে তোমরা এ বিষয়ে ব্যবস্থা অবলম্বন কর —বিভিন্ন ইউনিভার্সিটিকে জানিয়েছেন যে তোমরা এই সব সুযোগ সুবিধা থেকে তাদের বঞ্চিত কোরোনা। এক বিশ্বভারতী ইউনিভার্সিটি ছাড়া আর কোন ইউনিভার্সিটিতে এদের সুযোগের বন্দোবস্ত নেই। এ বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আরও

Study Team on Social welfare of Back ward Classes

বলে যে নতুন কমিটি অফ প্লান, প্রোজেক্টস্ আণ্ডার ষ্টাডি টিম্ হয়েছে সেই ষ্টাডি টিম্এর তরফ থেকে রিকোমেণ্ডেসন্ করা হয়েছে যে এই রিজার্ভেশন্ বিশেষ করে প্রয়োজন। যারা সরকারের অনগ্রসর সম্প্রদায় রয়েছে তাদের শিক্ষার মান যদি উন্নত করতে চান তাহলে এই দুটো বিষয়ের উপর আপনারা গুরুত্ব দিন। তারপর, চাকরীর ক্ষেত্রে সংরক্ষণের কথা আমি বিশেষ ভাবে বলছি। ভারতের সংবিধানে আর্টিক্যাল ৩৩৫ রেড্ উইথ আর্টিক্যাল ১৬ এ পরিষ্কার করে এ-কথা বলা আছে যে গভর্ণমেণ্টের বিভিন্ন পোষ্টে এদের সুযোগ দেবার ব্যবস্থা করা প্রয়োজন। যার জন্য কেন্দ্রীয় সরকার সোজাসুজি কম্পিটিটিভ এক্জামিনেশন্এ ১২॥ পার্সেণ্ট, আদারওয়াইজ্ টেকেন বাই ওপেন কম্পিটিশন্ এ ১৬⅔ পার্সেণ্ট নেন। পশ্চিমবঙ্গ সরকার এখানে তাঁরা এ-কথা ঘোষণা করেছেন যে শতকরা ১৫ ভাগ চাকরী এই তফশিলী শ্রেণী এবং উপজাতি শ্রেণীর জন্য রাখবেন।

4-10—4-20 p. m.]

আমি জিজ্ঞাসা করি সরকারকে এটা শুধু কাগজে কলমে কেন রাখা হয়েছে? আজকে এটা অত্যন্ত পরিষ্কারভাবে আমার নিজের অভিজ্ঞতা থেকে দেখছি, যে সরকার তাঁদের যে সকল নীতিকে ঘোষণা করেন, তাকে পুরাপুরিভাবে কার্য্যকরী করার জন্য কোন ব্যবস্থা করেন না। শুধু কাগজে কলমে কতকগুলি রাইট্ প্রিজার্ভ করবার মত ব্যবস্থা রেখে দেন। সিডিউলড্

কাষ্টস দের শতকরা ১৫ ভাগ চাকরী দেওয়া কথা বলেছেন। কিন্তু কার্য্যক্ষেত্রে যদি তাকে রূপান্তরিত না করেন, তাহলে সেটা বলে দিন। শুধু শুধু এইভাবে সাধারণ মানুষকে বিভ্রান্ত করবার কোন প্রয়োজন নেই। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে এই কথা বলতে চাই যে ওয়েষ্ট বেঙ্গলে ১৯৫৮ সালের যদি হিসাব দেখি, তাহলে দেখা যাবে যে সেই সময় এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জএ এপ্লিকেণ্টস্ রেজিষ্টার্ড হয়েছিল সিডিউল কাষ্টস্ এর তরফ থেকে ৩০৬ জন অথচ সিডিউল কাষ্টস্এর জন্য ১৫ ভাগ চাকরী রিজার্ভ করে রাখা হয়েছে বলেছেন। এতগুলি চাকরী রিজার্ভেসনএ রাখা হয়েছে বলছেন, কিন্তু নোটিফাই করে জানালেন মাত্র ২২টি চাকরী খালি আছে। অর্থাৎ এক বৎসরে মাত্র ২২টি চাকরী নোটিফাই করলেন সিডিউলড্ কাষ্টস্এর জন্য আর সিডিউলড্ ট্রাইবস্ এর জন্য নোটিফাই করলেন মাত্র ৯টি। অথচ তাদের ক্ষেত্রে সরকার বলে থাকেন ওপেন্ কমপিটিসন্এ চাকরীর জন্য ১৫ ভাগ চাকরী রিজার্ভ করে রেখেছেন। তাই যদি হয় তাহলে আমি সরকারের কাছে জানতে চাই যেখানে এত বিপুল সংখ্যক লোক এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ এ নাম লিখিয়ে রেখেছে, তাদের কেন ২২টি মাত্র চাকরী দেওয়া হয়েছে? তাদের জন্য যে শতকরা ১৫ ভাগ চাকরী রিজার্ভ করে রাখা হয়েছে, সেটা যদি আপনাদের পলিসি বা নীতি হিসাবে গ্রহণ করে থাকেন তাহলে সেই নীতি তাদের চাকরীর ক্ষেত্রে কেন প্রযোজ্য হচ্ছে না? ১৯৫৮ সালে বেকারী হিসাবে নাম লিখিয়েছিলেন সিডিউলড কাষ্টস্ ২১ হাজার এবং সিডিউলড ট্রাইবস্ ২ হাজার ২ শো জন লোক। এর উপরে আমি সরকারের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি জানতে চাই আমাদের পশ্চিমবঙ্গে এই সকল সম্প্রদায়গুলির বর্ত্তমান অবস্থা কি? শিক্ষা বিভাগে এবং অন্যান্য চাকরীর ক্ষেত্রে যে সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে, সেগুলি যদি সরকার গত কয়েক বৎসর, যথাযথভাবে গুরুত্ব দিয়ে পালন করবার চেষ্টা করতেন, তাহলে আজকে তাদের শিক্ষার মান এত নীচে থাকত না, তাদের মধ্যে আরও অনেক বেশী শিক্ষিত হতে পারতেন এবং তাদের চাকরীর জন্য আর রিজার্ভেসনএর দরকার হত না। চাকরীর ক্ষেত্রে যে ভাবে আমরা দেখতে পাচ্ছি বেকারীর অবস্থা—তাঁদেরই রিপোর্টের মধ্যে রয়েছে ইভেন্ ডক্টরস্, গ্রাজুয়েটস্ ইঞ্জিনীয়ারস্, তাঁরা নাম লিখে বসে আছেন চাকরীর জন্য, তাদের চাকরী মেলে না। এটা অত্যন্ত দুঃখের কথা। কারণ তারা সরকারের কাছে লেখাপড়া শিখছেন এবং সরকারের যে পরিকল্পনা ও নীতি সেটা যদি ঠিকভাবে প্রযোজ্য হত তাহলে একজনও বেকার থাকত না। তাদের আর্থিক অবস্থারও উন্নতি হত। আজকে পশ্চিমবাংলার মূল সমস্যা হল কৃষি সমস্যা, তার মধ্যে সিডিউলড্ কাষ্টস্এর সমস্যা এসে পড়ে। ৪০ ভাগ ভাগচাষীর সংখ্যার মধ্যে বহু তপশীল জাতি রয়েছে এবং ৪৫ ভাগ ক্ষেত মজুরের মধ্যেও তারা বিপুল সংখ্যায় রয়েছে। তাদের জমি সমস্যা সমাধান করবার জন্য আমাদের ল্যাণ্ড টেনিওর আইনে কি ব্যবস্থা রাখা হয়েছে? তাদের জীবন ধারণের পথে যে সকল অসুবিধা আছে, এবং তাদের যে দারিদ্র, সেটা দূর করবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে কি ব্যবস্থা করা হয়েছে? এই সম্পর্কে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ছোটনাগপুর টেন্যান্সী এ্যাক্ট, বিহার সানতাল পরগনাস্ টেন্যান্সী এ্যাক্ট, রাজস্থান টেন্যান্সী এ্যাক্ট প্রভৃতি আইনের দ্বারা, যারা তপশীল সম্প্রদায় শ্রেণীভুক্ত, যারা পশ্চাৎপদ সম্প্রদায়, তারা যাতে উচ্ছেদ না হয়, তার ব্যবস্থা করা হয়েছে। অবশ্য আমাদের এখানে পশ্চিমবঙ্গ সরকারের ল্যাণ্ড রিফর্মস এ্যাক্টের মাধ্যমে সিডিউল ট্রাইবস্ এর জন্য কিছু ব্যবস্থা আছে। কিন্তু সিডিউল কাষ্টের জন্য সে রকম

কোন ব্যবস্থা করা হয়নি। পশ্চিমবঙ্গে শতকরা ১৯ ভাগ সিডিউল কাষ্টদের আর্থিক অবস্থা খর্ব করা হয়েছে। লোক গণনার হিসাব যদি দেখি, যদি গত পঞ্চাশ বছরের আদমসুমারীর হিসাব নিই তাহলে দেখা যাবে এই পশ্চাৎপদ শ্রেণীগুলি আস্তে আস্তে লুপ্ত হয়ে যাচ্ছে, এবং ক্ষয়িষ্ণু সম্প্রদায়, রাজবংশী সম্প্রদায়ের পপুলেসান্ ১৯১১ সালে যা ছিল তা থেকে পাঁচ লক্ষ কমে গিয়েছে।

বাগ্‌দী ৭০ হাজার কমে গিয়েছে, ডোমদের ৩৭ হাজার কমে গিয়েছে, হাডি ৫৮ হাজার কমে গিয়েছে, ধুপী ২৭ হাজার কমে গিয়েছে। এমনি করে এই যে পশ্চাৎপদ সম্প্রদায় তারা দুর্ভিক্ষ মহামারীতে সব সময় ধ্বংস হয়ে যাচ্ছে। আমার কনষ্টিটিউয়েন্সী এর কথা একটা জানি ঘুমকিও দেওলিতে এমন অবস্থা যে একটা শ্মশান সেখানে হতে যাচ্ছে। সেগুলি বাঁচিয়ে রাখতে আমরা পারিনা এবং এইভাবে দিনের পর দিন এই সম্প্রদায়গুলি ক্ষয়িষ্ণু হতে চলেছে। অন্যদিকে পশ্চিমবঙ্গের জন সংখ্যা বেড়ে চলেছে, এই জনসংখ্যার গত ৫০ বছরের হিসাব নিলে দেখা যাবে যে এই সম্প্রদায়গুলি আমাদের দেশে উবে যাচ্ছে তার কারণ হচ্ছে এদের আর্থিক বুনিয়াদ এত দুর্ব্বল যে জমি সব হাতছাড়া হয়ে গেছে এবং যাচ্ছে। এবং ঋণের বোঝা এত তীব্র হয়ে উঠেছে যে এই তপশিলীরা ৫৫ ভাগ ঋণ গ্রহণ করে নিজেরা খেয়ে বাঁচবার জন্য, ৭১% জনই ঋণের টাকা ব্যয় করে চাল ডাল কিনে খাওয়ার জন্য। এই বিরাট অনগ্রসর সম্প্রদায়ের আর্থিক বুনিয়াদকে শক্তিশালী করার জন্য ল্যাণ্ড টেনিউর্ সিষ্টেম্ এর মধ্যে না গিয়ে বাড়তি যে জমি আছে তা এদের মধ্যে বণ্টন করা হোক্ এবং এরা বেঁচে থাকতে পারে এমন জমি দেবার ব্যবস্থা এদের করা হোক্। এই সম্প্রদায়কে যদি জমি দেওয়ার ব্যবস্থা না করেন, হাউসিং প্রোব্লেম্ এর সমস্যা সমাধান না করেন, এই বিরাট সম্প্রদায়ের মানুষ আস্তে আস্তে ধ্বংস হয়ে যাবে। তাই আমি অনুরোধ করি ব্যাপকভাবে এই সমস্যাটিকে দেখবার চেষ্টা করুন এবং সহস্র বছর ধরে যে মানুষকে বাঁচিয়ে রাখার যে পন্থা সেই পন্থা গ্রহণ করে এই মানুষকে বাঁচিয়ে রাখবার ব্যবস্থা করুন।

Personal explanation

Shri Bijoylal Chattopadhyay :

মাননীয় স্পীকার মহাশয়, আমার একটা ব্যক্তিগত এক্সপ্লানেশান দেবার আছে, যদি অনুগ্রহ করে অনুমতি দেন তো বলতে পারি।

Mr. Speaker :

বলুন।

Shri Bijoylal Chattopadhyay :

গত ২২শে মার্চ্চ জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন সম্পর্কে যখন আলোচনা হয়েছিল আমি তখন অনুপস্থিত ছিলাম, আমি এসে শুনলাম যে মাননীয় সদস্য শ্রীযুক্ত মনোরঞ্জন হাজরা মহাশয় আমার ও আমার স্ত্রী এবং আরও দু এক জনের বিরুদ্ধে কতকগুলি অভিযোগ করেছেন যার কোন ভিত্তি নাই। এ বিষয়ে আমি আমাদের এ্যাসেম্বলীর সেক্রেটারী মহাশয়ের কাছ থেকে, তিনি যে বক্তৃতা করেছেন সেটা আনিয়ে নিয়ে দেখলাম তিনি কয়েকটি অভিযোগ 'করেছেন, সেই অভিযোগগুলির উত্তর দেওয়া উচিত বলে আমি মনে করি। তিনি বলেছেন ইঞ্জিনীয়ার এর সঙ্গে যোগসাজসে ২ লক্ষ টাকার টেণ্ডার দেওয়া হয়েছিল ওখানকার বেসিক ট্রেনিং কলেজ এর জন্য। স্যার ; এটা সম্পূর্ণ মিথ্যা, অসত্য।

দ্বিতীর কথাবলা হয়েছে যে, যে কণ্ট্রাকটর এই ভার নিয়েছেন এই কলেজ তৈরী করার জন্য তার সঙ্গে আমাব একটা ব্যবসাগত যোগ রয়েছে এবং একটা অংশ রয়েছে আমার স্ত্রীর। গভর্ণমেণ্ট ওপেন টেণ্ডার ইনভাইট করেছে, যে, ফার্ম কণ্টাক্ট পেয়েছে তার সঙ্গে আমার বা আমার স্ত্রীর কোন সম্পর্ক নাই, সেই ফার্মকে আমি কখনো জানতাম না। এটা সর্ব্বৈব মিথ্যা, অসত্য।

তৃতীয় কথা হচ্ছে যে বাড়ী হচ্ছে, কৃষ্ণনগর হাসপাতালের কাছে যে বাড়ী তৈরী হচ্ছে সে বাড়ী আমার ভাইয়েব বাড়ী, সে বাড়ীতে আমার কোন স্বত্ব নাই এবং সেই বাড়ীর সঙ্গে আমার কোন সম্পর্ক নাই। অন্য পক্ষে আমার ভাই রয়েছেন শ্রীমিহির লাল চট্টোপাধ্যায়, তিনি নিশ্চয়ই আমাব এই কথা সমর্থন করবেন। আমি আর কিছু বলতে চাই না, এ ধরণের পলিটিক্সকেই লক্ষ্য করে বোধ হয় বলা হয়েছে

Politics is the last provision of a scoundrel.

(4-20—4-30 p.m.)

Shri Mangru Bhagat :

मिस्टर स्पीकर सर,

पहली बात यह है कि पश्चिम नंगल में जो दवसी है। उनके वारे में इस हाउस के अन्दर सुना जाता है कि सरकार की ओर से बहुत रुपया पैसा खर्च किया जाता है। किन्तु देख जाता है कि आज से १०, १२ वर्ष पहले आदिवासी के हाथ में एक तरह से जमिन्दारी थी। ये जमिन्दारी कैसे हुई। मैं वताऊँ पहले ये जंगल ताड़कर जमीन को नये रूप में वनकर खेती के रूलायक किया उसके पीछे जब अंग्रेज मालिक हुए तो उस टाइम में भी कोई चुकानदार अपनी जमीन को अपने हाथ में रखा। किन्तु आज देख जाता है कि इस काग्रेसी राज में, हिन्दुस्तानी राज्य में भूमि संस्कार आइन के अनुसार जमिन्दारी प्रथा ख़त्म कर दी गई : जब कांग्रेसी सरकार जमीन को अपने हाथ में ले लेती।

आज १०, १२ वर्ष के अन्दर किसानों के पास जमीन नही रह गई। जो किसान जमीन पर भाग चास का काम करतें थे उनके हाथ से सरकार सम्पूर्ण जमीन लेली। जवसे जमीन्दरी प्रथा का उच्छेद हुआ तवसे समूची जमीन जमीन्दार व मालिक के हाथ में चला गया। अभीतक देखा जा रहा है कि भूमि संस्कार आईन के अनुसार आदिवासी भागचासी किसानों में जमीना का वटवारा नहीं किय गया। इम १२ वर्ष के कांग्रेसी राज्य में देखा जाता है कि भागचासी किसान जो खेती करते थे उनके पास से जमीन चली गई। मगर अभीतक उनको जमीन देने का सरकार ने कोई वन्दोवस्त नही किया। किसान जमान से उच्छेद हो जाते हे मगर फिर भी इस हाउस के अन्दर सुनने में आता है कि आदिवासियो के लिए वहुत इन्तजाम होता है। इनकी भलाई के लिए वहुत सा रुपया खर्च किया जाता हैं। किन्तु मैं कहुंगा कि इनकी भलाई के लिए कुछ भी काम नहीं होता है। मैं सरकार से अनुरोध करूंगा कि वह अदिवासियों की भलाई की और अपना ध्यान दे।

अदिवसियों को जमीन की वहुत वड़ी चिन्ता है वे लोग सोचते है कि उनके हाथो में जमीन नही होने से जमीन पर खेती नहीं कर सकते है। वे जमीन पर चास करना चाहते हैं। इसके साथ साथ इनको रहने के लिए घरकी बड़ी चिन्ता है। सरकर को इनके लिए इसका वन्दोवस्त करना चाहिए। इसके साथ साथ इनका जमीन देकर चास करने के

लिए गोरू का भी बन्दोबस्त करना चाहिए। अगर सरकार इनकी मांगों को जल्द से जल्द पूरा नहीं करती तो इनको बड़ी चिन्ता रहेगी। यदि आप लोग आदिवासियों की उन्नति करना चाहते है तो उनकी चिन्ता को दूर कीजिए। उनके हाथों में जमीन दीजिए। आदिवासी दुनिया के समूचे आदमियों को बचानेवाला है। आज वह स्वयं दुखी है। इसलिए मैं सरकार से अनुरोध करूंगा कि इनके लिए जो भी रूपया-पैसा खर्च करना चाहते हैं उसको अच्छी तरह से खर्च करें जिससे उनका कल्याण हो। उनके घर, जमीन और पानी का वन्दोवस्त करना बहुत ही जरूरी है।

दो एक और बातें मैं इस हाउस के सामने रखना चाहता हूँ। पहली बात आदिवासियों के शिक्षा के बारे में कहूँगा। इनकी शिक्षा के लिए सरकारने कोई भी व्यवस्था ऐसी नहीं की हैं जिससे ये लोग पढ़-लिख सके। सर, आप जानते हैं कि उत्तर बंगाल के अन्दर सीलीगुड़ी, जलपाईगुड़ी और दार्जिलिंग में बहुत से आदिवासी रहते है। किन्तु आज वहाँ पर देखा जाता है कि वहाँ पर इनके बच्चो के लिए शिक्षा का कोई भी वन्दोवस्त नहीं है। वहाँ पर स्कूल तो बहुत से बने है। जूनियर हाई स्कूल, और हाई स्कूल तो बहुत है। किन्तु उनमें आदिवासियों के लड़के-लड़कियाँ नहीं पढ़ पाती है। उसमें पढ़ते है; धनिक लोगों के बच्चे, चाय बगान के मालिक और मैनेजर के लड़के और बाबु लोगों के लड़के और लड़कियाँ। इसलिए मैं सरकार से अनुरोध करूंगा कि यदि सचमुच आदिवासियों की उन्नति चाहती है उनकी भलाई के लिए काम करना चाहती हैं और उनको बचाना चाहती है तो जो भी रुपया पैसा सरकार खर्च करे वह अच्छी तरह से खर्च करे। तभी उनका कल्यान हो सकता है।

Shrimati Tusar Tudu:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আদিবাসী খাতে ব্যয় বরাদ্দ হাউস এর সামনে প্রথম আলাদা ভাবে এসেছে, সেজন্য আমি প্রথমেই মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। সেই সঙ্গে সঙ্গে এই হাউসের মধ্যে যে সহানুভূতি পূর্ণ সমালোচনা হয়েছে সেজন্যও আনন্দ প্রকাশ করছি। জাতির উন্নয়নমূলক কাজে যে লক্ষ লক্ষ টাকা ব্যয় হচ্ছে, সেই ব্যয়ে যেসমস্ত কাজ হচ্ছে সেই সমস্ত কাজ সম্পর্কে আলোচনা করা অত্যন্ত প্রয়োজন। এবং তাহলেই আমরা এর মাধ্যমে জানতে পারব আমাদের অগ্রগতি কি ভাবে হচ্ছে। এ ছাড়া আমার সময় অল্প সেই জন্য আমি এই বিভগে টাকা মোটামুটি যে তিনভাগে খরচ হচ্ছে সেই তিনটা বিষয়ের উপর বলবো। শিক্ষা, আর্থিক উন্নতি, এবং
housing, health and other Schemes
এই সমস্ত ব্যাপারে টাকা খরচ হচ্ছে। প্রথমে শিক্ষা খাতে যে টাকা ব্যয় হচ্ছে তার সম্বন্ধে বলতে গিয়ে আমি বলতে চাই; শিক্ষা খাতে যে টাকা ব্যয় বরাদ্দ হচ্ছে, সেটা আগের চেয়ে বাড়ান হয়েছে এবং সেজন্য আমরা আনন্দিত কিন্তু এই সঙ্গে সঙ্গে আমাদের একথা ভুললে চলবে না যে, যে সমস্ত কলেজে ছাত্র ছাত্রীরা থাকে, তাদের অধিকাংশ সময় অত্যন্ত অসুবিধার মধ্যে পড়তে হয়। শুধু কলেজে নয়, স্কুলের টাকাও দেরী করে পৌঁছানর জন্যে, বিশেষভাবে যে সমস্ত ছাত্র ছাত্রীরা হোষ্টেলে থাকে, তাদের গত বৎসর নানা কারণে অনেক অসুবিধার সম্মুখীন হতে হয়েছিল কিন্তু আমি আশা করবো যে, ভবিষ্যতে তাদের যেন এই রকম অসুবিধার মধ্যে না পড়তে হয়। শিক্ষা খাতে আরো বেশী ব্যয় হওয়া উচিত। কারণ দিন দিন শিক্ষা

আরও বেশী ব্যয় সাপেক্ষ হয়ে উঠছে। সেইজন্য যে টাকা বরাদ্দ হচ্ছে তার দ্বারা অধিক সংখ্যক আদিবাসীদের শিক্ষার প্রসার হতে পারে না। এই সঙ্গে অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কে দু'একটি কথা বলতে চাই। শিক্ষা ও অর্থনৈতিক মান, এই দুইটি জিনিষ একসঙ্গে দেখতে হবে। আমাদের দেশের মধ্যে এখন শিক্ষার উন্নতি হচ্ছে কিন্তু এই শিক্ষার সঙ্গে সঙ্গে যদি আর্থিক উন্নতি না হয় ত'হলে শিক্ষার প্রসার হতে পারে না। এই জন্য পারেনা কারণ অর্থের অনটনের মধ্যে সমস্ত দরিদ্র আদিবাসীরা থাকে তাদের অধিকাংশ ছেলেমেয়ে অল্প শিক্ষা পাবার পর তাদের কর্ম্ম সংস্থানের জন্য যেতে হয়, সেই জন্য উচ্চ শিক্ষা তাদের মধ্যে প্রসারিত হতে পারে না। সেই জন্য আমার বিশেষ অনুরোধ আমাদের এমনভাবে অর্থনৈতিক স্কীম নিতে হবে, যার ফলে আমাদের আর্থিক অবস্থার উন্নতি হয়। আর্থিক উন্নতি করার মধ্যে আমরা দেখছি, সরকার যে ব্যয় বরাদ্দ করেছেন তাতে, নানারকম ছাগল, মুরগী বিতরণ করছেন, কিন্তু এই রকম ছাগল, মুরগী, বিতরণের মধ্যে দিয়ে স্থায়ী উন্নয়ন সম্ভব নয়। সেই জন্য এদের মধ্যে বেশীর ভাগ জমি দেবার প্রয়োজন আছে কারণ তারা প্রধানতঃ কৃষক এবং দ্বিতীয়তঃ তারা শ্রমিক, তাই এখন ভূমি সংস্কারের মধ্যে দিয়ে তাড়াতাড়ি তাদের জমি দেবার প্রয়োজন আছে, আর তা যদি এখন সম্ভব না হয় তাহলে—এই আদিবাসী সম্প্রদায় ব্যবসায় অপটু,—তাদের মধ্যে কর্ম্মসংস্থান করা অত্যন্ত প্রয়োজন। বিশেষ করে সরকারী নীতিতে তাদের কর্ম্ম সংস্থানের জন্য যে সংরক্ষণের ব্যবস্থা আছে, এই ব্যবস্থা আরও প্রসার করতে হবে, আরও কার্য্যকরী করতে হবে। এবং যে সংরক্ষণের ব্যবস্থা রয়েছে তাও কার্য্যকরী হচ্ছে না, আমি এখানে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, যে সমস্ত আদিবাসী ছেলে মেয়েরা অল্প শিক্ষা পাবার পর এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জএ নাম রেজেষ্ট্রি করে, তাদের বহুদিন কর্ম্ম সংস্থানের জন্য অপেক্ষা করতে হয় সেজন্য আমাদের ডিপার্টমেণ্টের মধ্যে দিয়ে তাদের নাম পাঠিয়ে এই কাজ দ্রুত গতিতে করবার জন্য চেষ্টা করা উচিত, এবং তাহলে হয়তো কিছু কিছু সুবিধা হতে পারে। এখানে যেভাবে সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে তার ফলে জীবন যাপনের সামান্য উন্নতি হতে পারে কিন্তু জীবন যাপনের মানের উন্নতি হতে পারে না। তার কারণ যে ব্যবস্থা রয়েছে তাতে অল্প শিক্ষার মধ্যে দিয়ে সামান্য চাকরীই তাদের দিতে পারেন। সেই জন্য সেদিকে দৃষ্টি দিয়ে যতক্ষণ না সরকারী চাকরীতে সংরক্ষণের ব্যবস্থা প্রসারিত না করা হয় ততক্ষণ পর্য্যন্ত আর্থিক উন্নতি করা সম্ভব হবে না। আর্থিক উন্নতি যদি না হয়, তাহলে আমাদের যে লক্ষ্য, যে তাদের সমাজে সম পর্য্যায়ে নিয়ে আসবো, সেই লক্ষ্যে আমরা পৌঁছাতে পারব না। এই বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে এই ব্যয় বরাদ্দ সমর্থন করছি।

[4-30—4-40 p.m.]

Shri Turku Hasda :

মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রী মহাশয় এখাতে বরাদ্দ সম্পর্কে ভাষণ দিতে গিয়ে বলেছেন যে, আদিবাসী শিক্ষাখাতে দিনের পর দিন বেশী ব্যয় হচ্ছে এবং আদিবাসী ছাত্ররা শিক্ষিত হচ্ছে। আমি আমার নির্বাচনী এলাকায় ঘোরাফেরা করি তাতে আমি দেখেছি যে ব্রিটিশ আমলে যা স্কুল ছিল তারচেয়ে এখন অবশ্যই কিছু বেশী স্কুল হয়েছে। কিন্তু স্কুলের সংখ্যা দিয়ে বিচার করা যায় না যে তারা এখন বেশী সংখ্যায় শিক্ষিত হচ্ছে। আমি দেখেছি এক একটা স্কুলে ২।৩ জন মাষ্টার আছে, এবং কয়েকটা প্রাথমিকে বড়জোর ১।২ শত ছেলে হতে পারে। এসব স্কুলে ছেলেরা আসেনা কি কারণে? আমি বলেছিলাম তাদের, আজকাল

আবার চাকরী ক্ষেত্রেও তাদের স্থানই নাই। তার কারণ হচ্ছে শিক্ষা। মানুষ শিক্ষার দ্বারা স্বাবলম্বী হয়। যেখানে শিক্ষা নাই, সেখানে মানুষ স্বাবলম্বী হতে পারে না। কাজে কাজেই আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যেন সেখানে তাদের জন্য শিক্ষার ব্যবস্থা ভাল ভাবে হয়।

এই কয়টা কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Shri Hemanta Kumar Ghosal :

স্পীকার মহোদয়, আমি প্রথমেই বলতে চাই, আজকের যে বিষয় বস্তু আলোচনা হচ্ছে সেই আলোচনা অসম্পূর্ণ থেকে যাবে যদি না বাংলাদেশের, বিশেষ করে, যারা সমাজের নীচের তলায় পড়ে আছে, যারা এই আলোচনার প্রথম সূত্রপাত করেছিল ১৯৪৬ সালে তে-ভাগা আন্দোলনের শহিদ হয়ে রবিরাম বাগুলি, জামুই ইত্যাদি, তাদের নাম স্মরণ করি। কাজেই সেই লড়ায়ের মধ্যে দিয়ে, সংগ্রামের মধ্যে দিয়ে এই প্রশ্ন সামনে এসেছে এবং আজকে তাদেরই প্রতিচ্ছবি এর মধ্যে দেখতে পাচ্ছি। তারপর আমি একটা কথা বলতে চাই, স্পীকার মহোদয়, মন্ত্রী মহাশয় যে কথা বলে গেলেন তার প্রথম হচ্ছে যে আদিবাসীদের শিক্ষার ক্ষেত্রে শতকরা ৩০ ভাগ ব্যয় হচ্ছে। দ্বিতীয়তঃ স্থান হচ্ছে, পানীয় জল, তারপর আবার স্বাস্থ্যের উন্নতির কথা বলতে গিয়ে বলছেন টি. বি. রোগীদের জন্য বেড বাড়িয়েছেন। আমি যতটুকু সংবাদ জানি, বিশেষ করে আদিবাসী সম্প্রদায়, যারা সমাজের নীচের তলার মানুষ, যারা প্রথম এই লড়াই সুরু করেছিল, তারাই এই উৎপাদন বৃদ্ধি করেছে ও তাদের দ্বারাই জমি দারাহারি হয়েছে। এ কথা আজকে নিশ্চয়ই সকলে জানেন যে সুন্দরবন অঞ্চলে যে জঙ্গল পরিষ্কার করে চাষের জমিতে পরিণত করেছে যারা, তারা আদিবাসী এবং তাদের দানই সবচেয়ে বড়। এবং সেখানে এই প্রশ্ন ছিল যে জমির মালিক আদিবাসীকে করা হবে। কিন্তু দুঃখের বিষয় যে আজকে আমরা দেখছি এবং মন্ত্রী মহাশয়ও জানেন যে, এদের সাহায্য করা তো দূরের কথা, বাংলাদেশের মধ্যে যারা জমি থেকে বঞ্চিত হয়েছে তাদের মধ্যে শতকরা ৩০ জনই এই শ্রেণীর কৃষক। এদের জমির মালিক করবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল কিন্তু আজকে তারা ভূমিহারা। আমি শুধু একটি কথা বলছি যে এদিকে দৃষ্টি না দিলে যারা নীচের তলার মানুষ তাদের কোন দিনই উপর তলার মানুষের সমপর্য্যায়ে নিতে পারবেন না।

দ্বিতীয়তঃ বলেছেন শস্য গোলার কথা। শস্যগোলা করবেন ভাল কথা। কিন্তু আমি শুধু একটি প্রশ্ন রাখতে চাই, এই শস্য গোলা স্থাপনের ক্ষেত্রে তারা এর সঙ্গে একটা করে স্পিড বোট জুড়ে দিয়েছেন, ঐ সব অঞ্চল ঘুরে দেখবার জন্য নইলে শস্যগোলা চালু থাকবেনা। কিন্তু আমার অভিজ্ঞতা আছে সন্দেশখালি থানায় আদিবাসীদের যে শস্যগোলা আছে তার সঙ্গে স্পিড বোট জুড়ে দেওয়া হয়েছিল কিন্তু সেটা এখন অচল হয়ে পড়ে আছে। এই এক একটা স্পিড্ বোর্ড এ কত লক্ষ টাকা খরচ হয়েছে মন্ত্রী মহাশয় তা জানাবেন। তারপর এখানে যে ডিরেক্টর বোর্ড আছে সেই ডিরেক্টর বোর্ড এর সভ্যরা পার্‌মিট নিয়ে আদিবাসীদের শস্যগোলা থেকে ব্যক্তিগত ব্যবসা করে নিজেরা সেই সমস্ত মুনাফা লুঠবার ব্যবস্থা করে। একটা উদাহরণ দিচ্ছি, আমার কন্‌ষ্টিটুয়েন্সি কালিনগরে ডিরেক্টর বোর্ডএর সভ্যরা আদিবাসী বোর্ডের পার্‌মিট নিয়ে এই রকম ভাবে ব্যবসা করে যার ফলে বহুদিন সেই কাজ অচল হয়ে পড়েছিল। এই জিনিষগুলির প্রতি লক্ষ্য রাখতে হবে। তারপর আদিবাসী কলোনী করার কথা বলেছেন। এই কলোনীতে যে সব বাড়ী ঘর তৈরী করা হয়, সেগুলি কি কন্‌ট্রাক্টর এর দ্বারা তৈরী হয়?

আমার ইন্‌ফরমেশান হচ্ছে লেবার ছাড়া বাকি সমস্ত কাজ কণ্ট্রাক্টর এর মারফৎ করা হয় এবং তাতে একটা বিশেষ পার্সেণ্টেজ চলে যায় কণ্ট্রাক্টর এর পেটে। এটা যাতে না হয় তার কি ব্যবস্থা করেছেন। আমি এইগুলি জানতে চাই যে এই সমস্ত কমিটি যা তৈরী করেছেন সেই সমস্ত কমিটিতে সেই জেলার বেসরকারী লোক নেওয়া হয়না কেন ? যেমন সাধারণ আদিবাসীদের নেবেন এবং বাকি যে সমস্ত লোক, সেখানের বেসরকারী ইণ্টারেষ্টেড লোক আছে তাদের নিতে পারেন না কেন ? সর্ব্বশেষ কথা হচ্ছে যে, ওয়েজ এর কথা বড় নয়, বড় কথা হচ্ছে তাদের কাজ দেবার কথা। ওয়েজ এর প্রশ্ন পরে উঠে, আগে তাদের কাজ দেবার কি ব্যবস্থা করেছেন ? তারা জমি থেকে সম্পূর্ণভাবে বঞ্চিত হয়েছে, তাদের জমি না দিতে পারলে শুধু বক্তৃতা দিলে হবে না, এবং যে কোন পরিকল্পনাই করুন তা ভেঙ্গে যাবে। তাদের জমি দেবার প্রশ্নে আপনি কি উত্তর দিতে চান সেটা জানতে চাই।

[5-35—5-45 p. m.]

Shri Lakshan Chandra Hasda :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় আদিবাসীদের কল্যাণার্থে যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন তাবজন্য আংশিক সমর্থন জানিয়ে ধন্যবাদ জানাচ্ছি। মন্ত্রী মহাশয় বলেছেন এই বিভাগের জন্য অধিক টাকা বরাদ্দ করেছেন, এবং সামনের বৎসর থেকে যাতে করে প্রতি জেলায় একজন করে অফিসার দেওয়া যায় তাবজন্য চেষ্টা করবেন। তা না হলে নাকি আদিবাসীদের কল্যাণ করা সম্ভব নয়। আমি এ সম্পর্কে বলতে চাই যে, বর্ত্তমানে এই বিভাগ যেভাবে চালান হচ্ছে তাতে এই বিভাগের দ্বারা আদিবাসীদের কল্যাণমূলক কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হতে পারে না। সেজন্য আমি প্রস্তাব করছি যে, প্রতি মহকুমায় যে মহকুমায় আদিবাসী বাস করে, সেই মহাকুমায় সেই অফিসারের অধীনে একজন করে কর্ম্মচারী নিয়োগ করা হোক। সেজন্য আরো বলব যে, চাষ বিভাগ, কৃষি বিভাগ এই করে প্রত্যেক বিভাগে কেরাণী দেওয়া হোক, এবং একটা করে গাড়ী দেওয়া হোক। সেজন্য পুনরায় অনুরোধ করি প্রতি মহকুমায় একজন করে অফিসার, যথেষ্ট সংখ্যক কেরাণী ষ্টাফ্ এবং একটা করে গাড়ী দেবেন। আজকাল আদিবাসীদের সরলতার সুযোগ নিয়ে গ্রাম্য মহাজনরা তাদের ঠকায়। তাদের অশিক্ষা ও অভাব অভিযোগের সুযোগ নিয়ে বহুভাবে তাদের ঠকান হয়। এদিকে দৃষ্টি দেওয়া উচিত। এ সম্পর্কে আর একটা কথা বলতে চাই যে, আদিবাসীদের জন্য যে ছাত্রাবাসের ব্যবস্থা করা হয়েছে তাতে তাদের কোন উপকার হবে না, কারণ বর্ত্তমান দুর্মূল্যের বাজারে কখনোই ২০।২৫ টাকায় বোর্ডিং চার্জ্জ মিটান যেতে পারে না, একজন সদস্য এটা সমর্থন করলেন কি করে আমি বুঝতে পারি না, তিনি কি এ সম্পর্কে কোন Boarding Manager or Superintendent এর কাছে শুনেছেন ? যাই হোক, আমি মন্ত্রী মহাশয়কে পুনরায় অনুরোধ করব এ বিষয়ে ভাল করে খোঁজ খবর নিয়ে যেন একটা সুষ্ঠু পরিকল্পনা করা হয়।

Shri Jagadananda Roy :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় তপশীলী ও আদিবাসীদের উন্নয়ন সূচক কার্য্যের যে অগ্রগতি দেখেছেন তাহাকে মোটেই প্রশংসা করা যায় না। আমি জলপাইগুড়ি জেলার তপশীলী ও আদিবাসীদের গণতান্ত্রিক অধিকার কিরূপ ক্ষুণ্ণ করা হয়েছে দেখাতে চাই।

জলপাইগুড়ি জেলায় মোট লোক সংখ্যা ১০ লক্ষের উপর। এই জন সংখ্যার ৭৫ ভাগই তপশিলী ও আদিবাসী। এ জেলা হইতে বিধান সভায় ৯ জন প্রতিনিধি পাঠানোর ব্যবস্থা আছে। গণতন্ত্রের প্রকৃত জন সংখ্যার অনুপাতে বিধান সভা এবং লোক সভায় প্রতিনিধি পাঠানোর ব্যবস্থা করা উচিত ছিল। কিন্তু তাহা হয় নাই। উপরিউক্ত জন সংখ্যা অনুপাতে যেখানে এদের ৭ জন ও সাধারণ আসন ২ জন করা উচিত ছিল। কিন্তু ফল হচ্ছে উল্টো। ৫টি আসনই সাধারণ এবং তপশিলী ও আদিবাসীদের মাত্র ৪টি দেওয়া হয়েছে। তাছাড়া জলপাইগুড়ি জেলা হতে গত ১৯৫২ সালে লোকসভার জন্য উপজাতিদের যে আসনটি ছিল গত ১৯৫৭ সালে তাহাও উঠাইয়া দেওয়া হয়। এদের কল্যাণার্থে আপনাদের এ সব জিনিষ ভাল করে চিন্তা করা উচিত এবং ন্যায়সংগত অধিকার যাতে এদের থাকে সে বিষয়ে বিশেষভাবে দৃষ্টি দেওয়া উচিত। স্যার, ১৯৫০—৬০ সাল— এই দশ বৎসরের অভিজ্ঞতা থেকে সরকারের একথা বোঝা উচিত যে শুধু কতগুলি সুযোগ সুবিধার ব্যবস্থা করলেই উন্নতি হয় না। যাদের জন্য বিশেষ সুযোগ সুবিধাগুলি করা হয়েছে তারা যাতে যথা সময়ে এর ফল ভোগ করতে পাবে সেদিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখা বর্ত্তব্য। বস্তুতঃ বিগত দিনগুলির অভিজ্ঞতা থেকে আরও বোঝা যায় যে সরকার এসব ব্যাপারে সম্পূর্ণ উদাসীন ছিলেন। শিডিউলড কাষ্ট কমিশনার প্রতি বছর তাঁর রিপোর্টে এই কথাই প্রকারান্তে বলে আসছেন।

স্যার এই সব সম্প্রদায়কে উন্নত করে তুলতে হলে প্রধান উপায় তাদের শিক্ষিত করে তোলা। শিক্ষার অভাবেই তারা অন্যান্য সমাজের লোকদের সংস্পর্শ থেকে প্রায় বিচ্ছিন্ন। আধুনিক যুগে নিজেদের শিক্ষিত করে তুলে অন্যান্য সমাজের পর্য্যায় উন্নত হওয়া যে একান্ত দরকার এ প্রয়োজনীয়তা বোধটুকুও এখন পর্য্যন্ত এইসব সম্প্রদায় উপলব্ধি করতে পারেনি। এদের অর্থনৈতিক সামাজিক ও রাজনৈতিক সর্বপ্রকার দিক দিয়ে চেতনা বোধ জাগিয়ে তোলা দরকার। গত দশ বছরে এই সব জাতির আশানুরূপ কোন প্রকার উন্নতি না হওয়ার দরুন আগামী ১৯৭০ অবধি আরো দশ বছরের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। দুঃখের বিষয় পশ্চিমবঙ্গ সরকার নিজেদের এক সিদ্ধান্তের বলে এদের সুযোগ সুবিধাগুলি খর্ব করতে উদ্যত হয়েছিলেন কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের সিদ্ধান্তে কর্ণপাত না করে কেন্দ্রীয় সরকার বিচক্ষণতা ও সুবুদ্ধির পরিচয় দিয়েছেন। আমি জলপাইগুড়ি জেলায় এদের প্রাথমিক শিক্ষার কথা বলছি। উক্ত জেলায় মাত্র যে পরিমাণে প্রাথমিক বিদ্যালয় আছে, এদের নিজস্ব কোন গৃহ নাই। এবং যে অবস্থায় বিদ্যালয় গৃহগুলি আছে, তাতে আশী ভাগই এখন জরুরী সংস্কার করা প্রয়োজন। ফলাকাটা থানায় পারঙ্গের পার বোর্ড স্কুল, ধুলাগাঁ বোর্ড স্কুল, কড়াই বাড়ী, দেওগাঁ, ছোট শাসকুমার, লছমন ভাবরী, কাঠাল বাড়ী এই সব বোর্ড স্কুলের অবস্থা গোয়াল ঘরের সামিল। এই সব অঞ্চলে অধিকাংশই উপজাতি এবং কিছু কিছু তপশিলী সম্প্রদায়ও আছে। সুতরাং এইরূপ সরকারী অবহেলা এবং অব্যবস্থার ফলে ছাত্রদের প্রথম জীবনের প্রাথমিক শিক্ষা হিসাবে তাদের নিষ্ঠাবান হওয়া শ্রদ্ধাশীল ও নিয়মানুবর্ত্তিতা কখনই আসতে পারে না। যার ফলে লেখা পড়া এদের জীবনে মোটেই স্থান পায় না। তারপর উক্ত জেলায় বহু স্কুলের দরকার। শিক্ষক অভাবে যে কত স্কুলের অসুবিধা হচ্ছে তাহা বলে শেষ করা যায় না। আমি এখানে কয়েকটি জায়গার কথা উল্লেখ করিতেছি।

[5-45—5-55p.m.]

মাল বাজার থানার অধীন বাগ্রাকোট প্রাইমারী স্কুলে ৩৫০ জন ছাত্র ছাত্রী সংখ্যা, শিক্ষক

মাত্র ৪ জন। পাহাড় ঝোরা স্কুলে ২৫০ জন ছাত্রছাত্রী, শিক্ষক মাত্র তিন জন, মালবাড়ী স্কুল ১৩১—১৬০ জনের মধ্যে ২ জন শিক্ষক। এরূপ ডাম্ ডিম্ ওদলা বাড়ী গুড হোপ গার্ডেন স্কুল এ সবে শিক্ষকের অভাবে প্রাথমিক শিক্ষার গুরুতর ক্ষতি হচ্ছে। তারপর মাল বাজার থানার মাল ইউনিয়ন বোর্ড মাইলি হাট, ক্রান্তি, খগড়াবাড়ী ঘুম্‌সিগড় কৈলাসপুর চা বাগান বহু জায়গায় প্রাথমিক বিদ্যালয়ের অভাব রয়েছে। এ সব জায়গায় ৯৫ ভাগই উপজাতি তারপর এইসব উপজাতি অধ্যুষিত এলাকায় যেমন বাগ্রাকোটে হিন্দি জুনিয়াব হাই স্কুল সেকেলে জুনিয়াব হিন্দি হাই স্কুল এরূপ বহু ক্ষেত্রে জুনিয়ার হাই স্কুলের প্রয়োজন। বহু লেখাতে আজও কিছু হয়নি সুতরাং এক্ষেত্রে এই সব অধ্যয়ন কেন্দ্রের শিক্ষক ও বিদ্যালয় গৃহের অভাব প্রথমে দূর করা দরকার তারপব বিশেষ করে জলপাইগুড়ি ও দার্জ্জিলিং জেলার প্রাইমারী শিক্ষকে বাধ্যতামূলক করা একান্ত দরকার ফরেষ্টের মধ্যে যে সব বিদ্যালয় আছে সে সবের শিক্ষকদেব ফরেষ্ট ডিপার্টমেণ্ট থেকেও যাতে কিছু এলাউন্স দেওয়া হয় এ ব্যবস্থাও করা কর্ত্তব্য। কুচবিহাব জেলাব অধিকাংশই সেখানে তপশিলী সম্প্রদায়। উক্ত জেলার স্কুল গুলিকে কেন শিডিউল কাষ্ট হিসাবে ট্রিট করা হয় না। যাতে এই ভাবে করা হয় সেদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর তপশিলী আবাসিক মেডিকেল ও ইঞ্জিনীয়ারিং ছাত্রদের যে পরিমাণ সাহায্য দেওয়া হচ্ছে তাহা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। মাসে ৭৫ টাকার মতো তাও যথা সময়ে নিরমিত ভাবে না পাওরার দরুন অনেককে নিরাশ হয়ে পড়াশুনা ছেড়ে দিতে হয়। তারপর ছাত্রদের মেধার প্রশ্ন আছে। একেই এদের পরিবার দরিদ্র। সেহেতু পুষ্টিকর খাদ্য এরা কোথা থেকে পাবে। কোন রকমে বেঁচে থাকা মাত্র। দ্বিতীয়তঃ যারা ফেল করবে তাদের আর বৃত্তি দেওয়া হবে না। ফেল তো তারা করবেই। এর পরেই যদি গরীব ছাত্রদের সব রকম সাহায্য সরকার থেকে বন্ধ করে দেওয়া হয় তাহলে এ সব সাহায্য না দেওয়ারই সামিল। সুতরাং যাতে মেধার প্রশ্ন তুলে দেওয়া হয়, বৃত্তির পরিমাণ বৃদ্ধি ও নিয়মিত মাসে মাসে বৃত্তি পাওয়ার যে সব অসুবিধা আছে সে সব দূর করে এ কর্ত্তব্য পালনে সরকারকে সজাগ হওয়া এবং ফেল করলেও তাদের মধ্যে যারা দরিদ্র যেন তাদের আবার সুযোগ দেওয়া হয় এবং নারী শিক্ষাকে প্রাধান্য দেওয়া হয় এ সব বিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে বিশেষ ভাবে চিন্তা করতে বলছি। প্রথমে জমির মালিক এদের করতে হবে এবং ফার্ষ্ট প্রায়রিটি দিতে হবে।

তারপর আর্থিক উন্নতির দিকদিয়ে কৃষির কথা বলছি অন্যান্য ডেভেলপমেণ্ট স্কীম এর মাধ্যমে যে সব টাকা খরচ বাবদ ধরা হয়েছে তার মধ্যে এদের সব চেয়ে কৃষি উন্নতি যাতে হয় সে বিষয়ে লক্ষ্য রাখা প্রয়োজন। ছোট ছোট সেচ পরিকল্পনায়, বীজ দেওয়ার ব্যাপারে টাকা কিছু কম ধরা হয়েছে। ফলাকাটা থানার কডাই বাডী দলগাঁ বস্তী, ছোট শালকুমার, পারাদের পার, ময়রা ডাঙ্গা, ধুলার্গা এই সব অঞ্চলের উপজাতিদের জল সেচের কোন ব্যবস্থাই নাই। গেরগেণ্ডা, কালুযা, সুজনাই, দোলং এই সব নদীতে বাঁধ দিয়ে নালা কেটে অতি কম খরচে সেচের ব্যবস্থা হয়। নবসিংহপুর বাঁধ, ময়রা বাঁধ উঞ্চা নদীর বাঁধ প্রভৃতি কম খরচে হয়। কিন্তু আজ পর্য্যন্ত সরকারী অব্যবস্থার ফলে সেখানের অধিবাসীরা আজও একবেলা খেয়ে দিন কাটাচ্ছে। এ সব অঞ্চলে রাস্তাঘাটেরও অত্যন্ত অভাব রয়েছে। তারপর নানা প্রকার প্রদর্শনী ও অন্যান্য আনুসঙ্গিক খরচের বাবদ ৫০ ০০০ টাকা ধরা হয়েছে এতে করে ভাল ফল হচ্ছে না, উদ্দেশ্য—এই সব প্রদর্শনীর মাধ্যমে তাদের উৎসাহ বৃদ্ধি করা।

পুরস্কার দেবার ব্যবস্থা রয়েছে। কিন্তু নানা প্রকার প্রদর্শনীর পর যদি বাস্তব দৃষ্টি ভঙ্গী নিয়ে প্রত্যেকটি গ্রামের তথ্য সংগ্রহ করা যায় তাহলে দেখা যাবে এ সব টাকা অপব্যয় ছাড়া আর কিছু নয়। কারণ সরকারী কর্ম্মচারীদের শঠতা এবং গাফিলতির দরুন আসল উন্নতি এদের মোটেই হয় না।

ধূপগুড়ি থানার অধীন বানার হাট এলাকায় এমনকি বস্তিতে ও ছোট ছোট বন্দরগুলিতে এদের বেকার সংখ্যা বৃদ্ধি পেয়েছে। কাজ অভাবে এদের নানা প্রকার অসৎ কাজে লিপ্ত হয়ে চরিত্র নষ্ট করে ফেলেছে। ভুটানের নিকট চামু বাজারে ও বানার হাটে দিন রাত জুয়া খেলা চলে। তারপর হাড়িয়া এবং ভুটান হতে যে সব চোলাই মদ আসে এই সব মাদক দ্রব্য প্রকাশ্যে বাজারে বিক্রি হয়। এবং এই সব মাদক দ্রব্য পান করে অধিকাংশ লোকের স্বাস্থ্য হানি হচ্ছে এবং ২।১০ জন এতে মারাও গিয়াছে। এই সব প্রতিরোধ না করতে পারলে এদের সমাজে ভীষণ বিশৃঙ্খলা দেখা দিচ্ছে। আমার প্রস্তাব হচ্ছে বানার হাটে যদি কুটির শিল্পের প্রবর্ত্তন সরকার করেন—যেমন বেতের কারখানা, ষ্টীল, ট্রাঙ্কের কারখানা, বালতী তৈয়ারী কারখানা তাহলে এই সব লোকদের জীবনে নতুন আলোর সন্ধান এরা খুজে পাবে। টাকার যেখানে অভাব নাই সেখানে বুঝতে হবে যে এরূপ অনগ্রসরতা এবং অপব্যবহার একমাত্র সরকারী উদাসীনতার পরিচয়। কারণ প্রতি বছর সম্পূর্ণ টাকা সরকার খরচ করতে পারছেন না। টাকা ফেরৎ দিতে হচ্ছে। যেখানে দিনের পর দিন সমস্যা জটিল হয়ে দাঁড়াচ্ছে সেখানে টাকা খরচ না হয়ে টাকা ফেরৎ যাচ্ছে কোন সমস্যাই সরকারের চোখে পড়ছে না। এর চেয়ে আশ্চর্য্যের বিষয় আর কি থাকতে পারে ডুয়ার্স অঞ্চলে আজ পর্যান্ত কোন প্রকার শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেনি। ডুয়ার্স অঞ্চলে পানীয় জলের অত্যন্ত অভাব। ধূপগুড়ি ময়না-গুড়ি ফালাকাটা থানার প্রত্যেকটি গ্রামে এই পানীয় জলের অভাবে লোক দূষিত পুকুর ডোবা খালের ও নদীর জল ব্যবহার করতে বাধ্য হচ্ছে। শতকরা ৬০ জনের ঘরে পানীয় জলের সুষ্ঠু ব্যবস্থা নাই। এর প্রধান কারণ আর্থিক দুরবস্থা। তারপর যা দুই একটি কুয়া বা নলকূপ বসান হয়েছে তাহা অধিকাংশ স্বচ্ছল অবস্থাপন্ন জোতদারের বাড়ীতে। পানীয় জলের ব্যবস্থা গ্রাম পঞ্চায়েৎদের হাতে ছেড়ে দিলে ভাল হয়। যথেষ্ট টাকা আছে তবুও অভাব বুঝতে পারা যায় না।

জলপাইগুড়ি জেলার ডুয়ার্স অঞ্চলে ম্যালেরিয়া খানিকটা কমেছে বটে তার বিনিময়ে কালাজ্বর ও টি, বি, এর প্রকোপ অত্যন্ত বেড়েছে। উক্ত জেলায় টি, বি, চিকিৎসার কোন ব্যবস্থা নাই। যে দুই একটি হেলথ সেণ্টার তৈরী হয়েছে তাতে ডাক্তার, নার্স এমন কি ঔষধ পত্র সরবরাহের অব্যবস্থায় ওসব না থাকারই সামিল। শীঘ্রই উপজাতিদের জন্য অনুরূপ একটি হাসপাতাল বানারহাটে করা হউক। তারপর এই সব উন্নয়ন পরিকল্পনার সুযোগ সুবিধার কথা প্রচার করবার জন্য কোনরূপ পাবলিসিটি সেখানে করা হয় না। প্রতি গ্রামে যাতে লোকেরা সহজে জানতে পারে এর জন্য ব্যবস্থা করা দরকার। ধূপগুড়ি ময়নাগুড়ি ও ফালাটিয়া থানায় তিনটি জায়গায় বি, ডি,—এর অফিস খোলা হয়েছে। এরা অফিসার হয়ে গ্রামের মধ্যে গিয়ে যে অবিচার করে তাতে এরূপ অশিক্ষিত জনসাধারণ এদের নিকট মোটেই ভিড়ত চায় না। গ্রামঞ্চলে বহু লোকের বাড়ী আগুনে পুড়ে যায় কোনরূপ সাহায্য তাদের দেওয়া হয় না। কোথায় যে ক্ষতিপূরণ পাবে সে খবরও তারা জানে না। আমার শেষ কথা হচ্ছে গ্রামে বহু সংখ্যক যুবক আছে যারা ৮ম শ্রেণী, নবম ও দশম অবধি

পড়ে তাদের ভাগ্যে কাজ জোটেনি। তাদের বেকারীও ঘোচাবার জন্য ডুয়ার্স অঞ্চলে যে কোন জায়গায় একটি এগ্রিকালচার ট্রেনিং সেণ্টার খোলা হউক। যাতে এরা সহজে শিক্ষা লাভ করে আর্থিক জীবনের পথ প্রশস্ত করতে পারে। এদের বেশী ভাগ লোককে গ্রাম সেবকের কাজে গ্রহণ করা সরকারের উচিত। রংপুর, ময়মনসিং, ঢাকা প্রভৃতি জেলা হতে যে সব বাস্তুহারা এসেছে এবং অধিকাংশই তপশিলী কৃষক ও মৎস্যজীবি সম্প্রদায়ের। বিশেষ করে কৃষির ক্ষেত্রে এবং মৎস্য চাষে এদের একটা খরচের ব্যবস্থা রাখা উচিৎ ছিল বলে আমি মনে করি। এদের ছেলেমেয়েরা যাতে ভালভাবে শিক্ষা গ্রহণ করতে পারে সেদিকেও সরকারের মনোযোগ দেওয়া দরকার।

[5-55—6-5 p.m.]

Shri Kamalakanta Hembram :

মাননীয় সভাপাল মহাশয়, আজকে আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ দাবী করছেন তা সমর্থন করার জন্য আমি দাঁড়িয়েছি। আজ এই প্রথম এই বিভাগের ব্যয় বরাদ্দ সম্পর্কে এত দীর্ঘ সময় ধরে আলোচিত হচ্ছে যার জন্য প্রত্যেক বক্তা মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানিয়েছেন। তিনি একটা পৃথক খাতে এই বিভাগের ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন বলে মাননীয় সদস্যগণ দীর্ঘ সময় ধরে এই সম্পর্কে আলোচনা করার সুযোগ পেলেন। যদিও আদিবাসী বিভাগ ১৯৫২ সালে খোলা হয়েছে তবুও এই দীর্ঘ ৮।৯ বছরের মধ্যে প্রথম এই বিভাগের ব্যয় বরাদ্দ পৃথক খাতে ধরা হয়েছে। প্রথম যখন খোলা হয় তখন মাত্র ২ লক্ষ টাকা দিয়ে এই বিভাগের কাজ শুরু করা হয়। কিন্তু আমরা দেখেছি আস্তে আস্তে এই বিভাগের গুরুত্ব বেড়ে যাওয়ার জন্য এই বিভাগ কোটি কোটি টাকা খরচ করছে। এই সঙ্গে আমি একটা কথা বলতে চাই যে আজকে এই বিভাগের ব্যয় বরাদ্দ পৃথক খাতে ধরার জন্য এ সম্বন্ধে এই হাউসে আলোচনা করার সুযোগ মেম্বাররা পেয়েছেন। কমিশনার ফর সিডিউল্ড কাষ্টস্ এ্যাণ্ড সিডিউল্ড ট্রাইবস্ শ্রীকান্ত যিনি দিল্লীর সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কর্ম্মচারী, তিনি প্রতি বছর যে রিপোর্ট সেণ্ট্রাল লেজিসলেচার এ প্লেস করেন সেখানে তা আলোচিত হয়—আমাদের বাংলাদেশ সম্বন্ধে যে সমস্ত রিমার্ক তিনি পাশ করেন সেটা যদি আমাদের হাউসে প্লেসড হত এবং আলোচিত হত তাহলে এই বিভাগের কার্যপদ্ধতি সম্বন্ধে মাননীয় সদস্যরা আরও বেশী করে আলোচনা করবার সুযোগ পেতেন। যাহোক, আমরা দেখতে পাচ্ছি প্রথমে যখন এই বিভাগ খোলা হয় তখন এই বিভাগের কাজ মাত্র ১২ লক্ষ আদিবাসীদের মধ্যে সীমাবদ্ধ ছিল। কিন্তু বর্ত্তমানে নতুন নিয়মানুসারে ৭টি জাতির জায়গায় ৫১টি জাতিকে আদিবাসী বলে গন্য করা হয়েছে যাদের সংখ্যা হচ্ছে প্রায় ১৬ লক্ষ। সঙ্গে সঙ্গে আমি বলতে চাই ৪৭ লক্ষ যে তপশিলিভুক্ত জাতি আছে তা বাদে যে সমস্ত অনুন্নত সম্প্রদায় আছে তাদের কল্যাণের কথা আজকে আদিবাসী বিভাগকে চিন্তা করতে হচ্ছে। কাজেই আমরা বেশ অনুভব করতে পারছি যে যত দিন যাচ্ছে ততই এই বিভাগের গুরুত্ব ক্রমে বেড়ে যাচ্ছে। এটা আনন্দের কথা যে যে বিভাগ অস্থায়ীভাবে খোলা হয়েছিল, আজকে আমরা দেখতে পাচ্ছি সেই বিভাগকে স্থায়ীভাবে গণ্য করা হয়েছে। এই যে আদিবাসী বিভাগের কাজ এটা মনে করি খুব গুরুত্বপূর্ণ কাজ সমাজের যারা সকলের নীচে পড়ে আছে শিক্ষা-দীক্ষা সর্ববিষয়ে, যাদের মধ্যে যুগ যুগ ধরে কুসংস্কার পুঞ্জিভুত হয়ে আছে সুশিক্ষিত সমাজের পিছনে পড়ে থাকার জন্য বলুন আর পারিপার্শ্বিক অবস্থার চাপেই বলুন তাদের যদি আমরা মানুষের

করে গড়ে তুলতে চাই তাহলে এক একটা পরিকল্পনার দ্বারা তা করা সম্ভব হবে বলে আমি বিশ্বাস করি না বিশেষ করে যে জাতির মেরুদণ্ড ভেঙ্গে গেছে। অনেক সদস্য এখানে কতক-গুলি সংখ্যাতত্ব উপস্থাপিত করছেন যার মধ্যে আমরা দেখতে পাই যে প্রায় শতকরা ৫০ ভাগ আদিবাসী ভূমিহীন কৃষক। কাজেই তাদের রিহ্যাবিলিটেশন দেওয়া এত সহজে সম্ভব হবেনা। এদের যদি পুনর্বাসন দিতে হয় তাহলে প্রথমে জমি দিতে হবে এবং পশ্চিমবঙ্গ সরকার এদের জমি দেবার জন্য যে পরিকল্পনা করেছেন অর্থাৎ তাদের জমি কিনে দেবার জন্য যে টাকা তাঁরা দিচ্ছেন সেই টাকা বর্ত্তমানে খুব কম করে ধরা হয়েছে। তৃতীয় পরিকল্পনায় যাতে বেশী করে ধরা হয় সেজন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Ledu Majhi:

মাননীয় স্পীকার মহাশয়, আদিবাসী, হরিজন, অনুন্নত সম্প্রদায়ের নামে ভিক্ষা দেবার মাত্র কতকগুলি ব্যবস্থা আছে। সব জিনিষের যেমন, তেমনি ভিক্ষা নিয়েও রাজনীতি চলছে —যে যতটা তাঁবেদারী করবে সে ততটা ভিক্ষা পাবে সরকারী অফিসাররা যাঁরা মালিক থাকেন তাঁরা ওপর ওয়ালা হ'য়ে এই ভিক্ষা ছড়াতে থাকেন কিন্তু আমাদের দাবী যাদের জন্য এই উন্নয়ন এই সব ব্যাপারে তাদের আত্মনিয়ন্ত্রণ করবার অধিকার দেওয়া হোক—তবেই তাদের উন্নয়ন সম্ভব হবে। জেলায় যদি সরকারী মালিকানা বর্জ্জিত আদিবাসী সহায়ক সংঘ গড়ে ওঠে এই সবের অধিকার নিয়ন্ত্রণের জন্য, তবে তার কাজ সরকারী কাজের চেয়েও ঢের ভাল দাঁড়াবে—তাহলে গুটিকতক চালাক লোক সরকারী টাকায় রাজনীতি করতে পারবে না তাহলে সুযোগ সুবিধেও ন্যায়ের ভিত্তিতেই হবে—আশাকরি। তাহলে এই ভিক্ষাও দীক্ষা হয়ে উঠবে আদিবাসীরা যে সকল বিশেষ সুযোগ সুবিধা পেলে শীঘ্র উন্নত হতে পারে তার উপযুক্ত পরিকল্পনা হচ্ছে না ব্যবস্থাও হচ্ছে না। উপযুক্ত বিধি নিয়ম ক'রে আদিবাসীদের বেসরকারী আত্মচেষ্টার ওপর কাজ ছেড়ে দিলে, আমাদের ধারণা এ বিষয়ে কাজ এগুবে। কোথাও কোথাও দু-একজায়গায় আদিবাসীদের ঘর করে দেওয়া হচ্ছে কিন্তু দিন কতক পরে সে ঘর যখন ভাঙ্গতে থাকছে তাকে টিকিয়ে রাখার মত শক্তি বা শিক্ষা তাদের হচ্ছে না।

যদি হরিজন আদিবাসীদের সত্যকার কল্যাণ করতে হয় করুন নতুবা ভোটের দিকে লক্ষ রেখে শুধু ভিক্ষা ছড়ালে আদিবাসী, হরিজন, অনুন্নতের কখনো উন্নয়ন বা কল্যাণ হবে না।

Shri Debendra Nath Brahmamandal:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের অনুন্নত জাতির জন্য মন্ত্রী মহাশয়ের যে টাকা বরাদ্দ করেছেন সেটাকে আমি সমর্থন করে গোটা কয়েক কথা বলবো—বিশেষ করে শিক্ষা সম্বন্ধে। আমাদের অনুন্নত জাতীর মধ্যে এখন বিশেষ প্রয়োজন হয়ে দাঁড়িয়েছে প্রাইমারী স্কুল-গুলির সংখ্যা বাড়িয়ে দেবার এবং ট্রাইব্যালদের এডুকেশন খাতে যে সমস্ত টাকা বরাদ্দ করা হয় সেখানে সেটা তার ব্যবস্থা করে দেওয়া। বর্ত্তমানযুগ শিক্ষার যুগ এই যুগে আমাদের উন্নত জাতির সঙ্গে এক সঙ্গে পা ফেলে চলতে হবে। সেজন্য আমি বলতে চাই যে শুধু অনুন্নত সম্প্রদায়ের মধ্যে ছাগল, ভেড়া, শুকর বিতরণ করাই কাজ নয়—এর সঙ্গে সঙ্গে তদের শিক্ষিত মানুষ হিসাবে গড়ে তুলতে হবে। কারণ আমাদের দশটা বছর চলে গেছে, আর দশটা বছর আছে এর মধ্যে তাদের মানুষ করে গড়ে তুলতে হবে। আমি একটা বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো—ট্রাইবালদের একটা য়্যাডহক গ্রাণ্ট ছিল এবং সেই য়্যাডহক গ্রাণ্ট থাকার ফলে আমাদের অনুন্নত লোকেরা য়্যাডমিসন পেত, বই কেনবার জন্য কছু. সাহার্য্য

পেত কিন্তু বর্ত্তমানে সেই য়্যাডহক গ্রাণ্ট বন্ধ হয়ে যাওয়ার ফলে ট্রাইবাল জাতির ছেলেপিলেরা মানুষ হবে এবং শিক্ষিত হয়ে গড়ে উঠবে এ আদৌ আমি মনে করি না। অতএব সেই য়্যাডহক গ্রাণ্ট যাতে আগে দেওয়া হয়, তার ব্যবস্থা করবার জন্য আমি পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করবো। আর টিউসনি গ্রাণ্ট, বুক গ্রাণ্ট, হোষ্টেল গ্রাণ্ট সম্বন্ধে অনেক জায়গা থেকে আমাদের কাছে রিপোর্ট এসেছে যে তারা সে গুলি ঠিকমত পাচ্ছে না। আমি এ বিষয়ে মুভ করেছিলাম এবং সুখের বিষয় এই মাত্র আমি একটা খবর পেলাম যে আমাদের ডিপার্টমেণ্টের সেক্রেটারী মহাশয় সমস্ত ব্যবস্থা করে দিয়েছেন। সরকারী অফিসারেরা যদি এইরূপ আমাদের সাথে কোঅপারেট করে কাজগুলি করে দেয় তাহলে এ সমস্যা সমাধান হতে পারে এই দৃঢ় বিশ্বাস আমার আছে। আর একটা সমস্যা আছে চাক্‌রী বাক্‌রী সম্বন্ধে অনেক বক্তারা বলে গেছেন কিন্তু আমি বুঝতে পারলাম না যে তাদের চাক্‌রী বাক্‌রী কি করে হবে? একটা অনুন্নত সমাজ, ট্রাইব্যাল জাতিরা অনুভব করতে পারে কারণ ট্রাইব্যালদের ছেলেপিলেদের যা শিক্ষা দীক্ষা তার দ্বারা সেখানে কোনমতে ফাষ্ট ডিভিসনে বা সেকেণ্ড ডিভিসনে পাস করা তাদের পক্ষে সম্ভব নয়।

[6-5—6-15 p. m.]

আমাদের ওখানে যে সমস্ত ছেলে মেয়েরা লেখাপড়া করে তাদের সাথিরা কেউ ছাগল চরায়, কেউ ভেড়া চরায়। সুতরাং সেই সমস্ত শ্রেণীর ছেলেরা কি কখনও ফাষ্ট ডিভিসন এ পাস করতে পারে? এই জন্য আমি গভর্ণমেণ্টকে অনুরোধ করবো ট্রাইব্যালের ছেলেরা যাতে এই রকম সব বাইণ্ডিং এর মধ্যে না পড়ে তার জন্য বিশেষ ব্যবস্থা অবলম্বন করতে। এবং তারা যাতে মেডিকেল কলেজে এবং ইঞ্জিনিয়ারিং কলেজে য়্যাডমিসন পায় তার জন্য আলাদা ব্যবস্থা করা হোক। আমি এ সম্বন্ধে আর বিশেষ কিছু বলতে চাই না। আমি এখন ল্যাণ্ড রিফর্ম সম্বন্ধে কিছু বলবো, আশাকরী মিঃ স্পীকার স্যার, আপনি আমাকে আরও কয়েক মিনিট সময় দেবেন। ল্যাণ্ড রিফর্ম সম্বন্ধে আপনারা আইন পাস করেছেন কিন্তু তার দ্বারা ট্রাইব্যাল লোকের বিশেষ কোন সুবিধা হয়নি। ট্রাইবালের যে সমস্ত জমিগুলি অন্যান্য সম্প্রদায় খরিদ করা সম্বন্ধে ল্যাণ্ড রিফর্ম য়্যাক্টে ব্যবস্থা ছিল, সেই আইনটা যদি প্রযোজ্য করা না হয় তাহলে ট্রাইব্যালকে সেভ্ করার আর কোন উপায় থাকবে না। তারা যাতে উপযুক্ত কমপেন্সেসন পায় তার ব্যবস্থা করা উচিৎ এবং তাদের যে সিলিং কেটে দেওয়া হয়েছে সেটা থেকে তাদের রেহাই দেওয়া উচিৎ।

[The member having reached his tlme limit resumed his seat].

The Hon'ble Bhupati Majumdar :

সভাপাল মহাশয়, আজকে প্রথম এই বিভাগের ব্যয় বরাদ্দ নিয়ে আলোচনা শুরু হয়েছে—এবং এখন থেকে অনেকদিন থাকবে।

আপনার মাধ্যমে শ্রীযুত সত্যেন্দ্র নাথ মজুমদার মহাশয়কে তাঁর একটা কথার উত্তরে জানিয়ে দিতে চাই যে ১০ বছরের জন্য যেটার—ব্যবস্থা এমন বেড়ে গেল, সেটার ৫ বছরেই শেষ হওয়া উচিত ছিল—সেটা হল রাজনৈতিক দিক, পলিটিক্যাল দিক, সেটা শুধু ইলেকসন্ এর দিকেতে। কিন্তু আদিবাসীর মঙ্গল বিভাগ এবং তপশীল জাতির মঙ্গল বিভাগ—এ বহুদিন ধরে চলবে নিশ্চয়ই। তিনি বলেছেন সকলকে সমপর্য্যায় আনতে হবে, অন্তত: ভাবধারার দিক দিয়ে, উচ্চ চিন্তার দিক দিয়ে সকলকে আনতে হলে বহুদিন ধরে এর আলোচনা

াবে, তার কাজ চলবে। সেটা এই দশ বছরে তার ইলেকসন্ না হতে পারে, কিন্তু এই মঙ্গল ভাগ বরাবরই থাকবে। পুরান অভিজ্ঞতা থেকে দেখা যায় লেখাপড়ায় যারা পশ্চাতে আছে দের সেই পশ্চাতের দিকেই টানবে। সুতরাং সমগ্র কল্যানের দিক দিয়ে, যারা অনেক যোগ সুবিধার দিক থেকে বঞ্চিত হয়ে শতাব্দীর পর শতাব্দী যারা পিছিয়ে পড়ে আছে, তাদের ন্ধে বিবেচনা করতে হবে এবং তাদের প্রতি মনোযোগ দিতে হবে যতক্ষন পর্য্যন্ত না তাদের মান তালে চলবার শক্তি আসবে তিনি যে সমস্ত গুলির কথা চিন্তা করতে বলেছেন,—তাঁকে মি এইটুকু মনে করতে বলি যে এ দেশটা সমস্যাপুর্ণ, যখনই আমরা যে বিষয়টা দেখি, সেখানে মাদের মনকে সংযুক্ত করি এবং সেটা নিয়ে ভাবি বলে, তার যেটা করা হয়না, সেটার ত্রুটি চ্যুতি আমাদের চোখে বেশী পড়ে। যখন সারা দেশে একটা সর্বাঙ্গীন উন্নতি চলেছে, এবং বজন্য সারা দেশে যে সমস্ত কাজগুলি হচ্ছে, সেখানে সকলেই অংশীদার। কিন্তু বিশিষ্ট ভাবে খানে মন দিতে হবে, সেখান একটা সরকারী যন্ত্র থেকে জোর দিতে পারে না যদি জন-ধারন সুনাগরিক হিসাবে তাদের সহযোগিতা না আনে।

কোথায় জমি নিয়ে নিল, কোথায় অন্যায় হল সেগুলি সেখান থেকে তারা যদি কেন্দ্র বা লায় সঙ্গে সঙ্গে জানিয়ে না দেন তাহলে তা আমাদের অজ্ঞাতেই থেকে যাবে। অনেক ন্যায়, অনেক অত্যাচার হচ্ছে কিন্তু সেগুলি নিশ্চই কোন বিশেষ রাজনৈতিক দলের দ্বারা চ্ছ না। আমিও গ্রামের লোক গ্রামে ঘুরে বেড়িয়েছি চিরকাল এবং এখনও বেড়াই আমি দের বলতে পারি, আমরা যে কোন সাইন বোর্ড এরই নীচে থাকিনা কেন, আমাদের তরের ক্ষুদ্রতা যা আছে সেটা দলকে ছাপিয়ে। যেখানে আদিবাসী তপশীলীদের জমি গ্রামের গ্রাম ইউনিয়ন এর পর ইউনিয়ন নিয়ে নিচ্ছে সেখানে কোন এক জাতি বা বিশেষ জাতির ক নাই। সেখানে সর্ব্বদলের রাজনৈতিক দলের লোক আছে। কিন্তু মানুষের ভিতর ব স্তরে যে বিভেদ মনের দিক থেকে তৈরী হয়েছে বহুকাল ধরে তা সতেজ আছে এবং ষ যে লোভ করে, অপহরণ করে তাতে অনেক সময় সায় দেয়, বিরুদ্ধে যায়না, সাধারন ষ হিসাবে এ দুর্ব্বলতা আছে। সেজন্য সভাপাল মহাশয় আপনার মাধ্যমে, যে বন্ধুরা এ দিয়ে চিন্তা করেছেন তাদের বলবো সহযোগিতা যেন সকল সময়ই আসে, এ বিভাগ বর্দ্ধিত চ্ছ এবং দায়িত্ব সমস্তও সচেতন আছে, যেখানে দারিদ্রের জন্য এবং শিক্ষা নেই বলে অবিচার ব সেই অবিচারের প্রতিকার প্রাণ দিয়ে করবো সবসময়। যে জমি নিয়ে নিয়েছে সেই জমি ান আইনে জোর করে নেওয়া যায় না। আপনারা আইন সম্বন্ধে জানেন কিন্তু যেখানে রা যাচ্ছে ৫০০ টাকা দিয়ে ও জমি ফিরিয়ে নেওয়া যায়, তারজন্য প্রত্যেক জায়গায় ক্ষমতা ওয়া আছে কর্মচারীদের। তাদের সঙ্গে যোগাযোগ করলে ফেরৎ পাবে। সেখানে স্বত্ব া,—বাড়ী আছে কিন্তু তার উপর স্বত্ব নাই সেই স্বত্বের জন্য ২০০ টাকা কারে দেওয়া হচ্ছে তঃ পক্ষে যাতে তারা মালিক হতে পারে, এর জন্য জমি সম্বন্ধে যেটা বলেছেন তিনি এবং র্কিবাবু—তাতে একটা হাসির গল্প মনে পড়ছে। আধপো দুধ কিনে, দই ক্ষীর হবে বেড়ালও ব। একসঙ্গে সব জিনিষ হয় না। ৩০ হাজার একর জমি পাওয়া যাচ্ছে। তাদ্বারা উর্দ্ধ যে পরিবার উপকৃত হয়েছে তার মধ্যে তপশীলীদের ভিতর ১৩ হাজার, ট্রাইব্যালদের ধ্য ৫৭৭৭, কিন্তু ৩০ হাজারের বেশী জমি পাওয়া যায়নি। জমি যেখানে পাওয়া যাবে খানে অমনি আমাদের তপশীলীদের স্বত্ব খানিকটা আছে কিন্তু গোড়ায় যারা অর্জ্জন করেছে, নক কিছু অর্জ্জন করেছে, আজকে তারা বঞ্চিত হচ্ছে, সেখানে আইনের দ্বারা তাদের দিতে

পারা যাচ্ছে না—কিন্তু সেখানে যদি জমি কোন রকমে চলে আসে তাহলে সেই জমি দেব জন্য সকলে মিলে চেষ্টা করবো যাতে যারা জমিহীন আদিবাসী আছে, তপশীলীরা আছে তা পান।

[এ ভয়েস্ ; ৫০০ টাকায় কিছু হবে না]

কথা হচ্ছে সারা দেশের সব বিভাগের কাজই করতে হবে, আমি জানতাম। যদি বলেন শি খুব ভাল হয়েছে তার দরকার নাই, স্বাস্থ্য খুব ভাল হয়েছে আর দরকার নাই পথঘাট ভাল হয়েছে সেচের কাজ খুব ভাল হয়েছে তারে দরকার নাই কোন উন্নতির আর দরক নাই, সব এনে তাহলে এই ট্রাইব্যাল এ দিয়ে দিন, আমি খুসী হয়ে কাজ আরম্ভ কর এবং আপনাদের সব সহযোগিতা নিয়ে কাজ করবো। তারপর আদিবাসী তপশীলীদে চাকুরীর কথা এখানে হয়েছে। সত্যই তারা পায় না। অনেক বছরের প্রাপ্য অংশ থে তারা বঞ্চিত হচ্ছে ; কিন্তু এ দিক দিয়ে দায়িত্ব অনেকেরই আছে, তাঁরা স্বীকার কর কিনা জানি না। প্রথম দায়িত্ব হচ্ছে দেশ বিভাগ হওয়ার জন্য। অপ্টীসরা এখানে এসে এবং কয়েক বছর ধরে আমরা এব্‌জরভ্ করেছি, বঞ্চিত হয়েছে কারা ? আদিবাসী, তপশীলীর তারা তাদের ভাগ পায়নি।

[6-15—6-25 p. m.]

তারপর বিরাট আন্দোলনের পরে ১২ হাজার ফুড ডিপার্টমেন্টের লোককে এ্যাবর্সব করতে হয়েছে সরকারী চাকরী এত অধিক সংখ্যায় খালি হয় না যাতে তা আদিবাসী ও তপশীলদের দেওয়া যায়। সেখানে ব্যক্তিগত ভাবে তপশীলী আদিবাসী বিচার করছি না এটা ফ্যাক্ট আমরা এদে এ্যাবসার্ভ করছি। তাই এ পক্ষ ও পক্ষ নাই। ১২ হাজার লোককে এ্যাবজার্ভ করতে হয় তাদের জন্য কোথায় নূতন চাকরী ? যে তাদের সেখানে দেব। অতি কম সংখ্যক চাকরী খা হয়। আমরা সকলে চাই,—চিঠি লিখে পাঠাই—এটা করুন, অনেক সময় দ্বিতীয় বার ক লিখি। ফোর্থ ক্লাশ চাকরীও যাতে হয়, তা পাওয়া দরকার। সত্যি আমাদের বন্ধুরা বলেছ বিশেষ করে তুষার টুডু বলেছেন চমৎকার কথা—শিক্ষা খালি দিলেই হবে না, শিক্ষা যে ফল প্রসূ হচ্ছে অর্থনৈতিক দিক দিয়ে—তার প্রমাণ চাই। যদি নানা রকম চাকরী, সরকা চাকুরী আদিবাসী ও তপশীলীদের বেশী সংখ্যায় না দিতে পারি, তাহলে নিশ্চয়ই যে শি অর্থকরী হল না, সে শিক্ষার দিকে লোকের মন যাবে না। আপনারা জানেন—দরিদ্র আদিবাসীদের ভেতর স্কুল থাকলেও, একজন সদস্য বললেন, সেখানে ছেলে হয় না। কারণ অতি অল্প বয়স থেকে সেই সব ছেলেরা কাজে লেগে যায়, লেখা পড়া শিখবার মত সুযো তাদের জীবনে মিলে না। আজকে নূতন নিয়মে শিখাতে হবে। সে অবস্থা ও সমস্যা থে তাদের সরিয়ে নিয়ে আসতে হবে। সারা দেশের অর্থনৈতিক অবস্থা যা তার পরিপ্রেক্ষি কথা কইতে হবে। একটু আলোচনা, যুক্তি তর্কের অবতারনা বিরোধী ও এ পক্ষের কথা যেটা সারা দেশে, যে বেকারী এই অবস্থায়, সেখানে শিক্ষা দিচ্ছেন। শিক্ষিত হয়ে লো উঠতে পেরেছে। অবশ্য কালকেও গোলমাল হয়ে গেল। প্রত্যেকবার শিক্ষা খাতে বাড়ছে, বেকারের সংখ্যাও তত বাড়ছে। আর তাদের বর্ত্তমানে অন্য কোন রকম অর্থোপার্জ দিকে কোন ব্যবস্থা দিতে পারছি না। সেখানে এখন উচ্চ শিক্ষায় শিক্ষিত করতে পার ভাল হবে—তা নয়, শিক্ষা দ্বারা মানুষের সমাজের উন্নতি হয়, সেদিকে আমরা তাদের পার যেটুকু চেষ্টা করা হচ্ছে, অনেকে বলেছেন, অপূর্ব বাবু বলেছেন, বোম্বেতে আছে, ইউ পি-

আছে, বিহারেও আছে। দিল্লিতে আমি এক সমস্যার ভেতর পড়েছিলাম। আপনারা সকলে ঐ সমস্ত তপশীলীদের বিনা বেতনে শিক্ষা দিলেন—, তবুও তাদের ছাত্র সংখ্যা কেন কম হল? লোকসংখ্যা অনুপাতে দিলে বাংলার সর্বনাশ হবে। সেখানে এই সংখ্যা বেশী কেন? আমি অনেক জায়গায় শুনেছি, অথচ তা হিসেবের ভেতর পাই না, সেই অনুসারে ছাত্র সংখ্যা বর্দ্ধিত হওয়া উচিত ছিল। বিদ্যালয় তৈরী হয় নাই, ছাত্রও হয় নাই। ব্যয়ের দিকে দেখা হয় না।

আমাদের এখানে যে অবস্থার ভেতর দিয়ে দেশ চলছে, সেই সমস্যার ভেতর দিয়ে দেশকে দেখলে মনে হয়—ধীরে ধীরে যদি দেশ এই ভাবে এগিয়ে যায়, সেটাই হবে প্রকৃষ্ট পন্থা। আজকে সকল ছাত্র এক সঙ্গে স্কুলে পড়তে দেবার ব্যবস্থা করে দিলে যে ব্যয় হবে, সেই ব্যয় রাজ্য সরকারের বহন করবার ক্ষমতা নাই।

তারপর ব্যয়ের দিক দিয়ে একটা কথা উঠেছিল। আমরা যে টাকা পেয়েছি—, এতে আগামী সাল পর্য্যন্ত ধরে আমরা মনে করছি—, সেই অবস্থার পেছনে শতকরা যে টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া গেছে —তার ৯২ পার্সেন্ট আমরা খরচ করতে পেরেছি। এ পর্য্যন্ত তা ৯২% থেকে ৯৮% দাঁড়াবে। আর রাজ্য সরকারের কাছ থেকে যে টাকা পাওয়া গেছে ৮৭ পার্সেন্ট খরচের টাকা এ বছর পাওয়া গেছে, পুরা পাওয়া যায়নি, এই ডিপার্টমেন্টের ব্যয় করবার দিক দিয়ে সেটা ঠিক আছে। বিশ্বনাথ বাবু বলেছেন, স্পীকার মহাশয়, সোসিয়াল এডুকেশন এবং শ্রমিক আইন, এই দুইটির আমিও পূর্ণ সমর্থক। সোসিয়েল এডুকেশন এর দ্বারা একটা মানুষ, শুধু বই এর শিক্ষা না পেয়ে, অন্যান্য দিকেও শিক্ষা পেয়ে মানুষের মত মানুষ হয়ে বেরুতে পারে। আর শ্রম আইন সেটা আমাদের ডিপার্টমেন্টের নয় তবে নিশ্চয়ই একজন নাগরিক হিসাবে আপনাদের কাছে বলতে পারি এবং সরকারের সঙ্গে সংশ্লিষ্ট আছি বলেও বলতে পারি, যে কথা সত্যেন বাবুও বলেছেন যে, আইনের মাধ্যমে ওয়েজ ঠিক হয়ে গেলে পর যারা চা বাগানের আদিবাসী ও তপশীল জাতি তাদের অর্থনৈতিক দিক থেকে উপকার হবে। কারণ তাদের জমি নেই, জমি করে পাবে তার স্থিরতা নেই কাজেই ওটা শ্রম মজুরী ঠিক করে করা যেতে পারে। সভাপাল মহাশয়, অপূর্ব্ব বাবু টেকনোলজি স্কুল এর কথা বলেছেন এই সব স্কুল এও সংরক্ষিত আসন আছে। মেডিকেল কলেজ এও একটা একটা সীট আছে। এবং ইউনিভারসিটিতে কিছু নম্বর কম পেলেও যাতে ভর্তি হতে পারে যে বিষয় আমরা ইউনিভারসিটি কর্ত্তৃপক্ষকে লিখেছিলাম এবং তাঁরা তা যে উত্তর দিয়েছে আমি তার সমর্থক। কারণ ভাল ছেলে যদি সেখানে আমরা না নিয়ে যাই তাহলে তারা ক্লাস ফলো করতে পারবে না। এবং শিক্ষার মানকে কোন মতেই নীচু করতে পারা যায় না কোন একটা বিশেষ শ্রেণীর জন্য। শিক্ষার মানকে ঠিকই রাখতে হবে। এবার থেকে আমরা আরম্ভ করছি অল্প ছেলেদের নিয়ে। তাদের মধ্যে যে সব মেরিটোরিয়াস ছেলে থাকবে, যারা ভর্ত্তি হবে, তাদের জন্য আমরা কোচিং ক্লাশ করছি। এবং এই সব মেরিটরিয়াস ছেলেদের কোচিং ক্লাশ এর পুরো খরচ আমরা দেবো। তাছাড়া কতকগুলি স্পেশ্যাল ইনষ্টিটিউশন, নামকরা ইনষ্টিটিউশন তাতেও আমরা কতকগুলি সিট রাখবো আদিবাসী ছেলেদের জন্য এবং তাদের আমরা সম্পূর্ণ খরচ বহন করবো। একজন শ্রদ্ধেয় সদস্য বলেছেন আগে পুরুলিয়ার ছেলেরা ৭ টাকা করে ষ্টাইপেণ্ড পেতো সেটা বন্ধ করে দেবার ফলে সব গোলমাল হয়ে গিয়েছে। আমি এ কথা সম্পূর্ণ অস্বীকার করি। পুরুলিয়া জেলায় ৭ টাকা করে ৫০০ ষ্টুডেণ্টকে দেওয়া হোত।

সেটা আমরা বন্ধ করে দিয়েছি কারণ এই টাকা তাদের কিজন্য দেবো। সিনেমা দেখবার জন্য না সাইকেল পার্টস কিনবার জন্য? এই ৭ টাকা তাদের কি কাজে লাগবে? সেইজন্য সেখানে আমরা ৮৫০ জন ছেলেকে ফ্রি টিউশান দেবার ব্যবস্থা করেছি। যেখানে ২০ টাকা হোষ্টেল চার্জ দেওয়া হোত সেখানে ৬০ জন ছেলেকে আমরা সম্পূর্ণ খরচ দিচ্ছি। সেখানে তাদের কোন গ্রাণ্ট ছিল না আমরা তা দিয়েছি। পুরুলিয়ার শ্রদ্ধেয় সদস্য বলেছেন যে বিহার থেকে যে সব এরিয়া আমাদের সঙ্গে এ্যাডেড হয়েছে তাদের সেখানে ৭ টাকা ষ্টাইপেণ্ড ছিল তা বন্ধ করে দিয়েছেন কিন্তু সেখানে যে উপজাতির পর্ষদ আছে ও তপশীলদের যে পর্ষদ আছে তাদের আমরা সম্পূর্ণ সমর্থন দিয়েই এটা করেছি। এতে ছাত্রদের উপকার হবে এবং সরকারও এদিক দিয়ে তাদের ব্যয় বৃদ্ধি করেছেন।

Shri Apurba Lal Majumdar :

কিন্তু পুরুলিয়া জেলায় যে সব ছেলে ষ্টাইপেণ্ড পাচ্ছিল তা বন্ধ করলেন কেন?

She Hon'ble Bhupati Majumdar :

ঐত বললাম, তাদের ষ্টাইপেণ্ড বন্ধ করে সেখানে আমরা ৮৫০ জন ছেলেকে ফ্রি টিউশান দিচ্ছি।

[6-25—6-35 p. m.]

সকলের চেয়ে বেশী খরচ হচ্ছে পুরুলিয়ার জন্য, সুতরাং পুরুলিয়ার দিক থেকে সরকারকে কিছু বলার নাই। এখানে শ্রীহেমন্ত কুমার ঘোষাল মহাশয় শস্য গোলা সংক্রান্ত একটা প্রশ্ন করেছেন তিনি বলেছেন কেন স্পীড বোট নাই? গ্রেইন গোলা সম্পর্কিত বোট কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির আছে বীজপুর ও অন্যান্য গোডাউন এ পৌছাবার জন্য, কিন্তু এটা গ্রেইন গোলার ব্যাপার নয়। তবে আমি তাকে একটু বলতে পারি যে, যদি কোন অব্যবস্থা থাকে তাহলে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। শ্রীযুক্ত অপূর্ব লাল মজুমদার মহাশয় কতগুলি প্রশ্ন তুলেছেন স্যাণ্ডেল্লার হাউসিং নিয়ে—ব্যাপারটা হচ্ছে, এটা মিউনিসিপ্যাল এরিয়ার ব্যাপার, আমরা সেখানে কিছু করতে পারি না। তারপর এডভাইসারী বোর্ড-এ কিছু বাইরের লোক নেওয়া হয়েছে, কিছু সংখ্যক প্রফেসরদের নিয়ে করা হয়েছে, এ ব্যাপারে আমরা সকলের সহযোগিতা চাইব, এবং যাতে উপযুক্ত লোক আসতে পারেন তার ব্যবস্থা হচ্ছে, দরকার হলে পরিবর্দ্ধিত হারে আমরা দেব। ডিষ্ট্রিক্ট এর জন্য লিষ্ট করে আমাকে বল্লে আমি দিতে পারি। এরপর আমি শিক্ষা সংক্রান্ত ব্যাপারে আমাদের কাছে যে পূর্ণাঙ্গ তথ্য আছে তা আমি হাউসের সামনে রাখছি তাহচ্ছে এই—

No. of Students

	Primary	Secondary	Post Secondary
	(1955—56)		
General	21,80,750	6,94,397	87,374
Scheduled caste	394,717	57,344	3012
Scheduled tribe	68,706	7,669	249
	(1956—57)		
General	23,23,868	7,65,059	10,8949
Scheduled caste	4,11,672	´1,085	4103
Scheduled tribe	68,418	)1,22	280

	(1957—58,		
General	23,68,722	7,66,115	1,09,038
Scheduled caste	4,25,372	59,530	4,448
Scheduled tribe	72,338	10,831	296

[At this stage the Guillotine fell]

Shri Suhrid Mullick Chowdhury :

আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা প্রশ্ন করতে চাই—

Mr. Speaker : Order, order. After guillotine no speech is allowed. Please sit down. I put all the cut motions to vote.

The motion of Shri Ajit Kumar Ganguly that the demand of Rs. 1,34 77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sudhir Kumar Pandey that the demand of Rs.1,34 ,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Mangru Bhagat that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Turku Hasda that the demand of Rs 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miseellaneous Department —Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Satyendra Narayan Mazumdar that the demand of Rs. 1.34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Basanta Lal Chatterjee that the demand of Rs.1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gobinda Charan Maji that the demand of Rs.1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Ramanuj Halder that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Dasarathi Tah that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Heads " 47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Gopal Basu that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sasabindu Bera that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Mihirlal Chatterjee that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bhakta Chandra Ray that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Niranjan Sen Gupta that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Chaitan Majhi that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bijoy Krishna Modak that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Rabindra Nath Ray that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Suhrid Mullick Chowdhury that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Jamadar Majhi that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Bhandari that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Rama Shanker Prasad that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments--Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be raduced by Rs. 100, was then put and lost,

The motion of Shri Deo Prakash Rai that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then the put and lost.

The motion of Shri Tarapada Dey that the demand of Rs. 1,34,77,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Bhupati Majumdar that a sum of Rs. 1,34,77,000 be granted for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments—Welfare of Scheduled Tribes and Castes and other backward Classes," was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 48

Major Head : 85A—Capital Outlay on Schemes of Government Trading

The Hon'ble Prafulla Chandra Sen : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Re. 1 be granted for expenditure under Grant No. 48, Major Head "85A—Capital Outlay on Schemes of Government Trading".

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 25

Major Head : 41—Animal Husbandry

The Hon'ble Dr. Rafiuddin Ahmed : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,47,38,000 be granted for expenditure under Grant No. 25, Major Head "41—Animal Husbandry".

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 3

Major Head : 8—State Excise Duties

The Hon'ble Syama Prasad Barman : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 44,89,000 be granted for expenditure under Grant No. 3, Major Head "8—State Excise duties".

The motion was then put and agreeed to.

DEMAND FOR GRANT NO. 1

Major Head : 4—Taxes on Income other than Corporation Taxes and Estate duty.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,95,000 be granted for expenditure under Grant No. 1, Major Head "4—Taxes on Income other than Corporation Tax and Estate Duty".

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 4

Major Head : 9—Stamps

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,70,000 be granted for expenditure under Grant No 4, Major Head "9—Stamps".

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 6

Major Head : 11—Registration

The Hon'ble Iswar Das Jalan : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 24,23,000 be granted for expenditure under Grant No. 6, Major Head "11—Registration".

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 18

Major Head : 30—Ports and Pilotage

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,83,000 be granted for expenditure under Grant No. 18, Major Head "30—Ports and Pilotage".

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 19

Major Head : 36—Scientific Departments

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 75,000 be granted for expenditure under Grant No. 19, Major Head "36—Scientific Departments".

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 29

Major Head : 43—Industries—Cinchona

The Hon'ble Bhupati Majumdar : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 33,76,000 be granted for expenditure under Grant No. 29, Major Head "43—Industri s Cinchona".

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 36

Major Head : 54B—Privy Purses and Allowances of Indian Rulers

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,69,000 be granted for expenditure under Grant No. 36, Major Head "54B—Privy Purses and Allowances of Indian Rulers".

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 37

Major Heads : 55—Superannuation allowances and Pensions, etc.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,62,39,000 be granted for expenditure under Grant No. 37, Major Heads "55—Superannuation allowances and pensions and 83—Payments of commuted value of pensions".

The motion was then put aud agreed to.

DEMAND FOR GRANT NO. 38

Major Head : 56—Stationary and Printing

The Hon'ble Dr. Bhupati Majumdar : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 79,50,000 be granted for expenditure under Grant No. 38, Major Head "56—Stationery and Printing".

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 44

Major Head : 64C—Pre-partition Payment

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,50,000 be granted for expenditure under Grant No. 44, Major Head "64C—Pre-partition Payments".

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 12

Major Head : 22—Interest on Debt and other obligations

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,000 be granted for expenditure under Grant No. 12, Major Head "22—Interest on Debt and other obligations".

The motion was then put and agreed to.

Mr. Speaker : Before I adjourn the House today, I would like to inform the honourable members that two Appropriation Bills are to be disposed of tomorrow. So the House should meet at 9 a.m. If the honourable members want to submit any amendments, they may do so by 8-30 a.m. The Bills are being circulated today.

The House stands adjourned till 9 a.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 6-40 p.m. till 9 a.m. on Saturday, the 26th March, 1960, at the Assembly House, Calcutta.